প্রতিদালের ক্রমান্ত্রকার্ত্তন

মহাকবি চণ্ডাদাস-বিরচিত

শ্রীবসন্তরঞ্জন রায় বিদ্বদল্লভ-সম্পাদিত

বঙ্গীয়-সূহিত্য-পরিষদের পরম হিতৈথী বান্ধব রাজা রাপ্ত শ্রীযুক্ত যোগীন্দ্রনারায়ণ রায় বাহাজুরের অর্থাসুকূল্যে

কলিকাতা

২৪০) আপার সার্কুলার রোড, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির হইতে শ্রীরামকমল সিংহ কর্তৃক

প্রকাশিত।

2050

মূল-পরিষদের সদ্যুপক্ষে না। ওপ্তা-মূল্য-- শাথা-পরিষদের সদ্ধু গৌরব বাড়াইবার সাধারণপক্ষে

Printed by

R. C. Mittra, at the Visvakoshe-Press 9, Visvakosha Lane, Bagbazar,
CALCUTTA



ৰসন্ত বাবুর নিতান্ত ইচ্ছা, আমি এই পুতকের একটা মুখবন্ধ লিখিয়া দিই। তাঁহার অনুবেশ্ধ এড়াইতে পারিলাম না। কিছু লিখিতে হইল।

ু আমি তথন সাহিত্য-পরিষদের সম্পাদক ছিলাম। এক দিন বসস্ত বাবু
আমুংকৈ সংবাদ দিলেন, তিনি চঙীদাসের একথানি ন্তন পুস্তক আবিষার
করিয়াছেন। এ পর্যাস্ত কেহ উহার অন্তিও জানিত না। শুনিয়া চমকিয়া
উঠিলাম। পরে যথন প্থিথানি দেখিলাম, তথন দেখিলাম, একটা ন্তন
'জিনিষ বটে।

চণ্ডীদাসের নামে বাঙ্গাণী চিরকাল মুগ্ন;—চণ্ডীদাসের নৃতন প্রস্থের নামে চমক লাগিবারই কথা। সাহিত্য-পরিষদের চেষ্টায় চণ্ডীদাসের অনেক নৃতন পদ প্রকাশিত হইয়াছে। সাহিত্য-পরিষদের শৈশবেই আমার বাল্যবন্ধু ীযুক্ত নীলরতন মুখোপাধ্যায় পরিষং-পত্রিকায় অনেকণ্ডলি নৃতন পদ প্রকাশ করেন। নীলরতন বাবু বীরভূমির অধিবাসী—তিনি তথন কীর্ণাহার ইস্কুলে শিক্ষকণা করি-তেন,—এখন রামপুর হাটে শিক্ষকতা করেন। তিনি পরে আরও বহুসংখাক পদের সন্ধানি পান। তাঁহার সংগৃহীত পদগুলি তিনি পরিষৎকর্তৃক প্রকাশার্থ আমার হাতে দিয়াছিলেন—পরিষৎ তাঁহাকেই সম্পাদক নিযুক্ত করেন এবং তাঁহারই সম্পাদকভায় চণ্ডীদাসের পদাবলী পরিষৎকর্তৃক প্রকাশিত হইয়াছে। সেই পদাবলীমধ্যে তাঁহার আবিন্ধৃত ঐ সকল পদ স্থান পাইয়াছে। নীলরতন বাবুর সুম্পাদিত পদাবলীতে ৮০০টি পদ আছে;—ইহার পুর্বে চণ্ডীদাসের ভণিতাযুক্ত এতগুলি পদ আর কোথাও প্রকাশিত হয় নাই।

নীলরতন বাবুর সম্পাদিত এবং পরিষৎ কর্তৃক প্রকাশিত চণ্ডীদাসের পদাবলী সম্বন্ধে কিছু আলোচনা হইয়াছিল; কিছু প্রতিকৃল সমালোচনাও হইয়াছিল। প্রথম প্রশ্ন উঠে, চণ্ডীদাসের ভণিতা থাকিলেই পদটি বস্তুতঃ চণ্ডীদাসের রচিত বলিয়া গ্রহণ করিনে ইছিল, তাহার মানে কি ? প্রশ্নটি সমীচীন বটে। জাল চণ্ডীদাস যে জন্মে নাই, তাহা কেহ হলপ করিয়া বলিতে পারিবেন না। উন্তানিদাসের নামের এমন মাহাত্মাবে, অনেক অকবিও স্বর্গতি পদের গৌরব বাড়াইবার

অভ চণ্ডীদাসের ভণিতা চালাইয়া থাকিবেন। চালাইয়া থাকিবেন কেন, এক্লপ ় অন্নেক পদ নিশ্চয় চলিয়া গিয়াছে। কিন্তু কোন পদটি আসল চণ্ডীদাসৈর, আর কোন্টি নকল বা জাল ভাষা নির্ণয় করিবার উপায় কি ? এ বিষয়ের আলোচনায় ছুই রক্ম প্রমাণ স্মাবশুক হয়—বাহিরের প্রমাণ ও ভিতরের প্রমাণ। চঞীদাদের পদাবলী সম্বলন ব্যাপারে কোনরূপ বাহিরের প্রমাণ পাওয়া যায় না । ভিতরের প্রমাণ ভাষা ও ভাব লইয়া। কোন একটি পদের বিচার করিতে হইলে প্রথ **मिलिए हरे**रि, धेरे जाया हशीमात्मत ममत्त्र श्राहिक जाया नरहे कि नो अनः চণ্ডীলাসের নিজস্ব ভাষা বটে কি না ? বসস্ত বাবুর আবিষ্ণুত ক্লফ কীর্ত্তন প্রায়ে একবারে প্রতিপন্ন হইয়া গেল যে, চণ্ডীদাংসের কোন পদই অবিক্লুত নাই—এ পর্যাস্ত্র **हिंछीनात्मत्र नात्म ये किंदू भ**न वाहित इहेग्राट्स, मक्न शान्त्रहे खावा हात्नत ভাষা। চণ্ডীদাসের সময়ের ভাষা—১ণ্ডীদাসের নিজের ভাষা—এত কাল ৈ অজ্ঞাত ছিল। এ পর্যান্ত চণ্ডীদাসের নামে যত পদ চলিয়া আসিতেছে, কোনটার ভাষাই চণ্ডীদাদের ভাষা নহে। তার পরে দেখিতে হইবে যে. এই পদের ভাব চঞীলানের যোগা কি না-চণ্ডীদাদের কলম হইতে এইরূপ জিনিষ বাহির হইতে পারে কি না ? পাঠকের রুচিভেদ অনুসারে এই প্রশ্নের উত্তর দিতে হয়। একের মতে যাহা চণ্ডীদাদের যোগ্য, অত্যের বিবেচনায় তাহা হয় ত সম্পূর্ণ অবোগা। বর্ত্তমান অবস্থায় কোন সম্পাদকের বিবেচ্দায় ভর করিরা কোন পদকে থারিজ করা নিরাপৎ নথে। আমার বিবেচনায় চণ্ডীদাসের ভণিতা দেখিলেই এখন তাং। প্রকাশ করা উচিত—ভবিষাতে সমালোচনার সময় আসিবে —বিচার-বিতর্কের পর স্থির হইবে, কোন্ট। আসল, আর কোন্টা নকল।

নীশরতন বাবু চণ্ডীদাসের ভণিভায়্ক সকল পদকেই পদাবলীমধ্যে স্থান দিয়াছেন। বিচারের ভার তিনি নিজের উপর শন নাই—সাহিত্য-সমাজের উপর ফেলিরাছেন। স্থামার বিবেচনায় তিনি ভালই করিয়াছেন।

দিতীয় বিতর্ক উঠিয়াছিল, বানান লইয়া। পদাবলীর পাঠকদের মধ্যে বাহারা কেবল রসলিপ্স, তাঁহারা কোন্ শব্দের বানান কিরূপ হইবে, তজ্জ্ঞ আদৌ ব্যাকুল নহেন। কিন্তু সাহিত্য-পরিষদের প্রেস্পান্ত গ্রন্থ কেবল কাব্যক্রিক্স-প্রিপান্তর জন্ম প্রচারিত হয় না। এ কালে ভাষা-বিজ্ঞান নামে একটা
বিজ্ঞানবিত্যা গড়িয়া উঠিয়াছে; সাহিত্য-পরিষৎ মুখ্যতঃ ঐ বিজ্ঞানামোদীদের মুখ

চাছিয়া এম্ব প্রচার করেন। এই বিজ্ঞান লিতান্ত নীরস বিভা। ইহা চণ্ডীদাদের পদেরও সমুদ্ধ রস নিংড়াইয়া ফেলিয়া কেবল তাহার ছিবড়া ভক্ষণের জন্ম লালায়িত। চণ্ডীদাদের নিকট রামী রন্ধকিনীর প্রেম নিক্ষিত হেমতৃল্য ছিল কি না, ভাষা-বিজ্ঞান তাহাতে কিছুমাত্র বিচলিত নহেন; রামীর নাম চণ্ডীদাস দীর্ঘ-ঈ-কারান্ত, না হ স্ব-ই-কারান্ত করিয়া লিখিতেন, তাহা ন্তির না করিতে পারিলে এই বিজ্ঞানের সোমান্তি হয় না। রঞ্জকের জ্রী কত কাল হইতে সংশ্বত ব্যাকরণের বন্ধন এড়াইয়া রজকী হইতে রজকিনীতে পরিণত হইয়াছে. ভক্ষ্ম এই বিজ্ঞানবিষ্ণার শির:পীড়া ঘুচে না। সাহিত্য-পরিষং এই বিজ্ঞানবিষ্ণার थां जित्र পুরাণ পুথি পাইলেই ভাহার "वर्षा मृष्टेः তথা निथिजः" वानान वस्नान রাথিয়া হাপিতে দেন। একাধিক পুথি পাইলে, তাহার মধ্যে একথানিকৈ আদর্শ পুথি ধরিয়া তাহার বানান অমুসরণ করেন, আর অন্ত পুথির বানান-ভেদ ছোট হরপে ফুটনোটে পাঠান্তরম্বরূপে প্রকাশ করেন। উদ্দেশ্য-এই সকল পাঠভেদ মিলাইয়া পণ্ডিতে পণ্ডিতে লড়াই চলিবে এবং সে কালে বালালা শব্দের বানান **ब्वरः উल्लाहन किन्न** किन, उৎमयत्त्व बक्डा भीमाश्मा इहेरव। माधावन शाठिक এই পণ্ডিতের লড়াইয়ে কেভিক দেখে; — ফলে এই হয় যে, পরিষদ্গ্রন্থাবলী-ভুক্ত মুদ্রিত পুস্তকের পাতা উণ্টাইতে সাধারণ পাঠকের আতত্ক হয়; উহা অপাঠ্য বলিয়াই পরিতাক্ত হয়; বহিশুলি পোকায় কাটে এবং অবশেষে কাগজের দামে বেচিতে হয়।

নীলরতন বাবুর সঞ্চলিত পদাবলীতে পরিষদের এই সাধারণ নিম্নের ব্যতিক্রম হইয়াছিল। নীলরতন বাবু বৈজ্ঞানিকোচিত ধৈয়্য রাজিয়া চণ্ডীদাসের

্যথাদৃষ্টং তথা লিখিতং সংস্করণ বাহির করিতে পারেন নাই বা সন্মত হন নাই।
পরস্ক নিজের থেয়ালের উপর বানান সংশোধন করিয়া—এ কালের বানান

্বসাইয়া পদাবলী ছাপাইয়াছেন। ফলে সাধারণ পাঠকের পক্ষে তাহার সঙ্কলিত
পদাবলী স্পাঠ্য হইয়াছে বটে, কিন্ধ ভাষা-বিজ্ঞানের তত্ত্বাবেষীর পক্ষে ঐ সংস্করণ
অতি অকিঞ্চিৎকর হইয়া পড়িয়াছে। এ জ্ব্য নীলরতন বাবু তিরস্কারের
ভাগী হইয়াছেন এবং আমিও এই অপকর্ষের প্রশ্রম দিয়াছি বলিয়া কিঞ্চিৎ
গঞ্জনা পাইয়াছি।

কিন্তু বসন্ত বাবু কর্তৃক চণ্ডীদাসের ক্বঞ্চ-কীর্ত্তন আবিজ্ঞারের পর এখন দেখি-

তেছি, নীলয়তন বাবুয়ই জিত। পুরাতন পুথির পুরাতন বানান রক্ষা করিবার জন্ত তিনি ধদি পরিশ্রম করিতেন, তাহা নিতান্তই পণ্ডশ্রম হইত। এই নব-প্রকাশিত ক্ষাকার্তনের ভাষা যদি চণ্ডীদাসের ভাষা হয়, তাহা হইলে এ প্র্যান্ত চণ্ডীদাসের যত সংস্করণ বাহির হইয়াছে, যত পদ সংগৃহীত হইয়াছে, যত পুথি লইয়া আলোচনা হইয়াছে—কোনটায়ই ভাষা চণ্ডীদাসের ভাষা নহে, সর্বজ্ঞই খাঁটি চণ্ডীদাসের খাঁটি ভাষা বিক্রত, রূপান্তনিত, 'আধুনিকতাপাদিত' হইয়া গিয়ছে। এত কাল আমরা যে ভাষাকে চণ্ডীদাসের ভাষা বলিয়া জানিনাম, সে ভাষা চণ্ডীদাসের ভাষাই নহে—ভাষা এ কালের ভাষা—চণ্ডীদাসের তৃক্ষনায় অভ্যন্ত এ কালের ভাষা—গামকদের হাতে এবং পুথিলেগকদের হাতে পাড্য়া আধুনিক ছাঁচে ফেলা ভাষা। সে ভাষা যথন চণ্ডীদাসের ভাষাই নহে, তথন সে ভাষার বানানের খুঁটিনাটি লইয়া আলোচনা নিতান্তই পণ্ডশ্রম হইত। যিনি এই ক্লফাকান্তনের পাতা উণ্টাইবেন, ভিনিই এই কথায় সায় দিবেন। এই ক্লফাকান্তন প্রদানা ভাষার ও বাঙ্গলা সাহিত্যের ইতিহাসে ন্তন প্রিছেদের ধোজনা করিবে—ইতিহাসের পুরাণ পরিছেদের নৃতন গড়ন দিবে।

কৃষ্ণবীর্ত্তন গ্রন্থের একথানি মাত্র পুথি পাওয়া গিয়াছে—তাহাও খণ্ডিত, শেষের কভকগুলা পাতা নাই। একথানি মাত্র পুথি বলিয়া ইহা অবিকল ছাপান সম্ভবপর হইয়াছে—প্রত্যেক শক্তের বানান অবিকৃত্ত করিয়া ছাপিবার চেষ্টা হইয়াছে। ছাপাগানার কল্যাণে হয় ত ভূলভান্তি থাকিয়া গিয়াছে—তথাপি মোটের উপর বলা মাইতে পারে যে, বাঙ্গালার আর কোন গ্রন্থ এত সাবধানতার সহিত সম্পাদিত হয় নাই। গ্রন্থানির মাহায়া এতই অধিক যে, পরিষদের অর্থ-সামখ্য থাকিলে ইহার সাজ্যোপান্ত ফটোগ্রাফ করিয়া ছাপান উচিত হইত। যাহা ইউক, বস্থরঞ্জন বাবু যেরূপ যজের সহিত ইহার খুটিনাটি বজায় রাখিয়া, ইহার সম্পাদন করিয়াছেন, তাহাতে তাঁহান বিদ্ধর্গত উপাধি সার্থকই ইইয়াছে।

কয়টি বিশিষ্ট কারণে গ্রহণানি মহামূল্য। সংক্ষেপে তাহার উল্লেখ করিয়া আমি বিদায় লইব।

প্রথম প্রতকের রচনা-কাল। সন-তারিপৈর সমস্থা এ দেশের ইতিহাসে সব চেয়ে জটিল সমস্থা। যুধিষ্ঠির হইতে বুজদেব, বুজদেব হইতে কালিদাস, কালিদাস হুইতে লক্ষ্মণ সেন, কোন ব্যক্তিরই আবিভাব-তিরোভাবের বংসর-তারিধ নি: সংশদে নির্দিষ্ট হয় নাই-পণ্ডিতেরা কেবলই মাথা খুঁড়িতেছেন ও কথা কাটা-কাটি করিতেছেন। চণ্ডীদাস ত দুরের কথা। সে কালের বাঙ্গালা গ্রন্থের রচন্নিতা দের কেহ গ্রন্থশেষে আপনার বংশপরিচয় দিতেন, কেহ বা দয়া করিয়া রচনার কালটা দিবাবও চেষ্টা করিতেন। যিনি পুণি নকল করিতেন, তিনিও গ্রন্থাবে আপনার নাম-ধান ও নকল করিবার তারিও দিতেন ৷ কিন্তু আমাদের এমনই ভাগ্য-দোষ যে, পুরাণ পুথির শেষের দিক্টাই হয় ত খণ্ডিত হইয়া পড়ে, অথবা শেষ পাতাটা বর্তমান থাকিলেও বাঙ্গালা দেশের পোকা ঠিক তারিখের ^{*}অস্কটাই পছন্দ করিয়া কাটিয়া ফেলে। কোন কোন গ্রন্থকার গ্রন্থ-পরিচয় দিতে গিয়া রচুনার বার, ভিথি, নক্ষত্র, অতি স্থাতাবে নির্দেশ করেন, কেবল বৎসরটা নির্দেশ করিতে ভূলিয়া যান। চণ্ডীদাদের ক্লফনার্ডন গ্রন্থ এত দিন লুপ্ত ছিল, এত কালে ব্যক্ত হইল বটে, কিন্তু শেষ দিকে খণ্ডিত হইয়া দেখা দিল। কাজেই পুথির মধ্যে উহার কালনির্ণয় হইল না। চণ্ডীদাদের কোন পরিচয় গ্রন্থশেষে ছিল কিনো, জানা গেল না; হয়ত ছিল না। কিন্তু পুথিথানি কে কৰে নকল করিয়াছেন, তাহার পরিচয় হয় ত ছিল। কিন্তু ভাহাও লুপ্ত থাকিল, ব্যক্ত হইণ না। এখন পুথির হরফ দেখিয়া পভিতেরা তর্কবিতর্ক করন। এীমান রাথালদাস বন্দ্যোপাধ্যায় এ বিষয়ে বিশেষজ্ঞ: ভিনি এ বিষয়ে আলোচনা ক্রিয়াছেন; তাঁহার আলোচনা পাঠকেরা এই গ্রন্থের ভূমিকায় দেখিবেন। তিনি বলেন—এই পুথিথানিই সম্ভবতঃ প্রাচীনতম বাঙ্গালা হরপের পুথি— উহার চেমে পুরাণ পুথি এ পর্যাস্ত আহিত্বত হয় নাই। হরপ দেখিয়া তিনি অন্তমান করেন, পুথিক তারিথ খুষ্টার চতুর্দ্দ শতাব্দী হইতে পারে—সম্ভবতঃ এ শতাকার প্রথম ভাগেই হইতে পারে। তাহাই যদি হয়, তাহা হইলে পুথিখানি হয় ত চণ্ডাদাদের সমসাম্থ্যিক;—কেন না, চণ্ডাদাদের আবির্ভাবকালকে উহার **আ**গে টানিয়া লওয়া চলে না। এই পুথি চণ্ডীদাসের স্বহস্তলিখিত হ**ইতে**ও পারে, এইরূপ ক্রনাতেও আনন্দ পাওয়া ঘাইবে। চণ্ডাদাদের নিজের হাতে লেখা না হইলেও তিনি জীবিত থাকিতেই তাঁহার সমসাময়িক লোকের হাতে ণেখা হইতে পারে। বাঙ্গালী হরপের উৎপত্তি ও পরিণতি বিচার যে সকল পণ্ডিতের ব্যবসায়, এই পুথিখানি তাঁহারা সমাদরে গ্রহণ করিবেন।

দিতীয় কথা—গ্রন্থের ভাষা। খাঁহারা ভাষাতত্ত্বের আলোচনা করেন. তাঁহাদের কাছেও এই এছ পরম আদরে গৃহীত হইবে। চতুর্দণ শতান্দীতে পশ্চিম বান্ধালার খাঁটি ভাষার নমুনা এই গ্রন্থে পাওয়া গেল। সেই ভাষা সম্পূর্ণ অবিকৃত ভাবে এখানে রক্ষিত ২ইয়াছে, তাহার উপরে হাত ফলাইতে কেছ অবকাশ পায় নাই। শৃত্তপুরাণের ভাষা চণ্ডীদাদের ভাষা হইতে প্রাচীন ৰটে. কিন্তু শুন্তপুরাণের পুথি তত পুরাণ পুথি নহে, কাজেই সেখানে নমুনা খাঁট নাই। শাস্ত্রী মহাশয়ের আবিষ্কৃত বৌদ্ধ গান ও দোহার ভাষা আরও প্রাচীন-এত প্রাচীন যে, ঐ ভাষা বাঙ্গালা বটে কি না, তাহা প্রতিপন্ন করিবার জ্বত্ত শান্ত্রী মহাশয়কে প্রয়াস পাইতে হইয়াছে। ক্বিন্ত সেথানেও পুথির বয়স ও ভাষার বয়স সমান নহে, নমুনা হয় ত খাটি লাই। যাহা হউক, বৌদ্ধ গান ও দোঁহা,—তার পরে শূতপুরাণ,—তার পরে এই চণ্ডী-দাস.— প্রাচীন বাঙ্গালা ভাষার ইতিহাস নিরূপণে পর পর এই তিনটা ধাপ পাওয়া গেল। এখন বাঙ্গালা ভাষার উন্নতি ও পরিণতি নিরূপণে ভাষাতত্ত্বের অধিকারী পণ্ডিতেরা দশ বংসর ধরিয়া বিভণ্ডা চালাইবার মুযোগ পাইলেন। বসম্ভঃশ্বন বাবু নিজে ভাষাতত্ত্বে আলোচনায় স্থবিজ্ঞ—তিনি কোমর বাঁধিয়া এ সম্বন্ধে আলোচনা করিতে সর্বাদ। প্রস্তুত। এই এত্তেই পাঠকেরা তাহার শম্যক পরিচয় পাইয়াছেন। ক্বফকার্তন গ্রন্থের শেষে তিনি যে টীকা যোগ করিয়াছেন, তাহাতে প্রত্যেক শব্দের আলোচনায় যে সৃশ্য বিচার আছে, সংস্কৃত প্রাক্বত হইতে আরম্ভ করিয়া অসমীয়া, উড়িয়া, হিন্দী প্রভৃতি যে সকল প্রাদেশিক ভাষার সহিত তুলনামূলক আলোচনা আছে—তাহাতেই পাঠকেরা তাঁহার বল পরীকা করিবেন। আমি অব্যবসায়ী,-- র্যামি তাঁহার উপর বরাত দিয়াই ক্ষান্ত থাকিলাম। বাঙ্গালা ভাষায় Etymology প্রকরণে এই গ্রন্থের নমুনা যেমন কাজে লাগিবে, আর কোন গ্রন্থ বোধ হয়, তেমন লাগিবে না। 'কেন না. ইহাতে যে নমুনা আছে, তাহা খাটি নমুনা,— সাত নকলে আসল জিনিষ্টা নষ্ট হইতে পারে নাই।

তার পরে তৃতীয় কথা;—তবে সতাই কি এই ভাষাই চণ্ডীদাসের ভাষা ? থে চণ্ডীদাসের ভাষার ধ্বনি এত কাল আমাদের কাণের ভিতর দিয়া মরমে পশিয়া আকুল করেছে মোদের প্রাণ—এই ভাষা কি সেই চণ্ডীদাসের? এত কাল তবে আমরা যে ভাষার হারে মুগ্ধ, অভিতৃত, অবসর হইতেছিলান, সে ভাষা কি চণ্ডীদাসের নিজের ভাষা নর ? একই চণ্ডীদাস কথনও এই ছই ধরণের ভাষার কথা কহিতে পাবেন না। তবে কি আমাদের চিরপরিচিত চণ্ডীদাস আর এই নবাবিষ্কৃত চণ্ডীদাস এক চণ্ডীদাস নহেন ? চণ্ডীদাস কি ছই জন ছিলেন ? ছই জনেই বড় চণ্ডীদাস, বাঞ্লীর আদেশে গান-রচনার নিপুণ, রামী রজ্কিনীর বধু। তাহা ত হইতে পারে না। একজন তবে কি আসল, আর একজন নকল ? কে আসল, কে নকল ? ইত্যাদি নানা সমস্তা, নানা প্রশ্ন, বাঙ্গালা সাহিত্যে উপস্থিত হইবে। সেই সকল সমস্তার মীমাংসার আমার অধিকার নাই। বসন্তবার্মীমাংসার চেষ্টা করিয়াছেন। আমার মতে—কৃষ্ণকীর্তনের চণ্ডীদাসই যে খাঁটি চণ্ডীদাস, তাহা অস্বীকাবের হেতু নাই। সেই চণ্ডীদাসের ভাষাই এই কৃষ্ণকীর্তন গ্রন্থে নৃতন আবিষ্কৃত হইল—সেই ভাষাই কালে গায়কের মুথে রূপান্তরিত হইরা প্রচলিত পদাবলীতে এ কালের ভাষায় দাঁড়াইয়াছে, ইহাতে সংশ্রের আমি হেতু দেখি না।

কৃষ্ণকীর্ত্তনের ভাষায় চণ্ডীদাদের স্থর পাওয়া যায় কি না, চণ্ডীদাদের পদের বস, তাহাৰ উন্মাদনা, এই কৃষ্ণকীর্ত্তনের ভাষায় আছে কি না, রসজ্জেরা তাহার বিচার করিবেন। আমাদের শক্ষে এই কৃষ্ণকীর্ত্তনের ভাষা অপরিচিত, অনভাস্ত, নৃতন—আমাদের কাণে উহা অভাস্ত নহে। চণ্ডীদাদের সময়ে যাহারা চণ্ডীদাদের গান শুনিত, তাহাদের নিকট ঐ ভাষা পরিচিত ভাষা ছিল,—তাহাদের কাণ ঐ ভাষায় অভ্যস্ত ছিল—তাহারা ঐ ভাষার পদেই যে রস, যে উন্মাদনা পাইত, আমন্ত্রা এখন তাহা পাইব না। কিন্ত এই প্রশ্লের আলোচনা আবশ্লক; তাই প্রসন্ত ভ্রিয়া রাখিলাম।

নাহিত্য-পরিষং কর্তৃক এই অপূর্ব্ধ গ্রন্থ প্রকাশিত হইল। গ্রন্থের আবিষ্কর্তা বসন্থরপ্রন বাবু ইহা বাঁটি চণ্ডীদাসের লেখা বলিয়া গ্রহণ করিয়াছেন; আরও অন্কেক স্থানী ব্যক্তি ইহা চণ্ডীদাসের রচনা বলিয়াই গ্রহণ করিয়াছেন;— আমিও সে বিষয়ে সংশন্ধ করি না। এই অপূব্দ গ্রন্থ হাইতে—চণ্ডীদাসের এই লুপ্ত গ্রন্থ ইতিকে, বাঙ্গালা ভাষার ও বাঙ্গালা সাহিত্যের সম্পর্কে নানা সমস্থার সমাধান হটবে। বাঙ্গালা ভাষার ও বাঙ্গালা উচ্চারণের ইতিহাস, বানানের ইতিহাস, বাঙ্গালা ভাষার ইতিহাস, বাঙ্গালা ছন্দের ইতিহাস, বাঙ্গালা পদসাহিত্যের ইতিহাস, ইত্যাদি নানা ইতিহাসের নানা প্রশ্নের উত্তর পাওয়া ঘাইবে। প্রত্যেক

প্রশ্নই বড় প্রশ্ন—প্রত্যেক প্রশ্নের উত্তরেপণ্ডিতদের মধ্যে বিচার-বিতর্ক আলোচনা চলিবে। কিন্তু এ সকল প্রশ্ন যতই গভীর হউক, এ সকল তত্ত্বকথার যতই মাহাত্ম্য পাকুক, চণ্ডীদাসের নামের মাহাত্ম্যে সে সকলই ক্ষুদ্র হইয় যায়। চণ্ডীদাসের নামের ছাপ যে কবিভার উপরে আছে, তাহা তথ্নই তাহার প্রাদেশিকতা হারাইয়া মানব-সাহিত্যের কোঠায় গিয়া পৌছে—বাঙ্গালা সাহিত্যকে তথ্নই তাহা নিয় হইতে অতি উদ্বেত্লিয়া দেয়।

কে না বাঁশী বা এ বড়ায়ি কালিনী নই কুলে।
কে না বাঁশী বা এ বড়ায়ি এ গোঠ গোকুলে॥
আকুল শরীর মোর বে থাকুল মন।
বাঁশীর শবদেঁ মো আউলাইলোঁ। থাক্কন ॥
কে না বাঁশী বা এ বড়ায়ি সে না কোন জনা।
দাসী হআঁ। তার পা এ নিশিবোঁ আপনা॥
কে না বাঁশী বা এ বড়ায়ি চিত্তের হরিষে।
তার পা এ বড়ায়ি মোঁ কৈলোঁ কোণ দোষে।
আঝর ঝরএ মোর নয়নের পাণী।
বাঁশীর শবদেঁ বড়ায়ি হারায়িলোঁ। পরাণী॥

কালিকী নদীর ক্লে, গোকুলের গোঠে, অবিরত যে বংশীধ্বনি হইতেছে, বিশ্বর্জাওকে তাহা গোলোক অভিনুধে আকর্ষণ করিতেছে। বড়ু চণ্ডীদাস বালালী জাতিকে তার দ্বাগত প্রতিধ্বনি শুনাইয়া গিয়াছেন; সেই বানার স্বরের নিকটে সকল তত্ত্বথা ও শাস্ত্রক্থা মিলাইয়া যায়। বড়ু চণ্ডীদাসের সেই হারাণ বাশীর উদ্ধার করিয়া সাহিত্য-পরিষদের জাবন সার্থক হইল—এবং বসন্তর্গ্জন রায় মহাশয় সাহিত্য-পরিষদের জন্মদিন হইতে আজ পর্যায় তেইশ বৎসর ধরিয়া সাহিত্য-পরিষ্ঠিতে যে একমনে, ত্রায়চিত্তে, অবিচলিত নিষ্ঠার সহিত পূজা করিয়া আসিতেছেন, আমি আজি পূর্ণানন্দ তাঁহাকে জানাইতেছি, তাঁহার পূর্ণাও আজি সার্থক হইল। আমি তাঁহাকে বলিতেছি, আজি আপনি ধন্ত হইলেন এবং আমার মধাবর্ডিহায় যদি এই কর্মের অমুষ্ঠানে কিঞিং আমুকুলা হইয়া থাকে, তাহা হইলে ধত্যোহহং ক্রক্তে তাহ্য হ্ম।

জীরামেক্রস্থলর ত্রিবেদী

সম্পাদকীয় বক্তব্য

প্রাচীন বাসালা সাহিত্যের অনুশীলন করিতে হইলে মুদ্রিত পুস্তকের উগর নির্জ্ব করা চলে না এবং উচিতও নয়। ছাপা বইব ছায়া প্রায়শং আদর্শ ছইতে স্বতন্ত্র—একবারে নৃতন ছাঁচে ঢালা। ছাপাতে প্রাচীন রূপ পাইবার আশা রুখা জানিয়া আমরা হস্তালখিত প্রাচীন পুথির তল্পানে প্রবৃত্ত হই। কাজটা কিন্তু তত সোজা নয়। গ্রামে গ্রেরা পুথির সন্ধান কিরূপ রেশ-কর ও আয়াসসাধা, তাহা ভুকুনোগা ভিন্ন অপর কাহাকেও বুরান স্কৃতিন। স্ফ্রম্কংস্থলের সর্ব্বত্ত বান-বাহন স্থলত নহে। পথ কোথাও ত্র্বন, কোথাও নাই বলিলৈ হয়। ছোট-বড় অস্ত্রবিধা চের। আকর্ষণ—সভাবের শোভা দর্শনে স্থোগ, তথা সনাজের স্কল স্তবের লোকের সহিত্ত স্বনিষ্ট্রাকে নিলনে স্ব্রেরাগ, তথা সনাজের স্কল স্তবের লোকের সহিত্ত স্বর্হাছে; এক-ক্ষেত্রে জীবন-সংশার ঘটনা ঘটে। এত সংস্কৃত্ব পুথি থোজায় একটা মোহ ছিল, কি জানি, কৈমন একট স্থা পাইভাম। তাহারই প্রেলাভনে পুনংপুন পুথির অনেষ্বে বাহির হইয়া জামরা আট শতের অধিক পুলি সংগ্রহ করিতে পারিয়াছি এবং বিলোপ-সাধন আলক্ষায় ক্রমণঃ সকলগুলিই পরিন্থকে উপহার দিয়াছি।

পুথি

বিগ্র ১৩১৬ বঙ্গান্ধে 'রুফ্ফনির্কা' পুথির সন্ধান পাট । ১৩১৮ সালে ইহা পরিষদের জন্ন আলত হয়। পুথির আকার, ১০১ × ০০ ইঞ্চি। তভাঁজ-করা ভূগোট কাগজের উভয় শৃষ্টা লেখা, মধান্তলে চিজ। পুথি থণ্ডিত : পত্রসংখ্যা ৩-৮, ১০-১৫, ১৭২-১৮, ১৯২-৪০, ১২-৮৮।১, ৮৯-৯০)১, ৯৪-৯৭, ৯৮।২-১০৩, ১২-১৪৪,০১৫২-২২৬। ১৫ এর পর্যান্ধ প্রতি পৃষ্ঠান্ব ৮ পদ্ধ ক্তি এবং ভাহার পর হুইতে ৭ পত্রক্তি করিনা। অথপানা না হালেও অক্ষর জ্বনর ও স্থান্তিত। পুথিতে ত্ই হাতের লেখা বেশ অপ্যান্ত। ১৭৬০১, ২০৪-০৭০১, ২১২, ২১৭-২-২২০০ পৃষ্ঠা দিতীয় হাতের এবং ৬০, ১১৫ সংখ্যক পাতা তৃতীয় হাতের শেখা ও পরবর্তী যোজনা মনে হয়। তৃতীয় হাতের লেখা প্রথম হাতের এভটা অন্থকরণ যে, বিশেষভাবে পরীক্ষা বাতীত ধরা পড়ে না। অবশিষ্ঠ অর্থাৎ

পুথির অধিকাংশ প্রথম হাতের লেখা। ৬।২ ও ৭৩।২ পৃষ্ঠার উপরে পাশীর মত কি শিখিত আছে। ৭৩।২ পৃষ্ঠার বাম পার্খে তিন পঙ্ক্তি কাইতি অক্ষর, সম্ভবতঃ কাহারও নাম হইবে।

এক রাশ পুথির সঙ্গে 'কৃষ্ণকীর্ত্তন' বন-বিষ্ণুপুরের সন্নিকট কাঁকিল্যা নিবাসী প্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় মহাশয়ের অদিকারে ছিল। মুখোপাধ্যায় মহাশয়ের অদিকারে ছিল। মুখোপাধ্যায় মহাশয়ের আদিকারে ছিল। মুখোপাধ্যায় মহাশয়ের আদিকারে দৌহিত্র-বংশ বলিয়া পরিচয় দেন। পুথির সহিত প্রাপ্ত এক খণ্ড কাগজের লেখা দেখিয়া অনুমান হইয়াছিল, শ্রীকৃষ্ণনীলাত্মক কার্ত্তনের এই অপুর্ব্ধ গ্রন্থ ২০০ বর্ষ পুর্ব্বের বৃষ্ণুব্র-রাজের পুথিশালায় সয়তে বৃক্ষিত হইত।

পুণির আত্মন্থ-বিহীন খণ্ডিভাংশে কবির পরিচয়, রচনাকাল, লিপিকাল প্রভৃতি কিছুই পাওয়া যায় নাই; এমন কি, পুথির নামটি পর্যান্ত না। দীর্ঘকাল যাবং চণ্ডীদাস-বিরচিত রুক্তকীর্তনে'র অন্তিত্ব মাত্র শুনিয়া আসিতেছিলাম। এত দিনে ভাষার সমাধান হইয়া গেল। আমাদের ধারণা, আলোচ্য পুথিই কুক্তকীর্ত্তন' এবং সেই হেতু উগার অনুরূপ নাম নির্দেশ করা হইল।

কবি

কবির সম্বন্ধে কোন ন্তন সংবাদ দিতে পারিব, এরপ ভরসা আমাদের মোটেই নাই। একেবারে নীরব থাকাও অশোভন, অগত্যা হ'কথা বলিতে হইল। পুঁজি অল্ল কৃএকটি প্রাচীন পদ। তবে সেগুলিকে যদি কেহ অবিখাস করেন, আমরা নাচার।

চৈত্রদেব বিভাপতি, চণ্ডীদাস, জ্বদেব প্রভৃতি কবিগণের রচিত পদ শুনিয়া প্রেমে পুলকিত হইতেন। স্থানন্দ ভাঁহার চৈত্রসমঙ্গল গ্রন্থের প্রারম্ভে চণ্ডীদাসের নাম করিয়াছেন।

১ চৈত্রফাচরিতামতে.—

চণ্ডাদান বিভাগতি

রায়ের নাটক গীতি

क्रीपृष्ठ निगीछ-गाविना।

স্বরূপ রামানন্দ সনে

মহাপ্রভুরাত্তি দিনে

গায় শুনে পরম আনন্দ চ

— मधाः, २য় পরিচেছ

বিজ্ঞাপতি চণ্ডীদাদ শীগীত-গোবিন। এই তিন গীতে করে প্রভুর আনন্দ॥

— मधाः, ১०म পরিচেছদ।

বিদ্যাপতি চণ্ডীদাস শ্রীগীত-গোবিন্দ। ভাবাতুরপ শ্লোক পঢ়ে রায় রামানন । মধ্যে মুধ্যে প্রভু আপনে শ্লোক পঢ়িয়া। রোকের অর্থ করেন (প্রস্তু) প্রলাপ করিয়া।

—অস্তা, ১৭শ পরিচেছদ:

নরহরিদাদের পদে,-

জয় জয় চঙী- "দাৰ দয়াময়

মণ্ডিত সকল গুণে।

অনুপম যার

ৰণ ৱসায়ন

গাওত জগত জনে ৷

বিপ্রকুল ভূপ

ভুৰনে পূজিত

অতুল আনন্দলতা।

যার তন্তু মন বঞ্জন না জানি

कि निधा कविन थांडा ॥

শ্রীরাধা-গোবিন্দ কেলি বিলাস যে

ৰণিলা বিবিধ মতে।

কবিবর চারু নিরূপম মহা

ব্যাপিল যাহার গীতে 🛭

ঞীনন্দনন্দ**ন ন**বদীপ পতি

শ্রীগৌর আনন্দ হৈয়।।

ষার গাঁভানুত আম্বাদে স্বরূপ

ब्राय ब्रामानन टेनया ।

—প° ক'ড°, ১ম শা°, ১ম পরব।

देवकवमारमञ्ज शाम,-

জন্ম জন্মদেব কবি- নুপতি-শিরোমণি বিভাপতি রমধাম।

জয় জয় চণ্ডী-দাস রূম-শেশব অথিল ভূবনে অনুপাম।

[><]

জয়দেব বিভাগতি আর চণ্ডীদাস। শ্রীক্লফচরিত্র তারা করিল প্রকাশ॥২

বছ প্রাচীন পদে চণ্ডীদাসের বর্ণনা পাওয়া যায়; তন্মধ্যে 'চণ্ডীদাস বিভাপতি ছহু' জন পিরীতি' আদি চারিটি পদে চণ্ডীদাসের সহিত বিভাপতির কবিতা-বিনিময়, স্থরধুনী-তারে সাক্ষাৎকার ও রসতত্ত্বের প্রসঙ্গ আছে। ত চণ্ডীদাসের স্থোগ্য সম্পাদক শ্রীষুক্ত নালরতন মুখোপাধ্যায় বিশ্র মহাশয় কবিছয়ের মিলন ভাগার্বী-কুলে কেমন করিয়া হয়, তাহা বুবিতে পারেন নাই। প্রীযুক্ত ব্রজস্কর সান্ন্যাল নহাশয় বিভাপতিকে ত্লপথে আনিয়া বিষয়টি একটু জটিল করিয়া ভুলিয়াছেন। বস্তুতঃ কথা অতি সহজ। তথ্যত থের শাহের শড়ক নির্মিত হয় নাই। সে কালে মিথিলা হইতে গৌড়ে আদিতে হইলে জলপথই অপেক্ষাকৃত স্থান ছিল। বিভাপতি রূপ না রা য়ণ পালা হ্লিকে মহা রা জা শি ব সিং হে র সহ্যাত্রীক্রপে গলাবত্রব্-পথে আসিয়া থাকিবেন। শিবসিংহ হন্ত ল-সং (১৯০০ জিও) সিংহাসনারোহণ করেন। তিনি সবে সাড়ে তিন বংসর রাজত্ব করিয়াছিলেন। ভাগ হুইলে কৈ সময়ের মান্য অথবা তৎপূর্বের প্রাচাধণ্ডের হুই জন শ্রেষ্ট কবির শুভ সম্যোলন সংসাধিত হয়।

অদৈতাচার্য্য বিভাপতির মুথে অমধুর গাতালাপ এবণ করিয়া মোহিড হইয়াছিলেন। ৭ যত দূর জানা যায়, তাহাতে তিনি চন্ডীদাদের সম্পর্কে আসেন নাই। হয় ত চণ্ডীদাস ওখন প্রণোধে।

> বাক্র রচিত মধুর রস নিরমল পঞ্জ গভামর গীত ৷

প্রভুমোর গৌর- চন্দ্র আব্দাদিলা রায় স্বরূপ সহিত ॥—পংকংড॰, ১ম শাখা, ১ম প্রব।

- २ পরিষদ্-গ্রন্থাবলী-- १, পৃঠা ।।
- পদকলতক. ৪**র্থ শাখা, ২৬শ** পলব।
- ৪ চঙীদাদে'র ভূমিকা, পৃঠা ৮।
- ० हजीनाम-हित्रक, शृष्टे। ७३।
- বিজ্ঞাপতির পদাবলী (পরিষৎ-সংক্ষরণ), পৃষ্ঠা ৫২১।
- ৭ উশান নাগরকৃত অবৈত-প্রকাশ, ৪র্থ অধ্যায় :

[06]

কেহ কেহ নিমলিথিত কবিতাংশ উদ্ধার করিয়া বলেন, ১০২৫ শকে (১৪•৩ খ্রী°) চণ্ডীদাস পদাবলীর রচনা শেষ করিয়াছিলেন।৮

> বিধুর নিকটে নেজ পক্ষ পঞ্চবাণ। নবহু নবহু রস গীত পরিমাণ॥ পরিচয় সঙ্কেত অঙ্কে নির্জ্জা। চণ্ডীদাস রস কোতুক কির্জ্জা॥

তাঁহাদের মতে কবিতা হইতে প্রাপ্ত অন্ধ শকাদার বোধক। কেন না, চণ্ডাদারের পক্ষে অত অধিক সংখ্যক পদ কেনা করা অসম্ভব। আমরা কিন্ত পরিষৎ হইতে প্রকাশিত চণ্ডাদাসে ৮৩০, উহার পরিশিষ্টে ৯ এবং ক্লফকীর্তনে ৪১৫, সাকলো ১২৫৪টি পদ পাইতেছি। এ ছাড়া ত্রিযুক্ত নগেজনাথ বস্থ প্রাচাবিভামহার্থন মহাশরের আবিক্রত পদের সংখ্যা ২৯।১৮ বিজ্পুপ্রিরা প্রকাশ্তেও কএকটি পদ বাহির হইয়াছিল, যাহা পরিষৎ-সংস্করণে হান পার্য নাই। অবস্তু চণ্ডাদাস ভালতাযুক্ত পদ মাত্রেই প্রসিদ্ধ পদকতা চণ্ডাদাসের নহে। তাঁহার পদাবলীতে বিত্তর ভেজাল চলিয়া গিয়াছে। অনেকে রাগান্ধিক পদগুলিকে চণ্ডাদাসের বলিতে কুণ্ঠা বোধ করেন। সকল প্রাচীন সাহিত্য-সেবীর নিকট চণ্ডুদ্দাপদাবলীব আদির নাই।

মলিক মহাশয়ের সম্পাদিত চঙাদাদে'র ভূমিকা, পু: [8]।

[ী]বর্—১, নেত্র—৩, পঞ্চ—৫ ও বাণ—৫। ইহা সমষ্টি করিলে ১৩৫৫ হয়। স্তরাং ১৩৫৫ শকাকা রচনা-কাল বলিয়া বোধ হয়। তাহার পর, নবহু—১, নবহু—১ ও রস—৬। ইহা ধারা পদের সংখ্যা ১৯৬ বুঝা ধাইতেছে। ৭ম বর্গ, ৬৪ সংখ্যা, পৃষ্ঠা ২৭৯।

ভজিনিধি মহাশয় নবহু নবহু শব্দের নুজন নুজন অর্থ ক্রিয়াছেন। নবাভারত, ১২শ খগু, ৭ম সংখ্যা, পৃষ্ঠা ৩৪।

১٠ विक्रीमारमञ विक्रुक्षमानमानको, मां भण भण, १म छान, ०য় मरवा, भू० ३१०--- ৮৪।

সন ১২৮ - সালের ১ - ই পৌষের সোমপ্রকাশে জনৈক পত্র-প্রেরক লিথিয়াছিলেন, 'চণ্ডীদাসের ১৩৩৯ শকে জন্ম ও ১৯৯৯ শকে মৃত্যু হয়। ইহার পিতার নাম তুর্গাদাস বাগচী, ইহারা বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ! ইহার রচিত গ্রন্থের নাম গীতচিন্তামণি।' পত্র-প্রেরক মহাশয়ের উক্তিতে কাহারও শ্রন্ধা দেখা যায় না।

নিত্যা-সহচরী বাহ্ননী চণ্ডীদাসকে নানুরে দেখিয়াছিলেন। নানুর,—বীরভুম জেলার অন্তর্গত নানুর (পূর্বনাম সাঁকুলীপুর) থানার অদ্রে-এবং দিউড়ী সদর হইতে প্রায় ২৬।২৭ মাইল পূর্বাংশে অবস্থিত। প্রাচীন নানুর এক্ষণে ক্ষিক্ষেত্রে পরিণত। কিছু দিন হইল, সেখানে পুরাতন মন্দির ও দেবমূর্ত্তির ধ্বংসাবশেষ আবিষ্কৃত হইয়াছিল। প্রবাদ,—চণ্ডীদাসের জন্মখান বাকুড়া জেলার ছাতনা গ্রামে। ১৩১৬ সালের শেষে আমরা ছাতনা যাই। গ্রামবাসীরা সাগ্রহে কবির মাতামহকুলের জন্মান-সংস্থিতি, রামীর ভিটা, ধোপা-পুক্রিনী, বাহ্ণনীর ভগ্ন মন্দির, একে একে সমন্তই দেখাহয়া দেন এবং বলেন, চণ্ডীদাস মধ্যে মধ্যে ওখানে আসিয়া থাকিতেনু। দেখিয়া শুনিয়াও আমরা কিন্ত কবির জন্মভূমি সম্বন্ধে নিঃসংশ্য় হইতে পারি নাই। ক্ষলতঃ জনশ্রতির উপর হঠাৎ একটা সিদ্ধান্ত খাড়া করা সমীচান মনে হয়া।

মিথিলাবাসীরা বলিয়া থাকেন, চণ্ডীদাস জেলা দরভঙ্গা (দারবঙ্গ), থানা বেনীপট্টার অধীন উটছেথ থামে জালায়াছিলেন। তিনি না কি সরস্বতীর আরাধনা করিয়া একজন মহাপণ্ডিত হইয়াছিলেন। তাহাতে কি ? চণ্ডীদাস নাম শুনিলেই যে তাঁহাকে নালুরের প্রাসিদ্ধ পদকতা ভাবিতে হইবে, এমন কোন কথা নাই। জানৈক বিখ্যাত আলফারিকের নাম ছিল চণ্ডীদাস।>> সংস্কৃত ভক্তিগ্রন্থ ভাবচন্দ্রিকা-রচয়িতা অপর একজন চণ্ডীদাস ছিলেনং।

১১ ইনি সংস্কৃত ভাষায় ধ্বনিনিদ্ধান্তসংগ্রহ ও কাব্যপ্রকাশদীপিক। প্রণয়ন করেন। গোবিন্দ কাব্যপ্রদাপে চণ্ডাদাদের মত উল্লেখ করিয়াছেন।—বিশ্বকোষ, ৬৪ খণ্ড, পৃ॰ ৯৮। বিশ্বনাথ সাছিত্য-দর্পণে সপোত্র বলিয়া ইহার পরিচয় দিয়াছেন।

১২ বিথকোষ, ৬৪ খণ্ড, পৃ ৯৮।

চ্ণাদাস জাতিতৈ বান্ধণ: যথা.-

পিরীতি করিল

জগতে ভাগিল

ধোবিনী দিজের সনে।১৩

পত্ৰ দিয়া গেল

ব্ৰাহ্মণ বসিল

অর আন চণ্ডীদাস।38

বিপ্রকুলে ভূপ ভুবনে পূজিত

ষগণ-পীরিভিদাতা।>

'দ্বিজ চ্ঞীদাস' ভণিতাযুক্ত পদেরও অপ্রকৃত্ন নাই। স্বর্গীর হারাধন দত্ত ্জিনিধি মহাশয় লিখিয়াছেন, বিলিযুগ-পাবনাবতার খ্রীখ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর আবির্ভাবের ত্রি-অনীতি বংসর পুরের মহাত্রা চণ্ডীদাস এই বঙ্গভূমির রাচুদেশে অর্থাৎ বীরভূম ভেলার নানুর গ্রামে রাটায় ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়া-ছিলেন। ১০° প্রমাণ ইনিও দেন নাই। চণ্ডীদাস বারেন্দ্র, কি রাছীয় ছিলেন. ভাহার মীমাংসা হইল না :

কবির, পিতামাতাকে লটয়াও মতভেদ দৃষ্ট হয়। শ্রীযুক্ত সাল্ল্যাল মহাশয় তাঁহার 'চল্গীদাস-চরিত' গ্রন্থে লিপিবন্ধ করিয়াছেন, 'আমি ১৩৭৬ শকের লিখিত একখানি পুথি সংগ্রহ করিয়াছি। তাহাতে এক স্থান পাওয়া যায়, ভবানীচরণ নামক এক এক্ষানের ঔরদে, ভৈরবী নামী এক কামিনীর গর্ভে চণ্ডীদানের জন্ম হয়। বীরভূষিত্র জনৈক বন্ধ লিপিয়াছেন, নানুরে বিশেষ অন্মদনান কৰিয়া জানিলাম, চণ্ডীদাদের পিতার নাম ভবানী-চরণ রায় ও জননীর নাম ভৈরবীস্থানরী ছিল। খুব সম্ভবতঃ তাঁহার জন্ম ১৩০৮-১৫ শকের মধ্যে হ্ইয়াছিল।' চণ্ডালাস-চরিতকার দোমপ্রকাশের পত্র-প্রেরকের উক্তি 'সম্পূর্ণ সতা নহে' বলিতেছেন, অথচ তাঁহার ১৩৭৩ শকে লিখিত পুথির নাম সাধারণের অপরিজ্ঞাত। পুথির যে স্থলে চণ্ডীদাসের জনক-জননীর কথা ছিল. সে হুলটি উদ্ধার করা আবশুক বিবেচিত হয় নাই •

১৩ চণ্ডীদানের চতুর্দশপদাবলী, সা' প' প', ৫ম খণ্ড, ৩য় সংখ্যা, পৃষ্ঠা ১৭৩।

১৬ চণ্ডাদাদের চতুর্দ্দশপদাবলী, সাং প॰ প॰, ৫ম খণ্ড, ৩য় সংখ্যা, পৃষ্ঠা ১৭৮।

>e চণ্ডীমান (পরিবৎ-সংস্করণ) ক পরিশিষ্ট, পৃষ্ঠা /·।

> नकुडांत्रल, >२म बंध, ७ मरवा, शृक्षी २४)।

আমরা পত্র-ব্যবহারে জানিয়াছি, পুথি অথবা ভাহার প্রতিলিপি এখন বজ-স্থানর বাবুর নিকট নাই।

কবির আর এক নাম অনস্ত ; ৫৬, ৬১, ৬২, ২১৩, ৩২৪, ৩৩৭ ও ৩৪১ পৃষ্ঠার ভণিতা দ্রেষ্ট্রা।

বাঁকুড়া-গলাজলঘাটা থানাব এলাকাধীন সালতোড়া গ্রামে নিত্যা নামে এক দেবী আছেন। ইনি কোন থৌদ্ধ-দেবী হুটবেন। যদি বিষহ্রী ও ষ্ঠী হিন্দু (দ্ব-দেবীর পাশে আসন গাইতে পারেন, তাহা হুইলে ইনিই বা সে অধিকার হইতে বঞ্চিতা হইবেন কেন? শতিলা—হারিতী দেবীরই অভিনব সংস্করণ। ক্লফানন্দ বোধিসত্ত্ব মঞ্জাধের পূজাবিধি অনুমোদন করিয়াছেন। স্বয়ং বদ্ধদেব দশ অবভারের অক্তম। পরে দেখা ঘাইবে, বাস্তলী ও বিশালাক্ষী উভয়েই ধর্ম-ঠাকুরের আবরণ-দেবতা। তন্ত্রদারে পাওয়া যায়.— নিত্যার লগাটে অন্ধচন্দ্র ; ইনি অকণবর্ণা, দেবগুণ ইহার বন্দ্রা করিয়া গাকেন. ইহার চারি হতে পদ, পাশ, অফুশ ও নরকপাল, ইহার অজ্লাগ, ব্স ও আভরণ রক্তবর্ণ; ইনি ত্রিনেতা ও মদবিহবলা। ১৭ মতান্তরে ইতাকে সনসার প্রতিমর্ত্তি বলা হয়। এক সময়ে এ অঞ্চলে নিতারে হথেষ্ট প্রভাব ছিল। 'নিতা৷ দেবীর যে কয়েকটি সহচরী বা ডাকিনী ছিল, ভাহার মধ্যে বাগুলী নামা বিজকতা প্রধানা ছিলেন। ১৮ সহজ ভজন প্রচারে প্রত্যাদিষ্ঠা বাস্থলী ভ্রমণ করিতে করিতে নামরে আসিয়া উপনীতা হইলেন। চাপড় মারিয়া চণ্ডীদাসের হৈত্ত্য সংপাদন করিলেন এবং তাঁগাকে ত্রস্তাধিকাবার জপ-তথ ছাডিয়া সহজ-মাধনের রীতি অনুসারে রজক-বিহারী রামিণী সহ প্রবহ হইতে উপদেশ দিলেন। যথা,—

নিত্যের আদেশে বাশুলী চলিল
সহজ জানাবার তরে।
ভ্রমিতে ভ্রমিতে নালুর গ্রামেতে

প্রবেশ যাইয়া করে॥

১৭ অর্জেন্সুমোলিমরণামনরাভিবল্যামন্থারপাশশূলিপূর্ণকপালহস্তাম্।
রক্তাঙ্গরাশবদলভিবণাং তিনেত্রাং ধ্যায়েছিবস্ত বনিতাং মদবিহলাজীন্।

১৮ नवास्त्रक, ১२म थ्ल, ७वे मःथा, পूर्व २५०।

বাগুলী আসিয়া চাপড় মারিয়া

ह धीराटन किছू क्य ।

সহজ ভজন

করহ যাজন

ইহা ছাড়া বিছুনয় ॥১৯

ছাডি জপ তপ

করহ আরোপ

একতা করিয়া মনে।

যাহা কহি আমি

তাহা ভন তুমি

শুনহ চৌষ্টি সনে॥

রতি পরকীয়া যাহারে কহিয়া

সেই দে আরোপ দার।

ভলন ভোমারি

রজক-বিয়ারি

রামিণী নাম যাহার॥

বাণ্ডলী আদেশে

কহে চঙীদাসে

শুন হে দিজের স্বত।

এ কথা শবে না না জানে যে জনা

সেই সে কলির ভূত।

গ্রীষ্টার ১২শ শতাকী পর্যান্ত বাঙ্গালা দেশে বৌদ্ধার্মের অন্ততম শার্থা সহজ্যানের প্রভাব অসুগ্র ছিল। সহজ্ঞান্তে তৃত্বর নিয়ম পালনের ব্যবস্থা নাই। উহাতে বলে,—'যদি ভোমার বোধিলাভের বাসনা থাকে, তবে গুরুর উপদেশ গ্রহণ কর এবং পঞ্চকাম উপভোগ ক্রিতে থাক। কেবলুই আনন্দ কর।' উপভোগের অবস্থাভেদে আনন্দ চতুর্বিধ,—আনন্দ, পর্মানন্দ, সংজ্ঞা-নন্দ ও বিরুমানন্দ। উত্রোতর অধিকতর আনন্দামুভবের পর গ্রাহ্, গ্রাহক ওঁ গ্রহণাভিমানরহিত পরম স্থাথের উপলব্বিকে সহজানন্দ বলে। অনস্তর নিশ্চেষ্ট হইয়া আমি স্থুণভোগ করিয়াভি, এইরূপ বিকল্প অন্তভুতি অথবা প্রথম

9

তত্ত সহজত পরিজানে অন্তঃ মোক্ষং ন কিঞ্চিবতি। পৃ: ৮১।

১৯ সরোজ-বজ্রের দোঁহাকোবে ও অধ্য-বজ্রের টীকায়---তহ্ব পরিআণে তথ্ন প কোই।

তিন প্রকার স্থতাগ দারা যে আনন্দ অনুভব হয়, তাহাকে বিরমানন্দ কছে।
বিরমানন্দই মহাযানের শূলতা বা নির্দাণপদ। উপরোক্ত সহজ্বানের সাধনপ্রণালী কিঞ্চিৎ পরিবর্ত্তিত আকারে বৈফব-ধর্মের মধ্যে প্রবেশ করিয়া স হ জ
ভ জ ন আথ্যা পাইয়া থাকিবে। সহজ-ভজনে নামাশ্রয়, মন্ত্রাশ্রয়, ভাবাশ্রয়,
প্রেমাশ্রয় ও রসাশ্রয়, এই পাঁচ প্রকার আশ্রয়ের উল্লেখ আছে। শেষ হইটি
আশ্রয়ই উত্তম। রস, নায়ক-নায়কার সন্তোগ-স্বরূপ। উহা স্বকীয়া ও
পর কীয়া-ভেদে দিবিধ। সংজ-সাধনে পরকীয়া-রসই শ্রেষ্ঠ বলিয়া কথিত।
সহজ-সম্প্রদায়ভুক্ত নর-নারী উত্তম আশ্রয়ে আশ্রিত ইয়া অপনাদিগকে
যথাক্রমে শ্রীক্রয়্বও শ্রীরাধিকা অথুবা তাঁহার অনুগত স্থী জ্ঞানে বৃন্দাবনলীলার অন্তরূপ বিবিধ রস্নীলার অনুক্রণ করিয়া থাকেন। নায়িকা-সাধন
সম্বন্ধে চণ্ডীদাস বলিয়াছেন,—

শুষ্ক কাঠের

সম আপনার

দেহ করিতে হয়॥

চণ্ডীদাসের অনেক পদে সহজ-আচারের ওকত্ব বিজ্ঞাপিত হইয়াছে।

চঙীদাস সহজ-ধর্মে দীক্ষিত হইবার পূর্ব্বে বিবাহিত হইয়াছিলেন, অমুমান হয়। তাঁহারা নিঃস্ব ছিলেন না। তাঁহাদের আত্মীয়-স্বন্ধনেরও অভাব ছিল না। বাস্থলীকে সম্বোধন করিয়া কবি বলিতেছেন.—

চণ্ডীদাস কহে তৃমি সে গুরু।
তৃমি সে আমার কলপতর ॥
যে প্রেম-রতন কহিলে মারে।
কি ধন রতনে তৃষিব তোরে ॥
ধ ন জ ন দারা সোঁপিত তোরে।
দয়ানা ছাড়িছ কখন মোরে॥

ইহা কি শুধু কথার মাত্রা ? যাহার কেহ নাই, কিছু নাই, তাহার— বিশেষত: চঙীদাসের পক্ষে এ কথা বলা কি সম্ভবপর ? যাহারা এত দিন চঙীদাসকে 'আজীবন কুমার' রাখিয়াছিলেন, তাঁহাদের সম্বল এক 'বড়' শক্ষা (আমাদের কৃত বড় শক্ষের টাকা দ্রষ্টব্য, পৃ'৪০৭)।

ক্রেম-প্রচারের গুরু ঠাক্রাণটি আবার তরাতরি ওাদকে গিয়া রামিণীকে

ধরিয়া ফেলিলেন এবং তাগকেও চণ্ডাদাদের সহিত প্রবর্ত্ত হইতে অনুজ্ঞা করিলেন। যথা,---

পুন আর বার আসি তরাতর

বাণ্ডণী লগতমাতা।

কহিছেন বাণী ধ্রুরিয়ারামিণী

ভনহ আমার কথা।।

যাহা কহি বাণী শুন্হ রামিণী

এ কথা ভূবন-পার।

করহ আরতি পরকীয়া রতি

সেই সে ভজন-সার॥

চণ্ডীদাস নামে আছে একজন

ভাহারে আরোপ কর।

অবশ্য করিলে নিতাধামে যাবে

আমার বচন ধর।।

১৩৭০ শকের পুথিতে না কি রামিণীর পিতা-মাতার নাম, তাহাদের পূর্বনিবাসের বিবরণ ইত্যাদি পাওয়া গিয়াছিল। রজক্-কুমারীর বয়সটি পর্যাস্ত ছিল।

একটি পদে বাস্থগীর এইরূপ পরিচয় আছে ;—

শালভোড়া গ্রাম অতি পীঠ-স্থান

নিভ্যের আলম্ব যথা।

ডাকিনী বাণ্ডলী নিত্যা সহচরী

বস্তি করয়ে তথা ॥

চণ্ডীদাস কহে সে এক বাগুলী

প্রেম প্রচারের গুরু।

ভাহারি চাপড়ে নিদ ভাঙ্গিল

পিরীতি হইন স্কুল-পদসমুদ্র।

ডাকিনী অর্থে সিদ্ধা। ইনি রক্ত-মাংসে গঠিতা মানবী; কোন উপদেবতা অথবা নান্ন রের অধিষ্ঠাত্রী প্রস্তরময়ী বাস্থলীও নহেন।

চণ্ডীদাস অবস্থিপুরে পাঠাভ্যাস করিতেছেন, এমন সময়ে এক রসের নাগরী আদিয়া দেখা দিল। সে দৃষ্টিমাত্রে পঢ়ুঞাটিকে স্থতীক্ষ মদন-বাণ হানিল। বড়ুয়ার পো চঞ্চণ হইয়া উঠিলেন, ধৈয়া হারাইলেন। বালিকার মদন-মোহন-লীলা দেখিয়া ভিনি আজ আয়বিস্মৃত, দেশকাল ভূলিলেন। শিক্ষা-দীক্ষা অকিঞ্ছিৎকর বোধ হইল। আয়-সম্বরণের চেষ্টা বিপুরীত ফল প্রসব ক্রিল, দেহ-সম্বন্ধ ঘটিল।

বসিঞা অবস্থিপুরে পঢ়ু ঞা পঢ়ন পড়ে।
হেন কালে এক রসের নায়রি দরশন দিল মােরে॥
সে যে চাহিল আমার পানে
ভায় হানিল মদন-বাণে।
সেই হৈতে মন করে উচাটন ধৈরম না মানে প্রাণে॥
সে যে রসের পুতলী বালা
ভার মদন-মােহন লালা।
চেতন সহিতে চড়ি মনােরপে করএ বিবিধ থেলা॥
পাপভয় করি মনে
ভারে ছাড়িতে চাহি যে মনে।
বাঢ়িল মদন করিল রমণ যাণল রম্নী সনে॥
অবস্তিপুর প্রাচীন নাল্রেরই কোন পল্লী ইইবে।

এখানে একটা কথা উঠিবে, তবে কি বজকিণী রূপ কিশোরী স্থরপ কাম-গন্ধ নাহি তায়', 'রজকিণী প্রেম নিক্ষিত হেম', 'তুমি রজকিণী আমার রমণী তুমি হও মাতৃ পিতৃ' ইত্যাদি বাক্য একান্ত নির্থক, সব ভূয়া ? চণ্ডী-দাসের প্রশ্নের উত্তরে বিভাপতি সে আশস্কার নিরাস করিয়াছেন।

ইহার মধ্যে রামিণী নালুরের গ্রাম্যদেবতা বাস্থলীর দেআদিনী বিন্তুল হইল। যথা,—

২০ পশ্চিম-রাচে বছল প্রচলিত দেআসি শব্দের অর্থ দেব-দেবক বা উপাসক; ত্রীলিকে দেআসিনী। শীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয় দেয়াসির মূলে 'দেব-সজ্ব' দেবিয়াছেন (পোবিস্লচন্দ্র গীত, পৃ: ১০); শীযুক্ত যোগেশ বাবু সং দেৱবাসিনী ২ইতে দেয়াসিনী'র অনপ বয়দে

ছখিনী রামিণী

সেবাতে নিযুক্ত হোণ।

চণ্ডীদাস করে

শ্ৰিকলার ভাষ

ক্রমে বাড়িতে লাগিল।

সে বা অর্থে জ্বামরা পূজা, উপাসনা বুবিয়াছি। মন্দির মার্জনাদি উহার গোণ অর্থ ইইতে পারে। গোণার মেয়েকে পূজারীর পাটে বসান আজ-কাল অমেকের চক্ষে বিসদৃশ ঠেকিতে পারে; কিন্ত চারা কি ? যাহা ইউক, একটা কৈছিয়ৎ দেওয়া দরকার। অল্ল কএক দিন পূর্ব্ব পর্যান্ত আমাদেরও ভূল ধারণা ছিল যে, বাহলী ও বিশালালী অভিন্ন এবং হিলুর দেবতা। মহামহোপাধায়ে শ্রীযুক্ত হরপ্রসাদ শারী সি আই ই, এম্ এ মহাশয়ের মূথে প্রথম ভান, বাহলী ও বিশালালী ধর্মের ছা পৃথক্ আবরণ দেবতা। পরে পূজাপাদ শারী মহাশয় হল্মপূজাবিধানের পূথ্যত আনাইল তাহা দেবাইয়া দেন। সম্প্রতি পরিষৎ প্রথমান প্রকাশ করিয়াছেন। বাহ্নোর ধান ও আবাহন মন্ত্র দিয়ে প্রদত্ত হইল।

ওঁ আয়াতা অর্গলোকাদিহ ভ্রনতলে কুগুলে কর্ণপূরে সিল্রাভাবসন্ধা প্রবিক্টনশনা মুওমালা চ কঠে। জীঙার্যে হাজযুকা পদ্যুগ্রনলে নৃপ্নং বাদয়ন্তী কুত্বা হত্তে চ ওড়াং পিব পিব ক্ষয়িবং বাগুলী পাতৃ সা নঃ॥

ওঁ বাঙলৈ। নমঃ।

ওঁ আবাহয়মি তাং দেবাং ভভাং মঙ্গলচিওকাং।
সারতীরে সমুংপানাং ক্যাকোটসমপ্রভাং॥
রক্তবন্ত্রপরাধানাং নানালফারভূবিভাং।
অস্তত্ত্বদ্ব্যাক্তাং অচ্চেনাঙ্গলকারিনীং॥
অসিদ্ধাধিনীং দেবাং কালাং কিল্লিবনাশিনীং।
আগচ্ছ চিত্তিকে দেবি সানিধামিহ কল্প॥ পূ° >•২-৩।

উৎপত্তি অমুমান করিয়াছেন (বাঙ্গালা শক্ষণেষ)। দেয়াসনীর বিদেশিনী অর্থ আমরা কোথাও পাই নাই

২১ বিদয়টিক সোদাইটির ৫৪০৮ সংখ্যক তালপাতার পুথি:

ইহা হইতে পাওগা গেল, বাস্থলী ও মঙ্গলচণ্ডী এক এবং বৌদ্ধদেবী।
আমরা ডোমজাড়ীয়া স্ত্রীলোককে চণ্ডার পূজা করিতে দেখিয়াছি, তাহাদিগকেও
দেখাসিনী বলে। সাণতোড়ার নিত্যার দেখাসিনী আছে, শীতলার আছে,
মনসারও আছে। এখনও কি রামিণীর দেখাসিনীতে কাহারও আপতি হইবে?

এক সময়ে গৌড়-বঙ্গে বজ্ঞধান বৌদ্ধাগের খুবই প্রতিপাত্ত ছিল। এই সম্প্রদায় বজ্ঞসত্ত নামক বঠ ধাননা বৃদ্ধ ও বজ্ঞধাত্বেশরা বা বজ্জেশরী নামে তাঁহার শক্তি বল্পনা করেন। তাঁহারা প্রধান প্রধান প্রচার-কেন্দ্রগুলিতে বজ্ঞসত্ত ও বজ্জেশ্বরী মূর্ত্তির প্রতিষ্ঠা করিতেন। উচ্চারণ-বৈষ্ম্যে বজ্জেশ্বরী শক্ত বজ্জ্যরী—বাজসনী—বাসলা বা বাস্থলাগতে পারণত ইইয়া থাকিবে।

উপার উদ্ধৃত ধ্যানের সাহত নামুরের বর্তনান বাহ্নণা মূর্তির নিল নাই, বোধ হয়, প্রকৃত মূর্তি বিলুপ্ত হটয়াছে।

চঙীদাস অথবা তাহার পিতা বাস্থনীর পূজারা ছিলেন, এমন কথা কোথাও পাওয়া যায় না। বরং তথনকার সজন-সমাজে বাস্থলী, বিষহরী প্রভৃতি গ্রাম্য দেবতার পূজা-কর্চনা যার-পর-নাই নিন্দনীয় ব্যাপার ছিল। যথা,—

ধর্ম-কর্ম লোক সভে এংমাত্র জানে।
মঙ্গলচণ্ডীর গীতে করে জাগরণে॥
দন্ত করি বিষহরি পূজে কোন জনে।
পুত্তলি করয়ে কেহো দিয়া বহু ধনে ।

—देंि: ভা°, जानि, २व्र व्य•।

পুন*চ---

বাঞ্চনী পূজ্যে কেহো নানা উপহারে।

মন্ত-মাংস দিয়া কেহো যক্ষ পূজা করে।—ঐ ঐ ঐ

বে চণ্ডীদাস নবরসিকের ২২ একজন, তাঁথার আরাধ্যা কে १—না বাস্থলী।

২২ মহাজনপদাবলী, ১ম ভাগের ভূমিকায় লিখিত হইয়াছে,—বৈক্ষবদিগের সম্প্রদার-বিভাগ গৌরাঙ্গের অনেক পরে বীরভক্ত কর্তৃক সম্পন্ন হয়। স্বতরাং চভীদাস ও বিভাপতির সময়ে 'সম্প্রদায়' শব্দের কোন কথাই ছিল না। বোধ হয়, সাম্প্রধায়িক বৈক্ষবেরা স্বাস্থানতের গৌরব-বৃদ্ধি বাসনায়, ইহাদিগকে আপন আপন দলভুক্ত ক্রিয়া লইয়াছেন। 'নবর্সিক' বাক্রাটিও অনেক পরের স্বাষ্টি বলিয়া বোধ হয়। চঙাদাস প্রভৃতির। নাকুঞ্ককে 'রুসিক' বলিয়া উল্লেখ

একটা গন্ধ প্রচলিত আছে,—এক দিন চণ্ডীদাস নদীমানে গিয়াছেন।
এ নদী কোথায় ? যাথা হউক, দেখিলেন, স্রোতে একটি পদ্ম-কলিকা ভাসিয়া
যাইতেছে। ওটিকে উঠাইয়া লইলেন এবং উহা দিয়া বাস্থলীর পূজা করিবেন,
স্থির করিলেন। পুলায় বসিয়া ফুলটি দেবার চরণে অর্পণ করিবেন, এমন
সময়ে দেবী প্রকট হইয়া বলিলেন, ফুল আমার মাথায় রক্ষা কর, উহা আমার
ভক্তর নির্মালা । চণ্ডীদাস আ্চর্যা ইয়া গেলেন। তাঁহার আবার শুক্ত কে ?
উত্তরু হইল, স্বাং শ্রীক্লফ, যিনি গোলোকে পাকেন। চণ্ডীদাস ক্ষণ-উপাসনার
অভিপ্রায় জানাইলেন। বাস্থলী বলিলেন—তথাস্ব। সেই হইতে চণ্ডীদাস
বৈষ্ণব। উপাথানিটতে বেশ একটা জোলা দিবার চেষ্টা প্রকাশ পাইতেছে।

নালুবের নির্জন মাঠে, পাতার কুটারে থাকিয়া চণ্ডাদাস গুরুর **আদেশে** ভন্তন-সাধন করিতেন।

নানুবের মাঠে পারের কুটিরে
নিরজন স্থান অতি।
বাশুলী আদেশে চণ্ডাদাস তথা
ভক্ষন করম্যে নিতি॥

বাস্থলী প্রসার হইয়া এইখানেই ভাঁহাকে রাধা-ক্লফের অভিনব চরিত্র-কথা কহিয়াছিলেন।

নানুব গ্রামেতে নিশা সময়েতে
বাশুলী প্রদান হৈয়া।
বাই কান্ত ছহুঁ নওল চরিত
কহয়ে নিকটে গিয়া॥—নঃহরি।

করিতেন, স্তয়াং তদ্টে পরবর্তী বৈধ্বেরা ইইবিশ্বকে 'রসিক জক্ত' ও 'নবর্সিক' শব্দে মৃত্তিহিত করিহাছেন। পৃ॰ ৪৫-৪৬।

সর্বদ্যেত র্ষিক ভক্ত নর জন। কাহার কাহার মতে পাঁচ খান। এই স্থক্তে নানা মত আছে। কিন্তু ইইাদের ধত্মবিষয়ে প্রায়ই সকলের একমত। কর্ত্তাভ্রাদিগের সহিত ইইাদের ধর্মবিষয়ে অনেক ঐক্য আছে। জাজার প্রতির খ্যান ঈখরের প্রতি সম্পাদন ইহাদের ধর্মের অসা। ইহাদের মতে পরস্তাদক গোষাবহ নহে, বরং ধর্মের প্রধান সাধন। এত্ত্তিষয়ে ইহাদের যুক্তি এই যে, সবং খটে রাধাকৃষ্ণ বিরাজ করেন। প্রসাং পর্যে পর্যা সক্র মিলিত

নানুম-প্রান্তরেই কবির স্থাপ্রাবী সঙ্গীতালাপ শ্রুত হইত, অন্ত কোথাও নহে।

্নানুবের মাঠে গ্রামের নিকটে
বাঞ্লী আছয়ে যথা।
তাহার আদেশে কহে চণ্ডীদাস
স্থা যে পাইবে কোথা।

- কুণ্ডীদাদের চতুর্দশ পদাবলী'তে পাওয়া যায়, চণ্ডীদাদ না চ প্রে মে উ না দ বলিয়া সমাজচাত।

ধোবিনী সহিতে চণ্ডীদাস তাথে জাতি পাতে হলা ছাড়া ঃ২০

গ্রামের গ্রধান ও পূজা নকুল ঠাকুর গলায় বসন বাঁধিয়া কুটুম্বদের ঘরে ঘরে ফিরিতেছেন, মণ্ডলীস্মাপে সকাতরে অনুমতি যাজা করিতেছেন,—এক ভাইকে জাতিতে তুলিবেন। তীগাব প্রার্থনা অধুণ রহিণ না। ভিনিদশের নিকট ২ইতে নিমন্ত্রণ হুচক পান পাইলেন।

সকল ব্রাহ্মণ ক্রাব ভোজন সকলে দিলেন পান। সকলের মূল সামগ্রী করিলে আমি ইই পরিত্রাণ॥২৪

নকুল দিবারাত্রি আয়োজন-উজেংগে ব্যস্ত। বাড়ীতে ভিয়ান বদিয়াছে, সীতা মিত্রী, আলফা প্রভৃতি বহুবিধ আধারীয় প্রস্তুত হইতেছে।

আর রামিণী,—

নয়নের জলে কালিয়া বিকল মনে বোধ দিতে নারে॥

হইলে পাপ কেন হইবে ? জিকুফ প্রীত্যর্থে যে স্থীমঙ্গ, ভাগতে কামগন্ধ নাই—বিভন্ধ প্রেম। পু॰ ৪৯.৫৩।

২০ চণ্ডীদাদের চতুর্দ্দশ পদাবলী, সা॰ প॰ প॰, ৫ম থণ্ড, ৩য় সংখ্যা, পৃ৽ ১৭৫। ২৪ ঐ পৃ৽ ১৭৬ এবং

গৃহেকে জাইঞা পালকে পড়িয়া শয়ন করিল তায়।

কান্দিয়া মুছিছে নিখাস রাখিছে ' পৃথিবী ভিজিয়া যায় ॥২৭

· ব্রাহ্মণেরা প্রিসিয়া ভোজনে বসিয়াছেন, চণ্ডীদাস পরিবেষণে নিযুক্ত। ধোপানী ন্যাছে দাঁড়াইয়া, ছই হাতে মাথা তুলিয়া ধরিয়া সকল দেখিতেছে ও পিরীতি-মন্ত্র জপিতেছে। যথন—

দ্বিজগণে ডাকে

ব্যঞ্জন আনিতে

ধোবিনী তথন ধায়।২৬

ইহার পর কি হইয়াছিল, জানিবার উপায় নাই, পুথির লেখা মুছিয়া গিয়াছে। প্রথাদ—একটা অলৌকিক কাও ঘটে এবং চণ্ডীদাস রামিণীকে লইয়া সমাজে উঠেন।

বাগালী ও মৈথিল কবির মিলন-প্রসঙ্গ প্রবন্ধের প্রথমাংশে করা হইয়াছে, পুনক্ষক নিজ্পয়োজন।

মধ্যে কবির মূর্য অপবাদও রটিয়াছিল। ২৭ বস্বাসীর সৌভাগা, অধুনা তাহা সম্পূর্ণরূপে নিরাক্ত হইয়ছে। চণ্ডীদাস যে একাধারে কবি ও পণ্ডিত ছিলেন, পদাবলীর পাঠকমাতেই সে কথা মুক্তকণ্ঠে স্বীকার করিবেন। ক্লফ্কনীর্তনে'র 'তোর রভি আশো মার্শে', 'যদি কিছু বোল বোলুসি', 'তনের উপর হারে', 'নিন্দ্র চান্দ চন্দন' প্রভৃতি পদ জয়দেবের অফ্করণ; অফ্করণ হইলেও কবির অসাধারণ পাণ্ডিত্য স্থৃতিত কবে। ক্লফ্কীর্তনে' কিকিদ্ধিক ১২৫টি সংস্কৃত কবির পাণ্ডয়া যায়। ওপুলি চণ্ডীদাসের স্বরচিত, গ্রন্থবিশেষ হইতে উদ্ধৃত নহে। 'চতুরে চতুরো মাসান্' কবিতাটিতে উত্তরমেশ্বের 'মাসানেতান্ গম্ম চ্ছুরং' ক্লোকের স্বর কাণে বাজে। ঘাঁহারা পদাবলীতে উপমার অল্পতা লক্ষ্য

२० ह्लीनारमत हर्ज़ूक्म शनावकी, मार शर शर, बम लांग, या मरबाा, शुर २१९।

^{१६} वे पृ• ১৮৮।

২৭ মল্লিক মহাশয়ের সম্পাদিত চঙীদাসে'র ভূমিকা, পৃ॰[e]; চণ্ডীদাস-চরিত, পৃ॰ ১৫ : নবাভারত, ১৪শ বঙ, ৬৪ সংব্যা, পৃ॰ ২৮৪।

করিয়াছেন, তাঁহার। ক্লফ্রকীর্তনে' উহার প্রয়োগ-বাহুল্য ও নিবিধ ছন্দের সমাবেশ দেখিয়া বিশ্বিত হইবেন, সন্দেহ নাই। 'ক্লফ্রকীর্তন' কবির প্রথম বয়সের রচনা মনে করা যাইতে পারে। সে কালেও চণ্ডীদাদের বিহান থাতি ছিল,—

ভূমি একজন

সকলে উন্নয

দ্বিজকুলে উপাদান।

কুটুম্ব সকলে

বিজ্ঞমতে বলে

বিছাতে বিছাভিরাম।,২৮

তিনি সন্ধীত-বিভাতে পাবদশী ও স্থগায়ক ছিলেন। যথা,—

পরম পণ্ডিত

সঙ্গীতে গন্ধ**ৰ্ব**

জিনিয়া যাতার গান।—নরহরি।

চণ্ডীদাসের ভণিতাযুক্ত 'রাধার কলস্কভন্তন' ও 'ক্ষেত্র জন্মলীলা' নামক পুথির কথা সাধারণো প্রকশিত হইয়াছে বিশ্ব প্রথম চুইটিতে প্রসিদ্ধ করি চণ্ডীদাসের কবিতার কোন ক্ষণেই আমবা দেখিছে পাই নাই। ছেণিতাতে বড়ু শব্দের অভাব, উহাতে বাহ্বলীব বন্দনা বা আদেশ নাই। পরিষদের সদস্ত প্রযুক্ত মদেক্সমোহন ঠ কুব তাঁহাব ১০ ন সালের ১২ই প্রাবণ ভারিথের পত্রে জানাইয়াছিলেন, নালুরের ভ্রামা প্রীত্ক ক্বিরচক্ত রায় মহাশয়ের বাড়ীতে কবির রচিত শক্ষার্থ-মঞ্জী' নামে একগানি কোব-গ্রন্থ ছিল।

কবি কোণায়, কি ভাবে দেহ রক্ষা করিয়াছিলেন, জানা যায় না। কেহ বলেন, চণ্ডীদাস মেনন প্রসিদ্ধ পদকর্তী ছিলেন, তেমনই স্থগায়ক ছিলেন। একদা তিনি রামিণী সহ নিকটবণ্ডী মতিপুর গ্রামে কীর্ত্তন করিছে গিগছিলেন। তথায় নাটমন্দির পতনে তাহাদের উভয়ের মৃত্যু হয়। প্রপরে কহেন, এই নিদারুণ গুর্ঘনা কীর্ণানারে ঘাটা প্রসামরা জিল্লাস্থ হইলে, এ সম্বাদ্ধ পরম শ্রহাম্পাদ বায়সাহের শ্রীযুক্ত দীনেশন্ত সামরা বি এ মহাশয় যাহা লিখিয়া দিয়া-

२৮ हरीमारमब हरू रूप भनादती, भी भाभा, वस खान, वस सामा, भुर १-८।

২৯ সাণগণপণ, ১ম ছাগ, অতিরিক্ত সংখ্যা (প্রাচীন পুথির বিবরণ), পুণ ৫৫ এবং ২১খ ছাগ, ১ম সংখ্যা, ৪৭ ৪৯।

[.] Literature of Bengal (1877), by Mr. R. C, Dutta, p. 52.

शक्तिर-मःखद्रग ठछोत्रादमंत्र छ्विका, पृ॰ ১० ।

ছিলেন, নীচে তাহা অবিকল উক্ত হইল;—'নামুরে বাগুলী-মন্দিরের নিকটে, যে জগ্ন গৃহের চিহ্নাদি সহ স্তৃপ পড়িয়া আছে, দেখানে একটি নাটাশালা ছিল। স্থানায় প্রবাদ এই যে, চণ্ডাদাস তাঁহার ভ্নন-বিজয়া কীর্ত্তনের দল সহ সেই নাটাশালায়ই সমাহিত হন। সে প্রবাদ বড় শোকাবহ। সন্নিকটবর্ত্তী পর্রাণার নবাব তাঁহারে প্রাসাদে চণ্ডীদাসকে আম্প্রন্থ পদাবলা যথন তাঁহার কঠে নিনাদিত হইতে পাগিল, তখন দেই উন্নাদনায় নবাবের বেগম সাহেব একবারে মুগ্ন হইয়া গোলেন; তিনি চণ্ডাদাসের গাঁতি শুনিতে ছল্মবেশে পদ্লীতে প্রতেন। নবাব কোন প্রকারেই বেগম সাহেবাকে শাসন করিতে পারেলন নাশ চণ্ডাদাসের স্থ্য তাহার কাণের ভিতর দিয়া মরমে প্রবেশ করিয়াছিল, এই মর্থ-প্রবেশী সংগীত লক্ষা-ভয় দুব করিয়া দিয়াছেল।'

নিবাবের জোধ জাগিয়া উঠিন। এক দিন যথন নাগুরের নাট্যশালা চণ্ডীদাদের কীর্জনানন্দ ভূবিয়াছিল, সেই সময় সহসা প্রেম-াম্বর নিকেতন নবাবসৈন্তের কামানের শব্দে কাঁপেয়া উঠিন। কামানের গোলায় নাট্যশালা পড়িয়া
গোল। বাঙ্গালা দেশের সর্বপ্রেষ্ট কবি—মন্ত্রাধানে স্বর্গের গায়ক তাঁহার দল সহ
বিনীর্গ মন্দিরের নীত জীবস্ত সমাধি প্রাপ্ত হইলেন। এখন সেই স্ত পের নীতে
নর-ক্ষাল পাওয়া যায়, হয় ত সেই নর-ক্ষালের কোন না কোন্টি বাগালার
প্রিয়তম কবির হইবে।

কৌর্ণাহারের শ্রীবৃদ্ধির সঙ্গে চণ্ডীদাসকে লইয়া গৌরব করিবার স্পৃষ্ঠা সেই পল্লাবাসীদের চিত্তে জাগিয়া উঠা সাভাবিক। কেহ কেহ বলেন, চণ্ডীদাসের জীননান্ত হওয়ার প্রবাদ অপেকাকত আধুনিক সময়ে কীর্ণাহারের সহিত অভিত করা হইয়াছে। বাশুলী দেবা বহু দিন নাট্যশালার স্তুপের নীচে পড়িয়াছিলেন, পরে উদ্ধার লাভ করিয়া একটি মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছিলেন। সেই মন্দির ভাসিয়া বাওয়াতে সম্প্রতি তাঁহাকে আর এক নব মন্দিরে স্থাপিত করা হইয়াছে। তানী ধোপানীর স্বগণেরা এখনও বলির পূর্বে ছাগগুলি ছুইয়া দের। তবে বলি স্থাসিক হয়।

স্বর্গীয় মূলিক মহাশন্ত লিখিয়াছেন,—'চণ্ডীদাদ জীবনের শেষ দশার শীবুন্দাবন ধামে গমন করিয়া দেইখানেই সমাধিত্বন। আজ পর্যান্ত উাহার

সমাধি শীর্ন্দাবনে বিশ্বমান আছে, জানিতে পারা যায়। রামণীও ঐ পথ অমুসরণ করেন। ওব স্বর্গায় ভদ্র মহাশয় রমণী বাবুর কথারই প্রতিধ্বনি করিয়াছেন, ও আনাদের বড়ই হুর্ভাগ্য, বুন্দাবনে বাঙ্গালী কবির সমাধির কোন পাতা লাগাইতে পারি নাই। তত্ত্বতা অধিবাসীদের উপর চণ্ডালাসের নাম কোনরূপ ক্রিয়া করে না; কথন করিত কি না, ভগবান্ জানেন। পদাবলীতে বা অক্সত্র চণ্ডালাসের বুন্দাবন গমনের কোন আভাস মিলে না। শ্রীযুক্ত সাল্লাল মহাশয়ের মতে, খুষ্টায় ১২শ শতান্দীতে বীরুসিংহ বীরভূমে রাজা হন। তিনি স্বীয় নামে রাজধানী নির্ম্মিত করেন। রাজা বীরুসিংহ রাজধানীর অনতিদ্রে প্রাণ-বর্ণিত প্ণাভূমির আদর্শে দিতীয় বুন্দাবন রচনা করিয়া, তাহাতে গোপাল বিগ্রহ প্রতিষ্ঠিত করেন। চণ্ডীদাস বীরুসিংহের নকল বুন্দাবনে সমাধিময় হন, ইত্যাদি ইত্যাদি। ও এ সকল কথা কত দুর প্রামাণিক, পাঠকগণ তাহার বিচার করিবেন।

উপরের আলোচনা হইতে কবির সম্বন্ধে আমরা নিম্নলিথিত ক্যুঁটি কথার বেশী কিছু জানিতে পারি না। (১) চণ্ডীদাস খুষ্টীয় ১৪শ শতকের প্রথমার্দ্ধে আবিভূতি হইয়াছিলেন; তাঁহার আর এক নাম অনস্ত। (২) তিনি ব্রাহ্মণ-বংশসস্তৃত। (৩) নালুরে তাঁহার বাস ছিল। (৪) তিনি সহজ-ভঙ্কন আশ্রের করেন এবং নীচ সংসর্গহেতু সমাজচ্যুত হন। (৫) কবি ধন-জন-বিরহিত ছিলেন না। (৬) তিনি অনেকানেক পদ রচনা করেন। (৭) বিভাপতির সহিত তাঁহার সাক্ষাৎ হইয়াছিল। (৮) তাঁহার মূর্থ অপবাদ অমুলক। (৯) তিনি সঙ্গীত শালে বিশেষজ্ঞ ও উচ্চ অক্ষের গায়ক ছিলেন।

বর্ণনীয়-বিষয়

'ক্লক্ষকীর্ত্তন' গীত-গোবিন্দের অমুকরণে রচিত গীতি-নাট্য শ্রেণীর গীতি-কাব্য। ইহার অধিকাংশ পদ শ্রীকৃষ্ণ, শ্রীরাধা অথবা বড়াইর (দৃতীর) উক্তি। বর্ণনীয় বিষয়—শ্রীকৃষ্ণের বাল্য-লীলা। পুথির প্রাপ্ত অংশ ১৩শ

৩২ চন্তীদাসের'র ভূমিকা, পু॰ [১৭] ৷

৩০ গৌরপদ-ভরঙ্গিণীর উপক্রমণিকা, পু॰ ৮২।

৩৪ বঙ্গভাষার লেধক, পৃ॰ ৬ ; নব্যভারত, ১২শ ধণ্ড, ৭ম সংখ্যা, পৃ॰ ৩৫১।

৩৫ চণ্ডীদাস-চব্বিত, পৃণ ১১২-১১৩।

থণ্ডে বিভক্ত; যথা-জন্ম-থণ্ড, তামূল-থণ্ড, দান-থণ্ড, নৌকা-খণ্ড, ভার-থণ্ড, ছত্ত-খণ্ড, तुन्गावन-খণ্ড, कानिय-ममन-খণ্ড, यमूना-খণ্ড, হার-খণ্ড, বাল-খণ্ড, বংশী-খণ্ড ও রাধার বিরহ-খণ্ড। জন্ম-খণ্ডে দেবগণের প্রার্থনায় ভূভার-হরণের নিমিত্ত রাধা-ক্ষেত্র জন্ম-লীলা বণিত। তাম্ল-থণ্ডে রাধার অসামাত্ত রূপ-লাবলাের কথা জনিয়া শ্রীকৃষ্ণ-কর্তৃক কামাচার আমন্ত্রণস্তৃক তামুলাদি উপহার প্রেরণ অর্থাৎ শ্রীক্লফের পূর্বরাগ। দান-থণ্ডে রাধালাভার্থ, শ্রীক্লফ-কর্তৃক দানীর অভিনয়, রাগা-ক্ষের মিলন ও সম্ভোগ। নৌকা-খণ্ডে ঐক্সঞ্জের কাণ্ডারী-বেশে গোপীগণকে যমুনা পার-করণ ও রাধা-ক্লফের যমুনা-বিহার। ভার-খণ্ডে ভারবাহিরূপে শ্রীকৃষ্ণ-কর্তৃ ক শ্রীমতীর পসরা বহন। চত্র-খণ্ডে শ্রীকৃষ্ণ-কর্তৃক রাধার মন্তকে ছত্র-ধারণ। বুন্দাবন-ধণ্ডে গোপীগণ সহ শ্রীকৃষ্ণের বন-বিশাস ও শ্রীরাধার সম্ভোগ অর্থাৎ রাস। গোপীগণ সহ শ্রীক্লফের জণ-বিহার এবং কৃষ্ণ-কর্তৃক গোপীগণের বস্ত্র-হরণ। হার থণ্ডে হার অপহরণ জত্ত যশোদা-সমাপে শ্রীমতীর শ্রীক্লফের বিক্লদ্ধে অভিযোগ। বাল-থণ্ডে পূর্ম্ব অভিযোগের প্রতিশোধস্বরূপ শ্রীমতীর প্রতি শ্রীক্লফের মদন-বাণ ত্যাগ, রাগার মোহ, বড়াই কর্তৃক শ্রীক্লফের বন্ধন ও শ্রীমতীর সন্তোগ। বংশা-থণ্ডে বংশাধ্বনি শ্রবণে রাধার উৎকণ্ঠা, রাধাকর্তৃক বংশী অপহরণ, ক্লফের কাকুতি ও রাধার বংশী প্রত্যর্পণ। বিরহ-থণ্ডে রাধার বিরহ, রাধা-ক্রফের মিলন ও সভোগ, শ্রীমতীর প্রাস্থিও শ্রীক্রফের মথুরা-गमन ।

ভাষা

দেই কেবা গুনাইলে শ্রাম নাম', 'হ্রথের লাগিয়া এ ঘর বাঁধিহ্ন' পদের ভাষা এবং "কে না বাঁশী বাএ বড়ান্নি কালিনী নই কুলে', 'যে কাফ লাগিআঁ মো আন না চাহিলোঁ।' পদের ভাষা এক নহে;—পদাবলী ও ক্লফ্ড কিনে'র ভাষার সাদৃশ্র নাই। তবে কি পদকর্তা চঙীদাস এবং ক্লফ্ডেকীর্তনে'র রচিরিতা হই পৃথক্ কবি ? চঙীদাসের সময়ে এবং তংপুর্বের বাঙ্গালা ভাষা কিরপ ছিল, জানিতে পারিলে আমাদের উত্তর অনেক সরল হইয়া আসিবে। পুরাণা বাঙ্গালা কেমন ছিল, জানিতে হইলে হস্তালিখিত প্রাচীন পৃথির সাহাষ্য লইতে

হইবে। মুদ্রিত পুত্তকে প্রাচীন রূপ পাইবার আশা হবাশা। কেন না, এ পর্যান্ত হাতীন গ্রন্থ মুদ্রিত হইয়াছে, তাগার আদর্শ বড় জাের ২৫০ বংসরের; ০০০ বংশর আদর্শ দেশিয়া মুদ্রিত পুত্তকের সংখ্যা নিতান্ত কম। সম্পাদকগণের ক্রতি ও অভিজ্ঞতা অনুসারে প্রায়শঃ ঐ সকল পুত্তকের পাঠ বছল পরিমাণে পরিবর্ত্তি। সাবারণ পাঠকের অ্থ-বােধা করিবার অভিপ্রায়েও প্রাচীন গ্রন্থতিল অধুনা প্রচলিত ভাষায় শােধিত ১ইয়া প্রকাশিত হয়। প্রতিত্ত শােধনের প্রয়াস দেখা যায়। ২০ কোন এক পুথির হইখানি প্রতিলিপিতে ক্রতি মিল হয়। হত্তলিখিত স্থাতীন পুথি একান্ত হয়ভি। করের স্বহন্তলিখিত পুথির ত কথাই নাই। করেটের বালতে হয়, আমারা কোন করিরই প্রকৃত ভাষা পাই নাই।

গ্রীষ্টার ংম শতাকার প্রথমার্কে টান পরিব্রাজক রুমান্তুমাঙ্ (হিউ ন্ত্রাঙ্) ভারত-ভ্রমণে আসিয়া বর্তমান বাঙ্গালা, বিহার ও উত্তব-পশ্চম
প্রদেশের কিয়দংশের ভাষা প্রায় করুলে দেখিয়াছিলেন। কামরূপ ও উড়িয়া
অঞ্চলের ভাষার যে সামান্ত পাথ'কা লগা করিচাছিলেন, তাহা মাত্র উচ্চারণগত। ঋথেদের ঐতবের আর্ণাকে সক্ষপ্রথম বদ নাম পাওয়া যায়।০০ ললিতবিস্তবে বদ্ধ-লিপির উল্লেখ আছে।০৮ প্রাচীন গ্রন্থানতে ব দ্ব ভা যার বিবরণ
পাইরাছি বনিয়া শ্বরণ হয় না। আচার্য্য দাঙ্গ-বিকৃতিত কাব্যানর্শে গৌড়ী
প্রাক্ত নিদ্ধিষ্ট হইয়াছে।০০ ক্বঞ্চ পতিতের প্রাকৃত-চক্রিকা নামক গ্রন্থে অপভ্রমণ ভাষার মধ্যে গৌড় ও ওড় নাম স্রিবিষ্ট দেখা যায়।০০ পণ্ডিত্রণ কহিয়া
থাকেন, উত্তরাপথে প্রচলিত অধিকাংশ ভাষাত কোন না কোন প্রাকৃত অথবা

Later MSS. always giving a smoothed down version of the ancier t dialects,—Vernacular Literature of Bengal, by Mahamaho. H. P. Shastri, p. 3. বসভাবা ও সাহিত্য, পূণ ১৪০ ৷

৩৭ ইমা: প্রজান্তিস্ত্রো অভ্যার মারং স্তানীমানি বয়ংসি :
বঙ্গাবগধানেরপানায়ন্তা অর্কমভি:ভা বিবিশ্ন ইতি ৫ ২০১০

७৮) म व्यथाप्र-- लिशिनानामनर्भन शतिवर्छ ।

শৌরদেনী চ গৌড়া চ লাটা চাজা চ তাদৃশী।
 বাতি প্রাকৃতনিভারে ব্যবহানের সন্ত্রিধিন্। ১)২৫

^{8.} Third Report of Operations in the Search of Sanskrit 11SS in the Bombdy Circle, April 1884-March 1886, by Prof. P. Peterson, page 347.

তাহার অপভ্রংশ হইতৈ উৎপন । ৪২ প্রাচা হিন্দী, বাঙ্গালা, ওড়িয়া প্রভৃতি ভাষা মার্গধী অপভ্রংশের বিভিন্ন রূপ বা পরিণতি । ৪২ পুরাণা বাঙ্গালার প্রাকৃত সংজ্ঞা ছিল, সাহিত্যে তাহার প্রমাণ আছে । ৪২ পরে আমরা প্রাকৃতের সহিত বাঙ্গালা

Aryan, Neo-Sanskrit, or Gaudian, seems to me to have a perfect right to the common name of Prakrits, and would at the same time indicate their real origin. They are not derived from Sanskrit, but from the old Prakrits, or more truly still, from the local Apabhramsas.—Science of Language, by Professor F. Max Muller, Ed. 1891, Vol., I, pp. 179-80.

In their enumeration of the various Ap., each of the provincial languages (as we now call them) occurs; e. g., Abhíri (Sindhí Marwárí), A'vantí (E. Rájpútáni), Gaurjarí (Gujarátí), Báhlíká (Panjábí), Saurasem (W. Hindi), Mágadhí or Práchyá (E. Hindi), Odrí (Oríyá), Gandi (Bangali), Dákshinátya or Vaidarbhíká (Maráthí) and Saippalí (Náipái)?).—Comparative Grammar of the Gaudian Languages, by Dr. A. F. Rudolf Hoernle, p. XXI.

Magadhi is the parent of all the languages of Eastern Group of Indo-Arvan vernaculars. Just as the Eastern vernacular of Asoka's time branched out into a number of dialects, of which Magadhi was the principal one, so Mágadhi, in the course of centuries has, in its turn, developed into four separate languages, of which Bengali and Bihári are Indeed this process of fission and already commenced during Prakrit times, for the latest indigenous grammarians of that language mention amongst the varieties of Magadhi, a Gaudi, a Dhakki, and an Utkali or Odri Behári is the direct descendant of Mágadhi and is spoken in its original home. Gaudi is the parent of the Bengali of Northern Bengal and of Assamese, Spreading to the south-east, Magadhi developed into the Bengali of the Gangetic Delta, and still further towards the rising sun, Dhakki (or the Magadhi of Dacca) became the modern Rastern Bangali. Orivá is the representative of the ancient Utkali. - Linquistic Survey of India, by Sir G. A. Grierson. Vol. V. Part I, p. 5.

⁶⁹ ইং। বলি গীতার পঢ়িল এক লোক। পলাকুত্রক্ষে কহি গুন সর্ব্ব লোক।
—লোচনদানের চৈতক্সমঙ্গল (বলবাসী) মধ্য প্রা ১২।

ভাষার ঘনিষ্ঠ সমন্ধ দেখিতে পাইব। কথা ভাষা হইতেই কথা ভাষার উৎপত্তি সিদ্ধ হইয়া থাকে। আজ আমরা বে ভাষায় মনোভাব ব্যক্ত করিতেছি, ৫০০ পাঁচ শত বংসর পুরের সে ভাষা ব্যবহৃত হইত না, পরেও হইবে না;—ভাষা পরিণামী। কথা ও লেখা ভাষার মধ্যে আম হউক, বিশুরু হউক, প্রভেদও অবশুস্তাবী। হাজার বংসর পুরের দৈনন্দিন জাবন-যাত্রা নির্বাহের নিমিত্ত বন্ধবাসী ঠিক কি ভাষা ব্যবহার করিতেন, জানিবার উপায় নাই। তবে সে কালের সাহিত্য হইতে তাহার কতকটা আভাস পাইতে পাঝি। মহামহোপাধায়ে প্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রা মহাশয়ের আবিষ্কৃত ও সম্পাদিত চর্ব্যাচর্যা-বিনিশ্চয়, সরোজ বজ্লের দোহাকোষ, কাহ্পাদের দোহাকোষ⁸⁸ প্রভৃতি প্রভের ভাষা বাঙ্গালা ভাষার প্রাচীনতম নিদর্শন বলিয়া গৃহীত হইতে পারে। শাস্ত্রী মহাশয় বলেন, বইগুলি খ্রীষ্টায় ৮ম — ১ শ শতকে লেখা হইয়া থাকিবে। একটি চর্য্যাপদ এইরূপ,—

অপণে রচি রচি ভব নির্বাণা

মিছেঁলোম বন্ধাবএ অপণা ॥ এ ॥

অন্তেন জাণহুঁ অচিম্ব জোই

জাম মরণ ভব কইসণ হোই ॥ এ ॥
জাইদো জাম মবণ বি তইদো
জীবপ্নে মহলেঁণাহি বিশেসো॥ এ ॥

জাএথু জাম মরণে বিসন্ধা

সো করউ রস রসানেরে কথা (কংথা १) ॥ এ ॥

তাহা অফুসারে লিপি প্রাকৃত কথনে।

--বাসালা পুথির বিবরণ, সাং পং পং, ৪র্থ স্থাগ, ৪র্থ সংখ্যা, পৃং ৩০৭।

হেন জয়দেব কাব্য রচনা সংস্কৃতে।
ভাঙ্গিয়া করিল আমি সংস্কৃত প্রাকৃতে। ঐ পৃং ৩০৯।

সপ্তদেশ পর্ব্য কথা সংস্কৃত দুন্দ।

মূর্থ ব্রিবারে কৈল পরাকৃত দুন্দ। ঐ ৬ঠ খণ্ড, ১ম সংখ্যা, পৃং ৬৫
বৌদ্ধান ও দোহা'র অস্তর্গত।

িজে সচরাচর তিব্বস ভমস্তি
তে ব্বজনামর কিম্পি ন হোস্কি॥ গ্রুছ ॥
কামে কাম কি কামে জাম
সরহ ভণতি ব্যচিস্ত সোধাম॥ গ্রুছ

লোক মিথ্যা মিথ্যা আপনার মনে মনে ভব ও নির্বাণ রচনা করিয়া করিয়া আপনাকে বদ্ধ করিতেছে। আমরা কিন্তু অচিন্তা যোগী, আমরা জানি না, জন্মন্মরণ এবং ভব কিরপ হয়। জন্মও যেমন, মরণও তেমনি, জীবন ও মরণে কিছুমাত্র বিশেষ নাই, এ ভবে যাহার জন্ম ও মরণের শক্ষা আছে, সেই রস ও রসাপ্তনের চেষ্টা করুক। যে সকল যোগীরা সমস্ত চরাচরে ও স্বর্গে ভ্রমণ করে, ভাহারা অজর এবং অমর কিছুই হইতে পারে না। সরহ বলে,—জন্ম হইতে কর্ম্ম হয়, কি কর্মা হইতে জন্ম হয়, সে কথা স্থির করা যোগীদিগের পক্ষে অচিস্তনীয়।

অধ্যাপ্তক বেশুল (C. Bendall)-সম্পাদিত 'স্থভাষিত-সংগ্ৰহ' হুইতে একটি পদ উদ্ধৃত হুইল, ভাব ও ভাষা চন্যাপদেরই অমুক্রপ।

করণ ছড্ডী জো স্থানী নগ্ন্ত।
লাই সো পাবৈ উতিম মগ্ন্ত।
অহবা করুণা কেবল ভাবৈ।
জম্ম সহস্সহি মোক্থু ণ পাবৈ॥
স্থা করুণ জৈ জোউণু সক্কৈ।
গৌ ভবে ণৌ ণিববাণহী থককৈ॥

করণা ছাড়িরা যে শৃত্ত আশ্রম করে, সে উত্তম গতি পার না। অথবা শৃত্ত-বিরহিত কেবল করণা চিন্তনে সহস্র জন্মেও মোক্ষ লাভ হয় না। করুণা ও শৃত্ত একতা উপুলক্ষিত হইলে, দ্রষ্টার ভব ও নির্বাণ এক হইরা যায়।

''গুরু উবএসো অমিঅরস্থ' ইত্যাদি দোহাটি সরোজ-বজ্রের দোহাকোষ ও এ স্ভাষিত-সংগ্রহ উভয় গ্রন্থেই গত হইয়াছে। ডাকার্ণবের ভাষাও প্রায় ঐক্লপ। প্রচণিত ডাকের বচনের ভাষা অনেক পরের। খ্রীষ্টীয় ১০ম-১১শ শতকে রচিত রামাই পণ্ডিতের শৃত্যপুরাণ হইতে স্ষ্টি-পত্তনটি উদ্ধৃত হইণ।

ec वोष भान ७ (पाश, पु ७०)

নহি রেক নহি রূপ নহি ছিল বর চিন।
রবি সসী নহি ছিল নহি রাতি দিন॥
নহি ছিল জল থল নহি ছিল আকাস।
মেরু মন্দার ন ছিল ন ছিল কৈলাস।
' পুনমীর চান্দ ভোহ্মার বদন	•••	₽ ৮৯
পুদেব কালত ঋষিএঁ বুইল	•••	85
্প্রথম পহরে আক্ষে দেখিল বড়ায়ি	•••	৩৮৭
্প্রথম প্রহরে গোত্মাল গেলা নিন্দ	***	O.F
প্রথম যৌরন মোর মুদিত ভাগুার	•••	¢ b
্ৰপ্ৰম যৌবন সামা গেলা তুলে ধৱী	***	>4.
প্রথমে কাঢ়িজা লৈল সাতেসরী হার	• • •	> 08
প্রভাত সময় ভৈল সব স্থিজনে		২৽৩
প্রভূজগ্রাণে মোরে যত বৃইল	***	७३ २
প্রহরেক বেলি ভৈল যমুনার ঘাটে	****	>9¢
्रक्षिण केम्म कृत ভরে নোআইল ডাল	: • •	७৯२
বচনেক বোলোঁ শুন চক্রাবলা রাণী	841	>64
বচনেক বোলো হুন রাধা গোঝালী	/4*	১৭৬
বড়ায়িক তবেঁ বুইল রাধা		७१৫
বড়ায়ির বচন ধরিজা রাধা মনে	*:*	₹ ¢>
্বভাষির বচন শুনি রাধা চক্র বিলী	6 6 0	२१১
বড়ায়ি ল। ক দমের তলে বদী	***	२₩
্ৰড়ায়ি লুয়িখা রাহী গেলী সেই খানে	***	२৯०
বভারি। হাথে ভাও মাথে করী চান্দ	***	* ⊙•২
বদন কমল তোর য বেঁহ দেখিলোঁ	> 0 •	89
বনে বনে পালাইখা রাধা ষবেঁ জাএ	341	>>8
বসসি তোঁ আরে কাহ্ন সভন সমাজে	9 9 9	> cc
রসিজ্ঞাঁ থাক ক্রদায়ের ভাষে	***	250

পদের প্রথম পঙ্ক্তি		পৃষ্ঠাক
বসি থাক ুকদমের তলে	•••	>>>
ুবাট দান হাট দান লইলো রাজবরে	***	8>
বাপ নন্দ গোপ মাঅ ঘশোদা		9) 6
বাপ বস্থূল মোর নান্দোঘরে জাণা		• 3
বারহ বরিষেকের মোর মাহাদান		. 80
বারেক জিঅ তোঁ গোঝালী। রাধা ল	•	26 6
ৰাৱে বারে রাধা বোলসি আন্ধেত	•••	e >
বাসিত ফুলেঁ রাধা বান্ধসি কে শ	•••	>>>
বাহ তুলিলেঁ কেশ বন্ধন হলে	•••	२,8७
বিচিত্ত খোঁপার উপরে রাধা		۰ ه
বিজয় নাম বেলাতে ভাদর মাদে	244	8
বিধাতাএঁ হেন মোর লিখিল কপালে	•	>- @
বিরহে বিকল গোসাঞি তোকে বনমালা	***	७ ৫8
বুঝিঅ'া গোপীর মনে		२ >8
ৰুবিতেঁ না পারো কা হা ঞি তোন্ধার চরিত	£ 4 4	৩৯৭
বুলিতেঁ নাব্রিএ তোর চরিতে	***	०२৮
বুলাগন কথা গুণী বড়ায়ির মূখে	•••	ર • ৳
বেদ উদ্ধারিশো ক্রীড়া সাগর জ্বলে	• • •	>.>
বোল এক বোলোঁ রাধা স্থল আক্ষারে	* \$ *	৬২
ৰোল রাধিকারে বড়ায়ি আন্ধার বচনে		२ १ ७
বোলেম্ভ কাহাঞি নাম কুলত চাপামা	• • •	>84
বোলে প্রবোধিতে স্থম বড়ায়িল	***	>>:
বিন্ধা বেদ হরিবেক ইন্দ্র হরিব পাণী	• • •	· ` >90
🧹 ভাদর মাদের তিথি চতুখীর রাতী	***	৩২:
—ভার। নঠ করী সকল পদার	Φ ↑ Φ	398
ভার বহিব তাত না করিবোঁ মো আনে	***	746
ভাল ভৈল বড়ায়ি মোর ভৈল পরভেশ	***	20

পদ-দূচী		w.	
পদের প্রথম পঙ্কি		পৃষ্ঠাস্ব	
্ৰাৰ্ল মন্দ কত লোক পথ মাঝে ৰাএ	•••	२ ¢>	
ভূজযুগে ধরী কাঞ্	• /	৩৮২	
মথুরা নগর বড় সজন সমাজ	•••	246	
্মশ্রার পথে বড়ায়ি এহি কদমের তলে		967	
• মন গমনে চলে নাধানী তোলাার	• • •	76.	
শনত হরিষ কর ঈয়ত হাদিঅ'।	431	> > > > > > > > > > > > > > > > > > > >	
মন দিঅ'৷ তুণ্ বড়ালি বড়ন আকাল	•••	৩২৯	
ম রুরপুছে বাঝি চূড়া কেলগালে দি অঁ ন বেঢ়া	•••	૭ .	
মধুর পুড়ে বা লিম া চূড়া		262	
মাউলান <u>ার</u> যৌবনে কা কের মন	* . •	¢ 5	
🗸 শবি বৃন্দাবন গিঅ। কাহ্নাঞি গোমাল		> %b	
মাঞানিয়পিল পুতা কাছেল	•••	৩১৫	
মুথ কমলে আতি শোভা করে		90	
মুখ তোর ভাল রাধ: বিকচ কমলে	• • •	¢ b	
মৃগমদ কুচ্যুগ গগন মাঝার	* 3 *	>∢8	
্ৰেম আন্ধাঝ আতি ভয়ক্ত নিশী		٠٥٠	
্ৰেঘ যেক্ আষাঢ় প্ৰাথণে	• * •	৩২৭	
মেদনি যোড়িলো হালে		ھ8	
্ৰৈনাক মাথিলে কোণ মা হা দিধি হুঞ	6 * *	ಿ ೪৯	
মোর্ ধবে জাণো কাহ্নাঞি ঘাটে মাহাদানী	6.41	>89	
্মো জে দ্ধি দ্ব দ্ধে করিবেঁ৷	* * 4	২৯৯	
মোঞ্ভ হন্দরি রাধা আতি বড় বুঢ়ী ল	***	೨8∙	
• বো নাহি নাশি ভোর বৃদ্ধাবনে	- 5 •	२२७	
মৌ যবে জাণিবেঁ৷ কাস্থাঞি পেলইব ভার	•	2 9b	
মো ধৰে জাণিবেঁ৷ রাধা তেজিব পরাণে		२৮৩	
্ষথণে কাঞ্চাঞি ভোৱে পাঠাইলে পানে	• • •	৩৭ ২	
যতন করি অ ণ রাধা বুরিলে ঁ। বারেঁ কার	•••	756	

শ্রীকৃষ্ণকীর্ত্তন

शरात अवस श्रह्			পৃষ্ঠাক
ষত মনোরথ ছিল তাহাক সফল কৈল	•••		२२५
্ৰুৰ কিছু বোল বোলসি তবেঁ	•••		२১१
ষদি যাসি রাধা তোএঁ এ রাজপথে	•••		२ २ 8
যমুনাক আইলোঁ। নীতেঁ পাণী। আল	•••		७२8
ষ্মুনাত পার করী বাপ বস্থলে			>>¢
যমু নার খাটে ়নিকটে রহি অ া	•••		· oa
যমুনার তীরে কদম তরুতলে	•••		৩১০
যমুনার তীরে কদমের তলে কাঞুলী তিজিঅ'া গেল ঘা	ম		• ১৩৭
বমুনার তীরে রাধা কদমের তলে তথি মাঝেঁ কাহাঞি		,	> • ২
যবেঁ আন্ধা দিঅ'৷ কাহণাঞিঁ পাঠায়িলে তাস্থূল			903
যবেঁ জাওঁ আল কাহ্ণাঞি মথুরার হাটে	•••		५ ०३
যবেঁ তোক যভন করিলোঁ। চন্দ্রাবলী	• • •	•	৩৬৮
যবেঁ রাধা গোঝালিনী পাতল কৈল গাএ			> %
—ঘবেঁ রাধা না করিবে নেছে	4 · 4		>9
যবেঁ হাট জায়িতেঁ নাহিঁ তোক্ষার শকতী	14.		>9>
ৰ্বাই ষমুনাৰ পাণিকে আইস	• • •		₹3•
🗷 কাহ্ন লাগিঅ। মো আন না চাহিলে। বড়ায়ি	•••		98 ફ
্ত্রে-না দিগে গেলা চক্রপাণী। আল বড়ায়ি গো			૭કર
ে যে বেলা্এ পাটোল মোর নিলে গদাধরে			ર્ હ્
্য়ে বেলিতে তোকে দৃতা পাঠাইলো			೨৬৬
ষে বোল ভোরে বোলোঁ মোএঁ রাধা ল	• • •		\$8\$
রঘুবংশ পরধান আক্ষে জ্ঞীরাম নাম	•••		৩৬১
রাক্ষে যেন ভাত পাঝাঁ না এড়ে	• • •	•	'ર ે લ
রাজা বৃড় থরতর নাহিঁ ৩ণ কথা			93
ক্রাধার্ক না পাঅা মোর বেআকুল মনে	•••		202
রাধাক মারিছা। পুণী জিআইল কান্ডে	•••		₹ \$•
রাধা ঘর গেলি দেথিয়া কাক্তে	•••		₹€#

পদ-সূচী		nelo	
পদের প্র থম প ঙ্ক্তি		পৃষ্ঠাক	
রাধা নিতী বিকণসি দধী	•••	₹9€	
রাধার উদ্দেশ বোলোঁ। চিস্কিঅ। মণে	•••	>8	
রাধার বচন শুণীঅঁ। বড়ায়ি	•••	∶ ⊌8	
রাধাল। অপুণণে কহিলে মোর মনের কথা	***	ঽ১০	
ঁরাধাল। তোর মোর অস্চৃত্নেহাল	***	২ ৪ १	
রাধা ল। মথুরা জাইতেঁ ষমুনা পথে	•••	৩৭১	
রাধা সমে নেহা ভৈল তোক্ষার বিদিত	***	₹8€	
ুরাধিকা হারাজী। বড়ায়ি বুলে থানে থানে		٥ ،	
রাধে। ডুালি ভরাঅঁ। ফুল পানে	•••	>+	
রাধে ছুপহর বেলে কদমের তলে	* * *	>0	
রাধে যে বোল বুলিলোঁ।	•••	ి ప	
লক্ষকেত্র বুকাবন মোর ফুল বাড়ী	• • •	₹25	
লবলীদল কোমল আহ্মার দেহে	•••	52	
্ৰাজ ভয় তেজিঅ'৷ সকল গোপীগণে		२ > ৩	
শাবণ্য জল ভোর সিহাল কুস্তল	9.€ €	>> \$	
ৰুনীর পুতলী যেক বড়াগ্নিল	* < 2	5	
🍑 কিতী না ক্র বড়ায়ি বোলোঁ মো তোহ্বারে	•••	৩ ৯৮	
শত পল সে:না লঅঁ। সে মেল	***	೨೨৮	
শতেক ব্ৰাহ্মণ আৰু মাছিলেঁ গোকুল	19.	२৮२	
শারত উদিত চান্দ বদন কমল	• • •	« 9	
শিশুকালে আন্ধে মতি ভোলে	• •	৩৭৩	
ভণত হুনুরি রাধা পাঞ্জীর বাধান	•••	8 6	
ভঙ তিথি বার শুভক্ষণে	•••	> 0	
বোল কলা সংপুণ্ন চক্ৰ বদন	4. 4. 4	₩2	
বোলুশত রাধার সঙ্গিনী। আব		૭ ૨૬	
্ৰক্ৰ গোআৰকুৰ লখা ততিখনে		२७६	
স কে যাইউ রাধা এ ়ছুরে দূরে	•••	292	

শ্রীকৃষ্ণকীর্ত্তন

পদের প্রথম পঙ্কি		পৃষ্ঠাস্ক
मनम्र क्रमम् रुज्या वृहेन मारमाम्टत	•	२०•
সপনে দেখিলোঁ মো কাহ। আগ বড়ায়ি	4 6	೨ ၁8
— সর্বস ব সম্ভ কালে	. 6 2	୬ ୫୩
সব গোপ যার মান ধরে		*99
ুবৰ দিবে মেলি সভা পাতিল		
স্ব স্থিজন মোল বড়ায়ির ঠায়ি		. >4.
সন্ধারে বুরিলোঁ। বড়ারি সজাইঅাঁ আরুড়ী		२२५
সাবধান মনে রাধা স্থন মোর ৰোল		• >>৮
সাস্থড়ী ননন্দ মোর ঘরে ছক্রবারে		7 5
সাস্থ নিষ্ধিল মোরে বুলীল	,	३ २
সিশের সিন্দুর ভোর লাদে		9.8
স্থন গোপীগণ আক্ষা র বচন	•	۶ ۶۶
সুণ নাতি নী রাধা আ ফারি উত্তর		৩৫৩
স্থুণ মায় যশোদাত তোলারে বুঝাও	,	> p@
স্থূণ ল স্থূন্দরি রাধা বচন আন্ধার		÷8
স্ণহ আ ইহন দাসী তেঁ! মোর চোরায়িলি বাঁশী		೨ ૨ €
স্পূর্হ ক্লেরী রাধা বচন আন্ধার		202
্ৰুণ হে বড়ায়ি বোলোঁ। তোক্ষার চরণে	•••	2 4 %
সুদ্ধ স্থবরে শোভিত আলার বাঁশী	-	৩২৩
স্থন ল সুন্দরি রাধা পছত কৈলোঁ বিরোধা		छ २
্ৰুপরি কাহাঞি তোর স্থণিঅ'৷ কাকুতী		१८८
স্থলরি রাধা হুণ সমূথে		96
স্থুরত সংভোগেঁ তোর না পুরিবে আহা	4	• 529
্ৰুস্র বাশীর নাদ গুণিঅ"। বড়ায়ি	• •	9• %
স্থুসর বাঁশীর নাদ স্থণী আইলেঁ।		२३৫
সোনার চুপড়ী রাধা কপার খড়ী	•••	>8€
্ হরিতালী চক্র দেখিলোঁ ভাজ মাদে		₹ 17.4

পদ-সূচী		>/•
প্রদের প্রথম পঙ্কি		영화
হিরিষে আইলা রাধা তোন্ধে এহা তীরে	•••	₹€8
হরি হরি। আয়াদে কাক্সের উরে	•••	در د
হরি হরি। আহ্রেখনাকর তোক্ষে শুন গোআবলী	•••	⊘ 8€
হংস রএ সরোভ্যরে শুআহো পাঞ্জরে	•••	9€
' হাটে দান দেহ এ বাটে বহী	. •••	. >>>
স্থাটের বাটের দাণ চাহে ভীনে ভীনে	•••	>>8
হাথে ৰড়ী কুরী ৰোগোঁ মো কাহ্ন	•••	€8
ু হাবে চাল মানী বড়ায়ি করায়িলেঁ পাগলী	•••	୬৯୭
হার মোর ছিণ্ডি নিলে বাহের কঙ্কন	•••	۶≷¢
ছারায়িল তোন্ধার বাঁশী তেঁসি বড়ায়িতে হাসী		७ २ •
হেনিয়ি সম্ভেদে বুঢ়ী মেলিলী আসিঅণ	•••	₹७•
হেন রাধিকার বচনে	•••	৩৮৯
्ट त ठक्कांवनी ताथा मास वृत्तावटन	•••	₹•5



তাথ জন্মখণ্ডঃ 🗱

পূপুভার ৰথোং পূথী কথ্যামাস নিজ্জান্। ভতঃ সর্ভস্তেবাঃ কংস্পাংসে মনোলধুঃ॥

্কাড়ারাগঃ । যতিঃ ॥ দওকঃ ॥

সব দেবেঁ মেলি সভা পাতিল আকাশে।
কংসের কারণে হএ স্প্তির বিনাশে॥ ॥
ইহার মরণ হএ কমণ উপাএ।
সক্ষেই চিন্তিআঁ বুয়িল ব্রহ্মার ঠাএ॥ ২॥
ব্রহ্মা সব দেব লআঁ গেলান্তি সাগরে।
স্থানীএঁ তৃষিল হরি জলের ভিতরে॥ ৩॥
তোকো নানা রূপেঁ কইলোঁ আস্থ্রের খএ।
তোকার লীলাএ কংসের বধ হএ॥ ৪॥
হেন শুণী ঈসত হাসিআঁ ততিখণে।
ধল কাল স্তই কেশ দিল নাবায়ণে॥ ৫॥

প্রথম ছইথানি পাতানা পাওরায়, মফলাচরণ ও ১ম পদটীর অভাব রহিয়া (গল।

এহি ছুই কেশ হৈবে বস্তুলের ঘরে।

হলী বনমালী নাম দৈবকী উদরে॥ ৬॥

তাহার হাথে হৈবে কংশাস্তুরের বিনাশে।

হেন বর পাআঁ সব দেব গেলা বাসে॥ ৭॥

সময় উপেথিআঁ রহিলা দেবগণ।

গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৮॥

)

বরাভীরাগঃ ॥ ক্রীড়া ॥ আয়িলা দেবের স্থমতি শুণী। কংসের আগক নারদ মুনী॥ পাকিল দাটী মাথার কেশ। বামন শ্রীর মাক্ড বেশ ॥ ১ ॥ নাচএ নারদ ভেকের গভী। বিকৃত বদন উমত মতী॥ ধ্ৰু॥ খণে খণে হাসে বিণি কারণে। খণে হএ খোড খোণেকেঁ কানে॥ নানা পরকার করে অঙ্গভন্স। তাক দেখি সব লোকের রঙ্গ ॥ ২ ॥ লাম্ফ দিআঁ খণে আকাশ ধরে। খণেকেঁ ভূমিত রহে চিতরে॥ উঠিআঁ সব বোলে আনচান। মিছাই মাথাএ পাড়এ সান॥ ৩॥ মেলে ঘন ঘন জীহের আগ। রাম কাড়ে যেন বোকা ছাগ ॥ দেখিআঁ কংসেত উপজিল হাস। वामली वन्ही शाहेल हशीहाम ॥ ८ ॥ বরাড়ীরাগঃ॥ একতালী॥

কোণ স্তর্থে কংশ তোর মুখে উঠে হাস নাহি জাণ এবে তোঁ আপণার নাশ ঃ যে হৈবেক দৈবকীর গার অষ্ট্রম। অতি মহাবল সেসি তোজার যম। ১। কহিলে। মৌই সকল তোগার সাতা। এবে মনে গুণী কর জীবন উপাত্র ॥ ধা হেন সব শুণী কংস হৈল সচক্তি সব মন্ত্রিপানে লগা চিন্ত্র ইতি । এবে হতে দৈবকার যত গর হএ মান্ত্র নিয়োজিল মারিবাক তাএ॥২॥ আসিঅ। নারদ তবে সহরে আপণে। সকল কহিল তত্ত্বস্থাদেব থানে॥ এবে দৈবকাঁএ যত গর ধরিব। পাপ ছুঠুঠ কংসে তাক সবই মারিব। ৩ । •আফ্রম গর্র হৈব দেব নারায়ণে। সেই উপদেশ দিব তোকাক তথণে।। সেই উপদেশে হয়িব সকল রক্ষণে। গাইল বড়ু চণ্ডাদাস বাসলী গণে॥ ৪॥

ককুগুঙ্জরারাগঃ। রূপকঃ॥

পারদের মুখে শুণী কংস মহাবীর । একেঁ একেঁ মাইল ছয় গন্ত্র দৈবকীর ॥ ১ ॥ সব দেবগণে মেলি সেহি অবসত্ত্রে । দুয়ি কেশ নিয়োজিল দৈবকী উদরে ॥ ২ ॥

পুরের ছয় গ্রু তার মায়িল কংশাস্তরে। তাক স্মাঁঅরা দৈবকা কাঁপে বড ডরে॥ ৩॥ रिवर्की छेवरत (शब रिय रक्स धरन। সেই বলভদ্র নাম অভিশয় বল ॥ ৪ ॥ মাএর গ্রপাত ছল করিজ।। আপণে রহিলা রোহিণী গর গিঞা।। ৫।। যে কুমু রহিল দৈবকা উদরে। সেহি শভা চত্রদ গদা শারঙ্গ ধরে॥ ৬॥ ভাহাক আফ্রম গর জাণা দৈবকার। আবেক্ষণ দিল লোক কংশ মহাবার॥ ৭॥ প্রপুরুষ গর ধরল আত্মরূপ। फिरन फिरन वाि एश्न रेपवकांत अशा bu ক্রমে দৈবকার গর্হ হৈল দশ মাস। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাস॥ ৯॥ কোডারাগঃ॥ লম্পেখরঃ॥ দওকঃ॥ বিজয় নাম বেলাতে ভাদর মাসে। নিশি আন্ধকার ঘন বারি বরিযে॥ হেন শ্রেভক্ষণে দেব জগন্নাথ হরী। শঙা চক্র গদা আর শারক্স ধরী॥ ১॥ েরাছিণা আফুমী ভিপিন। জরম লভিল কাহ্নাঞি ॥ প্রণ॥ দেবের প্রসাদে তাবেঁ বস্তল জাণিল। নিন্দে আকুল গোকালের লোক ভৈল ॥ যশোদার কণা। সেই খনে উপজিল। মিন্দ ভোলেঁ যশোদাঞ্ তাক মা জাণিল।। ২।।

বস্তুল চলিলা তবেঁ কাজ করি কোলে। কংশের পহরী না জাণিল নিন্দু ভোলে। কাঞ্চ দেখি বাটত সমুনা পালা দিল। পার হওঁ। বস্তুল নান্দের ঘর গেল॥ ৩॥ যশোদার কোলে দিওঁ। শিশু বনমালা। বস্তুল আণিল গরে মুশোদার বালা॥ তার রাএ কংসের প্রুরী চি**অ**ইল। দৈবকার প্রসব কংশেরে জাণায়িল। ৪॥ কংশে কণ্য মায়িল শিলাপাটে আছাডিআ। কংসকে বুলিলে কণ্যা আকাসে থাকিআঁ॥ নান্দোঘরে বালা বাচে ভোগা বধিবারে। শুণী কংসে কুতা। কৈল কাজ বধিবারে॥ ৫ প্রথমত কংশে পুতনাক নিয়েজিল। ভনপান ছলে কাফ তাক সংহারল।। তার পাছে যমল আজু ন পাঠায়িল। একই প্রছারে কাছ্য তাহাক ভাঙ্গীল। ও॥ কেশি আদি আস্থর পাঠাইল আনন্তরে। ত। সব মাইল কাঞ্ বিষম সমরে॥ ্হন্মতেঁ গোকুলে বাঢ়িলা দামোদর। াহিল বড়ু চণ্ডীদাস বাসলী বর॥ ৭॥

কোড়ারাগঃ॥ একতালী॥
নীল কুটিল ঘন মুগু দীর্গ কেশ।
ভাত মধ্রের পুছ দিল স্থাবেশ॥
চন্দম তিলকেঁ আতি শোভিত কপালে।
ছুফু পাশে লঘু মধ্য উন্নত বিশালে॥ ১॥

जकल (५८७३ (वारले इति वनमाली। আবতার করি করে ধরণীত কেলী॥ ধ্রা॥ হুরেখ স্থপুট নাসা নয়ন কমল । কামাণ সদৃশ শোভে জহি যুগল ॥ ওষ্ঠ আধর যেক যমজ পোঁআর। কঃধ্যুগ শোভে যেক বরুপের জাল ॥ ২ ৯ ছজ্যুগ করিকর জানুত লুলে। করপ্রকবিদ্দ মাল নিম্মিত ক্মলে । মরকত পাট সদৃশ বক্ষস্তল : ক্ষীণ মধা রামরন্ত জংঘ যুগল ॥ ৩ । মাণিক রচিত চক্ত সম নথ পান্তী। সজল জলদ কৃচি জিণি দেহ কান্টা॥ বত্তীস রাজলক্ষণ সহিত শরীর। কংসের বধ কারণ আতি মহাবার॥ ও॥ নানা মণি অলঙ্কার শোভিত শরীরে। পাঁত বসন শোভে বাঁশী ধরে করে।। নিতি নিতি বাছা রাখে গিঅ। বুন্দাবনে। গাইল বড়া চণ্ডীদাস বাসলী গণে॥ ৫॥

পানুষীরাগঃ ॥ লঘুশেখরঃ ॥
কাহ্নাঞি রস সম্ভোগ কারণে।
লক্ষ্মীক বুলিল দেবগণে ॥
আল রাধা পৃথিবীত কর আবতার।
থির হউ সকল সংসার ॥ আল রাধা ॥ ১ ॥
তে কারণে পতুমা উদরে।
উপজিলা সাগরের ঘরে ॥ ল ॥ আল রাধা ॥ ধ্রু ॥

তীন ভুবন জন মোহিনী।
রতি রস কাম দোহনী॥
শিরীষ কুস্থম কোঁজলা।
অদুভূত কনক পুতলা॥২॥
দিনে দিনে বাঢ়ে তকু লীলা।
পুরিল যেহেন চন্দ্রকলা॥
দৈবে কৈল কাহ্ন মনে জাণী।
নপুংসক আইহনের রাণী। ৩॥
দেখি রাধার রূপ যোবনে।
মাত্রক বৃরিল আইহনে॥
বড়ায়ি দেহ এহার পাশে।
গাইল বড় চণ্ডীদাসে॥৪॥

গুড়্বরীরাগঃ ॥ যতিঃ ॥

আইহনের মাথ গুণী মনে। আল।

নাঁট গিজাঁ পদুমার থানে ॥ ল বড়ায়ি ॥

চাহি লৈল বুঢ়ীথ মাই।

তার পিসী রাধার বড়ায়ি ॥ ১ ॥

নিয়োজিলী নানা পরকারে। আল।

হাট বাটে রাধা রাখিবারে ॥ ল বড়ায়ি ॥

শেত চামর সম কেশে।

কপাল ভান্ধিল চুন্ন পাশে ॥

জহি চুন রেখ যেহু দেখি।

কোটর বাটুল চুন্ন আখি ॥ ২ ॥

মাহা পুট নাশা দণ্ডহীনে।

উন্ধত গণ্ড কপোল খীনে ॥

বিকট দন্ত কপট বাণী।

ওঠ আধর উঠক জিণী। ৩।

কঠি সম বাহু যুগলে।

নাভি মূলে ছুঈ কুচ লুলে।

কুটিল গমন ঘন কাশে।

গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

মতিমন্ত্রজনন্তাহং নিযুক্তা তব রক্ষণে।
বাধে সহ ময়া তেন মূদিতা মণুরাং রজ।।
ভাগোন মম বকারৈ জরতীহ নিযোজিতা।
জদেহি যামি মণুরাং মধুরাচারকোবিদে॥

ইতি জন্মখণ্ডং সমাপ্তং ॥

অথ তায়ূলখণ্ডঃ

থ জ্জুরীরাগঃ॥ একতালী॥

দ্ধি ছুরেঁ পদার সজাহা। । নেত বাস ওহাড়ন দিআঁ॥ ল রাধা॥ সব স্থিজন মেলি রঙ্গে। এক চিত্তে বড়ায়ির সঙ্গে॥ ল রাধা॥ ১॥ নিতি জাএ সর্বাঙ্গ স্থন্দরী। वन প্रत्थ मथुद्रा नगर्ती ॥ व दाधा ॥ धः ॥ এক দিনে মনের উল্লাসে। স্থি সমে রস্পরিহাসে ॥ আগু গেলি সহর গমনে। বড়ায়িক না করী যতনে॥ ২॥ বকুল তলাত গোসালী। বড়ায়ির পশ্ব নেহালী। বসিলী মাথাত দিআঁ হাথে। বডায়ি চলিলী আন পথে॥ ৩॥ রাধিকা গুণিখা মনে মনে। বডাইর বিলম্ব কারণে ॥ বন মাঝেঁ পাইল ভরাসে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥ 🐧

পাহাড়ী সারাগঃ ॥ ক্রীড়া ॥

রাধিকা হারাআঁ নড়ায়ি বুলে থানে থানে। ভাল মনে পথক না দেখে নয়নে॥ নাতিনীর মোহে বডায়ি মনে বিমরিষে। কমণ উপায় কবোঁ জাওঁ কোণ দিশে ॥ ১ ॥ পথ হারাইল বড়ায়ি মাঝ বুন্দাবনে। দৈবে সে জাণএ যার যেতেন ঘটনে ॥ প্রং ॥ মনেত গুণেত বডায়ি আধিক ত্রাসে। কথা গিআঁ পাওঁ মোএঁ রাধার উদ্দেশে ॥ একসরী হৈলে। মোএঁ তেন ঘোর বনে। রাধিকা এডিআ আজি জীবেঁ। কেনমনে॥ ২॥ কথো দর পথ গিজ। দেখিল বড়ায়ি। বুন্দাবন মাবে চরে শত সংখ্য গাই॥ তাক দেখি বড়ায়ির মনেত হরিষে। এহা রাখোহাল পুরেঁ। রাধার উদ্দেশে। ৩।। হেন মনে গুণা বডায়ি গেলাব্রি তথাএি । দেখিল লণ্ডত করে নাতিআ কাফাঞিই।। হরিষে মেলিলা বড়ায়ি তাহার পাশে। বাসলী শিবে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥ পাহাডীকারাগঃ॥ চিত্রক লগনী॥ একভালী॥ আচন্দিত বুঢ়ী দেখি বৃন্দাবন মাঝে। বিনয় করিখা পুছন্তি দেবরাজে॥ ১॥ কথাঁ হৈতেঁ সাইলা তোকো কিবা তোর কাজে। একলী বুলসি কেছে বুন্দাবন মাঝে॥ ২॥

গোঠে হৈতেঁ আসি আন্দি বুঢ়া গোজালিনী। আগুত চলিলা মোর স্তুন্দরি নাতিনী॥৩॥ পাছে পাছে জাইতেঁ পথ হারাইল আন্দি। মথুরার পথ পুত। কহিজা দেহ তুসি ॥ ৪ ॥ সঙ্গে কেহেং লখা বুল নাতিনিখানী। ক্ষাঁ তাক হারাইলেঁ কহ তঃ বাণা।। ৫।। কি নাম তাহার কেহেন তার রূপ। আসার থানত বুটা কহিপার সরূপ ॥ ৬॥ দ্ধি বিকে জাইতেঁ সঙ্গে মথৱা নগরা। ব্রন্দাবনে হারাইলোঁ ত্রৈলোক্য স্তন্দরী॥ ৭॥ নাতিনী হারাইলেঁ। নামে চ্ছাবলা। কোঁখলী পাঁচলী বালী স্তন বনমালী ॥ ৮॥ সরূপ কহিবোঁ তবেঁ মথুরার পণ। যে কাজ বোলেঁ তোকাক তাত কর সত॥ ৯॥ বোলা এক বোলোঁ তোক যবে ধর মনে। ুত্রে সে করিনেঁ। তোর রাধা দরশনে ॥ ১০॥ তৌ মোন নাতি ষেক্ত তুমজ গরাণ। তোজার বোলত আজে না করিব আন॥ ১১॥ সতোঁ সতা করিবোঁ তোকার বচন। থবে আম করেঁ। তাক বধওঁ বান্ধণ। ১২ ॥ উদ্দেশ বুলিব যবেঁ রাধিকার **আংগ**া। তবেঁ ভালমতেঁ তার রূপ কহ তোকো।। ১৩।। কান্ডের বচমে বডায়ি পাইল হরিষে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদার্চে॥ ১৪॥

গুজ্জরীরাগঃ॥ রূপকং॥

কেশ পাশেঁ শোভে তার স্থরন্ধ সিন্দুর। সজল জলদে যেন উইল নব সূর॥ কনক কমল কৃচি বিমল বদনে। দেখি লাজে গেলা ঢান্দ তুঈ লাখ যোজনে॥ ১॥ মুনি মন মোহিনার মণী আকুপামা। প্রহিমনী আকার নাতিনী রাধা নামা ॥ ধ্রু ॥ ললিত আলক পাঁতি কাঁতি দেখি লাজে। তমাল কলিকাকুল রহে বন মাঝে।। আলস লোচন দেখি কাজলে উজল। জলে পসি তপ করে নীল উত্পল। ২ ॥ কণ্ঠদেশ দেখিখা শছাত ভৈল লাজে। সত্তরে পসিলা সাগরের জল মানে ॥ কুচযুগ দেখি তার আতি মনোহরে। আভিমান পাঠা পাক। দাডিম বিদরে ॥ ৩ ॥ মাঝা খিনা গুরুতর বিপুল নিতমে। মত্ত রাজহংস জিণা চলএ বিলম্বে॥ দিনে দিনে বাতে তার নহুলী যৌবন। গাইল বড়ু চঙীদাস বাসলী গণ॥ ৪॥

्पनागतागः॥ ज्ञानकः॥

তোর মুখে রাধিকার রূপ কথা স্থনী। ধরিবাক না পারোঁ পরাণী॥ বড়ায়ি ল॥

অথবা কানড়া।। যতিঃ।।

দারুন কুস্থমশর স্থদৃঢ় সন্ধানে। আতিশয় মোর মন হানে।। বড়ায়িল।। ১।। পরাণ আধিক বড়ায়ি বোলে। মো ভোক্ষারে রাধিকা মানাআঁ। দেহ মোরে॥ প্র ॥ কুস্থমিত তরুগণ বসন্ত সমএ। তাত মধুকর মধু পীএ॥ স্তুসর পঞ্চম শর গাত্র পিকগণে। তে করিণে গার নহে মনে।। ২॥ ⇒মাতিশয় বাচে মোর মদন বিকার। তাত কর মোর উপকার ৷ এ থানক আইলা বডায়ি আন্ধার ভাগে। ্মার কাজ ভোজাত লাগে।। ৩।। একবার মোর ভোগে কর উপকার। সাক্ষে দেব সংসারের সার॥ রাধিক। মানাজ। বড়ায়ি পুর মোর আশ। বাসলা বন্দা গাইল চণ্ডাদাস॥ ৪॥

আহেররাগঃ। লযুশেখরঃ॥
আঙ্গো ভোর বড়ায়ি তোকো মোর নাতী।
চিন্তিলোঁ তোকার হিত পরাণ শকতী।
তোকার অন্তরে তাক করিলোঁ শকতী।
আরর মানায়িলোঁ করা আশেষ যুগতী॥ ১॥
বোলহ স্থানর কাহ্ন রাগার উদ্দেশে।
তথাঁ গেলোঁ তোর কাজ সাধিবোঁ হরিষে॥ গ্রুণ এ সব কাজের আক্ষে জাণিএ প্রবন্ধ।
এতেকোঁ তোকার তার হৈব নেহাবন্ধ।॥ পরাণ দিবাক পার্নো তোক্সার বচনে।
একাজ সাধিব আক্সে করিআ যতনে॥ ২॥
আয়োড় যোড়ন আক্সে করিবাক পারা।
সে কি রাধিকা ভৈলা সীতা সতা নারী॥
আক্সার হাথত দেহ কিছ ফুল পানে।
তাক লআ জাই আক্সে রাধিকার পানে॥ ৩॥
বিলম্ব না কর বোল রাধার উদ্দেশে।
আর কিছ দেহ ফাহ্লাই উত্তম সন্দেশে॥
বাঁট করা জাই আক্সে রাধার উদ্দেশে।
বাসলা শিরে বন্দা গাইল চণ্ডাদাসে॥ ১॥

রামগিরারাগঃ॥ রূপকং॥
রাধার উদ্দেশ বোলোঁ। চিন্দ্রিগাঁ। মণে।
হাদয়ে রাখিহ বড়ায়ি আসার বচনে॥
রাধার কারণে ভৈলোঁ। উদগমতা।
ভালমতে কহ বড়ায়ি তার থান গতা॥ ১॥
তাম্বুল লইজাঁ শাহা পরাণের দুতা।
বকুল তলাত আছে সে স্থন্দরী সতী॥ ল॥ গু॥
চাম্পা নাগেশর আর নেআলা মাহলা।
ফুলে তাম্বুলে ভরি লগাঁ। যাহা ডালা॥
ফুল পিন্ধিলে সে থাইবে তামূল।
তার্দি কহিছ সব কথা আদিমূল॥ ২॥
বোড় হাথ করী তাক বুলিহ বচমে।
আলাকে পাঠায়িলে রাধা নান্দের নন্দনে॥
কপুর বাসিত রাধা খাহ তামুল।
কাহাঞির ব বচনে তোলো দেহ আনুক্ল॥ ০॥

চঞ্চল নয়ন তোর সিসতে সিন্দুর।
বাহুত বলয়া শোভে পাএত নুপূর॥
চলিতেঁ চলিতেঁ তোর কণুবাণু বাজে।
শোর মুখে স্থাী মোহো গেলা দেবরাজে॥ ৪
আঁকো বড়ায়ি তোর মরমের হীত।
আন্দার বচনে রাধা দেহ তোলো চীত॥
আনুমতী কর রাধা হরিষ বদনে।
গাইল বড়া চণ্ডীদাস বাসলী গণে॥ ৫॥

ধানুষীরাগঃ॥ রূপকং॥ শুভ তিথি বার শুভক্ষণে। আল। আতিশয় উল্পিত মণে॥ ল বডায়ি॥ विकिञ्च। भव (प्रविश्वार । जाल । বডায়ি শ্রীরাম চরণে ॥ ১॥ মনে ধরি কাহ্নাঞির বচনে। আল। চলি टेडन রাধিকার থানে ॥ न ॥ **४** ॥ চাম্পা নাগেশর নেআলী। আতার গান্তিত। নৈল মাহলী॥ সজাইল আনেক যতনে। মাণে নৈল করপুর পানে॥ ২॥ চারি পাশে চাহী বন্দাবনে। পাইল রাধার দরশনে ॥ আতি নেহেঁ করিআঁ চম্বনে। ঘন ঘন কৈল আলিঙ্গনে॥ ৩॥ কুশলে কি আছহ নাতিনী। রাধিকারে পুছিআঁ কাহিণী॥

বসিলান্ত রাধার পাশে। গাইল বড চণ্ডীদাসে॥৪॥

মালবরাগঃ॥ লগনী॥ কুড়ুকঃ॥
তোকো মোর বড়ায়ি মো তোকার নাতিনী।
আকা এড়ি কেনমতেঁ ধরিলেঁ পরাণী॥ ;॥
তোকাকে না দেখি রাধা পোড়ে মোর মন।
ভাগে পূনে আজি ভোর পাইলেঁ। দরশন॥ ২॥
এতেক বিলম্ব বড়ায়ি কমণ কারণে।
সক্রপে কহওঁ যবেঁ হওসি সদয়।
আপণার মুখে মোকে দিআর আভয়॥ ৪॥
আপণার মুখে বড়ায়ি কহ তোঁ উত্তর।
আকার পানত তোর নাহিঁ কিছ ভর॥ ৫॥
বুলিতেঁ লাগিলী বড়ায়ি চিত্তের হরিষে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৬॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

রাধে।

ডালি ভরাতাঁ ফুল পানে।
তোরে পাঠাতাঁ দিল কাছে।
আক্ষার বচন না কর গোআলিনী আনে॥
কপুরি বাসিত তাম্বুলে।
আর।
কস্তরী ভরাতাঁ কপোলে॥
(ইহার পর ১এর পাতাথানি নাই।)

—— যবেঁ রাধা না করিবে নেহে। তবেঁ রাধা হৈব তোর জীবন সন্দেহে॥ এতেক বলিখা তার না পাইলো আশ। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥ ি পাহাড়ীআরাগঃ॥ জীড়া॥ 🗸 তোর মুখে স্তর্ণা রাধিকার রূপ সাওর নব যৌবনে। আহোনিশি দহে সকল পরাণ আর থীর নহে মনে ॥ এড়িলোঁ ঘরের আশ ল বডায়ি কহিলোঁ তোর চরণে। মতি হারাইলেঁ। বুলিতেঁ না জাণো ভইলোঁ ভোর সরণে ॥ ১ ॥ না বোল না বোল নিরাস বভায়ি আপণে চিন্ত উপাত্র। রাধার বচন না পাইলেঁ বডায়ি কাক্সাইর প্রাণ জাএ॥ ধ্রু।। মান্দার বচন ধর ল বড়ায়ি মনে না করিহ হেলা। দ্রসহ বিরহ সাগরে বডায়ি তোকোসি আক্ষার ভেলা।। আজি হৈতেঁ বড়ায়ি দেব বনমালী তোকার ভয়িলা দাসে। এহা যানি বডায়ি করহ যতন **ठलक त्रांशांत शारमा ॥ २ ॥**

বিপর দেখিলেঁ বিপর শুণিলেঁ বিগর তোর বএসে। এতেকেঁ এ সব কাজের প্রকার জাণহ আশেয়ে বিশেষে॥ নানাবিধ কথা কহিছা বড়ায়ি রাধারে করহ মিনতী। মোর একবার কর উপকার পঞ্ক রাথার বিমহী॥ ৩।। পুনরপি যাহা প্রাণের বড়ায়ি তামলে ভরাজা ডালী। মিনতা করিত। হাথেত ধরিত। আন গিভা চন্দাবলী॥ আন্ধার বচনে বোলহ রাধারে কাহ্নের পুরুক আশে। বাসলী চরণ শিরে বন্দীআঁ গাইল বড় চণ্ডীদাসে।। ৪॥

ক্ষেন বসভ্জেন দতং বাসেয়্ত পুন:।

তাধলং সোনকরণং রাধারৈ জরতী দদৌ।

পাহাড়াহ্যারাগঃ॥ ক্রীড়া॥ লগনী প্রকাপ্তক।

কথা থানি থানি কহিল বড়ায়ি

বসিআঁ রাধার পাশো।

কপুরি তামুল দিআঁ রাধাক

বিমুখ বদনে হাসে।। ল বড়ায়ি।। ১॥

কহির কপুর তাম্ব বড়ায়ি কহির নেত পাটোল। নেআলী মাহলী আঁওর নানা ফুল কে দিখা পাঠাইলে মোর।। ল বড়ায়ি।। ১॥ আইস রাধা কহে তোকারে ক্রেরে পাঁচ আবথা। বিরহ জরেঁ তেইে জরিলা পাঠাইল তোঙ্গা বেগা।। ল রধে।।। ৩।। এ বোল স্ত্রণিজা নাগরী রাধা হাণএ সকল গাএ। যত নানা ফুল পান করপুর मन (शनाइन शांवा। ह ॥ উঠিঅ। বড়ায়ি রাধাক বুইল হেন কংম না করিও। नात्मत नमन इतन तमन ভোর দরশনে জাএ।। ৫॥ যবের সামী মোর সববাজে স্থানর আছে স্থলকণ দেহা। নান্দের ঘরের স্বর স্বর রাখোতাল তা সমে কি মোর নেহা॥ ৬॥ ণে দেব স্মারণে পাপ বিমোচনে দেখিল হও মুকতী। সে দেব সনে নেহা বাঢ়াইলে

হএ বিষ্ণু পুরে স্থিতী।। ৭।।

ধিক জাউ নারীর জীবন দহেঁ পস্থ তার পতা।
পর পুরুষের নেহাএঁ যাহার বিষ্ণু পুরে স্থিতী।। ৮ ॥
নাগর শেখর
উপেখিল মতিমোধে।
বাসলী চরণ
শিরে বান্দিজা

গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৯॥

কোড়ারাগঃ॥ রূপকং॥

আন্ধার কোমল দেহে। না জাণো দুতা পর পুরুষের নেহে।। সরূপে তোরে কহিলোঁ। আল হের প্রতিজ্ঞা করিলেঁ।। প্রথম যৌবন মোএঁ বঞ্চিলোঁ ॥১॥ না বোল না বোল দুতী নাএ। সাবালী রাধা নহোঁ স্কুরতী যোগে॥ ধ্রু॥ পান আনি নিজ দোষে। কল পাইবেঁ মোর রোমে। ধূৰ্ত্ত কাহ্নাই না বুকো সে মহিমোধে॥ ক্ষেমা করু কাহ্ন মণে। ধরুক মোর বচনে। যবেঁ না মরিবে রাধা রস ণিরকারণে ॥২ ॥ না বুকোঁ রঙ্গ ধামালী। না জাণো স্থরতী কেলী। বাহুড়িআঁ চল সে নিষধ বনমালা॥

জৈসাণে রতি জাণবোঁ।
তেসাণে কাহ্ন আণিবোঁ।
স্থারতী সম্ভোগে সকল রাতী পোহাইবোঁ॥৩॥
দেখি তোলাক আজলা।
পর কাজে তোঁ বিকলী।
তেঁসি না বুঝসি আক্ষে বালা॥
বোল গিআঁ কাহ্ন পাশে।
ছাড়ু স্থারতী আশে।
গাইল বড চণ্ডীদাসে॥ ৪॥

নিপায় রাধাবচনং ততো বচনপণ্ডিতা। জবেন জরতী গলা জগাদ মধুস্দনম্॥

কোড়ারাগঃ ॥ যতিঃ॥

লবলাদল কোঁমল আন্ধার দেহে।
এবেঁ নাহি সহে পর পুরুষের নেহে॥
নিষধ নিষধ বড়ায়ি নান্দের নন্দন।
তার পতিযোগ নহে আন্ধার যোবন॥:॥
আতি আছিদরী রাধা ল।
নোকে বোলে হেন বাণা।
এবেঁ তাক কি বুলিবোঁ বোল চক্রপাণী॥ গ্রন্থ।
মিছাই আণিলেঁ বড়ায়ি তার ফুল পানে।
পরাক লাগিআঁ সে হারাইবে নাক কানে॥
মতিমোধে কাহ্ন পাঠাআঁ দিলে তোরে।
তোক্যে কেহেন সে বোল বোলহ আন্ধারে॥২॥

স্থবতি জাণিলে বড়ায়ি পাঠাইবোঁ তোৱে।
বৃদ্ধাবন মাঝে আনাইবোঁ দামোদরে॥
তবেঁ হৈবে তার সমে মোর দরশনে।
তোষিব তাহাক আক্ষে সংপূগ যৌবনে॥ ৩
না কর কাকুতী বড়ায়ি নাহি লঅ গাঁলা।
ভালমতে বোধাহ আবুধ বনমালী॥
হেন বুলি তোকে রাধা না দিলেক আশ।
বাসলী শিরে বন্দা গাইল চঙাদাস॥ ৪॥

দেশাগরাগঃ॥ যতিঃ॥

আজি রজনীতে বড়ায়ি দেখিলো সপনে।
রাধা সিআঁ বসিলী শয়নে॥ বড়ায়িল॥
তখনে হৃদয়ে মোর বেধিল মদনে।
বুইলোঁ পরিহাস বচনে॥ বড়ায়িল॥১॥
না জীবোঁ না জীবোঁ বিনি রাধা দরশনে।
সরপেঁ কহিলোঁ তোর থানে॥ প্রণ॥
নাল জলদ সম চিকণ চিকুরে।
বদন সংপুন শশধরে॥
বচন ঝরএ তার আমৃতের ধার।
তাক বড় লোভ আক্সার॥ ২॥
হাথ দিআঁ দেখ বড়ায়ি মোর কলেবরে।
জত বড় উপজিল জরে॥
এত দুখ বড়ায়ি মোর পরাণ না সহে।
মরোঁ হের রাধার বিরহে॥৩॥

বারেক করাহ যবেঁ রাধা দরশনে। তবেঁ রহে আক্ষার জাবনে॥ এহা জাণী ঝাঁট চল রাধিকার পাশে। গাইল বড়ু চণ্ডীদাসে॥৪॥

রাধানিভিতচিত্তস্ত কৃষ্ণস্ত বচনাদরং। সাদরং জরতী পাহ গ্রাজারাধায়িদং বচং॥

বেলাবলীরাগঃ॥ যতিঃ॥

নিশিত সপন দেখিল জগনাথ।
শুন চন্দ্রবিলা তোর বুকে দিল হাথ॥
কনক পদ্ম কোরক সম তুঈ তনে।
পরসি বিকল ভৈল তুসহ মদনে॥ ১॥
নারেবড় কাহ্নাতাঁ। পাঠাইতাঁ দিল মোরে।
মরে ভাল জীএ ভাল জাণাইলোঁ তোরে॥ ধ্রু॥
তোক্ষোত গোআলা রাধা বড়ই আবুধী।
আপণার দোষে হৈবেঁ পুরুষবধী॥
তোক্ষাক না পাতাঁ কাহ্ন হৈলা আচেতনে।
সর্নপেঁ জীএ কাহ্নাঞিঁ তোর আলিঙ্গনে॥ ২॥
মনে গুণী দেখ রাধা আপনার হীত।
বারেক কাহ্নের কর সরস চীত॥
কিসক যৌবন রাধা করহ নিফল।
কাহ্ন সমে রক্তে কর জীবন সফল॥ ৩॥

বারেক রাখহ রাধা কাহ্নের জীবন। আপনার কর পাপ সাগরে মোচন॥ বচনেক দেহ রাধা কাহ্নাইক আশ। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪॥

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

এত কালে বুঢ়ী তোর কেছে হেন মন। ভাল বুলিবে তোরে শুণী কোন জন॥ আদি আন্ত এখো বোল না বোলসি ভাল। মারিবোঁ পরাণে তোকে জাণাআঁ গোআল ॥ ১॥ দারুণী বুটা তোর বাপেত নাহিঁ লাজ। তে কারণে মোক বোলসি হেন কাজ।। ল।। ধ্রু বার বার না বুলিহ হেনক উত্তর। সামী জুরুবার মোর নহোঁ সভস্তর ॥ মো যবেঁ জাণোঁ তোর হেন দুষ্ট মতী। তবেঁ কেছে আসিবোঁ মো তোলার সংহতী॥ ২ তোঁ মোর বডায়ি মোঁ তোর নাতিনী। এবেঁসি তোক্ষার মুখে শুণী হেন বাণী। আর যবেঁ বোল মোরে হেন পরিহাস। আবসি করিবোঁ তবেঁ তোক্ষার বিনাশ ॥ ৩ ॥ এহা গুআ পান তোক্ষে আপণেই খাহা। আপণাক চিহ্নিআঁ কাহ্নের থান যাহা॥ এহা বুলী বড়ায়িক চড়ে মাইল রোষে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

নিপীয় রাধাবচনং ততো বচনপণ্ডিতা। জবেন জরতী গড়া জগাদ মধুস্থদনম্॥

গুজ্জুরীরাগঃ ॥ যতিঃ ॥

কোপে কভোঁ মোকে হাথেঁ না ছইল সামী। গালিহো সাস্তভী স্থানে না পাইল আন্দী॥ তো**লা**র কারণে কাহ্নাঞি[®] এতেক বএসে। বড অপমান পাইলোঁ। এবেঁ খাইবোঁ বিসে॥ : না থাকিব তোর পানে জাইব আক্ষে রোধে। কাহ্ণাঞি ল আন্দে ভোন্ধার দোষে ॥ প্র ॥ আনেক প্রকারে চিক্সিলে। তোর হীত। তবেঁহো আধিক রাধা বুইলেঁ বিপরীত॥ সেসি গুণী কাহ্নাঞি[®] দহে মোর চীত। তোঙ্গার দেহত কাহ্নাঞি না বসে কি পীত। আনেক জনের কাজে গেলে। নানা গানে। সব নারী জনে মোর করিল সম্মানে ॥ তোক্ষার আন্তরেঁ গেলেঁ। রাধিকার থানে। পাত্র পেলাইল রাধা তোর গুআ পানে ॥ ৩॥ আর যত বুইল রাধা গরল বচনে। তার প্রতিকার যবেঁ না কর আপণে ॥ তবেঁ লোক শুণিআঁ করিব উপহাস। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥

শ্রীকৃষ্ণকীর্ত্তন

কোড়ারাগঃ॥ ক্রীড়া॥

যাল। দুতী আপরাধ কৈল। আন্দারে কেন্ডে ন। বুইল। দূতী মারিক। কমণ কাজ সাধীল। যাল। বডায়ির বোল প্রমাণে। হাল সাধিব হাপে। মানে 🖫 🖫 আল। গে মোর দুতী মাইল না ল। নিজ দোষে সে পাইরে আতি বড় দ্বথে॥ ক॥ রাম কাজে হনুমন্ত।। তেহেন আন্দার দুভা। ভাঁগিল নেহা পুনী যোড়াইটে শকত।॥ যে থানে শুঁচা না জাও। তগাঁ বাটিআ বহাও। সেহি দুতা মোর কোণ কাজেঁ চড় খাএ॥ ২॥ দূতা পাঠাইলেঁ। মোএঁ কীষে। হাথে তুলী মোঁ খাইলোঁ বীষে। মোর দৃতী চড় খাইলে হেন বএসে॥ যথাঁ দুতা সোর জাএ। তথা প্রসাদ পাএ। অসংঘট কাজ পুন সংঘট করাএ॥ ৩॥ मकल (गार्र (मलांडे(वाँ।

নড়ায়িক খাঁর যোগাইনো। ঘরত রাখিআ বড়ায়ির সেনা করিনো॥ বড়ায়ির করিআ। তোমে। খণ্ডাইনোঁ আপণ দোষে। বাসলা বন্দিআ। গাইল বড়ু চণ্ডাদাসে॥ ৪॥

বরাড়ীরাগঃ ॥ রূপকং॥

ে।মার সাত্রে কাহাঞি করিলে। যতনে খানেক প্রকারেঁ ভাক বুঁলিলেঁ। বচনে॥ তাহাত মুগধী রাধা না পাতিল কানে। পাএ পেলাইল ভোর সব গুলা পানে॥১॥ কাজগতিওঁ । চড়ে মাইলে রাধা মোরে দেখ বিভাষানে। এত তাপমান সতে কাহার প্রাণে॥ ধ্রু॥ আওর বুইল তোক যত বার দাপ। তাক সোঁঅরিতে মোর মনে বাচে তাপ॥ এখোহি না রাখিলেক তোর মাত্র মাথ। কোপে গরজিলী রাধা যেন কাল সাপ॥ ২। তান ভবনে নাহিঁ কেন আছিদ্রা। হাণে কুলে এখো নাহি পাটাবুকী তিরা।। তোকার কারণে মোরে যত দিল ছখ। পালটি না দেখেঁ। আর তাহার মুখ ॥ ৩ ॥ নিতি নিতি দধি বিকে মথ্রাক জাএ। তাক ত্বখ দিতেঁ কিছ চিন্তহ উপাএ॥ তবেঁসি মনের মোর তুখ পালাএ। বাসলী শিরে বন্দী চণ্ডীদাস গাএ॥ ৪॥

শ্ৰীকৃষ্ণ কীৰ্ত্তন

দেশাগরাগঃ॥ রূপকং॥

বড়ায়িল।

কদমের তলে

বসা বমুনার তীরে

দান ছলেঁ রাখিবো রাধারে। .

বড়ায়ি ল।

লুড়িজাঁ সব পসার খাইবোঁ দ্ধি তাহার

কাঢ়ী লৈবোঁ সাতেসরী হারে॥ ১॥

বড়ায়ি ল।

বাটেত স্বজিজা দান করি তার আপ্রমান

তোর মোর সাধিব মান॥ ধ্রু॥

বড়ায়িল।

ধরিহ মোর যুগতা রাধার হজা সংহতা

চলি জাইহ মথুরার হাটে।

আক্লাক রুষ্ট বচনে তোধিহ রাধার মনে

আসে যবেঁ রোধিব বাটে॥२॥

ছাড়াইবোঁ তার ক্ষার কাঞ্জা করিবোঁ চার

হাথ দিবোঁ তাহার তনে।

তোর আতুমতী লঅ। বলে রাধাক ধরিফাঁ।

লআঁ যাইবোঁ মাঝ রুন্দাবনে॥৩॥

পাছেত মদন বাণে

হাণিত্রা তাক পরাণে

রহিবোঁ ধরি মুনি বৈশে।

বসি তোক্ষে তার পাশে করিহলি উপহাসে

গাইল বড়, দণ্ডীদাসে॥ ৪॥

আধার সাধরং চিত্তে দানোদরস্মীহিতং। মধুরং রাধিকানাহ বদ্ধা কপটকোবিদা॥:

রাম্থারীরাগঃ ॥ রূপকং ॥ কপটেঁ কহিল বডায়ি রাধিকার গানে। তোকার বচনে আকো নিবারিল কাঞে॥ বিমতী তেজিআ কাহণাঞি গেল নিজ ঘর। চল বাঁট জাই বিকে মথুরা নগর॥ ১॥ সব গোপী লভাঁ। রাধা করি বিমরিষে। মগ্রার হাট জাই তেঁউ চিত্তের হরিয়ে। গো।। ধ।। বড়ায়ির বচন শুণা হর্ষিত মনে : যগতি করিল লআঁ। সব গোপীগণে। মণ্রা চলিলী রাধা বড়ায়ির সঙ্গে। স্থিগণ সমে নানা কথা প্রস্ঞে॥ ২॥ রাধা লআ দধি দুধ বিকলিজ। হাটে। পরক আইলী বড়ায়ি আতি বড় বাঁটে॥ ' ঈসত হাসিজা বডায়ি মধুর বচনে। আশেষ প্রকার করি তোষিল আইহনে॥৩॥ ্হন মতে নিতি নিতি মথুরা নগরে। দ্ধি চুধ বিকলিতা রাগ্। তাইসে ঘরে॥ কৌড়ী আণিজা দেএ সাস্তভার থানে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

কালক্ষেপা সহঃশুচি রাধামাধার মাধবঃ। উপেত্য জরতীমাহ মনোজশরকাতরঃ॥

দেশবরাডীরাগঃ॥ রূপকং॥ এত দিন গেল বঙায়ি তোর আশোআশে। রাধা চিন্তিতা মোর চৌখে নিন্দ ন। আইসে॥ বচন আক্ষারে দিখা ভাওহ কেহে। এতেঁ। না করাইলেঁ মোর রাধা,দরশনে ॥ ১॥। রাধিক। লখা চল মথুরার হাটে। মাহাদাণী হআ আলে রহি গিলা বাটে ॥ ধু ॥ कालि गाँहेव आरंभ वर्डाय विदाशी। তোকো সোঁতারিত বড়ায়ি আন্সার বাণী॥ ' আজি রাতী স্তুত গিজা আইছনের ঘরে। প্রভাত সময় হৈলঁ চলিহ সমরে ॥ ২ ॥ গন্তরে বাচএ মোর দারুণ মদনে। রহিতে না পারো বিণি রাধা দরশনে ॥ যতেক প্রাবন্ধ সব জাণ্হ আপ্রাণ কি বুলিব তোরে উপদেশ বচনে।। ৩।। রাধাক দেখিলেঁ আন্দো চাহিব দানে। খর শীতল আর বুলিব বচনে ॥ পাব্দাক গঞ্জিহ বড়ায়ি নির্ভয় মনে। গাইল বড়ু চণ্ডাদাস বাসলী গণে॥ ৪॥

ক্লফণ্ড বাচমাচমা জ্রতী কপটে পটুঃ। অভিমন্ত্রপ্রস্থ প্রাহ রাধারা মথুরা গতিম্॥

গুজ্জরীরাগঃ ॥ যতিঃ॥ আইহনের ঘরে গিআঁ সাঁঝ সমএ। বড়ায়ি বুইল হেন আইহনের মাএ॥ চিরকাল দধি ছধ ঘরে নঠ হও। এবেঁ মথুরার হাট জাইতেঁ জুমাএ।। ১।। বোল রাধিকারেঁ সহি বডই যতনে। যেহ্ন জাএ রাধা কালি বড়ই বিহাণে ॥ ধ্রু॥ আপণে ভাবিক। দেখ থার করা মণে। বিণা বিকার্জ হর গোন্সালের ধনে॥ আহোনিশি আধ্যে সহি তোর ভাল চাহী। েওঁসি সংহতা করি নিতে চাহোঁ রাহা। ২ ॥ আন্দো আপুণী জাইব সংহতি তাহারে। কেছে। তবে কিছ বোল বুলিতেঁ না পারে॥ গোআলের বহু ঝি লইআ জাইব আংকা। তার মাঝে রাধাহো পাঠাতী দেহ তোকো।। ৩।। হেন মতে আইহন মাএর আনুমতা। বড়ায়ি লইফাঁ দিল রাধিকাক প্রতী ॥ তবেঁ ভৈল হাট জাইতেঁ রাধিকার মতী। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গভী ॥ ৪ ॥

আহেররাগঃ ॥ একতালী ॥

মূত দধি তুধ যোলেঁ সাজিআঁ পসার।

নেত বসন দিআঁ উপরে তাহার ॥

আনুমতী লআঁ রাধা সাস্তড়ীর থানে।
লাস বেশ করে রাধা বড়ই বিহাণে ॥ ১ ॥

মথুরা চলিলী রাধা বড়ায়ির সঙ্গে।

সব স্থিজন লআঁ আতি বড় রঙ্গে॥ ল॥ গ্রু॥

কমলবদনী রাধা হরিণনয়নী।

আনত কপাল তার আধ শশি জিণী॥

<u>জীকৃষ্ণকীর্ত্তন</u>

কপোল যুগল তার মহুলের ফুল।
ওঠ আধর তার বন্ধুলীর তুল॥
তিলকুল জিণী নাসা কন্ধু সম গলে।
কনক যুথিকা মালা বাহু যুগলে॥
কমল কলিকা সম তার পয়োভারে।
ডমক সদৃশ মধ্য নাভি গন্তীরে॥ ৩॥
গুরু জঘন নিত্র উরু করিকরে।
চরণ যুগল থল কমল আকারে॥
করিরাজ জিণী রাধা করিল গমনে।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলা গণে॥ ৪

ইতি তাদ্ধলখণ্ডং সমাপ্তং॥

অথ দানখণ্ডঃ

অত্রান্তরে তত্র কলিন্দকন্যা-ভটোপক হং সরপৌ নিষ্ধঃ। তিরার রানেমধুরাধরোঠে ভ্ৰম্ভঃ সভ্ৰম্বো জর গীল্পগাদ ॥

পাহাড়ীআরাগঃ॥ প্রকাণ্ণক লগনী॥ ক্রীড়াভালঃ ॥

যমুনার ঘাটে

নিকটে রহিআঁ

পথে বিরোধে কাহাঞি।

এ সব গোপ

বধুজন লআঁ৷

কথা না যাসি বডায়ি॥ >॥

ছাওয়াল কাহ্নাঞি গোঠ রাখোআল

পন্ত বিরোধসি কিকে।

জাএ চন্দাবলী ---

(ইহার পর ১৬—১৭।১ পাতার অভাব আছে ।)

–কাহ্নাঞি:ঁ করসি তোঁ বল । একেঁ একেঁ স্থিজন স্ব মার খল। स्विणं वा कि वृत्तित घरतत रशायात। মোএঁ আপোণ্ডষ হৈবোঁ তোক্স জাইবেঁ মার॥ ৩ চরণে পডিআঁ কাহ্নাঞিঁ ৰোলোঁ তোক্ষারে। ছাড় একবার কাহ্নাঞি^{*} জাইতেঁ দেহ ঘরে॥ তোর পতিযোগ নহে আক্ষার যৌবন। গাইল বড় চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

দেশাগরাগঃ॥ লঘুশেখরঃ॥

সিশের সিন্দূর তোর লাসে। মাথার কেশ স্থবেশে॥ আন্নাকে না চিহ্নসি তোঞিঁ। সব গোপী রঞ্জন কাহ্নাঞি ॥ ১॥ দান আক্ষার প্রমাণে। এ রাধা ল। না কর মনে আন ভানে ॥ ধ্রু ॥ ত্বত চুধ লআঁ তোএঁ যাসী। ধাতাঁ ধাতাঁ মথুরা পালাসী॥ আকা ছাডি জাইবি কোণ পথে। আজি পডিলা মোর হাথে॥ ২॥ স্থচিত্রক মাঝা বাত্রে হালে। তা দেখি মুনি মন টলে॥ ডাকর ডালিম তুঈ কুচে। নান্দস্থত কাহ্নাঞিঁকে রুচে॥ ৩॥ স্থুঝি যাহা মোর সব দানে। নহে দেহ আলিঙ্গন দানে॥ রাধা মোর না কর নিরাশে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

কৃষ্ণস্থ বচনং শ্রুতা রাধিকাষিমতী সতী বেপমানতমুম্ভরী জগাদ জরতীমিদং॥

ধানুষীরাগঃ॥ লঘুশেখরঃ॥ আল বড়ায়ি। এগার বৎসরের বালী। (यक्ट निनी प्रत (कैं। अली ॥ ल ॥ আল বড়ায়ি। তাক দেখি যার মন জাএ। নিজ দোষে পরাণ হারাএ॥ ১॥ আল বডায়। 'কাহ্ন মোকে মাঙ্গে আলিঙ্গনে। পরসিলেঁ তেজিবোঁ পরাণে ॥ ল ॥ প্রণ ॥ একে একে সব সখি জাএ। বাটে কাহ্ন আন্মাকে রহাএ॥ পরিহাস করে দান ছলে। কাঞ্চুলী ভাঁগিতেঁ চাহে বলে॥ ২॥ সব গোপী ছাত্রী বনমালী। মোরে কেন্সে বোলএ ধামালী। খনে চাহে মোরে মাহাদানে। খনেকেঁ বোলএ আনচানে॥৩॥ স্থুণ তোএঁ আক্ষার বচন। নিষধহ ঐীমধুসূদন॥ তেজুক আক্ষার পতিআশে। গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

রাধায়া বচনং শ্রুতা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুর: ক্রফ: সতৃষ্ণো রাধিকামিদং॥ গুজ্জরীরাগঃ॥ ক্রীড়া॥ লগনী॥

স্থন্দরি রাধা স্থণ সমূখে

পুছে। মোএঁ হৃষীকেশে।

ক্থাঁ না বসসি কথা তোর ঘর

জাইবেঁ কোমণ দেশে॥ ল রাধা॥ ১

গোকুলে থাকোঁ মো গোআল জাতী

তোগো না পুছহ কিকে।

ষোল শত গোপী পসার সাজিঅঁ।

মথুরা জাওঁ মো বিকে॥ ২॥

ওলাহা রাধা মাথার চুপড়ী

দেখোঁ মো ভোক্ষার পসারা।

কোণ বথু লাজা জাহা মথুরা

তাহার দেহ বিচারা॥ ৩॥

ঘুত দধি তুধ আওর ঘোল

এ সব মোর পসারা।

তোক্ষে না কমণ কারণে কাহ্নাঞি

চাহ এহার বিচারা॥ ৪॥

তোএঁ না জাণসি মোএঁ মাহাদাণী

এ দান সব আক্লারে।

ভাণ্ডে যোল পণ দিখাঁ মহাদান

চল মথুরা নগরে ॥ ৫॥

বিথর কালে বিথর শুণী

হেন বিপরীত বাণী।

আনেক সমএ মথুরার পথে

ত্মত ছুধে মাহাদাণী॥ ৬॥

আজলী রাধা তোঁ আবালী বড়ী হের পাঞ্জী পরমাণে। আপণ চিহ্নিঅঁ৷ দিআঁ যাহা দাণ রাখহ আপন মাণে ॥ ৭ ॥ পুরুবেঁ শুণীএঁ বা রাম রাজ্য সে ভিল কংসের দেশে। বসিল জনে কডী----(ইহার পর ১৯।১ 'পাতা নাই।) ' — মাহাদাণী এত কালে শুণী হেন আচারিজ বাণী। তোর বাপ মাএ লাজ নাহিঁ তাএ শুণ দেব চক্রপাণী॥ ১৬॥ ক্রোধে কাহ্নাঞি রাধার আঞ্চলে ধরি মনে মনে হাসে। শিরে বন্দিআঁ বাসলী চরণ • গাইল বড়ু চণ্ডীদাসে॥ ১৭॥

ক্লফস্ত বচনং শ্রুত্বা রাধিকাধিমতী সতী। বেপমানতন্তন্তনী জগাদ জরতীমিদং

পাহাড়ীআরাগঃ॥ ক্রানা॥
তবেঁ বুইলোঁ বড়ায়ি হাটক না জাইব
ছুৰ্জ্জন মথুরা পুরী।
বোল দিআঁ তোএঁ মোরে আণিলোঁ
মোর আন্তরের বৈরী॥

ঘুত দধি সব খাইল কাহ্নাঞি ণাম্বার্তা মোর পসারা। কাঞ্জী ভাঁগিআঁ তন বিগুতিল ছিঁড়ি সাতেসরী হারা॥ ১॥ কোণ বিধাতাএ মোক গঢ়িলেক কত লিখি চুখ ভারে। স্থুখ ভুঞ্জিতেঁ মো কোফো না পাইলোঁ ছুখেঁ গেল স্ব কালে॥ ধ্রু॥ অনস্ত জরসেঁ গুরু ব্রান্সণেরেঁ **मित्नाँ नाना प्रथ** ভाরে। তে কারণে বিধি লেখিল সাঠীহারে॥ করলোঁ খণ্ড ব্রত আর জরমত তেঁ বা চুখিনী মোএঁ। ললাট লিখিত খণ্ডন না জাএ না ছাডে নান্দের পোএ॥ ২॥ জরম গেল করমের খব্স কাল কাহ্নাঞির হাথে। সব পেলাইবোঁ মুকুট ভাঁগিআঁ সিন্দূর মুছিবোঁ মাথে॥ কিবা চাহে কাহ্য বাটে রহাএ বুঝিতেঁ নার্নো তার মণে। রাজা কংসাস্থর আতি তুরুবার সে জণি এহাক শুণে॥৩॥ এড়ু দামোদর ঝাঁট জাওঁ ঘর দিআরু মোকে মেলানী।

রাজা কংসাস্থর স্থাণিলেঁ পাছেঁ
ফল পাইবেঁ চক্রপাণী ॥
উলটি বসিআঁ। স্থান্দরি রাধা
ছাড়এ দীর্ঘ নিশাসে।
বাসলী চরণ শিরে বন্দিআঁ।
গাইল বডু চণ্ডীদাসে ॥ ৪ ॥

রাধায়া বচনং শ্রুতা জরত্যা প্রতিপাদিতং।
. প্রাহ মৃক্তাঞ্চলং ক্লফঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥
রাধে

যে বোল বুলিলোঁ। মণে না ধরিলোঁ
উলটিআঁ দিলোঁ পিঠা ।
স্থচক রুচের বাটুল
তাতা পড়ি গেল দিঠা ॥
দিঠা দিঠা চিত্ত মজিআঁ গেল
তোর আমুমতী জীওঁ।
সংপুন্ন চন্দ্র তোহোর বদন
আধরে আমিআঁ পীওঁ॥ ১ ॥
রাধে
তেজ ভয় মান রাগে।

গএ গদাধর প্রেয়াগে মাধব তোকে আলিঙ্গন মাঙ্গে॥ গ্রু॥ কত না রাগ রাধা আছের মনে না চাহ সমুখ দিঠী।

এ রূপ যৌবন কত নেহালসি হাথের শিরি আঙ্গুঠী॥ এ রূপ যৌবন সব থীর নহে মনে ভাব গোষালী। রতি উপভোগে সফল কর পরিতোষ বনমালী ॥ ২ ॥ তোক্ষে পত্ৰমিনী আক্ষে পদ্মনাভ এহা গুনু মনে মনে। বএসেঁ জ্যেষ্ঠ কুলেহোঁ শ্ৰেষ্ঠ কিকে পরিহর কাঞে॥ আন্ধা পরিহরিলেঁ ভাল না পাইবেঁ পাছেঁত পাইবেঁ ছখে। এ রূপ যৌবন পাছানা জাইবে তুলি চাহা মোর মুখে॥৩॥ তোর পাঅ দেখি রাতা উত্তপল লাজে লুকাইল জলে। দেখি রাজহংস তোক্ষার গমন গতি করিল সলিলে। নর ঈশর দেবাস্থর কাহ্নের না ভাঁগে আশে। বাসলী চরণ শিরে বন্দিওা গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪॥

কৃষ্ণস্ত বচনং শ্রুত্বা রাধিকাধিমতী সতী। বেপমানতন্ত্ত্তবী জগাদ জরতীমিদং॥

ভাঠিআলীরাগঃ ৷ রূপকং ৷৷ ্ এক ভাল না বোলে নিলজ চক্ৰপাণী। রতি পতিআশে ভৈল পথে মহাদাণী॥ ষোল শত গোপী জাএ আপণ ইছাএ। দারুণ করম দোযে আক্ষাকে রহাএ ॥ ১ ॥ পরাণে বডায়ি মোর কর প্রতিকার। তোর পরসাদে ঘর জাওঁ একবার ॥ ধ্রু ॥ তার গোত মুগুলেক আন্ধার যৌবনে। কিসকে বাখানে কাহ্ন মোর চুক্ত তনে॥ চির কাল জীউ মোর সামী আইহন। আসপাম বল বীর মতীএঁ গহন ॥ ২ ॥ সব খন পর দারে উদগত মতী। এতেকেঁ বুঝিল তার বড় কুল জাতী॥ তা সমে নাহিঁক বড়ায়ি মোর কোণ বোল। মিছা নঠ করে কাহ্ন মোর হ্বত ঘোল।। ৩।। খণ্ডউ সব জঞ্জাল আর ঠেঁঠা দান। মিছা কেহ্নে করে কাহ্নাঞি মোর অপমান।। তার পতিযোগ নহে আক্ষার যৌবন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ ॥ ৪ ॥

রাধায়া বচনং শ্রুতা জরতা। প্রতিপাদিতং। জগাদ চতুর: রুফা: সতৃষ্ণে) রাধিকামিদং॥

আহেররাগঃ॥ একতালী॥ বাট দান হাট দান লইলোঁ রাজ ঘরে। তে কারণে আইলোঁ মোএঁ যমুনার তীরে॥

নিতি নিতি যাহা তোকো মথুরা নগরে। সব স্থবিধান দান দেহত আক্ষারে॥ :॥ **मिर्**तरहँ मिश्र मान स्नर शास्त्रीनी। কংসের বিষ্ ্র আন্দে হই এ মাহাদাণী ॥ ল ॥ প্রদ ॥ দেহ দধি ঘুত দান যত হএ লেখে। পসারের দান দিখা যাহা একে একে॥ অভরস না কর সত্য আক্ষে বুইল। তোকার কারণে আক্ষে মাহাদাণ লইল।। ২।। আক্লার বচন তোক্তে শুন শশিমুখী। নেহত লাগিআঁ শত পঞাস উপেথী॥ এহা জাণা মোকে দেহ আলিঙ্গন দানে। আপণ গৌরব রাধা রাখহ আপণে॥ ৩॥ 🔻 লেখা করে কাহ্নাঞি আপণে খড়ী পাড়ী। বাকা ভৈল রাধা ভোতে নব লক্ষ কড়ী॥ হএ নহে রাধা আপণে লেখা কর। গাইল বড়, চণ্ডীনাস বাসলী বর ॥ ৪ ॥

পাহাড়ী খারাগঃ ॥ রূপকঃ ॥
পুরুব কালত ঋষিএঁ বুইল ।
বড়লে নিজা নান্দোবরে থুইল ॥
ছাণাইবোঁ কাবে এ সব কাজে ।
সত্যে লইব কাজা্ঞিঁ মথুরার রাজে ॥ ১ ॥
বুলিআঁ পাঠাইবোঁ ছখ সমাদে ।
কাফ মাহাদানী লাগিল বাদে ॥ ধ্রু ॥
বারেঁ বারেঁ মোএ বুইলোঁ ভজিআঁ।
কংসে শুণী আসিব সাজিআঁ॥

শুণীএ যবেঁ সে আইহন বীর।
করেতেঁ তোক্ষা করিব চীর॥২॥
এভোঁ কাহ্ন ভোঁ মোর বোল শুন।
আপনে আপনে হৃদয়ে গুন॥
ছাড় তোঁ আক্ষার দানের আশে।
বাসলা বন্দী গাইল চণ্ডীদাসে॥৩॥

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥ লগনী ॥ বারহ বরিষেকের মোর মাহাদান। ক্ষণ তোলে আল রাধা পাঁজী পর্যান॥ ১॥ নিতি দধি বিকে জাওঁ মথুরার হাটে। মিছাই কাহ্যাঞি তোঁ আগোলসি বাটে॥ ২॥ · **আতি** বিত্রপনী রাধা পরিধান পাট। আলকে তিলক ভোর শোভএ ললাট ॥ ৩॥ বডার বহুসারী আক্ষে বডার সভাএ। কার কাঁচ আলিতে না দেওঁ মোএঁ পাএ॥ ৪॥ বারহ বরিষের দাণ স্থনহ মুগ্রী। মোহোর করমে তোপা আণি দিল বিধী। ৫॥ রাখোআল কাহ্নাঞি তোর রাখোআ**ল মতী**। পাঁতরে একসরী পাইলেঁ নিমাগিতী ॥ ৬॥ রাখোআল হতাঁ তোর কংসের গোসাঞি। ত্রিভুবনে আকা সম আর বীর নাহিঁ॥ १॥ কাহাক দেখাহ তোকো এত বীয়পণে। টাকারের ঘাএ কংসে লইব পর:লে॥৮॥ তোর কংসে মোর কিছ করিতেঁ না পারে। ভোকারি সে রূপেঁ মোরে মারিবারে পারে॥৯। না বোল না বোল কাহ্নাঞি হৈন পাপ বাণী। তোকা ভালে জাণো আক্মে আইহনের রাণী॥ ১০॥ বারহ বরিষেকের দিজাঁ যাহা দাণে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ১১॥

পাহাড়ীআরাগঃ॥

কেহে দান না দিবেঁ তোঁ কেহে জাইবেঁ হাটে। কেছে নাগরি রাধা ছাঁ দী দিবোঁ বাটে ॥ সব কুত্থাটে রাধা মোর মাহাদান। হত নহে দেখ রাধা পাঞ্জী প্রমান ॥ ১॥ বারহ বরিষের দান দিবেহেঁ গোআলী। তোর রূপ যৌবনে মোহিল বন্মালী ॥ গ্রন্থ ॥ স্বগ্রে রাথোঁ মর্ত্যে রাথোঁ তলে পাওঁ স্থবী। তাহাত টেটনী রাধা কি করিবি বুধী॥ এ তীন ভুবনে রাধা মোর মাহাদাণে। তাক ভাঁগি জাএ রাধা কাহার পরাণে ॥ ২ ॥ যশোদার পোতা আন্দে হাথে ধরী বাঁশী। তোক্ষাক দেখিল রাধা আধিক রুপসী॥ তে কারণে রাধা মোর তোতে গেল মন। ছাড়ি দিলোঁ দান ধর আন্দার বচন॥ ৩। এভোঁ যবেঁ না ধরিবেঁ আক্ষার বচন। বলে ধরি তোকে তবেঁ দিবোঁ আলিছন ॥ এহা বুঝি দেহ রাধা সরস বচন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

দানথণ্ড

রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥

এহে । সকল বএসে মোর এগার বরিষে। বারহ বরিষের দান চাহ মোরে কিসে॥ এতেকেঁ বুঝিল তোর কাজের ভাষ। লোক স্থণিলে তোকে হৈব উপহাস॥ ১॥ পন্থ ছাড়ি দেহ কাহ্নাঞিঁ বিরোধ না কর। তোর পুণেঁঁ। জাওঁ বিকে মথুরা নগর ॥ ধ্রু ॥ নাগর শেখর তোকো নামে বনমালী। তোর যোগ নহোঁ মোএঁ আতিশয় বালী॥ আধিক পীড়এ যবেঁ ভুখিল ভষলে। 🔑 🐲 তভোঁ নাহিঁ পাএ মধু কমল মুকুলে॥ ২॥ বড়ার বহুআরী আন্মে বড়ার ঝী। মোর রুপ যৌবনে তোক্ষাতে কী॥ দেখিল পাকিল বেল গাছের উপরে। আর্তিল কাক তাক ভখিতেঁ না পারে॥ ৩॥ রতি কথা সখি মুখে না শুণীলোঁ কানে। বারেক রাখহ কাহ্ণাঞি আক্ষার সমানে ॥ চরণে ধরোঁ তোর দেব নারায়ণ।

গুড্জরীরাগঃ ॥ যতিঃ ॥

এ তোর নব যৌবনে।
দেখি মোর মজি গেল মনে॥
এবেঁ তোকে দেখিএ রুপসে।
ঠেএ মোর বাঢ়িল আলে॥ ১॥

গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

দেহ মোরে সরস বচনে।
আমিআঁ পিউক মোর কানে॥ ধ্রু॥
চাহ মোরে মুখ শশি তুলী।
তোকো রাধা আন্দো বনমালী॥
তোর মোর ভৈল পরিচএ।
এবেঁ পরিহর তোকো ভএ॥ ২॥
তোতে মোর হএ যত দানে।
তাক দিতেঁ নাহিঁ তোর ধনে॥
এহা আপণে গুণী মনে।
কর মোর সফল বচনে॥ ৩॥ ৩। তোর প্রথম বএসে।
তোর দেহে বসে বড় রসে॥
দাণা ভৈলোঁ তাহার আশে।
গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

ক্বঞ্চ বচনং শ্রুতা রাধিকাধিমতী সতী। বেপমানতমুক্তরী জগাদ জরতামিদং॥

ধানুষীরাগঃ ॥ একতালী ॥
আল বড়ায়ি ।
চাঁপা কুঁট়া দেখিতেঁ রুপসে ।
তাত নাহিঁ গদ্ধের পরসে ॥ ল ॥
বিকাসিলেঁ মোহে মুনি মণে ।
হেন সব নারীর যৌবনে ॥ ১ ॥

কি না মোক ভৈল এত কালে।
মাহাদাণী ভৈগেল গোকুলে ॥ গ্রা॥
অনেক কড়ার পসারা।
হাট জাইতেঁ না পাইলোঁ মথুরা॥
রাজা কংসে করিবোঁ গোআরী।
তবেঁ কাহু লআঁ যাবোঁ ধরী॥ ২॥
নিতি নিতি দধি বিকে জাওঁ।
দাণের স্থদী নাহিঁ পাওঁ।
এবেঁ রাজা ধনের কাতরং।
গাহে যবেঁ ছুধে দিবোঁ কর॥ ৩॥
সথি সাত পাঁচ করি সঙ্গে।
মথুরাক জাওঁ বিকে সঙ্গে॥
কেহু কাহু হেন পড়িহাসে।
গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

রাধায়া বচনং শ্রুত্বা জর া প্রতিপাদিতং। জন্নাদ চত্রঃ রুষ্ণঃ সতুষ্ণো বানিকামিদং॥

রামগিরারাগঃ ॥ আঠতালা ॥
বদন কমল তোর যবেঁহ দেখিলোঁ ।
তবেঁ হৈতেঁ রাধা তোতে মন দিলোঁ ॥
আত্মর দেখিলোঁ নাসা গরুড় সমান ।
গিধিনী সদৃশ তোর দেখোঁ ছুঈ কান ॥ ১ ।।
তোর রুপ যৌবনে মোহিল দেব কান ।
সব কলা সংপুনী তোঁ দেহ মধুপান ॥ ধ্রু ॥

কুরক্ত নয়ন জিণী তোক্ষার নয়নে।
আধর বন্ধুলী গণ্ড মধুক সমানে॥
মাণিক জিঁণিআঁ তোর দশনের পাঁতী।
কনয়া নিকষ তোর দেহের কাঁতী॥ ২॥
তাল ফল জিণিআঁ তোক্ষার পয়োভার।
মাঝ দেশ দেখি সিংহ মাঝার আকার॥
লোভেঁ নাভী তলে বসে তীন রূপ বলী।
উরু শোভে বিপরীত রাম কদলী॥ ৩॥
থল কমল জিণী তোক্ষার চরণে।
রাজহংস জিণী তোক্ষার গমনে॥
ভোলে পড়ি গেল তাত নান্দের নন্দন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

মালবরাগঃ॥ রূপকং॥ লগনী॥
তোর রূপ দেখি মোর চিত নহে থীর।
প্রাণ যেহু ফুটি জাএ বুক মেলে চীর॥ ১॥
যার প্রাণ ফুটে বুকে ধরিতেঁ না পারে।
গলাত পাথর বান্ধী দহে পদী মরে॥ ২॥
তোকো গান্ধ বারানদী দরুপেঁদি জাণ।
তোকো মোর সব তীথ তোকো পুণ্য স্থান॥ ৩॥
এ বোল বুলিতেঁ কাহু না বাসদি লাজ।
তোলার মাউলানী আকো শুণ দেব রাজ॥ ৪॥
হইএ আকো দেব রাজ তোকো মোর রাণী।
মিছাই সম্বন্ধ পাত ভাগিনা মাউলানী॥ ৫॥
এ বোল বুলিতেঁ তোর মণে বড় স্থুখ।
পর ঘর পইসে যেহু চোর পাটাবুক॥ ৬॥

ভাল বোল বুলিলি ভোঁ চন্দ্রাবলী রাণী।
আক্ষার মণের কথা কহিলেঁ আপুণী॥৭॥
বিরহে পুড়িআঁ কাহ্ন হাকল বিকল।
জরুআ দেখিআঁ যেহ্ন রুচক আম্বল॥৮॥
জাইবার বাসনা ভোক্ষে ছাড়হ গোআলী।
গাইল বড় চগুনিস বন্দিআঁ বাসলী॥৯॥

দেশাগরাগঃ॥ রূপকঃ॥

েদনি যোড়িলো হালে। কোণোঁ ব্রহ্মার দণ্ড যোঁতালে ॥ গোআলী বান্ধিলোঁ বাস্থকী দড়ী। গিরি করিলেঁ। মোথড়া গোবালী ॥ ১॥ জাইবার বাসনা তেজ গোআলী। কাহ্ন মাহাদাণী তোৱে ল বালী ॥ ধ্রু ॥ রন্দাবন মোর থানে। বংশ বাজাওঁ গানে ॥ না কর তোঁ মন আনে। আংকা অস্থ্র দল কান্ডে॥২॥ স্থমেক আগাক গঢ়ে। তার শৃঙ্গে মোর মেঢ়ে॥ নাম মোর বনমালী। হেলেঁ দলিবোঁ কালী॥ ৩॥ গোকুলে গোজাতী। দেহ আক্ষারে স্থরতী॥ তেজহ জাইবার আশে। গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

গুড়্ররারাগঃ ॥ রূপকং॥ এক ঠাই বাঢ়িলাফো নান্দের ঘরে। চাণ্ডাল কাজাঞি এবেঁ বল করে॥ দিঠিত পড়িলে বায়ত হএ লাজ। সোদর ভাগিনা হআঁ হেন ভোর কাজ।। ১॥ কাহ্নাঞি লাজ নাহিঁ ভোৱে। লাজ না বাসসি তোএঁ গোকুল কাহ্ন। সোদর মাউলানীত সাধ মাহাদান ॥ প্র ॥ জীবার উপায় নাহি বোল মাহাদানী। বাছিঅ। পাইলি সোদর মাউলানী॥ পোএর মৃথে পরবত টলে। গুরু সাপে বেঢ়িলের আলপ কালে॥ ২॥ বারেঁ বারেঁ কাহ্ন মো দধি বিকে জাওঁ। সম্চিত দান ঘাট তোর না ভাঙ্গাওঁ॥ কিসের কারণে তেঁ। এবেঁ করসি বল। বাপ মাএ গালি তোরেঁ দিবোঁর বিগর॥ ৩ পুরাণ আগম বেদ করহ বিচার। দেখ যত পাপ হএ কৈলেঁ পর দার।। যত কিছ বোলোঁ মোএঁ সব প্রমাণে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

গুজ্জরীরাগঃ ।। যতিঃ ।।

বাপ বস্তুল মোর নান্দোঘরে জাণী ।

কমণ কারণে রাধা ঘোসসি মাউলানী ॥

মাঅ দৈবকী মোর মামা কংসাস্তর ।

তোক্ষার সম্বন্ধ কথা আনেক দূর ।। ১ ।।

নহিদ মাউলানী রাধা সন্থকে শালী ।
রক্তে ধামালী বোলে দেব বনমালী ।। ধ্রু ॥
মাউলানী মাউলানী বোলসি তুপ্তে ।
মোর মাহাপাতক পড়ু তেবে মুণ্ডে ॥
হেন যবেঁ রাধা বোলসি আর বার ।
ভাগু ভাঁগিব তোর কাহ্লাঞিঁ গোআল ॥ ২ ॥
কিকে তোঁ নাগরি রাধা উপেখসি স্থুখ ।
মুখ তুলা চাহা মোর পালাউক তুখ ॥
ভন্নত পয়োধরে ধরি মোরে চাপ ।
পালাউ আগার বিরহ সন্তাপ ॥ ৩ ॥
কে তোকে জাণায়িলে মাউলানী সন্ধন্ধ ।
তুলী আখি খাউ পড়ুক তার কন্ধ ॥
শালী সন্ধন্ধে সম্বোধ নারায়ণে ।
গাইল বড় চণ্ডাদাস বাসলী গণে ॥ ৪ ॥

• কৃষ্ণস্থ পচনং শ্রালা রাধাভয়ভয়াত্রা। জগাদ জরতী কিঞিং কিঞি**চ মধুস্**দনম্

রামগিরারাগঃ ।। আঠতালা ।।

মাউলানীর যৌবনে কাহ্নের মন ।

বিধুমুখে বোলেঁ কাহ্নাঞিঁ মধুর বচন ।।

সম্বন্ধ না মানে কাহ্নাঞিঁ মোকে বোলে শালী

লজ্জা দৃষ্টি হরিল ভাগিনা বনমালী ॥ ১ ॥

কেনা বিধি আগ বড়ায়ি লেখিল কপালে ।
ভাগিনা স্বরতি মাঁগে দানের ছলে ॥ ধ্রু ॥

ভাগিনা সদৃশ গুরু নাহিঁক শয়াণে।
কিকে কাহ্নাঞি বল করে এ কুঞ্জ ময়াণে।।
ভাগিনাকে দেখি বড়ায়ি দেবতা সদৃশে।
মোর কর্ম্ম দোমে কাহ্নাঞি হেন পড়িহাসে।।২।।
দানের আন্তরে কাহ্নাঞি বুলুক বচন।
দান লৈতেঁ নাহিঁ মণ কিসকে যতন।।
ধামালী সহিত কাহ্নাঞি বোলে তিথ বাণী।
হেন মতেঁ বিগুতিলে সোদর মাউলানী।। ৩।।
দেহে বৈরি হৈল মোকে এ রূপ যোনন।
কাহ্ন লজ্জা হরিল দেখিআ মোর তন।।
রতি লাগি বল করে নাদের নন্দন।
গাইল বড় চণ্ডাদাস বাসলী গণ।। ৪।।

রাধায়া বচনং শ্রুসা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ কৃষ্ণঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

বারেঁ বারেঁ রাধা বোলসি অক্ষেত তোর মাউলানী।

আন্মার বৈরি কংস রাঅ

তোক মারিব সম্বন্ধ শুণী।।

আপণাক রাখি যে কাজ করে

তাক বুলিএ সিআনী।

এহা জাণী না পরিহর রাধা আন্দে দেব চক্রপাণী॥ ১॥

রাধা তোর তন্ত্র দরশনে। নান্দের নন্দন ভোলে পড়িলা বাহু ভিডি দেহ আলিঙ্গনে॥ ধ্রু॥ শরীর তোর রসময় সকল ভইল **ন**ংলী যৌবনে। পাকিল শ্রীফল জিণিতাঁ শোভে তোর চুই তনে॥ তাক দেখি

উন্মত ভৈলোঁ আন নাহিঁ পড়িহাসে। কর আনুমতী নাগর কাহ্নাঞি জীউক তার পরসে॥২॥ মিছাই রাধা পাতসি সম্বন্ধ মিছাই করসি লাজে। মন থীর করি ধর মোর বোল লাজে সে হারায়ি কাজে॥ যৌবন যে নারী আনেক সময় আপণ শরীরে শাঁচে। আতি সে আবুধি ভোগ পরিহরি আপণে আপণা বঞ্চে॥৩॥ যাহার যৌবন নর উপভোগে সেহি সে নাগরী ভালী। ভ্রমর সঙ্গম পাইলেঁ শোভএ যেহ্ন বিকসিত মাহলী ॥ এহা পরিহরি নাগরি রাধা আন্দা না কর নিরাসে। বাসলী চরণ শিরে বন্দির্থা গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

ধানুষীরাগঃ॥ একতালী॥ কেছে ভোগে মোরে বোল শালী। সম্বন্ধ না মান ভাগিনা বনমালী॥ তোর বোল মোত নাহিঁ সাজে। আলপ বএসে খাইলি লাজে॥ ১॥ যদি গান্ধ উজান বহে। তভোগোঁ তোকার বোল নহে॥ ধ্রু॥ নিজ সামী আছে মোর ঘরে। ভাহাকে। না কর ভোকে ডরে॥ আতি বড হৈলা আছিদর। আপণা চিহ্নিগাঁ জাহ ঘর ॥ ২ ॥ সেসি নারী যে হএ সতী। যাক উপভোগে নিজ পতী ॥ রস নাহিঁ পরার পুরুষে। যার উপভোগে কুল নাশে॥ ৩॥ শ্বাঁ অরী আপণ কুল জাতী। দুর কর পাপত মতী। ছাডহ আন্ধার পতিআশে। গাইল বড় চণ্ডাদাদে॥ ৪॥

সতীত্বং তব বিজ্ঞাতং রাধিকে বদ মাধিকং। অধুনা মম দানস্থ গণনায়াং মনঃ কুরু॥

কোড়ারাগঃ॥ দশুকঃ॥ হাথে খড়ী করী বোলোঁ মো কাহ্ন।
আইস ল রাধা লেখা করি দান॥ ১॥

আহুঠ হাথ কলেবর তোর। ছুই কোটি দান তাহাত মোর॥২॥ মাথাত কুস্তম মাল রচনে। এহাত আক্ষার লক্ষক দানে ॥ ৩॥ চামর জিণিখা চিকুর তোরে। এহার দান তুঈ লাখ মোরে ॥ ৪॥ সিসের সিন্দার ভুবন মোচে। এহার দান তিন লক্ষ হঙা॥ ৫॥ 🖈 বিষ্মাল শশি ভোর সুখ দেখোঁ। এহার দান চারি লাখ লেথোঁ॥ ৬॥ নীল উত্থল তোর নয়নে। এহাত মোর পাঞ্চ লাখ দানে॥ ৭॥ গরুড সমান তোহোর নাশা। এহাত ছয় লক্ষ দানের আশা॥৮॥ শ্রবণ কুণ্ডল শোভএ তোরে। এহার দান সাত লক্ষ মোরে॥ ৯॥ ীমাণিক জিণিখা দশন শোহে। এহার দান আঠ লাখ নহে॥ ১০॥ বিশ্বফল তুল তোর আধরে। নব লক্ষ দান তাত তালারে॥ ১১॥ কণ্ঠদেশ ভোর কন্ত্র সমানে। দশ লক্ষ হএ এহাত দাণে ॥ ১২॥ বাহু মুণাল কমল করে। এগার লক্ষ দান তাহারে॥ ১ ॥ নথ পাঁতি ভোর চন্দ্রিকা জিণে। বার লক্ষ হএ এহার দানে॥ ১৪।

শ্রীফল যুগল তোহোর তনে।
এহার দান তের লক্ষ ধনে॥ ১৫॥
বিবলি মাঝা বাএ হালে তোরে।
চৌদ লক্ষ দান এহাত মোরে॥ ১৬॥
উরু তোর রাম কদলী সমানে।
পঞ্চদশ লক্ষ এহার দানে॥ ১৭॥
পদযুগ থল কমল আকারে।
ধোল লক্ষ দান-তাহাত আক্ষারে॥ ১৮॥
হেম পাট জিণি তোহোর জঘনে।
চৌষাঠ লাখ তাত মোর দানে॥ ১৯॥
বিণি দান দিআঁ নাহিঁ গমনে।
বোলে দামোদর সত্য বচনে॥ ২০॥
মাথাএ বন্দিআঁ বাসলী পাএ।
আনস্ত বড়ু চণ্ডাদাস গাএ॥ ২ ॥

কেদাররাগঃ॥ রূপকং॥ 🗸

কিসের দান কাহ্নাঞি কিসের ঘাট।
কিসের আন্তরে কাহ্নাঞি আগোলসি বাট॥
মিছা খড়ি পাড় কাহ্নাঞি কপট নাটে।
কংশে শুনিলেঁ পড়ি ঘাইবেঁ টাটে॥ ১॥
কি মোর ঝগড় ভৈল মথুরার পথে।
পাঁজী পুথী তোক্ষার চিরিবোঁ বাম হাথে॥ ধ্রু॥
রাখোআল কাহ্নাঞি তোতে হেন বোল সাজে।
বড়ার বহুআরী আক্ষে পাইএ বড় লাজে॥
এ সব চরিতেঁ তো নাসিলি তুঈ লোকে।
কমণ মুগধেঁ বাটে দানী কৈলে তোকে॥ ২॥

মিছে কেন্সে চক্র কাহ্নাঞি করহ বাখান।
কথীহো নাহিঁ শুণী দেহত বসে দান॥
ম্বত ঘোল দধি তুধ পসারত জাএ।
এহাতে সে দান লইতেঁ তোক্সার জুআএ॥৩॥
আইহন বীর তিন লোকেঁ ভালে জাণী।
' তোক্সে কি না চিহ্ন আক্সে তাহার রাণী॥
কি না লাভ লোভেঁ কাহ্নাঞিঁ না চিহ্ন এখন।
' গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥৪॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

শরত উদিত চান্দ বদন কমল। খঞ্জন জিণিআঁ তোর নয়ন যুগল॥ আধরে বন্ধুলী রাগ শোভএ স্থন্দরী। হেন রূপেঁ কাহ্নাইকে কেহ্নে পরিহরী॥ ১॥ আলিজন দিআঁ যাহা স্তণ ল স্তুন্দরী। তোঙ্গাতে মজিল চিত ধরিতেঁ না পারী ॥ ধ্রু ॥ শ্রবণে শোভএ তোর রতন কুণ্ডল। কুচযুগ শোভে যেহ্ন শ্রীফল যুগল॥ তথিত উপর শোভে হার মঞ্চরী। তা দেখিআঁ প্রাণ রাধা ধরিতেঁ না পারী ॥ ২ ॥ যশোদার পোতা আক্ষে নামে গোবিন্দ। তোর রূপ দেখিআঁ চখুতে নাইসে নিন্দ ॥ কাঞ্চলী ঘুচাআঁ রাধা দেহ মোরে কোল। তোর তুঈ তনে লাগু রসের হিলোল।। ৩।। আন্দা সমে নেহ রাধা বড় পুণ্যে পাইএ। আক্ষা সমে যোগ সতেঁয় স্থরপুর জাইএ॥

এহাক জাণীসাঁ রাধা পুর মোর আশ। বাসলী শিরে বন্দা গাইল চণ্ডীদাস॥ ৪॥

ধানুষীরাগঃ॥ রূপকং॥

প্রথম যৌবন মোর মৃদিত ভাণ্ডার।
হৃদয়ে কাঞ্চলী গজ মুকুতার হার॥
এহা আভরণ কাহ্নাঞি সব মোর নে।
বেরি এক কাহ্নাঞি মোক ঘর জাইতে দে॥ >॥
না জাণো স্থরতি কাহ্নাঞি না ধারো মোঁ দান।
মিছাই কাহ্নাঞি মোর লইতে পরাণ॥ গু॥
এগার বরিষে কাহ্নাঞি বার নাহি পুরে।
আকা তুথ দিতে কাহ্নাঞি কেহে হেন ফুরে॥
এক বার ছাড়া তুই বার নাহি মরী।
রাজা কংসাস্থরে মোএ করিবোঁ গোহারী॥ ২॥
শঙ্খ চক্র গদা আর শারঙ্গ এড়িআঁ।
দান সাধ কেহে কাহ্নাঞি পথত বসিআঁ॥
বারেক এড়িআঁ দেহ জাও মোএ ঘর।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলী বর॥ ৩॥

ধানুষীরাগঃ॥ একতালী॥

মুখ তোর আল রাধা বিকচ কমলে।
নয়ন তোর নীল উতপলে॥
মাণিক জিণিআঁ তোর দশনের তুতী।
সিন্দুরে লোটাইল যেহু গজমুতী॥১॥
স্থান্দরি রাধা ল তোক্ষাতে মণ গেল।
হের প্রাণ ধরণ না জাএ॥ ধ্রু॥

তুঈ কুচ তোর রাধা শস্তুর আকার।
তথি চিত্ত মজিল আক্ষার॥
তা দেখিআঁ সব খন না পাওঁ সোআগ।
অমুমতি কর দেওঁ হাগ॥২॥
সিংহ জিণী তোর আতি মাঝা খিনী।
তুঈ উরু রাম কল জিণী॥
চরণ থল কমল মন্তুর গমনে।
নেত বসন পরিধানে॥৩॥ •
কনক নিকস সম তন্তু কান্তি লীলা।
দেখি ভোল গেল নান্দোবালা॥
দাণ সাধিএ রতি পতিআশে।
গাইল বড়ু চণ্ডাদাসে॥৪॥

রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥

এত কাল জাইএ আক্ষে মথুরার হাটে।
কভোঁ না দেখিল কাহ্ণাঞি দানা এহা বাটে
এবেঁ বাটে বাটোআড় হৈলা কাহ্ণাঞি।
পাপ বুলিতেঁ তোর মুখে লাজ নাহিঁ॥ ১॥
ছাড়হ নিলজ কাহ্ণাঞি হৈন পাপ বাণী।
আক্ষে শিশুমতী রতি কথাহো না জাণী॥ গ্রুদ্ মোর রূপ দেখি নহ বিকল মুরারী।
পর ধন দেখিলেঁ কি পাএ ভিখারী॥
উনমত সদৃশ কেহে বোলহ বচন।
এহা বুঝি নিবারিআঁ থাক নিজ মন॥ ২॥
পথত লইলি যুবেঁ দান আধিকার।
ভবেঁ কেহে তোতে হেন মদন বিকার॥ তিল এক মোর মনে নাহিঁ রতি রঙ্গ।
আক্ষা ছাড়ী আন নারী কর তোক্যে সঙ্গ ॥ ৩॥
এত বড় কেন্তে কাহ্নাঞিঁ দেহ মোরে তুখ।
মুখ তুলী না দেখোঁ আর তোর মুখ॥
এতেঁ। পরিহর কাহ্নাঞিঁ আক্ষার আশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

পাহাড়ীআরাগঃ॥ রূপকং॥

ত্মত দধি চুধে পদার দাজিওঁ।

মথুরাক যাসি বিকে।

সহজেঁ রুপদী নব যুবতী

লাস বেশ তোর কিকে॥

হেন রূপ দেখি চথু আড় করে

পশুআ তোর গোআলা।

আছ নর লোক দেব লোক তোষে

মুনি মন হএ ভোলা॥ ১॥ রাধা মুখ তুলী চাহা রক্ষে। ,

নাগর কাহ্নাঞি পথে বিরোধে

কি করিব তোর খ**ঙ্গে**॥ ধ্রু॥

কপোল যুগলে শোভএ তোর বিচিত্র মণি কুণ্ডলে।

সংপূগ্ন চান্দের তুঈ পাশে যেহু

উইল সুরুজ মণ্ডলে॥

স্থুনিআঁ সরস আমিআঁ আধিক

তোর মধুর বচনে।

নান্দের নন্দন ভোলে পড়িলা

বাহু ভিড়ি দেহ আলিন্ধনে॥২॥

পরিধান তোর স্থুর**ন্স** পাটোল ধিরে যাসি বাটে। আর আদভুত দেখোঁ চন্দ্ৰাবলী সিন্দুর স্থার ললাটে॥ নিতি নিতি যাসি দধি প্লধ বিকে পএর বাজে নৃপুরে। আজি পড়িলা কাহ্নের হাথে লাস বেশ করে চুরে॥ ৩॥ তোএঁ সি বালী শার বৎসরের বিচিত্ৰ কাঞ্চলী শোভে। গিএ ভোর ম্কুতার হার তা দেখি কাহ্নাঞির লোভে॥ তোর দধির দাণ ছাডিল রাধা দেহ চুম্ব আলিঙ্গনে। চণ্ডীদাস গাইল অনস্ত বড় দেবী বাসলী চরণে॥ ৪॥

নিপায় কৃষ্ণবচনং রাধিকাধিমতী সতী। বেপমানতমুম্ভনী জগাদ জরতীমিদং॥

কোড়ারাগঃ ॥ যতিঃ ॥
লুনীর পুতলী যেহ্ন বড়ায়ি ল।
রৌদে দাগুয়িলেঁ মিলাওঁ।
কেমনে কাহ্নের বোল পালিবোঁ।
মোয়ে পরাণে ভরাওঁ ॥ ১ ॥

হরি হরি নিদয়া বিধি কি লেখিল
কিকে আইলো বড়ায়ি গো॥ এছ॥
নেত পাটোল না পিন্ধিবোঁ
না পিন্ধিবোঁ সিসত সিন্দুর।
বাহের বলয়া না পিন্ধিবোঁ
না পিন্ধিবোঁ পএর নুপুর॥ ২॥
ঘরত বাহির নহোঁ বড়ায়ি গো
সামীর বড়ই চলালী।
নির্দ্দিয় কাহাাঞি র হাথে পড়িলোঁ
মোঞ আবালী গোআলী॥ ৩॥
সাত পাঁচ সখি শুণী বড়ায়ি গো
রাধার বচনে।
গাইল আনন্ত বড়ু চণ্ডীদার্দেঁ
দেবী বাসলী গণে॥ ৪॥

রাধায়া বচনং শ্রুতা জরতা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ কুষ্ণঃ সতুষ্ণো রাধিকামিদং॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥ দশুকঃ॥
বোল এক বোলোঁ রাধা স্থণ আক্ষারে।
খণ্ড কোপ ভয় দেহ শৃঙ্গারে॥ ১॥
নীল কুটিল শোভে চিকুরে।
প্রভাত আদিত শিথে সিন্দূরে॥ ২॥
ক্রহি কাম ধনু নয়ন বাণে।
নাসিকা গালিক যন্ত্র সমানে॥ ৩॥

মুখ কমল আতি শোভা করে। বন্ধুলা জিণিআঁ আধর তোরে॥ ৪ ॥ মাণিক জিণিতাঁ। দশন তোরে। তা দেখি দাড়িম ফল বিদরে॥ ৫॥ কম্ব সম তোর শোভএ গলে। কুচযুগ রাধা যোড় শ্রীফলে॥ ৬॥ বাহ্য মূণাল কর উত্পলে। আঙ্গলী চম্পক কলিকা জালে॥ ৭॥ সিংহ মধা সম মধো শোভে ত্ৰিৰলী উরুযুগ শোভে রামকদলী॥৮॥ রাতা উতপল তোর তুঈ চরণে। রাজহংস জিণী তোর গমনে॥৯॥ হেম রূপ তোন্ধার যৌবনে। নিফল করহ কমণ কারণে। : ।। সরস হাসিআঁ বোল বচন। গাইল চণ্ডীদাস বাসলী গণ ॥ ১১॥

নিপীয় ক্লফবচনং রাধিকাধিমতী দতী। বেপমানতমুম্ভবী জগাদ জরতীমিদং॥

গুজ্জরীরাগঃ॥ যতিঃ॥

সব গোপ যার মান ধরে।
সে কেহ্নে পরার নারী হরে।
নিজ পতি আছে মোর ঘরে।
তার হাথে কাহাঞি পাচে মরে

নিষধ নিষধ বনমালী।
পাছে মোরে না দিহলি গালী॥ ধ্রু।
যে বচন বুইলে চক্রপাণী।
দেন বচন কানে নাহিঁ শুণী॥
তিন লোক খাআঁ মাহাদাণী।
সম্বন্ধ না মানে মাউলানী॥ ২॥
ম্বৃত তুধে সজাআঁ পসার।
বিকি জাইএ যমুনার পার॥
হেন হএ বড়ার বেভারে।
মাউলানীক পাইল বাণিজারে॥ ৩॥
কার পান চুন নাহিঁ খাওঁ।
কাহারো পাস নাহিঁ জাওঁ॥
এড়ু কাহ্ণাঞিঁ মোর পতি আশে।
গাইল বড়ু চণ্ডাদাসে॥ ৪॥

রাধায়া বচনং শ্রন্থা জরতা প্রতিপাদিতং। জগাদ চত্রঃ কৃষ্ণঃ সতুদেগা রাধিকামিদং॥

কোড়ারাগঃ॥ রূপকঃ॥

স্থণ ল স্থন্দরি রাধা বচন আক্সার।
নক্তলী যৌবনে দেহ সরস শৃঙ্গার॥
তোক্সার যৌবন রাধা কুপিণের ধন।
পোটলি বান্ধিজাঁ রাখ নক্তলী যৌবন॥ ১॥
বলাহ যৌবন রাধা ল মোর বোল শুণ।
যাবত যৌবনে রাধা নাহিঁ লাগে ঘুণ॥ ধ্রু

আসু জাসু মুকুলিল ভরে নোআঁইল ডাল।
নহুলী যৌবন রাখিবি কত কাল॥
কোণ বিশ্বকর্মে নির্মিল চুঈ তন।
আছু যুবজনের রুদ্ধের জাএ মন॥২॥
হেন স যৌবন রাধা সব আলপাউ।
যৌবন গড়িলেঁ তোর তন্মু হৈবে লাউ॥
তোক্ষার যৌবন রাধে পাণির ফোটা।
ভিরকাল না রহিবে থাকি জাইকে থোঁটা॥৩॥
এ তীন ভুবনে রাধা তোক্ষা কৈলোঁ সার।
মনে পরিভাবি দেহ সরস শৃঙ্গার॥
নহুলী যৌবনে রাধা দেহ আলিঙ্গন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥৪॥

মালবরাগঃ॥ একতালী॥

তুরুবার কংস নরপতী।
এহা জাণী ছাড়হ বিমতী॥
যবৈঁ তোরে মারিহে পরাণে।
তবেঁ তোক রাখিব কোণ জনে॥ >॥
ছাড়হ আক্ষার থান।
আবিচারে হারায়িবি পরাণ॥ ধ্রু॥
হইএ আইহহন গোআলা।
যবেঁ বল করে বনমালী॥
রাজা আগেঁ করিবোঁ গোহারী।
তবেঁ তোক লআঁ যাবোঁ ধরী॥ ২॥
হআঁ কাহ্ন বড়ার পো।
ভাল কাম না করসি তোঁ॥

মতিমোষ মোকে কর বল।
ভুজিবি তোঁ লিখিত ফল॥৩॥
না শুণিলি পুরাণ কথা।
না জাণসি ধরম বেবথা॥
দান সাহ পর নারী আশে।
গাইল বড় চণ্ডীদাসে॥৪॥

পরাশর নামে ঋষি আছিলা বিশাল। তীন ভুবনে জানী তপস্থা যাহার॥ জল মাঝে মীন কণ্যা করিল গমন। তাত উপজিলা বেদব্যাস তপোধন ॥ ১॥ তোকার বচন রাধা সবই আতত। পর দারে পাপ নাহি মুনীর সমত। ধ্রু। পাঞ্চ পাণ্ডবের ভৈলা কুন্তী জননী। পাঞ্চ পতী যার ভৈল সব লোকেঁ জাণী ॥ রম্ভা আদি বেশ্যাক রমন্তি ত্রিদশে। হেন সব কণ্যা কেন্ডে স্থরপুরে বসে ॥ ২ ॥ ত্রিপথগামিনী গল্প হরেঁ শিরে ধরে। হেন গলা রমিল শান্তন নাম নরে॥ নারীর সম্ভোগে রাধা যদি পাপ বসে। এ তীন ভুবনেঁ কেহেং সে গঙ্গা পরসে॥ ৩॥ নিজ পর নারী দোষ নাহিক সংসারে। যত সতীপণ সব মিছা জাণ তারে॥ এহা জাণী একমনে পুর মোর আশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

কৃষ্ণতা বচনং শ্রুতা দ্বাধিকাধিমতী সতী। বেপমানতমুম্ভন্নী জগাদ জরতীমিদং!!

রামগিরীরাগঃ॥ রূপকং॥ গুরুপত্নী তারাক হরিল শশধরে। 👈 আছাপিহে। অপযশ তার পরচরে॥ কপটে আহুল্যাক রমিল স্থুরবরে। সহস্রেক যোনি ভৈল তার কলেবরে॥ ১॥ হেন অদভত কথা শুণ ল বডায়ি। পর দারে পাপ নাহিঁ বোলন্ত কাহ্নাঞিঁ॥ ধ্রু স্থন্দ উপস্থন্দ আছিলা তুঈ ভাই। তিলোত্তমা হেতু তুঈ ময়িলা এক ঠাই।। স্থু নিস্থন্ত চুঈ আস্থর আছিলা। পার্ববতীর কারণে চুঈ জন মৈলা॥ ২॥ চৌদ চৌ যুগ আয়ু লক্ষার রাবণ। তেহোঁ সে মজিতাঁ গেল শীতার কারণ। এহা জাণী কাহ্নাঞি ক নিষধ বডায়ি। কেফে হেন মিছা কথা কহে মোর ঠাই॥৩॥ বোলহ বডায়ি কাহ্ন মণে পরিভাউ। আপণে আপণা চিহ্নিতাঁ ঘর জাউ॥ আহ্বা সনে হেন তেজু পরিহাস। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪॥

> রাধায়া বচনং শ্রুষা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ কৃষ্ণঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

মালবরাগঃ॥ যতিঃ॥ দণ্ডকঃ॥

নীল জলদ সম কুন্তল ভারা। বেকত বিজুলি শোভে চম্পক মালা॥ ১॥ শিশত শোভএ তোর কাম সিন্দূর। প্রভাত সমএ যেন উয়ি গেল সূর॥২॥ ननारि जिनक (यक्ट नव भिकना। কুণ্ডল মণ্ডিত চারু শ্রাবণ যুগলা॥ ৩॥ নাসা তিলফুল তোর আতী আমুপামা। গণ্ডস্থল শোভিত কমল দল সমা॥ ৪॥ নয়ন যুগল শোভে যেহেন খঞ্জনে। ঈসত কটাক্ষে মোহে মূনি মনে॥ ৫॥ বিম্বফল জিণা তোর আধরের কলা। মাণিক জিণিআঁ তোর দশন উজলা॥ ৬॥ কণ্ঠ কন্থু সম কুচ কোক যুগলা। বাহু মূণাল কর রাতা উত্তপলা ॥ ৭ ॥ কনক চম্পক সম শোভে কলেবরা। মাঝা দেখি সিংহ গেলা পর্বত কুহরা॥ ৮॥ নাভি গভীর তোর প্রেয়াগ উপামা। উরুযুগ রাম কদলী তরু সমা॥ ৯ মন্তর গমনে যাসি ভাঁগিবার ডরে। তা দেখিআঁ বনবাস লৈল করীবরে॥ ১০॥ অমর পুরত নাহিঁ হএ হেন রামা। বিধি কৈল জন্মমে কনক প্রতিমা॥ ১১॥ দেবাস্থরেঁ মহোদধি মথিল তোক্ষারে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বরে॥ ১২॥

পাহাড়ীআরাগঃ

ষোল কলা সংপূগ চন্দ্ৰ বদন। বেকত আমৃত তোর মধুর বচন॥ কাঁচ কন্য়া যেহ্ন দেহের বরণ। কণ্ঠ কন্মু মণিগণ শোভএ দশন॥ ১॥ স্থন্দরি রাধা ল সরূপ বোল মোরে। দেবাস্তর মহোদধি মথিল কি তোরে॥ ঞ্ছ ॥ কুণ্ডলে আদিত্য যেহ্ন রবির সংঘাত। গজরাজ গতি পরিমল পারিজাত ॥ স্বরজনে মোহে পুরজনে নাহিঁ রাখ। কালকৃট বিষহরি জাণল কটাক্ষ॥ ২॥ স্থররাজ গজকুম্ভ কুচ যুগল। তেলানী গভীর নাভি লাবণ্য জল॥ অমূল মণি নূপুর বাজের গমনে। তাক স্থুণী মোহো পাএ এ তীন ভুবনে॥ ৩। সকল গুণ সংপুনী রাধা চন্দ্রাবলী। তোর রূপ যৌবনে মোহিল বনমালী।। রস হাস পরিহাসে তোষহ কাহ্নাঞি। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী আয়ী ॥ ৪ ॥

আহেররাগঃ।। লঘুশেখরঃ॥
জীবার আন্তরে কাহ্লাঞি হৈলা মাহাদানী।
দান ছাড়ী পর নারী কিসক বাখানী॥
সকল বেভার তোর দেখি বিপরীতে।
কোণ গুরু শিখাইল হেনক চরিতে॥ ১॥

ছাড়হ বিবুধি কাহ্নাঞি হ্বণ মোর বোল।
দিধি ছধ নঠ মোর আর স্বত ঘোল॥ গ্রণ॥
কালী তোর মুখে দিল যশোদাঞ তনে।
আজি দানী হআঁ মোর মাঙ্গ মাহাদাণে॥
হেন আলাগন কথা শুণী কোণ রাজে।
তোক্ষার মুখত কাহ্নাঞি নাহিঁ কিছ লাজে॥ ২॥
এ বার বরিষ মোর তের নাহিঁ পূরে।
এহা দেখি রসত মন কর দূরে॥
রুপস শরীর মোর কিছ নাহিঁ কাজ।
কেতকী কুস্তম যেন ধুলীএঁ সাজ॥ ৩॥
গোআল জাতী আক্ষো জাইএ দধি বিকে।
কাজ বিণি কাহ্নাঞি রহাঅসি কিকে॥
যুচাহ কচাল কাহ্নাঞি তেজ মোর আশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

আল রাধা

সর্ববা**ন্সে স্থন্দ**রি ভোএঁ

দেব মুরারী মোএঁ

তোর মোর উচিত সেনেহা।

আল রাধা

তোক্ষাতে মজিল মন

ভালে জাণে দেবাগণ

ইথে কিছ নাহিঁক সন্দেহা॥ ১॥

আল রাধা

না পরিহর স্থন্দর কাহ্নাঞি । সব কলা সংপুনী তোঁ রাহী॥ ধ্রু॥ তোর নাম চন্দ্রাবলী
তোর মোর শোভএ মীলনে।
কাহ্নাঞি পাইবি বড় পুনে এহা পরিভাব মনে
কহ্নে তেজ হাথের রতনে॥ ২॥
ক্রদম তলের থিতী তোর মোর হৈব রতী
এহা ভালেঁ জাণে দেবলোকে।
এবেঁ তোক্ষে আকারণে তেজ মোর বচনে
পাছে পাইবেঁ বিরহ্ন শোকে॥ ৩॥
তোক্ষে পত্নমিনী জাতী তোক্ষার আইহন পতি
নপংসক সেহো কংস দাসে।
নহে তোর পতিযোগ আক্ষা সমে ভুঞ্জ ভোগ
গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

গুড্জরীরাগঃ॥ যতিঃ॥

রাজা বড় খরতর নাহিঁ শুণ কথা।
লঘু নটক পাইলেঁ কাটে তার মাথা॥
গোঁচরিআঁ ফল করাইবোঁ জেন জাণী।
তোক্ষেত ভাগিনা কাহ্ন আন্দেত মাউলানী॥ ১॥
আক্ষে নাগরি গোআলী বড়ায়ি চৌহালিনী।
কেহ্নে না চিহ্নসি আন্দা আইহনের রাণী॥ ধ্রু॥
হাথে তুলী লৈল কাহ্নাঞিঁ স্তবপ্লের বাঁশী।
আন্দাক দেখিআঁ তোন্দো আধিক রুপসী॥
দেখিতেঁসি পাইএ কাহাঞিঁ ভক্ষিতেঁ না পাই।
লাভে কিল বাড়ী খাই বান্ধিল জাই॥ ২॥
এভোঁ সুন্দর কাহাঞিঁ না কর বেআজ।
দিধি লাজাঁ যাইবোঁ মোএঁ মথুরার রাজ॥

আপনা চিনহ কাহ্নাঞি ছাড় মোর আশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৩॥

পাহাড়ীআরাগঃ॥ লগনী॥

কপুর বাসিত রাধা খাআর তামুল। টুটুক কাম আনল দেহ চুম কোল।। ১।। কোণ পুরাণে কাহ্ন হেন শুণিলী কাহিণী। তোক্ষে ভাগিনা কাহ্নাঞি আক্ষেত মাউলানী।। ২।। মাউলানী মাউলানী রাধা ঘোসসি তুওে। মোর পাঁচ শর তাপ পড়ু তোর মুণ্ডে।। ৩।। কথাঁ না বসসি কাহাঞিঁ কথাঁ তোর ঘর। মোর কংস নৃপতীক না করহ ডর।। ৪॥ কি করিতেঁ পারে তোর সে না কংস রাঅ। দৈবকী নন্দন কাহ্ন কাখে। না ডরাহ্ম।। ৫।। আক্ষাকে বল কৈলেঁ তোর নাহিঁ কিছু ফল। মাকডের হাথে যেহু ঝুনা নারীকল।। ৬।। ভাগু ভাঁগিবোঁ রাধা খাইবোঁ দধী। আঞ্চলে ধরিবোঁ মোর না জাণসি শুধী ॥ ৭ ॥ আঞ্চলত না ধরহ শুণ অবুধ। সমুচিত ফল পাইবেঁ নঠ হৈলেঁ দুধ॥৮॥ ভুজযুগে বান্ধী রাধা দশন দংশনে। মোর সমুচিত ফল কর রুষ্ট মণে॥ ১॥ নাগরালী তেজ কাহাঞি নেবারহ মন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ ॥ ১০॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

মখ কমলে আতি শোভা করে

খঞ্জন নয়ন তুঈ।

ক্রাহি কাল শাপ যুগল তাহাত

শোভএ নিচল হোই॥

আন যদি দেখে রাজ পদ পাএ

নানা উপভোগে নহে।

আছু রাজ পদ দুর বড়ায়ি

জীবন মোর সন্দেহে॥ ১॥

হাণ যোড় করিআঁ৷ ভকতি করোঁ

জীউ দান দেহ বড়ায়ি।

বোল রাধারে মানু স্থরতী

তবেঁসি জীএ কাহ্নাঞি ॥ ধ্রু ॥

মাণিক জিণিআঁ দশন তুতী

গীএ সাতেসরী হারে।

ক্র কমল বাহু মুণাল

হেম ঘট পয়োভারে ॥

নাভী তার নদ ঘাট ত্রিবলী

ঘন জঘন পুলিনে।

উচিত তাহাত কল হংস

সমর্এ কনক রসনে॥ ২॥

রাধার নিতম্ব মণ্ডল আড়ন

রোমাবলী কিরিপানে।

আতি আদভুত বিণি ঘাএ হাণী

विकल किल भवार।

ভিতরে অনঙ্গ আনল জলে বাহিরে কেহো নাহিঁ জাণে। নাহিঁক নিস্তার এহাত আন্দার কহিলোঁ তোর চরণে॥ ৩ ॥ উরুযুগ শোভে রাম কদলী থল কমল চরণে। জিণিতাঁ আতি রাজ হংস রাধার মন্তর গমনে ॥ পথিবীত আন্দ্রে আবতার কৈল তার স্বরতীর আশে। বাসলী চরণ শিরে বন্দিওঁ। গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

ক্লফস্ম বচনং শ্রুত্বা জরত্যা প্রতিপাদিতং। অথাধি ভবতো রাধা জগাদ জরতীমিদং॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥
কাহ্নাঞির বোল স্থাী তোক্সার মুখে।
হৃদয় কাম্পএ মাের আতি বড় ছুখে॥
এহা পথে যদি কাহ্নাঞি লৈল মাহাদাণ।
দান এড়ি কেহেু করে রূপের বাখান॥ ১॥
আতি বড় ছুফ্ট হৃদয় বনমালা।
তোক্সাখো বড়ায়ি মাের হের পুটাঞ্জলী॥ ধ্রু
কাহ্নাঞির বোলে কেহেু পাত্রি কানে।
কেহেু বা তাহার বোল কহু মাের থানে॥

তোক্ষা নিয়োজিল সাস্থড়ী আক্ষা রাখিবারে।
তাহাত উচিত হএ হেনসি বেভারে॥ ২॥
রাখোআল কাহাঞি সৈ বড় আছিদর।
তাহার বোলত কেহে তোক্ষার আদর॥
তোক্ষাত আছএ যবেঁ রতি পতিআস।
আপণেই চল তবেঁ কাহাঞির পাশ॥ ৩॥
এভোঁহো চিন্তহ যবেঁ আক্ষার হিত।
কাহ্রের বচনে তবেঁ না দিহু চীত॥
নৌন করিআঁ তুহেঁ থাকি এক পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

ইত্যক্ত্বা রাধিকা মৌন মাস্তায় চিরমে কতঃ।
চকার বসতিং নএবদনা বৃদ্ধয়া সহ॥
অথ পঞ্চশরক্ষমনাঃ ক্ষো মুনিরতং।
রাধয়াসীক্তং মন্তা রভসাদিদমাহ তাম্॥

কোড়ারাগঃ॥ একতালী॥

হংস রএ সরোতারে

শুআহো পাঞ্চরে

কুয়িলী সে নন্দন বনে। একেঁ একেঁ সখিজন সন্দা

সন্মাক বোলাইলোঁ

না পাইলোঁ তোক্ষার বচনে॥ ১॥ বালি যাইবে ল আক্ষা উপেথিআঁ। এড়িতেঁ না ফুরে মন যৌবন দেখিআঁ। ধ্রু॥ সোণার কটুআ ছুটি মাণিকে পুরাঝাঁ। নেত বসন তাত ওহাড়ন দিআঁ॥ আক্লা ভাণ্ডী লআঁ যাহ আমূল ভাণ্ডার।
কাপুলী ঘুচাআঁ লৈবোঁ তাহার বিচার॥ ২॥
সংপুন পুনমী চাঁদ তোক্ষার বদন।
কাপ্ত হলদি যেন তোক্ষার বরণ॥
আকাইলেক কেশ তোর স্থচিত্রক মাঝা।
তোর রূপেঁ মোহো গেলা ত্রিদশের রাজা॥ ৩
তোর মুখ দেখি রাধা খাণিএক হাস।
দেখোঁ দশনের তুকী চন্দ্র পরকাশ॥
ছাড়হ বিমতী রাধা দেহ আলিজন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

মল্লাররাগঃ॥ রূপকং॥ লগনী॥
আরে ভৈরব পতনে গাঅ গড়াহলি গিআঁ।
গঙ্গা জলে পৈস গলে কলসি বান্ধিআঁ॥
হেন যদি কর কাহ্নাঞি আক্ষার বচনে।
তবেঁ তোর হএ পাপ সাগরে মোচনে॥ ১॥
বিচারিআঁ চাহ কাহ্নাঞি আগম পুরাণে।
কত পাপ হএ কৈলেঁ পর দার মনে॥ ধ্রু॥
তোর তুই উরু রাধা ভৈরব পতনে।
নিকটে থাকিতেঁ দূর জাইবোঁ কি কারণে॥
তোর তুঈ কুচ কুন্ত বান্ধি নিজ গলে।
বোল রাধা পৈসোঁ মো লাবণ্য গঙ্গা জলে॥ ২
ত্বন স্থবদনী রাধা আইহনের রাণী।
পাপের খণ্ডন বুধী আক্ষে ভালে জাণী॥ ধ্রু॥
কিছ না বুঝসি কাহ্নাঞি ধরম বেবথা।
আন বুলিতেঁ আন পাতসি কথা॥

বুঝিল কাহ্নাঞি বুঝিল তোক্ষার মন।
তোক্ষা হেন পৃথিবীত নাহিঁক টেটন॥৩॥
বিরোধ না কর কাহ্নাঞি জাইতেঁ দেহ ঘর।
বিহাণ আইলাহোঁ ভৈল তিঅজ পহর॥ ধ্রু॥
আক্ষার বচন রাধা স্থন পরমান।
বিণি রতি পাইলেঁ তোক না এড়িবে কাহু॥
এআ জাণী বৈশ রাধা আক্ষার পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চঞীদাসে॥৪॥
আক্ষার পাশক রাধা আইস সন্থরে।
নহেত বান্ধিআঁ থুইবোঁ দানের আন্তরে॥ ধ্রু॥

মালবরাগঃ॥ রূপকঃ॥ লগনী॥

এত বড় রাজা ভৈল ধনের কাতর।
পথে মাহাদাণী থুইল হেন আছিদর॥ ১॥
কাহারো আধিন নহে দেব বনমালী।
আপণে স্থাল বোল রাধা ল গোআলী॥ ২॥
মোর দিধি ঘতে কেছে তোক্সে মাহাদাণী।
তোক্সে ভাগিনা কাহাঞি আক্ষেত মাউলানী॥ ৩॥
বাটে হাটে ঘাটে কাহাঞি আক্ষেত মাউলানী॥ ৩॥
বাটে হাটে ঘাটে কাহাঞি বাঁর দান বটে।
ভাগু মাথে বোল পন কড়াহো নাহিঁ টুটে॥ ৪॥
সবেঁ ষোল পোণ দেহ দধির পসারে।
মিছাই ঝগড় কর কাহাঞি গোআরে॥ ৫॥
পুরুব জনমে কৈল জলধি মথানে।
তোক্সে লক্ষ্মী রাধা এবেঁ আক্ষে হির কাছে॥॥
সকল পুরুব কথা মিছা কহ তোক্ষে।

তোকোত না জাণ রাধা আক্রার মায়া।
স্বৰ্গ্য মত্য পাতালে আক্রার এক কায়া ॥ ৮ ॥
রাখোআল হজা বোল জগত নিবাস।
স্থাণিআঁ করিব তোরেঁ লোক উপহাস ॥ ৯ ॥
বিণি দান পাইলেঁ আজি না এড়িবোঁ তোরে।
গাইল বড় চণ্ডাদাস বাসলী বরে॥ ১০॥

মলাররাগঃ ॥ একতালী **॥**

ঘুত দধি নঠ কইলি আরেরে কাহ্নাঞি ল व्याखन किनी (घान परी। কি আরে কাহ্ন। পুবের স্থকজ পশ্চিমে আথ জাএল। এডি জাএ গোআলিনা সহী ॥ ১ ॥ জাইবার না দিলি মথুরার হাটে ল। দান ছলে রোক্ষসি বাটে ॥ ধ্রু ॥ গোপীজন সঙ্গে আন্দে ছছন্দে বুলিলোঁ ল বিকো জাওঁ মথুরার হাট। মো কেন্ডে জাণিবোঁ কাক্সাঞি পথে মাহাদাণী ল কাল ভৈল যমুনার বাট ॥ ২ ॥ ধর্ম্মের কাহ্নাঞি তোক্ষে ধর্ম্মে মাহাদাণী ল ধর্ম্ম ছাড়ী কেন্সে হেন করী। চারি পাস চাহোঁ যেন,বনের হরিণী ল নিজ মাঁসে জগতের বৈরী ॥ ৩॥ সবসলি লাগে মোর কানের কুগুল ল বৈরী ভৈল পরিধান বাস।

বাসলী চরণ শিরে বন্দিআঁ ল গাইল বড়ু চণ্ডাদাস ॥ ৪ ॥

মল্লাররাগঃ ॥ রূপকং ॥ পএর মগর খাড়, মাথে ঘোড়া চুলে। চাঁচরী খেলাওঁ মোএঁ যমুনার কুলে॥ খেডী খলাইএ আক্ষে নান্দের ঘরে। নিন্দ না জাএ কংসরায় মোর ডরে ॥ ১ ॥ কিকে রাধা আজি তোক্ষে মথুরাক জাইবেঁ। স্কুরত সংভোগে রাধা বুন্দাবন পাইবেঁ॥ ধ্রু॥ কণআ সদৃশ রাধা তোক্ষার গাঅ। হংস গমনে রাধা বাঢাসি পাত।। আতি কঠিন কুচ তোর মাঝা খিনী দেহা। হেন রূপ যৌবনে না (१) পাতিসি নেহা॥ ২॥ না কর স্থন্দরি রাধা আন জঞ্চাল॥ আমিআঁ বরিষে তোর নয়ন বিশাল ॥ থোঁপাঁত লুলয়ে তোর দোলক্ষের মাল। এতেকেঁ ভুঞ্জিতেঁ রতি তোর এহি কাল।। ৩॥ বিশ্বফল জিণী তোর আধরের কান্তা। মুকুতা সদৃশ তোর দশনের ছুতী॥ তোহোর যৌবনে মোর মজি গেল মন। গাইল বড় চণ্ডীদাস বাসলীগণ ॥ ৪ ॥

নিপীয় ক্লফবচনং রাধিকাধিমতী সতী বেপমানতন্তত্ত্বী জগাদ জরতীমিদং ॥

ভাঠিমালীরাগঃ॥ ক্রীড়া॥ ঘুত দ্ধি দুধেঁ পুসার সজাজা পিন্ধিলোঁ পাটের সাডী। খোম্পাত উপর গুজুরে ভ্রমর তাহাত কাহ্নের ধাডী॥ ১॥ কান্দে গোআলিনী পাগলি হআঁ৷ কি লআঁ জাইবোঁ ঘরে। কাহ্ন মাহাদাণা **प्रिथ श्राट्य** কংসক না করে ডরে॥ ধ্রু॥ কদম তলাত বসিআঁ কাহ্নাঞি নাকে মুখে বাঁশী বাএ। দধি খাএ কাহ্নাঞি আর ভাণ্ড ভাঁগে বলে আলিঙ্গন চাহে ॥ ২ ॥ নাকডি তলাত বসিগাঁ কাহাঞি বলে কাটা খাএ খীরে। জখন দেখোঁ মো কাল কাহ্নাঞি ডরেঁ চিত নহে থীরে ॥ ৩ ॥ পাপে মন দিআঁ৷ নটক কাহাঞি (गांकूल कुल विनार्भ। বাসলী চরণ শিরে বন্দির্জা গাইল বড চণ্ডীদাসে ॥ ৪॥

রাধারা বচনং শ্রন্থা জরতগা প্রতিপাদিতং। জগাদ চতুর: কৃষ্ণ: সতুষ্ণো রাধিকামিদং॥ পাহাড়ীআরাগঃ । ক্রীড়া ॥

তোর বিরহে চিত্ত বেআকুল
না ছান্দো না বান্ধো গাই।
ছান্দের দড়ী সবই হারাইলোঁ
বাছার উদ্দেশ নাহিঁ॥ : ॥

ন, সব খন গোঠ উদাওঁ বুলে
তোর ভাবেঁ কাহ্নাঞিঁ।

কেহো বোলে মার কেহো বোলে ধর
যার বাড়ী জাএ গাই॥ ধ্রু॥

রাধে ল----

(ইহার পর ৪১এর পাতা নাই।)

বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৩॥

নিশ্ম্য কৃষ্ণবচনং রাধিকাধিমতী সতী বেপমানতমুম্ভনী জগাদ জরতীমিদং॥

পাহাড়ীআরাগঃ॥ রূপকং॥ \
পাথি জাতি নহোঁ বড়ায়ি উড়ী পড়ি যাওঁ।
যথাঁ সে কাহাঞির মুখ দেখিতেঁ না পাওঁ॥
হেন মন করে বিষ খাআঁ মরি জাওঁ।
মেদনী বিদার দেউ পসিআঁ। লুকাওঁ॥ ১॥
সক্রপেঁ মরিবোঁ। তবেঁ শুণহ বড়ায়ি।
পত্তে বল করে যবেঁ আবাল কাহাঞি ॥ ধ্রা॥

দিধি খাএ ভাণ্ড ভাঁগে ছুধে দেয়ি পাণী।
সমুদ্ধ না মানে সে ভাগিনা মাউলানী॥
তিন লোক খাআঁ বোলে আন্ধার গোমালী।
জগজনে বোলে সে ভাগিনা বনমালী॥২॥
শিশু হেন দেখি কাহ্ন বড় কাজ করে।
এড় এড় বুলিতেঁ আধিকেঁ করে ধরে॥
তার বোল বুলিতেঁ সব গাঅ বিষ জলে।
নান্দো যশোদার পোহ্ম পম্থে বল করে॥৩॥
আতি বড় ছুরুজন বাটত কাহ্ন।
বার বরিষের মোকেঁ মাঁগে মাহাদান॥
দাণ ঘাটের কাহ্ন এড়ু পতিআশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥৪॥

ককুরাগঃ॥ রূপকং॥ লগনী॥

স্থন ল স্থন্দরি রাধা
তাক বৈরী আবাল গোপালে।
মোএঁ গদা হাথে ধরোঁ
দেহ দান না কর কচালে॥ ১॥
আক্রে আইহন গোআলী
দশশু মুখেঁ পরবত টালী।
ভোরে বোলোঁ বনমালী
বাপেঁ মাএঁ দিবোঁ গালী
পন্থ ছাড় ভৈল এত বেলী॥ ২॥

আক্ষা শিশু না দেখিহ স্থণ ল স্থন্দরি রাধা আক্ষে কলি ত্রিদশ ঈশরে।

স্থন্দরি সরূপে শুন বজর কত প্রমান

তার ঘাএঁ পরবত চূরে॥ ৩॥

হাথে মৌহারী বাঁশী গোজাল গোঠ রাখসি পত্তে বসী সাহ মাহাদানে। কতেক করসি দাপ সহিতেঁ নারিবি চাপ বিলম্ব করহ কি কারণে॥ ৪॥ পামরী ছেনারি নারী হআঁ বড় আছিদরী আসহন বোলহ সকলে। তোর ভাল রিত নহে কে তোহোর হেন সহে দান লৈবোঁ ধরিআঁ আঞ্চলে॥ ৫॥ রাজা বড় গুরুবার আইহন খুরের ধার কিকে কাহণাঞি করহ কচালে। ঘরত বুলিবোঁ যবেঁ লঘুতা পাইবেঁ তবেঁ পাছে দোষ না দিহ আক্ষারে॥ ৬॥ স্থণ রাহি স্থন্দরি মারোঁ যবেঁ নহ তিরী বাটে দান তোক্ষার না ছাড়োঁ। তোর রাজা কংসাস্থর তার দাপ করোঁ চুর আন কোন বির সমেঁ ভিডেঁ। ॥ ৭॥ ঝগড় না কর পথে যোড় হাথ করি বোলোঁ সম্চিত নেহ মোর দানে। তোর পরসাদেঁ জাওঁ আন পাণী নাহিঁ খাওঁ সাঁঝ ভৈল আইলো বিহানে ॥৮॥ ুনা লইবোঁ তোর দান মোর বোল পরমান দেহ মোরে কুচের পাশে। বাসলী চরণ শিরে বন্দিআঁ গাইল বড চণ্ডীদাসে॥ ৯॥

কোড়ারাগঃ॥ রূপকং॥

উনমত নহ কাহাঞি মন কর থীর। মোর পাশ নাহিঁ জাএ আইহন বীর॥ বলেঁ চুম যদি দিবেঁ দশনের ঘাত। তবেঁ কোণ ছলেঁ ঘর জাইবোঁ গোপীনাথ॥ ১॥ প্রণাম করিজা বোলোঁ দেব গদাধর। একবার দয়া করী আহ্বা পরিহর ॥ ধ্রু ॥ কেহে হেন কহ হআঁ গোআল জাতী। পর নারীকে কেন্সে কর্হ আরতী॥ नान्म (गान र्यानाल रेटरवं कान गर्जै। মণে পরিভাবি কাহ্ণাঞিঁ তেজহ বিমতী ॥ ২॥ দানের আন্তরে কাহ্ণাঞি নেহ মৃতীম হার। নাহিঁ যাবোঁ কাহ্নাঞি মথুরাক আরবার॥ ঘুত তুধ নঠ মোর সকল পসার। সাস্থ্রতী ননন্দ মোর আতি চুরুবার॥৩॥ প্রথম বর্ত্র মে মোঁ রাধিকা গোআলী। না জানোঁ স্থরতি ভাব স্থণ বনমালী॥ এডহ বাগড কাহাঞি জাইতে দেহ ঘর। গাইল বড় চণ্ডীদাস বাসলী বর ॥ ৪ ॥

ধানুষীরাগঃ॥ যতিঃ॥

ত্রিদশের নাথ আক্ষেঁ কাহ্নাঞিঁ। ল। আল রাধে খোজিলেঁ আক্ষা পাইবেঁ নাহিঁ॥ বড় আশে আইলোঁ তোর ঠাই। পাইল নিধি কেনা বিহড়ায়ি॥ ১॥ বারেক রাখহ জীবনে।
তোরে দিবোঁ আমূল রতনে॥ গ্রন্থ ॥
যাবত যৌবন কালে।
তাবত সরস শৃষ্ণারে॥
এবেঁ মোর মনে হউ স্তথ।
বিকস্থ কমল তোর মুখ॥ ২॥
চাহ মোরে আড় করী দীঠে।
কোণ দোষেঁ দিআঁ যাহ পীঠে॥
এবেঁ দেব কাহ্ন গদাধরে।
কাম সাগরে কর পারে॥ ৩॥
কেলি করি জাই বৃন্দাবনে।
দেহ মোরে সরস বচনে॥
কাহাঞিঁক না কর নিরাসে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

গুড্জরীরাগঃ ॥ রূপকং ॥ লগনী ॥ জয়জয়

কে বোলে গদাধর কে বোলে কাহ্ন।
বাটে বাটোআড়ী করী সাহে মাহাদাণ॥ ১॥
আন্ধা না চিহ্নসি তোএঁ মুগধী গোআলী।
শঙ্খ চক্র আন্ধা গদা শারঙ্গ ধরী॥ ২॥
রাখোআল কাহ্নাঞিঁ বোলসি দেব হরী।
না জাণো কংস স্থণিলেঁ এহাএ মরী॥ ৩॥
প্রাণে মারিবোঁ কংসাস্থর মোএঁ হেলে।
দান লইবোঁ তোক মো ধরিবোঁ বলে॥ ৪॥
বোল শত গোআলিনা জাইএ বিকে হাটে।
মাগু কিলেঁ কিলাজাঁ মারিবোঁ তোকাা বাটে॥ ৫

ছাওআল না দেখ মোরেঁ মাথে ঘোড়া চুলে।
মুণ্ডেঁ মুণ্ডেঁ ডুসাআঁ মারিবোঁ তোক্ষা হেলে॥ ৬
তোক্ষার বিরত কাহ্নাঞিঁ তিরীর উপর।
এতেকেঁ পাইল তোক্ষা মহন্ব বিথর॥ ৭॥
তেজ আল জঞ্জাল রাধা দেহ মোরে দান।
বিণী দানে না এড়িব আজি তোক্ষা কাহ্ন॥ ৮॥
পথ বিরোধ না কর নান্দের নন্দন।
দয়া কর মোরে হের ধরোঁ চরণ॥ ৯॥
স্থরতি মানিআঁ রাধা জাহা নিজ ঘর।
গাইল বড়ু চঙীদাস বাসলী বর।। ১০॥

নিপীয় কৃষ্ণবচনং রাধিকাদিমতী সতী। বেপমানতক্ত্ত্বী জগাদ জরতীমিদং॥

ধাসুষীরাগঃ॥ রূপকং॥

সাস্থড়ী ননন্দ মোর ঘরে ছরুবারে।
কোণ ছলেঁ জাইবোঁ ঘর নহোঁ সতন্তরে॥
শ্রীফল সদৃশ কুচ সেহো মোর বৈরী r
বোলহ বড়ায়ি এবেঁ কোণ বুধী করী॥ ১॥
প্রাণ লজাঁ থেড়া ভৈল আগ হে বড়ায়ি।
সামীর নিজ ধন খোজন্তি কাহাঞি ॥ গ্রু॥
হার কান্ধন মোর কাঞ্চ্লীতে দেএ টান।
হেন কহোছাল মারে লএ পরাণ॥
চুম্বন দিবারেঁ চাহে বদন কমলে।
আলিক্ষন চাহে কাহাঞি বিরহের জরে॥ ২

কাহাকে বুলিএ রতী না জাণো ব ঢ়ায়ি।

হেন বিপরীত কথা কহন্তি কাহাঞি ॥

শোএঁ শিশুমতী বড়ায়ি করোঁ কোণ বুধী।
শুণিআঁ বা কি বুলিবে সামী গুণনিধী॥ ৩

অমূল রতন মানে ধরে মোর হাথে।

মাজে স্থরতি দান সান দেই মাথে॥

নিষধ নিষধ বড়ায়ি শ্রীমধুসূদন।

গাইল বড়, চণ্ডাদাস বাসলী গণ॥ ৪॥

রাধায়া বচনং শ্রুষা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ রুফঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

দেবের দেব আকো শ্রীবনমালী।
ছথেঁ গেল চিরকাল স্থণ ল গোআলী॥
এবেঁ শুখ ভুঞ্জিতেঁ মোর গেল মন।
পালাউ জরম ছখ দেহ আলিঙ্গন॥ ১॥
না চিহ্নিলি আল রাধা না শুণিলি বাত।
গোকুলত মাহাদাণী শ্রীজগন্নাথ॥ গ্রু॥
শন্ধ চক্র গদা আকো শারঙ্গ ধরী।
আকাা না চিহ্নিস রাধা মুগধী গোআলী॥
কোপেঁ শচীপতি যবেঁ বরিষএ ধারী।
গোকুল রাখিল আকো করে গিরী ধরী॥ ২
শন্তু সম বান্ধি খোঁপা পাটোল পহিআঁ।
বিকে যাসি গোআলিনী লাস করিজা॥

বিধিএঁ গঢ়িল রাধা তোর তুঈ তন।
তা দেখিআঁ ভোলে পড়িলা জনার্দ্দন॥৩
বারে বারে গোআলিনা দধি বিকে যাহা।
দান ভাঙ্গিআঁ মোর নিতেই পালাহা॥
ছাড়িব দান রাধা দেহ আলিঙ্গন।
গাইল বড়ু চগুটান বাসলী গণ॥৪॥

নিপীয় কৃষ্ণবচনং রাধিকামতী সতী। বেপমানতন্তত্ত্বী জগাদ জরতীমিদং॥

ভাঠিআলীরাগঃ॥ রূপকং॥

আন ডাক দিআঁ বড়ায়ি নাপিতের পো।
কানড়া থোঁপা বড়ায়ি মুণ্ডায়িবোঁ মো॥
কানড়ি থোঁপা বড়ায়ি মোর ছক্ট তন।
যা দেখিআঁ কাহ্লাঞিঁ করন্তি যতন॥ ১॥
কি কৈলি কি কৈলি বিধি নিরমিআঁ নারী।
আপণার মাঁসে হরিণী জগতের বৈরা॥ ধ্রু॥
আলকে তিলক বড়ায়ি কাজল নয়নে।
এহা দেখি বেআকুল নান্দের নন্দনে॥
আর না পিন্ধিবোঁ বড়ায়ি স্থরক্স পাটোল।
এহা দেখি মাগে কাহ্লাঞিঁ বিরহের কোল॥ ২॥
মুছিআঁ পেলাইবোঁ বড়ায়ি সিশের সিন্দূর।
বাহুর বলয়া মো করিবোঁ শছাচূর॥
ছিণ্ডিআঁ পেলাইবোঁ বড়ায়ি সাতেসরী হার।
যা দেখিআঁ মাক্সে কাহ্লাঞিঁ নিবিড় শুক্সার॥ ৩॥

হেন মন করে বড়ায়ি দহে পৈনী মরী।
পরার পুরুষ সমেঁ ধামালী না করী॥
ধামালী বুলিতেঁ কাহেনা দিহলি আস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস।। ৪।।

রাধায়া বচনং শ্রুতা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ ক্লফঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥ লগনী নিতি নিতি রাধা যাসি বিকে। মোর মাহাদান ভাঙ্গাসি কিকে ॥ ১॥ নিলজ বড় গোকুলের কাহ্ন। কোণ বিতে তোর মাহাদান॥ ২॥ যুত দধি চুধ তোর পদার। মাহাদান কিকে ভাঁগ আন্ধার ॥ ৩ ॥ বিথর কালে বিথর শুণী। ন্মত দধি ছুধে বসে মাহাদানী॥ ৪॥ পুছিআঁ ঢাহা বলভদ্র ভাই। মোর মাহাদান তোকার ঠাই ॥ ৫॥ কিবা পুছিবোঁ মোএঁ বলভদর। তোক্ষাথো আধিক সে আছিদর ॥ ৬॥ বড়ার ঝি তোর ভাল নহে মতী। আজি করোঁ তোর পঞ্চ সঙ্গতী॥ ৭॥ এলোক ওলোক সে জন খাএ। সেহি এহা পথে মাহাদাণী বোলাএ॥৮॥

বার বরিষের আন্সার দান। বান্ধিআঁ তোক্ষার লইবোঁ পরাণ॥৯॥ কাহাক দেখাহ এ কঠি দাপে। বান্ধিতেঁ না পারে তোন্ধার বাপে ॥ ১০ ॥ স্থন্দরি রাধা মোর বোল শুন। ছাডিব দান দেহ আলিঙ্গন ॥ ১১॥ না জাণো কাহ্নাঞিঁ স্থরতি আশে। কেকে করহ হেন আভিহাসে ॥ ১২॥ গোআল জাতী আতি পণ্ডিফাঁ। পুরুষে আধিক তিরী আণ্ডিআ॥ ১৩॥ রাধাক রাখিল কাহ্নাঞি । গাইল চণ্ডীদাস বাসলী আই ॥ ১৪॥

পাহাডীআরাগঃ ॥ ক্রীডা॥

বিচিত্র খোঁপার

উপরেঁ রাধা

পুষ্প তোর শোভে মাথে।

কণ্ণের কুগুল

রতনে উজ্জল

তোর মুখ নিশানাথে॥

শিশের সিন্দুর

স্থুরেখ শোভে

আর দশনের যুতী।

বন্ধলী জিণিআঁ

ভোগার আধর

গিএ শোভে গজমৃতী॥ ১॥ রাধে দাণের কর স্থসারে।

পালাইলেঁ দান এড়ান না জাএ

পাইলেঁ মূল আফারে॥ ধ্রু॥

^{&#}x27;পডিহাসে' কাটিয়া 'আভিহাসে' করা আছে।

বারেঁ বারেঁ যাহা দধি হুধ লঙ্গা পালাইআঁ আন পথে। দৈবযোগেঁ আসি এবার রাধা পডিলা আক্ষার হাথে।। একবারেঁ তোর সব দান লৈবোঁ আর খাইবোঁ দধী। আন্মে জগন্নাথ নিদশ ঈশর তোকো নাহিঁ জান স্থা।। ২।। কনক মুণাল বাহুযুগ তোর কুচ উলট কটোরে। গ্রুত্ম জঘন স্থচিত্রিক মাঝা তাত বড় লোভ মোরে॥ রাম কদলী উরুযুগ চরণ থল কমল আকারে। এক এক আঞ্চে লক্ষ্ণ লক্ষ্ণ দান উচিত হএ আক্ষারে॥ ৩॥ এহা দান দিআঁ আপণ ইছাএ চলহ মথুরা নগরে। যবেঁ দান দিতেঁ না পারহ রাধা শুন আক্ষার উত্তরে॥ ঈসত হাসিজাঁ পাসত বসিজাঁ পুরহ আক্ষার আশে। বাসলী চরণ শিরে বন্দিখাঁ গাইল বড় চণ্ডীদাসে।। ৪।।

রামগিরীরাগঃ।। রূপকং।।

সাস্থ নিষ্ধিল মোরে বুলীল বহু দধি বিকে না জাইহ কালী। উ বেলি না জাইহ মথুরার হাটে ল। ভাগু ভাঁগিব তোর কাহে। আল দধি খাইব তোর আনে। আল রাজভাগিনা বল করিব তোরে বাটে॥ ১ আল মোরে তেজ বনমালী। সাস্থ তুরুবার ঘরে পাড়িব গালী ॥ ধ্রু ॥ মোএঁ আইহন বীরের গোআলী। আল বল না কর বনমালী। কংসে স্থাধি পাইলেঁ হইবেঁ তোক্ষে আপোষে। মোএঁ কান্দিআ সাস্থ জাণায়িবোঁ। তোর কাহ্নাঞি নাম পেলাইবোঁ। পাছেঁ বুলিবেঁ আবালী রাধার দোষে॥২॥ কাল হাণ্ডির ভাত না খাওঁ। কাল মেঘের ছায়া নাহিঁ জাওঁ। কালিনী রাতি মোঁ প্রদীপ জালিআঁ পোহাওঁ কাল গাইর ক্ষীর নাহিঁ খাওঁ। কাল কাজল নয়নে না লওঁ।

কাল কাহ্নাঞি তোক বড ভরাওঁ॥ ৩॥

আঠ চারি বরিষের বালা।
তোর মাথে শোভে ঘোড়া চুলা।
এহা বুঝী তেজহ কাহ্নাঞি আন্দার পাশে।
তেজ মিছা মাহাদানে।
ঘর যাহা নিজ মানে।
বাসলী বন্দিআঁ গাইল বড়ু চণ্ডাদাসে॥৪॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

কাল আখরেঁ তীন ভুবন বিচার। কাল মেঘের জলে জীএ সংসার॥ কাল গাইর ক্ষীর লাগে বড় কাজে। কাল রতনে হার শোভে দেবরাজে॥ ১॥ আকারণে আল রাধা নিন্দসি ক্লম্ভ কালা। সর্ববাঙ্গে স্থন্দর নান্দো যশোদার বালা॥ গ্রু॥ কাল চিকুর শোভে মাথার উপরে। কাল ভুরুহী শোভে বদন কমলে॥ কাল ভ্রমরে কমল বন শোহে। কাল কাজনে নারী জগজন মোহে॥২॥ কাল নাঞ্চন কোলে ধরে শশধরে। কাল আলক পাঁতী শোভএ কপোলে॥ কাল উত্তপল নয়নে শোভসি গোতালী। কাল স্থন্দর দেহেঁ শোভে বনমালী॥ ৩॥ কাল মেঘের পাশে শোভে পুনমির চন্দ। এহা বুঝী না কর রাধা তোঁ মন মন্দ॥ কাল কাহ্নের এবেঁ ধরহ বচন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

দেশাগরাগঃ॥ লঘুশেখরঃ॥

কাল কাহ্নাঞি তোক্ষে আন্ধা না উপেখ। কামে আন্ধল হআঁ বাট নাহিঁ দেখ। কাল শরীর কাহ্ণাঞি কাল তোর মন। দান ছলেঁ বাটপাড সর্বরখন॥ ১॥ আবুধ ছাওআল কাহ্নাঞি মাঙ্গসি দান। আইহন জানাতাঁ তোর লইবোঁ পরাণ ॥ ধ্রু ॥ কাঞ্চলী ভাঁগসি মোর ছিণ্ডসি হার। মিছাই লোডসি কাহাঞি আন্ধার পসার ॥ দ্ধি দ্বধ দ্বত খাইলি ভাঁগিলি ভাগু। গোআল কুলে কি তোক্ষে উপজিলা সাও।। ২ ঘত দধি দ্বধ ঘোল ছাডাআঁ মোর। বিমুখ হয়িআঁ খল খলি হাস তোর॥ তভোঁকোঁ নিলজ কাহ্নাঞি মাঙ্গসি দাণ। তোর মোর হৈবে কাহ্নাঞি বডয়ি বাখান॥ ৩ আপণা চিহ্নিআঁ কাহাঞি জাহা নিজ ঘর। মিছাই সাধহ দাণ হতাঁ আছিদর॥ পন্ত ছাড কাহ্নাঞি তেজ রতি আশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪ ॥

ললিভরাগঃ॥ রূপকং॥ লগনী॥

শুপত স্থন্দরি রাধা পাঞ্জীর বাখান।
বোল শত কুতাঘাটে মোর মাহাদান ॥ ১ ॥
এবেঁ রাজা হয়িল ধনের কাতর।
পথে মাহাদাণী থুয়িল হেন আছিদর॥ ২ ॥

আছিদর নহোঁ রাধা এ মতা এঁ থীর।
এ তীন ভুবনে নাহিঁ আক্ষাক বীর ॥ ৩ ॥
এ বোল বুলিতেঁ কাহ্নাঞিঁ মুখে লাজ বাস।
এতোঁহো নাহিঁ ঘুচে তোর মুখে হুধ বাস॥ ৪
ছাওআল নহোঁ রাধা আইহন গোসাঞিঁ।
না চিহ্নসি আক্ষা রাধা দেব কাহ্নাঞিঁ ॥ ৫॥
ঘুত হুধ লআঁ যাওঁ মথুরার হাট।
খাণিএক ছাড়িআঁ কাহ্নাঞিঁ "মোরে দেহ বাট। ৬
তোক্ষাত লাগিআঁ রাধা ভৈলোঁ পাগল।
তে কারণে রাধা তোরে পত্থে কৈলোঁ বল॥ ৭
পাগল হয়িলা যবেঁ যাহ বেজ ঘর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর॥ ৮॥

মলাররাগঃ॥ রূপকং॥

পুতনার প্রাণ লৈলোঁ আতি শিশু কালে।

সকট আন্তর মোএঁ দলিলোঁ হেলে॥
জমল আর্জ্জন রাধা তুঈ আন্তর।
তাহারো পরাণ লআঁ নিলোঁ যম পূর॥ ১॥
গোআলিনী রাধা ল না বোল বীর দাপ।
এ তীন ভুবনে যানে আক্ষার প্রতাপ॥ ধ্রু॥
উনঞ্চাস বাএ রাধা কৈল ঘন গড়।
সাত দিন নয় রাতি গোকুলত ঝড়॥
বরিষে মুষল ধারা পাণী পাথর।
গোকুল রাখিলোঁ করে ধরি গিরিবর॥ ২॥
হমুমান মাহাবীর হৈলা সার্থী।
তবেঁ কৈলোঁ সেতুবন্ধ আক্ষে দাশর্থী॥

মাইল ইন্দ্রজিত ভায়ি লক্ষ্মণে।
জয় জয় হুলাহুলী দিল দেবগণে॥ ৩॥
স্থূণ তোএঁ আল রাধা আক্ষার কাহিণী।
কাহ্ন মাহাবীর জগতেঁ ভালেঁ জাণী॥
পাছে হারায়িবি কোলের নিধি কাহ্নে।
গাইল বড়ু চঞীদাস বাসলী গণে॥ ৪॥

নিপীয় ক্বঞ্চনং রাধিকাধিমতী সতী। বেপমানতন্তস্তবা জগাদ জ্বরতীমিদং।।

মাহারঠারাগঃ॥ রূপকং॥

কালিনী মাএ মোর নাম থুইল রাধা।
হাছি জিঠা কেহো তাত না দিল বিরোধা॥
আক্ষে তুখমতী নারী আঠ কপালী।
আসিজাঁ পড়িআঁ গেলোঁ কান্ডের ধামালী॥ ১
হরি হরি কিসকে চলিলোঁ বড়ায়ি মথুরা নগর
আক্ষা তুখমতী লআঁ তৈল আথান্তর॥ গ্রু॥
দিধি বিকে জাইএ বড়ায়ি বারহ বৎসর।
কোণোহো দানীর পোএঁ না দিল উত্তর॥
এবেঁ কাহাঞিঁ তৈল আতি বড় তুরুবার।
যাণাইবোঁ কংস যেন করএ বিচার॥ ২॥
গোআলার ঝি আক্ষে আতিশয় বালী।
মোর আশ ছাড়ুক নটক বনমালী॥
এক বেলি কান্ড মোর রাখুক সমান।
দয়া করী কান্ড মোরে দেউ জীউ দান॥ ৩॥

কাম্পিতেঁ কান্দিআঁ বোলোঁ তোক্ষার চরণে। একবার আক্ষা প্রতি দয়া ধর মনে॥ নিবারহ কাহ্লাঞি আক্ষার বচনে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলা গণে॥ ৪॥

রাধায়া বচনং শ্রুতা জরতাা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ রুঞ্চ: সতৃষ্ণো রাধিকামিদং॥

দেশাগরাগঃ॥ লগনী॥ ক্রীডা॥ আতি রুপসী পত্নমিনী জাতী দেখি থীর নহে মনে। তোর বিরহে চিত্ত বেহ্মাকুল মোএঁ না জীবোঁ কেনমনে ॥ ১॥ হেনক বচন না বোল কাহ্নাঞি তোর বাপে নাহিঁ লাজ। সোদর মাউলানীত ভোলে পড়িলাহা দেখিআঁ রূপস কাজ ॥ ২ ॥ মদন বাণে চিত্ত বেআকুল কিবা ঘেসিসি মামী মামী। মিছা কাজে মোকে ভাণ্ডিভেঁ চাহ সকল জাণিএ আক্ষী॥৩॥ ছাওআল কাহ্নাঞি বোল না বুঝসি বুঝিল তোক্ষার মতী। মোঁ জে গোআলিনী আবালী রাধা না জাণো র**ন্ধ** স্থরতী॥ ৪॥

20

আন্ধে সে কাহ্নাঞি গোলাল নাগর ভোক্ষার বার বরিষে। নহুলী যৌবন আতি শুশোভন স্থরতি দেহ হরিষে ॥ ৫॥ প্রথম যৌবন মুদিত ভাগুার তাত না সাম্বাএ চুরী। আন্ধার যৌবন কাল ভুজন্সম ছুইলেঁ খাইলেঁ মরী॥ ॥॥ আন্ধে সে কাহ্নাঞি তালে চন্দ্রাবলী মরণে তোকা না ছাড়ী। তোন্সার যৌবন কাল ভুজন্সম আক্ষেহো ভাল গারুতী॥ ৭॥ নাগর কাহাঞি মাকে বিগুতে আশেষ নেআঅ জুড়ী। কোণ বিবুধিএ হেন পথে আণিলে ----দারুণী বুটী ॥ ৮ ॥ নাগর দেখিআঁ দেহ আলিঙ্গন কিকে কর আভিরোষে। আক্ষার করমে তোক্ষাক আণিলে বড়ায়ির কমণ দোষে ॥ ৯ ॥ নালে নাপীএ তপত চুধ জুড়ায়িলেঁ সোমাদ তাএ। নহুলী যৌবন কাঁচ শিরিফল তাহাক কেহে। নাহিঁ খাএ॥ : ०॥ য়াত খিধা বসে নাগরি রাধা কিরা তার কাঁচ পাকাএ।

ষেমনে পাত্র তেমনে খাত্র
যা নাহিঁ খিধা পালাত্র॥ : ১॥
দীঠি দীঠি চাহি বোলোঁ মো কাহ্নাঞিঁ
আন্ধাক এড়িতেঁ জুআত্র।
সমুখ দীঠে পড়িলে বনত
ভূখিল বাঘ না খাত্র॥ ১২॥
আন্ধার বচনে স্থন্দরি রাধা
মনে কর হরিষে।
বাসলী চরণ শিরে বন্দিআঁ৷
গাইল বড়ু চগুলিসে॥ ১৩॥

ধানুষীরাগঃ॥ একতালী॥

দেখা দেখি বড় মিঠ আর মিঠ হাস।
তে কারণে আল রাধা আইলোঁ তোর পাশ॥
আলিঙ্গন দেহ চিত্তে হউক সোআথ।
তোকার কারণে আরতিল জগন্নাথ॥ ১॥
কিকে চাহিলোঁ রাধা আড় নয়নে।
আকুল পরাণ ভৈল তোর দরশনে॥ গ্রু॥
আঞ্চল চঞ্চল তোর নয়ন খপ্রনে।
আর্জুনের বাণ জিণী তাহার সন্ধানে॥
যে বোল বোলসি রাধা তাহাক করিবোঁ।
আকাশের চান্দ চাহা তাক আণি দিবোঁ॥ ২॥
আধর বন্ধুলী তোর বদন কমলে।
মাণিক জিণিআঁ তোর দশন উজলে॥
বারেক স্থরতি মান না কর নিরাসে।
পাছে কৈলী না পাইবোঁ দেব শ্বাকিকেশে॥ ৩॥

এক মুথেঁ তোর রূপ কহিতেঁ না পারী।
সর্ববাঙ্গে স্থন্দরি রাধা মোহিলী মুরারী॥
আলিক্সন দিআঁ তোষ নান্দের নন্দনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥৪॥

রুষ্ণস্থ বচনং শ্রুতা রাধিকাধিমতী সতী। বেপমানতর্ম্বরী জগাদ জরতীমিদং॥

বেলাবলীরাগঃ॥ একতালী॥

দহে পৈস্ত বডায়ি তিরীর জীবন। বৈরি হআঁ লাগিল এ রূপ যৌবন ॥ এহা দুখ বডায়ি গ সহিতেঁ না পারী। আপণ গাএর মাঁসে হরিণি বিকলী ॥ ১ ॥ হরি হরি স্থন বড়ায়ি মথুরা গমন নাহিঁ। বৈরি হআঁ লাগিল এ কাল কাহণাঞি ॥ ধ্রু ॥ কমণ আস্থভক্ষণে বাঢায়িলোঁ পা। হাঁছী জিঠী তাত কেহো নাহিঁ দিল বাধা॥ সোদর ভাগিনা বঙায়ি মাঙ্গএ স্থরতী। দিবওঁ পরাণ মোঁ করিবোঁ আত্মঘাতী॥ ২॥ সোনার চুপড়া বড়ায়ি রুপার ঘড়ী। নেত আঞ্চল সে দিআঁত ওহাডী॥ নঠ হৈল ঘোল ছধ আর নঠ ঘী। এডি জাএ মোক সব গোসালার ঝী॥ ৩॥ কান্দিআঁ জাণায়িবোঁ কাঁলে। পাছে কাহ্ণাঞি মোকে না দিহে দোষে॥

বোলহ কাহণঞি এভোঁ তেজু মোর আশ। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥৪॥

রাধারা বচনং শ্রুষা জরতাা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ কৃষ্ণঃ সতুষ্ণো রাধিকামিদং॥

কোড়ারাগঃ॥ একতালী॥ বেদ উদ্ধারিলোঁ ক্রীড়া সাগর জলে নীলাএ আন্দে মুরারী। দৈত্য দাণিলোঁ আস্কুর সংহারিলো শঙ্খ চক্র গদা ধরী ॥ ১ ॥ মটক কাহ্নাঞি কপট মতী কত না পাতসি মায়া। বেদ উদ্ধারিল তোক্ষার পরাণে সপত পাতাল গিআ॥২॥ রাম রূপেঁ রাবণ বধিলোঁ লঙ্কা কইলোঁ ছারখার। লক্ষণ সহাএঁ সাধিলোঁ মান সীতার কইলোঁ উদ্ধার॥৩॥ আকাশ প্রমান লক্ষার গড তোকার পরাণে তথা জাই। গ্রু রাখোআল গোঠে থাকহ মিছা বোলহ তুঈ ভাই॥ ৪॥ আংস যে কৃষ্ণ হরি বনমালী কৌতৃকেঁ রাখিলোঁ গাই।

মিছা না বোলোঁ আপণ বলেঁ দান সাধোঁ হুঈ ভাই॥ ৫॥ আছিদর কাহ্নাঞ্রিত বোল না বুঝসি মুখত বজর বসে। শুণিলেঁ কংস মরিঅঁ৷ জাইবি আপণ করম দোষে॥ ৬॥ বরাহ রূপেঁ দান্তের আর্গে তোলী ধরিলোঁ মহী। নরসিংহ রূপেঁ হিরণ্য বিদারিলোঁ। তোকো না জাণহ রাহী॥ ৭॥ বুঝিল কাহ্নাঞি ভোন্সার বিরত মিছা না করহ দাপে। আছুক তোহোর কথা হেন করিতেঁ নারে তোর বাপে ॥ ৮ ॥ অবুধ গোআলিনা বোল না বুঝসি মোর না জাণসি কুল। ক্ষত্রিয় কুলে জরম সাকার বীর পিতা শ্রীবস্থল ॥ ৯ ॥ না কর জঞ্চাল যাওঁ মথুরা ছাড়হ আক্ষার আশে। শিরে বন্দিতা বাসলী চরণ

কোড়াদেশাগরাগঃ ॥ একতালী ॥ যমুনার তীরে রাধা কদমের তলে তথি মাঝেঁ কাহ্নাঞির থানে।

গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ১০॥

বোলে চালেঁ এডায়িতেঁ না পারিবি রাধা ল দিআঁ যাহা স্থরতা দাণে॥ ১॥ পথে মাহাদানী কাহ্নাঞি আকো। কেন্সে রাধা না দেহ দানে ॥ গ্রু ॥ শঙ্খ চক্র গদা শারক্ত ধর্রো আন্ধে দেব ঐীবনমালী। সুব কলা সংপুনী আইহনের রাণী নাম তোর রাধা চন্দ্রাবলী ॥ ২ ॥ পুরুব কালতে তোর পতি চক্রপাণি তো এবেঁ পাসরিলি কেছে। তোন্ধার কারণে আন্দে আবতার কৈল দিআঁ যাহ আলিজন দানে॥৩॥ চন্দ্র বদনী রাধা স্থন মোর বোল তোত মোর আছে রতি আশে। তোর তুঈ কুচ মাঝে মোর মন গেল ল গাইল বড়্ চণ্ডীদাসে॥ ৪॥

গুজ্জরীরাগঃ॥ যতিঃ॥

আপণে বোল তোকো ত্রিদশের পতী।
তবেঁ কেন্ডে পর দারে মজে তোর মতী॥
গরু রাখি বুল তোকো মাঝ বৃন্দাবনে।
এবেঁ পাপ কাজে লাগি সাহ মাহাদানে॥ ১॥
ছাড়হ কাহ্যাঞিঁ তোকো পাপ বচনে।
আইহন শুণিলেঁ তোর লইব পরাণে॥ ধ্রু॥
ভূমি ছুইআঁ হাথ পরসওঁ তুঈ কানে।
এতোঁহো কাহ্যাঞিঁ তোত না ভৈল গেখানে॥

আক্ষাকে না কর কাহ্নাঞি আধিক যতনে।
কভোঁ না শুণিব আক্ষা ভোক্ষার বচনে॥ ২।
তোক্ষার বচন মোর না সান্ধাঞা কানে।
তভোঁহো কাহ্নাঞি কৈহে করহ যতনে॥
এহা বুঝী নিবারিআ পাপত মন।
বাহুড়ী আপণ ঘর করহ গমন॥ ৩॥
কিসক করহ কাহ্ন হেন পরবন্ধ।
তোর সমে আছে মোর নিয়ড় সম্বন্ধ॥
এহা জাণী ছাড় কাহ্নাঞি তাক্ষার আশো।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাসে॥ ৪॥

দেশাগরাগঃ॥ একতালী॥

থোঁপাত উপর তোর বউল মাল দেখী।
সিসের সিন্দূর তোর লক্ষ দান লেখা॥
নাসা তিলফুল তোর জগজন মোহে।
কাজলের রেখা তোর লক্ষ দান নহে॥ ১॥
না জাহা না জাহা গোআলী ওলাহা পসারা।
আক্ষে মাহাদানী তোর লইব বিচারা॥ ধ্রু ॥
য়ৢত দিধ তুধ ঘোল তোকার।
ভাগু মাথে ষোল পোণ দান আক্ষার॥
এবেঁ স্থন্দরি রাধে করিবেঁ কী।
আর জাইতেঁ না পাইবেঁ গোআলার ঝী॥ ২॥
কড়ী দিতেঁ না পারিবি মোর মাহাদানে।
এতোঁ দেহ আল রাধা আলিক্ষন দানে॥
কিকে পরিহর রাধা শ্রীমধুসূদন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৩॥

পাহাডীআরাগঃ।। ক্রীডা।।

দেহের দেবতা তোকো জগতের নাথ। বলে ধর আঞ্চলে থোঁপাত দেহ হাথ ॥ কাঞ্চলী ছিণ্ডিখা মোর বিদারহ তনে। না জাণো নান্দের পোল হেন করে কেছে ॥ ১ ॥ অপক্র কথা মোএ কহিবেঁ। কাহারে। পঞ্চ সঙ্গতি কৈল কাহ্নাঞি আক্ষারে॥ গ্রু॥ বাজর বলয়। মোর নিতেঁ চাহ হার। বলে চুম্ব চাহ আর পরস শুস্পার॥ ধরম লজিয়াঁ কাহাঞি পাপে দিলি মন। নিয়ত হইল তোর যমের করণ॥ ২॥ দধি খাই ভাগু ভাঁগি চুধে দেহ পাণী। সম্বন্ধ না মান কাহ্নাঞি ভাগিনা মাউলানী ॥ তুই লোক খাআঁ বোল আন্ধার গোমালী। জগ জাণে আন্ধার ভাগিনা বনমালী ॥ ৩॥ যবেঁ আন্দো না দিব কাহাতিওঁ তোৱে ফল। তবেঁ এহি মতেঁ পথে করিবি তোঁ বল ॥ বাঁটি গিআঁ আণাওঁ আইহন কংস রাএ। বাসলী শিরে বন্দী চণ্ডীদাস গাএ॥ ৪॥

ককুরাগঃ॥ একতালী॥ লগনী॥

আইস গোআলিনী

বইস কদমের তলে

সব তত্ত্ব কহো মোঁ তোকারে।

কর কুলজাঁ ঘাটে

কাহ্ন মাহাদানী বাটে

কোণ বুধি কোণ পরকারে॥ ১॥

স্থণ তেঁ৷ নিলজ কাহ্ন কিসক সাধহ দান কোন বিথু বথুর উপরে। জীবারে নারহ যবেঁ হেনক করহ তবেঁ ভিকা মাজহ ঘরে ঘরে॥ ২॥ আইহন সে জীএ কিকে হেন নারী পাঠাএ বিকে গোপ জাতা ধনের কাতরে। ্যার ঘরে হেন নারা সে কেফে ধন ছিখারী তোক্ষা বান্ধ। দেউ মোর ঘরে॥ ৩॥ হইএ মানে গোপ জাতা পতি ছাড়া নাহিঁ গতী ন্মত দুধেঁ সাজিএ পসারে। ু তোলে রাখোসাল জনে কডা চারী কড়ী ধনে আপণাক জাণ্হ ঈশরে॥ ৪॥ তোঁএ সে গোহাল (জায়া) না বুঝসি মোর মায়া আন্দে ত্রিভূবনে আধিকারী। আছি গোপ রূপ ধরী আন্দো যবেঁ মন করী তোক্ষাহো কিণিতেঁ তবেঁ পারী॥ ৫॥ যেবা হএ বড় জন তার নহে হেন মন বুঝিলোঁ মো তোক্ষার বচনে। পুণ্য থুইআঁ এক ভিতে পাপে মজাইআঁ চিত্তে আতী ধনা হআঁ সাধ দানে॥ ৬॥ স্বগ্ৰ্য মৰ্ত্য পাতালে মোর দান সর্ববকালে তোর আশেঁ আছো এহা পথে। এভেঁ৷ যবেঁ যৌবন রাখিবারে কর মন विकिं थे इरवाँ प्रेष्ट्रे शास्त्र ॥ १॥ • নটক টেণ্ডন কাহ্ন স্থূণহ (মোর বচন) কেন্সে কর স্থাপমানকে বাটে।

তোর কি বাড়িতে আছেঁ। তোর কিবা ভাত খাওঁ না মানসি কংস রাগ্য পাটে ॥ ৮ ॥ হইএ আক্ষে দামোদর মারিলোঁ আস্তর বল কত দাপ দেখাসসি মোরে। মারিবোঁ কংস আস্তুর তোর দাপ করো চুর দেখোঁ কে বা পড়িঘাএ তোরে॥ ৯॥ হঅ গ্রু রাখোআল বোল আকাশ পাতাল তা স্থাণি কে বা পাতিআএ। ৈ মোটো আইহন রাণী তোকো বাটে মাহাদাণা বল কৈলেঁ জাণায়িকো রাজাএ॥ ১০॥ বলে ভাগু ভাঁগিআঁ রাধা হে তোর সকল দ্বি খাইবোঁ আপণ ইছাএ। শিরে বন্দিআঁ ল বাসলী চরণ

বড়ু চণ্ডীদাস গাঞ ॥ ১১ ॥

ধানুষীরাগঃ॥ একতালী॥

কাহ্নাঞি তোর মান ধরে সকল ঋবি।
মাথে ঘোড়াচুল (হাথে) মনোহর বাঁশী॥
হেন কাহ্নাঞি ভাও ভাগিজা খাইলে দহী।
কাতে নিবেদিবোঁ মোঞ এগাঁ কেহো নাহি॥ ১
এখুনি বুলিবোঁ গিজা যশোদার থানে।
নিমাথি দেখিজা মোক বল করে কাহেল। প্রণ॥
কাঞ্চুলী ভাঁগিজাঁ কুচে দিভেঁ চাহ হাথে।
হেন বুঝোঁ তোক্ষার কাটিলে লাগে মাথে॥
এবেঁ সে জাণিলোঁ কাহ্ন বাটোআড় তোক্ষে। ২॥
কংশ জাণায়িজাঁ তোক কাটায়িব আক্ষে॥ ২॥

এত কাল আসি জাই করোঁ মো গোষালী।
কভোঁহো আন্ধারে কেহো না বুইল ধামালী॥
এবেঁ যশোদার পো মর বনমালী।
ধামালী বোলের পালাউক সলী॥৩॥
কি না ভাজা গেল মোর মথুরাক জাইতেঁ।
ভাগু ভাঁগি দধি খাইলে নান্দের পুতে॥
এভোঁহো কাহ্ণাঞিঁ মোক জাইতেঁ দেহ ঘর। গাইল বড়ু চণ্ডাদাস বাসলী বর॥৪॥

পাহাড়ীআরাগঃ॥ রূপকং॥

রাধে ছপহর বেলে

কদমের তলে

বলেঁ খাইলোঁ তোর দহী।

আঙ্গার আন্তরে

কোণ মন্তবে

না জাণোঁ কি দিলেঁত (রাহী)॥

তে কারণে মোর

চিত্ত বেসাকুল

তোঁ ছাড়া না জাণো আন।

আইস রাধা

যাই বুন্দাবন

রাখ গোকুলের কাহ্ন॥ ১॥.

রাধা কি দিআঁ করায়িলি বাই।

তিরি হআঁ রাধা

পুরুষ না মার

বারেক রাখহ কাহ্ণাঞি ॥ ধ্রু ॥ ভোখে ভাত নাহিঁখাওঁ রাধা শোষে পাণী নাহিঁ পীওঁ

তোর বিরহে চিত্ত বেআকূল।

তোর দরিশনে জীওঁ

আহোনিশি মোর চিত্ত বে**আকুল**। বাপ নান্দ ঘোষ চাহি**তাঁ বুলে**

ঘরক মন না জাএ।

মাত্ৰ যশোদা

কান্দিজা বিকল

ঘরে সোআথ না পাএ॥২॥

তিরীর যৌবন

রাতির সপন

যেহ্ন নদীকের বাণে।

আপণ পুনে

উত্তম জনে

হাথে তুলিতাঁ। দেহ দানে॥

'নানা তরুয়র

(य कल कल

আপণে তাক না ভখে।

সংসার আসার

পর উপকার

করিলেঁ কিরীত থাকে॥৩॥

গোসাল জাতী

তোঁ ভর যুবতী

নিতি বিকে যাসি হাটে।

তোর রূপ দেখি

সব জন মোহে

মঞ্জরে স্থখান কাঠে॥

আক্ষে দামোদর

বিরহে কাতর

তোর স্থরতির আশে।

वांत्रलो हुत्र

শিরে বন্দিতা

গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

মালবশ্রীরাগঃ॥ রূপকং॥

ধিক জাউ নারীর যৌবনে।

মোর তুঈ আখি ধারা শ্রাবণে॥

লোটাআঁ লোটাআঁ কান্দে রাহী।

মোরে হাট জাইতেঁ না দিলে কাহ্নাঞিঁ॥ ১॥

বুধি বোল দারুণী বড়ায়ি।

মোকে কাল হআঁ। লাগিল কাহণাঞি ॥ ধ্রু॥

কথা ছিল আছিদর কাকে।
কৈছে মোর রূপ বাখানে॥
ধরি লআঁ জাএ কুঞ্জ তলে।
আর স্থরতি চাহে বলে॥ ২॥
বোলে ভোখে ভাত নাহিঁ খাওঁ।
আর শোষত পাণি-নাহিঁ পীওঁ॥
বিরহে পোড়েক সব গাএ।
কাহু নিলজ মামাক রতি চাহে॥ ৩॥
ঘ্বত হুধেঁ সাজিলোঁ পসারা।
মোএঁ বিকে জাইতেঁ না পাইলোঁ মথুরা॥
এবেঁ মোরে রে বোল উপদেশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

রাধায়া বচনং শ্রুতা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ কুষ্ণঃ সতুষ্ণো রাধিকামিদং॥

রামগিরারাগঃ॥ রূপকং॥

বাসিত ফুলেঁ রাধা বান্ধসি কেশ।
আন্ধাত না পাত রাধা নাগরী বেশ।।
ভাগু ভাঁগিআঁ তোর খাইবোঁ দহী।
পড়িঘাউ আসি তোর আইহন কহী॥ ১॥
মোরে দাণ দিআঁ যাহা স্থানর রাধা।
নহে রূপ যৌবন থুইআঁ যাহা বান্ধা॥ ধ্রু॥
লক্ষার রাবণ বীর করিলোঁ চূর।
হেলোঁ দলিবোঁ তোর রাজা কংসাস্থুর॥

শোণিতপুর গিআঁ বিধিব বারণ।

যমুনার তীরে এবেঁ সাধোঁ মাহাদাণ ॥ ২ ॥

অসত্য না বোলোঁ বোলোঁ সত্য পরমান।

শতেক কুড়িএঁ রাধা নৈলোঁ মাহাদান॥
এহাত স্থানর রাধা না পাত ধারা।
নহে রূপ যৌবন দিআঁ যাহা বারা॥ ৩ ॥
নহুলী যৌবন হের তোর পরবেশ।

নেত বসন রাধা পির্মিলোঁ স্থ্রেশ॥

ছাড়িল সকল দান বৈশ মোর পাশে।
বাসলী শিরে বন্দা গায়িল চণ্ডাদাসে॥ ৪॥

ক্লফগু বচনং শ্রুলা রাধিকাধিমতী সতী। বেপমানতক্সলী জ্গাদ জ্রতীমিদং।।

মালব শ্রীরাগঃ॥ যতিঃ

বসি থাকে কদমের তলে।
বল করে দাণের ছলে॥
যবেঁ কাহ্নাঞিঁ করিবেক বলে।
ঝাঁপ দিবোঁ যমুনার জলে॥ ১॥
বুলিহ আইহন ঘরে।
রাধা পড়িলী কাহ্নের বেঢ়ে॥ গুল।
তার মাজ ননন্দ আক্ষার।
সকল ভুবনে পরচার॥
আপণ খাঝাঁ বোলে ধামালী।
সম্বন্ধ না মানে বনমালী॥ ২॥

বাহুর বলয়া লএ কাড়ী।
কানের হিরাধর কট়া॥
কাঞ্লী টানএ মোর গাএ।
কেহো এথা নাহিঁক সহাএ॥৩॥
শুন ভোকো আক্ষার বচনে।
জাণা গিআঁ গোআল আইহনে॥
না দিবোঁ কাহ্লাঞিঁরে আশো।
গাইল বডু চঞীদাসে॥৪॥

রাধায়া বচনং শ্রুতা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ রুষ্ণঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

কোড়ারাগঃ॥ রূপকং॥ লগনী॥

নিতি নিতি যাসি রাধা মথুরা নগরে।
তোর মাহাদন মেঁ। সাধোঁ সকলে॥ ১।।
কে তোরে দিল দান কথাঁ তোর ঘরে।
সরুপোঁ কাহাাঞিঁ মোকে কহত উত্তরে॥ ২॥
থাকোঁ মো গোকুলে নান্দো যশোদার ঘরে।
মাহাদান সাধোঁ মোএঁ তোক্ষার আন্তরে॥ ৩।
রাজা কংসান্তরে মোএঁ করিবোঁ গোহারী।
তোক্ষার জীবন তবোঁ নাহিঁক মুরারী॥ ৪॥
তোর কংস রাজা মোএঁ মারিবোঁ পরাণে।
যমুনার তীরে সাধিবোঁ মাহাদণে॥ ৫॥
ভাগিনা হইআঁ কৈলী পাপত মতী।
আজি হৈবে তোক্ষার পাঁচ সক্ষতী।। ৬॥

তিরী কলা মোর থানে না পাত তোঁ রাহী।
বিণি কাক্ষ সম্বোধেঁ গমন তোর নাহীঁ॥ १॥
কচাল না পাত তোক্ষে শুণহে মুরারী।
নাহীঁ দান বথু জাএ মথুরা নগরী॥৮॥
করপূর সম দধি ছুধের পসার।
তাহাত দান রাধে বহুত আক্ষার॥৯॥
ঘোল দধি ছুধ মোর মেলিলেক পাণী।
এবোঁহো ছাড়হ মোরে দেব চক্রপাণা॥১০॥
বিণি রতী দিআঁ। তোর নাহিঁক গমন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥১১॥

শৌরীরাগঃ॥ রূপকং॥

বিসিঅঁ। থাক কদমের তলে।
দান সাধসি যমুনার কূলে।
ধাল শত গোপী করসি বলে।
কংস শুণিলেঁ মরি জাইবি হেলে। ১॥
দানের কে তোঁ শুন মুরারী।
আইহন বীরের সে আক্ষে নারী। গ্রুণ।
মিছা পাতি দান করহ জংজাল।
আপণা না চিহ্নসি গো রাখোআল।
আতি আছিদর নহ কাহাঞিঁ।
ঝাড় তেজ আক্ষে হাটক জাই। ২॥
যবেঁ পথে মোরে করিবি বল।
তবেঁ হৈবে তোর মাথার ফল।
লোকে হৈবোঁ মোএঁ পুরুষবধী।
এভোঁহো তেজহ হেন নঠ বুধী। ৩॥

গুণী আগু পাছ আপণ মনে। অনুমতি দেহ মোর গমনে॥ আক্মার দানের তোঁ এড় আশে। বাসলী বন্দী গাইল চণ্ডীদাসে॥৪॥

ধাসুষীরাগঃ॥ একতালী॥

তোক্ষার যৌবনে রাধা মোর গেল মনে। আনেক চিন্ধিআঁ লৈলোঁ এহা পথে দানে।। বোল চালেঁ হাট জাঁইতেঁ চাহসি স্বন্দরী। এতেকে বুঝিএ তোক্ষার বড় আছিদরী॥ ১॥ কিকে বোলসি রাধা মোর মিছা দানে। আক্ষে বাটে মাহাদানী সব লোকেঁ জাণে ॥ ধ্রু। না জানসি রাধা তোঁ আক্ষার মরম। গোকুল রাখিল আন্দে বুঝিআঁ ধরম ॥ এবেঁ মো ভোক্ষাক লাগী ভৈলোঁ মাহাদানী। সরূপে জাণহ আন্দে দেব চক্রপাণী ॥ ২ ॥ পুরুষ বধের যদি ভয় তোর মনে। তবেঁ জীউ রাখ মোর একই চুম্বনে॥ এহাত স্থন্দরি রাধা না কর তোঁ আন। তোকার করিব আক্ষে উচিত সমান ॥ ৩॥ আন্ধার মজিল মন তোন্ধার যৌবনে। আহোনিশি বেআকুল ভৈলোঁ তে কারণে ॥ বিবুধি তেজিআঁ দেহ নিধুবনে আশ। বাসলী শিরে বন্দা গাইল চণ্ডাদাস ॥ ৪ ॥

বেলাবলীরাগঃ॥ রূপকং॥

জিতে পরকার নাহী বোল মাহাদানী। লোক ধরম নাহিঁ শুণী॥ যোল শত গোপীজন সন্মাক তেজিআ। সোদর মাউলানী পাইলী চাহিঅঁ। ॥ ১॥ মো কেন্ডে জাণিবোঁ কাহণঞি পথে মাহাদানী। একবার দিআর মেলানী ॥ প্রু॥ গরু রাখোআল তোক্ষে ধরম কারণে। তবেঁ কেহেল পর দারে মণে ॥ সরূপে যবেঁ তোকে দেব বনমালী। তবেঁ কেছে হেন কাম করী॥ ২॥ নটক কাহ্নাঞি তোর রাখোআল মতী। বুঝিল তোক্ষার যেহেন জাতী।। সব স্থিজন মোকে ছাডী কৈল গতী। একসরী ভৈলেঁ। নিমাথিতী ॥ ৩ ॥ এডহ আহ্বারে কাহ্ন না কর কচাল। হোর অহিসে আইহন গোবাল।। এহা জাণী ঝাঁট ঘুচ আন্ধার পাশে। वामली भित्र वन्ती शहिल हखीलात्म ॥ ८ ॥

রামগিরীরাগঃ।। আঠতালা।।

যমুনাত পার করী বাপ বস্থলে।
মতিমোর্যে আক্ষা থুইল গোআলার কূলে।।
জরম ভৈল মোর দৈবকী উদরে।
নিন্দ না জাএ কংস আক্ষার ডরে॥ ১॥

না কর আল রাধা মিছাএ জংজাল।
কোণ সকতী আইসে আইহন গোআল॥ ধ্রু ॥
দান খুজিতেঁ মোকে দেখায়সী সহী।
আজার বোলসি আজাত বাকী নাহাঁ॥
আজার আগুত রাধা না বোল মিছাএ।
আলিঙ্গন দিআঁ যাহা আপণ ইছাএ॥ ২॥
দধি তুধ লআঁ যাহা মথুরার হাট।
নান্দের নন্দন কৃষ্ণ এবেঁ লৈল বাট॥
আজা সমে রাধা তোঁএঁ না কর বাখান।
বার বরিষের মোর দেহ মাহাদান॥ ৩॥
বারেঁ বারেঁ ভাঙ্গী রাধা গেলা মোর দাণে।
আঁচলে ধরিলোঁ হের যাইবি কেনমনে॥
দান ছাড়ী এবেঁ চাহে আলিঙ্গন কাহে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

দেশাগরাগঃ॥ ক্রীড়া॥

যরের বাহির হৈতেঁ তেলিনি তেল বিচিতেঁ
কাল কাক রএ স্থান গাছের ডালে।
আগেঁ স্থনা ঘটে নারী হাঁছী জিঠিহো না বারী
চলিলোঁ তাহার উচিত পাওঁ ফলে॥ ১॥
আঁচলে না ধর কাহ্নাঞিঁ।
এড় কাহ্নাঞিঁ যাইবোঁ মথুরার হাটে॥ ধ্রু॥
হের মথুরার হাটে লক্ষ জন রহে বাটে
সন্ধাক এড়িজাঁ আন্ধার লহ পরাণে।
বিহা না কর আপণে কিসকে রাখহ ধনে
আপনে না ভুঁজ পরাক না কর দানে॥ ২॥

ভাগিনা তোক্ষাক জাণী বল করিতেঁ মেদনী উলটি জাএ।
তোক্ষেত গোআল জাতী ছাড়হ হেন বিমতী
ঘর গিজাঁ সম্বন্ধ পুছ মাএ॥ ৩॥
আক্ষে আতিশয় বালী লবলী দল কোঁয়লী
এহা বুঝি তেজ কাহ্নাঞি আন্ধার পাশে।
মিল্লিকা কলিকা পাশে ভ্রমর না পাএ রসে
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

গুড্জরীরাগঃ॥ রূপকং॥

তোর রূপ দেখি গদাধর। মদনে বেধিল আন্তর ॥ তোর বস ভৈল বনমালী। বিমতি ছাডহ চন্দ্রাবলী ॥ ১ ॥ কেহ্নে চুখ ভাবহ মনে। দেহ মোরে সরস বচনে ॥ গ্রু॥ এ তোর উন্নত যৌবনে। নিফল কর অকারণে॥ থির মতী বুঝহ আপণে। অনুচিত না বোল বচনে॥২॥ তভোঁ নাহিঁ তেজোঁ তোকারে। যদি জাএ জীবন আক্ষারে॥ তোক্ষাত মজিল মোর মণে। নিবারিব কাহার পরাণে ॥ ৩ ॥ আঁচলে ধরিলোঁ রতি আশে। কেছে মোর কর নিরাসে।

মন স্থাথেঁ বৈশ মোর পাশে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

কোড়ারাগঃ॥ অঢ়ুকঃ॥

আঁচলে না ধর কাহ্ন ডরেঁ কাঁপে গাতা। না জাণো শিশুমতী স্থরতির ভায়॥ আপণা ছাওআল বুঝি বড়ঈ কাহ্নাঞি । কাঁচ ফল ভাঁগিলেঁ কিছু রস না পাই ॥ ১॥ বারেক তেজ কাহ্নাতিঃঁ ল জাইবোঁ মথুরা। ফলের নাঅ কাহ্নাঞি নাহি সহে ভরা॥ ধ্রা॥ মালতী মল্লিকা কলিকাত নাহিঁ গন্ধ। এহা জাণী তেজ কাহ্নাঞি মোর অসুবন্ধ।। তাবত রস নাহিঁ ডালিম ডাকরে। ভাল মতেঁ যাবত নাহিঁ পাকএ ভিতরে॥ ২॥ বোল এক বোলোঁ তোকে স্থনহ অবুধ। জুড়ায়িলেঁ সোআদ লাগে তপত দুধ॥ তপত তুধ কাহ্নাঞি না লে না পীএ। ভূখিল হয়িলেঁ কাহ্নাঞি তুঈ হাথে না খাইএ॥৩॥ কিছুই না জাণো মোএঁ আতিশয় বালী। এবেঁ মোর আশা তেজ দেব বনমালী॥ ক্ষমা কর ঘর যাহা দেব গদাধর। গাইল বড়, চণ্ডীদাস বাসলী বর ॥ ৪ ॥

রামগিরীরাগঃ॥ একতালী॥ লগনী॥ সাবধান মনে রাধা স্থন মোর বোল। সরস হাদয় করি দেহ চুম্ব কোল॥ ১॥ না বোল না বোল হেন দেব চক্রপাণী। মোর কানে না সাম্বাএ তোর দুষ্ট বাণী॥ ২॥ কভোঁ রাধা নাহিঁ বোলোঁ মোএঁ পাপ বাণী। তোকো নারী মোর নহ আইহনের রাণী॥ ৩॥ এ বোল তোক্ষার কাহাঞি সহিতেঁ না পারী। কোণ কালত কাহ্নাঞি আন্দে তোর নারী॥ ৪॥ রামায়ন কথা রাধা কহিল তোক্ষারে। তভোঁহো মুগধী রাধা না চিহ্ন আক্ষারে॥ ৫॥ কত মিছা বোলহ স্থন্দর বনমালী। তোর বোলে ভাগুায়িলি নহে চন্দ্রাবলী॥ ৬॥ মুগধী গোহ্মালী তোঁ না বুঝসি কাজ। রতি রসেঁ তোষ মোরে পরিহরী লাজ ॥ ৭ ॥ নাহিঁ জাণো রতি রস দেব দামোদর। একবার দয়া করী আন্ধা পরিহর ॥ ৮॥ জিঅতেঁ না এডে রাধা কাহ্নাঞি[®] তোর পাশ। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৯ ॥

কৃষ্ণস্থ বচনং শ্রুত্বা রাধিকাধিমতী সতী বেপমানতমুস্তবী জগাদ জরতীমিদং॥

কোড়াদেশাগরাগঃ॥ একতালী॥
বোলেঁ প্রবোধিতেঁ স্থন বড়ায়ি ল
বড় নটক কাহ্হাঞিঁ।
ঘরক জাইতেঁ মোর স্থন বড়ায়ি ল
কিছু উপায় নাহীঁ॥ ১॥

কাহাঞি বড় ছুরুবার স্থন বড়ায়ি ল তোক্ষে কর প্রতিকার ॥ ধ্রু ॥ কাহাঞি র হাথে পড়ী স্থন বড়ায়ি ল মোএ হারাইলোঁ বুধী । উদ্ধার পাইএ যেন স্থন বড়ায়ি ল তোক্ষে চিন্ত সেহা বুধী ॥ ২ ॥ না জাণাইহ কাহাঞি কৈ স্থন বড়ায়ি ল তবেঁ নহে মোর ডর । স্থণিলে সে আস পাইব স্থন বড়ায়ি ল কাহ্ন বড় আছিদর ॥ ৩ ॥ যুগতী করিউ এবেঁ স্থন বড়ায়ি ল তোর মোর এক মনে । গাইল বড়ু চণ্ডীদাস স্থন বড়ায়ি ল বাসলী গণে ॥ ৪ ॥

পাহাড়ী আরাগঃ॥ একতালী॥ লগনী॥
না জাইব আল রাধা মথুরা নগর।
বাটে তুরুবার কাহ্নাঞি নান্দের স্থুন্দর॥ ১ ॥
নিছন লইআ কাহ্নাঞি থাকু এক বাটে।
আন পথে যাইব বিকে মথুরার হাটে॥ ২॥
যে বাটে যাইবি হাট দধি ঘত লআ।
সবই কাহ্নাঞি তোর খাইব তথা গিআ॥ ৩॥
সেহো পথে যবেঁ কাহ্নাঞি করে মোরে বল।
তোর মোর মেলিআ করিব তার ফল॥ ৪॥
দধি তুধ খাইবেক ভাঁগিবেক ভাগু।
হাদের কাঞুলী তোর করিবে খণ্ড খণ্ড॥ ৫॥

কাহ্নাঞি দেখিআঁ বড়ায়ি তোকে লাগে ডর। মাঞ্জ কিলে মারোঁ আজি যবেঁ করে বল ॥ ৬ ॥ এথাঁসি স্থন্দরি রাধা কর কাঠ দাপ। তথাঁ গেলেঁ হইবি যেক বাদিমার সাপ ॥ ৭ ॥ তোন্ধার বচনে বডায়ি মোতে ভৈল ভএ। কি বৃধি করিব এবেঁ বোলহ উপাএ ॥ ৮॥ দারুণ কাহাঞি চুরিত তার মন। চল রাধা পথ এডি যাইউ বনে বন॥৯॥ বনে যাইতেঁ বডায়ি কাহ্নাঞিঁ যবেঁ পাএ। তবেঁ না করিব বডায়ি কমণ উপাএ॥ ১০॥ দারুণ কাহ্নাঞি যবেঁ লাগ পাএ বনে। আপণেহি তবেঁ রাধা দিবোঁ মাহাদাণে ॥ ১১॥ নটক কাহ্নাঞি যবেঁ নাহিঁ লএ দাণে। তবে কি করিব বডায়ি চিন্তহ আপণে ॥ ১২ ॥ যে বুধি এড়ায়ি এ রাধা সে বুধি করিব। ঘরে গেলেঁ ভাল মন্দ কিছু না কহিব॥ ১৩॥ যতনে চিন্তুহ বড়ায়ি কিছু পরকার। যেমতেঁ আহ্বার হএ এবার উদ্ধার ॥ ১৪॥ বিণি রতি পাইলেঁ কাহ্নাঞিঁ না এডিব তোরে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বরে ॥ ১৫ ॥

রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥
নাহিঁ পুরে কাহ্নাঞিঁর প্রথম যৌবন।
তবেঁ কেহ্নে রতি প্রতি এত বড় মন ॥
এড়ায়িবারে কৈল বড়ায়ি এত পরকার।
এখোই না ধরে কাহ্নাঞিঁ উমত আকার॥ ১॥

আক্ষা সমে স্থরতি কান্ডের না জুআএ।
মাণিকে হিরাক বিন্ধে কেবা পাতিআএ॥ ধ্রু॥
তাহার হোতিত নহে আক্ষার মরণ।
হেন কাজ করিতেঁ তাহার কেন্ডে মন॥
এখো না বুঝিএ বড়ায়ি কান্ডের চারাত।
যত কথা কহে কাহাঞি সব বিপরীত॥ ২॥
পরাক না পুছে কাহাঞি না বুঝে আপণে। '
তাহাক উপায় নাহি এ তীন ভুবনে॥
সব লোক বোলে তারে কাহ্ন শিশুমতা।
এখো জন নাহি জাণে তার কাজ মতী॥ ৩॥
হেন পড়িহাসে কাহাঞি তোক্ষার কি মনে।
মোর প্রতিযোগ হএ নান্দের নন্দনে॥
মাকড়ের যোগ্য কভোঁ নহে গজমুতী।
গাইল বড চণ্ডীদাস বাসলী গতী॥ ৪॥

রাধিকাবাচমাচম্য জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতরঃ কৃষ্ণঃ সতুষ্ণো রাধিকামিনং॥

দেশবরাড়ীরাগঃ॥ একতালী॥

অবুধ গোআলি না বুঝ মতিমোহে।
বিরহে বেআকুল কাহ্নাঞি বৈড়াঞ বিছোহে॥
তোক্ষাত লাগিআ কাকুতি করে কাহ্ন।
তোক্ষার অন্তরে পথে সাধোঁ মাহাদান॥ ১॥
তোক্ষার আমুমতীএ মাণিকে হিরা বিশ্বে।
বিরহে বিকল কাহ্নাঞি কাপড় না পিন্ধে॥ ধ্রু

তোক্ষাক চিন্তিআঁ কাহ্নাঞি ভাত নাহি খাএ।
চারি পহর রাতি নিদ্রাহো না জাএ ॥
আইস বোলোঁ গোআলিনী স্থণ মোর বোল।
জিআঅ কাহ্নাঞি রাধা দিআঁ চুম কোল ॥ ২ ॥
করের কুগুল তোর মাণিক উজলে।
সিসের সিন্দূর ভুজ বলএ উজলে ॥
সফল করহ দেহা দেহ আমুমতী।
কথাঁ না দেখিলী রাধা নারী হ এ সতী ॥ ৩ ॥
কাহ্নাঞি র নেহা রাধা বড় পুনে পাইএ।
মইলে মুকুতি কিবা স্থরপুর জাইএ॥
এবোঁহো স্থন্দির রাধা পুর মোর আশ।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪ ॥

ক্লক্ষন্থ বচনং শ্রুত্বা রাধিকাধিমতী সতী। বেপমানতমুক্তবী জগাদ জরতীমিদং।।

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥
তোক্ষো যবেঁ বোল বড়ায়ি হেন সতস্তরে।
আক্ষার নিস্তার তবেঁ নাহিঁক তুতরে॥
স্থণিলেঁ আইহন মোরে করিব আপোষ।
তোক্ষে এক ভিতে হৈবেঁ আক্ষা লআঁ। দোষ॥
এবেঁসি জাণিলোঁ। তোর ভাল নহে মনে।
যবেঁ কাঢ়ায়িলি বাট তুসহ আরণে॥ ধ্রু॥
তোক্ষে বড়ায়ি বোলে চালে হআঁ। যাবি পার
আক্ষেত করিব তথাঁ কোণ পরকার॥

বল করি ছিণ্ডিবেক সাতেসরী হার।
দেখিআঁ বা কি বুলিব ঘরের গোআল ॥ ২ ॥
আকারণে এহা পথে আণায়িলি মোরে।
মিছেঁ ছাঁচে কাহ্নাঞিঁ ভাণ্ডাআঁ যাই ঘরে॥
এবার ভাণ্ডাআঁ যবেঁ কাহ্নাঞিঁক জাইএ।
আরবার তবেঁ বড়ায়ি মথুরা না জাইএ॥ ৩॥
তোঁ হেন বড়ায়ি ছিতে মোর হএ ডরে।
এ পুণি তোক্লার লাজ বুঝহ অন্তরে॥
এহা জানি যেহি যোগ্য সেহি থীর কর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর॥ ৪॥

মদীয়মানসোলাসি সাধৃক্তং রাধিকে ওয়া। অথ স্মরশুচঃ পাহি তঃস্বনং সর্ববর্ণনা॥

কেদাররাগঃ॥ রূপকং॥

বনে বনে পালাইআঁ রাধা যবেঁ জাএ।
আগুছিআঁ বাটে তবেঁ কাহ্লাঞিঁ রহাএ॥"
তাক দেখি বড়ায়ি পালটি অথবেথে।
অতি বড় চেণ্টালি রহিলী মূল পথে॥ >॥
একসরী রাধা দেখি কাহ্লাঞিঁ মনে গুণে।
পালিল বড়ায়ি মোর পূর্বে বচনে॥ ধ্রু॥
বড়ায়ি বড়ায়ি বুলি অঝর নয়নে।
কান্দ্র একসরী রাধা মাঝ বনে॥
লোহ মুছিআঁ কাহ্ন আপণ বসনে।
না করিহ ভয় রাধা বুলিল বচনে॥ ২॥

এবেঁ দেখ মোর মুখ তুলী ছয়ি আখী।
এহা ঘোর বনে রাধা কেহো নাহিঁ সাখী॥
তোক্ষার আক্ষার রাধা প্রথম যৌবন।
স্থরত সংভোগে করী সফল জীবন॥৩॥
দূর করোঁ তোর হার ঘন পীন তনে।
আত্রর সন্দেশ লওঁ বাহুর কন্ধনে॥
এবেঁ রস মনে রাধা কর পরিহাস।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥৪॥

ভাঠিআলীরাগঃ॥ রূপকং॥ দণ্ডকঃ॥

হার মোর ছিণ্ডি নিলেঁ বাহের কন্ধন। না জাণো কাহ্নাঞি তোর কত ধারোঁ ধন ॥ ১॥ মো কেন্তে জাণিবোঁ এখা হৈবোঁ একসরী। এড কাহ্নাঞি যাইবোঁ ঘর মথুরা নগরী॥ ২॥ ঘুত দধি লআঁ। যাহ মথুরার হাট। বিণি স্থরতিএঁ তেজি নাহিঁ দিবোঁ বাট ॥ ৩॥ মোর ভাগে দৈবে কৈল তোকা একসরী। এবেঁ কাঁহ্নাঞি কৈ তোষ ভয় পরিহরী॥ ৪॥ সামী মোর তুরুবার সাস্থড়ী সশুর। এড় কাহ্নাঞি যাইব দূর আস্ত জাএ সূর॥ ৫॥ না কর বিলম্ব রাধা পরিহর ভয়। দেহ আলিজন রাধা থাকু পরিচয় ॥ ৬॥ রাজা খরতর পাটে আতি তুরুবার। তাক মোর বড় ভয় এড় একবার॥ ৭॥ আন্দাতে ভজিলেঁ তোর কাখো নাহিঁ ডর। ত্রিভুবন নাথ আন্মে দেব গদাধর॥৮॥

এবার ভেজহ কাহ্নাঞি নান্দের নন্দন। দিনা কথো গেলেঁ তোর ধরিবোঁ বচন ॥ ৯ ॥ হাথে নিধী পাইলেঁ রাধা কে এডিতেঁ পারে গাইল বড় চণ্ডীদাস বাসলী বরে॥ ১০॥

> অথ রাধা বনে বীক্ষা হরিমেকাকিনী পরঃ স্থচিরং চিন্তয়ামাস সলজ্জাভীরকৌতকা॥

> > দেশবরাডীরাগঃ॥ আঠতালা॥

না দেখিল না শুণিল কোণ কুঞ্জবনে ছিল

যেহ্ন দেখোঁ বাটে বাটোআড ॥ ধ্রু ॥

এহি মথুরা নগরে

যাওঁ বারহ বৎসরে

কথাঁ কেহো না কৈল উত্তরে॥

ভিডি চাহে আলিঞ্চন বঝিল কাহ্নের মন

মোরে বল করে নারায়ণ ॥ ১॥

ছিণ্ডিজাঁ মুকুতার হার ভাঁগিবোঁ বলয়া আর

না ধরিআঁ কাক্সের বচনে ॥

যাইবোঁ রাজ দুআরে কংসে করিবোঁ গোচরে

তবেঁ লোকেঁ দোঘ দিব মোরে॥ ২॥

আইহন খুরের ধার রাজা বর তুরুবার

কেন্দ্ৰে কাহ্ন হেন পডিহাসে।

শিরে বন্দিআঁ বাসলী চরণ

গাইল বড় চণ্ডীদাসে॥ ৩॥

ভয়ং কংসাভিমন্তাভ্যো মন্ত্রসে মানসে কথং। त्राधित्क त्रमत्माश्माधित्क मृनू त्म वष्टः ॥

বসন্তরাগঃ॥ একতালী॥

দাতা বলি ছলিআঁ মো নিলোঁ পাতালে। করে গিরি ধরিআঁ মো রাখিলোঁ গোকুলে॥ বেদ উদ্ধারিতেঁ কৈলোঁ মীন অবতার। পাতাল গিজা তার করিলোঁ উদ্ধার ॥ ১॥ যৌবন গরবেঁ রাধা না চিহ্নসি মোরে। শ্রীধর রূপেঁ হরিজা নিবোঁ তোরে ॥ ধ্রু ॥ তমুত বরাহ রূপেঁ থাকি বন ভাগে। মেদনী ধরিল আক্ষে দশনের আগে॥ শ্রীরাম রূপেঁ আক্ষে বধিল রাবণ। আক্ষার আগত বার নাহিঁ কোণ জন॥ ২॥ দৃতা পাঠায়িজাঁ। আন্ধে নিবত গোকুলে। বাটত যাইতেঁ মো করিবোঁ অলঞ্চালে ॥ তোর রাজ কংসের মো করিবোঁ নিপাত। কেন্সে রাধা মনত গুণসি পাঁচ সাত॥ ৩॥ অস্তর কুল দলন হরি মোর নাম। এবেঁ তাৈর তরেঁ কৈল অবতার কাহ্ন॥ রস মনে তোষ রাধা নান্দের নন্দন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

গুড্জরীরাগঃ॥ রূপকং॥

স্থুরত সংভোগেঁ তোর না পুরিবে আহা। আপণার মনত আপণে গুণি চাহা॥ অরতী বাধিত হআঁ পাপ করিবেঁ। জ্বরমক তরেঁ কুলে কলঙ্ক থুইবেঁ॥ ১॥ কাহ্ন মনে পরিভায়।
আক্ষা সমে যোগ নহে স্থরতী ॥ ধ্রু ॥
উচিত কমলে ভোগ করএ ভ্রমরে।
আক্ষার মুকুলে নাহিঁ পাএ মধুভরে ॥
ইঞ্চলা খাআঁ কাহ্ন বার পাড়িবে।
আঘোর পাপেঁ তোএঁ গান্স বেন্সাপিবেঁ॥ ২ ॥
পর দার স্থরতী করিতেঁ না জুআএ।
ভাতের ভোশ কাহ্নাঞিঁ ফলেঁ না পালাএ॥
একবার রতীএঁ মদন বাঢ়ে চিতে।
প্রজল আনল কাহ্নাঞিঁ না নিবাএ মতে॥ ৩
মনে পড়িভায় কাহ্নাঞিঁ আক্ষার বচন।
তোর প্রতিযোগ নহে আক্ষার যৌবন॥
আগ পাছ করি কাজ কর মহাজন।
গাইল বড, চণ্ডাদাস বাসলী গণ॥ ৪॥

তক্রবিক্রয়নবৃদ্ধ্যাধিয়া বঞ্চিতা পরিচয়েসি মামকে। রাধিকেহস্মিনফ গোপশাবকঃ কংসবংশদবদাবপাবকঃ॥

গুড্জরীরাগঃ॥ রূপকং

ছাওআল না দেখিহ মোরে রাধা ল আল জাণওঁ রতি সকল। তোক্ষে অমুমতী রাধা দেহ হের ধরিলোঁ আঁচল। ১। বল না কর মোরে কান্সাই ল আল বচন আন্দার শুণ। দেব ধরম কি সহেব তোরে এহাত হৃদয়ে গুণ ॥ ২ ॥ তবেঁসি ধরমের ভয় রাধা ল আল যদি মোএঁ হরোঁ পর নারী। অপণ অক্সের লখিমী হইআঁ তোক্ষে না চিহ্নসি অনস্ত মুরারী॥ ৩॥ পুরুব জরমে কাহ্নাঞি ল আল আছিলোঁ বা তোর নারী। ইহ জরমে কেবা পাতিসাএ আপণে বুঝহ মুরারী॥ ৪॥ ছার তিরী বামা জাতী রাধে ল আল আন্সাতে কর পরতয়। আক্ষাত আধিক কোণ দেহ আছে কারে করসি তোঁ ভয়॥ ৫॥ ঘরত ক্লিজ পতী আছে কাহ্ণাঞিঁ ল আল ভাগিনা শুন বনমালী। তীন লোক খাআঁ তোক্ষার জরম কাহারে বোলসি ধামালী ॥ ৬॥ হসিত বদন কর রাধা ল আল ধরিলোঁ তোর আঁচল। হংস সরোবর পাইলেঁ অবসই হরিএঁ ভুঞ্জে কমল ॥ ৭ ॥ হইবেক তোর মোর স্থরতী কাহ্নাঞি ল আল তুইহাঁর হউক কুশল।

স্থরতি রসত স্থন্দর কাহ্নাঞি

আরতী কিছু নাহিঁ ফল ॥ ৮ ॥
বিলম্ব করিতেঁ নারোঁ রাধা ল

আল বচন আক্ষার ধর ।
বিজন বনত তোক্ষা দেখিলাঁ

হাণিল কুস্থমশর ॥ ৯ ॥
তোক্ষার চরিত্র দেখিলাঁ কাহ্নাঞিঁ ল

মোর মুখত না আইসে বচন ।
গাইল বড়ু চণ্ডাদাস শিরে বন্দিলাঁ ল

দেবী বাসলী গণ॥ ১০ ॥

অথ রাধা বনে বীক্ষা হরিং চরিত্মীদৃশম্। স্কচিরং চিন্তয়ামাদ জরতীম্প্রতি রোধতঃ॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

ছারে খারে জাউ মুগধী ভোয়ি অনল বুলাওঁ গাএ।
মাঝ পাস্তরে বাট কাঢ়ায়িআঁ।

গেলি আপণ ইছাএ॥
আইহন রাণী পরেঁ বিগুতে

সে কেমনে ধরএ বুকে।
তার নাতী কাহাঞিঁ পথে বিরোধে
তাহার মনে স্থখে॥ >॥
জায়িবাক নান্দে মোরে বল করে

তুরুজন নান্দের পো।

হেন বাটে বাট কাঢায়িল দারুণী বড়ায়ি গো॥ ধ্রু॥ আঁচলে ধরে অসুবন্ধ করে কোণ বুদ্ধি করোঁ এড়ায়িতেঁ। এক করিঙ্গা খেড আগুণী ু বড়ায়ি গেলী এক ভিতে॥ দহি নঠ মোর ঘোল নঠ মোর আইলোঁ বাট হারাআঁ। কাহ্ণাঞিঁর হাথে পাঞ্চ আবথা বডায়ির মাথা থাকাঁ॥২॥ ভর পান্তরে তিরী বধ করে কাঞ্চলী চিরিল টানে। হিআ খণ্ড খণ্ড নখের ঘাত্র হিছোলেঁ লএ পরাণে ॥ লক মালতীএঁ থোঁপা ভরাআঁ ভিডিআঁ বান্ধে লোটনে। যশ্রেদার গরভে কাহ্ন উপজিল না মানে গুরুজনে॥৩॥ সাস্থড়ী ননন্দ খুরের ধার সামী বড় ছুরুবার। হেন গতি গাএঁ ঘরক জায়িবোঁ কেমনে হয়িবে নিস্তার॥ হেন পরিভাবি চাহিল রাধা কাহ্নক আড় নয়নে। গাইল বড়ু চণ্ডীদাস শিরে বন্দিখা (पर्वी वामली ५३८१॥ ८॥

কোড়ারাগঃ॥ ক্রীড়া॥

এ তোর আড় নয়নে আল পাঞ্জর বেধিল ঘুনে পাঞ্চর বেধিআঁ বুকত লাগিল ঘুনে। এবেঁ দেহ চুম্বদানে আর দেহ মধুপানে আলিজন দিআঁ বারেক তোষহ মনে॥ ১॥ স্থন স্থবদনী রাধা নাএ। ষুবক কান্ডের বারেক রাখহ পরাণে॥ ধ্রু॥ দেখিআঁ তোক রুপসী গোর শরীর মৃগী সম চুয়ি আখী। মহীমগুলে উজলী মেঘে যেহ্ন বিজুলী বদন সংপুন চান্দ সম তোর দেখী॥ ২॥ কনক কুম্ব আকারে হুঈ তোর পয়োভারে তাহাত উপর গজ মুকুতার হারে। যেহ্ন শোভ করে স্থমেরু গঙ্গার ধারে তাক দেখি মোর পাঅ আগু নাহিঁ সরে॥ ৩॥ দেহার দেব মোহতাঁ কলায়িলোঁ আসিতাঁ, স্থন্দরি নাগরী রাধা তোক্ষাক দেখিআ। উত্তর দেহ হাসিঅাঁ গাইল বড় চণ্ডীদাস

মালবরাগঃ॥ রূপকং॥

বাসলী শিরে বন্দিআঁ॥ ৪॥

যবেঁ জাওঁ আল কাহ্নাঞি মথুরার হাটে।
আক্ষাক নেহালী তোক্ষে যাহা বাটে বাটে॥
তবেঁসি জাণিল আক্ষে দৈবের ঘটন।
আক্ষা না ছাডিব কভোঁ নান্দের নন্দন॥১॥

স্থন্দর কাহাঞি তবেঁ যাওঁ তোর কোল।
কভোঁ না লজ্বিভেঁ যবেঁ আন্ধার বোল ॥ ধ্রু ॥
মাথার মুকুট কাহাঞি ভাঁগি জুলি জাএ।
যোড় হাথ করি কাহ্ন বোলোঁ তোর পাএ॥
ছিণ্ডি জুলি জাএ কাহাঞি সাতেসরী হারে।
আর নঠ না করিহ সব আলঙ্কারে॥ ২॥
আতিশয় না চাপিহ আধর দাঁতে।
সখি সব দেখিআঁ বুলিব দন্ত ঘাতে॥
নখ ঘাত না দিহ মোর পয়োভারে।
আইহন দেখিলোঁ মোর নাহিঁক নিস্তারে॥ ৩॥
কোঁঅলী পাতলী বালী আপ্রে চন্দ্রাবলী।
ভএ কাম্পো যেহ্ন নব কদলীর বালী॥
আলিঙ্কন দিহ মোরে দয়া ধরী মনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

রাধিকান্তমতিমাপ্য মাধ্বঃ সম্বরারিশরদূনমানসঃ।

ৣ৴প্রেইুতক্রমমুদারবিক্রমো বস্তুমেবমকরোদ্রিপুক্রমং॥

রামগিরীরাগঃ॥ আঠতালা॥
আলিক কৈল কাহ্নাঞি নানা পরকার।
তথন ঘুচাইল কাঢ়ী হৃদয়ের হার॥
ঘন তন জঘন মরদিল করে।
নানা পরকার কৈল রাধা নথ ঘাত ডরে॥ ১
রাধার বচন পাআঁ হরষিত মনে।
কিশলয় শয়নে স্বরতী কৈল কাহেং॥ ধ্রু॥

চুম্বিল কপোলগণ আধর নয়নে।
বদনে বদনে জুড়ি কৈল মধুপানে॥
মতি ভোলেঁ রাধিকার দশন রসনে।
বিসরী রাধার বোল চাপিল দশনে॥ ২॥
নিতম্ব পরসি জঘনত দিল হাথ।
আতি উতরল মতী ভৈল জগন্নাথ॥
চিরকাল ছিল যত মনোরথ বন্ধে।
সকল সফল কৈল রতী অনুবন্ধে॥ ৩॥
মন তোষ ভৈল কাহাঞিঁ ছাড়ে ঘন শাসে।
কাঢ়ী লৈল আভরন পুন রতী আশে॥
রতী আবশেষ ভৈল রাধার তরাসে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাস॥ ৪॥

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

প্রথমে কাঢ়িআঁ লৈল সাতেসরী হার।
কানের কুণ্ডল নিল মুকুট মাথার॥
আঅর কাঢ়িআঁ নিল গুণিআ গলার।
আলপ বএসে কৈল বড়য়ি থাঁখার॥১॥
সব আভরণ (মোর) কাঢ়ি নিলেঁ বলে।
বুধি বোল এবেঁ ঘর জায়িব কোণ ছলে॥ ধ্রু॥
হাথের বলয় নিলেঁ আঅর বাহুঠী।
কনক কন্ধন নিলেঁ আঅর আসুঠী॥
কনক কিন্ধনী নিলেঁ পাএর নূপুর।
বচন সরস তোন্মে হুদয় নিঠুর॥২॥
শিরীষ কুসুম সম আন্ধে কোঁঅলী।
বড় তুখ পাইল আন্ধে কাঢ়িতে পাসলী॥

আলক্ষারহীন কৈল মোর সব দেহে।
বড় অমুচিত কৈল প্রথম সনেহে॥ ৩॥
আভরণগণ রাধা এড়িল তরাসে।
বাহুড়ী মেলিলী গিআঁ বড়ায়ির পাশে॥
রাধাক দেখিআঁ বড়ায়ি মনে মনে হাসে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

সসত হাসিআঁ বড়ায়ি পুছিল রাধারে।
এত খন কথাঁ ছিলা এড়িআঁ আন্ধারে॥
সকল শরীর তোর দেখি বিপরীত।
ভাল না বুঝিএ তোর একোহি চরীত॥ ১॥
মিছা না বুলিস মোরে পরাণ নাতিনী।
আন্ধার থানত কহ সরূপ কাহিনী॥ ধ্রু॥
কে না কাঢ়ি নিলে তোর সব আভরণ।
আন্থেনী হেন দেখি কমণ কারণ॥
আধুর ছাড়িল তোর তামুলের রাগ।
হেন বুঝোঁ বনে তোর কাহ্ন পাইল লাগ॥ ২॥
আয়াসিনী ভৈলা আজি তোন্ধে কি কারণে।
বুঝিতেঁ নারোঁ রাধা মোএঁ তোর মনে॥
তোন্ধার বিলম্ব দেখি পাইলোঁ বড় ডর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর॥ ৩॥

ককুরাগঃ॥ একতালী॥

ভাল ভৈল বড়ায়ি মোর ভৈল পরতেখ। নিজ পতি বিহানে আবথা মোর দেখ।

একসরী বনে ভয় পাইলোঁ আপারে। এত তুখ দিআঁ বিধি নির্ম্মিল আক্ষারে॥ ১॥ লয়িআঁ চল বডায়ি নিজ মোর দেশ। সে কাহনাঞি লাগি ভৈল পাঞ্জর শেষ ॥ ধ্রু ॥ আরতি লয়িআঁ কাহ্ন মাঝ রুন্দাবনে। স্থরতি আন্তরে মোরে করিল যতনে ॥ একসরী হতাঁ দৃঢ় বান্ধিতাঁ বসনে। জীউত উপর উঠা নিবারিলে। কাছে ॥ ২ ॥ সেহি কোপে কাঢ়ি নিলে সব আভরণে। আর বিগুতিল মোর সব দেহ কাছে ॥ কাহ্নাঞিঁ বুইল মোরে অনেক বিরূপ। তোর থানে আকপট কহিলোঁ সরূপ ॥ ৩ ॥ তোক্ষে আন্ধা এডি বডায়ি মাঝ বুন্দাবনে। কোণ কাজেঁ কথাঁ ছিলা তাক কেবা জাণে॥ বুঝিতেঁ না পারি বড়ায়ি তোক্ষার মনে। গাইল বড় ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

গুড্জরীরাগঃ ॥ রূপকং ॥

আতী বুঢ়ী না দেখোঁ নয়নে।
জায়িতেঁ নারোঁ ত্বরিত গমনে॥
পথ হারাইলোঁ রন্দাবনে।
তোক্ষাক তেজিলোঁ তে কারণে॥ ১॥
তোক্ষা মোরেঁ না করিহ রোষে।
একসরী ভৈলোঁ দৈব দোষে॥ ধ্রু॥
তোক্ষে গেলা আক্ষার আগে।
দৈব যোগে কাহু পায়িল লাগে॥

তোকো তুখ না ভাবিহ মনে।
আপণা রাখিএ আপণে।। ২ ॥
হের তোর চুম্বওঁ বদনে।
তোকো মোর তুয়জ পরাণে।।
তোক পাআঁ। জীলোঁ একবারে।
বিধি মোর করিল নিস্তারে।।
না দেখিআঁ। তোর আভরণে।
যদি মোরেঁ পুছে আইহনে।।
তবেঁ কি বুলিব তার পাশে।
গাইল বড়ু চণ্ডাদাসে। ৪ ॥

দেশাগরাগঃ॥ রূপকং॥

যমুনার তীরে কদমের তলে
কাঞ্চলী ভিজিঅঁ। গেল ঘামে।
হংসে যেহু সরোবর বিগুতিল বড়ায়ি ল
তেহু রাধা বিগুতিলে কাহুে॥ ১॥
বুলিহ বুলিহ বড়ায়ি আইহনের ঘরে।
শকিহাঞি রহাইল দানের ছলে॥ ধ্রু॥
হার কেয়ুর আর যত আভরণ সব
নিলে কাহ্যাঞি মোর বলে।
যতেক যতেক তার আছিল মেনের সন্তাপ
হ্রুঝায়িল নিকুঞ্জ তলে॥ ২॥
বাহু মোর মোড়িঅঁ। বলর সব ভাঁগিলেক
ভাঁগিলেক তনের আঞ্চলে।
শুন পান্তরে কাহ্যাঞি লাগ পাইল
বলেঁ নিআঁ। করিলেক কোলে॥ ৩॥

এীকৃষ্ণকীর্ত্তন

আনেক প্রকারে কাকুতী করিল
না দিলোঁ স্থরতীর আশে।
এহি তত্ত্ব বুইলোঁ এবেঁ জাই নিজ ঘর
গাইল বড়া চণ্ডাদাসে॥ ৪॥

ইতি দান্থওঃ সমাপ্তঃ

অথ নৌকাখণ্ডঃ

---*---

রাধিকাধিক বিশুদ্ধ মানসা কামিক্লঞ্চ করতঃ কথঞ্চন।
প্রাপ্যবৃদ্ধিবিভবান্ময়াসহ ত্রাণমেণনমনাগতাগৃহং॥
সাভিমন্ত্য জননীতি বৃদ্ধমাভাষিতং হুদিনিধাম রাধিকাং।
বিক্রমায় দ্ধিতক্রসপিষাং গস্তুমেব মথুরাং শুবারম্বং॥
ত্রিশম্য জরতী স রাধিকা তক্রবিক্রয়নিষেধ কম্ম চ।
সংবিহাম মথুরাপুরী গতিং সা চিরাং স্ববসতৌ তদাবসং॥

রাধারতিরসভান্ত মনাঃ ক্লেষ্টো মনাগপি। গতিমাতভত্ম কাপি জগাদ জরতীং চিরাং॥

মালবরাগঃ॥ রূপকং॥ লগনী চিত্রকং॥ '
রাধাুরু া পাআঁ মোর বেআকুল মনে।
রাতি দিন নিন্দ না আইসে তাহার কারণে॥ >॥
উনমত তৈলোঁ বড়ায়ি রাধার বিরহে।
তার দরশন বিণি প্রাণ না রহে॥ ২॥
আইহনের রাণী রাধা বড় আছিদরী।
বোলেঁ চালেঁ তোর থান আণিতেঁ না পারী॥ ৩॥
আপণেয়ি কিছু বোল বুদ্ধি পরকার।
সেহি মতেঁ করিবোঁ তোক্ষার উপকার॥৪॥
আক্ষা হেতু রাধিকারে বুলিহ কপটে।
দধি হুধ বিচিনিআঁ মথুরার হাটে॥ ৫॥

এবার তোক্ষাক লআঁ যাইব আন পথে।
তবেঁ না পড়িব রাধা কাহ্নাঞির হাথে॥৬॥
তোক্ষার বচন মোর লাগিল হৃদয়ে।
উপসম হৈল হের বরিষা সমএ॥৭॥
আক্ষে রাধা লআঁ যাইব মথুরার হাটে।
নাঅ লআঁ থাক তোক্ষে যমুনার ঘাটে॥৮॥
তোক্ষার বচনে আক্ষে হর্ষিত মনে।
নাঅ বান্ধিতেঁ গিআঁ করিউ যতনে॥৯॥
গাছ চাহিতেঁ আক্ষে জাইএ বৃন্দাবনে।
গাইল বড় চণ্ডীদাস বাসলা গণে॥১০॥

রামগিরীরাগঃ॥ একতালী॥ দণ্ডকং॥
কাঠ কাটিল গিআঁ বিবিধ বিধানে।
শুভক্ষণ বুঝি কৈল দাণ্ডার পাতনে॥ ১॥
চারি পাট চিরী নাঅ দিল যোথ মাপে।
তাত গুঢ়া যোড়ী দিল তৌলঝাঁপে॥ ২॥
ঘলা পাড়ী সুরগুঠী দিল সব নাএ।
তবেঁ নাম্বায়িল লআঁ মাঝ যমুনাএ॥ ৩॥
নাঅ গঢ়ায়িল কাহ্লাঞিঁ গুণিআঁ হৃদয়ে।
ছুক্ত ছাড়ী তীন জন জাত নাহিঁ জাএ॥ ৪॥
হৃদয়ে ভাবিআঁ কাহ্লাঞিঁ যুগতি বিশেষে।
আর এক বড় নাঅ গঢ়িল হরিষে॥ ৫॥
জালের ভিতরে তাক থুয়িল ডুবায়িআঁ।
পাছে ঘাটের নিকট গেলা নাঅ লআঁ॥ ৬॥
রাধার পন্থ নেহালিআঁ রহিলা কাহ্লাঞি।
গাইল বড়, চণ্ডীদাস নাসলী আই॥ ৭॥

মধুরাং মথুরাং নেতৃং জরতী কপটে পটুঃ রুষ্ণস্থ বচসা প্রাহ শীঘ্রং রাধামিদং বচঃ॥

দেশাগরাগঃ॥ লঘুশেখরঃ॥ যে বোল তোরে বোলোঁ মোএঁ রাধা ল তাত না করিহ আন। অহিত না বোলোঁ মোএঁ রাধা ল এহা সরূপেঁসি জাণ॥ ১॥ চিরদিন মথুরাক না জাহা ল কেছে নঠ কর দহী॥ ধ্রু॥ গোআল জরম আক্ষে শুণ দধি চুধে উতপতী। এবেঁ তাক উপেখহ কেফে তোর ভৈল কি কুমতী॥ ২॥ আনহ সকল স্থিজন মেলী করিউ যুগতী। হ্নং মধুরাক জাইএ সঙ্গো একমতী ॥ ৩॥ পসার সাজিউ দধি চুধে সেসি জীবার উপাএ। वांत्रली ठत्रव शिद्ध वन्मी तांधा ल বড়ু চণ্ডীদাস গাএ॥ ৪॥ শৌরীরাগঃ॥ রূপকং॥ আরবার জাইতেঁ মথুরার হাটে।

লাগ পাইল কাহ্নাঞি ষেহেন খাঁটে ॥

দধি তুধ খাআঁ মোর ভাঁগিলেক ভাণ্ডে। খন্ধ নঠ করে যেহ্ন উদার্ভ সাত্তে ॥ ১ ॥ হেন না বুলিহ আক্ষার থানে। বাটে তুরুজন পাইব কাহ্নে॥ ধ্রু॥ ঘোল ছুপে মোর দিলেক পাণী। আর তুরাখর বুইলেক বাণী॥ কাঞ্চলী ভাঁগিল আন্ধার। আকুল কইলে কুন্তুল ভার॥২॥ হার নিল মোর ভাঁগি বল্যা। কুণ্ডল নিলেক আতার বলয়া॥ যেহেন চরিত দেখিলোঁ তারে। তোর প্রসাদেঁ আর জীলোঁ একবারে॥ ৩॥ কেহেন চরিত বড়ায়ি তোরে। মথুরা যাইবাক বোলসি মোরে॥ তার নামে মোক লাগিল ত্রাস। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪॥

পাহাড়ীআরাগঃ॥ লঘুশেখরঃ॥ লগনী॥
কুবুধি তেজিআঁ। চল মথুরার হাটে।
এবার তোক্ষারে আক্ষা নিব আন বাটে॥ ১॥
কোণ বাটে আক্ষা লআঁ। জাইবেঁ ল বড়ায়ি।
সরূপ করিআঁ। তোক্ষা কহ মোর ঠায়ি॥ ২॥
যমুনার ঘাট জায়িতেঁ আছে পণ ছুঈ।
সে পথে না জায়িব যাত দাণী কাহ্নাঞিঁ॥ ৩
ভরিল যমুনাত কেমনে হৈব পার।
সরূপ করিআঁ। কহ ভার পরকার॥ ৪॥

এবেঁ রাজা যমুনাত পাতিআছে নাএ। তাত পার হআঁ লোক স্বর্থে হাট জাএ॥৫॥ ও কুলত গেলেঁ যদি নাগ পাএ কাহ্নে। তবেঁ তার হাথে এডায়িব কেনমনে ॥ ৬॥ ও কুলে কভোঁ রাধা না দেখিল কাছে। তথাঁ তার আধিকার নাহিঁ মাহাদানে ॥ ৭॥ হাট জায়িতেঁ নিষধিল গাস্থড়া আইহনে। তার আকুমতী বিণি জাইব কেনমনে॥৮॥ ভাল বুইলেঁ রাধা লাগিল মোর মনে। আইস জাই তোর সামী সাস্কুড়ীর থানে॥ ৯॥ তবেঁ তার থান গিতা। বুইল সহরে। কি কারণে দধি দুধ নঠ কর ঘরে ॥১০॥ হেনক কুমতাএঁ হয়িবেঁ ভিখারী। বুঝি রাধিকা পাঠাহ মথুরা নগরী॥ ১১॥ হেন মতেঁ নানা প্রকার করিখা। বুঢ়ি দিল রাধিকারে আনুমতী লঙ্গা॥ ১২॥ আনুমতী লআঁ রাধা চলিলা হরিষে। বাঁসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাসে॥ ১৩॥

গুজ্জরীরাগঃ॥ লঘুশেখরঃ॥

সোনার চুপড়ী রাধা রুপার ঘড়ী।
নেতের আঞ্চল তাত দিআঁ ওহাড়ী॥
স্থন্ধি কেতকী সম সজাইআঁ দহী।
আনাইআঁ যানাইল সব গোআলিনী সহী॥ ১॥
চলিলী গোআলার ঝী দধি বিকে জাএ।
সর্বান্ধে স্থন্দরি রাধা কে না বাহুড়াএ॥ ধ্রু॥

শেষ পহর রাতী কুয়িলা কাঢ়ে রাএ।
তভোঁহো চিআইতে আজা না নাগিল গাএ॥
দিধি বিকে জা আজি মথুরার রাজ।
তবেঁ সুইহে কেছে এতেক বেআজ॥২॥
য়ৢত দিধি দুধে সাজিজা মিলচুকা।
সোবন বাহুঠা পত্রী রুপসা রাধিকা॥
চলিতেঁ চঞ্চল বাজে পাএর নূপুর।
দিধি বিকে জাএ রাধা মথুরা পুর॥৩॥
সাস্থড়া সামির থানে আসুমতী পাজা।
আতি উল্লসিত মতা সব সথি লজা॥
য়ুগতি করিলাঁ তবেঁ করিল গমন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥৪॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

আগু জাএ বড়ায়ি হাথত করা লড়া।
পাছে গোআলিনা নৈল দধির চুপড়ী ॥
ধিরে ধিরে যা এ বড়ায়ি যমুনার ঘাটে।
যাত কাহ্ন মাহাদানী তেজিআঁ সে বাটে॥ ১
সব গোআলিনী যাএ বড়ায়ির সঙ্গে।
লাস হাস পরিহাস করি নানা রঙ্গে॥ ধ্রু॥
ধোল শত গোপীজন করি কোলাহল।
জায়িতেঁ হরষিত মণে গায়িতেঁ মঙ্গল॥
বড়ায়ির মুখ চাহি সব সখি গোআলিনী।
মথুরা লড়িলী বড়ায়ি হআঁ আগুআনী॥ ২॥
কথো খনে গিআঁ যমুনার ঘাট পাইল।
সঙ্গেই যমুনা ঘাটে পসার নাম্বায়িল॥

সন্ধাঞি যুগতি করি পুছিল বড়ায়ি।
পার কর মথুরাক ঘাটোআল কহা। ৩॥
বুলিতেঁ লাগিলা বড়ায়ি শুন ল নাতিনা।
হোর আছে ঘাটোআল লগাঁ নাঅ খানী।
ডাক দেহ চন্দ্রাবলা চিন্তের হরিষে।
বাসলী শিরে বন্দা গাইল চণ্ডাদাসে॥ ৪॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

দধির চুপড়ী যমুনার তীরে থুয়িআঁ।। ডাক পাড়ে গোহ্বালিনী চারি পাস চাহিহাঁ॥ বিহাণ আইলাহোঁ এথা বেলা আপার। কত খনে যাইব আক্ষে মথুরার পার ॥ ১॥ ঘাটের ঘাটিআল কহি গেল সে। দধির চুপড়ী মোর পার করি দে॥ ধ্রু॥ নাএর আন্তরে গেলী চন্দাবলী রাহী। তার পাছে আর যত গোআলিনা সহী॥ কথো দূর গিজা দেখিএ একখানী নাএ। সহর হয়িআঁ রাহী তার পাস যাএ॥২॥ তার থান গিআঁ বোলে রাধা গোআলিনী। কেহ্ন মনে পার হয়িব ছোট নাম খানী। একেঁ একেঁ পার হআঁ যাইব মথুরা। সন্ধাই চটিলেঁ নাস না সহিব ভরা। ৩। শুন ঘাটিআল নাঅ চাপায়িআঁ ঘাটে। সন্ধা পার কর যাইউ মথুরার হাটে॥ রাধার বচন শুণী ঘাটিআল হাসে। वामली भिरत वन्ती शाहेल छछी।।एम ॥ ८ ॥

পাহাড়ী আরাগঃ॥ প্রকীগ্রক লগনী॥ লঘুশেখরঃ॥ বোলেন্ত কাহ্নাঞি নাঅ কুলত চাপাঝা। আইস সব গোহ্মালিনী নাএ চডসিই।॥ ১॥ যমুনা দেখিআঁ মনে ডরায়িলী রাহী। বুইল পার কর আগু মোর সব সহী॥ ২॥ পাঞ্চ গুটী পাট নাঅ গঢন আন্দার। একেঁ একেঁ সব সখি করি তোর পার॥ ৩॥ দধি তুধ লাজা যাব মথুরা নগর। সাবধানে সব স্থি ঝাঁট কর পার ॥ ৪ ॥ বাধার বচনে কাহ্নাঞি হর্ষিত মনে। ঝাঁট পার করাযিল সব স্থিগণে ॥ ৫॥ সঙ্গে বডায়ি করী বোলে গোমালিনী। ঝাঁট পার কর বড়ায়ি খর বড় পাণী ॥ ৬ ॥ তীন ভরা না সহে নাখানী আন্দার। কেনমনে বডায়ি লুআ রাধা হৈবেঁ পার ॥ ৭ ॥ এ বচন 🗫 भी রাধা মন কৈল সার। বুইল ঘাটিআল আগু বড়ায়ি কর পার॥৮॥ নাহত চড়িল যবেঁ একলা বড়ায়ি। মনের উল্লাসে পার করিল কাহ্নাঞি ॥ ৯ ॥ পাছে পার হয়িতেঁ রাধিকার বড ডর। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর ॥ ১০ ॥

যমুনানীরপুরস্থ তরৌ ভর নিরীক্ষণাৎ। রাধে পুরুদরবাগ্রা ভব মা করু মে বচঃ॥ দেশাগরাগঃ ॥ ক্রীড়া॥

ঘাটে মাহাদানী ল
কাহ্নাঞি তোক্ষার কারণে।
পার হঅ নাএ রাধা ল
স্থাঝি মোর মাহাদানে॥ ১॥
নাএ চড় রাধা ল
নাএ না কর ডর।
আক্ষা কাণ্টারী শ্রীগদাধর॥ দ্রুল॥
সক্ষা পার কৈলোঁ রাধা তোক্ষার আশে।
হাসিআঁ বৈস রাধা আক্ষার পাশে॥ ২॥
তোক্ষার আন্তরে রাধা পাতিলোঁ না।
কাহ্নাঞি প্রবোধিআঁ হাটক যা॥ ৩॥

নিশম্য কৃষ্ণবচনং রাধাদরভয়াতুরা। ুবিললাপচ সা কিঞ্চিদ্চে চ মধুস্দনঃ॥

মথুরা যাইবাক রাধা কি তোর আশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাসে॥ ৪॥

কোড়ারাগঃ॥ রূপকং॥
মোএঁ যবেঁ জাণো কাহ্নাঞিঁ ঘাটে মাহাদানী।
বড়ায়িক ছাড়ী কেহেু হৈবোঁ একাকিনী॥
কৈহেু সব স্থিজন আগু কৈলোঁ পার।
কাল হুআঁ গেল মোরে যৌবন ভার॥ ১॥
কি ভৈল কি ভৈল বিধি যমুনার ঘাটে।
কৈহেু মন কৈলোঁ জাইতেঁ মথুরার হাটে॥ ধ্রু॥

আবথা করিল মোর যে জগন্নাথে।
পুনরপি পড়িলাহোঁ তাহার হাথে॥
এহা পথে আসি মোএঁ হারায়িলোঁ বুধী।
আনাখী গোআলী মোক রক্ষা করু বিধী॥২॥
পুরুব জরমে কৈল করমের ফলে।
জরম লভিল আক্ষে গোআলার কুলে॥
তেঁসি দধি বিকে জায়িতেঁ মথুরার হাটে।
ছরুজন কাহাঞিঁ স্থন এবেঁ পাড়ে বাটে॥৩॥
কর যোড়ী বোলোঁ এবেঁ শুন দামোদর।
জাইবোঁ বড়ায়ির সঙ্গে ঝাঁট পার কর॥
এড়ি যাএ মোকে কাহাঞিঁ সব স্থিজন।
গাইল বড় চণ্ডীদাস বাসলী গণ॥৪॥

(तलात्रली तांगः॥ लघूरभथतः॥

পাঞ্চ পাটে নাখানী আক্ষার।
আপণেই ধরিলোঁ কাঁঢ়ার॥
ভরা দিআঁ দধির পসার।
যাইতেঁ যাহ যমুনার পার॥ ১॥
হের স্থন বচন আক্ষার।
বিণি কড়ীএঁ না করোঁ মো পার॥ ধ্রু॥
তোর বোলেঁ সব স্থিজনে।
পার কইলোঁ হআঁ সাবধানে॥
যবেঁ তোকা করিবোঁ মো পার।
বাদ্ধ দেহ সাতেসরী হার॥ ২॥
দেখিআঁ তোকার মুখ চান্দে।
যমুনাত পাতিলোঁ মো কাদ্ধে॥

এবেঁ বোল সরস বচনে।
তবেঁ পার করিবোঁ এখণে। ৩।
তোক্ষাত মজিল মোর মনে।
ভিড়ি দেহ আলিক্ষন দানে।
তাত মোর বড় পতিআশে।
গাইল বড়ু চঞীদাসে। ৪।

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

নাঅ বাহিজাঁ যমুনা জল বিশাল এ। সরস বচন করি মান শৃঙ্গার বচন আক্ষার পাল এ॥ ১॥ ঘাটে ঘাঠিআল তেজ নাগরাল किमक कंद्रश कठांदल। পার কর মোর দধির পসার মথুরা যাইব সকালে॥ ২॥ পুন্য নদী কলে পাপ ঘোসসী এ তোর কমণ আচার এ। পরার তিরীক করসি পরিহাস না জাণ ধর্ম্ম বিচার এ॥ ৩॥ দেহ বিদগধ মদন বাণে কি মোর নদী কুল য়ে। পাপ পুন্য রাধা তুই না মানিআঁ ধরিবোঁ তোক্ষাক বলে॥ ৪॥ ধরিবি বলে মরিবোঁ হেলে ঝাঁপ দিআঁ যমুনাএ য়ে।

স্তুক্ত সাখি বাত বকণ এ বধ দিবোঁ তোকায়ে এ॥ ৫॥ কেলি করিতেঁ পরি হাস মরণ ইছসি এ তোর কমণ বেভার এ। উচিত দান ঘাট দেহ ল রাধা করিবোঁ যম্নাত পার এ॥ ৬॥ এতেক স্থিজন পার কইলেঁ কেড়া নীলেঁ তাহার য়ে। আকার থানত দান চাহসি নিলজ বাপ তোসার এ॥ ৭॥ সন্ধার বন্ধক রাখিলোঁ ভোন্ধাক পুরুগ গান্ধার আস এ। বাসলী চরণ শিরে বনিদ্রী গাইল বড় চণ্ডীদাস এ॥৮॥

দেশাগরাগঃ॥ একতালী॥

প্রথম যৌবন সামী গেলা তুলে ধরী।
মুদিত ভাণ্ডারে কাহ্নাঞি না সান্ধাঞ চুরী ॥
ধরম দেখিলা কর যমুনাত পার।
তোন্ধা প্রতিযোগ নহে যৌবন হ্যান্ধার ॥ ১ ॥
পথে বল না কর নিলজ বনমালী।
মো কিছু না জাণো শিশু আবালী গোআলী ॥ প্রশ ॥
মূত দধি ছধ মোর ঘোলের পসার।
সব নঠ হএ কাহ্নাঞি বাঁট কর পার॥
নাহিঁ চিহ্ন আনা তোলে আইহনের রাণী।
কালি ছিলা রাখোআল আজি মাহাদানী॥ ২ ॥

ও কুলে মথুরা মাঝে যমুনার নদী।
ও আরিতেঁ পার হলাঁ বিকণিবোঁ দধী।
ঘাটের ঘাটিমাল মোরে নাঁট কর পার।
তোর মায় যশোদায় ননন্দ সান্ধার। ৩॥
তোক্ষেত ভাগিনা মান্ধো তোন্ধার মাউলানী।
পাপু বচন কেন্ডে বোল চক্রপাণা।
এড়িআঁ বিবুধি তোন্ধো গাঁর কর মন।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলী গণ। ৪॥

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

অদভুত লাগে তোর স্থণিতা বচন। কিসের মৃদিত রাধা তোক্ষার যৌবন।। পুরুবে তোন্ধাক আন্দো পাঝা বৃন্দাবনে। রতি উপভোগ কৈল বিসরিলেঁ কেছে॥ ১॥ মো কিছু না জাণো কেকে বোলসি গোমালী। বড়ায়ি ভালে জানে তোর প্রিয় বনমালী।। ধ্রু।। ঘুত দধি ছুধ তোর করিবোঁ পার। সূব আভ্রণগণ দিবোঁ মো ভোলার॥ সব জন জাণিলেক তোর মোর মেলা। এবেঁ কেন্দ্রে শশিমখী কর মোরে হেলা॥ ২॥ না বোল সম্বন্ধ রাধা আন্দার আগে। বতির উপসন্ন আন্দে তোর ভাগে॥ ঘাটে ঘাটিমাল মান্দে তোন্দার কারণে। কিসেরে বঞ্চ রাধা প্রথম যৌবনে॥ ৩॥ নাএ চডসিআঁ রাধা তেজিআঁ কুমতী। মাঝ যমনাত হউ তোর মোর রতী॥

চিরকাল আছো এথাঁ তোর পতিআশে। বাসলা শিরে বন্দা গাইল চণ্ডাদাসে॥ ৪॥

দেশাগরাগঃ ॥ রূপকং ॥

কি মোর ঝগড় পাত যম্নার ঘাটে। জাইবোঁ ঝাঁট মথুরার হাটে॥ মতি খাআঁ মোরে তোএঁ করসি ধামালী (१)। বাপেঁ মাএঁ দিবোঁ তোরে গালী॥ ১॥ নিলজ কাহ্নাঞি তোর বাপে নাহি লাজ। মাউলানীক বোলহ হেন কাজ ॥ ধ্ৰু ॥ গরু রাখি তোর কাহ্ন গেলির জরমে। তেঁসি তোর এ সব করমে॥ এবেঁ যম্নার ঘাটে ভৈলা মাহাদাণী। मान ছट्नँ द्वान भाभ वागी ॥ २ ॥ সব সখিজন মোর করি তোক্ষে পারে। বলে ধরিবাক চাহ মোরে॥ তিরী বধ দিবোঁ মোএঁ তোন্ধাতে উপরে। নাঁপি দিআঁ যমুনার জলে॥ ৩॥ পাপ তেজ কাহ্ন মোক কর পার। এথাঁ আছে সংহতী আকার॥ আর না বুলিহ কাহ্নাঞি হেন পরিহাসে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

পাহাড়ীব্দারাগঃ॥ চিত্রক লগনী॥ একতালী॥

মনত হরিষ কর ঈষত হাসিআঁ। আপণ ইছাএ রাধা নাএ চড়সিআঁ॥

মাঝ নাঅত রাধা ওলাহ পদার। পার কইলেঁ কোড়ী লইব তোক্ষার॥ ১॥ আন্তার বচন রাধা না করহ আন । আপণে কাল্যার ধরিল দেব কারু ॥ এ ॥ আহুঠ হাথ নাঅ খানী তোর পাঁচ পাটে। আনেক যতনে আণি চাপাইল ঘাটে॥ ধিরেঁ ধিরেঁ কাহ্নাঞি মো আইলোঁ নিকটে। নিহুডিআঁ। চাহেঁ। পাণি লইছে মোকটে ॥ ২॥ ডরে মোর কাহ্নাঞি শরার কাম্পএ। সাধ নাহিঁ পার হয়িতেঁ হেন ভাঙ্গা নাএ॥ ধ্রু॥ আবুধ গোআলিনা না বুঝসি কাজ। এহি নাএ পার করোঁ সকল রাজ॥ পদার ণাম্বাআঁ থোহ ডহরার মাঝে। পাণি ফুটি সিঞ্চ তোকো না করিহ লাজে॥ ৩॥ বাহিআঁ নিবোঁ নাম উভ কেরোমালে। निगिएयक निश्रितक हाशासिएवाँ करन ॥ धः॥ নটকু কাহ্নাঞি স্থন মোর সত্য বাণী। পদার ণাম্বাইতেঁ নাএ নাহিঁ ঠায়ি খানী॥ যমুনার ঢেউ দেখা হালএ পরাণী। কার বার্পে সিঞ্চিবেক আধ নাঅ পাণী ॥ ৪ ॥ ঘাটে ঘাটিআল হআঁ হেন তোর কাজ। ভাঙ্গা নাএ পার হৈতেঁ না বাসসি লাজ ॥ প্রণ ॥ মুগধী গোআলিনা কাজ না বুঝসি। কোণহোঁ জরমেঁ নাএ পার নাহিঁ হসি ॥ নাঅ পাতিল আঙ্গে তোক্ষার কারণে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৫॥

ঘরক যাহ রাধা যদি না হইবেঁ পার। দানের আন্তরে দেহ সরস শৃঙ্গার॥ ধ্রু॥

শোরীরাগঃ ॥ রূপকং ॥

আনেক যতনে নাঅ গঢ়িলেঁ। জীবার আন্তরে ঘাটে পাতিলেঁ। যমনার জলে লৈলেঁ আধিকার। সকল লোকেরেঁ করসি পার ॥ ১ ॥ কেছে বোলহ মোরে মিছা বচন । নাম পাতিলা আন্দার কারণ ॥ ধ্রু ॥ সন্মা কইলেঁ পার আপণ মনে। আন্দার বেলে বোলহ হেন কেছে। শকত আছিল নাম এখনে। এখনে ভাঁগিল সে না কেছ মনে ॥ ২॥ বুঝিতেঁ নারোঁ মো তোলার মনে। অন্তর হালএ তোর বচনে॥ সরূপ কহ যবেँ कহ বন্মালী। তবেঁ তোর নাএ চড়ে গোহালী॥ ৩॥ ভাল নাঅ নাহিঁ যবেঁ ভোকার। তবেঁ কেন্ডে নৈলেঁ এ আধিকার ॥ কিছ লাজ নাহিঁ তোহোর বদনে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে ॥ ৪ ॥

দেশাগরাগঃ॥ রূপকং॥

মৃগমদ কুচযুগ গগন মাঝার। তহিত নক্ষত্রগণ গজমুতা হার॥ তাত তিখ নখ রেখ চান্দের আকার। দেখিআঁ সরস চিত্ত মজিল আক্ষার ॥ ১ ॥ দেখিআঁ রূপ যৌবন ভোক্ষার। যমুনা জলে লৈল আধিকার॥ ধ্রু॥ যোল শত গোপী মাঝেঁ তোক্ষে আঞ্জান। যোল শত কুতঘাটে মোর মাহাদান॥ শুন স্থন্দরি মোর বোল প্রমান। হএ নহে তত্ব রাধা লোক মুখেঁ জাণ॥২॥ শুন ল স্থন্দরি রাধা পাঞ্জীর বিচার। হের দধি স্বত চুধ ঘোলের পসার॥ ভাগু মাথে যোল পন দান আন্ধার। বাজর বলয় নিবোঁ সাতেসরী হার ॥ ৩ ॥ নিজ হিত চন্দ্রাবলী মনে পরিভায়। তোর বস ভৈল ত্রিভুবনের রাম। স্থানর কাহ্নক রাধা দেহ আলিম্বন। গাইল বড় চণ্ডীদাস বাসলা গণ॥ ৪॥

্রামগিরীরাগঃ। আটতালা॥

বসসি তোঁ আরে কাহ্ন সজন সমাজে।
শুণিআঁ কি বুলিব তোকারে সব রাজে ॥
পাপ পুণ্যের কাহ্ন করহ বিচার।
কোমণ পুরাণে কাহ্নাঞি আছে পর দার॥ ১॥
বুঝিল বুঝিল কাহ্নাঞি চরিত তোকার।
নির্মাল শরীরে কেহেন কর পর দার॥ ধ্রু॥
ক্ষাত্রিয় মারিআঁ তোকো নিক্ষাত্র কইলোঁ।
আপণার মুখে তোকো আপণে কহিলোঁ॥

ঘাটে দানী হআঁ তোএঁ করসি সংঘট।
তিরীত উপর এবেঁ তোর মুনি ঘট॥২॥
আহ্বার আইহন বার ময়মত হাথী।
দোষ পাইলেঁ নাকেঁ কানে করে সাগী॥
তাহাক না মানি মোরে গেল তোর মন।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলা গণ॥৩॥

পাহাড়ীআরাগঃ ॥ প্রকীগ্ন । লগনা ॥ একতালী ॥

বচনেক বোলোঁ শুন চন্দ্রাবলী রাণী। যাবত প্রনে ঢেউ নাহিঁ বান্ধে পাণী॥ ১॥ তাবত তোজাক পার করোঁ না বাহিআ। দ্ধির পসার নাএ চডাহ আসিআ। ২ ॥ আক্ষাক ছাডিআঁ পার সব সথি গেলা। হাট উথুড়িবে প্রচুর ভৈল বেলা॥ ৩॥ হেন গুণী মনত চঢিলা রাধা নাএ। দধির চুপড়ী রাধা থুইল ডহরাএ॥ ৪॥ না জাণিআঁ তহ চঢ়িতেঁ বুইলোঁ নাএ। হেন ভাঙ্গা নাএ চচিতে না জুখাএ॥ ৫॥ এভোঁহো স্থন্দরি রাধা মনে কর সার। ওপার জাইবেঁ কিবা থাকিবেঁ এপার॥৬॥ ঝাঝর নাঅ মাঝত লএ পাণী। হেন নাঅ তোক্ষার বচনে চক্রপাণী॥ ৭॥ একলী চটিলোঁ আর নাম্বায়িলোঁ পসার। আতি সাবধানে কাহাঞিঁ কর মোরে পার॥৮॥ আক্ষার বচন শুন আইহনের রাণী। বুস্বুকে উথলে জল ঝাঁট মার পাণী ॥ ৯ ॥

সমূর হআঁ রাহি থাক মাঝ নাএ। এখনে করিবোঁ পার নাহিঁ কিছু ভএ॥ ১০॥ মাঝ যমুনাত বড় বাত ভুজা গেল। পর্বত সমান ঢেউ নাগত লাগিল ॥ ১১ ॥ বাহা বাহা করি তবেঁ রাধিকা ফুকরে। বারেক কর মোর পরাণ উদ্ধারে॥ ১২॥ আঁকাস পরসি যবেঁ চেউ আইসে। রাধার বদন চাহা কাহ্নাঞি হাসে।। ১৩।। কি বুধি করিবেঁ রাধা কোণ পরকার। মাঝ যমুনাত নাজ না চলে আলার॥ ১৪॥ না জাণো দিশ বিদিশ লাগে বড় ডরে। কিরী বধ দিবোঁ কাহা এ । তোসার উপরে॥ ২৫॥ দশনেত তুন করি বোলোঁ মো ভোগারে। যেই চাহ সেহি দিবোঁ কর মোরে পারে॥ ১৬॥ সাবধান হতাঁ সোর বোল শুন রাহী। তোকো আকো আছি এগাঁ আর কেহো নাহাঁ॥ ১৭॥ ছতরে তারিবোঁ তোক না করিছ ডর। ্সরস শৃ**স্পা**র দেহ নাএর ভিতর ॥ ১৮॥ ধারেঁ ঝরেঁ রাধিকার নয়নের পাণী। আধিক করুণা করে চন্দ্রাবলী রাণী॥ ১৯॥ কান্ধের বচনে রাধা পড়িলী তরাসে। বাসলী শিরে বন্দী গাইল চদগুীসে॥২০॥

অথ রাধে প্ররে পরঃ পূরোন্তবক্তেদরে। কুরু প্রাণপরিত্রাণ কারণং বচনং মম॥ রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥

নাতা খেতাইলোঁ রাধা না পায়িলোঁ কল। যনাক মান রাধা ফুল সিন্দুর॥ বাত কোঁঅরক মান সাতেসরী হার। কাহ্নাঞ্রিক মান রাধা সরস শৃক্ষার॥ ১॥ পাঞ্চ পাটের নাম মন্তায়িল বাএ। নিষ্ধিতেঁ আল রাধা চটিলা নাএ।। ধ্রু॥ তোর দৈব দোষে রাধা বহে হেন বাএ। একুল ওকুল চুঈহে। নাহিঁ চলে নাএ।। নাম বাহিতেঁ মোএঁ হরিলোঁ শক**তা** । নামত চটিলা রাধা আপণ কুমতা॥ ২॥ তোর রূপ যৌবনে মোহিত জগত নাগ। নাতা বাহিতেঁ নাহিঁ চলে চল্ট হাথ। অবল হৈলোঁ তোর স্থি করি পারে। অধর আমিতাঁ। দেহ বল হউ মোরে॥ ৩॥ ভুজে ভিড়ি আলিঞ্চন দেহ একবার। চিত্তের হরিষে কা**হ**্যাঞি[®] করু তোরে পার॥ বিমতী তেজিঁআ মোর ধরএ বচন। গাইল বড় চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

ভৈরবীরাগঃ॥ একতালী॥

মন গমনে চলে নাখানী তোক্ষার। আপনে কাহ্যাঞি তাত ভৈল কালার॥ নাঅত চঢ়িলোঁ কাহ্ন তোর সত্য বোলে। মাঝ যমুনাত তোক্ষে না করিহ বলে॥ ১॥ পার কর নারায়ন বড়ায়ির সঙ্গে জাইবোঁ।
যমুনাত পার হয়িলেঁ আলিঙ্গন দিবোঁ॥ গ্রন্থ ॥
সাত ঘটি গেল হএ তুসজ পহর ।
গোঠে হৈতেঁ আসিবে গোআল মোর ঘর ॥
ঘরে না দেখিআঁ বড় খঙ্গায়িবে মোরে ।
দয়া ধরম কি না বসে তোজারে । ২ ॥
গোঁসাঞি সোঁ সারি কাহাঞি বাঁট বাহ না এ ।
মাঝ যমুনাত বহে খর বড় বাএ ॥
যমুনার জলে উলবল করে নাএ ।
চমকী চমকা উঠা মোর প্রাণ জাএ ॥ ৩ ॥
মোল শত গোপী মোর রহি চাহে বাটে ।
মোহোর করমে না এ ভাঁগিল পাটে ॥
একবার রাখ কাহাঞি আক্ষার জীবন ।
গাইল বড় চঙীদাস বাসলা গণ ॥ ৪ ॥

গুজ্জরারাগঃ॥ যতিঃ॥

আতি বড় গরুষ তোলার পয়োভার।
তাহার তুষজ আর গজমূতী হার॥
সংসারের মাঝে রাধা তুলহ জীবন।
হার পেলাহ পাতল হউ তন॥ >॥
খর·সোঁত পাণী রাধা বড় বহে বাএ।
এহাতে ধরহ রাধা আলার উপাএ॥ ধ্রণ॥
আয়র গরুষ তোর নিত্রস জঘন।
তাহাত বান্ধিল রাধা কনক রসন॥
বান্ধন খসাআঁ রাধা পেলা আভরণ।
সংশ্য বেলাতে তবেঁ কিসকে যতন॥ ২॥

গান্স বেঢ়িল তোর দীঘল বসনে ।
তীন ভাগ চিরী তাক পেলাহ এখনে ॥
আত্মর পেলাহ রাধা দধির পসারা ।
কিছু পাতল হউ মোর নাম ভরা ॥ ৩ ।
পাঞ্চ পাটের নাম গাতর ভরা ।
ভাদের কাঞ্জী রাধা যমুনাহ পেলা ॥
তবেঁ স্থাগেঁ পার হৈবেঁ এহি ভাঙ্গা নাএ
বাদলী শিবে বন্দা চণ্ডীদাস গাতা ॥ ৪ ।

ক্ষকতা বাচমাচনা রাধাদরভয়াত্রা। ততাাজ যমুনানীরে ভূষণং ব্যনত্রনাঃ॥

ভাঠি আলীরাগঃ॥ লঘুশেখরঃ॥ দওকঃ॥ যবেঁ রাধা গোআলিনী পাতল কৈল গাও। হেহে লহে।

তবেঁ হিঅ হিঅ বুলী কাহ্ন বাহে নাএ। হেহে লহে লহে। ১।

আকাশের তারা যেন ছুটি গেল নাএ।

অধ নদী গেলেঁ পুনি বহে খর বাএ ॥ ২ ॥
রাধাএঁ বুলিল কাহ্ন বাঁট বাহি যা।

টেউ দেখি মোর হালে সব গা॥ ৩ ॥

ছুত্রত পার কর একবার কাহ্ন।

পার হৈলেঁ তোর বোল না করিবোঁ আন ॥ ৪ ॥

নাঅ টলবলাএ আধিকে দামোদর।

ছুগুন বাঢ়িল রাধিকার মণে ডর ॥ ৫ ॥

কাকের মনত ভৈল মদন বিকার।
ছল করি টালিলেক রাধার পদার॥ ৬॥
তথন ছাড়ায়িল ম্বত দিধি ঘোল।
ডর পায়ি রাধা কাহ্নাঞিঁকে মাঙ্গে কোল॥ ৭॥
কোলে কর কাহ্নাঞিঁ বড়ায়ি জুনী জাণে।
বড়ায়ি জাণিলে জাণে কংস গাইহনে॥ ৮॥
এ বোল স্থণিগাঁ কাহ্নাঞিঁ মনের হরিষে।
নাম ডুবায়িমাঁ রাধা কোলে করি ভাষে॥ ৯॥
আলিম্বন পাইল কাহ্নাঞিঁ রাধার তরাসে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ১০॥

কোডারাগঃ॥ লঘুশেখরঃ॥

দধি ছুধ নঠ কৈলেঁ কাহ্যাঞিঁল

ামের জুবায়িলেঁ পসার।
বলে জলে কোলে কৈলে কাহ্যাঞিঁল

কৈলেঁ বড়ই খাঁখার॥:॥
সব সখি দেখে মোর কাহ্যাঞিঁল
না ভুলিহ জলের উপর॥ প্রুছ॥
যত ছিল মনে তোর কাহ্যাঞিঁল
চির কালে মনোরগ।
তাহার কারণে কৈলেঁ কাহ্যাঞিঁল
মোর মরণের পথ॥ ২॥
যে কর সে কর ভূঞিঁ (কাহ্যাঞিঁল)
মোরে জলের ভিতর।
হোর সব সখিজন (কাহ্যাঞিঁল)
দেখে তাক মোর জর॥ ৩॥

কিবা স্থুথ পাইলেঁ তোকো (কাহ্নাঞিঁল)
এহা জলের ভিতর।
গাইল বড়ুচণ্ডালাস (কাহ্নাঞিল)
দেবা বাসলা বরে॥ ৪

রাধিকাবাচমাচমা রসাবেশ বশোহরিঃ। প্রোন্তর্গতা মেতাং চির্মেন মধিরগ্ন

রামগিরীরাগং॥ আঠতালা॥ দৃঢ় ভুজযুগে ধরি কৈল আলি**প্ন**ে। রাধার বদনে কাহ্নাঞি কইল চম্বনে॥ কুচ কনক কমল কোৱক আকার। ঘন ঘন মরদিল কাহ্নাঞি রাধার ॥ : ॥ তথন পাইল কাহ্নাঞি যতেক হরিয়ে। তাহাক বুলিতেঁ নারা সকল বএসে॥ প্রা নাগর স্থন্দর কাহ্নাঞি কৈল নথ ঘাত। তথ্যে গুণিল রাধা মনে পাঞ্চ সাত।। রাধার মনত তবেঁ জাগিল মদন। উরস্থলে কৈল রাধা দৃঢ আলিসন ॥ २॥ ধীরে ধীরে পরসিআ রাধার জঘন। সরূপে সফল কাহাতি মানিল জীবন ॥ রাধার নিত্তমে কাহ্নাঞি দিল ঘন নখে চমকি করিল রাধা আতি রতি স্তুখে।। ব জলের কারণে ভৈল বিলম্ব স্থরতী। তাতে জগন্নাথ পাইল আধিক পিরিতী।

তবেঁ রাধিকাক কৈল যমুনার পারে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বরে॥ ৮॥

অধুনা যমুনামধ্যে ক্লঞেন ক্ত দূষণাং। বিলোক্য জরতী রাধামিদং বচনমাদধে॥

রামগিরীরাগঃ ॥ রূপকং॥

খদির কুস্থম মালা আউলাইল চিকুরে।
হৃদয়ের মাঝে তোর কেহ্নে নাহিঁ হারে॥ ১॥
তোক দেখি নাতিনা মো পাইলো উল্লালে।
বড় ভাগে হৈলা পার যমুনার জলে॥ রা॥
ভাঁগিল বলয় তোর নাহিঁক বসনে।
হেন বুঝোঁ জলে তোর বিগুতিল কাহে ॥ ২॥
কুচে নথ রেখ তোর নিরস আধরে।
সব বিপরিত দেখোঁ দেহ ভারে॥ ৩॥
স্কুপে বচন কহ আক্ষার খানে।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলা

ককৃগুড়্ডরীরাগঃ॥ রূপকং॥

তোক ছাড়া বড়ায়ি কেমনে জায়িবোঁ ঘর।
হেন চিন্তি চাঢ়লোঁ মো নাএর উপর॥
কথো দূর খেআইলে নাঅ চক্রপাণী।
ঝাঝর নাঅ নৈল চারি পাসে পাণী।। ১॥
বড়ায়ি বড় ভয় পাইলোঁ যমুনার জলে।
পার কৈল মোকে ভালে কাহাঞি গোআলো॥ ধ্রু॥

গাতর ভরা রাধা পেলা আভরণে। পাণি ফুটি মার আক্ষাক বুইল কাহ্নে॥ আচন্দিত খরতর বাহিলেক বাঅ। মাঝ যমুনাত ডুবিজা গেল নাঅ ॥ ২ ॥ ডুবিআঁ মরিতোঁ যবেঁ না থাকিত কাষ্টে। আক্সা লআঁ সান্তরিতাঁ রাখিল পরাণে।। এবার কাহ্নাঞি বড় কৈল উপকার। জরমেঁ সুঝিতেঁ নারোঁ এ গুন তাহার॥ ৩॥ সাহ্বর বড়ায়ি মোর উপজিল ডরে। পসার ডুবিল মোর জলের ভিতরে॥ কোণ পরকারেঁ আজি জাইবোঁ নিজ ঘর। গাইল বড়ু চ ভাদাস বাসলী বর॥ ৪॥

কোড়ারাগঃ॥ প্রকীন্ন লগনী॥ দণ্ডকঃ॥

রাধার বচন

শুণীতাঁ বড়ায়ি

বুলিল সব স্থিজনে।

ভবিল রাধার

সকল পসার

খর জাইবে কেনমনে॥ ১॥

দকল স্থিএঁ যুগতী করিফাঁ

মণ্ত করিল সার।

আপণ আপণ

দধি তুধ দিআঁ৷

রাধার কৈল পদার॥ ২॥

বডায়ি রাধা

আর স্থিগণ

চলিলা মথুরা পুরে।

দ্মত দধি ছুধ

ঘোল বিচিজা

জাইতেঁ মন কৈল ঘরে॥ ৩॥

বড়ায়ি রাধা আর স্থিগণ মেলিআঁ কত্তহো খনে। যমুনা নদীর ঘাটত গিতাঁ৷ নাতা চাহিলান্ত কাহেল। ৪॥ জলতে গুপতে বাখিজা ছিল আর বড নাঅ কাহে। তাহাত চড়াআঁ একই বারে পার কৈল গোপীগণে॥ ৫॥ আঞ্চলী বান্ধিজাঁ সন্ধারে কাহণাঞি বইল বিনয় বচনে। হেলা না ছাড়িহ আগাক প্রতি थ छी जव (जाय छ एव ॥ ७ ॥ হেন শুণিজা বুইল রাধা কাক্ষের চরণ ধরা। প্রুবেঁ নিলেঁ মোর আলক্ষার যত কিছই না দেহ মুরারী ॥ ৭ ॥ সদয় হৃদয় হুহা কাহণতিঃ দিল রাধার আভরণ। সব স্থিজনে ঘরক গেলা হজা হর্ষিত মন ॥ ৮ ॥ আপণ ঘরক গেলা কাহ্নাঞি বন্দিআঁ বড়ায়ির পাএ। বাসলী চরণ শিরে বন্দি গাঁ বড চণ্ডীদাস গাএ॥৯॥

রন্ধরা সহিতা রাধা গেহং গড়াভিমন্তবে।
জগাদ ষমুনাপারগমনাযোগ্যতাশতং॥
ততোহভিমন্থানা মোহান্নিষিদ্ধা মথুরাগতৌ।
চক্রে প্রারৃষি তক্রাদিবিক্রয়ং গৃহ এব সা॥

ইতি নৌকাখণ্ডঃ সমাপ্তঃ

অথ ভারখণ্ডঃ

অথ রাধারদাবেশবশীক্তমনা হরিঃ। পুনস্তল্লাভ্যাতেলন জগাদ জরতীঞ্চিরাং

মালবরাগঃ॥ রূপকং॥ চিত্রক লগনা॥ দণ্ডকঃ চিব দিন নাহিঁ রাধিকার দরশনে। তে কারণে বড়ায়ি গার নঙ্গে মনে ॥ ১॥ চিন্তিতেঁ তুগুণ ভৈল কদয়ে মদনে। এবেঁ তাক আণা মোর রাগহ জাবনে॥ ২॥ যতন করিহাঁ তাক রাখে আইহনে। তার মাত্র রাধিকারে চাহে খনে খনে॥ ৩॥ এতেকেঁ তাহাক আন্দো আণিতেঁ না পারী। আপুণে উপাত্স মোক বোল তোগো হরী॥ ৪॥ উপস্থিত ভৈল বড়ায়ি শরত সমএ। ত্ত্ত পথেঁ এবেঁ লোক মথুরাক জাএ।। ৫।। এবেঁ তথা কাহাতিওঁর নাহিঁ আধিকার। হেন বুলী রাধা নেহ যমুনার পার॥ ৬॥ রাধিকারে নিব আন্দে যমুনার পার। এথাঁ করিবোঁ কাহ্ন কোণ পরকার॥ ৭॥ স্থরূপ করিফাঁ কাষ্ঠ কহ মোর পানে। তবেঁ রাধিকারে আণো হরষিত মনে॥৮॥ যমুনার পণে আন্দে ভার সজাইআ। থাকিব পথের মাঝে মজুরিআ হুআঁ॥ ৯॥

রাধিকারে বুলিহ বিবিধ প্রকার।
সে যেক সান্দাক বহাএ দি ভার ॥ ১০ ॥
ভাল বুইলেঁ কালাঞিঁ চল তোলো ঝাঁটে ।
আলো রাধা লগাঁ যাইউ মথুরার হাটে ॥ ১১ ॥
এহি প্রকারেঁ তোর পুরিব আশে ।
বাসলী শিরে বন্দা গাইল চণ্ডাদাসে॥ ১২ ॥

জরতীবাচমাচমা মাধবোবিহিতত্বর:। ভারদগুর্দিদামগ্রীরচনায়োপচক্রমে॥

কোড়ারাগঃ ॥ ক্রাড়া 📈

মাঝ বৃন্দাবন গিআঁ কাহ্নাঞি গৈ গোহাল।
চামড় গাচের বাছি কাটিলেক ডাল ॥
ছুই পাশে ছুচ করা মাঝে পুষ্ট করা।
বাঁহুক সজা এ ভাল দেব মুরারী ॥ ১ ॥
রাধার কারণে কাহ্নাঞি আল বেধিল মদন।
ভার সজ করিবারে করিলান্ত মন ॥ গুং ॥
সুচাঁছে চাঁছিল ভার ছুই মুঠা।
ছুই পাশে নিরমিল শুশোভন গুঠী ॥
ঝাঁওএঁ ঘদিআঁ তাক করিল চিকণ।
বাঁহুক সংপুণ্ণ হয়িল আতী শুশোভন ॥ ২ ॥
নালিচা কাটিআঁ কাহ্নাঞি মাঝ জলে থুইল।
বার পহর হয়িলেঁ তাহাক তুলিল ॥
সুখায়িআঁ বাছিআঁ পাট করিল স্কুসর।
চারী গুণ দডী পাকাইল দামোদর ॥ ৩ ॥

স্থদৃঢ় বন্ধনে কৈল ছুয়ি শিকিসা।
তলত গাঁথিল তার ছুগুটি বেণ্ডুয়া।
বাঁহুক যোড়িজাঁ গেলা যমুনার পারে।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলা বরে। ৪।

অপণভিষয়াজননী জরতীরজনীক্ষে। ইদনাহ কৃতজ্জাপলনাভ হিতাশ্রা॥

(দশবভারীরাগঃ॥ नघुर्শথরঃ॥

আনেক প্রকারেঁ মোএঁ বুইলোঁ রাধারে । দধি চুধ লতাঁ। জায়িতেঁ মথুরা নগরে॥ হাটক না জাত্র মোক বোলে ধিক বাণী। রাজার কোঁঅরা ভৈলা আইহনের রাণী॥ ১ দেখ আইহনের মা রাধার চরিতে। গোহালের কাম ছাড়া করে বিপরীতে ॥ ধ্রু ॥ গোহ্মালের কুলে রাধা জরম লভিসা। দৃষ্টি বিকে না জাএ গাকএ বসিআঁ॥ বিধি না লিখিত তার কপালের ভাতে। সতোঁ আইহন মাঅ কহিলোঁ তোন্ধাতে ॥ ২ ॥ দিনে দিনে সঞ্চিত ভৈল বিথর দহী। ডাক দেওঁ মোএঁ সব গোহালিনী সহী॥ আপণে বহুক বোল হাট জায়িতেঁ তোকো। এক বারেঁ সন্ধা লতাঁ। জাইৰ আন্ধা ॥ ৩॥ এ বচন মনে ভাবি আইহনের মা। রাধিকারে বুইল বড়ায়ির সঙ্গে যা॥

ঘরক থাকিতেঁ চাহ কিসের আশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাসে॥ ৪॥

অথাভিমন্তাজননীদতং ভূবি প্রোদ্ধি। আদায় জরতীলাহ রাধাদ্রভয়াতুরা॥

রুজ্জরীরাগঃ॥ যতিঃ॥

সব স্থিজন মেলি বড়ায়ির ঠায়ি। বিনয় করিআঁ বোলে চন্দাবলী রাহী। সেমনে লইজা যাহা যমুনার পার। যেহু লাগ না পাএ কাহ্নাঞি আক্ষার॥ ১॥ সাস্থভীর বোল স্থনি ডরায়িলী রাহী। পসার সজাজ। লৈল ঘৃত ঘোল দহী॥ ধ্রু॥ দধি বিকে মণ্রা নগরী জাএ রাধা। এবার পত্তথ কেছো না কৈল বাধা।। হরিযেঁ পাইল রাধা যমুনার পার। আতি বড শ্রম পাআঁ নাম্বায়িল প্রসার॥ ২॥ সাবধানে স্থন বড়ায়ি বচন আন্সার। বহিতেঁ না পারোঁ এহা গ্রুফ পসার॥ শুরতে সমএ রৌদ সহিতেঁ না পারী। এভোঁ বড় দূর আচে মথুরা নগরী॥ ৩॥ এক মজুরিআ আন বহু দধি ভার। তুঈ ভাগ করি লউ আক্ষার পসার॥ তবেঁসি চলিতেঁ পারোঁ মথুরা নগর। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর ॥ ৪ ॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥ চিত্রক প্রকীণ্ণ লগনী॥ দশুকঃ॥

যবেঁ হাট জায়িতেঁ নাহিঁ তোক্ষার শকতী।
উচিত মজুরা দিতেঁ কর আনুমতী॥ ১॥
মজুরিআ বুলিআঁ আপণে দেহ ডাক।
এখনে মজুরিআ আসি মেলিব তোক্সাক॥ ২॥
বড়ায়ির ঠায়ি রাধা বুলিল বচনে।
দধি হুধ বিচা কোড়ী দিবোঁ তোর থানে॥ ৩॥
কথো দূর পণ গিআঁ রাধিকা আপণে।
মজুরিআ বুলী ডাক দিল ঘন ঘনে॥ ৪॥
আন রূপ ধরি ভার লআঁ ততিখনে।

(ইহার পর ৮৮।২ পাতা নাই।)

- তোরে লতা জাইতে নাহিঁ পারী ॥ ১৫ ॥
 এহা বুঝী বাহুড়িআঁ চল নিজ গর ।
 গাইল বড় চুণ্ডীদাস বাসলী বর ॥ ১৬ ॥
 - কহুগুড্জরীরাগঃ॥ রূপকং॥

সঙ্গে ধাইউ রাধাএ দূরে দূরে।
বাহুর বলয়া দিবোঁ পএর নূপুরে॥
পাসরিলোঁ যে তোর করিলোঁ উপকার।
ভরিল যমুনাত তোলাক কৈলোঁ পার॥ ১॥
সঙ্গে লইআঁ যা।
গোআলার বি রাধা ল॥ গ্রং॥
সঙ্গে জাইউ রাধা আলো আলো আর তোকো।
দিধি হুধ ভার তোর না বহিব আকো॥

দধি হধ বিচি রাধা করিবেহেঁ কী।
কাজ না বুঝ কেকে গোআলার ঝী॥২॥
দক্ষে জাইতেঁ রাধা না করিহ ডর।
সোই মথুরা পুরী আক্ষার ঘর॥
মথুরা পুরের মাঝেঁ আক্ষা ভালেঁ জাণী।
ভোঁথে ভাত দিবোঁ তোরে পিআসত পাণী॥৩॥
আক্ষে সক্ষে জাইতেঁ রাধা না করিহ শঙ্কা।
জলধিত সেতু বান্ধি জিণিলোঁ মো লঙ্কা॥
এবেঁ তোর সঙ্গে জাইতেঁ চাঠো রতি আশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাসে॥৪॥

মলাররাগঃ॥ রূপকং॥

আউ থাকিতেঁ কাহাঞি মবণ ইছসি।
সাপের মুখেতে কেহে আঙ্গুল দেসী॥
চুন বিহনে যেহ্ন তাম্বল তিতা।
আলপ বএসে তেহ্ন বিবহের চিন্তা॥ ১॥
লাজ নাহি কাহাঞি বদনে তোহোর।
পাছে আসিতেঁ কেহেন চাহসি মোর॥ ধ্রু॥
মজুরিআ হজাঁ কেহেন এত বড় রক্স।
আলপ হজাঁ চাহ বড়ার সক্ষ॥
হাথেঁ হাথেঁ চাহা কাহ্নাঞি আকাশের চান্দ।
—করসি তোএঁ ছান্দ॥ ২॥
উত্তম জাতী তোকো নান্দের বালা।
পুরুষ হজাঁ তোকো——॥
সকল লোকের মাঝে না বাসসি লাজ।
মা বহসি ভার বোলসি আম কাজ॥ ৩॥

মাকড়ের.....ঝুনা নারিকল।
আক্ষাক দেখিআঁ তেহ্ন না হল বিকল॥
সক্ষে আসিবে যবেঁ লগ দধি ভারে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী ববে॥৪॥

ববাড়ীরাগঃ ॥* রূপকং ॥ 🕡

ব্রক্সাবেদ হরিবেক ইন্দ্র হরিব পাণী। সজন সমাজেঁ হরিব সত। বাণী ॥ কপিলা হরিব ক্ষীর সম্ম বস্তুমতা। ঋষি তপ হরিবেক পণ্ডিত স্থমতা ॥ ১॥ না বোল না বোল রাধা হেন স বচন। কুমেওঁ ভার বহিলেঁ মজিব ত্রিভূবন ॥ ধ্রু ॥ किन्ति क्षेत्र कि के कि कि कि मार्ग । প্রবল হৈতাঁ সূদ্রে লংঘিব ব্রাক্ষণে।। পুরে বাপ লংঘিব শিষ্য গুরুজনে। পূণা লংঘিব জনে হতা। পাপ মনে ॥ ২ ॥ সেবকেঁ লংঘিব প্রস্থ নারী নিজ পতী। আপণা মজাযিব ব্ৰত লংগিআঁ সতী॥ শর্ণ জনের লোকেঁ লংঘিব পরাণ : দাতাএঁ লংঘিব আপণেয়ি দিআঁ দান। ৩॥ সব বিপরীত হৈব রাধা তো**লা**র কাজে। আর কঠ হয়িব তোরে ত্রিদশ সমাজে॥ মা বহাতা ভার রাধা পুর মোর আশ। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪॥

অথবা কানড়া

দেশাগ্রাগঃ॥ একভালী॥

আক্ষার বচন শ্রন।দের নন্দন। ভার এড়িতেঁ ভোকো চাহ আকারণ ॥ মজুরি সহিজা ভোক আণিলোঁ মো ভারী। বিণি ভার বহিলে এড়িতেঁ তোক নারী॥১॥ লম ভার কাফ ভোকে না কর বিমতী। তবেঁ স্বর্থে লগা যাইবোঁ তোন্ধাক সংহতী॥ ধ্রু॥ তোকো ভার বহিলে মজিব ভিন লোক। এহা স্থণী ভোন্ধাক হাসিব সব লোক। আপণার বডায়ি আপনে নাচিঁ কঠা। লতা ভার কাহাতিঃ বিকলী হাটে দহী॥ : ॥ সকল গোআল জাতী দ্বি ভার বহে। তাহাত কাহাৱো লাজ কথাঁহোত নহে। ভোকো কেন্দ্রে ভার বহিতেঁ করহ বিমতী। হেন বুঝোঁ ভোগে নহ গোজাল জাতা॥ ৩॥ মনে পরিভাবি কাহাঞি কান্ধে কর ভার। হাট জায়িতে হএ মোর বিলম্ব আপার 🖟 মোর সঙ্গে আইস বাঁটি মথুরা নগর। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর ॥ ৪ ॥

দেশবরাড়ীরাগঃ॥ রূপক**ং॥** ১

তীন ভুবনে রাধা আন্দে আধিকারী।
বাছিতাঁ সে পালি রাধা আন্দাক ভারী॥
ভার গরুতা নহে গরুতা বড় লাজ।
কেমনে জায়িব রাধা সজন সমাজ॥ ১॥

না বোল না বোল রাধা হেন স উত্তর।
কোণ লাজেঁ ভার বহিবে গদাধর ॥ গ্রা
সকট ভাঁগিল আন্দ্রে শুণিআছ তোকো।
জমল আর্জুন তরু উপাড়িল আকো॥
কংস বধিবারেঁ মোএঁ কৈলোঁ আবতার।
এবেঁ কি বহিব আকো তোর দধি ভার॥ ২॥
দধি হুধ বিচি ভোর বিপরীত মতা।
তোঁস না চিহ্নসি আলা দেব আধিপতী॥
বোআলার বি ভোলে বড় আছিদরী।
তে কারণে ভার বহারিতেঁ চাহা হরী॥ ৩॥
বোবন গরবেঁ বোল এ সব উত্তর।
তাহাক শুণিতেঁ কোপ উপজে অন্তর॥
এভোঁহো অযোগা বোল রাধা পরিহর।
গাইল বড়ু চগুদাস বাসলা বর॥ ৪॥

শৌরীরাগঃ॥ রূপকং॥ 🔾

প্রহারেক বেলি ভৈল যমুনার ঘাটে।
কত খনে জায়িব আক্ষে মথুরার হাটে॥
ঘুত তুধ নঠ হএ আম্বল দহা।
সংহতী এড়িআঁ জাএ গোআলিনা সহা॥ ১
লইবেঁ না লইবেঁ ভার স্থলর মুরারা।
না বহিভেঁ ভার যবেঁ ধরোঁ আন ভারী॥ জা
বোল শত স্থিজন সন্দে গেলা আগ।
তোর বোলেঁ তা সমার না লইলোঁ লাগ॥
বোলহ উপায় কাহাঞি কি বুধি করিবোঁ।
জাকে তুধ যোগাওঁ তারে কি বুলিবোঁ॥ ২॥

সব সথি গেলেঁ কাহ্নাঞি হৈবোঁ একসরী ।
লোক দেখিলেঁ তবেঁ আন্দেঁ লাজেঁ মরী ॥
তোক্ষার মুখত কাহ্নাঞি কিছু নাহিঁ লাজ ।
ফুরাআঁ না দেহ তোক্ষা তেঁসি একো কাজ ॥ ৩ ॥
ফার বিচিব আক্ষাে ধরিব আন ভারী ।
বাহ্যজিঁ৷ ঘল কাহ্নাঞি নান্দের নন্দন ।
গাইল বড় চণ্ডাদাস বাসলী গণ ॥ ৪ ॥

বামগিরীবাগঃ॥ প্রকীগ্ন॥ লগনী॥ দওকঃ॥ একতালী॥

বচনেক বোলোঁ স্থন রাধা গোজালা।
দিধি ভার লাজা জাউ তোর বনমালা॥ ১॥
দিধি ভার লাজ তোকো শুন বনমালী।
নাজাঁ তোর যোগ মোএাঁ আবালা গোজালী॥ ২॥
দিধি ভার লাইব আকো এবা কোন কাজ।
দেবের দেব হাঁ পাইব বড় লাজ॥ ৩॥
লাজ কয়িলোঁ কাহ্লাঞিঁ হারায়িবোঁ কাজ।
পাছে দোষ আক্লারে না দিহ দেবরাজ॥ ৪॥
ভাল বুইলোঁ রাধা মোর চিত্তে পড়িহাসে।
ভার বহোঁ স্থােথাঁ যবোঁ দেহ রতি আশে॥ ৫॥
ঝাঁট ভার লাজ কাহ্লাঞিঁ দৃঢ় করী দড়ী।
দিধি নঠ হৈলোঁ লাবোঁ ভিন গুণ কৌ দুটী॥ ৬॥
আন্দেষ কপাটোঁ তোর পুরীল মতী।
এহি পাণেঁ হৈল ভোর নপুংসক পতী॥ ৭॥

না জাণো কপট কাহ্নাঞি আগে শুদ্ধ মতী।
পাপ সাগরে কাহ্নাঞি তোকো সে কুমতী ॥ ৮॥
না বহিবোঁ তোর ভার দেহ মোর দানে।
বিশি দানে নিব তোকাা কাহাব পরাণে ॥ ৯॥
মিছা অলঞ্জাল তেজ বহ দিধি ভার।
মনস্থ ভৈলেঁ বোল ধরিবোঁ তোকার ॥ ১০॥
এ বোল স্থনিআঁ কাহ্নাঞি মনের উল্লাসে।
ভার লএ উলটিআঁ। চন্দ্রাবলী হাসে॥ ১১॥
ভার সম কর দিধি বেহু নাহিঁ টলে।
দিধি নঠ হৈলে মারিবোঁ মাগু কিলে॥ ২২॥
ভার সজী করি লৈল নান্দের নন্দন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলীগণ॥ ১০॥

মাহারাঠারাগঃ॥ ক্রতমান॥ এক তালী॥

চামড় কাঠের বাঁ ক যোড়ি তাঁ

তেরছ কৈল সীকা।

আগেঁ বড়ায়ি জাএ পাছে ভার বহে কাহ্য

মানো রাধিকা জাএ বিকা॥ ১॥

লড়িলা জনার্দ্দন কান্দেন লাজা ভার

দধি বিকে মথুরার রাজে।

দেখি সব দেবা-গন খলখলি হাসে ল

ভাবে* মজিলা দেবরাজে॥ ধ্রু॥

সোনার ভাণ্ডে দধি তুধ সজাইআঁ।

রূপার ভাণ্ডতাণ ঘী।

 ^{&#}x27;ভাবে" কার্টিয়া 'পাপে করা আছে ।

^{† &#}x27;ভাগুত' কাটিয়া 'ভাগ্ণে সক্রাইল' করা আছে।

সে ভার দেব বনমালী বহে ল
উলসিণী গোমালার ঝী ॥ ২ ॥
ভার লকাঁ জায়িতেঁ পসার টলিকাঁ গেল
ছাড়ায়িল কিছু হুধ দহী ।
সোনার রূপার ভাগু তেরছ হৈল ল
দেখি বুকে ঘাঅ দিল রাহী ॥ ৩ ॥
লাজ পাআঁ কাহ্নাঞি ভার এড়িআঁ মিল
দেখি সব স্থিগণ হাসে ।
বাসলী চরণ শিরে বন্দিমাঁ
গাইল বড় চণ্ডীদাসে ॥ ৪ ॥

বচসো ভরণাঘৃদ্ধে তবায়স্তাবিকঃ কুতঃ। ইদানীং নাশিতস্তেন দধ্যাদি করবাম কিং॥

রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥ \
মো যবেঁ জাণিবোঁ কাহ্নাঞি পেলাইব ভার ।
তবেঁ কেহ্নে দিবোঁ তারে গরুত্ম পসার ॥
বহুমূল পসার অরিঅঁ ছারখার ।
পাঞ্চ সক্ষতি * কাহ্ন করিল আক্ষার ॥ ১ ॥
এহে কি লআঁ জাইবোঁ হাট আগতে বড়ায়ি ।
অখণ্ড পসার নঠ করিল কাহ্নাঞি ॥ ধ্রু ॥
বিথর করী সজাইলোঁ ঘৃত ঘোল দহী ।
বাধ নাহিঁ দিল কেহো গোআলিনী সহী ॥

'সঙ্গতি' কাটিয়া 'ছর্গতি' করা আছে।

কি বুধি করিবোঁ বড়ায়ি কোণ পরকার।
কৈছ মতেঁ সজ হউ দধির পসার॥ ২॥
আপণে যাচিআঁ কাছাঞিঁ লৈল দধিভার।
তাহাত লাগিআঁ ভারী না ধরিলোঁ আর॥
এবেঁ সজ করু কাছ আপণে পসার।
আপুণা চিহ্নিআঁ ভার লউ আর বার॥ ৩।
যেই দধি দুধ দ্বত ভাগুত আছএ।
পসার সাজিতেঁ তেএঁ কাহ্যুক জুআএ॥
আপণে বুঝাহ বড়ায়ি নান্দের:নন্দনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

রাধিকাব্চসা ভারবহনায় পুন: পুন:। জরতী প্রেরিত: প্রাহ ক্ষিতো মধুসুদন:॥

ভাঠিআলীরাগঃ ॥ যতিঃ ॥
আন্ধার বচনে বোল রাধা চন্দ্রাবলী।
আর ভার না বহিব দেব বনমালী ॥
মারা পাতী কৈল মোর বড় অপমান।
কিছু কাজ নাহিঁ মোর দেউ মাহাদান ॥ ১ ॥
এড়িল বড়ায়ি হের দধির পসার।
আর শির তুলী মুখ না দেখিব তার॥
(ইহার পর ১০)২ পাতা নাই।)

^{——}ভার। মঠ করী সকল পসার॥ গ্রু॥

যত নঠ কৈল মোর স্থাত দিখ বোল।
তারে কেছে না বোলহ বোল॥
ততেকেঁ স্থকাল গেল মোর মাহাদাণে।
সরূপেঁ কহিলোঁ তোর থানে॥ ২॥
ভাল ভারী আণিলেহেঁ সংসারে বাছিআঁ।
হাথ দিতেঁ লিহে কলিআঁ॥
কোহো রাজে না দেখিল হেন ছঠ ভারী।
যাক বোল দিবাক না পারী॥ ৩॥
এবোঁহো আপণ চিহ্নি জাউ নিজ ঘর।
হেন ভারী দেখি লাগে ডর॥
বোল কাহাঞিঁরে তেজু মোর আশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

নিশম্য রাধিকাবাক্যং বৃদ্ধয়া সমুদীরিভং। সভ্রথমবদং ক্রফো রাধিকাং রস্বাধিকাম্॥

রামগিরীরাগঃ॥ লগনী॥ দণ্ডকঃ॥ একতালী॥
উচিত লইবোঁ তাত নাহিঁ বাধা।
ভারক কান্ধে কৈলোঁ তোর রূপ দেখি রাধা॥ ১॥
দাণ চাহ মোরে আর কহ পাপ কথা।
হেন বুঝোঁ তোক্ষার কটিলোঁ লাগে মাথা॥ ২॥
তোক্ষাক লাগিআঁ যবোঁ যাত্র পরাণে।
তভোঁ তোর সঙ্গ রাধা নাহীঁ ছাড়ে কান্ধে॥ ৩॥
মজুরিআ হআঁ হেন না বোল কাহ্ণাঞিঁ।
হাথ বাঢ়ায়িলোঁ কি চান্দের লাগ পাই॥ ৪॥

তোক্ষার বোল মোর নাহিঁ লাগে মনে।
হাথ বাঢ়ায়িলেঁ চান্দ পাইলেঁ। বৃন্দাবনে ॥ ৫ ॥
পুরুর কালের পাতে না কুইছ মূলে (?)।
এবেঁ দোষ পাইলেঁ রাজা দেএ তিরীশূলে ॥ ৬ ॥
পরাণে মারিবোঁ তোর কংস নরপতী।
দাণ দেহ ভারে থাকি মানহ স্তুরতী ॥ ৭ ॥
তোক্ষা ভারী নাহিঁ কিছু মোর কাজ।
আন ভারী বেহারিব জাইব মথুরার রাজ ॥ ৮ ॥
আকারণে রাধা মোর না কর নিরাস।
বাসলী শিরে বন্দা গাইল চণ্ডীদাস ॥ ৯ ॥

মাহারঠারাগঃ॥ রূপকং॥

দেখিআঁ তোক্ষার রূপ বিদরিতেঁ চাহে বুক সংসারত তোক্ষা কৈলোঁ সারে। এ তোর যৌবন ভার কৃষ্ণ ভুঞ্জু কথোকাল দূর জাউ মদন আনলে।। ১।। বহিরোঁ দধির ভার তেজিবোঁ দাণ তোক্ষার

প্রাণ রাধা ল।

তোতে ভোল গেল দেবরাজে ।। ধ্রু ।।

শুন বৃন্দাবন কথঁ।

শে ফল এথাহোঁ দিবোঁ তোরে ।

ফুটিল কমল ফুল

খাট পাড় যমুনার ভীরে ।। ২ ।।

ভোঁ দেখি হারায়িলোঁ মতী

দেহ ভোগে আমুমতী

দিবোঁ ভোরে নানা আভরণে ।

এ তোর রূপ যৌবন তাহাত মজিল মন এবেঁ দেহ আলিঙ্গন দাণে॥ ৩॥ ভোক্ষে রাধা চন্দ্রাবলী আক্ষে দেব বনমালী আক্রা পরিহর আকারণে। আন্সার পুরহ আশ গাইল বড়ু চণ্ডীদাস বন্দিতাঁ বাসলী চরণে ॥ ৪ ॥ ভাঠিমালীরাগঃ ॥ ক্রীডা ॥ নিষ্ধিতেঁ কাহ্নাঞি দ্বি দুধের ভার আপণ ইছাত্র লৈবেঁ। পরার নারী আকাশের চান্দ তাহাক কেমনে পাইবেঁ॥ ১॥ নিলজ কাহ্নাঞি লডহ না কেহে এডিআঁ দধির ভারে। নঠ না কর ঘুত চুধ দুধি জাওঁ মথুরা নগরে ॥ ধ্রু ॥ আক্ষার বচন শুণ কাহ্নাঞি না লইহ দধির ভারে। কভোঁ না মানিবোঁ স্থরতী তোরে আপণে নিবোঁ পসারে ॥ ২ ॥ নাহিক তোকার দাণ আধিকার কিকে মরিষ্থ দাণে। বডই নিলজ नात्मत नमन ঘর জাহা নিজ মানে ॥ ৩ ॥ কথা না দেখিল বাঁওন হাথে

ভাল ভরু ফল পাএ।

বাসলী চরণ

শিরে বন্দিতা

বড়ু চণ্ডীদাস গাএ ॥ ৪ ॥

রাধাবচনমাচম্য বিরসং শার্যা ছবি:। বিধায় ত্র্বহং ভারং জগাদ জরতীমিদং॥

কেদাররাগঃ॥ যতিঃ॥

কেছে মোরে বোলে রাধা নিঠুর বচনে। কোণ আপরাধ কৈল শ্রীমধুসূদনে॥ দ্বগুন গরুঅ ভৈল দেখহ পসার। বহিতেঁ না পারিব রাধা তুলী চাহ্ন ভার ॥ ১ ॥ আগু হউ রাধা পাছেঁ লইউ আক্ষে ভার । তোকো গুরুজন বডায়ি আগু জায় তার ॥ ধ্রু ॥ নিতম্ব জঘন ঘন পীন তন ভার। দেহে তুলী দিল বিধি যৌবন তাহার॥ শরত সময় হের রবির সন্তাপে। এ পসার নিতেঁ নারে রাধিকার বাপে॥ ২ ॥ আর মজুরিকা দব গেলা লআঁ ভার। আন্ধা ছাড়ী ভার নিতেঁ নাহিঁ পরকার। মোরে বচনেক বুলু রাধিকা আপণে। দ্ধি ভার লই আক্ষে হর্ষিত মণে ॥ ৩ ॥ (य तोल तुलित त्रांधा (म तोल कतिएवँ।। ভার বহিলাঁ ভার মথুরাক নিবোঁ॥ ঈঙ্গিভেঁহে দেউ রাধা স্থরতীর আশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

নিপীয় রুক্ষবচনং জরতা। প্রতিপাদিতং।
প্রাহ রাধা পরিহাদরস।লস্মনা হরিং॥

দেশাগরাগঃ **॥** একতালী ॥ আক্ষার বড়ায়ি পথে চলিতেঁ না পারে। ওহার পদার কাহ্ন তুলী দেহ ভারে॥ বোলেঁ চালেঁ না পাইএ পরার রমণী। তে কারণে গোলোঁ মোণ্র তোক হেন বাণী ॥ ১॥ লঅ দধি ভার ভোকো মথুরাক যাই। আসিতেঁ তোকাক রতি দিবোঁ মো কাহ্নাঞি ॥ ধ্রু ষোল শত গোপীগণ সব গেলা আগ। মোতেঁ লাগি বড়ায়ি তার না লৈলেক লাগ। মোত বভ দয়া লাগে বডায়ি দেখিআঁ। চলিতেঁ না পারে কাখে চুপড়া করিফাঁ॥ ২॥ বড়ায়ির সঙ্গে জাইবেঁ। মথুরা নগরে। ষাতী বুঢ়ী সেহে। ঝাঁট চলিতেঁ না পারে॥ তাহার চুপড়ী যবেঁ না দিবেঁ ভারে। তবেঁ কেন মতেঁ ভোএঁ পাইবেঁ শুঙ্গারে॥ ৩॥ আহ্মাতে লুবধ কাহ্নাঞি তোক্মার মণে। তে কারণে আইলা তোক্ষো আক্ষার গহনে॥ এবেঁ ভার লম ঝাট শ্রীমধুসূদন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ ॥ ১ ॥ পাহাডীআরাগঃ ॥ একতালী ॥ লগনী ॥ দণ্ডকঃ ॥ ভার বহিব তাত না করিবোঁ মো আনে। ৰডায়ি সাখিএ বোল সত্য বচনে॥ ১॥

কোণ কাজে লাগি আক্ষে সত্য করিব।
ভার বহিলেঁ তোর বচন ধরিব॥ ২॥
মোর লোভ হয়িল তোর দেখি পয়োভার।
সেসি কারণে আক্ষে বহিব তোর ভার॥ ৩॥
লোভ হয়িলেঁ কাহাাঞি আরতী না করী।
গোপত কাজত কাহাাঞি হয় আখি বারী॥ ৪॥
পুনমীর চান্দ রাধা বদন তোহোর।
ভাত মজি গেল মোর নয়ন চকোর॥ ৫॥
তোক্ষার চরিত্র আক্ষে বুঝিতেঁ না পারী।
কথা না আছিলাহা হেন আছিদর ভারী॥ ৬॥
আক্ষার চরিত্র তোক্ষে জাণহ সকল।
এবেঁ ঝাঁট কর রাধা যৌবন সফল॥ ৭॥
ভার (না) বহিলেঁ মো না মানো হ্রতী।
গাইল বড় চঙীদাস বাসলী গতী॥ ৮॥

মলাররাগঃ॥ রূপকং॥

বিধাতাএঁ হেন মোর লিখিল কপালে।
কলক থুয়িল জাত চন্দ্র দিবাকরে॥
তোক্ষার কারণে রাধা কৈলোঁ আবতার।
স্থথোঁ রাজ কংস আক্ষে বহী ভার॥১॥
যুগোঁ যুগোঁ বড়ায়ি জাউ মাঝোঁ জায় রাহী।
পাছেঁ ভার লআঁ জাউ স্থন্দর কাহাাঞিঁ॥ গ্রুণ॥
তোর বোলেঁ ভার বহে রাধা বনমালী।
আজী লাজক দিআঁ তিনাঞ্জলী॥
হেন কাম কৈল রাধা ভোক্ষার কারণে।
স্থদৃত থাকিএ এহো তোক্ষার মণে॥২॥

দধি ভার লআঁ। আন্দো জাইব বাটে বাটে।

মোর পাণে চাহে যত লোক জাএ বাটে॥

কি কৈলেঁ কি কৈলেঁ রাধা বড় পায়িলোঁ লাজ
ভার বহায় কি কারণে দেবরাজ॥৩॥

মথুরা নিকটে নামায়িআঁ দধি ভার।
কাহণাএিওঁ বুইল চাহী বদন রাধার॥
ভার বহিল এবেঁ দেহ আলিক্ষন।
গাইল বড় চণ্ডীদাস বাসলী গণ॥৪॥

বসন্তরাগঃ॥ একতালী॥

যতন করিআঁ রাধা বুয়িলোঁ বারেঁ বার। এডিলেঁহে কেছে কাহাঞি লম দ্বি ভার ॥ সাবধানে লক্ষ যেহ্ন না ছাড়াএ ঘোল। বাটতে জায়িতেঁ তোরে দিবোঁ চ্ম কোল।। ১।। এহা বুলী চৌহালিনী গোআলিনা গো। ভার বহায়িলে নান্দো যশোদার পো॥ ধ্রু॥ দ্ধি ভার লৈল কাহ্নাঞি লোক উপহাসে। বিমুখ হৈআঁ সব সখিগণ বৈশে ॥ হাসে দেবগণ দেখি রাধার চরীত। কুষ্ণক বহায়িল ভার কৈলে আসুচিত। ২। ভার লথা জা এ কাহ্নাঞি মথুরার হাটে। রাধাক বুইল নারদ বসিজা গটে॥ বড়ার বহু হৈআঁ। হেন কর কাজ। ভার বহায়িলেঁ রাধা কৃষ্ণ দেবরাজ ॥ ৩॥ দ্ধি ভার লআঁ কাহ্ন মথুরাক জাএ। উলটি উলটি রাধা কাহ্ন পাণে চাহে॥

তখন কটাক্ষ দেএ কাহ্নাঞি কিছু হাসে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪

কালক্ষেপাসহঃ কৃষ্ণঃ সত্যক্ষা রাধিকামিদং। সলজ্জনয়নাকাজ্জাপ্রকাশনমভাযত ॥

কোড়ারাগঃ॥ একতালী॥

মথুরা নগর বড় সজন সমা(জ)

(ইহার পর ৯৮।১ পাতার অভাব আছে।)

(বি) ফল নহিব মোর বোল।
আসিতেঁ তোকাক দিবোঁ কোল।
বহ ভার না কর তোঁ লাজ।
লাজেঁসি হারায়িএ কাজ॥২॥
ঝাঁট কাহ্ন লম দিবি ভার।
এ নহে কলঙ্ক তোকার॥
দিধি ছুধ বহএ গোআলে।
ভাহাত কে কি বুলিতেঁ পারে॥০॥
তোর মোর উভয় সমতী।
আসিবার বেলেঁ দিবোঁ রতী॥
লম্ম ভার মনের হরিষে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥৪॥

মালবরাগঃ॥ যতিঃ॥ লগনী॥ কি বহিব ভার তোর বোলে নাহিঁ ভাষ। লোকতে আক্ষার করাইলেঁ উপহাস॥১॥ লোকে কেন্সে উপহাস করিব তোক্ষারে।
কোণ গোআল সে নাহি বহে ভারে॥ । ॥
ভার বহায়িলেঁ রাধা নানা পরবন্ধে।
বড় তুথ পাইলোঁ ঘাঅ ভৈল মোর কান্ধে॥ ৩।
বিণি তুথেঁ সুখ নাহিঁ কথাঁহো কাহ্নাঞিওঁ।
হএ নহে পুছ ভোক্ষে আপণ বড়ায়ি॥ ৪॥
কি পুছিব বড়ায়ি রাধা আক্ষে সব জাণী।
না দেখিল ভোক্ষা হেন কথাহোঁ। চউহাণী॥ ৫।
না বোল না বোল কাহ্নাঞি হেন রুখ বাণী
আসিতেঁ পারিবোঁ আশ ভোর চক্রপাণী॥ ৬॥
আমুতের ধারেঁ তোঁ সিঞ্চিলি মোর মন।
সর্রপেঁ কি হৈব রাধা ভোর এ বচন॥ ৭॥
সর্রপ কহিলোঁ কাহ্ন লঅ দধি ভারে।
গাইল বড়া চণ্ডীদাস বাসলী বরে॥ ৮॥

রাধিকাবাচমাচম্য প্রমোদতরমন্থর:। ভারমাদায় চতুরো রাধামল্যযো হরিঃ

ধানুষীরাগঃ॥ লখুশেখরঃ॥
আল কাহ্নাঞি সুণীএ বচন রাধারে।
কান্ধে তুলী লৈল দধি ভারে॥ল॥
আগু করী রাধা চন্দ্রাবলী।
পাছেঁ চলি জাএ বনমালী॥ল॥১॥
আল কাহ্নাঞি বড়ায়ির নক্ষন নেবারী।
পরিহাস করিল মুরারী॥ ধ্রু॥

হেন মতেঁ চলী ধীরে ধীরে।
গেলা কাহ্নাঞি মথুরা নগরে॥
মনমথেঁ বিকল শরীরে।
যে করাএ রাধা সেহি করে॥ ২॥
হাটে নাম্বাইল দধি ভার।
বিকী ভৈল সকল পসার॥
রাধার বুঝী গোকুল গতী।
কৃষ্ণ ভৈলা বেআকুল মতী॥ ৩॥
স্থন ভার পেলাইআঁ হাটে।
রাধা সঙ্গে জাএ বাটে বাটে॥
রতী আংশেঁ না ছাড়এ পাশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

ইতি ভারখণ্ডঃ সমাপ্ত



অথ ভারখণ্ডান্তর্গত ছত্রখণ্ডঃ

রামগিরীরাগঃ ॥ আঠতালা॥

এহে। দধি চুধ স্থৃত ঘোল বিকলিজাঁ রক্ষে। পথ মেলি জাএ রাধা বডায়ির সঙ্গে । হর্ষিত মনে জাএ চন্দ্রাবলী ঘর। কাহ্ণাঞিঁকে বিভৃষিজ। মথুর। নগর॥ ১॥ শরতের রোদেঁ রাধা বডায়ি বিকলী। বাটে এক তক্ত তলে খাণিএক বদিলী॥ ধ্রু॥ বিনয় বুইল রাধা বঙায়ির পাএ। দেখ সব সখিগণ আন্দা এডি যাএ॥ না জাণো কি বোলে তথা আইনের মাএ। সকল ঠায়িত মোর তোলোঁসি সহাএ॥ ২॥ স্থি সম্বোধিআঁ কিছু বুইল চন্দ্রাবলী। তোক্ষার বিদিত মোএঁ যেহেন কোঁঅলী। রৌদ পাডিআঁ আন্দে জাইব ঘর। বুলিহ সাস্থড়ী থানে এ সব উত্তর॥ ৩॥ আয়াস খণ্ডিল কিছু শীতল পবনে। চারি পাশ চাহে রাধা তরল নয়নে। দেখিল কোপিল কাহ্নাঞি রহিলছে পাশে। वामली भित्त वन्ती शाहेल हखीलात्म ॥ ८ ॥

> অথ রাধারদালাভপরিদৃনমনা হরিঃ। দপৌক্ষপুরস্কারং থরাথরমুবাচ তাং॥

জীরাগঃ॥ রূপকং॥

দেবের দেবরাজ আক্ষে বনমালী। কত না ভাগুসি মোরে আবালী গোআলী॥ ত্রিদশগণে রাধা মোকে ধরে মাথে। হেনয়ি দেবকে কেন্ডে পেলাঅসি হাথে॥ ১॥ স্কুরতি মাণিতা মোক বহায়িলেঁ ভার। লোক মুখে বড় মোর করায়িলেঁ গাঁখার॥ ধ্রু॥ তীন ভুবনে রাধা আক্ষে অধিকারী। নানা রূপ ধরী আন্দো আস্কুর সংহারী॥ সে দেব হয়িজা মোক বিবৃধি লাগিল। তোক্ষার বচনে রাধা ভার বহিল॥ ২॥ হলী বনমালী আন্ধে এ ছয়ি ভাই। দৈবকী উদরে আক্ষে লভিল ঠাই॥ অবতার কৈল আন্দে তোর রতি আশে। তোকো কেন্ডে কর এবেঁ আন্সাক নিরাসে ॥ ৩॥ এভোঁ গোহালিনী ধর তান্ধার বচনে। পাছেঁ কোল না পাইবেঁ নান্দের নন্দনে॥ না পরিহর মোরে দেহ আলিজন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

মল্লাররাগঃ॥ রূপকং॥

উচিত বচন শুন মুরারী।
ভার বহিলেঁ নেহ মজুরী॥
আন কাম আকো করিতেঁ নারী।
এবার থাকহ মন নেবারী॥১॥

বিবুধি তেজহ স্থন্দর কাহ্ন।
বাবেক রাখহ মোর সমান ॥ ধ্রু ॥
দেখ সথি সব আক্ষার জাএ।
সবেঁ কহিব আইহনের মাএ॥
তবেঁ করিবোঁ মো কমণ উপাএ।
তেঁসি ঝাঁট ঘর জাইতে জুআএ॥২॥
কপট না বোলোঁ তোক্সার থানে।
আপণে গুণিআঁ দেখহ মনে॥
যেহেন সম্ভেদ হুএ যখনে।
তার যোগ কাম করী তথনে॥৩॥
এড় দামোদর জাওঁ মো ঘরে।
আন্তর হালএ সামীর ডরে॥
এখনে আরতী ফল না ধরে।
গাইল চণ্ডীদাস বাসলী বরে॥৪॥

অধুনা ন বিধাতবাং যদি রাধে মনোহিতং তদা বছবিধং দানং দীয়তায়বিলয়তাং॥

দেশাগরাগঃ॥ ক্রীড়া॥ দগুকঃ॥ লগনী হাটে দান দেহ এ বাটে বহী। ঠেঁঠা দাণে কেহ্নে বিচিবেঁ দহী॥১॥ কি না ঝগড় হআঁ গেল মোরে। মিছা দান চাহী কচাল করে॥২॥ আর দাণের নাহিক কাজে। দধি তুধের দিআঁ যা বাজে॥৩॥

এবেঁসি দধি ছুধে দাণ স্থণী। কথাঁ ছিলা হেন নীলজ দাণী॥ ৪॥ আন্দার দাণ আতি পরচুর। দাণ নিআঁ করোঁ ভাবন চূর॥ ৫॥ ভিন দাণ দিবোঁ এ গোল দহী। ভিন কি দিৰোঁর এ বাট বহী ॥ ৬॥ লিখন পাটা পাঞ্জী প্রমাণে। লেখা করহ ভিন ভিন দাণে॥ ৭॥ বাগ্ড না কর নাগ্র কাহ্ন। বাটে বেভার লগ মোর দাণ ॥ ৮ ॥ হাট বাট দান লিখন নেই। त्य जान जित्र तम जान एक ॥ व ॥ মিছাই কাহাতি যুসসি দানে। পত্তে তুখ দেসি নারিক কেছে।। ১০ ভাগু মাথে মোর শতেক দাণে। এহা দিআঁ রাখ সাপণ মাণে॥ >>॥ ঝগড় না কর তোঁ এহা বাটে। লাভেঁ মূলেঁ বিত্ত দানকে নাঁটে ॥ ১২। স্তরতি দেহ তোকে নাছিঁ হরোঁ। দাণ লওঁ তাক শপণ করোঁ॥ ১৩॥ ছত্র ধর কাহ্নাঞিঁ দিবোঁ স্তরতী। নহে মনে পরিহার আরতী॥ ১৪॥ দাণ বিণী আজি কাহ্ন না জাএ। বাসলা বরেঁ চণ্ডীদাস গাএ॥ ১৫॥

ক্রক্ষস্থ বচনং প্রাত্মার রাধিকাধিমতী সতী বেশমানতক্ত্মনী জগাদ জ্বতীমিদং॥

আহেররাগঃ॥ একতালী॥ হাটের বাটের দাণ চাহে ভীনে ভীনে। মিছা পাঞ্জী মেলি বোলে লিখন প্রমাণে॥ ভাও মাথেঁ চাহে মোরে যোল পণ দাণ। মিছাই বাগ্ড পাতে আছিদর কাফু॥ ১॥ আতি খাদভত বডায়ি কাফের কাহিণী। খনে মজবিকা হত খনে মাহাদাণী ॥ প্র ॥ যে কিছু মাণিলো মোএঁ কাহ্নাঞিঁর থানে। ভারে বহিলে হোর তাহার কারণে।। দ্বি ভার না বহিল কাষ্ঠ ভাল মণে। এবেঁ ভার বোল আন্দে পালিব কেমনে॥ ২॥ নিয়ধিতেঁ কালে করী লৈল দুধি ভার। প্রসার টালিঅ। দ্ধি ছাডায়িল আক্ষার॥ সব ঠায়ি আপচয় কৈল মোর হরী। দাণ চাহিতেঁ লাজ না বাসে মরারী॥৩॥ দ্ধি ছব ছা ভায়িলেঁ তার কভী দেউ। যে হও মজুরি তার তাহাকেহো নেউ॥ বোলহ কাছেরে তেজু পাপ বচন। গাইল বড চঙীদাস বাসলী গণ॥ ৪॥

রাধিকায়া বচঃ শক্ষা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ রু**ফঃ** সতুষ্ণো রাধিকামিদং॥ দেশাগরাগঃ॥ একভালী॥

′লাবণ্য জল তোর সিহাল কুন্তল। বদন কমল শোভে ফালক ভযল॥ নেত্র উত্পল তোর নাসা গাল দও। 'গওযুগ শোভে মধুক অথও॥ ১॥ **সুन्দ कि** ताथा न भरता अवस्थी का তুসহ বিরহ জরে জরিলা কাহ্নাঞি ॥ প্রদা হাস কুমুদ তোর দশন কেশর। ফু**টিল বন্ধুলী ফুল বেকত** সাংধার। বাহু তোর মূণাল কর রাভা উভপল। সপুরুব কুচ চক্রবাক যুগল ॥ ২ ॥ ঈষত ফুটিত পদা তোর নাভি থানে। কনক রচিত তোর ত্রিবলী সোপানে॥ গকতা নিতম্ব পাট শিলা বিদামানে। আরপিল হেম পার্ট শোভের জগনে॥ ৩॥ গরুখ উরু নাল পদ কেম কম্ন। তাত-স্থললিত রঞ নুপুর ভ্যল 🖟 ভোকা ছাড়ী নাহি জর হরণ উপাত্র। वांमली भिरत वन्हीं ह डीमान भी भा । 8 ॥

> কৃষ্ণতা বচনং শ্রমা রাধা প্রস্মান্স।। জ্যাদ জরতীমেব নিজাভিমতমাদ্রাং॥

^{* &#}x27;मद्भाष्यतम्त्री' कांग्रिशं मद्रायतम्त्री कन्न व्याटहः

<u> প্রীকৃষ্ণকীর্ত্তন</u>

ধাসুষীরাগঃ॥ লঘুশেখরঃ॥ অনেক যতন করে মোরে চক্রপাণী। কত না বুলিবোঁ তারে পরিহার বাণা॥ আপণ মাথার ছত্র ধরু মোর মাথে। তবেঁনো শৃঙ্গার বড়ায়ি দিবোঁ জগন্ধাথে॥ ১॥ আপণে বোলহ বডায়ি দেব গদাধরে। ছত্র ধরিলেঁ বোল ধরিবোঁ তাহারে ॥ ধ্রু ॥ ঘুত দধি তুধ বড়ায়ি সাজিজাঁ পসার। দধি বিকলী লআঁ হাটে মথুঝার॥ চুই পহর হৈল নগর বিশালে। পরাণ বিকল হএ রবি কর জালে॥ ২॥ বভয়া কোঁখলা মোএঁ রৌদ পরবলে। তে কারণে দেহ মোর ঘামে তোলবলে॥ আন্তর পোড়এ মোর আর সব গাএ। সত্ত্যে বভায়ি চলিতেঁ নারোঁ এখো পাএ॥ ৩॥ ভাল মতেঁ বুঝায়িজা আক্ষার বচনে। বোলহ বড়ায়ি তোক্ষে শ্রীমধুসূদনে॥ ছত্র ধরি আইস্থ কাহ্ণাঞি দিবোঁ আলিঞ্গণে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

নিপীয় রাধাবচনং ততো বচনপণ্ডিতা। জবেন জরতী শবা জগাদ মধুসদনং॥

গুড্জরীরাগঃ n যতিঃ ॥ 🗸

স্থব্দর কাহ্যাঞি তোর স্থণিআঁ কাকুতী। সদয় হৃদয় ভৈল রাধিক। যুবতী ॥ তোর ভাগেঁ দিল রাধা রতি আমুমতা। হরিষ করিআঁ ভার মাথে ধর ছাতী॥ ১॥ আলপ কাম কৈলেঁ হৈব বড় কাজ। এহাত না করিহ কাহ্ন মণে কিছু লাজ। ধ্রু। এবার সরূপ করি মোরে বুইল রাধা। এহাত আহার মণে না চিন্তিহ বাধা॥ ছাতী ধরিআঁ যাহা রাধিকার মাথে। কথো দূর গেলে রতি পাইবেঁ জগন্নাথে ॥ ২ রোদেঁ বিকলী রাধা চলিতেঁ না পারে। এখনে করিতেঁ যোগ্য তার উপকারে॥ ছাতী ধরিআঁ তার তোষিআঁ মণে। আপণার স্তর্থে তাক নেহ কুঞ্জবনে॥ ও॥ আন্ধার বচন ভোক্ষে না করিছ আন। আপণে সকল বুঝ নাগর কাহ্ন॥ ঝঁটে করী রাধার মাথাত ধর ছাতী। গাইল বড় চণ্ডীদাস বাসলী গতী॥ ৪॥

ন্ধাধিকাবচনং শ্রুত্বা জরত্যা প্রতিপাদিতং। জগাদ চতুরঃ রুঞ্চঃ সতুষ্ণো রাধিকামিদং।।

একুফকতিন

পাহাড়ীআরাগঃ॥ একতালী॥ লগনী॥ দণ্ডকঃ॥🟏

আক্ষা ছাতী ধরাইআঁ কি সাধিবেঁ মান।
সহিতেঁ না পারিবোঁ এত বড় আপমান। ।।
বিদ্যুরতীকে তার আছে পতিআশ।
ছাতী কেছে না ধর আসী মোর পাশ। ২।
বিমতী তেজহ রাধা দেহ শৃপ্পারে।
আক্ষা ভাণ্ডিবারে কেছে পাত পরকারে। ৩।
তোপো কি না জাণ তীন ভুবন বিচার।
কোণ বেদ পুরাণে আছএ পর দার। ৪।
কিবা বেদ শান্ত আক্ষা কিবা পুণ্য পাপ।
সহিতেঁ না পারা অ'ক্ষো বিরহের অপ। ৫।।
এতেক আরতী আছে পরে কেছে মান্সা।
বিহা করিতেঁ না জুআএ হঅ তোকো যোগা। ৬।
আক্ষে হরী আক্ষে হর আক্ষা মাহাযোগী।
কর্যোড় করি রতি ক্রিকা। তোক মাগী।। ৭।।
দেখিআঁ সাধুর ধন চোব পড়া মরে।

(ইহার পর ১০৪—১১১ পাতার অভাব আছে।)

অথ রন্দাবনখণ্ডঃ

* * * * * * *

এথাঁ আণ সন্দে আকো দেখাঁ।
আমুতেঁ সিঞ্চ ছুই আখাঁ॥ ২ ॥
তার সন বিটপ আণিজাঁ।
তার মানোঁ রাধাক দেখিজাঁ।
বুলিল নড়ায়ি সম্বর বচনে।
জল লজা জাইবোঁ বিজনে॥ ৩ ॥
আইহনের মাএর আদেশে।
জল লজা রাধা গেলি পাশে॥
তা দেপি নড়ায়ির হরিষে।
গাইল বদু চণ্ডীদাসে॥ ৪ ॥

কোড়ারাগঃ॥ একতালী॥

এবেঁ মলয় পবন ধীরেঁ বহে। ল।
মনমথক জাগাএ॥ ল॥
স্থান্ধি কুস্থমগণ বিকসএ। ল।
ফুটি বিরহি সদয়ে॥ ল॥ ১॥
তোর দরশন বিণি বাধা ল
বড় বিকল কাছাঞি ল।
তোর বিরহ দহনে॥ গ্রং॥
য়য় তেজি ঘোর বনে বসে কাছাঞি ল
স্থতে ধরণী শয়নে।
আহোনিশি তোব নাম সোঁজারে ল
আতি বড়ই যতনে॥ ২॥

এবেঁ সহর গমন করি রাধা ল পুর কাহ্ণাঞিঁর আশে। বাসলী চরণ শিরে বন্দিআঁ ল গাইল বড়ু চগুদিসে॥ ৩॥

মালবরাগঃ ॥ রূপকং ॥ বিচিত্র লগনী ॥ দওকঃ ॥ তোক্সা না দেঁথিকাঁ রাধা বিকল কাহন ঞি । এবেঁ আন্সাক পাঠায়িল ভোর ঠাই ॥ ১॥ ভোন্সাক বুয়িল কাহণতিওঁ বিনয় বচনে। বুন্দাবন আসি মোরে দেউ দরশনে॥ ২॥ আন্ধার সাম্রড়ী বড়ায়ি বড় খরতর। সর খন রাখে মোরে ঘরের ভিতর ॥ ৩॥ কেমনে জায়িবোঁ বড়ায়ি তার বৃন্দাবনে। মনত গুণিআঁ বোল উপায় আপণে॥ ৪॥ ব্রত ছল করি ফুল তুলিবাক তরেঁ। বুন্দাবন যাসি তোক কিছু নাহিঁ ডরে॥ ৫॥ স্থি স্ব সঙ্গে করি চলিহলি রাধা। তবেঁ আইহনের মাএ না করিব বাধা॥ ৬॥ ব্রতের মরম আইহনের মাএ জাণে। প্রবোধিতেঁ নারিবেঁ। তাক এ সব বচনে ॥ ৭॥ আক্ষার হৃদয়ে বড়ায়ি আছে উপাএ। সেসি প্রকারেঁ বৃন্দাবন গতি হএ॥৮॥ রাধার বদন চুম্বী বুইল বড়ায়ি। আপুণে উপায় তোক্ষে কহ মোর ঠায়ি॥ ৯ ॥ তাহাক কৰিব আক্ষে বড়য়ি যতনে। স্থাৰ্থে লঙ্গা যাইব তোক বৃন্দাবনে॥ ১০॥

মোর সব সখির সাস্থ্ড়ী থান গিজা।
হেন বোল তা সমাক কিছু ভরছিলা। ১১॥
বিকি নহে আইখনের মাএর কারণে।
তাক ভরছিলোঁ বল ঝি দহী বিকণে। ১২॥
ভাল বুয়িলোঁ রাধা মোর গমন উপাএ।
এখনে হেনক কাম করিতেঁ জুআএ। ১৩॥
এয়ি গিআঁ সাধোঁ কাম ভোর উপদেশে।
বাসলী শিরে ধরা গাইল চঙালাসে। ১৪॥

অথাভিমন্তাজননীং জরতীলপিতানুগাঃ।

রোষাবেশ্বশাংশেলাপান্তদ্ভক্রনান্তবৈগ

গুড্জরীরাগঃ॥ শতিঃ॥

গোপ কুল নঠ হএ তেকোর কারণে।
কুবৃধি কত উপজে তোকার মণে॥
আপণা সদৃশ কেছে দেখ সব নারা।
এ কালের বহু সব নহে সভন্তরা॥ ১॥
ধোল সহস্র গোপী রাধা সঙ্গে যাএ।
তভৌ তোর মণের সংশয় না পালাএ॥ এ ॥
তভার কুবচন সব গোপীজন কংহ।
তাক স্থাী গরের বাহির কেহো নহে॥
দধি হৃধ ঘৃত ঘোল হাটে না বিকাএ।
এবেঁ গোআলার গেল জীবন উপাএ॥ ২॥

তোকো এবেঁ গোমালত ভৈলা বড় জাতী আজি হৈতেঁ মালার। হৈলাহোঁ এক মতী॥ আপণ আপণ বত হাটক পাঠায়িব। তোক্ষার ঘরত অন্ধ পাণি না থাইব॥ ৩॥ এ বোল স্থণিজাঁ ডরে আইহনের মাএ। প্রণাম করিজাঁ বুইল তা সক্ষার পাএ॥ কালি হৈতেঁ যাইবে রাধা মথুরা নগব। গাইল বড়, চণ্ডাদাস বাসলী বর॥ ৪॥

অবসরমধিগমা সমাগেক।
সরভসমর্ভিভরাতপেতা রাধাং।
হরিচরিতবিশেষমুলিপন্তী
ব্যধিত মনোজ্বসাং রসেন র্দ্ধা ।

দেশবরাড়ারাগঃ ॥ লম্বশেখরঃ ॥

তোর রতি আশো আশে গোলা আভিসারে।
সকল শরীর বেশ করী মনোহরে॥
না কর বিলম্ব রাধা করহ গমনে।
তোক্ষার শক্ষেত বেণু বাজাএ যতনে॥ ১॥
কালিনীর তারে বহে মন্দ পবনে।
তোক্ষাক চিন্তিতেঁ আছে নান্দের নন্দনে॥ ধ্রু॥
তোর তমুগত রেণু চলিল পবনে।
তাহাকো কর এ কাক্ত আতি বছমানে॥
পাখি বসিতেঁ তরু পাত চলনে।
তোক্ষার গতি শক্ষিআঁ। রচয়ে শ্রনে॥ ২॥
তোক্ষার গতি শক্ষিআঁ। রচয়ে শ্রনে॥ ২॥

চাহে দশ দিশ কাহ্ন চকিত্ব নয়নে।
কত খনে আইসে রাধা এহি করী মণে॥
তেজহ স্থানর রাধা মুখর মঞ্জার।
সম্বরেঁ চলহ কুঞ্জ এ ঘন তিমির॥৩॥
কুষ্ণের হৃদয়ে রাধা রতি বিপরীতে।
শোভে মেঘু মালে যেহেন তড়িতে॥
গালিত বসন হান রসন জগনে।
আপণে আরোপ গিলা পর্ব শ্রনে॥৪॥
মানী বড় তৈল কাহ্লাঞি শেষ রজনী।
তার পুর মনোর্থ মোর বোল স্থানী॥
এবেঁ আযুগত রাধা বিলম্ব গমনে।
গাইল বড় চণ্ডাদাস বাসলা গণে॥

অথাতিমন্যজননী থানায় মথুরাং প্রতি। আদিদেশ ততেই রাধা রসালসমনা যথে।

কেন্তুভজরারাগঃ॥ একতালী॥
প্রভাত সময় তৈল সব স্থিজনে।
এক চিত্ত যুগতা করিল সাবধানে॥
দধি সূধ সূত খোল সাজিআ প্রসারা।
রাধা সঙ্গে চলি জাই হাট মধুরা॥ ১॥
রাধা চলি জাএ ল চিত্তের হরিষে।

 # #
চলি জাএ গোআলিনা হাস প্রিহাসে।
আইহনের মাএর পাইজা আদেশে॥লা॥ এশ॥

আইহনের মাএর পাইজা আদেশে॥ লা॥ এশ॥

রাধিকা লয়িল সঞ্চে সব স্থীজন মাথাত পুসার লগাঁ। করিল গমন॥

* * * *

ভাক দিআঁ আনায়িল বড়ায়ি করি সজে ॥ ২ ॥
তথনে হাসিআঁ বুয়িল সন্ধাক বড়ায়ি।
একেঁসি নাভিনা সব মণেঁ সুথ পাই ॥
নানা ফুল ফুটিলছে মাঝ রন্দাবনে।
ভাক পিন্ধি মথুরাক করিউ গমনে ॥ ৩ ॥
এহা শুণী সন্ধো ভৈলা উল্লসিভ মন।
বাট কাঢ়ায়িল বড়ায়ি জাইতেঁ রুন্দাবন ॥
সন্ধাতি চলিলা বড় মনের হরিষে।
বাসলা শিরে বন্দা গাইল চণ্ডাদাসে ॥ ৪ ॥

ধানুষারাগঃ॥ রপেকং॥

পথে জায়িতেঁ কথা কহে সুবুধী বড়ায়ি।
এবেঁ স্থচরিত ভৈল স্থান্দর কাহ্নাঞি ॥
বাট দাণ হাট দান আর ঘাট দানে।
সব আধিকার তেজিব সে বন্দাবনে॥ ১॥
এবেঁ সব লোকের সে করে উপকার।
ধবম দেখিআঁ সে তেজিল পর দার॥ ধ্রুঃ॥
কাহাকো না বোলে কাহ্নায়ি এখো খর বাণী।
ভাহার চরিত্র এবেঁ আক্ষে ভালেঁ জাণী॥
হাটুআ লোকেরেঁ ভোষে দিআঁ ফুল ফলে।
আন্ত বাঢ়ায়িআঁ খোএ যমুনার কূলে॥ ২॥
বড়ই স্থান্দর এবেঁ দেখি দামোদর।
ভোক মা করিহ ভোকো সব কিছু ভর॥

ভাষাক দেখিলেঁ মোর বোলে পায়িবেঁ সাখী।
লাভে তাক দেখিজাঁ জুড়ায়িবে দুই হাখী॥৩॥
এ সব কথা কহে বড়ায়ি মনের উল্লাসে।
সাংখ্য মেলিলা গিজা বুন্দাবন পাশে॥
বৃন্দাবনের ফুলে সন্দার হৈল আশ।
বাসলী শিরে বন্দী গাইল চঞ্জাদাস॥৪॥

অথ বৃন্ধাবনাদেতা রভসাবাধুস্দনঃ। স্থীজন্রতাং রাধামিদমাহ মনোহরং॥

পাহাড়ীআরাগঃ॥ ধতিঃ।।

আল রাধে।

একেঁ একেঁ ঋতুগণে বিলাস কৈল আপণে
কুস্থমিত সব তরুগণে।
তীন জুবন মাঝেঁ কথাঁহো না দেখিলেঁ
দৈব নিয়োজন হেন গানে॥
কুটিল গুলাল মাহলী মালতী মাধবা লতা
লবন্ধ দোলন্ধ নেআলা।
শেবতী কনক সুথা সুগা কনক কেতকী
পারলি ভুলালা॥ ১॥

আল রাধে।

সরস কর মন
দিখি আসি মোর বৃন্দাবলে।
দিখস রআনী এথা একোহি না জাণী
নাহিঁ লাগে রবির কিরণে॥ গ্রুণ

আশুই আসাঢিআ ভূমিচম্পক চম্পক গন্ধটগর বনমাহলা। নাগেশর কেশর আর তিণিশ শিরিষ বহুল মহুল সেহালা ॥ সিঅলি কুস্মন্ত ওড় বৈবতী রাঙ্গনাগর ধাতকী আমুলিঅ কররীরে। আশোক কিংশুক চুকাঁ চিতা খঞ্চী कांश्वन वक्तुली मन्त्रादत ॥ २ ॥ কুজা কুটুজ কদম্ব বাসক কেন্দু কুন্দ বুগুর মথুর সিন্ধুবারে। রবি লোধ ছাতাত্যন ভাণ্টি তুধিস্সাকন কসাল পিসাল ডগরে 🛭 মালতা মধুকর বাড়িআল সৈনাত্ল -কালকাস্থন্দা আসনে। গন্তারী গন্ধপিপ্ললী ভাঁটি ঘাটাপারলা পিপলী কাপাসি আসনে॥ ৩॥ ছোলক নারজ কামরজ আমু লেমু ডালিম্ব জামু জাম্বীর আমড়া। চেরু বেরু অফেরু স জলপায়ি থেকর চালিতা তেম্বলি সাতকড়া ॥ আঁওলা কমলা পাণি - আল লবলী বদরী বোহারী ক ক্ষেক বণে। আন্ব ডালিম্ব ডোহাকু কুড়ুম চালনি আঁব হিঞ্চী পিত্যাল টাভাগণে॥ ৪॥ গুঙ্গা নারিকেল কণ্ঠোত্তাল ভাল কদলক পিওখাজুর শ্রীফলে।

খিরী খাজুর বনকেন্দূ মহু কুত আর যত তরু মিষ্ট ফলে॥ **স্থান্ধ চন্দন** ঘন বকত চ**ন্দন** বন অগথ কপিথ স্থন্দরী। খদির পিণ্ডার বর দেবদারু আগরু নবধব স্থগন্ধেরী॥৫॥ মহুল কাসিমল সরল ভালা ভিলোল চান্তলী স্থকল লোচনে। তেজপাত ভোজপাত চাম্পতী চাকলি আতভড়ি জিলাপুত বণে॥ পাকড়ী নাকড়ী বন সোণাকড়ী সাহত আঁকোড় কুহয় বহড়।। কাঠ লাড়িকা সাজে কডয়ি আড়য়ি রাজে আজু ন গৰ্জ্ন হরিড়া ॥ ৬ ॥ আকোরল জিন্সালরু দ্রাক্ষ স্থদর্শন মাহাস্থনী বাজবারণে। জয়ন্তী বিষকরঞ্জ তমাল হেন্দ্রাল পুঞ্জ পদাকাষ্ঠ আর ছাঞি য়ণে॥ লতা আম্ব কুশি আর পার্কিল দ্রাক্ষা আপার লতা জাম্ব শোভে ঢারি পাশে। খরমূজ। কাঙ্কড়ী বাঙ্গী আমূত কাঙ্কড়ী পেঁতটা সাডব সোআশে।। ৭।। কুন্তুম সমূহ মধু পিজা মধুম ও মধুক র নিকরে মধুর ঝঙ্কারে। কুস্থমিত লতাকুঞ্চে নেঢ়িল বিবিধ গুঞ্জে মনমথ করে ঝক্কারে॥

বহে সুশীতল বাএ কোকিল পঞ্চম গাএ রএ আর নানা পক্ষিগণে। স্থান মুগকুল বসে গাইল বড়ু চণ্ডীদাসে বন্দিআঁ বাসলা চরণে॥৮॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

বুন্দাবন কথা শুণী বড়ায়ির মুখে। গোআল যুবতা সব পাইল বড় স্বথে।। সক্ষাক লয়িআঁ রাধা করিআঁ যুগতী। বুন্দাবন দেখিবারে হৈলা এক মতী॥ ১॥ রাধা সব সখি সমে করিল গমনে। তখণ সন্ধার মণে বেধিল মদনে ॥ গ্রু ॥ আতি বড় পাইল রাধা মনত হরিষে। বাট কাঢায়িল বড়ায়ি বুন্দাবন দিশে॥ আগু করী বডায়িক চন্দ্রাবলী জাএ। চিকের হরিষে সব গোপী গীত গাও॥ ২॥ বুন্দাবন জাএ রাধ। রস পরিহাসে। আড নয়নে দেখে কাহ্নাঞি^{*}ক পাশে॥ খদাআঁ বান্ধিল পুণী কুন্তল ভার। সঘন ছাড়িল রাধা হান্ধী আপার॥৩॥ চম্বন করিল রাধা স্থির বদনে। ভাল গীত গাএ বুলী পড়িল মদনে॥ হেন মতেঁ গেলী রাধা মাঝ বুন্দাবনে। গাইল বড় চ ভীদাস বাসলী গণে॥ ৪॥

অশরীররসাবেশবশাষীক্ষা রসালস:। সাহতং মাধব: প্রাহ্ রাধিকামিদমাদ্রাং।

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

হের চন্দ্রাবলী রাধা মাঝ বুনদাবনে। কুসুম সমূহে শোভে সব তকগণে ।। ভাত স্থললিভ ভ্রমরের রোল। আছক মানুষ দেবলোক পড়ে ভোল॥ ১॥ রাধা তোর মোর দেখি মাঝ বুন্দাবনে। আজি সে সফল হ ন গৌবনে ।। ধ্রু।। শপথ করিকা রাধা বোলোঁ এ বচনে। ভোক্ষার আন্তরে কৈলোঁ। এ বৃন্দারনে॥ এক ঠায়ি থুয়িতা রাধা মাথার পসার। ফুল পত্ৰ ফল খাত্ৰ ত্ৰিভুবনে সার।। ২॥ এহা বন আদভুত আছে থানে থানে। আক্ষা ছাড়া ভাক আন কেছো নাহিঁ জাণে।। তোন্ধাক দেখাওঁ লআ কর আনুমতী। তথাঁক না লইহ লোক কেহো সংহতী।। ৩॥ সকল শ্রার মাঝেঁ তোকো যেন সার। তেহে সব বন মাঝে এ বন আলার।। এহাত উচিত হএ তোক্ষার বিলাস। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৪॥

গুঙ্জুরীরাগঃ॥ রূপকং॥
তোর সঙ্গে জাইব মাঝ বনে।
আর সংহতী এড়িব কেন মণে॥
২৭

যত দেখ মোর স্থিগণে। কাহারো ভাল নহে মণে॥ ল কাহাঞি ॥ ১॥ তেক কর উপায় আপণে। ভাল বোলে যেহন স্থিগনে ॥ প্রন্থ ॥ ফলেঁ ফলেঁ বুন্দাবন শোভে। তা দেখি সন্ধাতেয়ি লোভে॥ কেহো না এডিবে তোর লাগে। সক্ষে হয়িব ভোর আগে॥২॥ সামী সাম্ভ চুইছো খরতর। আর খল সকল নগর॥ সব তোর মোর দোষ চাতে। তেঁসি মোর মন থীর নছে। ৩। তোর মনে হেন পড়িখাসে। ফল ফলের দিআ আশে॥ স্থিগণ নেহ চারি পাশে। গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

দেশাগরাগঃ ॥ রূপকং ॥

রাধা ল।

আপণে কহিলে মোর মনের কথা।

স্থণিআঁ খণ্ডিল সব বেগা॥

যোল সহস্র তোর স্থিগণ।

সন্ধার তোষিব আক্ষে মন॥১॥

রাধা ল।

করিআঁ৷ বিবিধ তনু আন্ধে দেবরাজে।

বিলসিবোঁ গোপী সমাজে॥ গ্রুদা

চির সময় সঞ্চিত উ ভয় তোর মণে।
খণ্ডায়িবোঁ আজি ভাল মণে॥
একেঁ একেঁ রাধা যত গোপীগণ দেখা।
আজি সে করায়িবোঁ তোর সখাঁ॥ ২॥
কেহো কাহাকো যেন না করে উপহাস।
তেহু, মতেঁ করিব বিলাস॥
তা সক্ষার হৃদয় হরিজা নিল আক্ষো।
পাছে জনী রোধ কর তোগো॥ ৩॥
এ বোল বুলিজা কাহ্যাঞি মণের উল্লাসে।
পোলা সব গোপাগণ পাশে॥
সক্ষাক বুইল কাহ্যাঞি রতি পতিআংশে।
গাইল বড়ু চঙাদাশে॥ ৪॥

পাহাড়ী আরাগঃ । ক্রাড়া । প্রকাষক । লগনা । ৮৬ক: ।।

স্থান গোপীগণ আগার বচন
আভয় দিলোঁ। মো আপণে।

নিজ মন স্থাে বুলা লাআ
যাহ যাহার যেন মণে॥ ১॥

চির জাঅ কাহাঞি বুলের নন্দন
আগারে দিলোঁ আভএ।
যেন জাতা তোলো যেক লোক তাহার
উচিত হেন হএ॥ ল কাহাঞি ॥ ২॥
এ বোল শুণিআ —কাহাঞি
খণেক মনে বিমরিষে।

আজি ইয়িব মোর কাজের সিধী
পুরী চির আভিলাসে॥ ৩॥

কাহ্নের বদন আতি স্থুশোভন দেখিআ যুবতাগণে। মদন বাণে দৈব নিয়োজন বিকলি ভৈল পরাণে॥ ৪॥ এক তরুণীকে দেখায়িল কাহ্নাঞি হোর ফুল আতি উচে। তাক লাগি কর তুলিলেক গোপী কাহ্নাঞি ধরিল কুচে॥ ৫॥ আয়র গোপা বুয়িল কাহ্নাঞি ফুল আছে দূর ডালে। কেমনে পায়িবোঁ এ ফুল কাহ্নাঞি উপায় বোল সকালে। ৬।। তাহাক তুলিকাঁ ধরিল কাহনঞি সে ফুল ভোলএ আপণে। তুলিতেঁ নাহায়িতেঁ পায়িল আলিঞ্চন কাহ্নাঞি বিনি যতনে॥ ৭॥ আয়র গোপী ফুল ভুলিবাক लाशिल यो छोल यत्। গাছের পাত তাহাক ঝাপিলেক না দেখিল একো জনে॥৮॥ সে বনের মাঝেঁ দেব দামোদর भिलिल देव घटेरन । পায়িল গোপী আপণ মনে চুন্ধিল তার বদনে॥ ৯॥ প্রবে চলিল গাছের পাত তাত ভয় মনী ছলে।

কোকো গোপীগণ

ধরিল ভাহার গলে॥ >০॥

হের ভাল ফুল

বুলিআঁ। দেব মুরারী।

দূরক নিআঁ।

কুল গোপী নারী।। ১১॥

কেল গোপী নারী।। ১১॥

হেনমনে বনে

সকল গোপার মণে।

হারল কাফাঞি

কলি গোপার মণে।

হারল বানে কণ্ডীদাস গায়িল

দেবী বাললী গণে॥ ১২॥

বসন্ত্রাগঃ॥ একতালী॥
লাজ ভয় তেজিআ সকল গোপীগণে।
মিলিআ বুইল গিতা গোবিন্দ চরণে॥
আজা না হেলিছ গোসাঞি আনের বচনে।
আজি হৈতে আক্ষে সক্ষে তোকারে শরণে॥ ১॥
তোকো দেব বনমালী নান্দের নন্দন।
আজি হৈতে গোপীর হৃদয় চন্দন॥ গ্রা॥
আক্ষার ধরহ আর এক বচন।
কতো খন দেখি গোসাঞি তোর বৃন্দাবন॥
এডিতে না ফুরে মন এখো খনে।
কমন আন্তরে তোকো হরিলেটে মনে॥ ২॥
বুঝিবারে নারিল তোকারে জগন্নাথ।
পাত পাতিআ কেফে নাহি দেহ ভাত॥
আসত নিফল তুখ সহন না জাএ।
তিভুবন জন মন গোচর তোক্ষাএ॥ ৩॥

এ বচন শুণী উল্লসিত ভৈল কাৰু।
আমৃতেঁ সিঞ্চিল আপণাৰ ছুঈ কান॥
গোপীগণ মন তোষিবাৰে কৈল মন।
গাইল বড়ুচ ডীদাস বাসলা গণ॥ ৪

কোডারাগঃ॥ ক্রীডা॥

বুঝিআঁ গোপীর মনে। আল। খণেক গুণিল কাছে। যোল সহস্র গোপী তোষিবোঁ কেমনে॥ আনেক হয়িছা। ভখনে। বিলসিল গোপাগণে । যাহারে রম এ সেসি দেখে কাষ্টে॥ ১॥ আল। সব গোপাজন জাণে। মোএঁ সে পায়িলোঁ এ বনে শ্রীমধুসুদনে ॥ ধ্রু কৃটিল কুসুম পুঞ্চে। সরস ভ্রমর গুঞ্জে। এক এক নারি লফাঁ এক এক কুঞ্জে॥ চির মনোরথ পুরা। রুসময় মন করী। বুন্দাবন মাঝে রতি ভুঞ্জিল মুরারী॥২॥ একেঁ একেঁ গোপাজনে। সক্ষে জাণিল আপণে। রাধাতে আধিক কাহ্ন মণে ॥

কাহ্নাঞি তাহাক জাণী।
কিছু না বুয়িল বাণী।
রাধা চন্দ্রাবলী মণে কৈল চক্রপাণী॥৩॥
সংহরী সকল দেহে।
গোপী এডি কুঞ্জ গেচে।
বিকল গোবিন্দ মুরারী রাধার নেহে॥
গোলা রাধিকার পাশে।
স্থরতি রসের আশে।
গাইল বড়ু চগুঁদাসে॥৪॥

(সংস্কৃত শ্লোক—পরিশিষ্ট দ্রষ্টবা।

পাহাড়াআরাগঃ॥ ক্রীড়া॥

আহা ৷

কে না স্থতীপে তপ কৈল ভাগ্যমতা।
কে নারী কাচ্ছের সঙ্গে করে স্থরতী ॥
কাচ্চ বিনী আভাগিনী গোপ যুবতী।
দেখ সংখ্যা নিকুঞ্জে গোবিন্দ গোলা কতী ॥ ১॥
ইবি হবি।

স্থান সে গীত গাঁতা বাসাঁ করতালী।
দেখ পাস চিহ্ন কথাঁ গেলা বনমালী ॥ ধ্রু ॥
কে না কুশ ক্ষেত্রে বিধিবতেঁ কৈল দান।
কাহার ফলিল পুক্ষর পুত্য সিনান ॥
কাহাকে মিলিল আজি অফ্ট মহাসিধা।
কারেঁ হাথেঁ হাথেঁ নিআঁ বিধি দিল নিধা ॥ ২ ॥
কে না কেদার শির পরসিল করে।
কে না তপ তপিল বদরী বটেশ্বরে॥

কে গাঅ তেজিল গঙ্গা সক্ষত সাগরে।
যা লআঁ কুঞ্জে কুঞ্জে বুলে গদাধরে ॥ ৩ ॥
হেন মতেঁ বিলসিলা সকল যুবতা ।
লাগ না পাইআঁ দেব আধিপতী ॥
রোঘিলি রাধিকা দিল খর বচন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ ॥ ৪ ॥

ভাঠিআলীরাগঃ॥ ক্রীড়া॥ রাক্ষে যেন ভাত পাহাঁ না এডে निधान निधी। তেন গোপাগণ এত্রিতেঁ কাহ্নাঞিঁ হারায়িল সকল বুধী। একে চাহিলেঁ আরে পায়িলেঁ আপণ মণের স্থতে!। মিলিঅ। এবেঁ সব গোপা নারী কি রঞ্জসি মোর মুখে॥ ১॥ ভাল উপদেশ দিলোঁ মো তোরে আপণার মতিমোদে। এখণে তাহার ফল ভুঞ্জো মোএঁ আপণে আপণ দোষে॥ ধ্রু॥ এখন আন্দার থানক আইলাহা মুখে তোর নাহিঁ লাজে। পুণা সেই গোপী -গণ পাস যাহা তোকো মোর নাহিঁ কাজে॥ যে পর পুরুষ সমে নেহ করে তার হএ হেন গতী।

দৈব দোষে কাৰু তোক্ষাত ভজিদেঁ৷ বঞ্চিলোঁ আপণ পতী ॥ ২॥ যেহেন বাহির তেহেন ভিতর সরূপেঁ জাণিলোঁ তোরে। কপট সাগর হৃদয় ভোক্ষার নাছি মোর গোচরে॥ এবেঁ ভাল মতেঁ তোক্ষাক জাণিলোঁ निवातिएला (मा कपर्य। টেটন নটক লোক সমে নেহ কোহো কালে ভাল নহে॥৩॥ শপথ করিজা বুইলোঁ মো ভোরে না জায়িবোঁ তোফোর পাশে। তোঙ্গার চরিত্র দেখিআঁ কাহ্নাঞি কে নাহি উপহাসে॥ এ বোল স্তণিআঁ কান্ডের মণে ভৈল বড তরাসে। রাধা সম্বোধিআঁ বুলিল বচন গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥ পাহাড়ীআরাগ: ॥ ক্রীড়া ॥ 🌙

যদি কিছু বোল বোলসি তবেঁ
দশন কচি তোক্ষারে।
হবে তুরুবার ভয় আন্ধকার
স্থানরি রাধা আক্ষারে॥
তোক্ষার বদন সংপুন চাদ্দ

আধর আমিঝা লোভে।

পরতেখ তোর নুয়ন চকোর যুগল নিশ্চল শোভে॥ ১॥ দগধ ভৈলোঁ মদন বাণে ভোর আকারণ মাণে। মধুপান দিঝাঁ বদন কমল রাখহ মোর পরাণে॥ গ্রু॥ গ্রে সভোঁ কোপ কয়িলেঁ তবেঁ মোরে হান নয়ন বাণে। দৃঢ় ভুজযুগেঁ বন্ধন করিআঁ৷ অধর দংশ দশনে॥ তোক্ষে সে মোহোর বতন ভূষন তোকো সে মোহোর জীবনে। এহা বুনি রাধা মোরে দয়া কর বুলি ভেঁ আতি যতনে॥২॥ তোক্ষার নয়ন মলিন নলিন আধরে কোকনদ রূপে। কৃষ্ণক রঞ্জিলে মদন বাণে হএ তোর আনুরূপে॥ এ তোর কৃচ শোভে মণি (মাল) জঘনে নাদ কর্ত রসনে। বোল হৃদয়ত করোঁ মো তোহোর থল কমল চরণে ॥ ৩॥ মদন গ্রল খণ্ডন রাধা মাথার মণ্ডন মোরে। আরোপ রাধা চরণ পল্লব মোর মাথার উপরে 🛚

পালাউ আন্ধার

মদন বিকার

সহরেঁ করহ আদেশে।

বাসলী চরণ

শিরে বন্দিআ

গাইল বড়ু চণ্ডীদাসে। ৪॥

অবধীর্য, কাকুমিতি রাধিকগাভিদধে ন কিঞ্চন সরোষভয়া । অথ স ত্রপাভরমনা বিহিতঃ প্রতিঘং মুরজিং (ক্রতবানেব)॥

মালবরাগঃ॥ রূপকং॥ দওকঃ॥

লক্ষকের বুন্দাবন মোর ফুল বাড়ী। নিয়ধিতেঁ কেছে রাধা কৈল ফলধাড়ী।। বড়ায়ি।। ১।। হাথে বাঁশী করি গেও খেলাওঁ গোকুলে। দেখোঁ বুন্দাবন পসি কেবা ফুল ভোলে॥ ২॥ कृत कृत जुलि तिल छाल छात्रा तरः । ধোল সহস্র গোপীজন করা সঙ্গে॥ ৩॥ মোর বনতক ডালেঁ সজায়িখা আঙ্গুড়ী। ফুল তুলি লৈল রাধা ভাঙ্গিফাঁ পাখুড়া ॥ ৪ ॥ লবন্ধ দোলন্ধ গোপা বান্ধিআঁ উল্লাসে। গুলাল মালতী মালে করিল বিলাসে ॥ a ॥ যৌবন গরদেঁ রাধা কিছু নাহিঁ জাণে। মোর বুন্দাবন পদী মোক নাহিঁ চিহ্নে॥ ৬॥ বুন্দাবন দেখি মোর পোড়এ আন্তর। তোক্ষা দেখী রাধার না করোঁ আথান্তর ॥ ৭ ॥ যত বা ফুল ফল নিল তার দেশু কৌড়ী। नट वा वासिका वाथिता पृष्ट प्रोड़ी ॥ ।

<u>জীক্লফকীর্ত্তন</u>

এভোঁহো স্থন্দরি রাধা ধরু মোর বোল।
কৌড়ার আন্তরেঁ মোরে দেউ চুম্ব কোল॥ ৯॥
আকারণে বোলে রাধা মোরে আনুখর।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলা বর॥১০॥

নিশমা কৃষ্ণবচনং মহারোষবতী সতী। জরতী রাধিকামাধিমতী মিতি ততো বদং॥

রামগিরিরাগঃ ॥ আঠভালা ॥

আনেক যতন করি নান্দের নন্দন।
আঙ্গা হাথে আনায়িল তোজা বৃন্দাবন ॥
আঙ্গিতে তোজাক দেখা হরষিত মন।
আগু গেলা দেখায়িতে তোজাক তরুগণ॥ > ॥
এহে ।
এবে মাক বোলে কাহাঞি সব বিপরীত।
হেন বুরো রাধা তোঁ করিলি কুচরীত ॥ গ্রু ॥
তার বৃন্দাবনক আয়িলাহোঁ চিরকালে।
তুলী লৈল নানা ফুল ভাঙ্গি লৈল ডালে ॥
জত আপরাধ কৈল জাণহ আপণে।
তার বোল না ধরিলে মরসিব কেকে ॥ ২ ॥
তোজার চরিত্র রাধা না বুঝিএ ভাল ।
কাহাঞি কৈ ভাগিতে পারিবেঁ কত কাল ॥
আমুরোধ এড়ায়িতেঁ নারিবি তাহার।
বুঝিআঁ রাথহ রাধা মোর উপকার ॥ ৩ ॥

যত ফুল ফল নিলেঁ তার চাহে কৌড়া।
না দিলেঁ বান্ধিআঁ থুয়িতেঁ সজ কৈল দড়া॥
বান্ধিআঁ রাখিলেঁ বলেঁ হৈব জাতা নাশ।
বান্ধলী শিরে বন্দা গাইল চণ্ডাদাস॥ ৪॥

কোড়ারাগ:॥ একতালী॥

্সকারে বুয়িলো বড়ায়ি সজাইআ আঙ্কুড়া। বুন্দাবনে ফুল পাত না ভাঙ্গে পাখুড়ী॥ ক্ষের দেখিলে বভায়ি পাডিবেক গালা। আঞ্চলে ধরিব আর বুলিব ধামালী॥ ১॥ তবেঁ বোল ফুল ভোল বড়ায়ি। যা নাহিঁ আইসে কাহাঞিঁ। ধ্রা। ফল তলিছ বড়ায়ি চাম্পা নাগেশ্ব। গাছ না ভাঙ্গিহ ফল না লৈহ বিগর॥ কুম্ব দেখিলে বড়ায়ি লয়িবেক কর। স্তুণিতাঁ সাস্তড়ী যায়িতেঁনা দিব পর॥ ২॥ আতি না তুলিহ বড়ায়ি গুলাল মালতী। কনক যথিকা মাহলী লব**ন্স সেয়**ভী॥ কুষ্ণ মবেঁ দেখিবেক গাছ পাতে পাতেঁ। তাবঁ কাহাকেহো ঘর না দিবে যাইতেঁ॥ ৩॥ এবেঁ ফল ধরিলেক আক্ষার বচনে। আসিতাঁ। বিরোধিল মথুরা গমনে॥ এবেঁ মোর থানে নাহিঁ তাহাক উপাত্র। বাসলী শিরে বন্দা চণ্ডাদাস গাত্র॥ ।।।।

অত্মিন্নবসন্তে রাধাং মাধবং প্রাহ্ সত্তরং।
পেশলাপেশলং পুষ্পবাণবাণজ্বাতুরঃ ॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

তোএঁ না গুণসি মনে। আল করিবোঁ যতনে। নিজ ধন দিখা স্তন্দরা রাধা নির্মায়িলো এ বৃন্দাবনে ॥ আনেক ফুল তুলিলেঁ। আল বহুত ফল খায়িলে। আর আত্মচিত কৈলে রাধা ডাল ভাঙ্গিত। পেলায়িলেঁ॥১॥ রাধা কৈল বন্দাবন নাশে। সে ফুল তুলিআঁ নিলেঁ যাহার যোজন বাসে॥ গ্রন্থ যুগা কেশর সে**অ**থা। মাধ্বীলভা মালভা । সকল ফুল লঙ্গা রাধা ভোক্তে না থুয়ি**লে** কভী ॥ তোকো আইখন গোআলী। আক্ষে দেব বনমালী। আল সব ফুল সজজাঁ শয়ন তোর মোর করা কেলা ॥২॥ यदवं (म कृल ना मिदवं । তবেঁ সমুচিত ফল পাইবেঁ। চোর বাদেঁ তোক্ষা বান্ধিজাঁ গুয়িবো কেমণে ঘর জাইবেঁ॥ এভোঁ স্থন মোর বোল। দেহ মোরে চুম কোল। অভিনব তোর রূপ যৌবন দেখিলা পড়িলোঁ ভোলে॥৩॥

কেছে হেন কাম কৈলে।
সব ফুল ফল লৈলে।
বুন্দাবন মাঝে পসিআঁ রাধা সব তরু শুন কৈলেঁ॥
দেখিআঁ পোড়ে হৃদয়ে।
যেন মোর প্রাণ জাএ।
কাহাকে কহিবোঁ কেনা পাতিআএ বড়ু চণ্ডীদাসগাএ॥৪॥

কোড়ারাগঃ ॥ লযুশেখরঃ ॥

মো নাহিঁ নাশি ভোর বৃন্দাবনে
স্থণ ল স্তন্দর কাহাণ এই ।
পথিক লোক তাক উপভোগে ল
ভাত মোর দেয়ে নাহিঁ॥১॥

মিছা দোষ মোরে না দিহু কাহ্নাঞি ল ফে: জাওঁ রাজপথে॥ ধ্রু॥

মো যবেঁ জাণিতো হেন করিবেঁ ভোল তবেঁ নাসিতোঁ এ বাটে।

নাহি যাইভোঁ দ্বি চুধ বিক্ণিতেঁ ল কাহ্নাঞি মথুরার হাটে॥ ২॥

না জাণো কি ভোর মণে রোধ আছে ল মোর দোষ তে কারণে।

তোক্সাক ফেন বুলিভেঁ না জুআএ তোক্সে নান্দের নন্দনে॥ ৩॥

এহা পথেঁ আরবার নাহিঁ জাইবোঁ ল দেহে যা জীউ বসে।

বাসলী চরণ শিরে বন্দিখা। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥ গুজ্জরীরাগঃ॥ রূপকং॥

যদি যাসি রাধা তোএঁ এ রাজপথে। মোর বৃন্দাবন কেক্সে আইলা অগবেগে॥ যাতি আজি নম্ট ভৈল আঅর সেয়তী। এত পুষ্পা নঠ কৈলেঁ কাহার যুগতী॥ ১॥ রাধে ল আল কি ফুরিল মণে। কেকে ভাঁগিল রাধা মোর বুন্দাবনে ॥ ধ্রু ॥ লবন্ধ মালতী রাধা ভাঙ্গিলে আপার। দনা মরুআ ভাঙ্গিলে তুলালের ডাল ॥ দুতার বোলে ভাঙ্গসি বৃন্দাবন। নাহিঁ জাণো নারী তোর কেহেন মন॥ ২॥ মাহলী কুন্দ ভাঁগিলেঁ তোঁ আয়র নেহালী। মাধ্বীলতা ভাঁগিলেঁ আঅর পারলী ॥ বুন্দাবন ভাঁগি মোর করিলেঁ বিকল। পায়িবেঁ আনার থানে উচিত ফল॥৩॥ যবেঁ তিরী বধে নাহী থাকে ডর। তবেঁ আজি মারিআ পাঠাওঁ যম ঘর॥ মোঞি সে জাণো মোর যেন করে মন। গাইল বড় চণ্ডীদাস বাসলী গণ॥ 8॥

রামগিরিরাগঃ॥ রূপকং॥

তোক্ষার বচন কাহ্নাঞি ধরিকাঁ। মণে।
সব স্থি লকাঁ আইলোঁ তোর রুন্দাবনে॥
সব ফুল তুলী লৈল তোক্ষার আদেশে।
এবেঁ কেহে তুলি দেহ মোরে চুরী দোধে॥ ১

না বোল না বোল মিছা দেব চক্রপাণী।
তোকার বদনে কেন্ডে আইদে হেন বাণী॥ ধ্রু॥
কূল ফল কাহুঞি কিছু নাহিঁ হাথে।
এবেঁ ফুল কথা পায়িবোঁ জগন্ধাথে॥
গুটি চারি ফুল হের আছে মোর হাথে।
তাক নেহ ভোর মনের সোআথে॥ ২॥
বড়ার বহুআরী আক্ষে বড়ার ঝিআরা।
ফুল চুরী বাদ আক্ষে সহিতেঁ না পারা॥
না দেখিল না শুণিল বোলহ উত্তর।
তোকাতে আধিক আর নাহিঁক নাগর॥ ৩॥
মিছা কেহে বোল এবেঁ সুন্দর মুরারা।
তোর ফুল তুলী লৈল সব গোপনারী॥
ছাড়হ নিলজ কাহ্ন কপট বচন।
গাইল বড় চণ্ডাদাস বাসলী গণ॥ ৪॥

রন্দাবনীয় প্রসব প্রক্রপ্তাং পঞ্চামি রাধে ভবতীং পুরস্তাং। বিশ্রাণয় ছং ক্রম্মারবায়ে বামেথবা মোদবিধায়ি দেহং॥

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥ দওকঃ । ত তমাল ক্স্তম চিকুরগণে । নীল কুরুবক তোর নয়নে ॥ ১ ॥ স্পুট নাসা তিল ফুলে । দেখি তোর গগুযুগ মহুলে ॥ ২ ॥

আধব স্থরঙ্গ বান্ধুলী ফুলে। কণ্ণযুগ তোর এ বগ হুলে॥ ৩॥ মুকুলিত কু**ন্দ** তোর দশনে। খস্তরী কুস্তম তোর বসনে॥ ৪॥ ভূজযুগ হেম যথিকা মালে। অশোক তবক কর যুগলে ॥ ৫॥ মুকুলিত থল কমল তনে। রোমরাজী তাত আত্যাগণে॥৬॥ গভীর নাভী নাগেশর ফুলে। কনক কেতকা জংঘ যুগলে॥ ৭॥ চরণ কমল থল কমলে। আঙ্গুলী চম্পক কলিক। জালে ॥ ৮ ॥ নখর নিকর দেখি গুলালে। শিরীষ কুস্তম তন্তু সকলে ॥ ৯ ॥ কনক চম্পক কুস্থম পান্ডী। তোক্ষার সকল শরীর কান্তী॥ ১০॥ নেহালী সেহালী মাহলী বিক্সে। তোকার মধুর ঈষত হাদে॥ ১১॥ দেখোঁ মো তোর ফুল শরীরে। গাইল চণ্ডীদাস বাসলী বরে ॥ ১২ ॥

দেশাগরাগঃ॥ রূপকং॥

কাহ্নাঞি ল সকল পুরুষ মাথেঁ তোক্ষে বড় নাগর ভোক্ষারে কে দিবেক উত্তর। ছাড়হ অলঞ্চালু

না কর কচাল

এড যাওঁ মথুরা নগর॥ ১॥

কাহ্ণাঞিঁ ল

বুঝিল বুঝিল তোক্ষার মতা। সম দেখ সকল যুবতী । ধ্রা॥

কিবা না করিল আসে তোজার এক বচনে লাজে দিখাঁ তিনাঞ্জলী।

নিজ পতি না চাহিলোঁ। তোকাক উপেখিলোঁ সহিলো সাম্ব ননন্দ গালী॥

বিষম পুরুষ জাতা কঠিন হৃদয় আঙী ভাক নাহিঁ কিছু পরকার।

ছার তিরী যরম শিরীধ কুস্তম মন

বড় মানে তিন উপকার॥ ৩॥ তোকারে নেহ সকল কমলিনী দল জল

চঞ্চল তুঈহো পড়িহাদে।

এড়হ আর আশে চলি জাহানিজ বাসে গৃহিল কড়চগুঁদিসে॥ ৪॥

কর্রাগং॥ রূপকং।

তোক্ষাতে মজিল মোর মনে ল।
আল হের স্থন প্রাণ রাধা ল
কেক্সে বোল নিঠুর বচনে ॥
হের মোর বৃন্দাবনে ল।
আল হের স্থণ প্রাণ রাধা ল
নিফল করছ কি কারণে ॥ ১॥
নানা ফুলে বুলে ভ্রমরে।

<u> প্রীকৃষ্ণকার্ত্তন</u>

আল হের স্থন প্রাণ রাধা ল
তভোঁ কি মালতা পাসরে ॥ ধ্রু ॥
এ তোর নব যোবনে ল
আহোনিশি জাগ মোর মণে।
তাহাত তোকাা রমণে ল
খেতি করে আকাার পরাণে ॥ ২ ॥
মন ঝুরে তোর নামে ল
সংসারত তোকাা কৈলোঁ সারে।
তোর বোলে গোপীগণে ল
তুষিআঁ তেজিলোঁ পরকারে ॥ ৩ ॥
তোতে মন না বিচলে ল
বোল মোরে বৈশো তোর পাশে।
খণ্ডুক আকাার তুখ হউক মন স্থুখ
গাইল বড় চণ্ডীদাসে॥ ৪ ॥

কুঞ্জ প্রেমবচসা বাগ দাদর্মানসা। বশাভ্রদ্সাবাভ কুন্মাভ্রসঞ্জা ॥

ভাঠিআলীরাগঃ॥ রূপকং॥

তিরীর সভাব মণে করে। প্রাণ কাহ্নাঞিল তাত রোষ না কর নাগরে॥ এ তোক্ষার বচনে। প্রাণ কাহ্নাঞিল সব কোপ খণ্ডিল এখনে॥ এক্সা॥ ১

খাল হের এহি জাগে ভোকার চরণে। প্রাণ কাহ্যাঞিঁ ল আকা সম না করিছ আনে ॥ ধ্রু॥ তোক্ষার আক্ষার চুঈ মণে। এক করী গান্থিল মদুনে॥ তার আত্মরূপ বৃন্দাবনে। তোর বোল না করিব আনে॥ ২॥ বিধি কৈল ভোর মোর নেহে। একই পরাণ এক দেহে। সে নেহ তিঅজ নাহি সহে। সে পুণি আক্ষার দোষ নহে॥ ৩॥ কে বুলিতেঁ পারে ভোর গুণে। একে একে বসে মোর মনে॥ এবে আসি বৈশ মোর পাশে। গাইল বড় চড়াদাসে॥ ১॥

যত মনোরথ ছিল তাহাক সকল কৈল
নানাবিধ দিআ আলিসনে।
রাধার তন প্রসে যেহ্ন আয়ত কলসে
সিনায়িল শ্রীমরুসূদনে। নাএ। ১॥
রসে পূরিআঁ। (?) মণে।
কাহ্ন কৈল কেলি বৃন্দাবনে। নাএ। প্রশা

বদনে বদন কৈল
উচিতেঁ আমূতেঁ বৃষ্টি ভৈল।

এীকুফকীর্ত্তন

দিল নয়ন নয়নে বস বসে ঘন ঘনে

কমলে খঞ্জন সংগোজিল ॥ ২ ॥

ধোড়ী রসন রসনে

তুঈ কিশলয় যেকে

मारमामर्दं मधु भान रेकन।

নানা থানক চুম্বীল

আধরে আধর দিল

বিম্ব পোআলেঁ এক ভৈল ॥ ৩॥

পরসিল ঘন ঘন

রাধার জ্ঘন

কৈল মনমথ পরিতোধে।

চুইহো মনের উল্লাসে করিল বন বিলাসে

গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

ইতি বুন্দাবনখণ্ডঃ সমাপ্তঃ।।

অথ যমুনাখণ্ডান্তর্গত কালিয়দমনখণ্ডঃ

মালবরাগঃ॥ রূপকং॥ দওকঃ।

গোপাগণ মন ভোষিল দেব চক্রপাণী। মথরা নগর যাইতেঁ দিলান্ত মেলানী ॥ ১॥ তখন গুণিল কিছ মণে দামোদর। বিলাস করিলোঁ মোঞ্জ বনের ভিতর ॥ ২ ॥ জল কেলি করিবারে কাক্স কৈল মন। খাণিএক গুণলৈ সদয়ে জনাৰ্দ্দন ॥ ৩॥ वननावन भारता यभूना नती वरह। ভাহাত গন্ধীর আছ্র কালীদহে ॥ ৪॥ কালীয় নাম নাগ ভাহাত বদে। জলে মাছ কুলে গাছ মৈল তার বিষে ॥ ৫॥ কোন্সো জন্ত তাত না করএ জল পান। তাহাত আধিক নাহিঁ বিজন থান॥ ৬॥ কালী দলিআঁ জল করিআঁ নির্মাল। তহিতে করিবোঁ জল কেলি সকল॥ ৭॥ ত্রেমনে চিক্তি গেলা দেব দামোদর। কালীয় দহের কল কদমের তল ॥ ৮॥ কদম্ব তরুর 5ড়ী দহে দিল ঝাঁপ। দেখি রাথোতাল ডরেঁ উঠি গেল কাঁপ ॥ ৯ ॥ কোপিল কালায় লাগ লুফাঁ পরিবারে। দশনে দংশিল সব কান্ডের শরীরে॥ ১০॥ जिल्लं जिल्लं नागकुरलं मः भिल काक्रां अं। হাথ পান্ধ গল জড়ী রাখিল তথাঞি ॥ ১১॥

তথণ বিষের জালে দগধ পরাণ।
আচেতন হয়িতাঁ। রহিলা দেব কাহ্ন ॥ ১২ ॥
কেনই সম্প্রেদে সব গোপ যুবতী।
বুনদাবন দিআঁ। নথুরাক কৈল গতাঁ ॥ ১৩ ॥
বিকল দেখিআঁ তথা রাখোআলগণে।
পুছিল তোজারা কেহ্নে তরাসিল মণে॥ ১৪॥
সব গোপ রাখোআল গোপীগণ থানে।
বুইল কালীদহে বাঁপে দিল দেব কাহ্নে॥ ১৫ ॥
এহা স্থণী সব গোপী পাইল তরাসে।
বাসলী শিরে বন্দা গাইল চণ্ডীদাসে॥ ১৬॥

গোপালকুলতঃ শূজা নিমগ্নং কালিয়ে ছদে। মাধবং রাধিকা থেদাদিললাপ নিরুমরং॥

सोबोबागः॥ क्रथकः॥

আজি জখনে মোঁ বাঢ়ায়িলোঁ পাএ।
পাছেঁ ডাক দিল কালিনা মাএ॥
তার ফলেঁ মোর পরাণ পতী।
মোক ছাড়ী কাহ্লাঞিঁ গেলা কতী। ১॥
বাহুড় এ কাহ্লরপ মুরারী।
তোঁ লাগি বিকলী রাধা গোআলাঁ॥ গ্রু॥
সামল কোমল দেহ তোন্দার।
কেমনে সহিবেঁ বিষের জাল॥
ধিক ছুক কাহ্লাঞিঁ সে কালীনাগে।
আন্ধানা দংশিল তোন্ধার আগে॥ ২॥

সন্ধাত বড় যাক তোন্ধার নেহা।
যা সমে তোন্ধার একয়ি দেহা॥
হেন চন্দ্রাবলী করে কাকুতী।
কি কারণে কাহ্ন না দেহ সম্মতী॥ ৩॥
দাঁতে তৃণ করি যাটো কাহ্নাঞি ।
কপট ছাড়ী আয়িস মোর ঠাই॥
ভকতী দাসিক তেজহ কেফে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

ভাঠিখালীরাগঃ॥ রূপকং॥

জাহাত লাগিআঁ নিজ পতি না চাহীল। লোক ধরম ভয় কিছ না মানিল।। হেন কাফ মৈলা কালাদহে বাঁপে দিআ। গোপ যুবতী সব অনাথ করিজা ॥ ১॥ হৃদয়ত ঘাত্র দিআঁ রাধা গোত্রালিনী। করএ করুণা বিনায়িআঁ চক্রপাণী॥ ধ্রু॥ কভোঁ না লঙ্খিব আর তোক্ষার বচন। উঠ উঠ জলে হৈতে নানের নন্দন॥ কি কবিব ধন জন জীবন ঘরে। কাক্ত তোকা। বিণি সব নিফল মোরে ॥ ২॥ হা হা নিদ্য বিধি কেছে হেন কৈল। কোঁয়ল কাহ্নাঞি কেহে বিষ জালে মায়িল। দেখিতেঁ রাপায়িল সব গোপীর পরাণে। ত্রিভূবনে স্থন্দর নাগর বর কাহ্নে॥ ৩॥ রাধা এক রাখোআল পাঠাকাঁ সহরে। বারতা জাণায়িল নন্দ যশোদার ঘরে॥

স্থায়া নুন্দ যশোদা ভৈলা আচেতন। গাইল বড় চণ্টাদাস বাসলা গণ॥ ৪॥

দেশাগরাগঃ : লঘুশেখরঃ ॥

সকল গোতালকল লভা ততিখনে। নন্দ যশোদা ধারিজা আইল সেই থানে॥ দেখিল কালীদতে পদিলা নারায়ণ। নান্দ যশোদা মিলি জুডিল কান্দন ॥ ১॥ কেকে হেন কৈলেঁ কাহ্নাঞি মোর আদিবসে। তোকো লাগি ভৈল আজি শুন দশ দিশে ॥ প্রং ॥ লোটার্ফা লোটার্ফা জন্তকো কান্দে একবারে। (कर्ट क्र क्रिट्ट (गांत मकल मः मार्त ॥ খাণিএক উঠ দেখোঁ পুতা তোর মুখ। আক্ষা দ্বুখ দিখা পুতা কত পাইবেঁ স্কুখ॥ ২॥ সকল গোজাল কান্দে মাথে দিখা হাথে। কেকে আকা মারি যাহা দেব জগরাথে॥ **উঠিফাঁ বোলহ** কেবা কৈল কোণ দোষে। দহত পসিলা কাহ্নাঞি[®] কাহার রোযে॥ ৩॥ বলভদ্র খাণিএক গুণিলাস্ত মণে। মোহো পায়িল কাহাঞি বিসরী আপণে॥ পুরুব জাণায়িখা আন্দে করায়িউ চেতন। গাইল বড় চঞীদাস বাসলী গণ॥ ৪॥

পাহাড়ীআরাগঃ॥ ক্রীডা॥

জাহা।

্তাকো জল তোকো থল তোকো বন গিরী। স্বগ্গ মঠ্য পাতাল তোকো দেব হরী॥

তোকো সূষ্য ভোকো চান্দ ভোলে দিকপাল। লীলা তন্তু ধরি এবেঁ হয়িলাহা গোহাল॥১॥ আপণা না চিহ্ন কেহেন এবেঁ বন্যালী। জগত সংহর ভোগে কোণ ছার কালা ॥ গ্রু ॥ মীন রূপ ধরী জলে বেদ উদ্ধারিলে। কমঠ শ্রীরে তেকো ধর্ণী ধ্রিলো ॥ মাহাকোল রূপে দত্তে মেদনা উঠায়িলে। নরহরি রূপেঁ তোলে হিরণ। বিদারিলেঁ॥ ২॥ বামন রূপে ভোজে বলিক ছলিলেঁ। পরশুরাম রূপে ক্ষত্রিয় নাশ কৈলে ॥ <u>জীরাম রূপেঁ তোগে বধিলেঁ রাবণ।</u> একে উপজিলা কংশ ব্যের কারণ।। ৩॥ বৃদ্ধ রূপ ধরিতা চিন্তিদেঁ নিরঞ্জন। কলকা রূপে তোগে দলিবেঁ হুফ্টজন। ছেন স্থানিতা কাজাতি পাইল চেতন। গাইল বড় চণ্ডাদাস বাসলা গণ॥ ৪॥

ধানুষারাগঃ॥ রূপকং॥

উঠিল। সংক্রে নারায়ণ ।
বাস্ত ফাল করিজা কথন ॥
বেন জুন যাত্র চণ্ডবাকে ।
নাগবন্ধ গেলা ভেক্ত মতে ॥ > ॥
কালীয় দলিল দামোদর । আল ।
যমুনা জলের ভিতর ॥ ল কাক্ষাত্রি ॥ ধ্রু ॥
চঢ়িলা কালীয়নাগ শীরে ।
গরুড় বাহন মাহাবীরে ॥

আতি ভর্তে বদনে তাহার।
বাহিরাএ শোণিতের ধার॥ ২॥
কালীয়নাগের মাহা ফনে।
দামোদর জুড়িল নাচনে॥
এক এক চরণের ঘাএ।
কালায়নাগের প্রাণ জাএ॥ ৩॥
সামীর মরণ কাল জাণী।
ভার নেহে বিকলি সাপিনী॥
ভকতীএঁ কাহা্যাঞ্জির পাএ।
ভূতী কৈল চণ্ডাদাস গাএ॥ ৪॥

পাহাড়ীআরাগঃ॥ একতালী ॥ দণ্ডকঃ॥

ত্রিভুবন নাথ তোকে হরী।
প্রভু হয়িআঁ হেন নাহিঁ করী॥ ল কাহাঞি ॥ ১॥
জগত না সহে তোজার দাপ। আল।
কোণ ছার কালীর সাপ॥ ২॥
তোকো নিরমিল ত্রিভুবনে।
জল থল জীব জন্তুগণে॥ ৩॥
সাপেরে করিআঁ বিষ দাণে।
এবেঁ কেহেু হরহ পরাণে॥ ৪॥
সামী মোর সেবক তোজার।
তোকো এইা দিলেঁ আধিকার॥ ৫॥
মৃড্ সাপ জলের ভিতরে।
না জাণিআঁ দংশিল তোজারে॥ ৬॥
বারেক মোরে দয়া কর।
সামী দান দেই দামোদর॥ ৭॥

স্থূণিআঁ কাহ্নাঞির ভৈল ভোষে। গাইল বড়ু চণ্ডীদাসে॥৮॥

রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥ সদয় হৃদয় হআঁ বুইল দামোদরে। সাঁকাল চল তোকো দক্ষিণ সাগরে। তথাঁ স্থথে থাক গিআঁ আন্ধার বচনে। যমুনার বাস তেজি নির্ভয় মণে॥ ১॥ এহে । আণেক কাকুতা কৈল কালীর নাগিনা। স্থণিতা কুষ্ণের হের দয়াযুত বাণী।। ধ্রু। কুষ্ণের আদেশ শুণা কালীয়নাগে। প্রণাম করিজা বুইল কাহ্নাঞির আগে। সাগরে রহিতেঁ আজ্ঞা ভৈল মোর ভাগে। তথাঁ গরুডের ভয় মোক বড় লাগে॥২॥ হেন স্থূণী কৃষ্ণ বুইল ভোগ্গার মাথাতে। কালীয় রহিব চিহ্ন মোর পদঘাতে॥ এহা দেখি গরুড় না খায়িব তোক্ষারে। সকল সময় স্কুৰ্থে বসহ সাগৱে॥ ৩॥ কান্ডের আদেশ হেন পাআঁ নাগ কালী। সাগ্রক গেলা স্ব প্রিজনে মেলী॥ জলে হৈতেঁ হরিষেঁ উঠিলা জনার্দ্দন।

গুড্জরীরাগঃ॥ যতিঃ॥ কাহ্নাঞিক দেখি যত গোপ গোপীগণে। হরিষেঁ হয়িলা তবেঁ সজল নয়নে॥

গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

শ্ৰীকৃষ্ণ কীৰ্ত্তন

(करश पृष् ভूজधूर्ग रेकल व्यालिञ्जन। কেহো ঘন ঘন তার চ্স্বিল বদন॥ ১॥ হর্ষিত ভৈল সব যুবতী সমাজে। কালায় সাপের মুখে জিলা দেবরাজে॥ এ ॥ ত্তিখনে যশোদার দেব দামোদরে। তনে হৈতেঁ ঝরিঅ। পডিল ফার ধারে॥ বুইল দশ দিশ শুক্তা ভৈল মোৱে। চিরকাল জাউ পুত্র মোর গদাধরে ॥ ২॥ নহে তবেঁ আকুলা রাধিকা ততিখনে। নিমেষ রহিত বঙ্ক সরস নয়নে ॥ দেখিল কান্ডের মুখ স্থৃচির সমত। সকল লোকের মাঝেঁ তেজি লাজ ভএ॥ ১॥ কাহ্ণাঞি দেখিআ আর যত গোপীগণে। সক্ষে আলিন্তন কৈল আপণ আপণে।। হাস ছলে কৈল মন হরিষ বিকাশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদানে॥ ৪॥

শৌরারাগঃ ॥ রূপকং ॥

নন্দ যশোদার ধরা চরণে।
প্রাণাম করিল মধুসূদনে ॥
স্বায়র দেখিল নেহ নয়নে।
চারি পাশে ছিলা যে গোপীগণে॥ ১ ॥
সন্মাক তোষিল বিনয় করা।
থলত আসিজা দেব মুরারী॥ গ্রুঃ
দেখি দামোদর রাধাক পাশে।
খণেক করিল ঈশত হাসে॥

আর যত ছিল গোপ কুমার।
উচিত সমান কৈল সন্ধার। ২॥
কর যোড় করী বুলিল কাকে।
মোর ধরিবেতে এক বচনে॥
এহার পাণী খায়িতে সব জনে।
এ কারণে কৈলোঁ কালী দমনে॥৩॥
পাইজা আমুমতী সন্ধার থানে।
দহে ঘাট কৈল কাক্ষ তখনে॥
কুফ লক্ষা সন্ধো চলিলা ঘর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলা বর॥৪॥

ইতি যমুনাখণ্ডান্তগত কালিয়দমনগণ্ডঃ সমাপ্তঃ ॥

অথ যমুনাখণ্ডঃ

রাধিকালাভলোভেন ভেজে স যমুনাতটং। সাচ রাধাপি সঞ্চিন্তা সথী রন্থুপরা যযৌ॥

পাহাড়ীঝারাগঃ ॥ ক্রীড়া ॥ যাই যমুনার পাণিকে আইস স্থি মোর সঙ্গে। বমুনা জলে কুন্ত ভরিআঁ আসিব এ বড রক্ষে॥ হেন বুলী রাধা কলসী লজা জাএ গজগডি ছান্দে। আলকেঁ শোভে বদন তাহার (यर्टन कलक ठार्म ॥)॥ আল। পাইল রাধা কালীদহ কৃল লইআঁ সখি সমাজে। ঘাটত ভেটিল নান্দের পো काक ना वृशिल लाएक ॥ श्रम ॥ হাসিতেঁ খেলিতেঁ গোপ নারীগণ লাগিলা যমুনা তীরে। কাহ্নাঞির মুখ কমল দেখিআঁ৷ কেহো না ভরিল নীরে॥

কেহো না পারিল করে ধনিংই श्रीति (एक त्रमत्व । ওহার এহার স্থা চ্যাং সন্ কাছো পিৰ গাছে মলে : . গ **उथन नराम** नि(अथ मा देव ज দেখি প্রিয় সমহালী **ঁসকল গোঞাল** স্বত্য ছকিলা (य) कर्म भुड़िशा १ . **अ**त्या शांका तकतन । अतिहाँ अत विद्याले समान बहुतक । कार्काखरं भाभ अभिवाद ५००० ভূচাং কা^রশিকা সা∕া এ ৬ চ সার্থনক সভান হ'বই,' ব্রা (शिवि कारकर भग्नाथ। तुकेल काक्ष्मा भिरात अभिन्न भूह माचि धार्षि (मेर्ड कुर्थ) পরিহাস রুসেঁ দেব দামোদর • (सक गार्कि धतिहर । ্তেহ্নতেঁ ৰ্য়িল - বাধাক উত্য বিড চঙাঁদিসে গারে। ৪॥

কোড়ারাগং ॥ এটড়া ॥ এগনী ॥ দওকং ॥ ১৯ কাহার বহু হোঁ কাহার বাণী। কেছে বমুনাত ভোলসি পাণী॥ ১॥ বড়ার বহু মো বড়ার কা। আন্দো পাণি তুলা ভোকাত কী॥ ২॥ কাথের কলস নাম্বাস তোকো। কণা চারি পাঁচ কহিব আকো॥ ৩॥ যাব কান্ধ বসে দোষর মাণা। সেসি আকা সমে কছিবে কথা॥ ৪॥ প্রস্থালে নেহ আইহনের রাণী। ভোৱ ৰচনে জীএ চকপাণী॥৫॥ ভাষ্বল দিভা মোরে বোলসী। খুদ বড়সিএঁ রুহী বান্ধসী॥ ৬॥ এহা যমনাত মো আধিকারী। यामात तहन छन छन्मती॥ १॥ ছোর মোর আর বচন নাহী। বঝিল ভোকারে মতী কাহ্যাঞি ॥ ৮॥ সুদ্দ স্থবরের মোর কিঞ্চিনা। এহা নেত সোর ধরত বাণী॥ ৯॥ গোআলিনী আন্দোনহোঁ নাচুনী ! মোর কাজ নাহিঁ তোর কিঙ্কিনী ॥ ১০ ॥ হের যোল হাথ মোর পাটোল। এহা নেহ মোর ধরহ বোল ॥ ১১॥ স্তদ্ধ স্থবলের মোহোর বাঁশী। এহা নেহ রাধা পাসত বসী॥ ১২॥ তোর বাঁশী মোএঁ ঘসি না ঘাটো। তাক হাথে করী দ্রধ না আউটোঁ॥ ১৩॥ তোর পাটোলের স্থণ কথা। সে মোহোর স্বত ভাণ্ডের নাথা॥ ১৪॥ মাথার মুকুট জলে রভনে। এহা নেহ রাধা রাখহ সমানে ॥ ১৫ ॥

বাহিরেঁ ভিতরেঁ তোঁ কাহ্ন কাল।
মুকুট ধুয়িআঁ আগকিতেঁ (?) ভাল ॥ ১৬ ॥
ডালিম সদৃশ তন ভোক্ষারে ।
তাহাত মজিল মন আক্ষারে ॥ ১৭ ॥
মাহাকাল ফল আক্ষার তনে ।
দেখিতেঁ ভাল ভখিতেঁ মরণে ॥ ১৮ ॥
রাধার নিচুর স্থণিআঁ। বাণা ।
মনত ভয় পাইল চক্রপাণী ॥ ১৯ ॥
রস রাখে রাধা না দিল আশে ।
বাসলী বন্দী গায়িল চণ্ডীদাসে ॥ ২০ ॥

দেশবরাড়ারাগঃ ॥ লঘুনেখরঃ ॥

বাত্ তুলিলেঁ কেশ বন্ধন ছলে।

যন ঘন বিকাশিলেঁ বদন কমলে ॥

আন্ধভন্ধ কৈলেঁ কেতে মোর বিজ্ঞানে ।

এবেঁ আলিন্ধন দিজাঁ বাধা সেতের আঞ্চল ।

কেশকৈ ঘুচায়িলেঁ রাধা মেতের আঞ্চল ।

দেখাঁয়িলেঁ কুচভার করায়িলেঁ বিকল ॥ রা ॥

যমুনার ভারে রাধা কদমের ভলে ।

ভরল করিলেঁ কেতে নয়ন খুগলে ॥

আধ মুখ ঢাকিলোঁ সক্তা বসনে ।

তে কারণে রাধা ধরিতে নারো মনে ॥ ২ ॥

যমুনা নদার রাধা ভুলিতে পাণা ।

কেতেহ ধারেঁ ধারেঁ বুইলোঁ মধু রস বাণা ॥

তোন্ধার কারণে রাধা রাথোঁ মো গোকুল ।

তোন্ধা জাণ কার্জের আন্ধার আদিমূল ॥ ৩ ॥

বাতল হয়িলোঁ মো ভোকার দোযে। তোরে করিতেঁ জুআগ্র মোর পরিভোষে॥ বমুনার তারে থাকোঁ তোর পতিআশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

আত্তলভিল কুন্তল মোর স্থর গম্পে। করযুগ তুলী তার করিলো বন্ধনে॥ শ্রমের কারণে হাস্তা হৈল ঘন ঘনে। গাস মোডিএ কাহাঞি আলস্ত কারণে॥১॥ তোক্ষা দেখি যদি মোর বিচলিল মনে। তেবেঁ নোৱে তাতেঁ না জুতাত এখনে। দ্রা প্রনে চলিল মোর হৃদ্য বস্থে। দৈৰ্যোগে ভাত ভোৱ প্ৰজিল নয়নে॥ লাগ ভ্রা ভৈগ মোর তরল নয়নে। সহরে ।। কিলে। মুগ দেহের বসনে ॥ ২ ॥ यश्चा चमान जाएमा कुलिल भागे। এহো দোধ নহে যেন বুফিলো ধর বাণী॥ জীবার আন্তরে কাহ্নাঞি^র রাশহ গোকুল। পাপ পামর তোর জাণোঁ আদিমূল॥ ৩॥ আপদ পাএ যাক না চিহ্নে আপণা। এহা জাণা তেজ কাহ্ণাঞি নাগ্রপণা ॥ পাগল হৈলা কাহ্নাঞি নিজ মতিমোষে। বাসলী শিল্পে বন্দী গাইল চণ্ডীদাসে 🗓 ৪॥

निलीय लक्ष्याः वाहर बागायां सबुल्हनः । विदुद्धार्श्चित्वा वृक्षाः सांबुबीस्हितः वहः ॥

পাহাড়ীআরাগঃ ॥ ক্রাড়া ॥ রাধা সমে নেহা ভৈল ভোগার বিদিত। তবেঁ কেছে রাধা বোলে মোরে বিপরীত। মোএ নাহি করোঁ তার ঠায়ি কিছু দোয়ে। না জাণো নিঠুর রাধা বোলে কোণ রোগে॥১॥ 31511 বোলহ রাধারে মোর প্রাণ বচারি। সরস বচন দিখা জিআভা কাঞ্ছাতির ॥ রং॥ মনত গুণিলো বড়ায়ি মোর বচ ভাগ। ষধ গোপী মেলি নৈত্ৰ মোতে সাত্ৰাস ॥ (२नरे म(१८५ जोया २ भा भन आह्म)। বিল্স বুইল রাধা সাক্ষার ভাগে॥ ২ h কান পাতিকা মোর ইণ এব নাবা। আধ্বাৰ স্থায়ে ২০১ গমনাৰ প্ৰাণ্ড। আছি আনি কাম তাক না কৰে। যত্তে। তুলভ হয়িল তার সরস বচনে॥ ৩॥ আপণেই জাণ বড়ায়ি আক্ষার হৃদয়ে। রাধিকার নাম স্থূণী যেহেন ঝুরএ॥ যমুনার তারে থাকোঁ তোর পতি আশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডাদাসে ॥ ৪ ॥

ক্ষমন্ত বচনং শ্রুষা বৃদ্ধা বচনপণ্ডিতা। শ্বাধামভিদধে বৃত্তং স্থারমন্তী পুরাভয়ং॥ গুড্জরীরাগঃ ॥ যতিঃ ॥ े

কভোঁ না কইল কাহ্নাঞি তোর কিছু দোষে। আকারণে কেছে রাধা কৈলেঁ তারে রোঘে॥ ভোত লাগি কোণ কাম না করিল কাক্ষে। এবেঁ রাধা কেহ্নে কর তার আপমাণে॥ ১॥ আসার বচন শুন রাধা চন্দ্রাবলী। সবস বচন দিআঁ তোষ বনমালী ॥ ধ্ৰু ॥ কোন্ডো গোপী না বুইল ভারে খর বাণী। তোকো কেন্তে তাহাত হয়িল। আঞ্জানী॥ তে কারণে আস্থখিল হৈল চক্রপাণী। আনেক বুইল মোরে আভিমান বার্ণা ॥ ২ ॥ জাণিলোঁ রাধা তোত কিছু নাহিঁ বুধী। হেনই মিলন হাথে কনক নিধী॥ যে বচন বোলে কাহ্ন তাত পাত কান। এতেকেই মণে পরিতোষ পাএ কাহ্ন॥ ৩॥ আক্ষার বচনে রাধা না করিহ হেলা। যৌবন সাগরে তোর কাহ্নাঞি ভেলা॥ না পরিহর রাধা কাফের বচন। গাইল বড়ু চণ্ডাদাস বাসলা গণ॥ 8॥

ধাসুষীরাগঃ॥ একতালী॥

আল বড়ায়ি।
গোপী মেলী যমুনার তীরে।
আইলাহোঁ নিবারেঁ এহা নীরে॥ ল॥
প্রথমতেঁ করিল বিরোধা।
হেন না জাণিল বোলে বাধা॥ ১॥

নাহিঁ চিহ্ন তোক্ষে চক্রপাণী।
তেঁদি মোরে বোল হেন বাণী॥ গ্রন্থ।
কাজ পড়িলেঁ চুফ্ট কাহেন।
ইফ্ট মিত্র কেহো নাহিঁ চিহ্নে॥
হেন হুরুজন দে কাহাপ্রিওঁ।
নাহিঁ বারে লোক সমাজে।
নাহিঁ বারে লোক সমাজে।
নাহিঁ তার ছুরি চৌখে লাজে॥
ফেন তেহুল এ নিজ কাজে।
ক্রেন দে আজল দেবরাজে॥ ৩॥
বড় ছুফ্টমতী দে জে কাহ্ন।
আলা ছাড়ী নাহিঁ জাণে আন॥
তাহাক না দিহ রঙ্গ আশে।
গাইল বড়ু চঙীদাদে॥ ৪॥

রাধাবচনমাচম্য জরত্যা প্রতিপাদিতং। জগাদ কাতরঃ ক্লফঃ সতৃষ্ণো রাধিকামিদং॥

মালবরাগঃ ॥ রূপকং ॥

রাধা ল।
তোর মোর স্থদৃঢ় নেহা ল।
তৈল একই পরাণ একই দেহা ॥
ল রাধা।
কিছু নাহিঁ করোঁ আপরাধা।
ভেভোঁ কোপ তোর এ বড ধান্ধা॥ ১॥

ना त्रांल ना त्रांल कुथ वाणी। তোর যৌননের বস চক্রপাণী ॥ ধ্রু॥ আলে ভোৱ প্রিয় বনমালা। कारव ना विवासी **हन्छाव**ली । रुप रुप ताम हन्नावली। अतँ स्मान रेम्ब नष्ट नहीं ॥ २ ॥ যে করিণে ধমনার জলে। সুদ্দ কৈল ভাক জাণ্য সকলে॥ বৰা ভাৰী আপণ আন্তবে আজি কর এহা জল সফলে॥ ৩॥ আধিকার জাণায়িলোঁ রাধা। ভোকে মরমে না কৈলো বিরোধা ॥ কান পাত কয়লোঁ মো উহরে। গাইল চণ্ডীদাস বাসলী ববে॥ ৪॥

(प्रभागताभः ॥ को छ। । अने। धन ॥ नगरी ॥

তোগার বেলে

কেনো কাজানিট

ন। বহিব পাণী।

উচিত নিফল

হৈব তোর জল

ভাবি বুঝ চক্রপাণী ॥ ১ ॥

তোগে পাণি নেহ

স্থান্দরি রাধা

যত পড়িহাসে মণে।

ক্মণ গুংগে

এহা পাণি নিব

সকল যুবতী গণে। ২॥

ত্যাগো পাণি নিব মোর সকল স্থিজন

জাইন শুন কলসে।

এহাক দেখিআঁ সকল লোকেঁ মোক করিব উপহাসে॥ ৩॥ লোকে উপহাস করিব তোক্ষাক তাক আক্ষে ভালেঁ জাণী। বিণি যাচিলেঁ কাহাকো না দিব এনা এক ফুট পাণী॥ ৪॥ আক্রে স্থি স্ব বহুত কাহ্নাঞি এক ভোক্ষে এহা তীরে। মাগু কিলেঁ তোকা৷ কিলায়িআঁ কাহ্নাঞি নীব যমুনার নীবে॥ ৫॥ স্থানর রাধা তোর স্থিগণ কিছ করিতেঁ না পারে। এ তোর যৌবন উন্নত রাধা মারিতেঁ পারে আন্দারে॥ ৬॥ অবোল না বোল স্থব্দর কাহ্নাঞি হের ধরোঁ চরণে। আবাল গোপাল না কর জপ্লাল পাণি নেউ স্থিগণে ॥ ৭ ॥ কান পাতিআঁ নাগরী রাধা স্থূণিআঁ এক বচনে। পাণী ভরাযিজা সব সখিগণে নগর যাহা আপণে॥ ৮॥ পাণি ভরায়িজাঁ ঘাটত উঠিজাঁ নিচল পাতিআঁ কানে। সরূপে স্থন্তর দেব দামোদ্র স্থাপিব তোর বচনে ॥ ৯॥

স্থন্দর কাহ্নাঞি এ বোল স্থাণিতা আতি হর্ষিত মতী। গোপ যুবতীক করিল সকল জল নিতেঁ আমুমতী ॥ ১০॥ পাণি তুলিজাঁ কাফের পাশে রাধা পাতিল কামে। কিছু বা কহিল স্থন্দর কাহ্যাঞি কপোলে কৈল চ্ছনে॥ ১১॥ রোষ করিআঁ। তখন বাধা সত্বর গমনে জাএ। বাসলী চরণ শিরে বন্দিওঁ।

দেশবরাড়ীরাগঃ ॥ লঘুশেখর ॥

বড় চভীদাস গাএ॥ ১২॥

কাছের কলসিএঁ রাধা তুলিলেঁ পাণী।
মধু রসময় তোর বোল খাণী খাণী॥
সদয়ে কাঞ্চলী শোভে কানতে কুগুলে।
আদিত্য জিণিতাঁ উয়িল কিরণ মগুলে॥ ১॥
ধীরেঁ ধীরেঁ যাহা গোআলিনী স্থণ মোর বোল।
রহিতাঁ বহিতাঁ দেহ বিরহের কোল॥ গু॥
আন্ধা লয়িতাঁ রাধা পাণি লয়িতাঁ যাসি।
বোষে মন দিতাঁ কেহে মোরে না তরাসী॥
কমণ কারণে রাধা না কাঢ়িসি রাএ।
বিরহ আনলে মোর বিদগধ গাএ॥ ২॥
বোষ পরিহর রাধা মোর বোল স্থন।
বোষে বিনাসে দেহে এ সকল গুন॥

আধিকার কৈল আক্ষে যমুনার ঘাটে।
কলসি ভাঁগিবোঁ বোল না ধরিলোঁ বাটে॥ ৩॥
পুরুব আপর কথা রাধা মণে গুন।
এভাঁহো স্থন্দরি রাধা মোর বোল স্থন॥
এ বোলোঁ উলটি রাধা চাহিল নয়নে।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলা গণে॥ ৪॥

দেশাগরাগঃ॥ লঘুশেখরঃ॥ 💉

ভাল মন্দ কত লোক পথ মাঝে যাএ। তাহাক বারিঝা বোল বুলিতেঁ জুআএ॥ যেহ্ন তোকো গোপ কথা করহ বিকাশ। বুঝিল ভোক্ষার কাজে নাহিঁ কিছু ভাষ॥ ১॥ পথত বারহ মন নান্দের নন্দন। কি কারণে ঝগড করহ সব খন॥ ধ্রু॥ চুৰ্জ্জন সাস্থভ়ী মোর ঘরতে আছএ। অবোল বুলিতেঁ তাক নাহিঁ কিছু ভএ। পুরুবেঁ যে কৈল তত জাণিত্রা আপুণী। ঘাটে বাটে হেন কেন্ডে বোল চক্ৰপাণী॥২॥ এখনে তেজহ কাহ্নাঞি আর্ডা বচন। তোক্তে কি না জান মন্দ ভাল স্থিগণ। কেহো যবেঁ বেকত করিছে এগ কাজ। আক্ষার থাঁথার তবেঁ তোকো পাইবেঁ লাজ ॥ ৩ ॥ বোলাবুলি রাধিকা পাইল নিজ ঘর। ভয় মানী কাহাঞি তৈজিল সে উন্তর ॥ আপণ আপণ ঘর গেলা স্থিগণ। গাইল বড়ু চঙীদাস বাসলা গণ ॥ ৪ ॥

<u>জ</u>ীকৃষ্ণকীর্ত্তন

রাধিকাবাচমাচম্য চতুরো মধুস্দ**ন:**। জগদে জরতীং গড়া করুণং রভগদিদং

(वलावली त्रांगः ॥ त्राभकः ॥

কালীদহে দিল আন্দো ঝাঁপে ল। আল হের বডায়ি জিলোঁ মোঞ গোকুল আগে ল ॥ আর কৈলো নানা যতনে। আল হের বড়ায়ি তভোঁ না থাকিলোঁ তার মণে ॥ ১ ॥ হরি হরি। এত কালে রাধার কারণে ল। আল হের বঙায়ি তভোঁ তোষ নাহিঁ তার মণে ল। ধ্রু। সব স্থি মেলী গোন্সালিনী। লআঁ গেলা যমুনার পাণী॥ না দিঁলেক সরস বচনে। তে কারণে পোড়ে মোর মণে॥ ২॥ কিবা আছে রাধিকার মণে। তাহাকেহো জাণহ আপণে ॥ আক্ষেত্ত না কৈল কিছু দোষে। মিছা রাধা কেছে কৈল রোবে॥ ৩ n বোলছ রাধারে মোর বাণী। স্থার্থে নেউ যমুনার পাণী ॥ সে পাণা সোধিলেঁ। তার আশে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

নিপীয় বচনং সাধু জরতী মধুবিদ্বিষঃ। রাধিকামধিকামর্ব রাধিকামাহ ভারতীং॥

গুজ্জরীরাগঃ॥ যতিঃ॥

এত কাল রাধা তোর গেল শিশু ভাবে। েঁসি না জাণিলি নিজ আপণ লাভে ॥ এবেঁ ভোক্নে আসি ভৈলা এ ভর যুবতা। তভোঁ কি কারণে তোত্র কর্সি বিমতা॥ ১ সাগর রস নাগর স্থন্দর কাহ্ণাঞিঁ। তোর ভাগেঁ কাকুতী করএ তোর ঠায়ি॥ ধ্রু। স্থানর যুবক সমে যে হএ শৃঙ্গার। সকল সংসার মাঝে সেই স্থুখ সার॥ এহা বুঝী কাহ্ন তোরে মানায়িলোঁ। যতনে। কোন অবুধির বোলেঁ করসি বিমনে॥ ২॥ কভোঁ না বুলিব আক্ষে তোর আমুচীত। যেহো স্থি দেখ তোর কেহো নহে হীত ॥ আপুণ কাজক লাগি সবই বিকলা। সক্ষেত্রিত চাহেন্ত তোক রোয়ু বনমালী॥ ৩ আক্ষার বচন রাধা পরিভাব মণে । यमुनाक याइँछ त्राधा लग्निजा मिथगरन ॥ তথা গিজা তোষ কাহ্নাঞি সরস বচনে। গাইল বড় চণ্ডীদাস বাসলী গণে॥ 8॥

> জরতী বচদা রাধাং চলিতাং যমুনামর। জগাদ চতুরঃ ক্রফঃ দ্যাখাদ পুরংদরং॥

রামগিরারাগঃ ॥ প্রকালক ॥ চিত্রকং ॥ লগনী একতালী ॥ দণ্ডকঃ ॥ 🗸

হরিয়ে আইলা রাধ্য তোলে এহা তীরে। আজি সফল হৈব যমুনার নীরে॥ ১॥ উপস্থিত হৈল হের গিরীশ সম্এ। শীতল গম্ভীর জলে রহিতেঁ স্কুখাতা।। ২॥ পুরুবেঁ আছিল এখে দহে নাগগণে। এহাত নাহিতেঁ ভয় লাগে তে কারণে॥ ৩॥ নাহিবারেঁ স্থিগণ চাহে এহা জলে। তবেঁ নাহিঁ নাহে ডৱে পাণা লখা চলে॥ ৪॥ কালীনাগ পাঠায়িল সাগরের পার। এবেঁ মিছা ডর কর জলে যমুনার॥ । ।। আন্ধার বচন স্থান্দরী রাধা ধর। আদ্যে আর্থে গাস্বা তবেঁ জলের ভিতর ॥ ৬॥ কুবুধি তেজিআঁ যবেঁ পান্ব এহা জলে। তবেঁ আন্দো পান্ধি লগাঁ এ স্থি সকলে॥ ৭॥ জলত ণাম্বিল কাহ্নাঞি দেখে স্থিগণে। উনমত নহিহ মোর বিরহ বচনে ॥ ৮ ॥ আসুমতি দিখা কাহাঞি ণাম্বায়িল জলে। পাছত করিআঁ রাধা আর গোপীকুলে।। ৯।। জল কেরি করে কাহ্নাঞি আপণার স্তুথে। মনমথ ভাবেঁ দেখে সব গোপী মুখে।। ১০।। কাহ্নাত্রিক দেখি রাধা উল্লসিত মনে। আর তাক দেখি থার নহে গোপীগণে।। ১১॥ সক্ষার জল কেলিত লাগিল মনে। গাইল বডু চণ্ডীদাস বাসলী গণে:। ১২।।

কোড়ারাগঃ ॥ ক্রীড়া ॥

জলে ডবিল জনার্দ্দনে। আল ' রাধার ছৃয়িল জঘনে। চমকিলা রাধা উঠিআঁ। দেখিল কাছে॥ এ॥ ঘন চালিজ। বসনে। আল রাধিকা আড় নয়নে। চাহিতা কাফের মণে চিহাইল মদনে॥ ১॥ আল পুরী চির মনোরথে। জলকেলি কৈল কালীদহে জগন্নাথে॥ धः॥ কাহারো ধরিআঁ পাএ। দুর জল লখা জাএ। ডবেঁ সে গোমালিনী কাহ্নাঞি কাহ্নাঞি বোলএ॥ ডুবিফাঁ কাহারো তনে। গুপতেঁ ধরিল কাহে। ভাবেঁ সে নিচলে গোপী থাকিলী তথনে॥ ২॥ কাহারো নিত্সে হাথে। त्राम जिल कशकार्थ। উলটি কুষ্ণের সেহো ধরিলেক হাথে॥ কাক্লাঞি হাথ খসাইআঁ।

ভূবেঁ পদ্মবন গিজা।
গোপা ভাগী চির রহিলা মুখ তুলিজা॥ ৩॥
উঠী বুইল বচনে।
ধরী বড়ায়ির চরণে।
রাধা চন্দ্রাবলী লজাঁ সব গোপীগণে॥
জলে রহি নিরাসে।
দেখি মণে মণে হাসে।
গাইল বাসলী বন্দিজাঁ বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

ভাঠিয়ালীরাগঃ ॥ রূপকং ॥

জলত ণাম্বিল কাহ্নাঞি মোর পরতেখ। এখনে কেমনে বডায়ি হয়িল আদেখ। আকাশে উঠিল কিবা পসিল পাতালে। কিবা মরি গেল কাহ্নাঞি যমুনার জলে॥ ১॥ বোলহ পরাণ বড়ায়ি সরুপেঁ আকারে। কমণ উপাত্র পায়িব দেব দামোদরে॥ ধ্রু॥ যোল সহস্র গোপী একলা দামোদরে। ড্বিঙ্গা মাইলেন্ত কাহ্নাঞি জলের ভিতরে॥ হেন বুলিব সব লোকেঁ তুসহ উত্তরে। তাহাক গুণিতেঁ ভৈল দগধ আন্তরে॥ ২ ॥ সব গোপী মিলি চাহিআঁ বনমালী। কথাঁহো না পায়িলোঁ তাক ভয়িলোঁ স বিকলী। সরূপে লক্ষিএ বড়ায়ি কাহ্নের মরণ। এতেকেঁ হারায়িল বুধী সব গোপীগণ॥ ৩॥ জীয়ন্ত থাকিত যবেঁ নান্দের নন্দনে। এত খনে আবসই হৈত দরসনে ॥

আপণে ঞি করহ সে বুধি পরকারে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বরে॥ ৪॥

ধানুষীরাগঃ॥ একতালী॥

আল রাধা

তোর মুখে শুণী হেন বাণী। 'এহা জলে মৈল চক্রপাণী॥ ল॥ আল রাধা

বড় দুখ উপজিল মনে। শরীরত হরিলোঁ চেতনে॥ ১॥ আল রাধা যাবত কেহো নাহিঁ স্থনে। তাবত করি ঘর গমনে।। ধ্রু।। স্থিস্ব নিষ্ধ যত্ন। কেহো তার না কহিএ মরণে।। এ বারতা যবেঁ বাহিরাএ। সক্ষার পরাণ তবেঁ জাএ ॥ ২ ॥ একইতি মা এর ছাওমাল। স্থন্দর বাল গোপাল। তোত লাগি যমুনাত মৈল। এবেঁ তোর মণে ত্বথ ভৈল॥ ৩॥ কালী সঙ্গো হয়িআঁ এক ঠায়ি। ভাল মতেঁ চাহিব কাহাঞিঁ ॥ তবেঁ তার পায়িব উদ্দেশে। গাইল বড়্ব ভীদাসে॥ ৪॥

স্থী স্থীর তারাধার্দ্ধাব্চনসংষ্ঠা। জ্যামাগার্মাগারং বৃহস্তীমানসং শুচঃ॥

মল্লাররাগ: ॥ রূপক: ॥

রাধা ঘর গেলি দেখিআঁ কাছে। জলত হৈতেঁ উঠিল তখনে॥ গুপতেঁ রহিলা সে বৃদ্দাবনে। (कर्टा ना जानिल देव घंठेरन ॥ < ॥ নাগর কাহনতিওঁ কইল কপটে। রস ভূঞ্জিবারেঁ ষমুনা তটে॥ গ্রহ।। যবেঁ গেল রাতী এক পহর। তবেঁ সে কাহাঞি গেল নিজ ঘর॥ রাধার রূপ সোঁ মরী গোবিনে। भकल तक नो ना ८१ ल नित्न ॥ २ ॥ তামাচুড়া রাএ হৈল বিহাণ। যমুনা তীরেঁ চলিলা কাহ্ন॥ কদম্ব গাছে চড়ী বনমালী। রহিলা রাধার পশ্ব নেহালী॥ ৩॥ মনে মনমথ সর আরভী। রসিক কাহ্নাঞি কইল যুগতী॥ রাধার করিবোঁ পাঞ্চ সঙ্গতী। গাইল চণ্ডীদাস বাসলী গতী ॥ ৪॥

অধিরজনিবিরামং রামরন্তারিপূর্ন-ররমভজত রাধা মাধবালেষণায়।
অতন্ত্মতন্ত্বাণ ব্যুহদাহং বহন্তী
তটমন্ত্ যমুনায়ান্ত য়মানা স্থীভিঃ।

রামগিরীরাগঃ॥ একভালী॥ দওকং॥

বড়ায়ির বচন ধরিআঁ রাধা মনে। ডাক দিআঁ সখিগণ আণায়িল তখনে॥ ১॥ কাথেত কলসা করি বড়ায়ি তুলে। চলী ভৈলী চন্দ্রাবলী যমুনার কুলে॥ ২॥ নাহিবার কাল নহে বডায়ি বিহাণে। তেঁনা নিল কেহো গোপী তুমজ বসনে । ৩। চারী ভীত চাহি রাধা বুইল বচনে। কুলত কাপড় থুয়িআঁ জলে চাহি কাৰ্ছে 🕯 8। সব সথি বুইল রাধা ভাল বুয়িলেঁ কাজ। কেহোত পুরুষ নাহিঁ এগা কিসে লাজ ॥ १॥ হেন পরিভাবি রাধা লয়িআঁ গোপীকুলে। বসন তেজি নাম্বিলী যমূনার জলে॥ ৬॥ রাধিকা চাহিল কাহ্ন সালোড়ি গাঁজলে। ভাক না পাইগাঁ ভৈলা সদয়ে বিকলে॥ ৭ 🕽 भव मिर मरेश्वाविका त्रांश वृष्टेल वांगी। আক্লাক মারিআ কথা গেলা চক্রপাণী ॥৮॥ স্থিদ্র মিলা রাধা বড়ায়ির পা এ। বুইল কাহ্ন পায়িব বড়ায়ি কমণ উপাত্র ॥ ৯॥ তরু হৈতেঁ তখনে ণাম্বিলা দামোদর। গাইল বড়ু চণ্ডাদাস বাসলী বর॥ ১০॥

পাহাড়ী মারাগঃ ॥ ক্রীড়া ॥

আহা। গোপীর বসন হার লয়িআঁ দামোদর। উঠিলা গিহাঁ। কদম্ব তরুর উপর॥ তথা থাকী ডাক দিআঁ বুইল বনমালী। কি চাহি বিকল হঅ সকল গোতালী॥ ১॥ নিকট আইদ মোর সব গোপীগণে। আজি কথা স্থণ মোর মরণ জীবনে॥ প্রণ॥ দেখি হর্ষিতা সব গোপ যুবতী। গাছের উপরে কাহ্নাঞি উল্লসিত মতী॥ হরিআঁ গোপীর হার আহার বদনে। হাসো হাসে খলি খলি কাহাতি। গ্ৰুত মনে ॥ ২ কুলে পরিধান নাহিঁ দেখি গোপনারী। হৃদএ জাণিল তবেঁ নিলেক মুরারী॥ তবেঁ বড় গল করা বুইল জগন্নাথে। ভোকার বসন হের আগার হাথে। ৩॥ যাবত না ডিঠিবেঁহে জলের ভিতর। তাবত বসন নাহিঁ দিব দামোদর ॥ এহা জাণী তড়াত উঠিমা নেহ বাস। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪॥

অথ রাধা হরিং বীক্ষ্য তরোঃ শিখরগোচরং। বলনীত পরিধানভূষণং হ্রীযুতাবদৎ॥

রামগিরীরাগঃ ॥ রূপকং ॥

জলেঁ চাহিবারেঁ তবেঁ নান্দের নন্দনে। ঘটিত থুইল সঙ্গে হার বসনে॥ স্থিস্ব মেলিআঁ ণাম্বিলান্ত জলে। হার বসন কাহ্নাঞি লগাঁ গেল বলে॥ ১॥ আয়ি মোর লাজ নিলজ বনমালী। জলে বিশ্বিমী ডাক পাড়েরে গোহালী। ল। ঞ।। জলতে উঠিলা রাহা আধ করি তলে। দিক্ষিণ করেঁ ঢাকিআঁ কুচ যুগলে ॥ কাহ্নাক বুইল তোর মুথেঁ নাহিঁ লাজ। বড়ার বহুক কর্সি হেন কাজ।। ২।। দূরত থাকিআঁ বুইল জগনাথ। তড়াত উঠিগাঁ রাধা কর যোড়গাগ।। ততে হাথ যোড করা বুয়িল চন্দাবলী। হার বসন দেহ দেব বনমালা ॥ ৩ ॥ রাধার চরিত্র দেখি দেব দামোদর। নেত ব্যন দিল রাধার উপর॥ হার লুকায়িতা রাধাক দিল বাস। वामनी भारत वन्ना शाइन छछोनाम ॥ 8 ॥

ক্কাধায়া বাচমাচম্য নিরন্তররদান্তর:। ভামেবোপহুদন্ ক্রয়ো জগাদ জরতীমিদং॥ ধানুষারাগঃ॥ একতালী॥

আল বড়ায়ি
সাত পাঁচ সথিজন লগাঁ।
জলেত পাম্বিলী লাসট হগাঁ॥ ল॥
আল বড়ায়ি
নাহিঁ মণে রাধা গুরুজনে।
হেন তিরা জিআএ আইহনে॥ ল॥ ১॥
আল বড়ায়ি
কেছে রাধা হেন কাম করে।
বিব্যিনী পাম্বএ নীরে॥ ল॥ ধ্রু॥
ধরী তোকো আলার বচনে।
নিষধ রাধাক যতনে॥
আর বার হেন না করিছে।

আর বার হেন না কারহে।
পুরুষের আথি নিবারিছে॥ ২ ॥
দিল আন্দো সন্ধারেঁ বসন।
তভেঁ। কেন্ডে রাধিকা বিমন ॥
তাহাকেত নাহিঁ পরকারে।
না জাণো কি আর বোলে মোরে॥ ৩॥
পুছ গিতা রাধাক যতনে।
বাস পার্তা রহিলছে কেন্ডে॥

আক্ষাক না এড়ে কিবা আশে। গাইল বড়, চঙীদাসে॥ ৪॥

ইতি যমুনাখণ্ডঃ সমাপ্তঃ॥

অথ যমুনাখণ্ডান্তর্গত হারখণ্ডঃ

ক্লফস্য বচনং শ্রুসা জরতাা প্রতিপাদিতং। জগাদ জরতীমেবং রাধিকাধিমতী সতী॥

মলাররাগঃ॥ রূপকং॥

যে বেলাএ পাটোল মোর নিলে গদাধরে।
তথিত উপর ছিল সাতেশরী হারে॥ ল॥
আনেক যতনে মোরে দিলে পাটোলে।
হরিলেক হার মোর বাল গোপালে॥ ল॥ ১॥
বোল গিজা আল বডায়ি মোর

(ইহার পর :8c —:c> পাতা নাই।)

তে কারণে আয়িলোঁ তোকার থানে ॥ ৭ ॥
বারেঁ বারেঁ কাহ্ন সে কাম করে।
যে কামে হএ কুলের থাঁথারে ॥ ৮ ॥
আক্ষা বিগুতিল যেহেন কাহ্নে।
তেহ্ন বিগুতিল এ স্থিগণে ॥ ৯ ॥
আপণ এহা দেখ বিগুমানে।
কাজ বুঝা এভোঁ বারহ কাহ্নে॥ ১০ ॥
আক্ষারা মরিব শুণিলোঁ কাঁশে।
তোক্ষার হয়িবে স্কল নাশে॥ ১১ ॥

সৰ কথা বৃয়িলোঁ তোলার পাএ। বাদলী শিরে বন্দী চণ্ডীদাস গাএ॥ :২॥

রাধাবচনমাচম্য গাঢ়ং দরভয়াতুরা। যশোদা রোষকলুমং রহসি প্রাহ কেশবং॥

মলাররাগঃ ॥ যতিঃ ॥

(शोकुल नशद भारतें वरमा हित्रकाल। আন্ধা ভাল করী জাণে সকল গোআল॥ ভাল পুত্র হৈলা তোক্ষে কুলের নন্দন। তোকাত লাগিআঁ হয়িব আকার মরণ॥ ১॥ কুমতী তেজহ কাহ্নাঞি বুয়িলোঁ তোলারে। তোন্ধাতে লাগিজাঁ কত সহিবোঁ সন্ধারে॥ গ্রু॥ বারেঁ বারেঁ যে কাম নিষ্ধি এ আকো। নিষেধ না শুণী সেসি করহ তোকো ॥ বাছা সব বুলে কাহ্নাঞ্রি নানা থানে থানে। তোক্ষেত বুলহ পুতা রাধার কারণে॥ ২ ॥ সব গোপী লআঁ রাধা রাজাক গোচরী। সঙ্গো যবেঁ আসি মোক লই যাব ধরী॥ তথাঁ কোণ বোলেঁ আন্দো পায়িব নিস্তারে। এ যুগতী পুতা বোলহ আন্দারে॥ ৩॥ মাঅ বাপত বড গুরুজন নাহী। একই আখরে মো বুয়িলোঁ তোর ঠাই॥

আগার বচনে পুতা নেবারত মনে। গাইল বড়াচণ্ডীদাস বাসলী গণে। ৪॥

নিশম্য জননীবাচমচ্যতশ্চুতসম্পদং। রাধাদিবল্লবীদোষং গ্রেবেদয়দয়ং রুদন্॥

বিভাষরাগঃ॥ যতিঃ॥

স্থণ মায় যশোদাত্ম তোক্ষারে বুঝাওঁ। ভাগে পুণী জিলাহোঁ এখুনী মরিতাহোঁ ॥ কেহো ধরে ঘোড়াচুলে কেহো ধরে হাথে। দধির পুসার তুলিগাঁ দেঁতি মাথে॥ ১॥ আহর না জায়িব মা বাছা রাখিবারে। ধোল শত যুবতীঞ আন্ধারে বল করে। ল। ধ্রু। যমুনার তীরে গোপীজন লঙা রক্ষে। কেলি কৈল রাধা পর পুরুষের সঙ্গে॥ বুলিতেঁ চাহিলেঁ। সাসী রাধার দোষে। আগেঁ আসী দোষে রাধা মোরে সেই রোষে॥ ২॥ তোক্ষার তনয় আক্ষে নান্দের নন্দন: ধর্ম্ম ছাড়ী পাপত নাহিঁক মোর মন। বেআকুলী হআঁ রাধা মদন বিকারে। দুই কান্ধ ফুলায়িল বহায়িখাঁ দধি ভারে॥ ৩॥ গরু রাখিবাক বুলোঁ যমুনার কুলে। মামী মামী বুলিভেঁ আধিকেঁ বল করে॥ সরূপে কহিলোঁ মা তোকার পাএ। वामली भित्त वन्ही हछीहाम गा ॥ ॥ ॥

দেশবরাডীরাগঃ॥ রূপকং॥

হেনয়ি সম্ভেদে বুঢ়া মেলিলা আসিআ। রাধা লগাঁ গেলী ঘর প্রবোধ করিখা। তরাসিনা হুজা বুইল আইহনের আগে। রাধা লখা আয়িলাহোঁ ঘর আজি বড ভাগে॥ ১॥ নানা পরকার করী সব জন ঠাই। রাধার গোপ্য রাখিল স্কুবুধী বড়ায়ি॥ धः॥ গরু নিবারিতেঁ নারে কাহ্নাঞিঁ ছাওআল। হিফিলেক রাধা কবল দস হাটাল ॥ ত্রাসে পড়িলী রাধা কাঁটী বন মাঝে। খণ্ড খণ্ড দেহ দেখি ঘর না আইসে লাজে॥ ২॥ আপণেই দেখ রাধার দেহ গতী। গাছে লাগি ছিণ্ডিল সকল গজমুতী॥ তরাসেঁ নিরস ভৈল রাধার আধর। পরাণ রাখিলোঁ দিআঁ শীতল জল ॥ ৩ ॥ তোক্ষার থানত আর কহিবোঁ মো কী। তোক্ষার পুনে জিলী পতুমার ঝী॥ স্থুণী আইহন পড়িলা বড়ায়ির চরণে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

ইতি যমুনাখণ্ডান্তর্গত হারখণ্ডঃ সমাপ্তঃ ॥

অথ বালখণ্ডঃ

রাধাকুচরিতং শ্বছা প্রাকুপা মধুস্দন:। জগাদ জরতীং তহ্যাঃ করিষ্যান্তিতং ফলং॥

দেশাগরাগঃ॥ রূপকং॥

গোচরিল রাধা মোর মাএর চরণে ৷ তে কারণে পায়িল আপমাণে ॥ বডায়ি ল। আজি হৈতেঁ রাধিকাত নিবারিলেঁ। মণে। সকপে কহিলোঁ। তোর থানে ॥ ১ ॥ বডায়িল। আন্ধার করিল রাধা বড়য়ি থাথার। আব সে করিবোঁ প্রতিকার ॥ ধ্রু ॥ আপণে করিব আঙ্গে তেহেন উপাত্র। যেহ্ন রাধা পডে মোর পাত্র॥ মরমে হাণিবেঁ। তারে মনমথ বাণে। নিবেদিলো ভোকার চরণে॥ ২॥ সব লোকেঁ হাসে যেহু দিআঁ করতালী। তেহ্ন তারে করায়িবোঁ বিকলী॥ আক্ষার মনত জাগে আতি বড় রোধে। ভোক্ষে মোক নাহিঁ দিহ দোধে॥ ৩॥ হেন মণে করে লওঁ রাধার পরাণে। নাহিঁ করোঁ ভোলার কারণে॥

আজি হৈতেঁ রাধিকাত নিবারিলো আশে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

আহেররাগঃ॥ একতালী॥

আন্ধার বচন শুণ কাহ্নাঞি গোআল। গোআলিনা রাধা পাতে আশেষ জঞ্চাল ॥ হাণ পাঁচ বাণে তাক না কবিহ দ্যা। গোআলিনী রাধার খণ্ডুক সব মায়া॥ ১॥ ক্ষণহ কাহ্নাঞি তোক্ষে আন্ধার বচনে। রাধাক হাণ ফুলের পাঁচ বাণে॥ ধ্রু॥ পুরুবেঁ রাধাক দিলোঁ মো তোগ্গার তাম্বুলে। কোণো পরকারেঁ না শুণিল মোর বোলে॥ কোন কাম না কৈলে ভোকাত লাগিখা। আপণা বোলায়িল সভী আন্সাক মারিআ। ২॥ বিলম্ব না কর কাহ্ন মোর বোল শুন। ঝাট করী ফুলের ধনুত দেহ গুন। স্কল্পন মোহন আর দহন শোষনে। উছাটিণ বাণে লগ রাধার পরাণে ॥ ৩॥ ত্রিজগতনাথ তোকো দেব বনমালী। ভোন্ধাকে না করে ভয় রাধা চন্দ্রবিলী॥ উলটিআঁ সে যাচু তোলাক **যতনে**। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে। ৪॥

ক্ষেণ্ডক্ষতিমাদাত জরতাাঃ ক্তমগুনঃ। পঞ্চবানশ্রৈশ্চক্রেরাবিকামারণে মতিম।

পাহাড়ীআরাগ: । ক্রীড়া ।।

ময়ূর **পুছে**ঁ বান্ধিঅঁ৷ চুড়া

তাত কুস্তুমের মালা।

চন্দন তিলকেঁ শোভিত ললাট

বেহু চাঁদ যোল কলা 🖁

, কা**জলে উজল নয়ন যু**গল

সঞ্জনকে উপহাসে।

ঈষত হসিত তুবন মোহন

যেহ্ন কমল বিকাসে॥ ১॥

ফুলের ধনু হাথে করা কার্হ্

গেলা বৃন্দাবন পাশে।

রাধার বচন আনলেঁ দগধ

মনত করিফাঁ রোবে॥ এ ॥

হিরাঞ জড়িত রতন কুওল

মণ্ডিত গণ্ড যুগলে।

সিন্দুর লুলিত মুকুতা পাঁতা

সম দশন উজলে।

মনোহর হার কেষূর পব্লী

আঙ্গদ যুগল হাথে :

রতন কঙ্কন আতি বিভপন

পত্নীল জগতনাথে॥ ২॥

সকল শরীর চন্দনে লেপিল

নেত ধড়ী পরিধানে।

ভাহার উপর মণি বিরচিত

किकिनी वाक्षिण काइल ॥

কপুরি বাসিত তামুল বদনে হাথে কনকের বাঁশী।
কদম তলাত কোমল পাতত থাকিলা কাহ্যাঞি বসী॥ ৩॥
শীতল সমীর জন মনোহর কোকিল পঞ্চম গাএ।
সব তরুগণ বিকাস কুস্থম ভ্রমর কাঢ়এ রাএ॥
আতি রুফ্ট হুজা রহিলা কাহ্যাঞি রাধা মারিবার আশে।
বাসলী চরণ শিরে বন্দিলা গাইল বড় চঙালাসে॥ ৪॥

ধানুষীরাগঃ॥ গভিঃ॥

কাহ্নাঞ্জি কৈ পথতে রাখিআঁ।
আল বড়ায়ি।
রাধার পাশক গিআঁ॥ ল রাধা॥
বুইল তোকো কি কাম করহ।
আল ।
এবেঁ কেহে হাটক না জাহ॥ ল রাধা॥ ১॥
দুধ দধি ঘরে রাখ কেহে।
আল ।
রাজপদ কি পাইল আইহনে॥ ল রাধা॥ প্রশ॥
ঝাঁট করী সাজহ পসারা।
দিধি যিকে জাইউ মথুরা॥

এসি আছে জীবার উপাএ।
তাহাক এড়িতেঁ না জুআএ॥ ২॥
যত আছে তোর সথিগণে।
সক্ষাক আণাহ এই খনে॥
ঝাঁট যবেঁ হাটক জাইএ।
তবেঁ লাভেঁ পসার বিচিএ॥ ৩॥
সহরেঁ চলহ এহা জাণী।
আন না করিহ মোর বাণী॥
তোর সঙ্গে যাওঁ মো হরিষে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

মালবরাগ:। রূপকং॥ দুওকঃ॥

বড়ায়ির বচন শুণী রাধা চল্রাবলী।
দিধির পসার লআঁ মথুরা চলিলী ॥ ১ ॥
ললিত থোঁপাত শোভে চম্পকের মালা।
হর শিরে শোভে যেহ্ন কনক মেখলা॥ ২ ॥
শিশত সিন্দূর শোভে উয়ে যেন সূর।
নয়ন দেখিলাঁ খঞ্জন । এ দূর ॥ ৩ ॥
নানা আভরণ রাধা পত্রী সাবধানে।
পসার ঢাকিলাঁ লৈল নেতের বসনে॥ ৪ ॥
আগু বড়ায়ি জাএ পাছে জাএ রাধা।
মথুরাক জাইতেঁ কেহো না কৈল বিরোধা॥ ৫ ॥
কণোদূর গিজাঁ যমুনাত পার হজাঁ।
রন্দাবনের পাশে মিলিলা গিলাঁ॥ ৬ ॥
দেখিল কদম তলে বসে কাহ্নাঞিরাঁ।
ধীরোঁ বড়ায়ি মেলিলী তার ঠাই॥ ৭ ॥

তখন রহিল রাধা বুনদাবন পাশে। বাসলা শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৮॥

ধানুষীরাগঃ॥ যতিঃ॥

আল কাহ্ন আনেক করিআঁ যতনে। রাধারে আণিলোঁ এহা থানে॥ ল ॥ আল কাহ্ন পুরুব যুগতি আনুমানে। আজি রাখ আপণ মানে ॥ ল ॥ ১ ॥ আল কাহ্ন আজি মোর ভৈল শুভ দিনে। তোকা সমে হৈল দরশনে ॥ ঞ্জ ॥ কি কহিব রাধার কথা। কহিতেঁ মনত লাগে বেথা॥ তেহ্ন কৈল তোকা খাঁখার। যেহ লাজ পায়িলে আপার ॥ ২ ॥ কহিলোঁ মো ভোন্ধাতে সরূপ। ঝাঁট কর তার আমুরূপ ॥ জডিআঁ। মদন পাঁচ বাণে। আজি লঅ রাধার পরাণে॥ ৩॥ বাধা যবেঁ বিরভেঁ বিকলী। হআঁ চাহে ভোকা বনমালী॥ তবেঁ বড পাইএ হরিষে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

মমাপি মতমেকান্তং জরতি বছণীরিতং। অধুনা রাধিকামেতং গ্রাতপাদয় মদ্বচং॥

রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥ বোল রাধিকারে বভায়ি আন্ধার বচনে। তাহাক করিল আঙ্গে আনেক যতনে॥ তভোঁ আনুমতা মোক নাঁ দিলেক ভালে। তাহার মণ থীর নহে কোণ কালে॥ ১॥ আতি বড় কৈল রাধা আন্দার গাঁখার। এবেঁ পাঁচ বাণে প্রাণ লইবোঁ ভাহার॥ ধু।। পুরুবেঁ তাহাক আক্ষে পাঠায়িল পান। তাহাক পেলাআঁ মোর কৈল অপমান॥ আন্ধার কারণে তোন্ধা চড়েঁ মারিল। সে কারণে রাধা মোক বড ছখ দিল। ২। আর যত দিল মোরে নানাবিধ গালী। তাহাক সহিল আঙ্গে দেব বনমালী॥ যতন করিজ। আক্ষে কান্ধে আপণার। তার বোল পালিলোঁ বহিলোঁ দধি ভার॥ ৩॥ তাহার কারণে কালীদহে দিলোঁ বাঁপ। সকল লোকের মণে লাগি গেল কাঁপ ॥ ত্রভোঁ না রহিলোঁ বড়ায়ি ভাগার মণে। গাইল বড্য চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

> দাসদরস্থ ৰচসা ভরসা জরভী ভ**ে:।** রাধায়া: সবিধং গড়া নিভভং নিজগাদ তাম্॥ ৩৫

গুজ্জরারাগঃ॥ যতিঃ॥

তোন্ধার চরিতেঁ রাধা পাআঁ আপমাণে। আস্থাল হগাঁ মোক পাঠায়িল কাষ্টে॥ হেন বুয়িল তাত লাগি কইলোঁ যত কাজ। তাক আন করি পড়িলেঁ মুণ্ডে বাজ॥ ১॥ এবেঁ সে জাণিলোঁ ভালেঁ রাধার বেভার। মাতাক জাণাতাঁ। মোর করিল গাঁথার ॥ প্রদা বিপর সহিলোঁ তার গালি বচনে। ভার বহিল আঙ্গে ভাহার করেণে॥ তভোঁ স্থানা ভৈল তাহার মণে। কেমনে ভোষিব আর হেন নারীজনে॥ ২॥ এতেকে লখিলো রাধা কাহ্নাঞির মণে। বড রোষ উপজিল তোক্ষার কারণে॥ সরূপে ফুলের ধনু জুডিল পাঁচ বাবে। হাণিআঁ লৈবেক রাধা তোক্সার পরাণে॥৩॥ পরাণ নাতিনী মোর ধরহ বচন। আপণে আসিআঁ ধর কান্তের চরণ। তবেঁ সে রাখিব কাহ্নাঞিঁ তোক্ষার পরাণে। গাইল বড়্ চণ্ডীদাস বাসলী গণে॥ ।।।

ধানুষীরাগঃ॥ লঘুশেখরঃ॥

কোপা পরতেখ মোর ব্রিদশ ঈশ্বর হর

কেশপাশে নীল বিভ্যমানে। এআ।

সিসের সিন্দূর সূর ললাটে তিলক চাঁদ
নয়নত বসএ মদনে॥ একা॥ ১॥

হুণ বড়ায়ি ল

বোল গিআঁ গোবিন্দক বাতে। এআ।
তীন ভুবন বীর রাখএ যৌবন ধন
কি করিতেঁ পারে জগলাথে। এআ। গ্রুড় ।
নাসা বিনতানন্দন পাওু গণ্ডু পাশে কল্প
বিন্ধ ওষ্ঠ পুপ্প দন্ত সঙ্গে।
কুচযুগ যুধিষ্ঠির বাহু দণ্ড মনোহর
স্থগ্রীব শরীর বসে রঙ্গে। ২ ।
বলি বসে নাভা তলে পুথু নিতন্ম যুগলে
মাঝ দেশে সিংহ বিভ্যমানে।
জঘনে বসে নৃপুরু আতিশয় রুচি গুরু

হাথে ধরী ধনু বাণে কাহ্ন আসু বিজ্ঞানে তভোঁ ভাকে নাহিঁ মোর ডরে। বোল দুভা কাহ্ন পাশে গাইল বড়া চণ্ডাদাসে

দেবী বাসলীর বরে। ৪।।

্র জরতীমুথতঃ পীজা রাধালক্ষরচো হরিঃ। স্বাণং ধল্পরাক্ষ্য গ্রাপ্রয়মুবাচ তাম ॥

কোড়ারাগঃ ॥ ক্রীড়া ॥ লগনী ॥ দওকঃ
রাধা নিতী বিকণসি দধা ।
তোর হৈবে কত না বুধী ॥ ১ ॥
কাহ্নাঞ্রিঁ হওঁ মো গোহ্মাল জাতী ।
মোর বুধী তোর খেউ মতী ॥ ২ ॥

রাধা। মাথাত গুলাল ফুলে। তোর নহে সে লাখেক মূলে॥ ৩॥ বোলসি ভোঁ তুতা বচনে। তাত না লাগে আক্ষার মনে॥ ৪॥ হআঁ তোঁ গোআল ঝি মারী। তোকো এত বড আছিদ্রী॥ ৫॥ নহোঁ কাহ্ন মো আছিদরী। বড় নিলজ তোগে মুরারী ॥ ৬॥ রাধা তোর থীর নহে মণে। তোকে মন্দ বোলোঁ তে কারণে ॥ ৭॥ কংস বড় তুরুবারে। তার ভএ নিবারোঁ তোকারে ॥৮॥ কংস মারিবোঁ পরাণে। ত্তবেঁ সাধিবোঁ আপণ মাণে॥ ৯॥ কালী খাইলেঁ তোকো খারে। আজি বোলসি বামন বীরে॥ ১০॥ খাআঁ পুতনার খীরে। তার পরাণ হরিলোঁ শরীরে॥ ১১॥ বধিলেঁ পূতনা নারী। তোকো তিরীবধিমা মুরারা ॥ ১২ ॥ মারস্তাক যে না মারে। ভার পাণী না লএ পীতরে॥ ১৩॥ তোর মুখ নাহিঁ চাহী। ভোক্ষে আভি পাপিআ কান্সাঞি ॥ ১৪॥ জুড়িআঁ এ পাঁচ বাণে। আজি লইবোঁ তোর পরাণে॥ ১৫॥ তোকো না কর মোর নিরাসে। গাইল বড়্চগুঁদাসে॥ ১৬॥

বেলাবলারাগঃ॥ রূপকং

আর্মার বচন কাহ্নাঞির পরহ মণে। মতি নিবারহ তোকো আশেষ যত্নে॥ আক্ষাক মারিফা ভোগে কথাঁ পাইবেঁ ঠাই। মণত গুণিআঁ চাহ আপণে কাহ্যাঞি ॥ ল ॥ ১ ॥ না যোড না যোড মদন পাঁচ বাণে। আকারণে কাহ্নাঞি মোর লইবেঁ পরাণে ॥ ল ॥ ধ্রু দশ চারি বরিষের হওঁ মো গোহালা। হেন তিরা মারিতেঁ অযোগ বন্মালী ॥ তোগো যবে হাণিবে হান্সাক পাঁচ বাণে। কাটারত ভর করা তেজিবোঁ পরাণে॥ ২ ॥ সবুধ কাহ্ণাঞি তো মোর বোল সুণ। পরার বচনে ভোঁ ধন্ত না দেঁ গুণ।। তোহোর ধনুর বাণে মরণ আক্ষার। এ পুণী কাহ্নাঞিঁ তোর বড়ই গাঁখার॥ ৩॥ দেবাস্থর নর যার নাহিঁ সহে টান। তিরীর উপরে সে যোডে পাঁচ বাণ॥ না জাণিআঁ রুখ বুইলোঁ ভোক্ষার চরণে। পুরিবোঁ ভোকার আশ না জুড়িছ বাণে॥ ৪॥ গরপ্রালী বুটা আছে জোন্ধার পালে। লোক ধরম কাহাতি সব ভোর নাশে॥

আন্ধা মাইলেঁ তোর পাপেঁ নাহিঁক মুকতী। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গতী॥ ৫॥

বসন্তরাগঃ॥ একতালী॥

গুআ পান দিজা দুতী পাঠায়িলোঁ তোরে। বিণি আপরাধে তো মারিলি তাহারে॥ কোণ কাম না ক্যিলোঁ ভোগার আন্তরে। সংসার ভরাযিলি তো আকার গাঁখারে ॥ ১ ॥ মারিবোঁ জুডিআ মদণ পাঁচ বাণে। কংস নরপতি তোর রাখউ পরাণে ॥ প্রান দেব আস্তর যার না সহে টান। হেন বাণে রাধা তোর লইবোঁ পরাণ॥ যদি বা আছএ তোর পরাণের ভএ। শরণ সাম্বাহ তবেঁ বড়ায়ির পাএ ॥ ২ ॥ আনেক কাকুতী করিলোঁ তোহোরে। তভোঁ মোরে আশমান কৈলেঁ বারে বারে॥ এতেকেঁ জাণিলোঁ ভোর থার নহে মণে। এবে মোর হাথে তোর আবসি মরনে ॥ ৩॥ ভোক্ষাক মারিবোঁ আর আইহন বার। আর কংস মারিতেঁ মন কৈলেঁ। থার ॥ তোকার জীবার আর নাহি'ক উপাত্র। বাসলা শিরে বন্দী চণ্ডাদাস গাএ॥ ৪॥

> নিশমা কৃষ্ণবচনং রাধা বন্ধান্তিকং যথৌ। জ্ঞাদ ৮ নিজ্ঞাপ্রায়ণ্যিদং বচঃ॥

বসন্তরগিঃ॥ যতিঃ॥

স্থণ হে বড়ায়ি বোলোঁ তোকার চরণে।

নিষধ কাহ্নাঞিনৈ মোক না জুড়িহে বাণে॥

সব ঠাই তোকো মোর নিস্তার কারণে।

এবেঁ তোত লাগি হএ আক্ষার মরণে॥ ১॥

স্থণ হে বড়াই মোরে দয় ধর মণে।
বারেক কাহ্নাঞিক বুলী রাখহ পরাণে॥ ধ্রু॥
তোকো যে বড়ায়ি হল্ম কাহ্নাঞির দূতা।
বারেক কাহ্নের মোর করাহ পিরিতা॥
এবার রাখহ বড়ায়ি আ্লার পরাণ।
লাখেকের মুদ্টা দিনোঁর হাথ দান॥ ২॥
একে মোরে কঠ কাহ্ন তাহে রোষ তোর।
ততেকেঁ জাণিলোঁ নিস্তার নাহিঁ মোর॥
কোপ ছাড়ী বোল কাহ্নে মোহোর আন্তবে।

যেহ্ন বক্ষা করে মোরে দেব দামোদরে॥ ৩॥

বিপরীতমতির দ্ধা জগাদ হরিমন্তথা। অথ ভদ্দসংপ্রাপা রাধাং প্রাহ হবিঃ পুনঃ॥

আক্ষা মাইলে বড়ায়ি কি পুরিবেঁ কান্সের আশে।

বসন্তরাগঃ॥ একতালী u 🗸

কালী দলিল আগ্নে শলিল শোধিল। কংস মারিবারে আক্নে আবতার কৈল।

আর কভোঁ না লজ্মিবোঁ তোলার বচনে। সে করিছ ভবেঁ যেবা থাকে ভোর মণে॥

वामली भिरत वन्ता शाहल ह धीमारम ॥ ८ ॥

মামা বধ করিবোঁ মো লিখিত করম। তে কারণে গোপকুলে লভিল জরম ॥ ১॥ প্সবিলহে মদন পাঁচ বাণে । কে তোর রাখিবে রাখউ পরাণে ॥ ধ্রু ॥ হের ফুলের ধনু ফুলের পাঁচ বাণ। এহি কলেঁ আজি তোর লইবোঁ পরাণ॥ আঙ্গার গাঁখার কৈলেঁ সব জন থানে। তে কারণে রাধা তোক যোড়েঁ। পাঁচ বাণে॥ ২॥ হেন পাঁচ বাণে কাফ মারে পর তিরী। আকা না চিহ্নসি রাধা বড় আছিদরী॥ পুরুবে দুতী মারিলি কমণ কারণে। এবেঁ তোর ফল হের দেওঁ এহি বাণে॥ ।॥ বাম হাথে ধনুক ডাহিণ হাথে বাণ। রাধার হিআত মাইল স্থদ্ট সন্ধান ॥ পডিলী হালিআঁ রাধা ফুলের শরে। গাইল বড় চণ্ডীদাস বাসলী বরে॥ ৪॥

> অথ রুফাকরারুষ্টশরাসনসমূদ্যতৈঃ। শরৈঃ স্ভিন্নহালয়া রাধাহ জরতীমিদং।।

ভৈরবীরাগঃ॥ যতিঃ॥
এথাঞি রহিজা বড়ায়ি সজাইবোঁ ঘর।
এথাঞি আণায়িবোঁ বড়ায়ি নান্দের স্থাদ্দর॥
এথাঞি তা লয়ি মোঁ করিবোঁ শৃঙ্গার।
সফল করিবোঁ নব যৌবন ভার॥ ১॥

কত সহিবোঁ এ বড়ায়ি ল।
কুস্থমশর বাণ কত সহিব। প্রা।
এথাঞি যমুনা বড়ায়ি এথাঞি বুন্দাবন।
এথাঞি আণাঅ মোর নান্দের নন্দন॥
এথাঞি কাহ্লাঞির মোঁ ধরিবোঁ নিচোলে।
এথাঞি কাহ্লাঞি কৈ দিবোঁ কুচ ভেড়ি কোলে॥ ২॥
এ নব যোবন বড়ায়ি ময়মত করা।
লাজ আঙ্গুলে তাক নিবারিতে নারী॥
তুর্বার মদন শর সহিতে না পারা।
বাহিরে না মারে ভিতরে পুড়া মরা॥ =॥
আন্দেথ বাণের ঘাঅ সহিতে না পারা।
হন পাঁচ বাণে কাহ্লাঞি মারে পর তিরা॥
এহা বুলা মুক্ছা গেলা মন্মথ বাণে।
গাইল বড় চণ্ডাদাস বাসলা গণে। ৪॥

পাহাড়ী সারাগঃ॥ একভালা॥ প্রকায়কং॥ বিচিত্র লগনা॥ দুওকঃ॥

পরিহাসেঁ বুইলোঁ তোকে প্রাণে মার রাধা।
তাতে তোর মণে কেছে নহিল বিরোধা। ১ ॥
মুকছা পড়িলি রাহা দেখিআ বড়ায়ি।
বুলিতে লাগিলা কিছু কাহ্যাঞির ঠাই ॥ ২ ॥
তোর বোলে কৈলোঁ বড়ায় রাধার বিনাশ।
এবেঁ কেছে বোলহ বুয়িলোঁ পরিহাস ॥ ৩ ॥
পুরুব যুগতি যত তোকো আকো কৈল।
তে কারণে বড়ায়ি রাধিকা প্রাণে মায়িল। ৪ ॥

বোল না ধরিল রাধা বুয়িলোঁ। সেই রোবে।
সে বচন কেন্দে তোর মণে পরিহাসে॥৫॥
বিচার না করা কাহ্লা কেন্দে হেন কৈলোঁ।
তিরা বধ পাপোঁ আপণা মজায়িলোঁ॥৬॥
বড়ায়ির বোলোঁ ভয় পাইল দামোদরে।
বুইল বড়ায়ি কর আক্ষার নিস্তারে॥৭॥
বিনয়ে বুইল রাধা বড়ায়ির পাএ॥
বাসলী শিরে বন্দী ৪ খীদাস গাএ॥৮॥

ককৃগুজ্জরীরাগঃ॥ একতালী॥

শতেক আগণ আর মায়িলেঁ গোকুল।
যে পাপ সেহো নহে তিরা বধ তৃল॥
রাধা যেহ্ন সভা তাক জগতেঁ বাখানা।
তেন রাধা মারিলেঁ চাগুল চক্রপাণা॥ ১॥
কাহ্নাঞিই মারে নাহিঁ ছো।
তিরীবধিআ কাহ্নাঞিইঁ ল
কাহ্নাঞিইঁ মোরে নাহি ছো॥
মোরে নাহিঁ ছো কাহ্নাঞি বারাণসি যা।
আঘোর পাপেঁ তোর বেআপিল গা॥ জ্বং॥
তিরী বধ কইলি কাহ্নাঞিইঁ আপণ মণে।
আপ্যাশ থাকিল তোর তীন ভুবনে॥
আপণে গুণিআঁ চাহ স্থানর কাহ্নাঞিইঁ।
কোণ আপরাধেঁ মাইলোঁ চন্দ্রাবলী রাহী॥ ২
একেঁ তিরী বধ আরেঁ রাজা তুরুবার।
আপণ রাখিতেঁ কাহ্ন কর পরকারে॥

রাধাক মারিলে কাহ্নাঞি কাহার বচনে।
এবেঁ ঝাঁট পালাইজাঁ চল রুন্দাবনে। ৩॥
রাধা জিআইবারে কাহ্নাঞি কর পরকার।
তবেঁসি হয়িব কাহ্নাঞি তোন্ধার নিস্তার॥
আন্ধোহো থাকিব কাহ্নাঞি তবেঁ তোর পাশে।
বাসলী শিরে বন্দা গাইল চণ্ডীদাসে ১ ৪॥

রামপিরারাগঃ॥ আঠভালা॥

মো যবে জাণিবোঁ গ্রাধা তেজিব পরাণে। তবেঁ কি থোডেঁ। বভায়ি কলের বাণে॥ সেহো কাম কৈলোঁ বড়ায়ি ভোগার বচনে। এবেঁ দোষ মোকে ভোগে দেহ কি কারণে॥ রাধা জিআইতেঁ মোকে উপায় নাহীঁ। সে কর যেমনে দোষ এডাএ কাঙ্গাঞি ॥ ধ্রু ॥ জগতের ভালী রাধা এখনে মৈলী। দিনে পুনমীর চাঁদ যেক আথ গেলী॥ কনক চম্পক সম ভার দেহ যুতী : মোকৈ তিরা বধ দিও। রাধা গেলা কতা॥ - ॥ রাধা আপরাধ কৈল আক্রার আপার। তাক কেহো নাহিঁ জাণে করম আকারে॥ ফুলের ঘাঞ হৈল রাধার মরণ। স্থুণী তোক কি বুলিবে সব গোপগণ। ৩॥ তিবী কলা পাতি কিবা রাধা নিন্দ জাএ। ফলের ঘাএ কাস্ত্রো মরণ হএ॥ ছাডিলোঁ মো দান ঘাট আর পরিহাসে। তোলহ রাধাকে বডায়ি গাইল চণ্ডীদানে॥ ও ১ সাহেররাগঃ॥ একতালী॥

আছিদর কাহাত্রি পথত কৈলে বলে। আপণার স্তথে বসী কদমের তলে।। পরাণে মারিতা রাধা পাঁচশর বালে। এবেঁ কি বোলহ মো ছাড়িলোঁ সব দানে॥ :॥ কি কৈলা কি কৈলা কাহ্নাঞি রাধাক মারিআ। কথোদিন থাকিলেঁ মো দিতে। য মানার্থা ॥ প্রণ। সব সখিগণ কাঁদে বুলা ত্রিদশের রাম। কি কারণে রাধার হিজাত দিলেঁ ঘাতা॥ তিল এক পাপ কাহ্নাঞি নাচি ক যে বংশে। এবেঁ তিরী বধ তোর সপত পুরুষে॥ ২॥ কেছে তিরী বধ কৈলেঁ নান্দের নন্দনে। সার তোর মুখ না দেখিন কোণ জনে॥ যবেঁ তোকো রাধাক জিআঅ এখনে। তবেঁসি পাপ সাগরে তোক্ষার তরণে ॥ ১॥ দূতীর বচনে রাধার নৈলোঁ পরাণ। হেন মিছা বচন বোলহ কেছে কাছ ॥ রাধাক মাইলেঁ তোক্ষে আপণ্যে স্থায়ে। আক্ষার মনত দিলেঁ আতি বড ছখে॥ ১॥ এবেঁ যাত্র না কর রাধার জীবনে। তাবত বান্ধিআঁ তোকে রাখিলোঁ মো কাষ্টে॥ শতেক ব্রহ্মবধ নহে যার ভূলে। হেন তিরী বধ কাহ্নাঞি সঙ্গে তোর বুলে॥ ৫॥ আর তোক কিবা কাহ্ণাঞি বুলিব বচনে। রাজা কংস জাণিলে হারায়িবি জাবনে ॥

বান্ধিল কাহ্নাঞিকৈ বুঢ়া এহি বচনে। গাইল বড়ু চঙীদাস বাসলী গণে॥ ৬॥

পাহাড়ী আরাগঃ ॥ লঘুশেখরঃ ॥ হরিতালী চন্দ্র দেখিলোঁ ভাত্র মাসে। হাথ ভরিলোঁ কিবা পুরিণ কলসে॥ ভূমিত আখর কিবা লিখিলোঁ জলে। মিছা দোষে বন্ধন আক্ষার ভার ফলে॥ ১॥ বডায়ি মোর লাভে বন্ধন সার। আছুক লাভ মোর মূলত আফার॥ প্র ॥ না পাইল চম কোল না পাইল শুঙ্গার। রাধার কারণে ভৈল এতেক থাঁথার ॥ স্থূপিত্র। বা কি বুলিব মোরে সব জনে। আজি আঙ্গো গোকুলক জাইব কেন মনে॥২॥ তোঞ বুয়িলা বড়ায়ি রাধা মোরে দিল গালী। তে কারণে পরাণে মহিলোঁ চন্দ্রবিলী ॥ ত্রিদশের আধিপতী নামে শ্রীকাহ্ন। তোকাত লাগিফাঁ সহে এত আপমান॥ ৩॥ যে বচন বোলোঁ মোঞ তাত নাহিঁ বাধা। জিআইআঁ দিবোঁ মো চন্দ্রাবলী রাধ: ॥ বন্ধন ঘুচাহ জুনি দেখে দেবগণে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ 🛪 ॥

পাহা ছাআরাগঃ॥ একতালী॥ দণ্ডকঃ॥
ঘুচাইল বন্ধন তোর স্থন বনমালী।
বাঁটি করী জিআঅ গোআলী চন্দ্রাবলী॥ ১॥

যাবত আইংন বার এহা নাহি শুনে।
তাবত উপায় কর রাধার জাবনে ॥ ২ ॥
বিহাণ আইলাহোঁ হৈল চুমজ পহর।
সে কর যেমনে রাধা জিআঁ জাএ ঘর॥ ৩॥
মণের সন্তাপেঁ তোক বুলিলোঁ বচনে।
তাক না চিন্তিলোঁ মাইলোঁ রাধাক পরাণে ॥ ৪॥
আছিদর কাহাঞিঁ তিরাক প্রাণে মাইলোঁ।
সকল সংসার জুড়া কলক্ষ রাখিলোঁ॥ ৫॥
ছুক্রবার কংস নরপতি আছে পাটে।
তাক না মানি হেন কাম কৈলোঁ বাটে॥ ৬॥
যত আপরাধ তোর কৈল চন্দ্রাবলী।
সব মর্ঘিআঁ তাক জিঅ বন্নালা॥ ৭॥
সহজেঁ হৈব তোর চন্দ্রাবলী বসে।
জিআ্রাঅ রাধাক গাইল চণ্ডীদাসে॥ ৮॥

হতাং কুসুমবাণেন রাধিকাং রসসাধিকাং। বিলোক্য পুরতঃ ক্লফো বিল্লাপ নির্ভরং॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥
দূতীর বচন ফলে মারিলোঁ তোক্ষারে।
কিসক তিরী বধ তোঁ দিলি আক্ষারে॥
মাএর আগে কৈলি আক্ষার থাঁথার।
সব মর্ষিল রাধা জিঅ একবার॥ ১॥
মাহানিন্দ যাসি কেন্ডে স্থণ হে গোআলী।
চিআইআঁ সমতী দেহ রাধা চন্দ্রাবলী॥ গ্রহ॥

বারেক স্থন্দরি রাধা স্থণ মোর বোল।
মনতী করিতাঁ বোলোঁ গাঅখানী তোল ॥
ছাড়িলোঁ মো মাহাদাণ তেজিলোঁ মো বাটে।
উঠ দধি বিচ নিআঁ মথুরার হাটে ॥ ২ ॥
কিবা না করিল আম্মে তোলার আন্তরে।
আলাক হেলিলোঁ তোলো সব পরকারে॥
উপজিল রোষ মোক মাইলোঁ ফুল বাণে।
মো কেন্সে জাণিবোঁ রাধা তেজিবোঁ পরাণে॥ ৩ ॥
মুখ তুলী চাহ মোর পালাউক পাপ।
আজার খণ্ডুক মোর বিরহ সন্তাপ॥
আলার জীবন রহে তোলার জীবনে।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলাঁ গণে॥ ৪ ॥

আহেররাগঃ॥ একতালী॥
কাছের কলসা রাধা পাণি তোলসি ল
পএর বাজে তোর নৃপুর।
বঙনে জড়িত তোর চুঈ বারু শঙ্কা ল
শিশে তোর শোভএ সিন্দূর॥১॥
আল বালী হরি হরি ষে
কেমণে মৈলিসি গোআলী॥ ধ্রং॥
পাট পরিধান তোর নেতের ফাঁচল ল
মাণিকেঁ গঞ্চিল ছঈ পাশে।
বারেক জিঅ রাধা রতি ভুঞ্জ স্থুখে ল
পাছে তোক নিবোঁক বিলাসে॥২॥
মো কেছে জাণিবোঁ রাধা তোক্ষে মরিবেঁ ল
ভবেঁ কি মো হাণে পাঁচ বাণে।

উঠ উঠ আল রাধা দধি বিকে জাতা ল আন্দে তোর ছাড়িল দানে। ৩॥ শচ্চ গদা করে গরুড় বাহন ল আন্দে দেব সারস্বধরে। কাহ্নের বিলাপ বড়ু চণ্ডাদাস গাএ ল পার্মা দেবী বাসলীর বরে॥৪॥

বেলাবলারাগঃ॥ একভালী॥

বারেক জিম তোঁ গোমানী। রাধা ল। जात ना वृतित्याँ शमानी ॥ এবার মুখের পেলা কালা। রাধা ল। পরিহার বোলে বন্মালা ॥ ১ ॥ কাছেরে তিরীবধ দিখা। রাধা ল। কোণ পুরী জাইবেঁ পালাইআঁ। ধ্রু॥ मर्ट (भारती (म करतात नान। যে বাণে তেজিলি ভোঁ পরাণ॥ বারেক রাখহ মোর মান। হয়ি এ আন্দে তোর প্রিয় কাহ্ন॥ ২॥ হের মোঁ করিলোঁ যোড়হাথে। এবেঁ মোরে তুলী চাহ মাথে॥ উঠা কর সময় বাত। বিকল না কর জগরাথ ॥ ৩ ॥ আক্ষে বার ভুবনে বিশাল। গোকুলত বাল গোপাল॥ উঠী বৈশ আন্দার পাশে। শাইল বড় চণ্ডীদাদে ॥ ৪ ॥ 🦠 🚟 🐣 সিকোড়ারাগঃ॥ রূপকং॥

পুনমার চান্দ তোকার বদন ঘুসিএ জগত জনেল। বালি । ত্রিদশ ঈশ্বর করায়িলেঁ ভারী সাধিলেঁ আপন মানে ল॥ ১॥ বালী জাগতে জাগতে স্থান বাবে মুখ তুলী চাত মোৱে ল। ক। মুখ তুলী আন্ধাননে না দেখিনেঁ ट्ट**नँ त्या ग**तिरतै। श्वार्थ । गाउँदाँ। नातापमा किना शालानती করিবোঁ তমু তেখাগে॥ ২॥ সাগর সঙ্গমে শরীর তেজাগিবেঁ। রাধে ভোলারে করিণে ল। তোর তুখ দেগি স্তন্দরি রাধে ল ধরিতেঁ না পারেঁ৷ পরাণে ১৩ ॥ আনল শরণ কিবা করিবোঁ यि न। पित्वं वहरा । গাইল বড়ু চণ্ডীলাস শিরে বন্দি গাঁ तिती वामली **हत्या। ह**॥

রাম্থিরীরাগঃ ॥ আঠতালা ॥

কুন্ধ পরশিল করে শরীর রাধার। বিহঙ্গি আফট ধাতু আয়িল ভাহার॥ ধেসান করিফাঁ করেঁ ঝাড়ে বনমালী। ধীরেঁ ধীরে গাঅখানী তোলে চন্দ্রাবলী॥ ১॥ মরিআঁ জিলা রাধা-গোকুল সমাজে।
তিরী বধে উদ্ধার পাইল দেবরাজে॥ গ্রহ।
তালের বিণিএই রাধাক বিচি কাছে।
নির্মাল যমুনা জল করায়িল পান॥
জিলা উঠিলা রাধা পরম হার্মে।
সাগচন হুলাছলী পাড়ে চৌদিশে॥ ২॥
রাধা বম করি কাছে গেল। বুন্দাবনে।
তার পাছে গেলা রাধা বিকলা মদনে॥
বুন্দাবনে ভ্রমর কোকিল কাঢ়ে রাএ।
বিক্ষিত কুসুম্ দক্ষিণ বহে বাএ॥ হ॥
আচন্দিত লুকাইলা কাছাএই বুন্দাবনে।
নব কিশ্লয়গণে রচিলা শ্রনে॥
তার মানে বিস্টা পাকিলা নারায়ণে।
গাইল বড়ু চণ্ডাদাম বাসলা গণে॥ ৪॥

পঠমঞ্জরারাগঃ॥ জীড়া॥

রাধাক মারিকাঁ পুণী জিলাইল কাছে।
কৌতুক মণে কাহ্ন লুকায়িলা বনে।
বড়ায়ি লইকাঁ তাক চাহে বৃন্দাবনে।
রাধা হেন বুলিকাঁ বচনে। : ॥
এগাঁ ছিলা কাহ্ন কগাঁ গেলা এখনে।
সরূপোঁ কহিকাঁ বড়ায়ি রাগ পরাণে। ধ্রু।
থানে থানে বন বিচারিকাঁ। বড়ায়ি।
কুঞ্জের মাঝে দেখিল কাহ্যাঞিই।
কাহ্নের থানত রাধা চন্দ্রাবলী রাণী।
বড়ায়িক বুইল হেন মধুরস বাণী॥ ২॥

কাহ্নাঞ্জি কিছু তোর দয়া নাহিঁ মণে। নাগরা রাধাক এবেঁ তেজসি কেছে। ধ্রু। রাধা মাধব তুঈ করি এক ঠাই। আতি দুর গিখাঁ রহিলা বড়ায়ি॥ কাঞ্চ রূপ্রতা রাধা দেখি নিজ পাশে। কাহের মনত উপজিল রসে॥ ৩॥ হরি দৃঢ় আলিঙ্গন রাধার দেহা। যেহ্ন নিক্ষত শোভে কনক রেহা॥ ধ্রু॥ চম্বন করিতেঁ দল্ত দিল থানে থানে। খন তন জখনে কৈল নখ দানে।। রাধার স্থূণিক্ষা কাফ কণ্ঠ কৃজনে। বিগুণ মদন বেগেঁ করে নিধুবনে॥ ৪॥ রাধার আধর মধু তারপিলঃ কাচ্ছে। চান্দের পীয়ুষ ধারা রাজঞ্ যেছে। ধ্রা কাহ্ন করে আতি গবেঁ গাট স্থরতী। রাধাঞ করিল তবেঁ বড়ঈ কাকুতী। এড় এড কুফ হল খাণিএক তোকো থার। আতিশয় বেগে পাছে বক লএ চার॥ ৫॥ সহজে স্থাতী ভুঞ্জ দেব গদাধর। নিশাশ এড়িতেঁ মোকে দেহ অবসর। ধ্রা। আঙ্গে পাতলী রাধা উন্নত যৌবনে। গাঢ় রমিল কাফে মরদিভাঁ ওনে॥ ৰূপট কোপ করী রাধা নাগরী গোহ্মালী। বলে উঠিগাঁ উপরেঁ তলে কৈল হরী ॥ ৬ ॥

^{&#}x27;তারপিল' কাটিয়া 'তাণিল' করা আছে।

উপরে নাগরা রাধা তলে নান্দোবালা। মেঘত উপরে যেক শোভে শশিকলা॥ প্র শেষ্ঠ রতি পরকার করিল কাছে। রাধাঞ করিল এবেঁ তেনে চুগুণে॥ কাছের উপরে গোড়ে স্তব্দরা গোমানা। नोल (गए। (गरू भए এ तिकुली ॥ ५॥ চঞল নৃপুর ঘন কিন্ধিণা বাজে। মনমথ বসে রাধা তেজিল লাজে॥ প্রত্যা স্থুরত স্থাথে কাহ্ন মুকুলিত নয়নে। তখণে তোষিল রাধা মাধ্রের মনে॥ আতি চিত্র বসন পহিজা বন্যালী। খাণিএক কাছের বুকত স্তৃতিলী। ৮॥ নিচলে রহিলা রাধা স্তরতি আয়াদে। শক্তের ধনু বেজ উহিল আকাশে॥ প্রা॥ হেন সভেদে আসিখা বড়ায়ি। বুইল রাধাকে তেজহ কাহ্নাঞি ॥ সত্তে রাধা লইজা যাইউ ঘর। গাইল বড় চণ্ডীদাস বাসলী বর ॥ ৯॥ তথনে রাধাক দিল মেলানী। নাচিতেঁ গাইতেঁ বুলে চক্রপাণী॥ প্রা

ইতি বালখণ্ডঃ সমাপ্তঃ॥

তাথ বংশীখণ্ডঃ

জন্দস্পরে রাধ ভিলং প্রাণ্ডুর্জদৃক্। জংলসাকুলভারজ্ঞাং জরতী সহিতা থয়ে॥

পাহাডীমারাগঃ॥ একভালী॥ দওকঃ॥ বছায়ি লয়ি ছা রাহা গেলা সেই থানে। স্থিস্বে বইল রাধা লডিউ সিন'নে ॥ ১॥ ষোল শত গোপী গেলা যমুনার ঘাটে। া দেখিল। কাজাতিওঁ পাতিল নাটে॥২॥ খনে করতাল খনে বাজাত মূলস। তা দেখি রাধিকার স্থিগণে রঙ্গ। ৩॥ আর যত বাদ্যেণ আছের কাফাতির। পতিদিনে নানা ছান্দে বাএ সেহি ঠাই॥ ৪॥ তা দেখিআঁ না ভুলিলা আইহনের রাণী। সজি কাহাত্রি তবেঁ মোহন বাঁশী॥ ৫॥ সাত গুটি বিদ্ধ ভাত করি আমুপাম। ञ्चवरक्षत्र मार्ची दितात वाकिल काम 🕸 ६॥ হরিয়ে পুরিগা কাফাঞি ভাহাত ওঁকার। नी भीत भवरमें भारत जग स्माविनात ॥ १॥ यग्रात घार्षे जामा नामि छनी। कत नहीं पत आधिनी आईएमत तानी ॥৮॥

বুন্দাবনে বাঁণী বাএ নান্দের নন্দন। গাইল বড় চঙাদাস বাসলী গণ॥ ৯

নিপীয় বংশনিনাদং র|ধা কংসভয়াভুৱা। বেদিভুম্বাদকত্ততা জগ্ৰাদ জরতীমিদং॥

(कार्मा इत्रांशिश्वा क्रिशकश्वा কে না বাঁশী বা এ বড়ায়ি কালিনী নই কলে কে না বাঁশী বাত্র বছায়ি এ গোঠ গোকুলে আকল শ্রার মোর বেআকুল মন। বাঁশীর শবদে মো অভিলাইলোঁ রান্ধন॥ ১॥ কে না বাঁশী বাত বড়ায়ি সে না কোন জনা, দাসী হুআঁ তার পাএ নিশিবোঁ আপনা॥ প্র কে না বাঁশী বাএ বড়ায়ি চিত্তের হরিষে। তার পাএ বড়ায়ি মোঁ কৈলোঁ কোণ দোষে। আবার বারএ মোর নয়নের পাণী। বাঁশীর শ্বদে বড়ায়ি হারায়িলো প্রাণী। ২। আকুল করিতেঁ কিবা আক্ষার মন। বাজাএ স্থুসর বাঁশী নান্দের নন্দন॥ পাখি নহোঁ তার ঠাই উটা পড়ি জাওঁ। মেদনী বিদার দেউ প্রিমা লকাওঁ॥৩॥ বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জাণী। মোর মন পোড়ে যেহ কুন্তারের পণী। আন্তর স্থাএ মোর কাহ্ন আভিলাসে। বাসলী শিরে বন্দী গাইল চঞ্চীদাসে॥ ৪॥

নিশ্ম্য ক্লফাব্চনং অঞ্জরতুরাতুরা। যমুনাতীর্মাগত্য রাধাহ জ্বতীমিদং॥

শীরাগঃ॥ ক্রীডা॥

স্থসর বাঁশীর নাদ সুণী আইলোঁ ' মো ব্যুম্ব ভারে। করে ধরিওঁ৷ শেভিন কল্মা পরিলো মমনা নীরে॥ বভায়ি ল। বঁশীর নাদ मा अंगी शहन কাজ গেলা কিবা দরে। ভৈল এর্নে প্রাণ বেহাকল किमा जाशित्वा घरत ॥ ১ ॥ ব দায়ি ল। ভোক্তে কি দেখিলে জায়িতে পথে। কাল কাফাগ্রিঃ চাঁচর কেশে কুতুম শোভিত মাথে ॥ গ্রা
॥ আহোনিশি মো আন না জাণো এত দুখ কহিলোঁ কাএ। চিত্ত বেসাকল কাঞ্চের ভাবেঁ লাজে মোঁ না কান্দো রাত্র॥ যমুনা তীরে কদমের তলে কাহ্ন মোরে দিলে কোলে। তাহা স্মৃতিরিয়া বিকলী ভৈলোঁ কাক্য বিসরিল ভোলে॥ ২॥

চারি দিগেঁ তরু পুষ্প মুকুলিল বহে বসন্তের বাএ। কু য়িলী কু হলে **সাম্ব** ডালে বসা लार्श निय वांग शां ।।। ভেদ না জাণো ঢান্দ প্রক্রের চন্দন শরার তা এ। কাহ্ন বিণি সোর এবেঁ এক খন এক ক্লাযুগ ভার ॥ ৩॥ বাঁশীর শবদে প্রাণ হরিগা কাক গোলা কোণ দিশে। তা বিণি সকল আগুর দহে

যেন বেহাপিল বাঁধে॥ এবেঁ হাণিজী দেহ নাজেন নালন পুরত হাসারি হাশে।

বাসলী চরণ শিরে বন্দিখা গাইল (বড়ু) চণ্ডীদাসে॥ s ॥

শ্রীরাগঃ॥ যতিঃ॥

এবে বড় নয়নে মো না দেখেঁ। স্থানরী।
কথাঁ গেলেঁ পায়িব আন্ধ্য শ্রীকৃষ্ণ হরী ॥
হেনক উপায় মোক বোল চক্রাবলী।
তবেঁ মো তোলাক আণি দিবোঁ বনমালী ॥ ১॥
যত কিছু বুয়িলোঁ মোর পরাণ নাতিনী।
বড় ছুখ উপজিল মণে তাক স্থানী। গ্রা
যমুনা নদীতে মো কেমনে হৈবোঁ পার।
ঘড়িআল কুন্তীর তাহাত আপার॥

শকতিএই পার হয়িলা চন্দাবলী রাণী।
তথাঁ বা কেমনে পায়িব দেব চক্রপাণী॥২॥
সেহি বৃন্দাবন মাহা ঘোর ভয়স্কর।
বাঘ ভালুক তাএ বসে বিগর॥
তাহার আগত রাধা এড়ায়ি কেমনে।
হেনক উপায় তোগে কহ মোর গানে॥৩॥
ভরিল যমুনাত তোগা কৈল পার।
তোগা হেতু কালে বহিল দিব ভার॥
তেগো তোর ভাল মতেঁনা পুরিল আশ।
বাসলী শিরে বন্দা গাইল চণ্ডাদাস॥৪॥

दका इति १३॥ ति शक्

আইস ল বড়ায়ি মোর রাখহ পরাণ।
সহিতেঁ না পারোঁ মদন পাঁচ বাণ॥
সরস বসন্ত ঋতু কোকিল রাত্র।
আধিক বিরহ শিথে জদত জলত ॥ ২॥
কি বুধি করিবোঁ বড়ায়ি বোলহ এখন।
যে বুধি করিবোঁ বড়ায়ি বোলহ এখন।
যে বুধি করিলোঁ রহে আক্ষার জীবন॥ ক
কৈ বোলে চন্দন চাঁদ আতি স্তশীতল।
আক্ষার মনত ভাত যেহেন গরল॥
নব কিশলয় ভৈল দহন সমান।
যাহত উপরে ঘাতা বাঁশার সান॥ ২॥
নানা তরু লতা বন ঘোর আন্দকার।
বুন্দাবন চল বঙায়ি তিভুবনে সার॥
ধরণ না জাত্র বড়ায়ি আক্ষার যৌবন।
প্রাণ রাখ আণি দেহ নান্দের নন্দন॥ ৩॥

আক্ষার বচন শুণ ভোক্ষে বড়ি মা।
না জাণ কেমণ করে আক্ষার গা॥
বিণি কাহ্নে চঞ্চল আক্ষার জীবন।
গাইল বড়, চঞ্চীদাস বাসলী গণ॥ ৪

রামগিরীকাগঃ॥ যতিঃ॥

ভাষাত্ শ্রাবণ মাদে মেল বের বরিষে বেহু বরর এ নয়নের পাণ্ম।

আল বভায়ি।

সংপুটে প্রণাম করি বুইলো সব স্থিজনে কেছো নালে কাফাঞিংকে আণা॥ ১ ॥ আল বড়ায়ি ঢাহা ঢাহা।

কোণ দিগেঁ মৌহারী বাজে ॥ ধ্রু ॥ রূপস দেখিএ যথাঁ নানা ফুল ফল গড়।

সেই সে কাহ্নাঞিঁর দেশ।

নান্দের নন্দন কাহ্ন

সোঁঅরিতেঁ পাঞ্জর শেষ॥ ২॥

কাহ্নাঞি বিহাণে মোর সকল সংসার ভিল

দশ দিগ লাগে মোর শূন।

আঞ্চলের সোনা মোর কে না হরি লভাঁ৷ গেল কিবা তার কৈলোঁ সগুণ॥)৩॥

ভোক্ষার আগত সত্তো বুয়িলোঁ বড়ায়ি

তোর বোল না করিবোঁ আনে।

আণিআঁ কাহ্ণাঞি দেহ বড়ু চণ্ডীদাস গাঞ বন্দিআঁ বাস্লী চরণে ॥ ৪ ॥

গুজ্জরারাগঃ॥ যতিঃ॥ 💉

উত্তম গোহ্মাল কুলে হ্যাক্ষার জর্ম। তোকাকে জুগত নহে এ সব করম। তুচারিণী যার মা তার হেন গতা। সেদি পর পুরুষের বাঞ্জ এ স্থরতী॥ ১॥ স্থাহ নাতিনা তোক কিছু নাহিঁ বুধী। কথাঁ গিলাঁ পাইব আলে কাহনঞিঁৰ স্থা। ধা। এ সব কামত যেবা উপসন্ন হএ। পাপ বেঅাপিত সে ধরম করে খএ॥ আপণা চিহ্নিতাঁ থাক আইহনের রাণী। লোকেঁ জণি স্তাপে তোর এ সব কাহিণী॥ ২॥ শিক্ষ হয়িতে জাণো তোর মাএর চরাত। তার ঝিউ হুলাঁ তোর কেন্সে হেন চীত ॥ পুরুবে যে কাজ হৈল সে ভৈল গুপতে। এবেঁ ভোর মন তাক বেকত করিতেঁ। ৩ ॥ স্থাহ স্থাদরি ভোগে আইহনের দাসী। এ সব করমে কেহে ভয় না বাগদী॥ তেন কাম করিলে নাসিবোঁ তোর পাশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদামে॥ ৪ ॥

রামগিরীরাগঃ॥ রূপকং॥

মো জে সথি সব সঙ্গে করিবোঁ।

মাহলী মালতী ফুল গাথিবোঁ।

দুকা তোক লয়িজা কাছের মুখ্ন দেখিবোঁ।

খাট পালক্ষি গঢ়ায়িনোঁ। আল স্থাবন্ধে মচায়িবোঁ। কাকাত্রিঁ লইআঁ রতিএই পোহাইবোঁ॥ ্রবে শুণিখা বাঁশীর ধনী। ভাল মরিনো ভালী আঞ্গী। কান্ত্রে সকল দোষ খণ্ডিরো আপুণী॥ ১॥ ভোৱে মোনা এড়িলো দুভী ল। বোলহ কাছেরে রাধাক দেউ সমতা ল।। ধ্রু মো জে স্থি স্ব স্ঞে করিবোঁ। মাহলী মালতী ফুল গাথিলো। দুতা তোক লয়িখা কাহ্নের মুখ দেখিনোঁ॥ মো জে কস্তুরী কপুর খাইবোঁ। কিশল্য শ্যন বিছাইবেঁ।। কাহ্ন জালিজিফাঁ সকল দেহ জুড়ায়িলোঁ॥ ২ ভার বাঁশীর শবদ শুণা। পরাণ জাত মোর গুণী। স্থা ভোঁ দতা আৰি দেক চক্ৰপাণা॥ (भरवंद वंद्र निम् भी भी। এখনে তবে পাখি হওঁ। আপণে উড়িজাঁ কাফের ঠায়ি জাও ॥ ৩॥ त्म त्गाविन्म त्गाभ नन्मत्न। মোর কুচ্যুগের চন্দ্রে। সব স্থি লুজা তার করিবেঁ। বন্দনে ॥ আন বড়ায়ি কাহ্ন গোর থানে। সঙ্গে জাইউ বুন্দাবনে। সাইল বড় চণ্ডীদাস বাসদী গংগ ॥ ৪ ॥

ধানুষা রাগঃ ॥ একতালী॥

তাল রাধা। কিসক মরিতেঁ চাহ ভা**লে**। চাহিতাঁ কাহাতিওঁ আণি দিব আন্দো। ল।। বুঝাইজা বুলিবোঁ ভারে বাণী। থৈক সে আইসে চক্রপাণী।। ল।। :॥ ञाल तीक्षा। বুন্দাবনে কাহ্নাঞি আণিবোঁ। তোর সঙ্গে স্তরতী করায়িবোঁ। ল। প্রা যত ছুখ দেখিলোঁ ভোকারে। একে একে কহিনো কাছেরে। আবসি সোমরি ভোর নেহে। কাহ্নাঞি আসিব কুঞ্জ গেহে॥২॥ যত কিছু বসে ভোৱ মণে। নিবেদি কাফের থানে॥ তবেঁ ভোক না ছাডিব কাঞে; • সরূপে বইলো ভোর থানে॥ ৩॥ হেন বেলে মাঝ বুন্দাবনে। কাহণ্ডিঃ বাঁশীত দিল সানে।

বংশীনিনাদ্ভরতা ভরতাঞ্চলচেন। জ্ঞাদ ক্রচিরং রাধা ভারতীং জ্রভীং প্রতি

সুণী রাধা পাইল হরিয়ে।

গাইল বড় চণ্ডাদাদে॥ ৪॥

দেশরাগঃ॥ ক্রাড়া॥ লগনা॥ দওকঃ॥

হাথে ভাও মাথে করী চ.নদ
চন্দন চর্চিত গাএ।
যমুনার হারে কদমের তল্পে
কেনা বাঁণী বোলাএ॥১॥

রাধা

বড়ায়ি।

পাএ মগর খাড়ু হাথে বলরা মাথে ঘোড়াচুলা। ধুলাএ ধুসর নীল কলেবর সেই সে নান্দের বালা॥২॥

ভোর সজে বড়ায়ি মথুরাক জাইএ ভোর সজে নিতি সাসী। গোকুলত থাকে বাছাক রাখে

বথা পাইলে হেন বাঁশী ॥৩॥ রাধা ভোঞাঁ মুগধী (আবালী) গোজালী

না জাণ কাহ্নের শুধী। তোহোর সাস্তরে চতুর কাহণঞি পাতএ আশেষ বুধী॥ ৪॥

আতি মনোহর বাজাএ স্থসর
স্থণিআঁ পরাণ জাএ।
কিরূপ বাঁশী বোল বড়ায়ি
কেমণে তাক বাজাএ॥ ৫॥

বাঁশীর বিন্দ্ত মুখ সংযোজি গাঁ সপ্ত সর বাজাএ। নাগর শেখর নান্দের স্থাদর বড় চণ্ডীদাস গাঁএ॥ ৬॥

এতাং শ্রন্থা রূপসরোহংসী বংশীকথামথ। জ্ঞাদ রাধা মধুধাং ভারতীং জ্বতীং প্রতি

কেড়োরাগঃ ॥ লঘুশেখরঃ॥ 💛

ঘুরেত বাহির হই হাঁ নাগর কাহ্নাঞি কোণ দিগেঁ সার ণীসারে। বাঁশীর শবদেঁ চিত্ত বেহাকুল বড়ায়ি জাইবোঁ তার আনুসারে॥ ১॥ ছ্রখ বাঁশীর শবদেঁ গো বডায়ি। যোলে ঘরত মাগানি না বুলে॥ প্রনা স্থন্দর কাহ্নাঞি বুন্দাবন পদিজা বাঁশী বাএ স্থললিত ছান্দে। সব তে কাগিবোঁ হার কঙ্গন বডায়ি সুণী তাক বুক কেবা বান্ধে॥ >॥ চলি জাইতেঁ চাহোঁ বড়ায়ি পাস নাহিঁ চলে হারায়িলোঁ স্থিজন সঙ্গে। এবেঁ বাঁশী নাদ স্থাী দেহ কাহ্ন আণী গাইল চণ্ডীদাস বাসলী চরণে॥ ৩॥

রাপয়া প্রেরিতা বৃদ্ধা হরেরবেষণং প্রতি। ইদং জ্বাদ বচনং রাধিকামাধিকাত্রা॥

গুজ্জরীরাগঃ॥ রূপকং॥
খনে বদী গাকে কাজাঞি যুমনার তাঁরে।
গোগুআ খেলাএ খনে গোকুল ভিতরে॥ ১
কথাঁ গিজাঁ চন্দাবলা চাহিব কাজাঞি।
সরূপ করিলা বোল আলার ঠাই॥ জ ॥
খণে বুন্দাবনে খনে বাঁশী বোলায়িতেঁ।
নিশ্চল বোলহ লাগ পাইব কেন মতেঁ॥ ২
তাহার উদ্দেশে কত বেড়ায়িব আলো।
বুঢ়া মানুষক দয়া না করহ তোকো॥ ৩॥
কাকুতা করিজাঁ বোলোঁ খেনা কর মনে।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলী গণে॥ ৪॥

রামগিরীরাগঃ॥ সাঠতালা॥
কাল কোকিল রএ কাল বুন্দাবনে।
এবেঁ কাল হৈল মোকে নান্দের নন্দনে
প্রাণ সাকুল ভৈল বাঁশীর নাদে।
এবেঁ সাসিমা কাফাঞি দরশন নাদে।
আনা উপেথিতা গেলা নান্দের নন্দন।
তাহাত মজিল চিত না জাএ ধরণ ॥ প্রত্যাগর চন্দনে বড়ায় শরীর লেপিফাঁ।
কলি কৈল যেই বুন্দাবনত পসিফাঁ॥
নাগর কাফাঞি দল বড়ায়ি সেই বুন্দাবনে॥
এবেঁ লুমা চল বড়ায়ি সেই বুন্দাবনে॥

বড়ার বোহারী আক্ষে বড়ার ঝী।
কাহ্ন বিণি মোর রূপ যোবনে কা॥
(এরূপ যোবন লাজা কথাঁ মোএ জাওঁ।
কোনী বিদার দেউ পদিআঁ লুকাওঁ॥ ০॥
মনদ পবন বহে কালিনী নই তীরে।
কাহ্নাঞি সোঁঅরী মোর চিত নহে থারে॥)
এবে আকুল কৈলে মোরে নান্দের নন্দনে।
গাইল বড় চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

মালবরাগঃ ॥ রূপকং ॥

যবেঁ আকা দিআঁ কাহ্নাঞি পাঠায়িলে তাম্বল। তখন কি বুঝিফাঁ না কৈলেঁ আণুকুল ॥ ১॥ পুনরপি কান্ধে বহিলেঁ দধি ভার। তবেঁ কেছে না পালিলে বচন তাহার॥ ২॥ যখন শরত রোদে ধরিলেক ছাতী। তখন বোলায়িলেঁ রাধা আপণাক সতী॥ ৩॥ তোক্সা সমে করিব যমুনা জলে কেলী। হেন বুঝী কালীয় দলিল বনমালী॥ ৪॥ নানা ফুল আরোপিল নির্দ্মিল বুন্দাবন। তোক্ষার বিলাস হেতু নান্দের নন্দন॥ ৫॥ তোন্সাত লাগিআঁ এত কৈল দামোদরে। তভোঁ তাক দোয দেসি তোঞ বারে বারে॥ ৬॥ এখন বোলহ রাধা আক্ষার মরন। এবে কথা পাইব আন্দোনান্দের নন্দন ॥ १॥ মোর বোল শুন রাহী ছাড তার আশ। বাসলা শিরে বন্দী গাইল চণ্ডীদাস ॥ ৮ ॥

কোড়ারাগঃ ॥ একতালী **॥**

W

স্থসর বাঁশীর নাদ শুণিআঁ বড়ায়ি त्राक्रित्नां (य स्नुनश् काश्नि) । আম্বল ব্যপ্তনে মো বেশোআর দিলোঁ সাকে দিলেঁ। কানাসোগাঁ পাণা ॥ ১ ॥ রান্ধনের জুভী হারায়িলোঁ বড়ায়ি। স্ত্রিণ বাঁশীর নাদে ॥ প্র ॥ নালের নাকন কাহ্ন আডবাঁশী বাএ বেন রএ পাঞ্জরের শুহা। তা স্থূপিআ স্থৃতে মো পরলা বুলিআঁ ভাজিলোঁ এ কাঁচা গুলা॥ ২॥ ্সেইত বাঁশীর নাদ স্থণিআঁ বড়ায়ি চিত্ত মোর ভৈল আকল। ছোলঙ্গ চিপিফাঁ। নিমঝোলে খেপিলোঁ। বিণি জলে চড়াইলোঁ চাউল ॥ ৩ ॥ যমনার তীরে কলম তরু তলে তহি বসি কাহ্ন বাএ বাঁশে। তাক আণিখাঁ বড়ায়ি রাখহ পরাণ গাইল বড়ু চণ্ডীদাদে॥ ৪॥

গুড়্জরীরাগঃ ॥ রূপকং॥

আজি ভাল না শুনো মো তোক্ষার বচন। আপণার গুণ কহ আউলাআঁ রান্ধন॥ ১॥ আপণার স্থথে কাহাঞি ভ্রমে রুন্দাবনে। লাভ না বাস বুলিতেঁহেন বচনে॥ গ্রু॥ তাহাক আণিতেঁ তোক্ষে নাম্বায়িলেঁ আঘলে। ছোলঙ্গ চিপিতাঁ রস দিলেঁ নিমঝোলে॥২॥ চল চাহা গিতাঁ রাধা বৃন্দাবন পাশে। তথাঁ কাহাঞিঁ (বসে) গাইল চঞীদাসে॥৩॥

নিধায় কলসং কুফো বৃদ্ধা সহ রাধিকা।
 জগায় য়য়ৢন ৳ রাং কুষ্ণ য়য়য়৽ বেয়ণতৎপরা॥

কোড়ারাগঃ॥ রূপকম্॥

কাখেত কলসী বড়ায়ি জাও ধীরে ধীরে। চতুর্দ্দিশ চাহোঁ বড়ায়ি যমুনার ভীরে॥ বাঁশী নাদ স্তুণী কাহ্ন দেখিতে না পাওঁ। মেদনী বিদার দেউ প্রির্জা লুকাওঁ ॥ ল ॥ ১ ॥ চাহা চাহা আল বড়ায়ি যমুনাক তীরে। বাঁশীর শবদে প্রাণ কেহ্ন জাল করে ল। ধ্রু।। শীতল মনোহর বাঁশী কে না বাত। ডালত বসিএল যেহু কুয়িলা কাচে রাএ॥ উল্লসিত হইলো বভায়ি ভার নাদ স্থণী। না পায়িএ। কাফাএি বডায়ি তেজিবোঁ পরাণী ॥ ২ ॥ যমুনার তীরে বড়াই কদমের তলে। পূর্ণ ঘট পাতী বড়ায়ি চাহিত মঙ্গলে॥ মঙ্গল পায়িলে হয়ে চিত্তের সোহাথে। ত্রবেসি মেলিব এথা প্রিয় জগন্ধাথে॥ ৩॥ এবে মঙ্গল চাহাঞাঁ দেখিলো বডায়ি। কাহ্নাঞি পায়িবাক ভাত এক চিহ্ন নাহা॥

এখণ বড়ায়ি মোরে বোলহ উপাত। বাসলী শিরে ব দাঁচি ভীলাস গাতা। ৪।।

গুড্জরীরাগঃ ॥ যতিঃ॥

ञ्चातक ध्वकारत हाहिन तुन्हावरन । কথাহো না পায়িল কাফের দরশনে॥ আজি হুন্দরী রাধা চলি জায়ি ঘর। এবে মন নিবারি মোহোর বোল ধর ॥ ১ ॥ এখন আর কিছ উপায় নাহী। কালী পরভাতে আসি চাহিব কাহাঞি ॥ ধ্রু ॥ বিহাণ আইলাহোঁ হৈল সাঝা উপসন। গোঠে হৈতেঁ ঘর আজি আসিআঁ আইছন ॥ তোলাক না দেখিআঁ রোধির আন্ধারে। না জাণো আয়ুর কিবা কর্ এ আলারে॥ ২ ॥ কোপছলেঁ পরিখে তোসার মতি কাহ্নে। এখন পায়িবাক তাক না কর যতনে॥ বিরহেঁ বিকল হুআঁ তোক্ষার থানে। আপণে মেলিব আসি নাগর কাছে॥৩॥ আন্ধাত আধিক তোর কে করিবে হিত। সব খন তোর কাজে জাগে মোর চিত।। হেন বুলী বড়ায়ি লয়িখা গেলী ঘর। পাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর॥ ৪॥

ভৈরবীরাগঃ॥ যতিঃ॥
প্রথম পহরে গোআল গেলা নিন্দ।
আচন্থিত বাঁণী ধুনী করিল গোবিন্দ॥

फेंद्रवली श्रीको बाशे वाँगीत नारम । বির্ভে বিকলী হুগাঁ গোহালিনী কান্দে॥ ১॥ শ্ৰীনন্দনন্দন গোবিন্দ হে। অনাথী নারীক সঙ্গে নে॥ ধ্রু॥ তুমজ পহরে নিন্দে আকুল আইহন। নাছে গিআঁ চাহে রাহী নান্দের নন্দন॥ চারি পাশ চাহে রাহী চমকিত মনে। কথাঁতো না পায়িল কাফের দরশনে ॥ ২ ॥ তিঅজ পহর রাতী কোকিল রএ। বেমাকুলী গোমালিনী মনত গুণএ॥ এভোঁ নাইল সেত নান্দের পূত। কোকিলের নাদ মোকে যেহ্ন যমদূত॥ ৩॥ চৌঠ পহরে গুণিআঁ পাঁচ সাতে। বিরহেঁ মুরুছা গেলী রাধিকা প্রভাতে ॥ মুখ জল দিখা বড়ায়ি করায়িল চেতন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

অথ রাধাং পুরো বীক্ষ্য অরজ্বভরাভূরাং। চতুরা জরতী প্রাহ্যমুনা গ্যনং প্রতি॥

রামগিরীরাগঃ॥ একতালী॥ দওকঃ॥ 🗠 🧢

স্থূণহ স্থূন্দরী রাধা বচন আন্ধার। যমুনাক যাই ছলে পাণী আঁণিবার॥১॥

তোকার বচনে যমুনাক আক্রে জাইব। তথাঁ গেলেঁ কেমনে কাহ্নাঞিঁর লাগ পাইব॥ ২॥ তথা বাঁশী চোরায়িতে করিউ যতনে। যমুনার তীরে সব খন থাকে কাচ্ছে। 🖫 🛭 তার বাঁশী নিলেঁ হিত কি হয়িব মোর i সরূপ করিসাঁ কহ পাএ ধোরোঁ ভোর॥৪॥ বাঁশীত লাগিখা ভোকে নান্দের নন্দন। আপুণা বুলিব আদা কাকুতা বচন ॥ ৫॥ কদমের তলে যবেঁ কাহ্ন থাকে বসী। তবেঁ তার কেনমতেঁ চোরায়িব বাঁণী॥ ৬॥ নিন্দাউলী মন্ত্রে তাক নিন্দাইর আজি। তবেঁ তার বাঁশী লফাঁ ঘর জাইহ তুজা। ৭॥ কেছো যবেঁ বাঁশী হাথে দেখিব আক্ষাবে। তবেঁ তাক সম্বোধিব কমণ উত্তে । ৮ ॥ বাঁশীগুটি থুইহ ভোগে কলসে ভীতর। গাইল বড়, চণ্ডীদাস বাসলী বর । ৯॥

গন্ধা রাধায়তা বৃদ্ধা মাধ্বং যামুনেতটে নিজালুং বিদ্ধে মন্ত্রৈ বংশাপ্রবংশিয়া

পাহাড়ী আরাগঃ ॥ ক্রীড়া ॥

যমুনার তীরে কদম তরু তলে

বাজ বহে স্থুশীতলে ।

তথাঁ বশিখা সে দেবরাজ

পুরিল বাঁশীত শরে ॥

নিদ্রাহো আসিখাঁ চাপিল কাফে তেঁসি না গেলা ঘরে। নব কিশ্লয় শয়নে স্থতিল বাঁশীত দিআঁ নিমরে॥ ১॥ আল। কাফ নিন্দ গেলা হেলে। খণ্ডন না জাএ देव निवसन वाँभी श्रांशिल (श्रांला॥ भा॥ সকল স্থিগনে য্যুন্ক গেলা ञानिवाद्वं शानी। নিন্দ গেল কুম্ব কদম ভলাভ দেখিল আইহন রাণী॥ ধীরে ধীরে তার নিকট গিঙাঁ বাঁশী চোরায়িখা সহরে। কাথের কুম্ভত ভিতর থুয়িজা রধা লভিলা ঘরে॥ ২॥ সে চন্দ্রাবলী ঘুৰুত গিজাঁ ভূমিত থুয়িআঁ কলসী। উল্লসিত মনে বাহির করিফাঁ পুণি পুণি চাহে বাঁণী॥ রাধিকা বাঁশী পাছে লুকায়িল যথাঁ নাহিঁ জাএ আনে। সার কৈল মনত গুণিজা আর নাহিঁ দিব কাহে।। ৩॥ নিদা ভাঙ্গিতাঁ সহর হয়িআঁ কাহুঃ এ তুলীল গাএ।

চারি পাণ চাহী বাঁশী না পায়ি হাঁ।
কাঢ়িলান্ত দীর্ঘ রাএ॥
বেআকুল হয়ি বড়ায়ি দেখি হাঁ।
বিলপিলা শ্রীনিবাসে।
বাসলী চরণ শিরে বন্দি হাঁ।
গাইল বড় চণ্ডীদাসে॥৪॥

কোড়ারাগঃ॥ যতিঃ।

আনেক যতন করি আলেচিআঁ কাজে। বাঁশী নির্মিল আন্দে গোকুল সমাজে॥ শেভে রতন জড়িত বাঁশী সাকারে। নাদে মোগো জাএ সকল সংসারে॥ ল॥ ১॥ বাঁশী হারায়িলোঁ বডায়ি ল আল গোকুলে আসিজা। হাকান্দ করুণা করোঁ ভূমিত লোটায়িখা। ধ্রু। এবেঁ কে না নীল মোহন বাঁশে। ত্বঈ তার ঝারা পাট থোপ হুই পাশে॥ মাণিকে খঞ্চিল তথি সোনার পাতা। স্তরপতী জাণে মোর বাঁশীর বারতা ॥ ২ ॥ বঁশী হারায়িখাঁ কাহ্ন মনে খেদ করে। তাহাক চাহিত্রা কাহ্ন বুলে ঘরে ঘরে॥ মাথাত হাথ দিআঁ কান্দন্তি গদাধরে। তাহাক শুণিগাঁ রাধা পায়িল বড় ডরে॥ ৩॥ মণত গুণিআঁ পাছে দেব চক্রপাণী। তুঈ হাথে মুছিলান্ত নয়নের পাণী॥

তবেঁ সব কহিলান্ত বড়ায়ির থানে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

মলাররাগঃ॥ রূপকং॥

না কান্দ না কান্দ কাহ্নাঞি স্থণহ বচনে। কাতর কিকে হয় কমল লোচনে।। আযাত্রাঞ গোকুল কইলে গমনে। শিয়রত বাঁশী হারায়িল তে কারণে ॥ ১ ॥ স্থূণহ স্থূণহ কাহ্ন না কর আতোষে। আন্মে সব কহিজা দিব বাঁণীর উদ্দেশে ॥ ধ্রু আকার বচনে তোকো কর অবধান। গোপীকুলের ভোক্ষে কৈলেঁ আপমান॥ তে কারণে এবেঁ আন্ধে করি আনুমান। তেঁ সঙ্গো চোরায়িল বাঁশী তোর কাহল। ২॥ বাঁশীর উদ্দেশ তোক কহিল মুরারী। গোপী মাঝেঁ বাঁশী তোর কেছো কৈল চুরী। ষোল শত যুবতীক কর যোড় হাথ। তবেঁ বাঁশী পায়িবেঁ শুন জগলাথ। ৩। যোড় হাথে কাকুতী কৈল বনমালী। তা দেখিআঁ ঈসত হাসিলী চন্দ্রাবলী॥ বুঝিআঁ রাধাক বাঁশী মাঞ্চিল কাছে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে ॥ ৪ ॥

বেলাবলীরাগঃ॥ রূপকং॥

আক্ষার বাঁশীর শবদেঁ ল। আল হের রাধা

খণ্ডএ সকল আপদে। আল রাধে জার ধুনী সরগ তুমারে॥ ল॥ ১॥ মোর বাঁশীগুটি দিআঁ মেণ দাণে। আল হের রাধা বারেক রাখহ সমানে ল ॥ ধ্রু ॥ বাঁশী পাইল হর গোরী বরে। দেখিতেঁ আতি মনোহরে। যার নাদেঁ গোকুল রহে ॥ ২ ॥ স্থণ ভোঁ আইহনের গোঙ্গালী। আকুল না কর বনমালী॥ বাঁশী দেহ তেজিআঁ। জঞ্জালে। হের ভোর ধরিলেঁ। আঁচলে ॥ ৩ ॥ ञ्चनी कि वृतिरह वांत्र नात्म। বাঁশী হারায়িলোঁ মো নিন্দে॥ বাঁশী দিআঁ পুর মোর আশ। গাইল বড় চণ্ডীদাস॥ ৪॥

ক্বফস্ত বচনং শ্রুতা রাধিকাধিমতী সতী। বেপমানতনুম্ববী জগাদ জরতীমিদং।।

ভাঠিআলীরাগঃ ॥ একতালী ॥

ঘৃত দধি ছুধে বড়ায়ি পসার সাজিলেঁ। গে।
বিকে জাইতেঁ মথুরা নগরী।
আঞ্চলে ধরিআঁ মোক কাহ্নাঞিঁ রহাএ গো
বোলে তোঞ ঁবানী কৈলী চুরী॥ ১॥

আল হের না জাণো বাঁশীর শুধী।
আল ল বড়ায়ি।
ছাওআল কাহাঞি বল করে ॥ধ্রণ॥
তেজিলোঁ মো তার চার নুপুর কঙ্কন বড়ায়ি
তেজিলোঁ মো তার চার নুপুর কঙ্কন বড়ায়ি
তেজিলোঁ মো সব আভরণে।
বারে বারে কাহাঞি মোকে ধিকাধিক বোলে গো
যত কিছু তোলার কারণে॥ ২॥
গলাত পাথর বান্ধি দহে পইসওঁ
কিবা মরোঁ আনলে পুড়িআঁ।
তবেঁ বা মোঞাঁ কাহ্নের ঝগড় এড়াওঁ
কিবা মরোঁ খরল খায়িআঁ।॥ ৩॥
আলার আন্তরে বড়ায়ি বোলহ কাহ্নেরে গো
চন্দ্রাবলী মান্ধে পরিহারে।
না কর ঝগড় বড়া চণ্ডীদাসে গো
গাইল বাসলী বরে॥ ৪॥

রাধিকাবাচমাচম্য জ্বরত্যা প্রতিপাদিতং। উঁবাচ কাতরঃ কৃষ্ণ: বংশোৎপাদনহেতবে।।

বেলাবলীরাগঃ॥ একতালী
মাঞ্জ নিষধিল পুভা কাহ্দে ল।
না করিহ গোঠ সঘনে॥
সেহো বোল না শুণিল কানে ল।
আল হের বড়ায়ি হে।
ভেঁ মোর বাঁশী নিল আনে॥ হে॥ :

হরি হরি। (क ना श्रदार्थ प्रथ पिन। আল হের। বিরহ বিনোদ বাঁশী নিল হে॥ ধ্রু॥ মোর বাঁশী ত্রিভুবনে জাণী। খিঞ্চিল মাণিকে হিরা মণী॥ বাঁশী নিআঁ রাধা নাহিঁ মানে। সে নিল জাণো আমুমানে ॥ ২ ॥ বাঁশী হারাইল বনমালী। স্থুণী বাপ মাঞ দিব গালী ॥ তাক ধন দিব চক্রপাণী। যে মোর বাঁশী দিব আনী ॥৩॥ নাহিঁ করোঁ কিছ আপরাধা। বাঁনী নিআঁ প্রাণে মারে রাধা॥ বোল তারে দেউ মোর বাঁশে। গাইল বড়ু চণ্ডীদাদে॥ ৪॥

> ক্বফ্ষস্য বচনং শ্রুত্বা জরত্যা প্রতিপাদিতং। অথ রাধা নিরাবাধা পুনঃ প্রাহ গদাধরং।

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥ লগনী ॥ দণ্ডকঃ ॥
বাপ নন্দ গোপ মাঅ যশোদা
জগতে বিদিত তোরে ।
তার পুত্র হলাঁ দেব দামোদর
মিছা চুরী দোষ গোরে ॥ ১ ॥

এথাঞি শিয়রে বাঁশী আরোপিতাঁ৷ স্তুতিযাঁ আছিলোঁ আগি। পাণী নিবারেঁ আসিআঁ সে वाँ भी निर्देश कुति ॥ २॥ বডার ঝিআরী বডার বৌহারী আক্ষে আইহনের রাণী। আঁস্যে বাঁশী ভোর চোরায়িল কাহ্নাঞি মুখে আন হেন বাণী ॥ ৩॥ আন্ধ্যে তোক্ষার সকল বেভার রাধা জাণোঁ ভাল মতে। তেঁসি পুছি আন্ধে তোকার থানে বাঁশী নিলেঁ কোণ ভিতে॥ ৪॥ মিছা বোল তেজ স্থান্দর কাহ্নাঞি সূত্য কর পরমাণে। আন্দে যত বড় সন্দ লোক কাঞ্ তাক সখিজন জাণে ॥ ৫ ॥ না বোল না বোল নাগরী রাধা মোরে হেন ছফ্ট বাণী। এথাঞি আক্ষার তোক্ষে নিহেন্ত বাঁশী সকল লোকে ভালেঁ জাণী॥৬॥ তেজিআঁ সংশয় কর পরতর কাহ্ণাঞি মোর বচনে। কোণ কাজে তোর বাঁশী হরিআঁ৷ আমান করিব আক্ষে॥ ৭॥ যত আলস্কার বহুমূল সার সৰ রাধা মোর নে।

স্থবন্ধে জড়িত হিরাঞেঁ রচিত
বাঁশীগুটি মোরে দে॥৮॥
নাহিঁ বোলোঁ তোরে কপট উত্তরে
সত্য বুয়িলোঁ দামোদরে।
মোঞাঁ নাহিঁ নেওঁ তোঁকারে বাঁশী
ঝগড় না কর মোরে॥৯॥
নটকী গোজালী ছিনারী পামরী।
সত্যে ভাষ নাহিঁ তোরে।
ভোঞাঁ নিলী বাঁশী গাইল চণ্ডীদাস
দেবী বাসলীর বরে॥১০॥

ভাঠিআলীয়াগঃ॥ যতিঃ॥ 🍑

কোণ আহ্নভ খনে পাতা বাঢ়ায়িলোঁ।
হাঁছী জিঠা আয়র উকঁট না মানিলোঁ॥
শুন কলসা লই সখি আগে জাএ।
বাঞ্র শিআল মোর ডাহিনেঁ জাএ॥১॥
বাঁশীত লাগিকাঁ মোর কি ভৈল বড়ায়ি।
আখায়িল ঘাত্মত বিষ জালিল কাহাঞি ॥ধ্রা॥।
কথা দূর পথে মোঁ দেখিলোঁ সগুণী।
হাথে খাপর ভিখ মান্সএ যোগিনী॥
কান্ধে কুরুআ লজাঁ তেলী আগে জাএ।
স্থান ডালত বসি কাক কাঢ়ে রাএ॥২॥
স্থান জালত কিবা তিমু তেআগিবোঁ।
আনল কুণ্ডত কিবা তমু তেআগিবোঁ।
কাহ্নত লাগিজাঁ কিবা বিষ্থাইলাঁ মরিবোঁ॥৩॥

বোলওঁ স্থন্দর কাহ্নাঞি করিআঁ করুণে। লোটাআঁ ভূমিত ধরী তোক্ষার চরণে॥ কিসক কাহ্নাঞিঁ মোক দেহ হেন দোষে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥৪॥

• আহেররাগঃ॥ একতালী॥

কিসক নাগরী রাধা যোড়সি কান্দনে। তিরী কলা পাতি ভাণ্ডিবারে চাহ কাছে॥ সপ্ত লাথের মোর চুরী করি বাঁশী। না জাণো বাঁশীর স্থবী আপণে বোলদী ॥১॥ আপণা চিহ্নিআঁ বাঁশী দেহ মোরে আণী। যবেঁ তোর পরাণ না লৈব চক্রপাণী ॥প্রনা সব আভরণ তোর কাটিআঁ লইবোঁ। বাঁশীত লাগিফাঁ তোক বান্ধিফাঁ রাখিবোঁ॥ জীবার আশ যবেঁ আছএ তোকার। वाँ कि करी वाँ नी छ है। पिञात आकात ॥२॥ বঁশি পায়িলেঁ কিছু না বুলিব গদাধর। আপণার স্থথে রাধা জাইহ তোকো ঘর॥ যবেঁ বা না দিবি বাঁশী ভাণ্ডিবি আন্দারে। এখনী পরাণ তোর লৈবেঁ৷ অবিচারে ॥৩॥ আপণা চিহ্নিআঁ (রাধা) বাঁশী দেহ মোরে। নহে পাঁচ আবথা করিব আন্দো তোক্ষারে॥ এহা স্থণী বডায়িতে উপজিল হাস। वामनी भिरत वन्ही शांडेल हछीहाम ॥८॥

দেশবরাড়ীরাগ n আঠতালা ॥

হারায়িল ভোকার বাঁশী তেঁদি বড়ায়িতে হাসী মোর বোল স্থণ চক্রপাণী। বুলী চৌর পৈদে ঘরে 'গিন্থীক সম্বর করে হেন ছুঠ বড়ায়ির বাণী ॥ ১ ॥ কিকে কাকুতী করসি চল কাহ্নাঞি বডায়ি নিলে বাঁশী॥ নাএ॥ ধ্রু॥ বুটী বড় আছিদরী ভাণ্ডে তোন্দা মায়া করী তার মন বুঝিতেঁ না পারী। ছঠ মন মিঠ দেখে আমু সম পর দেখে চাহা বাঁশী তাহাক মুরারী॥ ২॥ দেখি তোক্ষা আস্থুখ মোর মণে বড় চুখ মো কেন্ডে হরিবোঁ ভোর বাঁশী। তোক্ষেত্রিঁ বড সিআন আপণে গুণিসাঁ যান বডায়ি পরক বিনাসী॥ ৩॥ আন্ধার বোল পরমান তাক না করিহ আন চল তোকো বড়ায়ির পাশে। বাঁশীর তত্ব কহিল আন্দো দোষ এড়ায়িল গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

দেশবরাভ়ীরাগঃ॥ আঠতালা॥
তোঁ বড়ায়িক দেসি দোষে বড়ায়ি তোক্সাক দোষে
সব মোর করমের ফল।
ভুহাঁর কপট হাসী চোরাআঁ আক্ষির বাঁশী
রাধা মোক না কর বিকল॥ ১॥

কেহে আমান করসী। আক্ষে জাণী তোলে নিলেঁ বাঁণী ॥ নাএ ॥ ধ্রু ॥ তোরে বোলোঁ চন্দ্রাবলী আকুল মো বনমালী তোলে কৈল চুরী মোর বাঁশী। কথা নিআঁ বাঁশী এড়ি মিছাঞ দোষসি বুঢ়ী হৃদ্যত ভয় না মানসী ॥ ২ ॥ কহ তোঁ আন্ধার থানে কিবা আছে তোর মনে ছ্রখ দেহ মোরে কি কারণে। মাণিবোঁ উপকার বাঁশী দেহ একবার এহাত না কর তোক্তো আনে॥৩॥ দৈবেঁ মোক নিন্দ পাইল তোকো এথা বাঁশী নিল বাঁশী দেহ না কর নিরাশ। দেবী বাসলী চরণ করী শিরে বন্দন গাইল বড়ু চণ্ডীদাস॥ ৪ ॥

ভাঠি মালীরাগঃ॥ রূপকং॥

ভাদর মাসের তিথি চতুথীর রাতী।
জল-মাঝেঁ দেখিলোঁ মো কি নিশাপতী॥
পূগ্ন কলসে কিবা ভরিলোঁ হাথে।
তে কারণে বাঁশী চুরী দোষসি জগন্নাথে॥ ১॥
জাণি মেণ আল বড়ায়ি কাক্সের কাঁহিণী।
কলঙ্ক থুয়িল মোর বাঁশী চুরণী॥ ধ্রুণ॥
গুরুর আসনে কিবা চাপিআঁ বসিলোঁ।
জলের আথর কিবা ভূমিত লেখিলোঁ॥
খণ্ড বিচনীর কিবা পাঅ তুলী লৈলোঁ গাএ।
তে কারণে কাহাঞি বাঁশী চুরী দোষাএ॥ ২॥

চান্দ স্থক্জ বাত বক্তণ সাখী।
যে তোর বাঁশী নিল সে খাউ ছুয়ি আখী॥
যবেঁ মো চুৱা কৈলোঁ হআঁ নারী সতী।
তবেঁ কালগাপ খাইএ আজিকার রাতী॥ ৩
এখণে আছিল বাঁশী তোক্ষার এই ঠাএ।
আগু গেলা গোআলিনা সে বা লই জাএ।
আক্ষা বাঁশী নাহিঁ নীএ শ্রীমধুফুদন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

রাধে রদ্ধাং ভৃশং মুগ্ধাং বিদৃশ্ত ক্বতকৈতবাং। বঞ্জাং করুষে গলো সক্ষং ত্রিদিতং মম ॥

রামগিরীরাগঃ॥ একতালী॥ লগনী॥ দণ্ডকঃ॥
গাই রাখিতেঁ নিন্দ গোলোঁ বাঁশী মাথে।
সে না বাঁশী আল রাধা নিলী কোণ ভিতে॥ ১॥
নান্দের নন্দন কাহ্লাঞি বোলোঁ মো তোক্ষারে।
কগাঁ বাঁশী হারায়ি আঁ দোষসি আক্ষারে॥ ২॥
এথাঞিঁ আছিল বাঁশী সন্মার বিদিতে।
সে না বাঁশী রাধা মোর নিলেঁ কোণ ভিতে॥ ৩॥
বিচারিআঁ চাহ মোর দধির পসারে।
কথাঁ বাঁশী হারায়ি আঁ দোষসি আক্ষারে॥ ৪॥
না বোল না বোল রাধা হেন হুঠ বাণী।
তোক্ষে বাঁশী চোরায়িলেঁ আক্ষে ভালেঁ জাণী॥ ৫॥
চান্দ স্থকজ মোর আছে হুয়ি সাখী।
'আক্ষা মিছা দোষ কাহ্ন খাইবি হুঈ আখা॥ ৬॥

সপ্ত লাখের মোর বাঁশী করী চুরী।
আহাে গালা দেহ মােরে রাধিকা নাগরী॥ ৭॥
ঘৃত ছুধ নঠ মাের ঘােলের পসার।
গােহারী করিবোঁ রাজা কংসের ছুআর॥৮॥
তাের কংশা ছুরক নাহিঁক মাের ডরে।
হের ধরিলোঁ বলে তােহাের আঞ্চলে॥৯॥
মিছা চুরী দােষ দিজাঁ জাগতেঁ দেহ বাধা।
আজী কোণ আথান্তর করিবেক রাধা॥১০॥
বিণি বাঁশী দিলোঁ তাের নাহিক গমনে।
এহা বুঝা কর মােরে বাঁশী গুটি দাণে॥১১॥
সতেঁা নাহিঁ নেওঁ বাঁশা তাের গদাধর।
গাইল বড চণ্ডীদাস বাসলী বর॥১২॥

নিপীয় রাধাবচনং নিষেধপর্যাক্ষরং। বংশীমুদ্দিশু কংসারি বিললাপ নিরন্তরং

দেশবরাজ়ীরাগঃ ॥ রূপকং ॥
স্থান স্থান শোভিত আন্ধার বাঁশী
নাল বিদ্ধিল তার বাহিরে।
অ প্রাণ ।
স্থানআ কি বুলিহে বলভদ ভাই
বাঁশী হারায়িলোঁ মো শিঅরে ॥ ১ ॥
অ প্রাণ ধরণ না জা এ স্থান্দর্বি রাধে।
কে না নিল মোহন বাঁশী ॥ গ্রু ॥
ঋগ যজু সাম আথর্বব
চারী বেদ গা ও মো বাঁশীর সরে।

ত্বণী সব দেবগণে কি বুলিহে আক্ষারে
কে না নীল বাঁশী সিম্মরে ॥ ২ ॥
হার কেয়ুর রাধা সব মোর নে ।
বাঁশীগুটি আণী মোক দে ॥
বনমালা মাভরণ তাহা তোক দিবোঁ।
যে বোলসি তাহাক করিবোঁ ॥ ৩ ॥
তোকো মোর বাঁশী নিলোঁ স্থানর রাধা
মোর মনে হেন পড়িহাহে ।
বাসলী চরণ শিরে বন্দিআঁ।
আনস্ত বড়ু গাইল চঙীদাসে ॥ ৪ ॥

গুড্জরীরাগঃ॥ রূপকং॥

যমুনাক আইলোঁ নাতেঁ পাণী। আল।
তার বাঁশী স্থাবিহো না জাণী॥ কাহ্নাঞিঁ হে॥
হক্রাঁ তোক্যে দেব চক্রপাণী। আল।
কেহে বোল হেন চুফ্ট বাণী॥ল কাহ্নাঞিঁ হে॥১॥
শিশ্ররে হারায়িজাঁ তোক্ষে বাঁশী।
মিছা কেহে আক্ষারে দোষসি॥ল কাহ্নাঞিঁ,॥ধ্রু॥
হয়িল মোর এতেক বএসে।
কেহো নাহিঁ দিল চুরী দোবে॥
সব লোক মোরে ভালেঁ জানে।
চুরিণী হয়িলাহোঁ তোর থানে॥২॥
আতি রতি বেমাকুল হক্রাঁ।
কমণ তিরীক বাঁশী দিওাঁ॥
সাধিলেহেঁ সাপণার কাজে।
আক্ষা কেহে দোষ দেবরাজে॥৩॥

সরূপে বুয়িলোঁ মো কাহ্ণাঞি। তোর বাঁশী আক্ষে নাহিঁ পাই॥ যাক দিলোঁ চল তার পাশে। গাইল বড়ু চঙীদাসে॥৪॥

ককুরাগঃ॥ রূপকং॥ লগনী॥ দঙ্কঃ॥

স্থণহ্ব আইহন দাদী তেঁা মোর চোরায়িলি বাঁশী তেঁসি তোর পাছে বেড়ায়িএ।

বাঁশীগুটী দেহ যবেঁ বড় পুন পাহ তবেঁ বাঁশী পাইলেঁ সুখেঁ ঘর জাইএ॥ ১॥ স্থাহ নটক কাহ্ন কেছে কর আপমান

ভোর বাঁশী আচ্চো নাহিঁ নীএ।

বাঁশী যবেঁ পাইএ তবেঁ ঘসি ঘাটিএ

চারি চীর করি বা পোড়াইএ ॥ ২ ॥ সংর্গ মর্ত্য পাতালে চিন্তিজাঁ চাহিলোঁ। মনে

তোঁ মোর নিআছিস বাঁশী।

উচিতেঁ গরুত্ব মনে তোঞ মুচুকে হাসী

় তাক দেহ আইহনের দাসী॥ ৩॥

পান্তরে হারাজাঁ বাঁশী মোর থানে খোজসি এহা না সহে মোর পরাণে।

হেন যবেঁ বোলে আন কাটোঁ তার নাক কান ভোক্ষা তেজোঁ ভাগিনা কারণে ॥ ৪ ॥

বাপ বস্থল মোর মাত্ম দৈবকী ল

সব দেবেঁ আহ্মা ভালেঁ জাণে।

গোহালার ঝি তোহো রাধা চন্দ্রাবলী ল ধিক বোল মোক কি কারণে॥ ৫॥

একুষ্ণকীর্ত্তন

আক্ষেত আইহন দাসী আক্ষাতে চাহসি বাঁশী
স্থণী তোক রোধিব কাঁশো।
তোক্ষে কাহ্ন বারেঁ বারেঁ ধিক বোল মোর থানে
ফল পাইবেঁ আপণার দোধে॥ ৬॥
না বোল নিঠুর বাণী আক্ষে দেব চক্রপাণী
দেহ মোরে বাঁশীর আশো।
বাসলী চরণ শিরে বন্দিঅঁ; ল
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৭॥

নিরাসদবনেনাহং রাধায়া বিক্লীকৃত:। বংশলাভায় রুদ্ধে অমুপায়ং বদ সংপ্রতি॥

্ শুড্জরীরাগঃ ॥ ষতিঃ ॥ চিত্রকং ॥ লগনী ॥

ধোল শত রাধার সঙ্গিণী । আল ।

তার থান চলহ আপুণী ॥ ল কাহ্নাঞি ॥

একেঁ একেঁ কর যোড়হাথে । আল ।

তবেঁ বাঁশী পাইবেঁ জগন্ধাথে ॥ ল কাহ্নাঞি ॥ ১ ॥

কত কান্দ নেতে মোছ লোহে । আল ।

আন্তর পোড়এ মোর নেহে ॥ ল কাহ্নাঞি ॥ গ্রু ॥

আন্তর পোড়এ মোর নেহে ॥ ল কাহ্নাঞি ॥ গ্রু ॥

আন্তর পোড়এ মোর নেহে ॥ ল কাহ্নাঞি ॥ গ্রু ॥

আন্তর পোড়এ মোর নেহে ॥ ল কাহ্নাঞি ॥ গ্রু ॥

আন্তর পোড়এ মোর নেহে ॥ ল বড়ায়ি ॥

কিদশগণের আন্তর্মান নাথ । আল ।

কেমণে করিব যোড়হাথ ॥ ল বড়ায়ি ॥ ২ ॥

এত বড় মোর আপমাণে । আল ।

স্থিণি কি বুলিব দেবগণে ॥ ল বড়ায়ি ॥ ৪ ॥

স্থণ তোকো নান্দের কুমার। নিজ কাজে বিকল সংসার॥ ল কাহ্নাঞি ॥ যোড়হাথে বুলিহ বচনে। সুখী হইব রাধার মণে॥ ল কাহ্নাঞি ॥ ৩॥ কেহ্নে তোঞাঁ কাজ না বুঝিস। তণ্ডী কয়িলেঁনা পাইবেঁ বাঁশী॥ ল কাহাঞি ॥ ধু॥ যোত হাথ করিলেঁ বডায়ি। ভবেঁ কি দিবেক বাঁশী রাহী॥ পাছে জনি লোক উপহাসে। গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥ হের গিজা তোক্ষার বচনে। হাথ যোড করে দেব কাছে ॥ ধ্রু ॥

প্রমুক্তকাকুবচনং কৃতসংঘতলং পুর:। বিলোক্য মাধবং বৃদ্ধা রাধিকামিদমাদ্ধে॥

ধানুষীরাগঃ॥ একতালী॥



মেঘ যেহ্ন আষাঢ় শ্রাবণে। ঝরে তার পাণী নয়নে গো॥ কান্দিতা মলিন কৈল মুখে। কত তার দেখিবোঁ ছথে গো॥ ১॥ বাঁশীর শোকেঁ চক্রপাণী। এবেঁ তাক বাঁশী দেহ আনী। ধা ॥ যোড হাথ কৈল দেব কাহে। এবেঁ তাক বাঁশী দেহ দাণে।

নাহিঁ পিন্ধে উত্ম বসনে।
শরীরে ছবল ভৈল কাহেঁ॥ ২॥
মোর বোল হুণ অবগাহী।
কাহের পিরিতী কর রাহী॥
দেহ বাঁশী কাহের হাথে।
ভূষ্ট হউ দেব জগনাথে।
থেবা রাধা আছে তোর মণে।
কাহ্যতিঁকে বোল সে আপণে॥
তাক করিব কাহাযি ইরিষে
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

বুদ্ধাবচনমাকর্ণ্য রাধা প্রাহ্ম গদ;ধরং। সাদরং স্প্রবন্ধক পঞ্চবাণশরাভুরা॥

শৌরীরাগঃ॥ রূপকং॥

বুলিভেঁ নারি এ তোর চরিতে।
খণেকেঁ তোর হএ আন চিতে॥
এবেঁ করিলোঁ তোকো যোড় হাথ।
কাজ বুঝিআঁ। দেব জগন্নাথ॥ ১॥
সরপোঁ বোলহ বড়ায়ির থানে।
মোর বোল না করিবেঁ কি আনে॥ গ্রণ॥
আক্ষাক এড়িআঁ। গেলা বুন্দাবনে।
বাঁশী বাজায়িলোঁ ভোলো থানে থানে॥
তাক শুণী ভৈলোঁ। বেআকুলী।
ভোর বিরহে প্রিয় বন্মালী॥ ২॥

এভোঁ কাহ্নাঞি থীর কর মন।
কভোঁ না লজ্মিহ মোর বচন ॥
তবে মেলিবেক বাঁশী তোক্সারে।
সরপে তোক বুইলোঁ দামোদরে ॥ ৩॥
কভোঁ কি না দিবে আক্সাক ছথে।
এহা বোল আপন মুখে॥
তবে কহিবোঁ মো বাঁশী উদ্দেশে।
গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

রাধিকাবাচমাচম্য প্রমোদভরমন্থর:। বংশীলাভত্রাবেশাজ্জগাদ জরতীমিদং॥

দেশাগরাগঃ॥ রূপকং॥

মন দিআঁ স্থা বড়ায়ি বচন আক্ষার
সরূপ কহিবোঁ তোর থানে। বড়ায়ি গো।
যে বচন বুইল রাধা তোক্সার গোচরে
তাক মোঞ না কয়িবোঁ আনে । বড়ায়ি গো॥ ১॥
পরাণ বড়ায়ি তোক্সে বোলহ রাধারে।
বাঁশী দিআঁ জীআউক মোরে॥ গ্রুঃ
যত কিছু করিলোঁ মোঞ রাধার আতোষে।
তার ফল পাইলোঁ নিজ দোষে॥
মণে গুণিআঁ এবে কৈলোঁ মোঞ সার॥
না লজ্যিব বচন রাধার ॥ ২॥
তোক্সে জাণহ বড়ায়ি মোহোর বেভার।
অবিচল বচন আক্ষার॥

এহা সরূপ জাণী বুঝাহ রাধারে।
বাঁশীগুটি দেউক আন্ধারে॥ ৩॥
আন্ধার চরিত্র বিদিত তোর থানে।
আর তাক কেহো নাহিঁ জাণে॥
রাধার বচন আন্ধোন গালিব আন্দো।
বসলী (শিরে) বন্দী গাইল চণ্ডীদানে॥ ৪॥

রুষ্ণস্য বচনং শ্রুতা জরতা। প্রতিপাদিতং। মধুরং মাধবং প্রাহ রাধিকাধিমতী সতী॥

রামগিরীরাগঃ ॥ বিচিত্র ॥ লগনী ॥ একভালী ॥ দওকঃ

কাহ্নাঞি তোর কথা শুণী বড়ায়ির মুখে।
কহিতেঁ না পারোঁ তাক যত পাইলোঁ ছুখে॥ ১॥
তোকার বিরহে মোঁ হয়িলোঁ বেকাকুলী।
তে কারণে তোর বাঁশী নিলোঁ বনমালী॥ ২॥
রাধা।

বিরহে আকুলী ভৈলা আপণার দোষে। আক্ষার বাঁশী তোঁ চোরায়িলি রোমে॥ ৩॥ আক্ষার থাঁখার যবেঁ না করহ তোক্ষে। তবেঁ কি বিরহ তুখ তোক দিএ আক্ষো॥ ৪॥ কাহ্ণাঞিঁ।

্ যে কারণে থাঁখার তোক্ষার মোঞ্ কৈলোঁ।
তে কারণে বিরহ আনলে পুড়ি মৈলোঁ॥ ৫॥
আর কভোঁ চঞ্চল না করিহ মনে।
মোক রোষ না করিহ কাহারো বচনে॥৬॥

ভোক প্রতি মোর মণে নাহিঁ কিছু রোষে।
এহা তত্ব করী জাণী দেহ মোরে বাঁশে॥ ৭॥
বাঁশী দিআঁ কর মোর মন সোহাথ।
সহজেঁ তোক্ষাক স্থাইইব জগন্ধাথ॥৮॥
বিরহেঁ আকুলী যবেঁ চাহোঁ মো তোক্ষারে।
তথন আসিহ তোক্ষে আতি অবিচারে॥৯॥
হের ভাল মতেঁ চাহি নেহ কাহ্যাঞি বাঁশী।
আজি হৈতেঁ চন্দ্রাবলী হৈল তোর দাসী॥১০॥
সব দোষ মরসিল তোর চন্দ্রাবলী।
আর তোর অহিত না করে বনমালী॥১১॥
হেন মতেঁ বাঁশী পাআঁ হর্ষিত মণে।
কালী নই তাঁরে হৈতেঁ ঘর গেলা কাহে ॥১২॥
পাছে রাধিকা লআঁ। বড়ায়ি গেলী ঘর।
গাইল বড় চণ্ডীদাস বাসলী বর॥১৩॥

ইতি বংশীখণ্ডঃ সমাপ্তঃ॥

অথ রাধাবিরহ

-*-

ইখং কৃষ্ণগতপ্রাণা কথঞ্চিরিজসন্মনি।
নিনায় কতিচিংকালং রাধিকা গৃহকর্মণি
হরিণীহারিনয়না চিরায় বিরহে হরে:।
জগাদ জরতীমেবং রাধা পঞ্শরাত্রা॥

বিভাষরাগঃ ॥ রূপকং ॥ দওকঃ ॥

দূতা চিরকাল তৈল।
তভোঁ বনমালী নাইল।
তাক মো পায়িবোঁ কত কালে ॥ বড়ায়ি গো ॥ ১ ॥
সপনে দেখিলোঁ মো কাহ্ন।
চিত্তে না পড় এ আন।
তাক পাঅবোঁ কমণ পরকারে ॥ ২ ॥
আইল চৈত মাস।
কি মোর বসতী আশ।
নিফল যৌবন ভাবে ॥ ৩ ॥
বিরহে আন্তর জলে।
স্থৃতিলোঁ কদম তলে।
আধিক আন্তর মোর পোড়ে ॥ ৪ ॥
পরিধান নেত লাসী।
হাথত মোহন বাঁশী।
সে কাহ্যাঞি গেলা আকাশে॥ ৫ ॥

স্থৃতিলোঁ সখির বোলে। मजन निनी परन। তাত হৈতেঁ আনল শীতলে॥ ৬॥ ডালী ভরী ফুল পানে। মোরে পাঠায়িল কাছে। তাক মো না ছুয়িলোঁ হাথে॥ ৭॥ তাম্বল না লৈলোঁ করে। তোক মাইলোঁ চড়ে। তেঁসি কাহ্ন আস্থাখিল মেংরে। ৮।। দৃতী ধরোঁ তোর পাএ। হের মোর প্রাণ জাএ। কহ মোরে জীবন উপাত্র ॥ ৯ ॥ বহে প্রভাত সমএ। মলায় শিয়ল বাএ। রুন্দাবনে কুয়িলী কাঢ়ে রাএ॥ ১০॥ সাগর সঙ্গম গিআঁ। গা এর মাঁস কাটিআ। আপুণা মগর ভোজ দিআঁ॥ ১১॥ এ জন্মে বা না কয়িলোঁ ভাগ। হারায়িলোঁ কাহ্নের লাগ। আর তার না পায়িবোঁ লাগ । ১২॥ কিবা পুরুব জরমে। খণ্ডত কইল আকো। তার ফলেঁ কাঙ্গাঞিঁ হারায়িলোঁ॥ ১৩॥ আণি দেহ বনমালী। বন্দিআঁ দেবী বাসলী। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ১৪॥

বেলাবলীরাগঃ ॥ কুডুকঃ ॥

দেখিলোঁ প্রথম নিশী সপন স্থন তোঁ বসী সব কথা কহিহারোঁ তোকারে হে। বসিআঁ কদম তলে সে ক্ষা করিল কোলে চুম্বিল বদন আক্ষারে হে॥১॥ এ মোর নিফল জীবন এ বভায়ি ল! সে কৃষ্ণ আনিআঁ দেহ মোরে হে ॥ধৃ॥ লেপিজা তন্ত্র চন্দনে বুলিফাঁ তবেঁ বচনে আড়বাঁণী বাএ মধুরে। চাহিল মোরে স্থরতী না দিলোঁ মো আকুমতী দেখিলোঁ মো তুঅজ পহরে॥ ২॥ তিমজ পহর নিশী মোঞ কাহ্নাঞির কোলে বদী নেহানিলোঁ তাহার বদনে। ঈসত বদন করী মন মোর নিল হরী বেআকুলী ভয়িলোঁ মদনে॥ ৩॥ চউঠ পহরে কাঞ্চ করিল আধর পান মোর ভৈল রভি রস আশে। দারুণ কোকিল নাদে ভাঁগিল আন্ধার নিন্দে গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

বিভাষরাগঃ ॥ কুড়ুকঃ ॥

সপনে দেখিলোঁ মো কাষ্ট । আগ বড়ায়ি।

চিত্তে মোর না পড়ে আন ॥ কি হরি হরি ॥

হাণিল মদন পাঁচ বাণে। আগ বড়ায়ি।

তেঁ মোর দগধ পরাণে। কি হরি হরি ॥ ১ ॥

মুকুলিল কুঞ্জ নেকালী। আগ বড়ায়ি।
আণিআর বমমালী ॥ এছ ॥
দক্ষিণ মলয়া বাক্স বহে।
না জাণো মো কেহ্ন করে গাএ ॥
ঝাঁট করী কাহ্নাঞি আনাওঁ।
রতী, স্থাই রক্ষনী পোহাওঁ ॥ ২ ॥
এ মোর বাহুর বলএ।
সব খন খদিলাঁ পড়এ ॥
অনমীয নয়ন করিআঁ।
বিকলী মো তার বাট চাহিআঁ॥ ৩ ॥
এবেঁ মোর সংপুন বএসে।
কিকে কাহ্ন করে আমরিষে ॥
ঝাঁট করী আন কাহ্ন পাশে।
গাইল বড় চঙীদাসে ॥ ৪ ॥

ভৈবনীরাগঃ ॥ একতালী ॥ ক্রপকথা ॥

• কান্ডের তামুল রাধা দিলোঁ তোর হাথে।

সে তামুল রাধা তোঁ ভাঁগিলি মোর মাথে ॥

(একেঁ যুস ঘুসাজা পোড়ে তোর মন।

পোটলী বান্ধিজাঁ রাখ নহুলা যৌবন ॥) ১ ॥

পাগলী রাধা গোজালিনী গো।

কথাঁ পাব নান্দো যশোদার পো ॥ গ্রু ॥

গন্ধ চন্দন রাধা দিলোঁ তোর গাএ।

সে গন্ধ চন্দন মুছিলী বাম পাএ ॥

একেঁ তোঁ গোজালিনী কি বোলসি আর।

কাহ্ন দূর গেল বুন্দাবনের পার॥ ২ ॥

বিথর বুয়িলোঁ তোরে কান্ডের আন্তরে।
তবেঁ বাম করেঁ চড় মায়িলি মোহোরে॥
এবেঁ কান্ডের আন্তরে তোর প্রাণ জাএ।
তাহাক করিব আন্তো কমণ উপাএ॥ ।॥
আনেক কাকুতী করি তোক গোমালিনা।
আতি উতাপঠ হৈল দেব চক্রপাণী॥
এবেঁ নিবারিআঁ থাক আপণার মন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥৪॥

ধাসুষীরাগঃ॥ একতালী॥

এ ধন যৌবন বড়ায়ি সবঈ আসার। ছিণ্ডিআঁ পেলাইবোঁ গজ মুকুতার হার॥ মুছিআঁ পেলায়িবোঁ সিসের সিন্দুর। বাহুর বলয়া মো করিবোঁ শংখচুর ॥ ১ ॥ দারুণী বড়ায়ি গো দেহ প্রাণ দান। আপণার দৈব দোঁষে হারায়িলোঁ কাহন। প্রন্থ মুঙিআঁ পেলাইবোঁ কেশ জাইবোঁ সাগর। যোগিনী রূপ ধরী লইবোঁ দেশান্তর ॥ যবেঁ কাহ্ন না মিলিহে করমের ফলে। হাথে তুলিতা মো খাইবোঁ গরলে॥ ২॥ কাক্ত সমে সাধিতেঁ না পায়িলোঁ রতী সিধী। আঞ্চলের ধন মোর হরিলেক বিধী॥ এভোহোঁ বড়ায়ি মোর কর প্রতিকার। আণিআঁ দিমার মোকে কাহ্ন একবার॥ ৩॥ মাথে শস্তু সম থোঁপা শিসতে সিন্দূর। এহা দেখি কেছে কাহ্ন গেলান্ত বিদূর॥

অনাথ করিআঁ মোক কাহণাঞি পালাএ। বাসলী শিরে বন্দী চণ্ডীদাস গাএ॥ ৪॥

ভৈরবীরাগঃ ॥ কুডুৰঃ ॥

কাল কাহ্নাঞি কঠিন তার আন্তর ল

বোলেঁ চালেঁ না আইসে তোর থানে।

তোক্ষার নেহাত লাগিঅঁ। আনেক সম্ভাপ পাঅঁ।

(शन त्रमावत् ॥)॥

নিবারিআঁ থাক নিজ মনে।

আপণা রাখিজা কাহ্ন এবেঁ গেলা নিজ থান

তাক পাইব কেনমনে। ধ্রু।

তোর চরিত্র ভাবিজা আন্তর দগধ হলা

ভাল মন্দ কিছু না মানিআঁ।

প্রতিজ্ঞা করিজা কাহ্নে গেল মাঝ বৃন্দাবনে

তোর নেহে তিনাঞ্চলী দিখা।। ২।।

কমণ স্থবিঞ যাইবোঁ কথা তার লাগ পাইবোঁ

আপণেঞি বোল স্থবদনী।

আশেষ প্রকার করী আণি দেব মুরারী

তবেঁ তাক আণো গোআলিনী॥ ৩॥

নটক সে গদাধরে অশেষ মুরুতী ধরে

কোণ চিহ্নে পাইবোঁ উদ্দেশে।

বাসলী চরণ শিরে বন্দিউ।

গাইল আনন্ত বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

কোড়ারাগঃ ॥ রূপকং ॥ লগনী ॥ দগুকঃ ॥

আয়িস ল বড়ায়ি রাখহ পরাণ।

সহিতেঁ নারো মনমথ বাগ॥ ১ ॥

কথাঁ সেমনমথ কথাঁ সে বাণ। কোমণ বাণেঁ লএ পরাণ॥ ২॥ বসস্ত কালে কোকিল রাএ। মণে মনমথ সে বাণ তাএ॥ ৩॥ আগার বোল সাবধান হয়। বাহির চন্দ্র কিরণে সোঅ॥ ৪॥ কি হৃতিব আক্ষে চন্দ্র কিরণে। স্বাধিকেঁ বড়ায়ি দহে মদনে॥ ৫॥ মোর বোল তোঁ মণে পরিভায়। সিতল চন্দন আছে বুলাঅ॥৬॥ পোডে কলেবর সেই চন্দনে। আঙ্গা নিআঁ যাহ সেই বুন্দাবনে ॥ ৭ ॥ বাঘ ভালুকে আতি গহনে। কেমণে যাইবেঁ সে বুন্দাবনে ॥ ৮ ॥ বাঘ ভালুকে বা আক্ষাক খাউ। কাহ্নাঞির উদ্দেশে পরাণ জাউ ॥ ৯ ॥ যমুনা বহে খরতর ধার। কেমতেঁ ভাহাত হইবেঁ পার॥ ১০॥ যবেঁ ড়বিআঁ মরোঁ যমুনা তরকে। তবেঁ লয়িবোঁ গিঙাঁ কান্ডের সঙ্গে॥ ১১॥ পরিহর রাধা কাফের আশে। वामली वन्नी शाहेल हखीलारम ॥ ১২ ॥

বিভাষরাগঃ॥ একতালী॥ রূপকথা॥ দণ্ডকঃ
শত পল সোনা বড়ায়ি লজাঁ সে মেল।
প্রাণনাথ কাহ্নাঞিঁর উদ্দেশে চল॥ ১॥

রাধাবিরহ

কাল কাহ্নাঞি মাথাতে ঘোড়া চুলে। এহি চিক্তে কাহ্নাঞিঁকে চাইহ গোকুলে॥ ২॥ স্থগন্ধ চন্দনে বড়ায়ি লেপিআঁ গাএ। করেঁ করতাল মধুর বাঁশী বাএ॥ ৩॥ কাল কাহ্নাঞি গাএ ধরে পীত বাসে। ষোল শত গোপীজন যাএ তার পাশে॥ ৪॥ নেত ধড়ী পিন্ধি আগু পাছ লাম্বাএ। চরণে নূপুর রুণুঝুণু কাঢ়ে রাএ॥ ৫॥ কপুর বাসিত বড়ায়ি নেহ গুআ পান। শক্তি করিআঁ চাহিত। আন কাহ্ন ॥ ৬॥ আগেত চাইহ বড়ায়ি বস্থলের ঘরে। আবাল চরিত্র কাহ্ন মায়া বড করে॥ ৭॥ তথাঁ না পাইলেঁ চাইহ যশোদার কোলে। মায়া পাতে কাহাঞি তথা নিন্দ ভোলে॥৮॥ তথাঁ না পাইআঁ চাইহ যমুনার কলে। বাছা রাখিবারেঁ কাহ্ন জাএ সে গোকুলে॥ ১॥ তথা না পাইজাঁ চাইহ যমুনার ঘাটে। শিশু সঙ্গে বেড়াএ সে যমুনা নিকটে ॥ ১০ ॥ বুন্দাবনে কাহ্যাঞি চাইহ ভাল মতে। ভক্ষগণে চডে কাহ্ন নানা ফল খায়িতে॥ ১১॥ হাথতে লগুড় বাঁশী বাএ সে সুরক্ষে। তথাঁ। চাইহ নারদ মুনি সঙ্গে॥ ১২॥ তথাত চাহিআঁ না পাহ যবেঁ কাক। তবেঁস চাইহ বড়ায়ি গোপগণ থান। ১৩॥ তথাঁছোঁ চাহিআঁ চাইহ অশক্ষেত থানে। গোপীগণ লখা কিবা করে নিধুবনে ॥ ১৪ ॥

তথাঁহোঁ চাহিআঁ যবেঁ না পাহ গোপালে।
তবেঁদি চাইহ গিআঁ ভাগীরথী কূলে॥ ১৫॥
তথাঁহোঁ না পাইলেঁ চাইহ সাগরের ঘরে।
সাগর গোআলে বাত পুছিহ সম্বরে। ১৬॥
তথাঁ গেলেঁ যবেঁ বড়ায়ি না পাহ কাহে।
তবেঁস পুছিহ বড়ায়ি সব জন থানে॥ ১৭॥
তবেঁ স্থি পাইবেঁ যথাঁ বসে জগমাথে।
আদি আন্ত কথা সব কহিল তোকাতে॥ ১৮॥
বোর বোলেঁ কাহু মোর আসিবেক পাশে।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ১৯॥

ভৈরবীরাগঃ॥ কুড়ুকঃ॥

মোঞাঁ ত স্থন্দরি রাধা আতি বড় বুঢ়ী ল বেড়ায়িতেঁ মোতে বল নাহীঁ। মোঞাঁ যে বোলোঁ উত্তর তাত আনুমতি কর আপণেঞিঁ চাহ ত কাহ্বাঞিঁ॥ ১॥ রাধা ল।

না হেলিছ বচন আক্ষারে।
যে পথেঁ উদ্দেশ পাহ সে পথেঁ আপণে যাহা
তবেঁ কাহ্মাঞি মেলিব তোক্ষারে॥গ্রু॥
চাহিতেঁ চাহিতেঁ যবেঁ সে কাহ্নুর লাগ পাহ
তবেঁ তাক বুলিছ বিনএ।
আমর বোলোঁ উপাএ ধরিহ তাহার পাএ
তবেঁ তোকে হয়িবে দদ্র ॥ ২ ॥
কাহ্নের উদ্দেশ করী ভ্রমিহ মথুরা পুরী
শানা গিরী কন্দর বদে।

বড় যতন করিআঁ চণ্ডীরে পূজা মানিআঁ।
তবেঁ তার পাইবেঁ দরশনে ॥ ৩ ॥
চল তোঁ মথুরা পুরী তথাঁ তোকে পাইবে হরী
না ছাড়িহ রাধা তার পাশে।
বাসলী চরণ শিরে বিশিস্তাঁ।
অনস্ত বড় গাইল চণ্ডীদাসে ॥ ৪ ॥

মালবরাগঃ॥ একতালী॥ 🖳

দধি চুধে সজাইআঁ চুকে। স্থণ বড়ায়ি ল। জাইবোঁ হাট মথুরাক বিকে॥ নাএ॥ আল হের। না বিকাএ যদি হুধ তথা। স্থূণ বড়ায়িল। তভোঁ কাহ্নাঞি সমে হৈবে কথা।। নাএ।। ১।। আল হের। মথুরার নামে প্রাণ ঝুরে। হ্বণ বড়ায়ি ল। সাদ লাগে কাহ্নাঞি দেখিবারে ॥ নাএ ॥ ধ্রু ॥ পিন্ধিব উল পুষ্পের হার। কণ্ণত কুওল হিরার ধার॥ পিন্ধিআঁ আমূল পাটোলে। কাহ্নাঞি দেখি পড়ি গেলেঁ। ভোলে॥ ২॥ যেই খনে কাহ্নাঞি দৈখিবোঁ। তখনেই তাক না এড়িবোঁ॥

যোগী যোগ চিন্তে যেক মনে।
কাক্যাঞ্জি ছাড়ী না জাণো মো আনে। ৩॥
না শুণিলোঁ তোক্ষার বচনে।
না খাইলোঁ কাক্ষের গুআ পানে॥
যত কৈল সব মতিমোধে।
গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

ভাঠিআলীরাগঃ ॥ লঘুশেখরঃ ॥

িবেনা দিগেঁ গেলা চক্রপাণী। আল বড়ায়ি গো। সে দিগেঁ কি বসন্ত না জাণী ॥ আল ॥ এবেঁ মোর মণের পোডনী। আল বডায়ি গো। যেন উয়ে কুন্তারের পণী ॥ আল । ১॥ কমণ উদ্দেশে মো জাইবোঁ। আল বড়ায়ি গো। কথাঁ না স্থন্দর কাহ্ন পাইবোঁ। আল । ধ্রু। মুকুলিল আম্ব সাহারে। মধু লোভেঁ ভ্রমর গুজরে ॥ ডালে বসী কুয়িলী কাঢে রাএ। যেহ্ন লাগে কুলিশের ঘাএ॥ ২ ॥ দেব অস্থর নরগণে। বস হএ মনমথ বাবে ॥ না বসএ তথাঁ কি মদনে। যে দিগেঁ বসে নারায়ণে ॥ ৩॥ পীন কঠিন উচ তনে। কাহাঞি পাইলেঁ দিবোঁ আলিঙ্গণে তভোঁ যদি এডে দামোদরে। তা দেখিতেঁ প্রাণ জাএব মোরে॥ ৪॥

না শুণিলোঁ কাহ্নাঞির বোলে। না নয়িলোঁ কাহ্নাঞির ভাস্থলে॥ যত কৈলোঁ সব মতিমোষে। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৫॥

ধাসুষীরাগঃ॥ যতিঃ॥

ভোকে তত্ব বোলোঁ চন্দ্রাবলী। যোড হাথ করী বনমালী॥ তাত বড পাইল আপমান। তেঁসি তোকা ছাডী গেল কাহন। :।। এবেঁ ভোর বিরহ পোডনী। আল। কথা গিজাঁ পাইব চক্রপাণী ॥ ধ্রু ॥ তোর স্থিজন হেন চাহে। কাহ্নাঞিঁ তেজুক তোহোর নেহে॥ তবেঁ কাহ্নাঞি লআঁ। বুন্দাবনে। কেলি করে সেহি গোপীগণে॥ ২॥ যোলহ সহস্র গোপী লয়িআ। বুনদাবন মাঝত বসিঅ।। নানা রসে বসে বনমালী। তোঙ্গাক বঞ্চিআঁ চন্দ্রাবলী॥ ৩॥ আইস রাধা যাই রুন্দাবনে। তবেঁ তার পাব দরশনে॥ তবেঁ তোরে কাহ্ন বা সম্ভাসে। গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

অশরীরশরৈ: ক্রশিতাপ্স্পতা বিততাধিযুতা গতসাতত্তি: পরিচিস্তা চিরং চরিতানি হরে-রভিমমুজেনী জরতীমবদং ॥

ললিতরাগঃ॥ একতালী॥

যে কাহ্ন লাগিআঁ মো আন না চাহিলেঁ। বড়ায়ি

না মানিলোঁ লঘু গুরু জনে। হেন মনে পড়িহাসে আক্ষা উপেখিলাঁ রোষে আন লগাঁ বঞ্চে বৃন্দাবনে॥ ১॥

্বভায়ি গো

কত দুখ কহিব কাঁহিণী।
দহ বুলী ঝাঁপ দিলোঁ সে মোর স্থাইল ল
মোঞ নারী বড় আভাগিনী ॥ ধ্রু ॥
নান্দের নন্দন কাহু
আল

তার সমে নেহা বাঢ়ায়িলোঁ।
গুপতেঁ রাখিতেঁ কাজ তাক মোঞঁ বিকাসিলোঁ
তাহার উচিত ফল পাইলোঁ॥ ২॥
সামী মোর হুরুবার গোআল বিশাল
প্রতিবোল ননন্দ বাছে।
সব গোপীগণে মোরে কলক্ষ তুলিআঁ দিল
রাধিকা কাফাঞিঁর সঙ্গে আছে॥ ৩॥

এ**ত স**ব সহিলোঁ মো কাছের নেহাত লাগী বড়ায়ি

মোকে নেহ কাহাঞিঁর পাশে। বাদলী চরণ শিরে বন্দিওঁ। গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

বঙ্গালরাগঃ ॥ রূপকং ॥

হরি হরি। আস্ত্রখ না কর ভোগে শুন গোগালী। নিকট মেলিব তোর প্রিয় বনমালী।। হরি হরি। মলিন না কর রাধা চান্দ সম মুখ। তোর দেহ গতি দেখি মোতে লাগে ছখ। ১ হৃদয়ে ভরুস কর থাক মোর থানে। আপণে মেলিব ভোক গোকুলের কাহে।। ধ্রা। আইস মোর সঙ্গে রাধা বাই বুন্দাবনে। চাহি কুঞ্জে কুঞ্জে ভোর প্রিয় নারায়ণে॥ বারতা পুছিট রাধা সব জন থানে। আবসি দেখিল কেহো শ্রীমধুসুদনে॥২॥ কেমনে বেডাএ কাহ্ন কিবা রূপ ধরে। একেঁ একেঁ সব কথা কহ তোঁ আক্ষারে॥ আবদে জাণিব কেহে। যথাঁ বসে কাহ্নে। পুছিতেঁ পুছিতেঁ তার পাব দরশনে॥ ৩॥ কিবা জল কিবা থল কিবা বৃন্দাৰনে। গর রাখে কিবা বনে নান্দের নন্দনে॥

সব ঠাই চাহিআঁ আণিব শ্রীনিবাস। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪॥

ললিভরাগঃ॥ একতালী॥

ময়ুর পুছে বান্ধি চূড়া কেশপাশে দিখা বেঢ়া কনয়া কুস্থমে বান্ধী জটা।

দেহ নীল মেঘ ছটা গন্ধ চন্দনের ফোটা

যেন উয়ে গগনে চান্দ গোটা ॥ ১॥

দুতা ল

তোকো কি দেখিলেঁ কৃষ্ণ জায়িতেঁ। আল।

এ বাটে জায়িতেঁ গায়িতেঁ নান্দের পোস

হাসিতেঁ এ বাঁশী বোলায়িতেঁ॥ ধ্ৰু॥

নিশ্মল কমল বন্ধনে নীল উত্পল নয়নে

রতন কুওল শোভে কলে।

মাণিক দশন যুতী গিএ শোভে গজমুতী

জীএ রাহি তার দরশনে॥২॥

চন্দন চর্চিত গাএ যাঘর মগর পাএ

হেন বেশ কেন দরশনে।

নেত পরিধান লাসী হাথে মৌহারী বাঁশী

সে কৃষ্ণ গেলান্ত গগনে॥ ৩॥

মোঞ ত আভাগিনী রাহী তেঁদি হারায়িলোঁ কাহাঞি

এবেঁ তাক চাহি বন দেশে।

তথ**াঁত পাইব স্থ**ধী বড়ায়ি তোক্ষার বুধী গাইল বড়ু চঙীদাসে॥ ৪॥ ুকেদাররাগঃ॥ রূপকং॥

তোকোত নাতিনী মোর পরাণ সমান। ভোক্ষার থানত মো না বুলিবোঁ আন॥ আবসি আইসে কাহ্ন কদমের তলে। হাথত লগুড় করী রাখএ গোকুলে॥ ১॥ **চল চল গোহ্মালিনो यगुनां र कृ**रल। আবসী পাইবী তথাঁ বাল গোপালে ॥ ধ্রু ॥ কিবা রাতী কিবা দীন মাবা বুন্দাবনে। নানা ফুল নানা ফল খাএ নারায়ণে॥ গোপ যুবতী সমে করে নিধুবন। তথাঁ গেলেঁ রাধা তার পাইব দরশন ॥ ২ ॥ শুভ্যাত্রা করি রাধা কর মনোবল। তথাঁ তোর মনোরথ হয়িব সফল॥ আন্দ্রে জাণি কাহ্নাঞিঁর চরিত্র সকল। ছাড়িতেঁ না পারে সে তো কদমের তল ॥ ৩॥ প্রত্য কর রাধা আক্ষার বচনে। সত্য বচন ছাড়ী না বোলোঁ মো আনে॥ কদম তলাক জাইউ চিত্তের হরিষে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥ ৪॥

ধানুষীরাগঃ॥ একভালী॥

কদম তরু তল গিঙাঁ। কিশলয়ে শয়ন বিছাইআঁ॥ আল রাধা॥ আগর চন্দন আক্তেমাখী। কাজলে রঞ্জিল চুষ্ট আখী॥ল॥১॥ হেন নেহ বড়ায়ির উদ্দেশে।
চলি গেলি রাধিকা হরিষে॥ গ্রা
ফুলে জড়া বান্ধি কেশপাশে।
পরিধান কর নেত বাসে॥
ভূসার ভরিআঁ নৈল জলে।
বাটা ভরী কপুর তাম্মুলে॥ ২॥
তরু দল চাল এ প্রনে।
না দেখিলাঁ ছাড়এ নিশাসে।
বড়ায়িক মাসে আশোলাসে॥ ৩॥
হেন মতেঁ কতোখন রহা।
কদম তলাত রাধা রাহা॥
না পাইল কাহাতিওঁ দৈবদোষে।
গাইল বড়ু চঙীদাসে॥ ৪॥

কদম্বত এলে হিন্না রাধা তএ চিরক্ষণং। মনোজনিথিসম্বতা বিল্লাপ নিরস্তরং॥ ়

পাহাড়ীআরাগঃ॥ ক্রীড়া॥

দিনের স্থরুজ

পো ডাআঁ মারে

রাতিহো এ দুখ চান্দে।

কেমনে সহিব

পরাণে বড়ায়ি

চথুত নাইদে নিন্দে॥

শীতল চন্দন

আঙ্গে বুলাওঁ

তভো বিরহ না টুটে।

মেদনী বিদার দেউ গো বড়ায়ি লুকাওঁ ভাহার পেটে॥ ১॥ তাল। দহে পৈত্ব কাল দূতী। উগাজাঁ পাগাজাঁ আকা আণিল নিফলে পোহাইল রাতী॥ গ্রহ॥ তবেঁ বুয়িলোঁ বড়ায়ি কি মোর কাহ্নের সমে নেহা বাঢায়িখা। মরণ বডায়ি এখন আক্ষার নিকট মেলিল আসিখাঁ॥ দিন পাঁচ সাত রুস্ত লাগিজা দ্রগুণ পোড়নি সারে। আর তার মুখ দেখিতে না পাইলোঁ করম ফল আসারে॥ ২॥ সব খন মোবে নান্দের নন্দন চন্দ্র করে কপোলে। কে হরি নিলে হেন হাথ নিধী ্ মো ছখ্মতীর হেলে॥ ঘসির আঞ্চণ একে দহদহ আরে কে না জালে ফুকে। দিতেঁ না পাইলোঁ ভিডি ঝালিঙ্গন এ শাল থাকিল বুকে॥ ৩॥ ধনে ল বড়ায়ি কে গোর যৌবন কি মোর বসভী বাসে। একো না ভাএ

কি মোর জীবন আশে॥

আন পাণী মোকে

মাথা মুণ্ডিআঁ বোগিনী হওঁ।

বেড়ায়িবোঁ নানা দেশে।
বাসলী চরণ শিরে বন্দিআঁ।

গাইল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

মল্লাররাগঃ॥ রূপকং।

মেঘ আর্রারী আতি ভয়ঙ্কর নিশী। একসরী ঝুরোঁ মো কদম তলে বসী॥ চতুৰ্দিশ চাহোঁ কৃষ্ণ দেখিতেঁ না পাওঁ। মেদনী বিদার দেউ পসিআঁ লুকাওঁ ॥ ১॥ নারিব নারিব বডায়ি যৌবন রাখিতে। সব খন মন ঝুরে কাহ্নাঞিত্র দেখিতে ॥ ল ॥ প্র ॥ ভ্রমরা ভ্রমরী সমে করে কোলাহলে। কোকিল কুহলে বসী সহকার ডালে॥ মোঞ তাক মানো বড়ায়ি যেহ্ন যমদূত। এ তুখ খণ্ডিব কবেঁ যশোদার পুত॥২॥ বড় পতিআশে আইলোঁ বনের ভিতর। তভোঁ না মেলিল মোরে নান্দের স্থন্দর ॥ উন্নত যৌবন মোর দিনে দিনে শেষ। কাহ্নাঞি না বুঝে দৈবেঁ এ বিশেষ॥ ৩॥ মলয় পবন বহে বসন্ত সমএ। বিকসিত ফুল গন্ধ বহু দূর জাএ॥ এবেঁ কাঁট আন বড়ায়ি নান্দের নন্দন। গাইল বড় চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

ককুরাগঃ॥ যতিঃ॥ 💢

মথুরার পথে বড়ায়ি এহি কদমের তলে धीरत धीरत वरह वमरखत वा । এবেঁ নানা ফুলেঁ মোঞ সেজা বিছাই আঁ কাহণঞি কাহণঞি দেওঁ রাএ॥ ১॥ আল হের বডায়ি। কাহ্নাঞি মোরে আণিখা দে। আল পরাণের বডায়ি। কাহ্নাঞি মোকে আণিসাঁ দে॥ প্রন্থ। বিরহ সাগর মোর গহীন গন্তীর বড়ায়ি এহাত কেমনে হয়িব পার। যদি কাহ্নাঞি কর পার এ মোর কুচ কুম্ব ভেলা করী হএ মোর তবেঁসি নিস্তার॥ ২॥ এহি চ বুন্দাবন বড়ায়ি পুড়িআঁ মারে মণে পড়ে কাহ্নাঞির নেহে। এবেঁ থীর নহে (চিত) এ বড়ায়ি কোণ পরকারে ্মরি জাইব কাকের বিরহে ॥ ৩ ॥ এহি বুন্দাবনে এ বড়ায়ি তিলে তিলে চাহিল না পাইল কান্ডের উদ্দেশে। বাসলী চরণ শিবে বন্দিখাঁ এ বড়ায়ি গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

রাধামাধবম্মিয়া পরিশ্রান্তা বনান্তরে। জগাদ জরতীং রাধা স্থাবজ্বভ্রাতুরা॥

বেলাবলীরাগঃ॥ যতিঃ॥

প্রভু জগন্নাথে মাবে যত বুইল। আল হের বড়ায়ি। মোঞ্জ দুখমতী তাক না শুণিল।। হরি হরি।। ্রিবেঁ আন্দোমণে পরিভাবিল। আল হের বডায়ি। সে কারণে আক্ষে এত দুখ পাইল। হরি হরি।। ১।। এবেঁ হৈল মোহোর আরতী। অ'ল হের বডায়ি। বোল কাফে রাধা মাঙ্গে স্থরতী॥ গ্রন্থ ॥ যবেঁ কাহ্ন চাহিলে স্বরতী। মো তবেঁ আছিলো শিশুমতী ॥ এবেঁ মোঞ ভৈলোঁ ভর যুবতী। আকাক ছাড়িখা কাহ্ন গেলা কতী॥২॥ সংপুন শশধর বদনে। কমল লোচন পাপ বিমোচনে ॥ সে কাহ্নাঞি দিখা মোক দুখ আতী। রতি ভুঞ্জে লেগাঁ কোণ যুব গী॥ ৩॥ কি না বিধি লিখিত কপালে। মোরে দয়া না কয়ে বাল গোপালে॥ না পায়িলোঁ মো কাছের উদ্দেশে। গাইল বজু চণ্ডীদাসে॥ ৪॥

সংপ্রহুটোহত গোবিন্দো রমমাণো ময়া সহ। স্বিধন্তত জরতি প্রণামে গ্রুম্চাতাম্॥

ককুরাগঃ॥ লঘুশেখরঃ॥

আজি সপন বড়ায়ি দেখিল এ আল আলিছিল নান্দের নন্দন। বাহুলভা পাশেঁ বান্ধিআঁ এ দিলোঁ মোঞ দৃঢ় আলিঙ্গন ॥ ১॥ কি হরি হরি গোবিন্দ এ আল প্রাণ নৈল বাঁশীর নাদে॥ ধ্রু॥ নানা আভরণগণে শোভক এ নীল জলদ সম দেহা। সে কাহ্ন বিহাণে প্রাণ আকুল এ ভাবি ভাবি তাহার নেহা॥ ১॥ নানা ফুলে সেজা বিছাইআঁ এ থাকিলোঁ মো কাহ্ন কোলে স্বতী। হেন সম্ভেদে মো জাগিলোঁ এ নিফলে পোহাইল রাভী ॥ ৩॥ সে নারীর সফল জীবন এ জারে কাহ্ন স্থরতীঞ তোষে। বাসলী চরণ শিরে বন্দিঙাঁ এ গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥

মালবরাগঃ॥ প্রকীগ্লকঃ॥ চিত্রুকঃ॥ লগনী॥ রূপকং॥ দণ্ডকঃ॥ স্থানাতিনী রাধা আক্ষার উত্তর। বাঁশী বাইআঁ প্রভাতে গেলান্তি গদাধর॥ ১॥ হেন বুঝোঁ গেলা কাহ্ন বনের ভীতর। তথাঁ গিজাঁ চাহা তাক কিছু নাহিঁ ডর॥ ২॥ মুগধী বড়ায়ি ভোতে নাহিঁ কিছু বুধী। হাথেঁ হাথেঁ ছাড়িলী কেছে গুণনিধী॥ ৩॥ আইস তোর সঙ্গে জাইউ বুন্দাবন। তথাঁ আবসি পাইব নান্দের নন্দন॥ ৪॥ রাধার বচনে বড়ায়ি গেলী বুন্দাবন। তথাঁ হেন রাধিকারে বুইল বচন। ৫॥ আগু জাতা রাধা কাহ্ন চাহিত্রেঁ আপুণী। তবেঁসি মেলিব তোকে দেব চক্রপাণী॥ ৬॥ বড়ায়ির বচন শুণী উল্লসিত মতী। একসরী বুন্দাবনে রাধা কৈল গভী॥ १॥ দেখিঅ। গোঠ রাখিতে বুলে বনমালী। মদনে মুক্তা গেলী রাধা চন্দ্রাবলী ॥ ৮॥ মুখে জল দিজা বড়ায়ি ততিখনে। অথবেথে রাধিকারে করায়িল চেতনে ॥ ৯ ॥ বুলিতেঁ লাগিলী রাধা পাইআঁ চেতনে। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণে॥ ১০॥

বিভাষরাগঃ॥ দণ্ডকঃ॥ একতালী॥ রূপকথা॥
বিরহে বিকল গোসাঞি তোকো বনমালী।
যবেঁ আছিলাহোঁ আলো আতিশয় বালী॥ ১॥
পান ফুল না লইলোঁ মাইলোঁ তোর দূতী।
সেহো দোষ খণ্ড মোর মদন মুক্তী॥ ২॥
আর যত তুখ দিলোঁ কদমের তলে।
সেহো দোষ খণ্ড কাহু না জাণিলোঁ ভোলে॥ ৩

বাঁরে বাঁরে তোক যত বুয়িলোঁ আহকারে।
সেহা দোষ খণ্ড মোর দেব গদাধরে॥৪॥
যেবা কিছু তুখ দিলোঁ পার হৈতেঁ নাএ।
সেহো দোষ খণ্ড কাহ্ন ধরোঁ তোর পাএ॥৫॥
আর তুখ দিলোঁ তোক বহায়িলোঁ ভার।
সেহো দোষ জগন্নাথ খণ্ডহ আন্যার॥৬॥
না শুণিলোঁ তোর বোল লআঁ জাইতেঁ পাণী।
সেহো দোষ খণ্ড মোর দেব চক্রপাণী॥৭॥
অনাথী নারীক কত থাকে আভিমান।
আলিক্সন দিআঁ কাহ্ন রাখহ পরাণ॥৮॥
মাহিঁ উপেখিহ মোরে নান্দের নন্দন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥৯॥

ললিতরাগঃ॥ রূপকং॥

নিতি নিতি গোন্সালিনী গেলা দিধ বিকে।
আনেক ভকতি কৈলোঁ পাসরিলোঁ কিকে॥
যমুনাত পার কৈলোঁ নিলোঁ দিধ ভার।
ততোঁ তোষিতোঁ নারিলোঁ মন তোন্ধার॥ ১॥
যোবন গরবেঁ রাধা বড় দিলোঁ হুখ।
চাহিতোঁ না ফুরে আর তোন্ধার মুখ॥ ধ্রু॥
বড়ার বছআরী তোন্ধাে আইহনের রাণী।
কেগা লাজোঁ ভল এবেঁ দেব চক্রপাণী॥
কহীতোঁ লাজাই রাধা তোন্ধার যত কাজ।
ভার বহায়িআঁ ভাগুয়িলোঁ দেবরাজ॥ ২॥
চল চল গোমালিনী নিবারহ মতী।
ঘর গিআঁ দেব তোন্ধাে আইহন পতী॥

কিসক করহ রাধা আক্ষারে যতন।
না পাত জঞ্চাল এবেঁ জাওঁ বৃন্দাবন॥ ৩॥
ছার হেন দেখোঁ এবেঁ তোক্ষার যৌবন।
এতেকেঁ নিবারিলোঁ রাধা তোক্ষাতেঁ মন॥
এহা তত্ত্ব জাণী কর ঘরকে গমন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

বিভাষককুরাগঃ॥ একতালী॥ নান্দের নন্দন কাহাঞি তোলো বনমালী। ত্রিভুবনে গোসাঞি তোকো আধিকারী॥ নরসিংহ রূপে তোলে হিরণ্য বিদারী। কংস মারিবারে তোকো গোকুল তরী॥ ১॥ আল শ্রীহরি গোবিন্দ মধুসূদন। জায়িতেঁ নে মোরে আপণ ভূবন ॥ ধ্রু ॥ নানা রতি সমে মোর হরি আঁ পরাণ। বিকলী করিআঁ। মোক তোক্ষে বুলহ কাহ্ন॥ তোকাক চাহিতাঁ ভৈল পাঞ্জর শেষ। এবেঁ তোর লাগ পাইলোঁ দেব ঋষিকেশ ॥ ২ ॥ তোকা বিণি মোর রূপ যৌবন নিফল। হেন ভাবি আইলোঁ মোঞ কদমের তল ॥ বঞ্চিলেঁ। সকল রাতী তোক্ষার কারণে। তবেঁ মোকে নাহি দিলেঁ তোকো দরশনে॥ ৩॥ মোর রূপ যৌবনে পড়িলাহা ভোলে। দূতা দিখা পাঠায়িলেঁ কপুরি তাম্বলে॥ দূতাক মাইল আক্ষে উনমত কালে। আন্তর পোডএ এবেঁ নিরহ সানলে॥ ৪।

বোড় হাথ করী গোসাঞি বোলোঁ মো ভোকাবে। আমার সকল দোষ খণ্ডহ বিদূরে॥ নিকট বসিতেঁ মোক দেহ আমুমতী। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গতী॥ ৫॥

লিলিতরাগঃ॥ ক্রীড়া॥

নিকট না আইস লোক বুলিব অবোল। দুর থাকি বোল রাধা স্থণ মোর বোল।। এবেসি জাণিল ভৈল কলি আবতার। সব জন থাকিতে ভাগিনা চাহেঁ জার ॥ ১॥ কমণ ঝগড রাধা পাতসি তোঁ। পর নারী হরণ না করোঁ মো॥ ধ্রু॥ উতপতি ভৈল তোর উত্তম কুলে। আক্ষে ত ভাগিনা তোর দেব সমতুলে॥ সমুচিত নহে রাধা তোগা সঙ্গে কেলি। মোর পাণে আল রাধা তেজহ ধামালী॥ ২॥ দৃতা দিএ। পাঠায়িলোঁ গলার গজমুতী। তবে নাম পাডায়িলেঁ আন্ধে আবালি সতী॥ এবে কেহ্নে গোমালিনী পোডে ভোর মন। পোটলী বান্ধিএগাঁ রাখ নহুলী যৌবন ॥ ৩॥ বাপ নন্দ ঘোষ মামা আইহন বীর। মায় জদোদা পুষিলেক দিঞাঁ খীর॥ তে কারণে মামী ভোক্ষা তেজে বনমালী। গাইল বড়ু চণ্ডীদাস বন্দিঞাঁ বাসলী ॥ ৪॥

শ্ৰীকৃষ্ণকীৰ্ত্তন

গুজ্জরীরাগঃ॥ যতিঃ ॥

গুণ বুঝি মধুকর পরিহর বন। আইদ বন মাঝেঁ বিকচ নলীন॥ ভোকো ভেজীবারে কেন্সে কর চীত। নাগর জনের হেন (না হএ) উচীত॥ ১॥ তোকারে দেখিএ । মোরে পাঞ্চশরে মারে । নিদয় হৃদয় (কাহ্ন) দয়া কর মোরে॥ গ্রা কাহ্ন মোর কুট্ম সহোদর নাহি মতী। এক তোকা গতী পুছিএগাঁ চাহা দূতী॥ বড় পতিআশে মোঁ খোপা ফুলে ভরী। আইলো তোর বৃন্দাবন তোন্ধা অনুসরী॥২॥ কায় মনে প্রসন হয় মোক কাহ্ন। একবার কর দেব আন্ধার সমান ॥ তোলার সমান মোএে রাধা চলাবলী। কর রতী অনুমতী পুয় বনমালী॥ ৩॥ নিফল না কর রাধা আন্সার যৌবন। যাচক জনের কাহ্ন করহ ভোষণ ॥ আলিক্সন দিএ ীরাথ আক্ষার জীবন। গাইল বড়ু চঙীদাস বাসলী গণ॥ ৪॥

মলারগাগঃ॥ রূপকং॥

আহোনিশি যোগ ধেআই।
মন পবন গগনে রহ!ই॥
মূল কমলে কয়িলে মধুপ!ন।
এবেঁ পাইএটা আন্ধো ব্রন্ম গেকান॥ ১ ন

দূর আসুসর স্থন্দরি রাহী।

মিছা লোভ কর পায়িতেঁ কাহ্নাঞীঁ ॥ ধ্রু ॥

ইড়া পিঙ্গলা স্থসমনা সন্ধী।

মন পবন তাত কৈল বন্দী॥

দশমী ছুয়ারে দিলোঁ কপাট।

এবে চড়িলোঁ মো সে যোগ বাট॥ ২॥

গেআন বাণে ছেদিলোঁ মদন বাণ।

তে আর না ভোলো তোক্সার যৌবন॥

এবে দেহে মোর নাহি বিকার।

স্থাসার দেখীলো সব সংসার॥ ৩॥

রাধাক বুলিল নিঠুর বাণী।

নাগর বর দেব চক্রপাণী॥

ধেমানে থাকিল নিচল মনে।

গায়িল বড় চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

চিরায় মধুরং পীহা রাধা মধুরিপোর্বচ:। জগাদ জগতাং রম্যা বচনং করুণান্নিতং॥

বঙ্গালবরাড়ীবাগঃ॥ রূপকং॥

আতি ছখিনী বালী ল।

গাল

লবলী দল কোফালী ল।

আল

মদন বাণে পরাণে আকুলী ল॥

বিরহে না মার মোরে ল।

আল চরণে ধরোঁ তোরে ল। আল তিরি বধ পাপ নাহিক ডর তোক্সারে ল॥ ১॥ কাহ্ন কিকে কর আসম্মতী ল। আল মাথ তুলিএই। দেখহ আক্ষার গতী ল ॥ ধ্রু॥ যাবত আছে পরাণে ল। তাবত দেহ বচনে ল। আক্ষার মরণ তোকার এহি ধেআনে ল। যবে দরশন ভৈল। তবে কেন্তে না তেজিল। এবেঁ তোকো মোকে বড়ায়ি চুখিনী কৈল ল ॥ ২॥ কাহ্ন তোহ্মার নেহাত লাগি ল। সকল রজনী জাগিল। তোক্ষাক না পাইল মোঞেঁত বড় আভাগী ল॥ এবে পায়িলোঁ দরশনে ল। আর জরমের পুনে ল। দেব দামোদর হয় মোক পরসনে ল।। ৩।। দেখী মোর দেহ গতীল। নিঠুর তোক্ষার মতি ল। বুঝিতেঁ নারিল তিরি পুরুষ জাতি ল। এভোঁ দয়া ধর মোরে ল। জীএে বাঁ সঙ্গমে তোরে ল। গায়িল বড় চণ্ডীদাস বাসলী বরে ল॥ ৪॥

ভৈরবীরাগঃ॥ রূপকং॥ যতির্ব।॥

রঘুবংশ পরধান আছে শ্রীরাম নাম

আহ্বার শুণ তোগো কথা।

সপুত্র বান্ধবে বাঢ়ে লঙ্কার রাবণে ল

তাহার কাটিলোঁ দশ মাথা॥ ১॥

রাধা ল

আক্ষে চিত্ত নেবারিল তোরে।

বাপ বস্থল মাত্র দৈবকী হৈল মোরে ॥ ধ্রু ॥

উত্তম কুলত মোর জরম ভৈল ল

আন্ধা লঞাঁ নাহি পরদারে।

* * * * * * *

আন্দো দেব ত্রিভুবনে সারে॥ ২॥

আক্ষেহরী নারায়ণ মুকুন্দ মুরারী ল

যুগে যুগে অবভার করী ল।

অস্তুর মারিঞাঁ পরণী পাতিল

সব পাপ করম নেবারী । ৩॥

এভহোঁ নিলজী রাহী ছাড় মোর আশে ল

সব গোপ নাহী জাণে।

চল তোক্ষো নিজ বাস গাইল বড়ূ চণ্ডীদাস

বন্দিএ। বাসলী চরণে ॥ ৪ ॥

শ্রীরাগঃ॥ যতিঃ॥

নানা তপ ফলে তোক্ষা মোরে দিল বিধী।

আরে

কেহ্নে সর জাইতে মোকে বোল গুণনিধা।। ল।।

86

ছাড় মোর পাশ চল নিজ বাস তেজহ আক্ষার আস। বাসলী চরণ শিরে বন্দিএগাঁ গাইল বড়ু চণ্ডীদাস॥৪॥

ককুরাগঃ॥ রূপকং॥ লগনী॥

আহে কাহ্নাঞি ।

আছিলোঁ মোঁ শিশুমতী না জাণিলোঁ রঙ্গ রতী এবেঁ গুণী ভৈল তমু শেষ। আহোনিশি একমতী তোক্ষা ছাড়ী নাহিঁ গতী এবেঁ কৃষ্ণ কর্বহ আদেশ॥ ১॥

আহে রাধা।

বাপ বস্থল মোর

্গোপ লোকেঁ আক্ষা ভালেঁ জাণে।

স্থণিলেঁ পাইব লাজ তোকো মোর নাহিঁ কাজ

মোর পাশ আইস অকারণে॥ ২॥

ছার তিরী বামা জাতী নানা দোষেঁ উতপতী

তাক কোপ রহে কত খনে।

তোক্ষার বিরহে মোর আকুল পরাণ হে

নিঠুর বোলহ কি কারণে॥ ৩॥

স্থণ ল স্থন্দরী সতী বুঝিলোঁ তোক্ষার মতী

স্থণ পাপ পুণ্যের উত্তর।

পুণ্য কইলেঁ স্বগ্য জাইএ নানা উপভোগ পাইএ

পাপেঁ হএ নরকের ফল॥ ৪॥

দৈবকীর পুত্র ভোক্ষা

ভোকো দেব কংশের সারী।

গোপীর বালেন্দু (?) হরী আন্দো বিরহিণী নারী
তোক্ষা বিণি বঞ্চিতেঁ না পারী ॥ ৫ ॥
তোরে বোলোঁ চন্দ্রাবলী আক্ষে দেব বনমালী
কেন্দ্রে বোল হেন পাপ বাণী।
মাজ যশোদা মোর মামা আইহন ল
তোক্ষে মোর সোদর মাউলানী ॥ ৬ ॥
না বোল মোরে নিরাস একবার নেহ পাশ
তোক্ষে মোর পতি শ্রীনিবাস।
আনেক জরম পুনে ভজিলোঁ তোর চরণে
গাইল বড়ু চণ্ডীদাস ॥ ৭ ॥

শ্রীরাগঃ॥ রূপকং॥

তুত্র যমুনাত রাধা তোকা কৈলোঁ পার।
লাজে পিঠ দিআঁ মো বহিলোঁ দিধ ভার॥
তুসহ মদন বাণে বড় তুখ পাইল।
রাজ ভরিআঁ মোর কলঙ্ক থাকিল॥ ১॥
বিরহ সন্তাপ রাধা এবেঁসি জাণিলে।
যৌথন গরবেঁ রাধা আক্ষা না চিহ্নিলোঁ ॥ ল॥ প্রা॥
তোক্ষাত লাগিআঁ রাধা বড় পাইলোঁ তুখ।
তোক্ষাত লাগিআঁ রাধা তেআগিল ঘর।
তভোঁ মোর বচনে না দিলোঁ উত্তর॥ ২॥
তোক্ষাত লাগিআঁ মো হইলোঁ মাহাদাণী।
তবেঁ বোলাইলোঁ সভী আইহনের রাণী॥
এবেঁ কেছে গোআলিনী হেন ভোর মন্তী।
তোক্ষা বচীএওঁ কুমতী আক্ষে ধর্মানতী॥ ৩॥

CUATY A

নিয়ড় সপন্ধ রাধা না কর দূর।
জুণি স্থাপি পা এ রাধা রাজা কংশাস্তর ॥
আর এবে রাধা ভোতে নাহিঁ মোর মন।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

রামগিরারাগঃ॥ আঠতালা॥
কোণ আপরাধে মোকে তেজহ কাহ্নাঞি।
আপণে বিচারি তোলে চাহ ত গোসাঞি।
সকল সংপুর মোর যৌবন সাজে।
তাহাক তেজিতেঁ না জুআএ দেবরাজে॥ ১॥
বিণি দোষে কেহো নাহিঁ তেজে রমণা।
সিতা রামে ছঃখ পাইল হুণ চক্রপাণা॥ধ্রণ॥
সপনে গেআনে মনে চিন্তো আহোনিশী।
রাতী দিনে একলী কদম তলে বসা॥
তোলাত লাগিলা যবেঁ প্রাণ মোর জাএ।
তবেঁ তিরী বধ লাগে কাহ্নাঞি তোলাএ॥ ২
মদনে বিকলী হৈলোঁ হরি প্রাণ রাখ।
অকোপ হুলা মোর জাব্যা দেখ॥
একবার তোর মোর জাইউ বৃন্দাবন।
গাইল বড় চণ্ডীদাস বাসলী গণ॥ ৩॥

ধাসুষীরাগঃ ॥ ক্রীড়া

V

যে বেলিতে তোকে দূতা পাঠাইলোঁ ভাণ্ডিআঁ পাঠাইলি মোরে এবেদি মোর টুটিল সেনেহ সন জা এ কোকারে॥ লা॥ ১॥ व्याल।

চল চল তোকো স্থানরি রাধা

মো পরিহরিলোঁ তোরে।
বাপ নন্দঘোষ মাঅ যশোদা

তেঁ তুক্ষী মামী আক্ষারে॥ গ্রু॥
সোনা ভাঙ্গিলোঁ আছে উপাএ

জুড়িএ আগুর তাপে।
পুরুষ নেহা ভাঙ্গিলোঁ

জুড়িএ কাহার বাপে ॥ ২ ॥
যমুনা তীরে আছিলোঁ যবেঁ
তোর স্থরতির আশে।
বোল দিআঁ মোক ভার বহায়িলেঁ

এতেক ভাবিত্রা স্থন্দরী নারী তোতে নিবারিলোঁ মন ছাড় ভোঁ। আক্ষার আশে।

দেখি লোক উপহাসে॥ ৩॥

বাসলী চরণ শিরে বন্দিখা গাইল বড়্চ গুীদাসে॥

ললিতরাগঃ ॥ কৃড় ক্কঃ ॥ 🌙 🦳

সরস বসস্ত কালে।
কোকিলের কোলাহলে।
এ নত্মা যৌবন কাহ্মান্তিই প্রাণ বে॥
এবেঁ তোক্সার বিরহে।
মোর আকুল দেহে।
আকাকে তেজিতেঁ তোর উচিত নহে॥ ১॥

নহোঁগ নহোঁগ কাহাঞি তোকার মাউলানী। তোর মোর নেহ দেব লোকেঁ ভালেঁ জাণী ॥ প্র আছিলোঁ মো শিশুমতী। না বুঝিলোঁ স্থরতী। তে কারণে তোর বোলে না দিলোঁ সম্মতী॥ এবেঁ মো ভর যুবতী। তোকা ছাড়ী নাহিঁ গতী। এহা বুঝা মোর বোলে কর আসুমতী॥ ২॥ সাগর সঙ্গম জলে। তেজিবোঁ মো কলেবরে । এগাঞি মরিবোঁ কিবা খাইবোঁ গরলে ॥ এহা জাণী গদাধর। একবার দয়া কর। নহে তিরী বধ দিবোঁ মো তোগারে ॥ ৩॥ যত কৈলোঁ সংযম। করিলোঁ ব্রত নিয়ম। নঠ হএ কাহ্ন মোর সে সব ধরম। এহি শপথ করোঁ। কভোঁ যবেঁ তোকা হয়ে। গাইল বড়ু চণ্ডীদাসে ॥৪॥

দেশবরাড়ীরাগঃ ॥ লঘুশেখরঃ ॥

যবেঁ তোক যতন করিলোঁ চন্দ্রাবলী।
তবেঁ মোর বাপ মাএ দিলেঁ তোক্ষে গালী॥
এবেঁ কেন্ডে আক্ষা সমে বাঞ্ছ রতী।
পরিহরি আপণার আইহন পতী॥১॥

এবে কৈছে রাধা পাতিস মায়া মোহো।
এহাত না ভুলে আর নান্দের পোহো॥
থতন করিআঁ বেদ কহিলেন্ড বিধী।
পাপ করিলেঁ কোণ কাজে নাহিঁ সিধী।
আহ্বর মারিআঁ খণ্ডিবোঁ পৃথিবীর ভার।
পাপ করিলেঁ সে ত নহিব আক্ষার॥ ২॥
থতন না কর রাধা আইহনের রাণী।
পরিহার কৈল ভোক দেব চক্রপাণী॥
ব্রহ্মণে চিন্তনে কৈলোঁ নির্ম্মল কাএ।
তোক দেখি আরবার মন না জাএ॥ ৩॥
আহোনিশি করোঁ মো যোগ ধেআন।
আর কভোঁ না ভুলে ভোক্ষাতে দেব কাছে॥
এহা বুঝা গোজালিনা ছাড় মোর আশ।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাস॥ ৪॥

শ্রীরাগঃ॥ যতিঃ॥

মৈনাক মারিলেঁ কোণ মাহাসিধি হ এ।

সাপনেএিই গুণ কাহ্নাএিই আপণ হৃদএ॥
এ তান ভুবনে ভোকার আধিকার।
তোর আর্গেঁ গোপনারী হএ কোণ কাজ ॥ ১॥
না ধরিলোঁ মতিমোষে তোক্ষার বচন।
তাহার উচিত ফল দিলেক মদন ॥ ধ্রু॥
কাহ্ন তোর নেহে আপণাক বড় মানোঁ।
তোত উপজিব রোষ তাক না জাণেঁ।॥
পুরুবেঁ জাণিতোঁ যবেঁ রুষিবেহেঁ তোক্ষো।
তবেঁ না কহিতোঁ কথা যশোদক আক্ষো॥ ২॥

শরণ পসিলোঁ কাহ্ন চরণে তোক্ষারে।
যে ফল করিবেঁ মোর কর অবিচারে॥
সকল সন্তাপ কাহ্ন সহিবাক পারী।
তোর বিরহ সন্তাপ সহিতেঁ না পারী॥৩॥
একবার জগন্নাথ কর প্রতিকার।
তোর পরসাদেঁ ঘুচে বিরহ আক্ষার॥
তেরছ নয়নে দেহ আক্ষাক আশো।
বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥৪॥

দেশাগরাগং॥ লঘুশেখরঃ॥

এবেঁ ভ্রমর কোকিল শরে। **ক্ষণী মোৱে মনম্থ মারে** ॥ তিরী বধ ভয় না মান্সি। কেছে মিছা মাউলানা গোসসি। নাত।। ১॥ আল হের মোরে দ্যা না করত কেতে। কাহ্যঞি ল ছাড় নিচর ভাব মনে।। নাএ।। গ্র ত্রখ দিঙাঁ সত্য বোলোঁ শিরে দেওঁ হাগ। তোলে মোর প্রাণ জগরাথ। জিআত আড নয়নে চাহী। বিরহের জালাএ মরে রাহী ॥ ২ ॥ তিলেক যৌবন নাহিঁ টুটে। তোক্ষা বিণী বুক মোর ফুটে॥ এহা জাণী দয়া ধর মণে। আক্ষা লাই ব্ৰাঞ্চৰ মা ৩ ॥ তোকা চিন্তি ঝুরোঁ আহোনিশী। তভোঁ কেফে দয়া না করসী॥

মোরে না মারিহ শ্রীনিবাসে। গাইল বড়ু চণ্ডীদাদে॥ ৪॥

ধানুষারাগঃ ॥ ক্রণডা ॥

ताधा ल।

মথুরা জাইভেঁ

শমুনা পংগ

দধির পদার লগা।

আনেক যতন কৈলোঁ না দিলেঁ আশ

গেলাহা মোক তুথ দিলা। ১॥

সাল।

ছিনারী পামরা

নাগরী রাধা

কিকে পাঙ্গদি মায়।।

ভোলো ননে জাণ আগে ভোর প্রিয়

उति तकरङ् ना तेकरले प्रश्ना । अ ॥

পান ফুল দিআ

পাঠায়িলোঁ ভোৱে

দুভার হাণত দিলা।

বোল না ধরিলেঁ তামুল পেলাইলে

্বাম চরণে টালিআ।। ২॥

যেহেন প্রকারেঁ বডায়িক মাইলেঁ

তিরী বধ হৈত মোরে।

যে কারণে হরি

নারায়ণ আন্দো

তেঁসি জীবন তাহারে॥ ৩॥

যবেঁ বডায়ি আদেশিব মোরে

তবেঁ জাইবোঁ তোর পাশে।

এহা বুলা কাহানিশ

নিবৰ হযিক।

अहिल वेष्ठ ५ छीत्राटम् ॥ ६॥

ক্লফান্ত বাচমাচনা রাধা বৃদ্ধান্তিকং যথৌ। জগাদ চ নিজ্পাণপ্রিত্রাণকরং বচঃ॥

কোড়ারাগঃ॥ ক্রীড়া॥

নিশি আন্ধিআরী তাহাত কেমনে নারী। জিএ সে জাহার পাসত পুরুষ নাহী।। আল। ১॥ মোরে কি না ভয়িঞাঁ গেল বড়ায়ি নাএ। বিবাহ বিকলী খোজে। মোঁ নান্দের পোএ॥ धा। নিশি সপন দেখিলোঁ। কাহ্ন কোলে করি স্তায়িলো চিহায়িঞাঁ চাটে। নাহিক বাল গোপালে। এ মোর যৌবন ভার সকল ভৈল আসার আনল সরণ হৈবে দুভারে। ২ ॥ যে ডালে করো মো ভরে সে ডাল ভাঙ্গিঞ ৷ পড়ে নাহি হেন ডাল যাত করো বিসরামে। আনি দেহ যবে কাঞে ভিডি দেউ আলিঙ্গনে তাক না তেজিবোঁ আর জরমে॥ ৩॥। নেহ আমূল রভনে পালহ মোর বচনে একবার মোক আণি দেহ কাহে। ধরোঁ দুতা তোর পাএ হের মোর প্রাণ যাএ গাইল বড়ু চ ভীদাস বাসলী চরণে॥ ৪॥

ওজ্জরীরাগঃ॥ যতিঃ॥ যখণ কাহ্নাঞি তোরে পাঠাইলে পানে। তবেঁ তারে বুলিলি বচন আনচানে। এবেঁ মোক বোলসি কাহ্নাঞ্জি আণিবারে।
বুঢ় বয়সত বড় ছখ দিলে মোরে॥ ১॥
এবেঁ বলহীন আক্ষা চলিতে না পারী।
কোণ পরকারে তোক আণি দিলোঁ হরী॥ জঃ॥
এড় ঘর যাঞোঁ মোঞোঁ শকতি না কর।
কণাঁ গিঞোঁ পায়িলোঁ নিঠুর গদাধর॥
মোঞোঁ ভালেঁ জাণ ভোক নিঠুর ভৈল কাহু।
এ জরুমে নাইসে আর ভোকার থান॥ ২॥
পুরুষ ভ্রমর চুইহো এক মান।
নানা গান ভ্রমি ভ্রমি কর্ এ মধুপান॥
নানা রক্ষে রহে কাহ্নাঞিঁ আন নারী পাশে।
বাশলী সিরে বন্দা গাইল চণ্ডীদাসে॥ ৩॥

রামকিরারাগঃ ॥ প্রতিঃ ॥

শিশুকালে আংশ মতি ভোলে।
বড়ায়ি না লায়লো কাচ্ছের ভাগুলে।
এবেঁ আন্ধার মন মজিল বাল গোপালে।
ভোলে যাত্রা কর শুভক্ষণে।
বড়ায়ি নাঁট চল কাহ্নাঞির থানে।
বিনয় বচনে ভোগিলা কাহ্নাঞি আন মোর থানে।
ফুতী বোল গিঞা কাহ্লের থানে।
বারেক দয়া করা মোরে দেউ দরশনে। লা। প্রা।
সব খন চিন্তিআঁ মুরারী।
পরাণ ধরিতেঁ না পারী।
বহিব গৌননে আংশ কেমনে খন নেবারা।

মোঞা সে দগধ কপালী।
নাম মোর চন্দ্রবিলী।
আন মোর নাহিঁ গতী ছাড়িজাঁ প্রিয় বনমালী॥২॥
সোঁ তোলোঁ যমুনাত পাণী।
পরিহাস কৈল চক্রপাণী।
মতিমোশেঁ যশোদারে কহিলোঁ সে সব কাহিণা,॥
কাহ্ন না চিহ্নিলোঁ খাইলোঁ আখী।
চান্দ স্তরুজ চুয়ি সাখী।
এরূপ যৌবন কাহেনের পুয়িবোঁ রাখী॥৩॥
বাঁশী বাজায়িল ধর্বে কাহেন।
কোকিল কৈল পালি গানে।
আগুণি জালিল দেহে তখন দক্ষিণ প্রনে॥
এবেঁ লাজ খুইআঁ এক পাশে।
শরণ ভৈলোঁ শ্রীনিবাসে।
আণি দেহ এবেঁ কাহাঞি গাইল চণ্ডীদাসে॥৪॥

ধানুষী নাগঃ ॥ একতালী ॥ 🏏

গরবেঁ না তুষিলেঁ হরা।
পাছু না গুণিলী আছিদরী॥
বড় রোষ তার মনে জাগে।
এহা শুণী না মারে মোকে বড় ভাগে॥ ১॥
এবেঁ তোকো মোরে বোল বুধী।
মোএইঁ ভৈলোঁ এহাত মুগধী॥ গ্রু॥
কাকুতী করিল কাহ্ন ভোৱে॥
মোক পাঠায়িল বাবে নারে॥

তভোঁ তার না কৈলেঁ সমানে।
তে কারণে রুফি তৈল কাহ্নে॥ ২॥
বন্ধুজন করাজাঁ বিমনে।
ছন্দে বন্দে তোধিবে কমনে॥
আতি বড় সিআন সে কাহে।
তাক ভাণ্ডী কাহার পরাণে॥ ৩॥
তোক্ষে মোর পরাণ নাতিনী।
তোর তথ না সহে পরাণী॥
কথাঁ পাইব কাহ্নের উদ্দেশে।
গাইল বড় চণ্ডীদাসে॥ ১॥

জরতীবচনং ক্রি মনোজশরকাতরা। স্থীরণ্য্বাচেদ্ং মাধ্বপ্রাপ্রিবাঞ্যা ।

পাহাড়ীআরাগঃ॥ প্রকীয়ক॥ লগনী॥

দণ্ডকঃ॥ জীড়া॥

বড়ায়িক তবেঁ বুইল রাধা

কি পুছহ মোবে বুধী।

আক্ষার হৃদয় চন্দন কাহাঞি

আপণেঞি কর শুধী॥ ল বড়ায়ি॥ ১॥

রাধার বচন শুণী বড়ায়ি

বুইল মনত গুণী।
ভোক্ষো আক্ষা চিক্সণানী।
ভবেঁ পাইব চক্রপাণী॥ ল রাধা॥ ২॥

তুহেঁ মেলিজা কাহ্নাঞি টাহিল না পাইআঁ জুড়িল ক্রেন। হেনই সম্ভেদে নারদ মুনী আসিআঁ দিল দরশনে ॥ ল রাধা ॥ ৩॥ করিজাঁ প্রণাম নারদ চরণে রাধা পুছে যোড় হাথে। निषय ऋषय নান্দের নন্দন কথাঁ বসে জগন্নাথে ॥ ল মুনী ॥ ৪ ॥ কি মোর জীবন যৌবন নাবদ কি মোর এ ধন বাসে। কাহ্ন বিণি সোঁ যোগিনী হৈবোঁ ভূমিবোঁ সকল দেশে॥ ৫॥ শুণী মাহামুনা রাধার বচন विभिन्ना (याश (स्थारन । জাণিল কদম তলাত বসিজা গাছেন্থ নাগর কাফে ॥ ৬ । নারদ বুইল কদম ভল **छल दुन्ह**ांदन भारत्। . কুসুম দেজাত বসিফাঁ আছে ভাগাঁ পাইবেঁ দেবরাজে॥ ৭॥ নারদের বোল বেদ সমত্ল মনে ধরী চন্দ্রাবলী। চাহিতেঁ চাহিতেঁ পাইল আচন্ধিত दुन्निवर्न वन्यानी ॥ ৮॥ কুদের বদন দুৱে দেখি বাধা মরুছা পাইল তখনে।

ভূঙ্গারের জল মুখে দিআঁ বড়ায়ি রাধার কইল চেতনে॥৯॥ চেতন পাইআঁ বড়ায়ির চরণ ধরিল আতি যতনে। বুলিভেঁ নারোঁ বচন বড়ায়ি না চলে মোর চরণে ॥ ১০॥ এবেঁ কি করিবোঁ পরাণ নাতিনী বোল হর্ষিত মণে। ভোক্ষার আস্তরে প্রাণ উপেখিজা করিবোঁ তাক যতনে ॥ ১১ ॥ মণে পরিভাবী মোরে দয়া করী বডায়ি চল গাপণে। ভাল মতেঁ মোর তুখ কথা কহ নিচুখ কাহ্ন চরণে ॥ ১২ ॥ এ বচন শুণী বড়ায়ি বুইল গিআঁ কাক্সের পাশে। বাসলী চরণ শিরে বন্দিআঁ৷ • গাইল বড চণ্ডীদাসে॥ ১৩॥

দেশাগরাগঃ॥ ক্রীড়া॥

তনের উপর হারে।

আল

মানএ যেহেন ভারে। আতি হৃদয়ে খিনী রাধা চলিতেঁ না পারে॥ ৪৮ সরস চন্দন পক্ষে।

আল

দেহে বিষম শক্ষে। দহন সমান মানে নিশি শশাঙ্কে ১॥

আল

তোর বিরহ দহনে। দগধিলী রাধা জীএ তোর দরশনে॥ ধ্রু॥ কুসুম শর হুতাশে। তপত দীর্ঘ নিশাসে। সঘন ছাডএ রাধা বসি এক পাশে॥ ক্ষেপে সজল নয়নে। **দশ দিশে খনে খনে।** नालशैन किल (यन नील निलान ॥ २ ॥ দেখি পল্লব শয়নে। আক্লার রাশি সমানে। মুদুয়ে নয়ন আতি তরাসিত মনে॥ বাম করতে বদনে। দিআঁ। গগনে নয়নে। তোকাক চিন্তে রাধা নিশ্চল মনে ॥ ৩ ॥ খনে হাসে খনে রোষে। খনে কাঁপএ তরাদে। খনে কান্দে রাধা খনে করএ বিলাসে ॥ চলিতেঁ ভোক্ষার পাশে। নারে মদনের রোধে। বাসলী চরণ বন্দী গাইল বড় চণ্ডীদাসে॥ ৪॥ বিভাষরাগঃ ॥ রূপকং ॥ যতির্বনা ॥

নিন্দএ চান্দ চন্দন রাধা সব খনে। গরল সমান মানে মলয় পবনে ॥ করে মনসিজ শর কুসুম শয়নে। ত্রত করে পায়িতেঁ তোর আলিঙ্গনে ॥ আল কাহ্নাঞি ল বাধা বিরহ দহনে। দগধিনী ভৈলী তোকার শরণে ॥ ধ্রু ॥ আহোনিশি মদন মারে তারে শরে। হৃদয়ে নলিনী দল সংনাহা করে ॥ সব খন বস তোক্ষে ভাহার হারুবে। তেঁসি তোকা রাখিবারে পরকার করে॥২॥ নয়ন শলিল পড়ে বদনে তাহার। রাক্তএ গালিল যেন চাঁদ স্থধাধার॥ তোহ্মাক লিখিআঁ কাহ্ন মদন রূপ। প্রণামগণ করে কহিলোঁ সরূপ ॥ ৩॥ ভোক্ষাক সংমুখ দেখি আধিক চিন্তনে। হায়ে বোষে কান্দে কাম্পে ভয় করে মনে॥ ঘর বন ভৈল তার জাল স্থিগণে। নিশাসে বাঢ়ে বিরহ দারুণ দহনে॥ ৪॥ বনের হরিণী যেন তরাসিনী মনে। দশ দিশ দেখে রাধা চকিত নয়নে॥ দয়া করী এবেঁ তাক দেহ আলিঙ্গনে। গাইল বড়ু চঙীদাস বাসলী গণে॥ ৫॥

<u> এীকুষ্ণকীর্ত্তন</u>

অধুনাপি কিনু সদন্ধং হৃদন্তে কুকুষে (মনো)২ ভ রমণীকরণে । গততৃষ্ণ কুষ্ণ তব হে বিরুহে স্কুনোস্তনোতি মদনঃ কদনম ।

মালবরাগঃ ॥ রূপকং ॥ কাব্যোক্তি প্রকীপ্পক লগনী ॥

কাহ্ণাঞিঁক বুইল বাড়ায়ি বচন মধুরে। চন্দ্রাবলী রাধা তোর বিরহে মরে ॥ ১॥ লুণী সম দেহ তার রসের সাগরে। সংপূগ্ধ যৌবনে রতি ভুঞ্জ দামোদরে॥ ২॥ বিলম্ব না কর স্থণ স্বন্দর মুরারী। রাধার পরাণে চুখ সহিতেঁ না পারী॥ ৩॥ বদন চুম্বিতাঁ মাথে হাথ বুলাই। হাথে ধরিআঁ কাকুতী কইল বডায়ি॥ ৪॥ বুইল বারে বারে আগু পাছু বুঝাই। রাধাক তোষহ বোল পালহ কাহ্নাঞি ॥ ৫॥ চিত্তের হরিষে বড়ায়ির কথা শুণী 👢 ঈসত হাসিআঁ কাহ্ন হৃদয়ত গুণী॥৬॥ বুইল মনোহর বেশ করু গোআলিনী। পাদে আদী বৈত্ব বোলোঁ মধুরদ বাণী॥ ৭॥ কান্ডের আদেশে গিআঁ বডায়ি হরিষে। সত্বরেঁ কহিল সব রাধিকার পাশে ॥ ৮ ॥ রাধার খণেক ভৈল যুগ সদৃশে। বাসলী শিরে বন্দী গাইল চণ্ডীদাসে॥৯॥

মাধ্বস্ত নিদেশেন মুদিতায়াঃ প্রমোদিতা। রাধায়া জরতী চঞে বেশং জনমনোহরং॥

ভৈরবীরাগঃ॥ দণ্ডকঃ॥ এতকালী॥

আল রাধা

শস্তু সদৃশ তোর খোম্পা তাত দিল বেঢ়িফাঁ চম্পা সিসত সিন্দূর নব সূরে॥ ১॥

গিএ গজমুতী হার মণি মাঝে শোভে তার উচ কুচ যুগল উপরে।

হগাঁ সমান আকারে স্থারেশরী তুঈ ধারে পড়ে যেন স্থামক শিখরে॥২॥

পহ্রাইল হরিষ মণে কণ্ঠত ভূষণগণে

দেখি আভিসার স্থশোভনে।

মিলি হেমকরগণে বান্ধিল আতি যতনে যেন কন্মু রতনক রতনে॥ ৩॥

মণি কিরণ উজলে আঙ্গদ ভুজ যুগলে

পহ্রায়িল আতি কুকৃহলে।

বাহুতে কনক চুড়ী মুকুতা রতনে জড়ী

রতন কঙ্কণ কর মুলে ॥ ৪ ॥

রতি রণে জন্মধুনী করএ কিঙ্কিণী

তাক গান্থি বান্ধিল মাঝে।

কনক মল্ল তোর আর পাসলী নিকর

জংঘ পদ আঙ্গুলিত সাজে॥৫॥

কপূরি কস্ত_ূরী যোগে আতার তামুল রাগে গন্ধ রাংগে রচিল বদনে ॥ ৬ ॥

আতি রূপসী শ্বভাবে লাস বেস করী রভিভাবে রাধা গেল কাহ্নের পাশে। রাধাক দেখিঞাঁ কাহ্নে উত্তরল ভৈলা মনে গায়িল বড়ু চণ্ডীদাসে॥ १॥

রাধিকাং মনসিজজ্বরাতুরাং
মণ্ডনদিগুণরামণীয়কাং।
বীক্ষ্য মন্মথশরাতুরো হরির্বণমেবমুপচক্রমে ততঃ॥

কোড়াদেশরাগঃ ॥ ক্রীড়া ॥

ভুজযুগে ধরী কান্ডে।
আল কৈল আলিন্সনে।
রাধাহো ধরিলেক কাহ্নাঞি ক আতি জতনে॥
কাহ্ন করিল চুম্বনে।
কপোল যুগ নয়নে।
ললাট আধর রতন যুগল নয়ানে॥ ১॥
আল কাহ্ন করিল স্থরতী।
পুরী মনোরথ রাধার পিরিতী॥ ধ্রু॥
যুড়ী রসনে রসনে।
কৈল মুখ মধু পানে।
রাধা না জাণিল আপণ পর তখণে॥
তার দসনের সনে।
কাহ্ন চাপিল দশনে।
ইঞ্জিতকারেঁ হারিল রাধা কান্ডের বচনে॥ ২॥

দৃঢ় করি ছুয়ি তনে ।
নথ দিল ঘন ঘনে ।
পীযুষে সেচিল কাহ্ন রাধার রমণে ॥
রাধাঞে কৈল কুজনে ।
মধু পীল হৃষ্ট কাহ্নে ।
উচিত হিল্লোল পড়িল সে নিধুবনে ॥ ৩ ॥
আতি চির আমুবন্ধে ।
রতি কৈল নানা বন্ধে ।
কভো কেহো না কৈল যেন রস প্রবন্ধে ॥
খৈল মুকুল নয়নে ।
স্থী ভৈল ছুই জনে ।
(গায়িল) বড়ু চগুদাস বাসলী গণে ॥ ৪ ॥

শ্রীরামগিরারাগঃ ॥ সাঠতালা ॥

এহে '
রিত প্রথ ভুঞ্জিএই রাধা গোন্সালিনী।
চরণীত ধরী বুইল স্থণ চক্রপাণী॥
তোক্ষাক ছাড়িএই মোর আন নাহি গতী।
এবেঁ চিত্তে ভৈল কাহ্ন ভোক্ষাতে ভকতী॥ ১॥
উরুখাণী পাতি মোরে দেহ গোবিন্দ।
শ্রম বড় পায়িল আক্ষে স্থতি জাওঁ নিন্দ॥ ধ্রু॥
হেন স্থণি ভাত কাহ্যাঞি আনুমৃতি দিল।
নব কিশ্লয়ত শ্যা রচিল॥
নিজ্ঞ উরুতলে তাক নিশ্চলে রাখিল।
তখণ কাহ্যাঞি কিছু মনে চিস্তিল॥ ২॥

হেন সম্ভেদে দেখি শীতল বহে বাএ।
ভ্রমর কোকিল মিলী কলগীত গাএ॥
কুস্থমের গন্ধ মেলিল চারি পাশ।
রাধার নয়নে গিঞাঁ নিন্দ কৈল বাস॥৩॥
রাধাক এড়িঞাঁ জায়িতেঁ কাফ কৈল মন।
বড়ায়ির পাণে কাফ করিল গমন॥
বড়ায়িক সম্বোধিঞাঁ বুলিল বচনে।
গায়িল বড় চণ্ডীদাস বাসলি গণে॥৪॥

কেদাররাগঃ॥ একতালী॥

পালিল বড়ায়ি আকো বচন তোক্সারে।
এবেঁ নেলাণী দেহ আক্সারে॥
সাঁঝ উপদন্ধ ভৈল বনের ভিতরে।
রাধা লঞাঁ ঝাঁট বিন এ যাহা ঘরে॥ ১।
তোক্সার কারণে ল বড়ায়ি।
কৈলো মোঞোঁ রাধার সক্ষে ল॥ ধ্রং॥
আর বচনেক বোলোঁ স্থণ ল বড়ায়ি
ধরিঞোঁ তোর করে।
তাক রাখিহ যতনে আপণ আন্তরে
জাইব আক্সে মথুরা নগরে॥ ২॥
নিন্দ ছল করি থাক রাধার পাশে
বড়ায়িক বুলিল যতনে।
ধির ধির করি রাধার শিয়বের উরু
কাতি (গেলা) মথুরা নগরক কাছে॥ ৩

কথোখণে চিআয়িলা রাধা চন্দ্রাবলী
কাহ্ণাঞি না দেখিল পাশে।
বড়ায়িক চিআইঞা বুইল বচন
গাইল বড় চঞীদাসে॥ ৮॥

ভাষিঠালীরাগঃ ॥ যতিঃ ॥

এইত কদম তলে আছিলা বাল গোপালে তার উরে দিলো মে। সিয়রে। আতিশয় রতিশ্রমে আকুলি হইলোঁ ঘুমে নিন্দত এডিঞাঁ গেল মোরে । ১॥ বডায়ি গো কাকের বিরহ ভারে জিয়তে ময়িলোঁ ল। আণি দেহ শ্রীমধুস্থদনে ॥ ল । প্র ॥ আহোনিশি এক মনে চিন্তো মোঞেঁ সব খণে সে কাহ্ন পায়িব কত খণে। চরণে পডেঁ। দুতী আণী দেহ প্রাণপতী তার মোর হউ দরশনে ॥ ২ ॥ মো কেন্সে জাণিবোঁ তেন এডিঞাঁ পালাইবে কারু তবে কেহ্নে কাল ঘুম যাইবোঁ। এ রূপ যৌবন ভার কাহ্ন বিণি আসর তা লাগি গরল মোঞেঁ খায়িবোঁ ॥ ৩॥ হের মোঁ কাকুতি করোঁ তুতা তোর পাএ (ধরোঁ) এহোবার পুর মোর আশে। চল দৃতী তার থানে আণ শ্রীমধ্রস্থদনে গাইল বড়ু চণ্ডীদাসে ॥ ৪॥

দেশাগরাগঃ॥ কুড়ুকঃ॥

এখণ কদম তলে স্বাছিলা কাহ্নাঞি ল তোর সঙ্গে রতি কুতৃহলে।

রাধা ল

তো মুগধি আপণে ছাড়িলী বনমালী এবেঁ কগাঁ পাইব গোপালে॥ ১॥

রাধা ল

কিমনে পাইব রাধা কাহ্নের উদ্দেশে।
না জাণো সে গেল কোণ দিশে। দ্রু ।
প্রবোধ বচন কত বুঝাএগাঁ তাহারে
অণিএগাঁ মেলাইলো তোর থানে।
এত বড় নিন্দে ভোলা আজি তোকো ভৈলা
শিয়রত হারায়িলা কাহ্নে। ২ ॥

বিষম পুরুষ জাতী কপট পুরিত মতী নানা বোলে সে তিরিক রঞ্জে।

হেন মতেঁ পড়িহাসে সে আন যুবতী লঞা কাহ্ন রতি ভুঞ্জে কুঞ্জে কুঞ্জে॥ ৩॥

এবেঁ তোএেঁ এথানে থাক মো গিএেঁ। চাহোঁ তাক যবেঁ পাঞোঁ তার দরসনে ,

তবেঁ তোক আণি দিবোঁ। গাইল বড়ু চণ্ডীদাস (বন্দিঞাঁ) বাদলী চরণে॥ ৪

একাকিনী পরিজ্ঞা বনং শ্রমভরাতুরা। রাধে সংপ্রতি সীদামি ন লক্ষ্য মধুস্দনং ॥ বচনেন তবানেন বুদ্ধে ব্যাকুলমানসা। জাতান্মি জগদালোক্য শৃশুমেতদ্বচঃ শৃণু॥

রামগিরীরাগঃ ॥ আঠতালা ॥

প্রথম পহরে আক্ষে দেখিল বড়ায়ি। এখণে আসিবে মোর স্থন্দর কাহ্নাঞি ॥ তে কারণে আক্ষে গিঞাঁ তাক না চাহিলোঁ। আপণার দোষে মোগ্রে উচিত ফল পাইলোঁ॥ ১॥ কেমনে বঞ্চিমো সোত্রে একসরা কুঞ্জে। কা লঞাঁ কথা কাঙ্গাঞি রতি স্থুখ ভুঞ্জে॥ ধ্রু॥ দুয়জ পহরে মোঁ চিন্তিলোঁ একসরী। আন্ধাক তেজিঞাঁ আজি কথাঁ গেলা হরী॥ কে না স্থতীথে স্নান কৈলা ধন্য নারী। যা লঞাঁ সুখরতি ভূঁজয়ে মুরারী॥ ২॥ তিয়জ পহরে বডায়ি পিক ঘন রএ। কান্তের বিরহে মোর প্রাণ থির নহে ॥ চিন্ধিএ। চাহিলেঁ। কিছ নাহিক উপায়ে। কাহ্ন কাহ্ন করী কান্দিলোঁ দার্ঘ রাএ॥৩॥ চারি পহর দিন পুরিল সকল। কারু বিণি আয়িলাহেঁ। কদম্বের তল ॥ এবেঁ কেন্ডে মনে রহে আন্সার জাবন। গায়িল বড়ু চণ্ডীদাস বাসলা গণ॥ ৪॥

গুড্জরারাগঃ॥ কুড়ুকঃ॥

তার স্থভদিন ভৈল সেসি পুনমতা। যে নারীক লঞাঁ কাহ্ন ভূঁজে স্থপরতী॥ ১ ভাল আমুমান তোঁ করিলি রাহী। এবে ভাল মতে চাহি স্থন্দর কাহাঞী ॥ ধ্রু কদমের তলে খণে যমুনার কুলে।
শিশু লএগ বাটে হাটে হরিষে বুলে॥ ২॥
যবেঁ লাগ পাওঁ তবেঁ কি বুলিবোঁ ভারে।
ভাল মতেঁ গোআলিনি শিখাহ আন্দারে॥ ৩॥
বড়ায়ির বচনে রাধা বোলয়ে হরিষে।
বাসলী শিরে বন্দী গায়িল চণ্ডীদাসে॥ ৪॥

মল্লাররাগঃ॥ কুড়ুকঃ॥

চাহা চাহা চাহা বড়ায়ি যমুনার ভাতে। বকুল তলাত চাহা চাহা একচীতে॥ নিকুঞ্জত চাহা আর যমুনার তারে। আর চাহা বড বড গাছের উপরে॥ ১॥ লাগ পায়িলেঁ তাক বুলিহ কাকু করী। গোন্সালি বিকলা হৈল বনে একসরা ল ॥ ধ্রু ॥ আওর চাহিহ যথাঁ বসে শিশুগণে। ছাওসাল হঞাঁ কাহ্ন রহে খণে খণে॥ চরিত না বুঝে কেহো তার চারি যুগে। সাবধান হঞাঁ চাহ যেহ্ন পাহ লাগে ॥ ২ ॥ এবার পায়িলে বড়ায়ি সে স্থন্দর কাহে। খাণিকেহো না তেজিবোঁ যেহেন পরাণে ॥ যেবার আণিএ। দিলে কাহ্ন মোর ঠায়ি। তোক আর কভোঁ তুথ না দিবোঁ বডায়ি॥ ৩॥ হর আর্দ্ধ আঙ্গে গৌরী শিরে গঙ্গা ধরে। যেতেকে যাণিল নারা যেহেন শরীরে॥ হেন বুঝায়িঞাঁ কাহ্ন আণ মোর পাশে। বাদলী শিরে বন্দা গাইল চণ্ডীদাদে ॥ ৪

ধানুষীরাগঃ॥ একতালী॥

হেন রাধিকার বচনে। **চ**िल्ली विष्ठाशि वृक्तिवटन ॥ ल ॥ আল বডায়ি। স্থূপিঞাঁ রাধার আরতী। काशां(करश ना किल मः इंडो ॥ ल ॥ ১ ॥ আল রডায়ি। মনে ধরী রাধার বচনে। কাহ্নাঞিক চাহে বনে বনে ॥ প্রা॥ যমুনাত না পাঞাঁ গোপালে। পুন গেলী বকুলের তলে॥ তথাঁ না পাইএগাঁ গদাধারে। চাহিলেক গাছের উপরে ॥ : ॥ চাহিএ। না পায়িল বনমালী। শ্রমে বড়ায়ি ভইলী বেআকুলী॥ একশ্রী বনের ভিতরে। ভঞে হালে বড়ায়ির আন্তরে॥ ৩॥ বাহুডিঞাঁ বডায়ির থানে। বডায়ি আয়িলী চিরক্ষণে॥ বুয়িল তার না পাইল উদ্দেশে গায়িল বড় চণ্ডীদাসে॥ 🛪 ॥

ভায়িঠালীরাগঃ ॥ যতিঃ ॥

হরি হরি।

আয়াসেঁ কাহ্নের উরে শুতিলোঁ দিঞাঁ শিয়রে প্রাণের বড়ায়ি ল

দারুণ নয়নে ভৈল নিন্দে। ল

কাহ্নাঞির দরশন যেহেন ভৈল সপন

প্রাণ বডায়ি ল

यां शिवाँ । हां नाहिक (शांतितम ॥ ल ॥ 🕻 ॥

কোণ দিগেঁ গেল কাহ্নাঞি

উদ্দেশ বোল বডায়ি। ল।

প্রাণ বডায়ি ল

তোক্মার সংহতি তথ[া]। জাই॥ ধ্রু ॥

নানাবিধ ছুখ পায়িলোঁ

য়ার বিরহে পূড়িলোঁ

সে কাফে নান্দে যাইতে মোরে।

কোণ আদিবস ভৈল

কিবা আপরাধ কৈল

যবেঁ কাহ্নাঞি রোধিল আক্ষারে॥ ২॥

সোঞ্জী কান্ডের বাণী

না রহে মোর পরাণী

চেতন নাহিক মোর দেহে।

তেজিলো স্থুখ আসেস

দিনে দিনে তমু ষেষ

ভাবিঞাঁ সে কাহের নেহে॥৩॥

বিধি বিপরিত ভৈল

আন্ধা ছাডি কাহ্ন গেল

বিরহে মো জিবোঁ কত দিশে

বোল বড়ায়ি উপদেশে কাহ্ন গেলা কোণ দিশে গায়িল বড়ু চণ্ডীদাসে॥ ৪॥

গুড্জরীরাগঃ॥ কুড্রকঃ॥

চিরকাল আয়িলোঁ বনের ভিতরে। বিলম্ব করিতেঁ আর লাগে বড ডবে॥ উত্তরলী নহ রাধা মন কর থীর। যা য়ানাহী না জাণে লোক তা জাই ঘর॥ ১॥ পাছে কাহ্নায়িক আণী দিবোঁ তোর থানে। করিব আপণ কাজ না জাণিব আনে ॥ প্র ॥ বড কাজ করিতা। না করী জানাজাণী। চিরকাল স্থুখ ভুঞ্জে সেসি সিআণী ॥ আক্ষার বচন ধর থীর করা মনে। ঝাঁট ঘর গেলেঁ দোষ না দিব আইহনে॥ ২॥ মুখ চৃষ্টী বোলোঁ রাধা মোর বোল ধর। নাট গেলে কেছো না বুলিব আনুখর॥ আরতি না কর দুখে বোধল আন্তর। আপণে মেলিব আসি দেব গদাধর॥ ৩॥ হেন স প্রবন্ধ করী বডায়ি সত্বর। রাধিকা বুঝাআঁ লআঁ গেলী ঘর॥ সব স্থিগণ স্মে করিআঁ সংহতী: গাইল বড় চণ্ডীদাস বাসলী গতী॥ 🛪 ॥

নিনায় কতিচিৎ কালান্ কথঞ্চিৎ ক্লফতৃষ্ণয়া। অথাধিভবতো রাধা জগাদ জরতীমিদং॥ মালবঞ্জীরাগঃ॥ যতিঃ।

ফুটিল কদম ফুল ভরে নোআইল ডাল। এভোঁ গোকলক নাইল বাল গোপাল। কত না রাখিব কুচ নেতে ওহাড়িআঁ। নিদয় হৃদয় কাহ্ন না গেলা বোলাইআঁ। : ॥ ্রশৈশবের নেহা বডায়ি কে না বিহুডাইল। প্রাণনাথ কাহ্ন গোর এভোঁ ঘর নাইল ॥ ধ্রু ॥ मूहिकाँ (भनाशिताँ वड़ाशि नित्यत मिन्द्रत । বাহুর বলয়া মো করিবোঁ শঙ্খচুর॥ কাহ্ন বিণী সব খন পোড এ পরাণী। বিষাইল কাণ্ডের ঘাএ যেহেন হরিণী॥২॥ পুনমতী সব গোন্সালিনী আছে স্থাথ। কোণ দোষেঁ বিধি মোক দিল এত দুখে। আহোনিশি কাহ্নাঞির গুণ সোঁসরিআ। বজরে গঢ়িল বুক না জাএ ফুটিআঁ॥৩॥ জেঠ মাস গেল আসাত পরবেশ। সামল মেঘেঁ ছাইল দক্ষিণ প্রদেশ ॥ এভোঁ নাইল নিঠুর সে নান্দের নন্দন। গাইল বড়ু চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

> চতুরে চতুরো মাদান্ রাধে মুদিরমেহরান্। গময় জং গতৌ শক্তিরত মে নাস্তি কাচ ন

প্রীরাগঃ॥ কুড়ুকঃ॥

আসাচ মাসে নব মেঘ গরজএ। মদনে কদনে মোর নয়ন ঝুরএ॥ পাখী জাতী নহোঁ বড়ায়ি উড়ী জাওঁ তথা। মোর প্রাণাথ কাহ্নাঞি বসে যথা। ১॥ **क्रिया** विकार्या (त वातिषा हाति गाय। এ ভর যৌবনে কাহ্ন করিলে নিরাস । ধ্রু ॥ শ্রাবন মাসে ঘন ঘন বরিষে। সেজাত স্থৃতিআঁ একসরী নিন্দ না আইসে॥ কত না সহিব রে কুস্থম শর জালা। হেন কালে বডায়ি কাহ্ন সমে কর মেলা॥ ২॥ ভাদর মাঁসে আহোনিশি আন্ধকারে। শিখি ভেক ডাতুক করে কোলাহ*ে*।। তাত না দেখিবোঁ যবেঁ কাহ্নাঞিঁর মুখ। চিস্তিতে চিস্তিতে মোর ফুট জায়িবে বুক॥ ৩॥ আশিন মাসের শেষে নিবডে বারিষী। মেঘ বহিআঁ গেলেঁ ফুটিবেক কাশী॥ ত্রেঁ কাহ্ন বিণী হৈব নিফল জীবন। গাইল বড চণ্ডীদাস বাসলী গণ॥ ৪॥

মা থেদং ভজ কল্যাণি স্থিরতাং নয় মানসং। রাধে রুফোহচিরাদেতা তব স্পর্শং করিয়াতি॥

মালবশীরাগঃ॥ ষতিঃ॥ 🏏 হাথে চান্দ মানী বড়ায়ি করায়িলেঁ পাগলী। আইহনক পীঠ দিলো লাজে তিনাঞ্জলী॥

আশোআশ দিআঁ তোকো হৈলা এক ভীতে। কাহ্নত লাগিফাঁ মোর বেআকুল চীতে॥ ১॥ জাণিল জাণিল বডায়ি চিহ্নিল কাহ্নাঞি। আছুক পর্ম রম দরশন নাহিঁ॥ প্রা তোক্ষার বচনে বড়ায়ি নেহা বাঢায়িল। কাহ্ন সমে ভালেঁ রস ভুঞ্জিতেঁ না পাইল॥ পুরুব জর্মে কিবা খণ্ডরত কৈল। তে কারণে মোর মনোরথ না পুরিল। ২॥ তুথ সুখ পাঁচ কথা কহিতেঁ না পাইল। ঝালিহার ডাল যেন তথনে পালাইল। দিনে দিনে তন্ত্র শেষ মদন তরাসে। কৌতৃকেঁ বাঢায়িল নেহা এবেঁ সেই নাশে॥ ৩ তোক্ষার বচনে বডায়ি খীর নহে মনে। কেমতেঁ পাওঁ এবেঁ শ্রীমধুসূদনে॥ কান্ডের উদ্দেশে যাহা হেন লএ মণে। গাইল বড় চণ্ডীদাস বাসলী গণে॥ ৪॥

জানে বাথ ন জানে বা সমুদ্দেশমহং হরেঃ। ভতঃ কিং গমনাশক্তা যতোহং রাধিকেহধুনা॥

্আহেররাগঃ॥ কুড়ুকঃ॥ লগনী॥ দগুকঃ॥

আইস ল বড়ায়ি হের বচন আক্ষার ধর রতন মুদড়ী পিন্ধ হাথে। হের মোঁ করোঁ কাকুতা তোর চরণে ভকতী আণিআঁ দিআর জগন্ধাথে॥১॥ আল রাধে।

নিলজী নিকুপেঁ থাক কথাঁ গিজাঁ পাইব তাক পাপম গী না বাসসি লাজে।

বুইল তাক একবার তোষ মন রাধার বোল পালী গোলা দেবরাজে ॥ ২॥

আল বডায়ি।

না বোল বড়ায়ি হেন আতি নিঠুর বচন এ তোকার বএসের দোখে।

আলিসের পরসাদেঁ ছুখ মুখ নাহিঁ জাণ তেঁ তোক্ষাত উপজএ রোষে॥৩॥

আমুখর পরিহর কে তোকে দিব উত্তর গাঁঠা বড়া গোমালিনী তোঁ।

উপদেশ বোল তোকো কগাঁ কাহ্ন পাইব আক্ষে চাহিআঁ আণিগাঁ দিবোঁ মো া ৪ ॥

এ বোলে পাইলোঁ স্থপ চুম্বো বড়ায়ি তোর মুখ আজি মোর ভৈল শুভদিনে।

যথাঁ। বুলে কাজ চাহ বড়ায়ি সেই থান তবেঁ তার পাইব দরশনে ॥ ৫॥

মণে কৈলোঁ আকুমান তোকে উপেথিআঁ। কাহ্ন.
গেলা দূর মথুরা নগরী ॥ ৬ ।।

তোর যুগতীঞ^{্জ} বুঢ়া আক্ষাক নিন্দতে ছাড়া মথুরাক গেলা প্রাণেশ্বরে।

চরণে ধরোঁ তোকার কাহ্ন দেহ একবার নহে বধ দিবোঁ মো ভোকারে॥ ৭॥ জাইবোঁ মধুরা নগর মোর আগে সত্য কর

আর কভোঁ না ঝক্ষায়িবী মোরে।
বারে বারে তুখ পাইলোঁ ভাগে পরাণে না ময়িলোঁ

সরূপ কহিলোঁ তোলারে ॥ ৮ ॥

হের শির কর যোগে সত্য করোঁ তোর আগে

তোক তুখ না দিবোঁ মো আর ।

যে আছে মোর কপালে ফলিবেক সেসি কালে

তার থান জাহ একবার ৮৯॥
নাতিনী তোর বচনে হের মোঁ করিলোঁ গমনে

মথুরা কাহ্নের উদ্দেশে।
লাগ পাইলেঁ তার থানে করিবোঁ বড় যতনে
গাইল বড় চণ্ডাদাসে ॥ ১০॥

মথুরানগরীং পজা জরতী মধুস্দনং।
জগাদ বিরহে মগা রাধা তে শরণং গতা ॥
ইতি শোত্রশয়ং রুলা জগাদ জরতীং হরি:।
রাধিকামন্তানিংশেষ নগেরঃ প্রমাক্ষরম ॥

পাহাড়ীআরাগঃ ॥ ক্রীড়া ॥

আহা।

নঠী বড় রাধা দেখিলেঁ প্রাণ হরে। আল।

তাহার ঠাইক জাইতেঁ লাগে বড় ডরে॥

এখো গোপী ভাল নহে সব ছুঠ মণে।

কেমনে বাঢ়ায়িব পা জাণহ আপণে॥ ১

আর কিবা জাইবারে বড়ায়ি বোলহ আকারে।
রাধাত লাগিআঁ কাক্ত কিবা নাহিঁ করে॥ গ্রুণ
হাথত ধরিআঁ মোর দগধ পরাণে।
আপণে বুইল তোক্ষে আক্ষার কারণে॥
তভোঁ আমুমতী মোক নাঁ দিলেক রাহী।
আর তার মুখ নাঁ দেখে স্থন্দর কাহাাঞিঁ॥ ২॥
বিথর বুলিআঁ বড়ায়ি কাজ কিছু নাহীঁ।
তোক্ষার বিদিত যত বুইল রাহী॥
চরণে ধরিআঁ বোলোঁ চল তোক্ষে ঘর।
গাইল বড়ু চণ্ডীদাস বাসলী বর॥ ৩॥

প্রজ্জরীরাগঃ॥ কুড়ুকঃ॥ মু
ব্বিত্তে না পারো কাহ্নাঞি তোলার চরিত।
যাচিতেঁ উপেখহ তালে দে আমৃত॥
আর কভাঁ ধিক না বুলিব চন্দ্রাবলী।
মোর বোলে ভর করা আইস বনমালী॥:॥
আস্থিনী চন্দ্রাবলী বিকলী বিরহে।
এবেঁ তাক তেজিতেঁ উচিত তোর নহে।। গু॥
মোর বোলেঁ তোলে তার পাসক না আসিবেঁ।
পাছে কলি কাহ্নাঞি বিরহ ছখ পাইবেঁ॥
ভাত না খাইলি তবেঁ তাহার কারণে।
শাক রখহিতেঁ তোলে আদবাহ কেহেন॥ ২॥
ভাঁগিল সোনার ঘট যুড়ীবাক পারী।
উত্তম জনের নেহা তেহেন মুরারী॥
ধে পুণি আধম জন আন্তরে কপট।
ভাহার সে নেহা থেক্ছ মাটির ঘট॥৩॥

রাধিকা থাকিলী বসি আপণার ঘরে।
তোক্ষে থাকিলা আসি মথুরা নগরে॥
আসি জাই করী মোর আকুল পরাণে।
গাইল বড়ু চণ্ডাদাস বাসলী গণে॥ ৪॥

বিভাষরাগঃ ॥ কুড় कঃ ।।

শকতা না কর বড়ায়ি বোলোঁ মো তোকারে।
জায়িতেঁ না ফুরে মন নাম শুণী তারে।
যত তুখ দিল মোরে তোকার গোচরে।
হেন মন কৈলোঁ আর না দেখিবোঁ তারে।। ১।
জাগ বড়ায়ি বাস্তড়া যাহ তথী।
রাধিকা লাগিআঁ মোক না কর শকতী।। গ্রুণ।
কাটিল ঘামত লেম্বু রস দেহ কত।
তোকাব বিদিত মোরে রাধা বুইল যত।।
এ ধন বসতী সব তেজিবাক পারী।
ছুসহ বচন তাপ না সহে মুরারী।। ২।।
মথুরা আইলাহোঁ তেজি গোকুলের বাস।
মন কৈলোঁ করিবোঁ মো কংসের বিনাস।।

(ইহার পর পুঁথি খণ্ডিত।)



পরিশিষ্ট



জন্মখণ্ড

পুথুভারব্যথামিত্যাদি শ্লোক—পৃথিবী তাঁহার গুরুতারজনিত বেদনার কথা দেবগণকে কহিলেন। তাহা শুনিয়া তাঁহারা (দেবগণ) কংসধ্বংদে মনোনিবেশ করিলেন।

[দৃপ্ত রাজবেশধারী দৈত্যগণের অসংখ্য সৈহারপ গুরুভার।] যথা ভাগবতে,—

ভূমিদ্ প্রন্পব্যাজ-দৈত্যানীকশতামুতৈ:।
আক্রান্তা ভূরিভারেপ ব্রন্ধানং শরণং যথে।
গৌভূ স্বাক্রম্থী থিলা ক্রন্দন্তী করুণং বিভো:।
উপস্থিতান্তিকে তদ্মৈ ব্যসনং সমবোচত ॥
ব্রন্ধা তত্রপধার্যাথ সহ দেবৈস্তয়া সহ।
জগাম স ত্রিনয়নন্তীরং ক্রীরপয়োনিধে:॥
তত্র গস্বা জগলাথং দেবদেবং ব্র্যাক্রিম্।
পুরুষং পুরুষস্তকেন উপতত্তে সমাহিত:॥

>012129-20

১। স্ব—প্রাক্ত 'সবব'। (দিবেঁ—'এ' কর্জ্কারকের চিহ্ন। মাগধী ভাষায় (পুং-নপুংসক উভয় লিকেই) অকারাস্ত শব্দের উত্তর 'স্ব' প্রত্যয়ের স্থানে ইকার বা একার হয় এবং পক্ষে স্থ প্রত্যয়ের লোপ হয়; 'অত ইদেতৌ লুক্চ,' বরক্ষচি—১১।১০। বাঙ্গালা প্রভৃতি ভাষায় ক্রমে বচন-নির্বিশেষে এই 'এ' প্রচলিত হইয়া থাকিবে। '৮' চন্দ্রবিলু আয়ুনাসিক

উচ্চারণের ছোতক এবং আনুনাসিক উচ্চারণ পশ্চিম-রাঢ়ের অক্সতম বিশেষত্ব।
উহার স্বার্থকতা—স্বরের কোমলতা ও দীর্ঘতা-সম্পাদনে। হিন্দী, মহারাষ্ট্রী,
শুজরাটী প্রভৃতি প্রাক্তসম্ভব ভাষাসমূহে আনুনাসিক উচ্চারণের প্রাচুর্ঘা
দেখা যায়। (মেলি—প্রাক্কত 'মিলিঅ' 'মেলিঅ'। শৌরসেনী ভাষায়
'জ্বা' প্রত্যায়ের স্থানে 'ইঅ' আদেশ হয়; 'জ্বা ইঅঃ', বরক্রচি—১২১৯। মিলিয়া,
মিলিত হইয়া। পাতিল—সংস্কৃত 'ক্ত' প্রত্যায়, শৌরসেনী 'দ', মাগধী
'ড' বা 'ল' হইতে বঙ্গভাষায় অতীত-চিহ্ন লকারের উৎপত্তি অনুমান অযুক্ত
নহে। অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্ত্রে রায় মহাশয়ের অভিপ্রায়ও তাহাই।
বাঙ্গালা ৵পাত, স্থাপনে। সভা পাতিল—শঙ্করদেবক্বত উত্তরাকাণ্ডে,—
আছস্ত রাঘ্ব যেবে দিবা সভা পাতি।

সভা স্থাপিত করিলেন। সভা করা-ই রীতিসিদ্ধ। অধুনা সভা-সমিতির অধিবেশন থুব সচরাচর। 'থেলাঘর পাতা', 'ঘর-সংসার পাতা' এবং 'পাত পাতা', 'কান পাতা' প্রভৃতি তুলনীয়। স্ত্রালোকদের 'আড়িপাতা' অভ্যাস আছে। ভগবৎপ্রদত্ত দণ্ড-পুরস্কার আমরা 'মাথা পাতিয়া' লইতে বাধ্য। ইত্যাদি ইত্যাদি। আকাশে—সপ্রমীর চিহ্ন একার সংস্কৃত তথা প্রাকৃতের অমুরূপ। কংসের— ষ্ঠার উত্তর এই 'এর' প্রত্যয় প্রাকৃত সম্বন্ধবাচক 'কেরক' শব্দের বিকারে উৎপন্ন। ভোজরাজ কংস, মথুরাদেশের স্বনামপ্রসিদ্ধ রাজা উগ্রসেনের পুত্র এবং শ্রীকৃষ্ণের মাতৃল। হ্র—বাঙ্গালা √হ; এই 'এ' প্রত্যয় প্রাকৃত 'হসএ', 'করএ', 'পঢ়এ' প্রভৃতির স্থায় (বরক্চি—৭।৫ ও সিদ্ধহেম-চন্দ্র—৮।৩)১৪৫)। হয়।

২। **ইহার**—কুমারপালচরিতে 'এআণ' (এতেষাম্) ৫।১৪। চৈতন্ত-ভাগবতে ও বিজয়গুপ্তার পদ্মাপুরাণে 'ইহান' (ইহার)। কংদের। কমণ—অপভ্রংশ ভাষায় 'কমণ',' 'কমন',' 'কবন'' [ম=ব], 'কউণ' [ব=উ], 'কওন',' 'কথন',' 'কবন'' প্রভৃতি। কোন্, কি: উপাএ—প্রাক্তে

১ বাঙ্গালা ভাষা, ১ম ভারা, ১৩৫ পূ॰।

२ शिक्रल, २।२७, २।১७१।

ত বিজাপতি।

৪ টাদকবি ও তুলগীদাস।

< जूनमीमाम_.।

ন্ত্রীলিঙ্গ শব্দের উত্তর তৃতীয়ার একবচনে একারের আদেশ হয়। অপলংশ ভাষায় তিন লিঙ্গেই তৃতীয়ার একবচনে 'এং' প্রতায়ের বিধান আছে; 'ত্রিষেং টঃ', মার্কণ্ডেয়কবীক্র—১৭৮৭। অপলংশের এই তৃতীয়ান্ত 'এং' প্রতায় এবং বাঙ্গালা তৃতীয়ার চিহ্ন 'এ' বা 'এ', মরাঠা 'এ', মৈথিলী 'এ' মূলতঃ এক ও অভিন্ন। প্রাচীন বাঙ্গালাতে যেরূপ অন্তন্ত য়-কারের প্রয়োগ অন্নই পরিদৃষ্ট হয়, পক্ষান্তরে সেইরূপ পদমধ্যে ও পদান্তে স্বরবর্ণের প্রয়োগ বহু স্থলে দেখা যায়। সেক্ষেই—রাড়ের গ্রাম্য 'সম্মাই', 'সমাই'। প্রাচীন সাহিত্যে,—

সন্ধাত্র বোল হরি পাপ জাউক নাশ।
—কুত্তিগাসী আদিকাও (পুৰি)

সমাইরে হইলা রূপা প্রাভূ আগ্নারে নৈরাশ। —সাধ্যভাবচন্দ্রিকা (পুণি)

কামরূপের ভাষায় 'তা-সম্বাক' (তাহাদের সকলকে), 'তা-সম্বার' (তাহাদের সকলের) পদের প্রয়োগ আছে। সকলে। **চিন্তিঅঁ**—রাচ অঞ্চলের প্রাচীন পুথিতে 'চিন্তিগ্রুণ', 'হাসিঞা', 'লঞা' ইত্যাকার পাঠ অদিক। বুরিল—বলিলেন (বিচরণ করিলেন নহে)। ব্রহ্মার—মন্তীর চিহ্ন 'র' প্রাকৃত সম্বন্ধবাচক 'কেরক' শব্দের বিকারে উৎপন্ন। ঠাএ—অপভ্রংশ প্রাকৃত 'ঠাঅ' শব্দের উত্তর সপ্রমার 'এ' প্রত্যয়। বেদল এসিয়াটিক সোসাইটির সংস্করণ প্রাকৃতিবৈদ্ধনের ২০৮ পূর্ভায় এই শব্দ পাওয়া গিয়াছে। স্থানে, নিকটে।

সব দেবে নোল ... একার ঠাএ—কংস কর্ত্ক স্টে নাশ হয় দেখিয়া দেবতাগণ মিলিত হইয়া স্বর্গে সভা আহ্বান করিলেন এবং কি উপায়ে এই পরম শক্রর নিপাত হয়, সকলে চিন্তা করিয়া, ব্রহ্মার নিকট নিবেদন করিলেন।

৩। ব্রহ্মা—সংস্কৃত 'ব্রহ্মন্' শব্দ; বাঞ্জনান্ত সংস্কৃত শব্দ প্রথমার একবচনে সংস্কৃতেরই অন্তর্মণ। স্ষ্টিকর্তা। সব (দব—দেবতা সকলকে। লক্ষা—লইয়া। গেলাভি—'অন্তি' প্রত্যায়ের একবচনে প্রয়োগ। মাধব দেবক্কত আদিকাণ্ডে,—

এহি বুলি বায়ু উঠি গৈলস্ত সম্বর।

হেন যুক্তি করি ক্ষীরোদধি তীরে গৈলন্ত দেবতাগণ।

অসমীয়া 'লৈলস্ক', 'ভৈলস্ক', 'দিলস্ক' এবং ওড়িয়া 'হোস্কি', 'বোলস্কি', 'করস্কি' প্রভৃতি পদ তুলনীয়। গেলেন, গনন করিলেন। সাগরে— ক্ষীরোদদাগরে। স্তৃতীএঁ—'এঁ' করণ কারকের চিহ্ন। উপাএ শব্দের টীকা দ্রষ্টব্য। স্থতি দ্বারা বাস্তবে। তুমিল--পরিতৃপ্ত করিলেন, প্রসন্ন করিলেন। হরি—এথানে হরি শক্দে ক্ষীরোদশায়ী রূপ বুঝিতে হইবে। স্ক্র্ভৃতাধিষ্ঠিত, স্ক্রান্ত্র্যামী এই তৃতীয় পুরুষাব্তারই পালনকর্ত্তা। তিত্রে—অপভ্রংশ প্রাকৃত 'ভিত্রি', পিঙ্গল—২০১৯৫; রাঢ়ের গ্রাম্য 'ভিত্রি'। মধ্যে।

8। বেশকৈ—প্রাক্ত 'তুম্হে' (প্রথমার বহুবচন); ওড়িয়া 'তুন্তে'। তুমি বা আপনি। নান রূপেঁ—ভিন্ন ভিন্ন অবতারে এবং বিবিধ উপায়ে। কইলেঁ—আনুনাদিক স্বর সম্রনের চিহ্ন। করিলেন। আস্ত্রের—কামরূপী (প্রাচীন অসমীয়া) আতি, আতিশয়, আলকা, আম্থ প্রভৃতি শব্দ তুলনীয়। অমুরের। খএ—প্রাক্ততে পদের আদিস্থিত ক্ষকারের স্থানে প্রায়ই 'খ' হয়। 'এ' প্রতায় প্রথমার ন্তায়। ক্ষয়, ধ্বংস। বিশ্বার কুমারপাল-চরিতে 'তুম্হার' (য়ুয়দীয়), ৮।৭৪। অপত্রংশ ভাষায় য়ুয়দাদি শব্দের উত্তর 'ঈয়' প্রতায় স্থানে 'ডার' আদেশ হয়; 'য়ুয়দাদেরীয়য়্ম ডারঃ', দিন্ধ-হেমচন্দ্র—৮।৪।৪০৪। প্রাকৃত শৃহ' স্থানে বাঙ্গালা সাহিত্যে সাধারণতঃ 'ক্ষ' পরিদৃষ্ট হয়। প্রাকৃতিপঙ্গলে 'তুক্মাণ', (বেঙ্গল এদিয়াটিক সোসাইটির সংস্করণ, পৃষ্ঠা ৩৪৬)। বস্তুতঃ এরূপ বর্ণবিস্থাস বঙ্গায় উচ্চারণের অনুকূল নহে। লীলাএ—হরিদাসক্রত জৈমিনিভারতে,—

সেই সব বাণ দৈত্য লীলাএ কাটিল।—(পুথি)

লীলা দ্বারা, লীলায়। ভগবানের ক্রীড়া বা কার্য্যাবলীকে লীলা কছে।

তোক্ষার লীলাএ ইত্যাদি—আপনার(ই) চেপ্তায় কংসের বিনাশ-সাধন

সঙ্গত হয়। তোক্ষে নানা রূপে ··· বধ হএ—দেবগণ কর্তৃক

ভবির অংশবিশেষ।

৫। (হন—অপল্রংশ প্রাক্কত 'হিঞ্জি', 'হেগ্ল' (এবং, অনেন), পিঙ্গল—
২০১৭২। এই প্রকার। শুণী—প্রাক্কত √গুণ (ফ্রা); ওড়িয়া গুণি। ইকার
স্থানে ঈকার এবং ঈকার স্থানে ইকার প্রয়োগের বহু দৃষ্টান্ত পাওয়া বাইবে;
উকার ও উকার সম্বন্ধেও প্রকাপ। সন্তবতঃ উহা স্থরের অম্পরোধে।'
শুনিয়া। ঈসত—প্রাক্কতে সর্ব্রে শকার ও যকার স্থানে 'স' হয়; 'শবোঃ দঃ',
বরক্লচি—২০০ ঈবং। হাসিঅঁশ—প্রাক্কত 'হিল্উণ', শৌরসেনী 'হসিঅ'।
হাসিয়া। ততিখালৈ—বিভাগতির পদাবলীতে 'ভতিখনে'; মাধবদেব-কৃত
আদিকাণ্ডে 'তেতিখণে'। তৎক্ষণাং। ধল—প্রাকৃত 'ধৃষ্ণল'। কৃত্তিবাসী
উত্তরাকাণ্ডে,—

নাহিক আঁথির তারা ধল ছই ডিম্বা।

ধবল। ক'ল—'কালং তমিস্রম্', দেশীনামমালা। ইউরোপীয় জিপ্সীদিগের ভাষায় kaulo. কৃষ্ণবর্ণ। তুই—অপল্রংশ প্রাকৃত, পিঙ্গল—১।৩৫, ।৪৭। ধল কাল তুই কেশ ইত্যাদি—ভাগবতে,—

ভূমেঃ স্থরেতরবর্মথবিমন্দিতারাঃ
ক্রেশবারায় কল্মা দিতকৃষ্ণকেশঃ।
জাতঃ করিয়াতি জনান্থপলক্ষা মার্গঃ
কর্মাণি চাত্মমহিযোপনিবন্ধনানি॥— 191-৬

অনস্তর ভগবান্ নারায়ণ অস্থরাবতার রাজাদিগের দেনা দারা বিমর্দিত পৃথিবীর ক্লেশ হরণের নিমিত্ত শুভ্র ও ক্ষণবর্ণ কেশস্বরূপে রাম-ক্ষণকপ ধারণ পূর্বক অব্তীর্ণ হইয়া স্বীয় মহিমাবাঞ্জক নানা কার্যা করিলেন।—পঞ্চানন তর্করত্বকৃত অনুবাদ।

স্থানিকত টাকার তাৎপথ্য,—প্রথমতঃ শুল্ল কেশ বয়োজন্ম নহে; দ্বিতীয়তঃ ভূভার হ্রণ ভগবানের পক্ষে অতি তুচ্ছ ব্যাপার, কেশ শব্দে তাহাই স্থাচিত হইয়াছে; তৃতীয়তঃ সিত ক্লফ বিশেষণ বর্ণবোধক।

১ ক্ষ্ দীছো বিজ বয়ে।
লহ জীহা পঢ়ই হোই সো বি লহ।
বয়ে। বি তুরিঅ পঢ়িও
দোতিয়ি বি এক্ক জানেয় ॥ প্রাকৃতণৈয়ল---১।৮

পুনশ্চ মহাভারতীয় বৈবাহিক পর্জাধ্যায়ে.—

স চাপি কেশো হরিরুচ্চকর্ত্ত একং শুক্রমপরঞ্চাপি রুফ্তম্।
তৌ চাপি কেশাবাবিশতাং যদূনাং কুলে স্ত্রিয়ে রোহিণীং দেবকীঞ্চ॥
তয়োরেকো বলভদ্রো বভূব যোহসৌ শ্বেতস্তম্ম দেবস্য কেশঃ।
ক্রুম্বো দিতীয়ঃ কেশবঃ সম্বভূব কেশো যোহসৌ বর্ণতঃ রুফ্ উক্তঃ॥

নারায়ণ স্বীয় মস্তক ১ইতে কেশবুগল উৎপাটন করিলেন। তন্মধ্যে একটি শুক্র, দ্বিতীয়টি ক্ষাবৰ্ণ। সেই কেশবুগল যজ্কুলকামিনী দেবকী ও রোহিণীতে সমাবিষ্ট হইল। শুভ্র কেশ বলদেবরূপে এবং ক্বন্ধ কেশ কেশবরূপে অবতীর্ণ হইলেন; তন্মিজিই লোকে বাস্থদেবকে কেশব বলে।—৮কালীপ্রসন্ন সিংহকুত অনুবাদ। কাশীদাসের কথায়.—

তোমা দভা প্রীতি হেতু আমিহ জন্মিব।
দ্বাপরে ক্ষিতির ভার নিংশেষ করিব॥
এত বলি তুই কেশ দিলেন মহেশে।
শুক্ল ক্বঞ্চ তুই হৈলা রাম স্বনীকেশে॥—(দ্রোপদীর পূর্ব্ববৃত্তান্ত)

পृष्ठीङ-- २

৬। **এহি** — অপলংশ প্রাক্ত 'এহ', 'এহি', 'এহী', 'এহ', 'এহ'। এই, এই-ই। **হৈবে**—উছুত ১ইবেন। বসুলের— অন্তারে কি ? বস্থানেরে। **ঘরে**— প্রাক্তিপিস্থানে—

ঘরে বিত্ত জগ্গা মহা তান্ত সগ্গা॥ ২০৫০।
গৃহে। হলী—শ্রীকৃষ্ণাগ্রজ হলধর। বনমালী—শ্রিকৃষ্ণ। দৈবকী—
দেবকের কন্তা, বস্থদেবের পত্নী এবং শ্রীকৃষ্ণের মাতা। •

৭। তাহার — প্রাক্বত ত (তদ্) শব্দ ষষ্ঠার বহুবচনে 'তাণং', 'তাণ'; এই 'তাণ' হইতে 'তাঁর' এবং স্বরের বল-বৃদ্ধি হেতু তাহাণ তথা তাঁহার হওয়া সম্ভব। পরে আনুনাসিকের চিহ্ন চন্দ্রবিন্দুটি বিলীন হইয়া গিয়াছে। বাঙ্গালার প্রদেশবিশেষে 'তান', 'তানার' শব্দ প্রচলিত। বাঙ্গালা ও অসমীয়া প্রাচীন সাহিত্যে তাঁহার অর্থে 'তান', 'তাহান' শব্দের প্রয়োগ আছে। প্রাক্বত ষষ্ঠার চিহ্ন 'গ'র এই রকারে পরিণতি প্রায়শঃ স্ক্রনাম শব্দে দেখা যায়। এখানে

তাহার শব্দে শ্রীক্ষণ্ড ও বলরাম উভয়কেই বুঝাইতেছে। **হাথে**—প্রাক্তরত 'হখ', পিঙ্গল—১৷১৮২, ১৷২০৭। কং শাস্ত্রের— স্বজনাদি সহ কংসাম্বরের। বর—প্রাথনীয় বিষয়, অভীষ্ট বস্তু। পাত্যাঁ—রাঢ়ের অধিকাংশ প্রাচীন প্রিতে 'পাঞা'। পাইয়া। **গেলা**—গমন করিলেন। বাবেস— স্থানে, স্বর্গে।

৮। উপেথিঅ)—প্রাক্ত 'উপ্পেক্থিঅ'। পদাবলীতে,— প্রাণ কাঁদে চাহিতে মধুর মূরতি দেখি। চণ্ডীদাস রহে তথা সে রূপ উপেথি॥

মাধব কন্দলি-কৃত স্থুন্দরাকাণ্ডে,—

কি কারণে হৈব মই রাক্ষসর ভক্ষী। মাদেক থাকিবো মই স্বামীক উপেক্ষি॥

উদ্ধৃষ্টি ইইয়া, অপেক্ষা করিয়া। রহিলা—রহিলেন। সময় উপেথিঅা ইত্যাদি—দেবগণ সেই শুভ সময়ের প্রতীক্ষা করিয়া রহিলেন। বড়ু—'বড্ডো মহান্', দেশীনামমালা; 'বড়' (মহৎ), প্রাকৃতপৈঙ্গল—২।১৯৩; সংস্কৃত 'বর'। 'বড়ু', বড়ুয়া এই শব্দেরই ক্লপভেদ। সম্ভ্রান্ত ব্যক্তি, শ্রেষ্ঠ পুরুষ। পদাবলীতে,—

একে তুমি কুলনারী কুল আছে তোমার বৈরী
আর তাহে বড়ুয়ার বধু।
কহে বড়ু চণ্ডীদাদে কুল শীল সব ভাদে
লাগিল কালিয়া প্রেম মধু ॥

পুন*চ— বড়ুয়ার ঝিয়ারী বড় নাম ধরি ভাহে বড়ুয়ার বৌ।

> কাহার কথায় কার কি বা হয় বড়ু চণ্ডীদাসে বলে॥

ক্রমে শব্দটি মর্য্যাদাজ্ঞাপক বংশগত উপাধিরূপে প্রচলিত হইয়া গিয়াছে। স্বর্গীয় মহেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় স্বীয় গ্রন্থে' লিথিয়াছেন,—'তিনি (চণ্ডীদাস)

১ বঙ্গভাষার ইভিহাদ, ১২ পৃ॰।

জন্মথণ্ড

জাতিতে ব্রাহ্মণ ছিলেন। বড়ু তাঁহার উপাধি ছিল।' পশ্চিমরাঢ়ে গোয়ালা, কৈবর্ত্ত প্রভৃতি জাতির মধ্যেও 'বড়ু' পদবী প্রচলিত এবং কোথাও কোথাও উহার উচ্চারণ 'বরু'। অসমীয়া 'বরুবা' শব্দ তুলনীয়। ৺হারাধন দত্ত ভক্তিনিধি মহাশার তাঁহার "বঙ্গের আদিকবি চণ্ডীদাস ঠাকুর" শীর্ষক প্রবন্ধে বিলয়া-ছেন,—'মহাত্মা চণ্ডীদাসের উপনাম বড়ু। বড়ু শব্দের প্রকৃত অর্থ (১) পূজারী বাহ্মণ, (২) অবিবাহিত।' 'বঙ্গীয় শব্দাস্থ' অভিধানে বড়ু শব্দের পরিচায়ক অর্থ ধৃত হইয়াছে। অনেকে মনে করেন, বহ্মচারিবাচক সংস্কৃত 'বটু' শব্দেরই অপভংশে বড়ু হইয়াছে। গ্লা—অন্তর, উপাসক। বাসলী গণ—নামুরের অধিষ্ঠাতী বিশালাক্ষী (বাসলী) দেবীর অন্থরক্ত অন্তর।

১। আধ্রিলা—আইলা, আদিলেন। সুমতি—স্থমন্ত্রণা। আগক— 'ক' দ্বিতীয়া বিভক্তির চিহ্ন। প্রাকৃত নিমিত্তার্থে প্রযুক্ত 'ক এ' প্রত্যায় উহার মূলে। মাধ্ব দেবকৃত আদিকাণ্ডে,—

নিবেক রামক বিদূরক নিশাচর।

আনিয়োক কন্সা গৈয়া সভাক আতাই। বুহুচা কীৰ্ত্তনে,—

লক্ষীর আগক কহে করি ক্বতাঞ্জলি।

অথ্যে, সমুথে। নারদ — ব্রহ্মার মানস পুত্র। ইনি জ্ঞানী ভক্তগণের অগুতম এবং লীলাবিস্তারকার্য্যে প্রধান সহায়। মুনী—প্রাক্ত 'স্থ', 'ভিদ্' এবং 'স্থপ' প্রত্যয় পরে থাকিলে ইকারাস্ত ও উকারাস্ত শব্দের অস্ত্য স্বর (বিকল্পে) দীর্ঘ হয়; 'স্থভিদ্স্প্স্থ দীর্ঘং', বরক্চি—৫1>৮। মুনি; "হুংথেষক্ষিমনাঃ স্থথেষ্ বিগতস্পৃহ:। বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীমুনিকচ্যতে॥' গীতা—২1৫৬। যিনি হুংথে উদ্বিগ্ধ হন না, স্থথে বাঁর স্পৃহা নাই, যিনি আসক্তি, ভয় ও ক্রোধপরিশৃগ্য হইয়াছেন, এরপ স্থিরমতি ব্যক্তিই মুনি বলিয়া কথিত।

১ নবাভারত,--->৩০১, আখিন-কার্ত্তিক

পাকিল—রাচে 'পাক্ল'; 'ভরিল', 'কাটিল', 'ভূথিল' প্রভৃতি পদ তুলনীয়।
এই 'ল'-প্রত্যয়ান্ত পদসমূহ সংস্কৃত এবং প্রাক্তবের ন্থায় ক্রিয়া ও বিশেষণ
উভয়ধর্মাক্রান্ত। পক। দাট়ী—সংস্কৃত 'দাঢ়িকা', মরাঠা 'দাঢ়ী'। শাক্রা।
মাথা—প্রাক্রত 'মথম'; কুমারপালচরিতে 'মথা', ৮০৮। মন্তক। বামন
শ্রীর—ক্ষুদ্র কলেবর। মাক্ড—প্রাক্রত 'মক্কড়'। মাক্ড বেশ—
মৃত্তি মক্টসদৃশ।

নাচএ—প্রাক্ত 'নচ্চএ'। নাচেন, নৃত্য করিতে লাগিলেন। **গতী**—গতি, প্রকার। বিক্লত বদন—মুখভঙ্গি অস্বাভাবিক। উনত মতী—স্থদর (মতি) উন্মন্ত, চিত্ত বিভ্রাস্ত। ধ্রু—সংস্কৃত 'গ্রুবক', 'গ্রুবা'। ধ্রুমা), গীতাঙ্গবিশেষ। The chorus of a song.

২। খাণে খাণে প্রাকৃত। ক্ষণে ক্ষণে। হাসৈ—প্রাকৃত 'হসএ', (হসতি) কুমারপাল-চরিত—৫।৭১। বিণি (বিনি, বিন্নু, বিনে)—অপভংশ প্রাকৃত 'বিণা', 'বিণু'। বিনা, ব্যতিরেকে। খোড়—'থোড়-থোরৌ তু থঞ্জকে', হেমচন্দ্র। ভগ্নপদ, থঞ্জ। খোণেকেঁ—মুহুর্ত্তেকে, তৎক্ষণাং। কান—সংস্কৃত 'কাণ', মৈথিলী 'কান'। কানা বা কাণা, অন্ধ। খাণে হএ খোড় ইত্যাদি—ক্ষণে থঞ্জের অন্করণ করেন, আবার তথনই অন্ধের অভিনয় করিতে থাকেন। পারকার—প্রকার। কারে অথাকৃত 'করএ', সিদ্ধাহেমচন্দ্র—৮।০। ৪৫। অঙ্গভঙ্গ — অঙ্গসঞ্চালন দ্বারা মনোভাব ব্যক্তীকরণ। তাক—অপভংশ প্রাকৃত 'তা' (তৎ), পিঙ্গল—১।১১৩, ১।১৯৬। 'ক' দ্বিতীয়ার চিন্নু। বিশারদক্বত বিরাটপর্ষেক্, —

গুরু উপদেশে আমি রথ বাহিবাক। শিথিয়াছো যেমত দেথিবা তুমি তাক॥

তা, তাহা। **রঙ্গ**—বিষ্ণাপতিতে,—

চৌরী পিরিতি হোয় লাথগুণ রঙ্গ।

আনন্দ, স্থথ।

৩। লাক্ষ-প্রাচীন অসমীয়াতে 'লাক্ষ' শব্দের প্রয়োগ আছে। লাফ, লক্ষ। খাণেকেঁ—'থোণেকেঁ'রই রূপভেদ। ভূমিত-'ভ' সপ্তমীর চিহ্ন। উহা সর্বাদি শব্দের উত্তর সপ্তমীতে প্রযুক্ত পালি 'ত্র' বা প্রাক্কত 'অ' প্রত্যায়ের রপান্তর। ভূমিতে। রহে — অবস্থান করেন। চিতরে — চিত্ হইয়া, উত্তান ভাবে। উঠিঅঁ। — অনস্তরাদি অর্থে ধাতুর উত্তর 'ইআঁ' প্রত্যায় অধুনা প্রচলিত 'ইয়া'র সমান। উঠিয়া। বৌলে — বলেন: আনচান — যশোহরের প্রাদেশিক 'আনথানা'; হিন্দী 'আনথানা'। অসম্বদ্ধ বাক্যা, অপ্রাসন্ধিক উক্তি। মিছাই — প্রাকৃত 'মিছ্না'। নিরর্থক। মাথা এ — 'এ' তৃতীয়ার চিহ্ন। মস্তক দ্বারা। পাড় এ — পাতিত করেন। সান — সংস্কৃত 'সান' (প্রান্ধ, শব্দ করা)। (১) বংশীপানি পূর্ব্ধক কামাচার অনুজ্ঞা বা আমন্ত্রণ; (২) হস্তাদি সঞ্চালন সহকারে আহ্বান-চেপ্তা; (৩) হর্ষামর্যাদির অভিব্যঞ্জক সক্ষেত-ভেদ। এথানে পশ্চাল্লিখিত অর্থই গ্রাহ্ন। মিছাই মাথা এ পাড় এ সান — অকারণ অসহিকুতা-জ্ঞাপক ঘন ঘন শিরোনমন করিতে লাগিলেন। বিলেল — বাহির করেন, বিস্তার করেন। জীহা — প্রাকৃত রূপ। জিহ্বা। আগি—প্রাকৃত 'অর্থণ'। অগ্রভাগ। রাআ— সংস্কৃত 'রাব'। মাণিকচন্দ্র রাজার গানে 'রাও'। রব। কাতে — চাদকবির বীরগাথাতে, —

(मां छ मीन मीनः कछी विक अंत्रिमः।

(উভয় পক্ষ হইতেই বক্র অসি নিম্বাধিত করিয়া সেনাগণ ধাবিত হইল।)

ক্বত্তিবাসী উত্তরাকাণ্ডে,—

সিংহ শার্দি,ল রা কাঢ়ে উচ্চস্বরে।

কাঢ়া শব্দের মৌলিক অর্থ বলপূর্ব্বক টানিয়া বাহিরে আনা। রাজ কাটে—শব্দ করেন। বোকা—'বোক্কড়ো ছাগঃ', দেশীনামমালা। ছাগল। মেলে ঘন ঘন — বোকা ছাগ—(কামপীড়িত) যুবা পশুর স্থায় ঘন দিক জ্বাগ্র বিস্তার করিতে এবং অন্তর্মপ শব্দ করিতে লাগিলেন। কংসেত—'ত' ষষ্ঠ্যর্থে প্রযুক্ত। মাণিকচন্দ্র রাজার গানে,—

আপনকার মহলত নাইগে উতরিল গিয়া।

প্রাচীন অসমীয়াতে,—

কহে শুক মুনি নৃপতিত বিভ্যমান।

উপজিল—√উপজ। উপজাত হইল, উৎপন্ন হইল। **হাস**—হাসি, হাস্ত। বন্দী—বন্দিয়া, বন্দনা করিয়া।

পৃঠাক---৩

>। কোণ-মরাসী 'কোণ'; ওড়িয়া 'কণ'। কোন্, কি। সুখেঁ-স্থাযে। কংশ-মনবোধক্বত হরিবংশে,—

কথি লএ কংশ পটকলছ মোহি।

মাগধী প্রাক্তে ম-কার ও স-কার স্থানে 'শ' হয়, 'য়য়ো: শঃ', বরকচি—
১১।০। তৌর—প্রাক্তিপৈঙ্গলে 'তোহর' (তব, য়য়াকম্) ২।২৪;
'তোকর' পাঠও আছে। হকার বা ককারের লোপে তোর। নাহিঁ—
প্রাক্ত 'নাহিং' (নহি); অপভ্রংশ ভাষায় নাঁহি। জাণ—প্রাক্ত √জাণ,
জানা। এবেঁ—আর্মপ্রাক্ত 'এবহিং''। এক্ষণে, এখন। তৌ—প্রাক্ত
'তুমং' পদের দেশীয় রূপ 'তোম্', 'তোঁ', 'তুম্'। তুমি। আপণার—
প্রাক্তে আত্মন্ শন্দের ষষ্ঠীয় বছবচনে 'অপ্পাণাণ'; মৃচ্ছকটিকে আপনার
অর্থে 'অপ্পণো কেরিকং'। তৈবৈক—প্রাচীন সাহিত্যে ক্রিয়াপদের
উত্তর স্বার্গে 'ক' প্রতায় বিরল নহে। পশ্চিম-রাঢ়ের কথিত ভাষায়
বর্ত্তমানেও এই রীতি অমুস্তে হয়; যথা—'হবেক্', 'যাবেক্', 'থাবেক্'
ইত্যাদি। হইবেন, জানিবেন। যে তৈবেক'র উন্তম গর্ভজাত সন্তান হইবেন বা যিনি দেবকীর অন্তম গর্ভজাত সন্তান হইবেন বা যিনি দেবকীর অন্তম গর্ভকী, দাক্ষিণাত্য
প্রভৃতি রীতিতে সেইরূপ 'সি'র প্রয়োগ দৃষ্ট হয়। প্রাচীন অসমীয়াতে,—

সিসি ধন্ত সিসি শুদ্ধ দেহিদে পণ্ডিত।

(কীৰ্ত্তনঘোষা)

১ 'দাণিং এণ্ছিং এজতে এবচিং ইদানীমঃ।' ডাং হোরন্লী-সম্পাদিত প্রাকৃতলক্ষণের সি, ডি. পরিশিষ্ট।

কবিশেথরকৃত গোপাল-বিজয়ে,— যাকে যার অভিকৃতি সেসি তারে ভায়।

সেই (সেই-ই), তিনিই। যম-অন্তক।

কহিলোঁ—পরবর্তী রূপ 'কহিলাঙ', 'কহিলাঞ', 'কহিলাঁ', 'কহিলাঁ প্রভৃতি। প্রাচীন অসমীয়া 'কহিলোঁ', 'কহিলোঁহো'। কহিলাম। মোঁই —প্রথমার একবচনে 'ই' প্রত্যয় মাগধীর অন্তরূপ (প্রাণ্ড প্রাণ্ড ১:1>•)। বিভাপতিতে 'মোহী', 'মোঞে', 'মোরে'। আমি। গুণী—গণি, গণনা করিয়া। জীবন উপাঞ্জ—জীবন রক্ষার উপায়। কোণ সুখেঁ কংশ … …কর জীবন উপাঞ্জ—নারদের উক্তি।

২। হৈল—হইল। সচকীত (সচকিত)—ভীত, কম্পিত। মৃষ্ট্রি

নান্ত্রী। পাত্র—অমাতা, সচিব। চিন্তির—চিন্তিল, চিন্তা করিল।
হীত—হিত, মঙ্গল। হৈতেঁ—প্রাক্কত 'হিংতো' (পঞ্চমীর বহুবচনের চিহ্ন ;
'হিংতোভাসং', চণ্ড—১৮)। আর্ধপ্রাক্কত ও অদ্ধর্মাগধীতে পঞ্চমীর একবচনেও
'হিংতো' হয় ; যথা—'দেবাহিংতো' (দেবাৎ), 'তুমাহিংতো' (ছং)। অপভ্রংশে 'হোংতও', 'হোংতউ'। চাঁদকবির প্রসিদ্ধ গ্রন্থে,—

কেতীক দূর অজমের হুংত।

মাধব কন্দলিক্বত অরণ্যকাণ্ডে,—

কৌশল্যা জননী পিতৃ অযোধ্যার পতি। ছুই হস্থ্যে কৈকয়ীত করিলোঁ ভকতি॥

প্রাচীন বাঙ্গালাতে 'হস্তে' ও 'হনে'র প্রয়োগ অন্ন নহে। হইতে। গব্ উ – সস্তান। হএ – হয়, হইতে লাগিল। মানুষ – লোক, অনুচর। মারিবাক – শৃক্তপুরাণে, –

দেবতা দেহারা ন ছিল পূজিবাক দেহ।

মাধব কন্দলিকৃত অরণ্যকাণ্ডে,—

মারিবাক লাগি মোক পাঠাইলেক বন।

মারিবা পদের উত্তর নিমিত্তার্থে 'ক' প্রতায়। মৈথিলীতেও ঐরপ; ওড়িয়াতে 'কু'। মারিতে, মারিবার নিমিত্ত। তাঁএ—হরিদাসকৃত জৈনিনি-ভারতে,—

নয় বান দিয়া দৈত্য বিশ্বিল রাজাএ। বক্রবাহ এক সত বান মাজে তাএ॥—(পুথি) তাহাকে বা তাহাদিগকে।

- ত। তবেঁ তথন। আপিপে কুমারপালচরিতে 'অপ্পণো' (স্বয়ম্)।
 তত্ব তথা। থানৈ স্থানে, সমীপে। দৈবকী এই 'এই' প্রতায়
 কর্তুকারকের চিহ্ন। ধরিব প্রাচীন সাহিত্যে প্রথম প্রকাষর ক্রিয়াপদের
 স্থানে উত্তমপুক্ষের ক্রিয়াপদের প্রয়োগ অবিরল। ধরিবেন, ধারণ করিবেন।
 পাপ পাপের প্রতিমৃতি। ত্রঠ্ঠ—প্রাক্ত 'ওট্ঠ'। ছক্ত, ক্রুর।
 কংসে—'এ' প্রথমার চিহ্ন। তাক সবই সে সমুদায়কেই, তাঁহাদের
 সকলকেই। মারিব—প্রথম প্রকাষর ক্রিয়া। মারিবে, নষ্ট করিবে।
 এবেঁ দৈবকীঞাঁ … … সবই মারিব প্রথম (ইইতে) দেবকী যে
 সকল সন্তান প্রস্ব করিবেন, পাপিষ্ঠ ক্রুর কংস সে সমস্তই (একে একে)
 নষ্ট করিবে।
- 8। আঠিম আছ অকারের স্থানে 'আ' আদেশ বাঙ্গালা ভাষার একতম বিশেষত্ব। অষ্ঠম। হৈব হইবেন। আঠিম গব্ভ হৈব ইত্যাদি দেব-দেব নারায়ণ (দেবকীর) অঠম গর্ভজাত সন্তানরূপে জন্মগ্রহণ করিবেন। দিব—দিবেন। তোক্ষাক ভোমাকে, ভোমায়। তথিলে— প্রাক্ত 'তক্থণ'; ওড়িয়া 'তক্ষণে'। তৎক্ষণ, দেই সময়ে। উপদেশে 'এ' প্রত্যয় তৃতীগ্রার চিহ্ন। উপদেশ দ্বারা। হির্বি হইবে।
- ১। একে একে এক এক করিরা। মাইল—মারিল, নই করিল ছয়-পিশ্বলে 'ছম' (বট্) ২।৪৩।
- ২। সেহি-সেই। অবসরে-ছই ঘটনার মধ্যবর্ত্তী সময়, স্ক্র্যোগে তুরি-ছই। নিয়েজিল-সমাবেশিত করিলেন।

পৃষ্ঠান্ক—8

- ০। মারিল—মারিল, নষ্ট করিল। কংশাসুরে কংসাস্থর।
 তাক—তাহা। স্মাত্মরী—শৌরসেনী প্রাক্বত 'হুমরিঅ'। স্মরণ করিয়া।
 কাঁপো-প্রাক্তত 'কম্পএ' (কম্পতে) পিঙ্গল ২০৫১। কাঁপিতে লাগিলেন।
 বিড়—অপত্রংশ প্রাক্কত। অত্যন্ত। ডার প্রাক্বত রূপ। ভয়।
- ৫। মাএর মা'র, মাতার। করিঅাঁ শৌরদেনা প্রাকৃত 'করিঅ'।
 রোহিণী বন্ধদেবের অপরা পত্নী, বলরামের মাতা। গব্র্ভ—গর্ভে।
 গিঅাঁ শৌরদেনী প্রাকৃত 'গমিঅ'।

দৈবকী উদরে পেল · · · · ৻রাহিণী গব্র্ত গিঅঁ। — যিনি শুক্ল কেশরপে দেবকীর গর্ভে প্রবেশ করিলেন এবং বলের আধিক্যবশতঃ যিনি (পশ্চাৎ) বলভদ্র নামে বিখ্যাত হন, তিনিই মাতার গর্ভপাত উপলক্ষ্য মাত্র করিয়া রোহিণীর উদরে যাইয়া অবস্থান করিতে লাগিলেন।

িদেবকীর ছয় পুত্র হইল। কংস তাহাদের সকলকেই একে একে বধ করিল। সপ্তম গর্ভে অনন্তদেবের আবিভাব হইল। তখন বিশ্বাত্মা ভগবান্ যোগমায়াকে আহ্বান করিয়া কহিলেন, —

গচ্ছ দেবি ব্ৰজং ভদ্ৰে গোপগোভিরলস্কতম্।
রোহিণী বস্থদেবস্থ ভার্য্যান্তে নন্দগোকুলে।
অস্তাশ্চ কংসসংবিশ্বা বিবরেষু বসন্তি হি ॥
দেবক্যা জঠরে গর্ভং শেষাথাং ধাম মামকম্।
তৎ সন্নিক্ষা রোহিণা উদরে সন্নিবেশন্ন ॥
অথাহমংশভাগেন দেবক্যাঃ পুত্রতাং শুভে।
প্রাপ্যামি তং যশোদায়াং নন্দপত্রাাং ভবিষাসি॥

—ভাগবভ, ১∙।২।৭-৯।

হে দেবি, হে ভদ্রে ! (তুমি) গোপ ও গোসমূহে অলম্কত ব্রজে গমন কর। বস্থাদেবের ভার্যা। রোহিণী নন্দগোকুলে আছেন, (বস্থাদেবের) অক্সান্ত ভার্যাও

গভসক্ষণাৎ তং বৈ প্রাহঃ দক্ষণং ভূবি।
 রামেতি লোকরমণাকলং বলবছুছে য়াৎ ॥—ভাগবত, ১০।২।১৩

কংস-ভয়ে ভীত হইয়া অলক্ষিত স্থানে বাস করিতেছেন। দেবকীর জঠরে যে গর্ভ রহিয়াছে, উহা আমার শেষাথ্য ধাম। ভূমি সেই গর্ভ আকর্ষণ করিয়া রোহিণীর উদরে সন্নিবেশিত কর। হে কল্যাণি! তাহার পর আমি পূর্ণরূপে দেবকীর পুত্র হইয়া জন্মিব এবং ভূমি নন্দপত্নী যশোদার গর্ভে জন্মগ্রহণ করিবে।

যোগমায়া ভগবানের আদেশমত দেবকীর গর্ভ লইয়া রোহিণীতে স্থাপন করিলেন। লোকে জানিল, দেবকীর গর্ভ নষ্ট হইল। ভগবান্ও বস্থদেবের মনে আবিভূতি হইলেন। ইহার পর দেবকী বস্থদেব কর্তৃক অর্পিত অচ্যুতাংশ মন দারা ধারণ করিলেন। ইহাই বলভদ্রের 'মাএর গর্ভপাত ছল' এবং দেবকীর উদরে ভগবানের আবিভাব।

৬। শৃগ্র—পাঞ্জন্ম। চক্র-স্থদশন। গদা—কৌমোদকী। শারঙ্গ (সারঙ্গ)—পদ্ম (অনেকার্গ কোন); বিভাপতিতে,—

সারঙ্গ উপর উগল দশ সারঙ্গ

কেলি কর্ণি মধুপানে॥

ভাগবতে সারস শব্দের পরিবর্তে পদ্ম আছে; যথা,—

উপদংহর বিশ্বাস্থ্যন্ অদো রূপমলৌকি কম্।

শঙ্খচক্রগদাপদ-শ্রিয়া জুপ্তং চতুভূজিম্॥—(১০।৩৩০)

যে কৃষ্ণ রহিল ইত্যাদি— যিনি দেবকার উদরে কৃষ্ণবর্ণ কেশরূপে রহি-লেন, তিনি শঙ্গক্তক্র-গদা-পদ্মধারী (বিফু); অথবা যিনি দেবকী-জঠরে রহিলেন, তিনি শ্রীকৃষ্ণ; শঙ্কাচক্রাদি তাঁহার প্রহরণ।

[গোস্বানিশাস্ত্রের অভিপ্রার,— যিনি দেবকীর গর্ভে জন্মগ্রহণ করেন, তিনি চতুর্ভুজ শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী বাস্থদেব। আর যিনি জন্মাদিরহিত হইয়াও নন্দরাজ-মহিষী মশোদার গর্ভ উপলক্ষ্য করিয়া যোগমায়ার সহিত জাত হন, তিনিই দ্বিভুজ মুরলীধারী প্রীক্রফ। প্রীক্রফই সমস্ত কল্যাণ-গুণের আকর ভগবান্ স্বয়ং। বস্থদেব পুত্র সহ নন্দরজে উপনীত হইলে, দেবকী নন্দন নন্দনেন বিলীন হন এবং বস্থদেব যশোদার কন্তারূপিণী যোগমায়াকে লইয়া মথুরায় ফিরিয়া আসেন।]

- ৭। তাহাক—'ক' বিভক্তি চিহ্ন। তাহা, তাঁহাকে। জাণী—
 জানিয়া, জ্ঞান করিয়া। আ'বৈক্ষণ (অবেক্ষণ)—অবধান, প্রতিজাগরণ।
 তাহাকে আইম পর্ভ বোধে মধানা বিনি দেবকীর উদরে রহিলেন, তাঁহাকে
 অইম গর্ভের সন্তান জানিয়া মহাবীর কংস প্রতিজাগরণার্থ লোক স্থাপিত করিল
 (অর্থাৎ রক্ষী পুরুষ নিয়োজিত করিল)।
- ৮। ধ্রল —ধারণ করিলেন। আকুরূপ—অন্বর্গ। সুপুরুষ গব্ভ ইত্যাদি—দেবকী মহাপুরুষের আবিভাব-লক্ষণায়িত গর্ভের অন্বর্গ গর্ভ ধারণ করিলেন; অর্থাৎ গর্ভে মংাপুরুষের আবিভাব হইলে যেরূপ লক্ষণ সকল প্রকাশ পার, দেবকী দেইরূপ লক্ষণগুকু গর্ভ ধরিলেন। বাঢ়ি গেল— বাড়িয়া গেল, বদ্ধিত হইল।
- >। বিজয় বেলা—ভাদ মাদের ক্লঞ্পক্ষের অষ্ট্রমী তিথির মহানিশায় রোহিণী-চক্রযোগে বিজয় বেলা হয়; যথা,—

ভাদ্রক্ষাষ্টমী লোকে বোহিণ্যক্ষ্তা যদি। মহানিশায়াং মধ্যত্থে ত্রিপাদে শশিসঙ্গমে। বিজয়া সাষ্টমী জ্ঞেয়া যোগজ্ঞানপ্রবেশিকা॥*—নির্ণয়মালা।

ভগবান্ ভবিষ্যোত্তরে বলিয়াছেন,—

সিংহরাশিগতে সূর্য্যে গগনে জলদাগমে।
মাসি ভাজপদে২ষ্টন্যাং কৃষ্ণপক্ষেহদ্ধরাত্তকে॥
শশাস্কে ব্যরাশিস্থে প্রাজাপত্যক্ষ সংযুতে।
বস্তুদেবেন দেবক্যামহং জাতো জনাঃ স্বয়ম॥—হরিভক্তিবিলাস, ১০১২৭

বেলা শব্দ কালবাচী। বিজয়-বেলা ও জয়ন্তী-যোগ অভিন্ন। ভাদ্র— বৈশাথাদিক্রমে পঞ্চম মাদ, ভাত্র। নিশি—পত্ত ও গীতাদিতে। রাত্রি।

* কাশীনিবাসী প্রসিদ্ধ জ্যোতিষী ফর্গায় বাপুদেব শাস্ত্রীর পৌদ্র শ্রীযুক্ত যত্ত্বনাথ শাস্ত্রী মহাশয় লোকটি উদ্ধার করিয়া দিয়া আমাদের বিশেষ ধস্তবাদার্হ হইয়াছেন। আন্ধকার—অন্ধকার। ঘন—নেঘ। বারি—জল। বরিষে—প্রাক্ত-পৈঞ্চলে 'বরীসএ' (বর্ষাত), ১/১৮৮। বর্ষণ করিতেছে। নিশি আন্ধকার ইত্যাদি—ঘনান্ধকার রজনীতে (কৃষ্ণপক্ষের মধারাত্রে) এবং বারিবর্ষণকালে, এরপ অর্থপ্ত হয়। অন্ধকার রাত্রিতে বৃষ্টিপতন অবস্থাভেদে প্রীতিপ্রদ। হ্রী— 'মুনী' শব্দের টীকা দ্রষ্টব্য (পৃ° ২ । হরি, শ্রীক্ষণ। ধ্রী—শৌরসেনী প্রাক্তত 'ধরিষা', পিঙ্গলে 'ধরি' (ধৃত্বা), ১/১৭, ১/১১। ধরিয়া।

রোহিণী আইমী তিথিন—রোহণীসূক্ত অইমী তিথিতে। জরম—রাড়ের গ্রাম্য 'জরম্'। কুতিবাদী রামায়ণের পুথিতে,—

কোন মৃত্তি দেব তুমি জন্ম কাহার ঘরে।

হরিদাসকুত জৈমিনি-ভারতে,—

এহ জ্রান্থের কুমার।—(পুথি)

জরম লভিল--জন্ম গ্রহণ করিলেন, ভূমিষ্ঠ ২ইলেন। কাফাঞি — কানাই, জ্ঞাক্ষণ।

বিজয় নাম বেলাতে ... জুরম লভিল কাফাঞি — বিজয়-বেলা অর্থাৎ ভাজ মাসের রোহিণী নক্ষনেয়ক অষ্টমী তিথি, অন্ধর্মার রাজি, ভালতে মেঘগণ (মন্দ মন্দ) বারি বর্ষণ করিতেছে, এইরূপ (সর্বাজ্ঞ সম্পন্ন) শুভক্ষণে ভগবান্ হরি শুজা চক্র-গদা-পদ্দাহস্তে প্রীকৃষ্ণরূপে আবিভূতি ইইলেন। অথবা রোহিণীযুক্ত ভাজক্ষণান্তমীর মধ্যরাজে বিজয় মামক শুভ বেলায়— যে কালে, জন্ম হইলে বা যাজাদি করিলে সন্ধ্রত বিজয় স্থল্টন হয়, ইত্যাদি।

২। জাণিল—জানিলেন। নিদেশ—নিদ্রায়। গৌকুল— মথুরার ছই তিন ক্রোশ দক্ষিণ-পূর্বে অবস্থিত। ভৈল—হইল। কণ্যা—কন্যা। সেই খনে—তল্মুর্ত্তে। ভোলেঁ—প্রাক্ত 'বিব্তল' বা 'ভিব্তল' হইতে 'ভোল' হওয়া সম্ভব। বিহ্ললতাবশতঃ। নিন্দ ভোলেঁ— ঘুমের ঘোরে, নিদ্রার আবেশে। যশোদাঙি —'দৈবকীএ' শব্দের টীকা দ্রপ্তবা (পু'৩)। তাক—তাহা। দেবের প্রসাদেঁ তবেঁ … তাক না জাণিল— বস্থানে তথন ভগবংরুপায় অবগত হইলেন, গোকুল্ফু জনগণ নিদ্রায় কাতর হইয়া পড়িয়াছে এবং (যে সময়ে প্রীরুষ্ণ কংসকারাগারে জন্মগ্রহণ করিলেন),

সেই সময়ে যশোদার এক কলা প্রস্ত হইল। পুত্র অথবা কলা উৎপন্ন হইল, (শ্রান্তিজনিত) নিজার আবেশে যশোদা তাহার কিছুই জানিতে পারিলেন না।

পৃষ্ঠান্ধ—e

ত। **চলিলা** — চলিলেন। কাহ্ন—প্রাক্ত 'কণ্ড' শক। শ্রীকৃষ্ণকে। করি—শৌরদেনী প্রাক্ত 'করিঅ'; পিঙ্গলে 'করি' (কুড়া) ১৯৭, ১।৯৯। প্রত্তী—বিভাগতিতে; শূভপুরাণে 'প্তরি'। প্রত্তরী, রক্ষা। বাটিত—'বটা প্রতঃ', দেশীনামমালা; 'ত' সপ্তমা বিভক্তির চিহ্ন। প্রে। থাহা—কাহ্নভট্তকত চর্যাচর্যাবিনিশ্চয়ে,—

ভব নদী গহন গম্ভীর বেগে বাহী। তুআন্তে চিখিল মাঝ ন থাহা।।

তুলদীদাসক্বত বালকাণ্ডে,—

পৈরত থকে থাহ জন্ম পাঈ। (সন্তরণক্লিষ্ট[®]বাক্তির তলম্পর্শের স্থায়)

বনমালী দাদের জয়দেব-চরিতে,—

প্রেমের বক্তা উঠে থাহা নাহি যায়।

থই বা থাই, নতাদির তলপ্রদেশ, জলনিয়স্থ ভূমি। কাফ দেখি বাটত ইত্যাদি—যমনা প্রীক্রফকে দেখিয়া পণে থাই দিল—অর্গাৎ তাহার গভীর ও ফীত জলরাশি কমাইয়া পদরজে গমনের উপযোগী করিয়া দিল। নান্দের—গোপরাজ নন্দের। য্র—'গৃহে ঘরোহপতো', বরক্চি—৪।০২; প্রাক্রত-বৈশ্বলে,—

ঘর লগ্গই অগ্গি জলই ধহ ধহ ৷---১৷১৯০

ঘরে, গৃহে।

8। **আণিল**—আনিলেন, আনয়ন করিলেন। **বালী**—বিদ্যাপতিতে বালি', 'বারি'। বালিকা, শিশুক্সা। রাএ—একার বিভক্তি-চিহ্ন। রব, ক্রন্দনশন্দ। প্রত্রী—প্রহরী। **চিআইল—**জাগাইল, সচেতন করিল। **জাণায়িল—**জানাইল, জ্ঞাপন করিল।

শেলাপাটে—শিলাপটোপরি, প্রস্তরথণ্ডে। আছাড়িঅ 1—
 উদ্ধে উত্তোলনপূর্ব্বক সবেগে আঘাত করিয়া। বুলিলে—ময়নামতীর গানে,—
 তা দেখিয়া মৈনামতী বুলিল বচন।

বলিলেক, বলিলেন। **আকাসে**—আকাশে, শৃল্পে। **নান্দোঘরে**— নন্দগৃহে। বালা—প্রাক্কতপৈঙ্গলে 'বালা' (বালকঃ) ২।১৪৭। বিজয় গুপ্তের পদ্মাপুরাণে,—

ছাওনির তলে ঢলিয়াছে লক্ষীন্দর বালা।

চৈতগুভাগবতে,—

বিজয় করিল যেন নন্দ্রোষের বালা।— (মধ্য, ২০শ অং)
'বাল' অপেফা 'বালা' শব্দ অধিকতর মাধুয়াব্যঞ্জক; অর্থ—বালক।
বাট্দ— বাড়িতেছেন, বর্দ্ধিত হইতেছেন। **্রাহ্মা**— কর্মকারক। দ্বিজ ভবানীক্ত লক্ষ্ণ-দিধিজয়ে,—

কন্সা-রত্ন দিব তোহ্মা প্রতিজ্ঞা যে মোর। তোমাকে, তোমায়। **বধিবারে**—বধ করিবার নিমিন্ত। **রুত্যা—** বিষ্ণুপুরাণে,—

স্বৰ্যতাং স্বৰ্যতাং হে হে সজো দৈত্যপুৰোহিতাঃ। কৃত্যাং তদ্য বিনাশায় উৎপাদয়ত মা চিরাৎ ॥ ১۱১৮৷৯ আভিচারিক ব্যাপারবিশেষ। **ক্নত্যা কৈল কাফ বধিবারে—ক্ন**ফকে বৰ ক্রিতে উপায় স্থির করিল।

৬। পূত্নকৈ—বকান্থরের ভগ্নী পূতনা, কামচারিণী বালঘাতিনী রাক্ষসীবিশেষ। 'ক' দিতীয়ার চিহ্ন। সংহারল—সংহার করিলেন। তনপান ছলো ইত্যাদি—পূতনা তীক্ষবিষ-পূরিত সঞ্চ প্রাণনাশক স্থন শ্রীক্ষবের মূথে প্রদান করে। রুক্ত স্তন্তপান উপলক্ষ্য করিয়া তাহাকে নিহত করেন। পাছে—প্রাক্ত পিচ্ছা'। পশ্চাং। তার পাছে—তার পরে। যমল আজুনি—যক্ষরাজ কুবেরের পূল্ল নলক্ষর ও মণিগ্রাব। ইহারা জ্বর্ষ্যাগর্ম ও যৌবন-মদের জাবস্ত মৃত্তি। গ্রমান্ধাবশতঃ ল্রাভ্রম্ম দেব্যি নারদ কন্থেক অভিশপ্ত হইয়া স্থাবরবোনি প্রাপ্ত হয় এবং যথাকালে শ্রীক্ষব্যের স্পর্শর্মর প্রসাদ লাভ করিয়া দিব্যধানে গ্রমন করে। পাঠামিল –'পাঠামিল'

এই ক্রিয়ার কর্ত্তা অবশ্য কংস; কিন্তু কংস যমলার্জ্নকে গোকুলে প্রেরণ করে, এরূপ কথা আমরা কোথাও পাই নাই। তাহাকি—তাহাদিগকে। ভাঙ্গীল—ভগ্ন করিলেন।

ভিক্তির প্রথম অবস্থায় কাম বড়ই অনিষ্টকারী। তাই ভক্তবৎসল ভগবান্ কামের প্রত্যক্ষ প্রতিমূর্ত্তি পূতনাকে বধ করিয়া নিজ জনের রক্ষাবিধান করি-লেন। যমলাজ্জন-ভঞ্জন প্রসঙ্গে ব্রজের মদাদিজনিত মলদোয় নিবারিত হইল।

৭। কৌশ— সম্রাধন কেশা কংগপ্রেরণার ব্রজে আসিরা নানারপ উপদ্রব আরম্ভ করে। শ্রীক্রঞ্জ অশ্বরূপী দৈতাসনীপে উপস্থিত হইলে, গুরাচার তাঁহাকে গ্রাস করিতে উপ্পত হয়। তথন ভগবান্ স্বীয় বিশাল বাহু উহার মুখবিবরে প্রবেশিত করিয়া দেন। ছুই রুদ্ধখাস হইয়া প্রাণত্যাগ করে। আসুর—অম্বর। আনন্তর— অনন্তর; তা সব—ভাগদের সকলকে। হেনমতেঁ— এই প্রকারে। বাঢ়িলা বৃদ্ধিপ্রাপ্ত হইলেন। দামোদর— একদা যশোদা বালক পুত্র শ্রীক্রফের দৌরাত্মে অত্যন্ত অহির হইয়া পড়েন এবং নিতান্ত নিক্রপায় ভাবিয়া গাভীবন্ধনের রক্ষ্ণ দোম) দ্বারা ভনয়ের উদর উদ্ধিলের সহিত বন্ধন করেন। সেই হেতু শ্রীক্রফ লোকে দামোদর নামে প্রসিদ্ধ। ব্র—আশীর্কাদে, ইচ্ছা। বাসলী বরে—বিশালাক্ষী দেবীর নিয়োগে।

১। নীল- বালাকীয় রামারণে লগাণের 'নীল-কুঞ্তি-মূদজন্' ইত্যাকার বর্ণনা আছে। কুমারসম্ভবে পার্বতী মহাদেবকৈ প্রণাম করিলেন, প্রণামকালে তাঁহার অবনত মস্তক হইতে 'নীলালক-মধ্যশোভি' ন্বকণিকার ভূতলে পতিত হইল (৩৬২)। মাধব কন্দলিক্ত অর্ণাকাণ্ডে,—

সিংহবর দক্ষ কেশ নীল আকুঞ্চিত।

শির চক্রাকৃতি নীল আকুঞ্চিত কেশ।

উজ্জ্ব কুন্তবৰ্ণ। **কুটিল**—কুধিত। **ঘন**—(প্রক্রণ), নিবিড়। **মূতু**—
কোমল। তাতি—প্রা' 'তও' (তও্র)। মাধবদেবক্কত আদিকাণ্ডে.—
প্রম গোরবে আনি সিংহাসন দিলা।

দশরথ মূপতি বদিলা গৈয়া তাত।

তাহাতে। পুছ-প্রাক্কত 'পুংছ'; তুলসীদাসে 'পুঁছ'। পুজ্ন স্বেশ— স্বদৃশ্য। **তিলকেঁ**—সালুনাসিক একার তৃতীয়ার চিহ্ন। **আছি—**আত, অতিশয়**। তুঈ—**ছই। **লযু**—খাট, ব্রস্ব।

প্রাক্ষ- ৬

বোলে — বাকো। বন্মালী — বাঙ্গালায় প্রথমার একবচনে ব্যঞ্জনাস্ত সংস্কৃত শব্দ সংস্কৃতেরই অম্বর্জ। আবিতার করি—অবতার গ্রহণ করিয়া, অপ্রপঞ্চ ধাম হইতে প্রপঞ্চধামে অবতীর্ণ হইয়া। ধ্রণীত-পৃথিবীতে। কেলী—কেলি, ক্রীড়া।

২। স্টু**রেখ**—বিভাপতিতে,— ভ[°]উহ স্তুরেখলি আখি।

জগরাথদাসকত ওড়িয়া ভাগবতে.—

স্থবর্ণ মুকুট স্তুব্রেক। যাহার উত্তম সস্তক॥— ২০০

স্থানর রেথাযুক্ত, সরল; শোভন। তৃত্বিটি— স্থাচিত। নাসা— নাক, নাসিকা। কামাণ্— বিভাপতিতে,—

ভৌহ কমান ধএল তম্ম কাগু।
 তীথ কট্য মদন শ্র লাগু॥

প্রাচীন সাহিত্যে তুলাদণ্ড অর্থে কামান শব্দের প্রয়োগ পাওয়া যায়। ধন্তু। প্রারিসিক 'কমান' শব্দ তুলনীয়। **জাহি**—কতুকারকে 'ই' প্রত্যেম মাগ্রীর মতুরপ । **আধির**— অধর। **(যহ্ন**— ক্লিবানী উত্তরাকাণ্ডে,-—

চতুদ্দৌল সিংখ্যমন ক্লেহ্ন রবির কিরণ।

জনরাগদাসের ওড়িয়া ভাগরতে,— বিজুলী নীব মে**বে যেকে**। যেন। যমজ—জোড়া, খুগা। পৌশার – বিভাপতিতে,—
অধর স্কর্ম জনি নির্দ প্রার।

চুধক প্রসে প্রার ধবল ভেল।

গোবিন্দদাসে,—

অপর পঞ্জার দশন মণি মোভি।

পলা, প্রবাল। ক**৪যুগ—**'কর' প্রাকৃত রূপ। কণ্যুগল। **জাল**—জাল শক্ষ 'সংস্কৃতসম` প্র্যায়ের অন্তর্গত। 'জালং পাশঃ' (ডা' হোরন্লী-সম্পাদিত প্রাকৃতলকণ, পৃ' ২)। ক**৪যুগ শোতে** ইত্যাদি—ছই কণ কুণ্ডলীকৃত বরুণ-পাশের স্থায় শোভা পাইতেছে।

৩। জানুত—জান্তত। লুলে ছলিতেছে। ভুজযুগ করিকর
ইত্যাদি—হতিও প্রাকৃতি বাল্যুগল জানুদেশ পর্যান্ত বিলম্বিত। করঙ্গরাতিক —
করাঙ্গুলিবৃন্দ। বিভাপতিতে পদাঙ্গুলি অর্থে 'পাঙ্গুর' শন্দের প্রয়োগ আছে।
মাল—প্রাকৃত 'মল্লং'। মালা। মরকত পাটি—মণি-নির্দ্ধিত ফলক।
উজ্জ্বলা ও কাঠিন্ত হেতু বক্ষঃত্বল মরকত-পাটের সহিত তুলিত ইইয়াছে।
কাটীণ মধ্য—কটিদেশ অন্তুল। রামর্ক্তা—রামকদলী। জংঘ—জ্ব্যা।

৪। পান্তী—প্রাক্কত 'পন্তি', 'পংতি', দিন্ধহেমচল্রে 'পংতা' চানাইলা
মাধ্ব কল্লিক্কত অরণ্যকাপ্তে.—

চম্পার পাকরি দম অন্ধুলির পান্তি।

পঙ্কি। সজল জলদ রুচি—জলভারাক্রান্ত নেঘের স্থায় প্রামশোভা।
জিণি—অপ্রভংশ প্রাক্কত। পিঙ্গল সাহস্ক। জিনিয়া, জয় করিয়া। কান্তী—
প্রাক্কত পৈশ্বলে 'কাংতী'। কান্তি, লাবল্য। বতীস- অপলংশ প্রাক্কত।
বিভ্রিশ। বতীস রাজলক্ষণ - - - আতি মহাবীর - ইনি দ্বাজিংশং
রাজলক্ষণযুক্ত এবং কংসকে ব্য করিতে হইবে বলিয়া প্রভূত বলশালী। নাসা,
ভূজ, নেত্র, হন্ ও জান্থ, এই পঞ্চাবয়ব দীর্ঘ; ত্বক্, কেশ, রোম, দন্ত ও অঙ্গুলিপর্বা, এই প্রতি ক্ষা; নেত্রপ্রান্ত, প্রতল, করতল, তালু, ওষ্ঠাবর,
জিহ্বা ও নথ, এই সপ্তপ্রদেশ রক্তবর্ণ; বক্ষঃস্থল, স্কা, নথ, নাসিকা. কটি ও মুখ, এই ছয় অঙ্গ উন্নত; গ্রীবা, জজ্যা ও মেহন, এই ত্রিতয় হ্রস্ব; কটি, ললাট ও বক্ষঃস্থল, এই তিন স্থান বিস্তীর্ণ এবং নাভি, স্বর ও বৃদ্ধি গভীর; গাঁহাতে অনন্যসাধারণ উল্লিখিত ব্রিশ প্রকার লক্ষণ বর্ত্তমান, তিনিই মহাপুরুষ-পদ-বাচ্য! সামুদ্রকে,—

পঞ্চীর্য: পঞ্চুক্ম: সপ্তরক্তঃ বড়ু রতঃ। ত্রিহুসপুগুগছীরো দাতিংশল্পণো মহান॥

 ৫। বঁশী—বংশী একট সাধারণ সংজ্ঞা। ভক্তিরসামৃত্সির, দক্ষিণ বিভাগে,—

অর্দাস্থরোঝানং তারাদিবিবরাষ্ট্রক্।
ততঃ দার্দাস্থান্যত্র মুখররনুং তথাঙ্গুলন্।
শিরো বেদাস্থাং পুচ্ছা ত্রাস্থাং সাতু বংশিকা।
নবরন্য স্থাতা সপ্তদশাস্থানিতা বুবৈঃ ॥—১৩৫৬

পরস্পরের ব্যবধান ও প্রত্যেকের পরিমাণ অর্দ্ধাঙ্গুল, এইরপ অষ্ট্র সরছিদ্রসম্বিত, স্বর্দ্ধিদ্র হইতে দেড় অঙ্গুলি অন্তর অঞ্জলিপরিমিত মুখ-রুজুবিশিষ্ট এবং যথাজ্ঞমে অজুলিচতুষ্ট্রপ্প ও অঙ্গুলিত্র-পরিমিত শিরোভাগ ও নিম্নদেশসূক্ত গুষির যন্ত্রক বংশী বলে—অর্গাং (সার্দ্ধ) সপ্রদশ অঙ্গুলি-পরিমিত এবং নবরজুষ্ক যন্ত্রবিশেষের নাম বংশী। নিতি নিতি—নিত্য, প্রভাহ। বাছা—প্রাক্কত বিচ্ছা। কুম্দাসক্রত শীক্ক্ষ্ণবিশাসে,—

গাঁই বাঢ়া বিকল না দেখি তোর মুখ।

বাছা রাথে—গোবৎসচারণ করে। গিঅশ-যাইয়া। রুক্ণাবন—
মণুরাসমীপন্থ বনবিশেষ।

>। কাহ্নাঞি রস সস্ভোগ কারণে—রুফ্ণের রতিবিলাসের নিমিত্ত। লক্ষ্মীক—লক্ষ্মীকে। বুলিল—ভবানীদাসকৃত ময়নামতীর গানে,— এত শুনি মৈনামতী বুলিল বচন।

বলিলেন। **অ্লাল**—'অলা অবলা মন্দা য অম্বাএ' (অলা অবলা চ

অষা। জননীত্যর্গঃ॥), দেশীনামমালা। অগ্যন্ত দেখা ঘাইবে, 'হলা', 'হলে' হইতেও 'আল' হইরাছে। রাধা—একদা শ্রীক্ষণ্ড গোলোকস্থ স্থ্রম্য বুন্দাবনের মণিমন্ন পীঠে নমাসীন আছেন; এই অবস্থায় তাঁহার রমণেছা হইল। ইচ্ছামন্ত স্বন্ধং গুই রূপে প্রকটিত হইলেন। দক্ষিণান্ধ শ্রীক্ষণ্ডমূর্ত্তি এবং বানান্ধে রাধারূপ ধারণ করিলেন। শ্রীক্ষণ্ড নিজ প্রিয়াকে অভিনব রূপ-যৌবন-সম্পন্না ও কামাতুরা দেখিয়া রমণোৎস্কুক হইলেন। হরিপ্রিয়াও পতিকে রতি-অভিলামী দর্শন করিয়া তৎপ্রতি ধাবমানা হইয়াছিলেন। এই নিনিত্ত পণ্ডিতগণ তাঁহাকে 'রাধা' নামে কীর্ত্তন করেন। রাধা শ্রীক্ষণ্ডবক্ষে নিরম্ভর অবস্থান করেন এবং তাঁহার প্রাণ সকলের অধিষ্ঠাত্তী দেবী। আল রাধা—মাতঃ রাণে! পৃথিবীত—পৃথিবীতে। কর আবতার অবতার গ্রহণ কর, অবতীর্ণ হও। থার – প্রাকৃত। স্থির। হউ—প্রাকৃত 'হোউ' (ভবতু)। হউক। আল রাধা—কীর্ত্তনীয় পদের মধ্যে মধ্যে 'আথর' দিবার রীতি আছে। ইহা 'আগো মা', 'না আমার' প্রভৃতির ন্থার সেইরূপ আথর।

তে কারণে নিষ্ট জন্ম। পাতুমা উদরে এবং সাগরের ঘরে—
বন্ধবৈবর্ত্তের উক্তি অনুসারে রাধা বৃষভান্ধ বৈশ্রের পত্নী কলাবতীর বায়ুগর্ভে
উৎপলা হন। পলপুরাণে লিখিত হইমাছে, কীর্ত্তিদা রাধার জননী। মতান্তরে
বৃষভান্ধ মহামারার আরাধনা করিয়া বমুনাস্থ কমল-বনে একটি মায়াময় ডিম্ব প্রাপ্ত
হন এবং সেই ডিম্বেই রাধার উদ্ভব। পলমধ্যে প্রাপ্তি হেতু কি পছ্মাউদরে
রাধার জন্ম কল্পনা করা হইয়াছে ? অপর লন্ধী সমুদ্রোখিতা। তাই কি সাগরের
ঘরে তাঁহার জন্ম স্টিত হইল ? লি—'আল' এই শক্ষেই সংক্ষিপ্ত রূপ।

পৃঠাক্ষ--- ৭

২। তীন —প্রাক্বত 'তিরি' (প্রাণ প্রণ, ক্° চণ, ক° ম°); পিঙ্গলে 'তীনি' (ব্রি, ত্রীনি), 'তির'; মরাঠী ও হিন্দী 'তীন'। **(দাহনী**—দোহনকারিণী। তীন ভূবন জন ইত্যাদি—ব্রিভূবন-জন-মোহকারিণী এবং রতিরস-সম্ভোগ-

প্রবৃত্তিদান্নিনী। **কোঁঅলী**—কোমলাঙ্গী। শিরীষ কুসুম কোঁ**অলী**—
বিভাপতিতে,—

সিরিসি কুন্থম কোমল ও ধনি—

শিরিষ কুস্থম তনি অতি স্থকুমার ধনি —

শিরীষ ফুল অতিশয় স্বকুমার ও মনোহর। অঙ্গপ্রত্যঙ্গ শিরীষ পুষ্পদদৃশ। আদভুত—অদ্ভুত, বিশ্বয়োৎপাদক। কনক পুতলী—স্বৰ্ণপ্রতিমা।

ত। বাঢ়ে—বৰ্দ্ধিত হয়। তত্ম লীলা—লীলা প্ৰকটনাৰ্গ গ্বত দেহ। পুরিল—পূৰ্ণ হইল। বেয়েহেন—বিভাপতিতে,—

তত কএ দেখিয় জেহন তুয় ভাগ।

মাধব কন্দলিকত অযোধ্যাকাণ্ডে,—

রথ থন গতি করে যেহেন পবন।

যেমন। দিনে দিনে বাঢ়ে ইত্যাদি—চক্র যেমন কলায় কলায় বাড়িয়া পূর্ণ হইল, রাধার অঙ্গপ্রতাঙ্গও তেমনই করিয়া দিন দিন বর্দ্ধিত হইতে লাগিল অর্থাৎ রাধা শুক্লপক্ষীয় শশিকলার ক্যায় দিন দিন বৃদ্ধি পাইতে লাগিলেন। কুমারসম্ভবে,—

দিনে দিনে সা পরিবর্দ্ধমানা
লকোদয়া চাক্রমসীব লেখা।
পুপোষ লাবণ্যময়ান্ বিশেষান্
জ্যোৎসান্তরাণীব কলান্তরাণি॥—১।২৫

দৈবে—কর্ত্কারক। দেবগণের প্রার্থনাতেই রাধা বৃন্দাবনে আবির্ভূ তা হন। নপুংসক —পুরুষত্বহীন। পূর্ব্বজন্ম আয়ান (আইহন) লক্ষ্মীকে পাইবার প্রত্যাশায় কঠোর তপস্থা করেন। নারায়ণের বরে তাঁহার লক্ষ্মীলাভ হইলেও লক্ষ্মীর আদেশে তিনি নপুংসকত্ব প্রাপ্ত হন। আইহন—প্রাক্কত 'অহিমন্নু', 'অহিবন্ধু'; সংস্কৃত 'অভিমন্থা', পরবর্ত্ত্তী শ্লোক দ্রষ্টব্য (পৃ ৮); ভক্তিরসামৃতশিক্ষ্, দক্ষিণ-বিভাগে,—

কুতুকাদভিমস্থাবেশিনং হরিমাক্রশু গিরা প্রগল্ভয়া। বিদিতাকৃতিরাকুলঃ ক্ষণাদজনি স্বিশ্নতত্মঃ দ রক্তকঃ॥ ব্রহ্মবৈবর্ত্তে 'রায়াণ'। ইনি বৃন্দাবনবাসী জনৈক গোপ এবং যশোদার ভ্রাতা। বাণী—পালি ও প্রাক্ত 'আণা' (আজ্ঞা) শব্দের স্থায়। মরাঠী 'রাণী'; হিন্দী 'রানী'। প্রিয়া, পত্নী। বৈদ্বেব কৈল কাফ্ত মনে ইত্যাদি—দেবতারা ক্বঞ্চের মনোভাব অবগত হইয়া রাধাকে নপুংসক আয়ানের পত্নী করিলেন।

৪। মাঅক-প্রাক্তত 'মাআ'; 'ক' বিভক্তিচিছ। মাতাকে।
বড়ারি—'বড় আয়ি', জত উচ্চারণে 'বড়ায়ি'। প্রাচীন বাঙ্গালা ও অসমীয়া
'আই' এবং মরাঠা 'আঈ' শন্দ মাতৃবাচক। রাচের প্রদেশবিশেষে মাতামহী
অর্গে 'আই মা' বা সংক্ষেপে 'আই' শন্দের প্রচলন আছে। মাতামহী বা
তৎপর্য্যায়ের স্ত্রীলোক। তুল '— 'আন্ধে তোর বড়ায়ি তোন্ধে মোর নাতী'
(পৃ ১৩)। কেছ কেছ বড়াইকে বুনা দেবী বলিয়া উল্লেথ করিয়াছেন।
বিদ্যুল অপল্রংশ প্রাক্কত। দাও। এহার—প্রাক্কত 'এআন' (এতেযাম্)
কুমারপালচরিত এ১৪ এবং দিন্ধতেমচন্দ্র ৮।এ৮১ স্ত্র ও টাকা। ইঁহার,
রাধার। পাদেশ —পার্গে, নিকটে।

>। বাঁটি—প্রাক্ত 'বাট্র'। অসমীয়া রামায়ণে,— বানরে ভালুকে দেখি রিঙ্গ দিল ঝাণ্ট।

ঝটিতি। আল এবং ল বড়ারি—এগুলি পদ-মধ্যবর্ত্তী 'আগর'।
চাহি—√চা (চাহ), প্রার্থনা করা। লৈল—লইলেন। বুটীঅ মাই—
প্রাকৃত 'বুড্টী', বুজা এবং 'মাই', মাতা। বুড়ো মা, পিতামহী বা মাতামহী। পিসী—প্রাকৃত 'পিউদিআ', 'পিউচ্ছা' (পিতৃষদা)। আইহনের
মাঅ … … রাধার বড়ারি—আয়ানের মাতা (আয়ান-ক্থিত বাক্য)
মনোমধ্যে আলোচনা করিয়া সত্তর প্লার নিক্ট ঘাইয়া তাহার (আয়ান ঘোষের
মা'র) পিসী এবং সম্পর্কে রাধার বড় আই বুজাকে চাহিয়া লইলেন।*

^{*} পূর্ববর্ত্ত্রী পদের 'পাতুমা উদর' এবং 'দাগরের ঘর' দম্বজে আমরা নিঃসংশয় হইতে পারিয়া-ছিলাম না। আলোচ্য পদে পদুমা শব্দে কাহাকে লক্ষ্য করা হইতেছে, তাহাও বুঝিতে পারি নাই। প্রমশ্রদ্ধাম্পদ দাহিত্যাচার্য্য শ্রীযুক্ত অফ্যুকুমার দ্রকার মহাশয় উহার নিম্নলিথিতরূপ দ্মাধান ক্রিয়া দিয়া আমাদের কাস্তরিক কৃতজ্ঞতাভাজন হইয়াছেন। তিনি লিখিয়া পাঠাইয়া-

- ২। নিয়োজিলী—নিযুক্তা ইইলেন বা নিযুক্ত করিলেন। হাট—ক্রা-বিক্রমন্থান। রাখিবারে—রক্ষণাবেক্ষণের নিমিও। শেত—ময়না-মতার গানে; যবন্ধীয় কবি-ভাষায় খেত অর্থে 'শেত' শব্দের বাবহার আছে। শুক্রবর্গ। চামর—হিমালয় প্রদেশের গোজাতীয় চমর পশুর পুছলোম-নির্মিত ব্যজনভেদ। ভাঙ্গিল -বিশেষণ-পদ। ভগ্ন, ডোবা। আহি চুন রেথ ইত্যাদি—ক্র দেখিতে চূণের রেথার মত (শুক্র)। মুগ্রম শুলিকা। আখি—পালি ও প্রাক্কত 'অক্থি'। চক্ষু, অক্ষি। কোটর বাটুল ইত্যাদি—ক্রই চক্ষু বৃক্ষগহররান্তর্গত গুলিকাবং।
- ত। **খীন—প্রাক্ত '**খান'। শুক। **কপোল খীনে—**গাল তোব-ড়ান। **মাহা পুট নাশা** ইত্যাদি—বিশাল নাসাপুট ভগ্নপৃষ্ঠ (অর্থাৎ অসোষ্ঠব নাসিকার মধ্যভাগ নিম্ন), হনু উন্নত এবং গগুদেশ বিশাণ।

বিকট দন্ত-দন্তমূল (মাঢ়া)ক্ষয়িত হওয়ায় দন্ত বৃহৎ ও বাভৎসাকার ধারণ করিয়াছে। কপট বাণী—বাক্য ছলপূণ। ওঠ—প্রাক্ত 'ওট্ঠ'। ওঠ। আধর—অধর। উঠক—প্রাক্তত 'উট্ঠ'। 'ক' বিভক্তিচিহু। উট্রকে। ওঠ আধর উঠক জিণী—ওঠাধর উটকে পরাজয় করে অর্থাৎ ঠোঁট ছইথানি অতিরিক্ত মাত্রায় ঝুলিয়৷ পড়িয়াছে।

৪। কাঠা—প্রাক্ত কট্ঠ' (কাষ্ঠ)। ক্ষুদার্থেই বা ঈ প্রত্যয়। কাঠা
সম বাহু যুগলে—বাহুদয় অস্থি-চর্ম্ময়ায়। নাভি মূলে তুঈ কুচ
লুলে—স্তন ছইটি নাভিমূল পর্যাপ্ত লিম্বিত। কুটিল গমন—গতি পদের

ছেন,—"বৃষভাসুর মাতার নাম পদ্মাবতী ·····। পছুম। শব্দটি বোধ হয়, ছুইটি পদে ছুইটি ভিন্ন অর্থে ব্যবহৃত হইন্নাছে;—'তে কারণে নাগরের ঘরে'—দেই কারণে সাগর-নিলয়ে পদ্মকোষমধ্যে রাধিকার জন্ম হইল। লক্ষা সাগরসন্তবা, পদ্মালয়া, ছুই ভাবই এই ব্যাখ্যায় ঠিক রহিল। 'আইহনের মাজ গুণী মনে ····· তার পিনী রাধার বড়াছি'—আয়ানের মাতা মনে বিচার করিয়া, শীল্ল বুবহামুর মাতা পদ্মাবতীর নিকট বিয়া" ইত্যাদি।

অস্থিরতাজ্ঞাপক। **ঘন কাশে**—খাস্যস্ত্রের প্রদাহ জন্ম পুনঃ (থুক্ খুক্) শব্দ করাও অতিবৃদ্ধত্বেরই পরিচায়ক।

অভিমন্ত্যুজনগ্যাহং ইত্যাদি শ্লোক,—

বড়াইর উক্তি,—

রাধে! আমি অভিমন্থাজননী কর্তৃক তোমার রক্ষণে নিযুক্ত হইয়াছি; স্বতরাং সহর্ষমনে আমার সহিত মথুরায় চল।

রাধার প্রত্যুক্তি,—

তুমি রদ্ধা এবং মধুর ব্যবহারে স্থনিপুণা, সৌভাগাক্রমে তুমি আমার রক্ষণে নিযুক্ত হইয়াছ; অতএব এদ, মথ্রায় ধাই।

জন্মথণ্ডের টীকা সম্পূর্ণ।

তায়ূলখণ্ড

পৃঠাক--- ৯

১। তু**ধেঁ** —প্রাণ 'হদ্ধ'। 'এঁ' তৃতীয়ার চিহ্ন। অণ্ড্রংশ ভাষায় তৃতীয়ার একবচনে 'এং' প্রত্যয় হয় ; 'এংটা', ক্রমদীশ্বন— প্রাণ অপ°, স্থণ ২৪। বাঙ্গালার তৃতীয়াস্ত 'এঁ' বা 'এ' প্রত্যয় এই 'এং' এরই রূপাস্তর। প্রসার— বিক্রেয় দ্রব্য-সন্তার, দোকান। সজাঅাঁ— সাজাইয়া, সজ্জিত করিয়া। নেত বাস—'নেত' প্রাচীন সাহিত্যের একটি চিহ্নিত শব্দ ; শৃক্সপ্রাণে,—

স্থনার কলসি নিল নেতের বসন।

কুত্তিবাদের আত্মবিবরণে,—

আঙ্গিনায় পড়িয়াছে রাঙ্গা মাজুরি। তার উপর পড়িয়াছে নেতের পাছুড়ি॥

বিজয় গুপ্তের পদ্মাপুরাণে,—

ঝাপিয়া বদন অঙ্গ নেতের অঞ্লে।

হরিভক্তিবিলাসে,—

পদারাগৈঃ পটের্নে তৈশাণ্ডিতং চর্চ্চিতং শুভৈঃ।-->৫।১৯১।

সংস্কৃত 'নেত্র' অর্থে অংশুক; 'স্যাজ্জটাংশুক্রোর্নেত্রং',—অমর। ম্যুর্ক্সী রঙ্গের এক জাতীয় রেশমী কাপড়, ক্ষোম বস্ত্রভেদ। **ওহাড়ন**—'ওহাড়ণী পিহাণাএ', দেশীনামমালা। আবরণ, আচ্ছাদন।

জাএ—যায়। সর্বাঙ্গ সুন্দরী—রাধা। মথুরা নগরী—কংসের রাজধানী, আগ্রাপ্রদেশস্থ স্বনামপ্রসিদ্ধ প্রচৌন পুরী।

২। সমে—মাধবদেবকৃত আদিকাণ্ডে,— সীতা সমে রাঘবর বিবাহ করাওঁ।

কবীক্র পরমেশ্বরকৃত ভীম্মপর্কে,—

ভীম সমে অর্জুনের হৈল মহারণ।

ৰিছাপভিতে 'সঞে', 'সঞো', চৈতন্তভাগবতে 'সঙে'। সহিত।

রস পরিহাসে—রসালাপ করিতে করিতে। আপ্তি—আগে, অগ্রে। গেলি—গেলেন, গমন করিলেন। সত্তর গমনে—ক্রতপদে। করী— করিয়া। যতনে—আদর, সম্মান। না করী যতনে—গ্রাহ্ম না করিয়া।

০। বকুল তলাত—বকুল বৃক্ষতলে। (গাঁআালা—'গোঅলা ছদ্দিক্ইনী', দেশীনামনালা। ছগ্ধবিক্রয়ক্ত্রা, রাধা। নেহালা—নিরীক্ষণ করিয়া। বিদিলা – মনবোধকৃত হরিবংশে 'বৈসলি'। বিদিলেন। বিদিলা মাথাত দিঅা হাতে দেগ্রা হতাশের লক্ষণ। চলিলা—হিন্দা ও মরাসার ভারে প্রাচান বাঙ্গালাতে লিঙ্গভেদে ক্রিয়াপদের রূপভেদ হইতে দেখা যায়। 'নিয়োভিলা', 'গেলি', 'বিদিলা' প্রভৃতি পদ তুলনায়। চলিলেন। আম—প্রা 'অগ্ন', 'অর'। অহা।

৪। গুণিঅাঁ– গণিয়া, ভাবিয়া। মাঝেঁ—পিন্দলে 'নজ্ঝ', 'নজ্কো, 'মকে'। মধ্যে। ত্রাস—আস, ভয়।

পৃষ্ঠান্ক-১০

>। হারাখা – হারাইয়া। বুলে – আর্য প্রাণ 'বোলএ'। শূগু-প্রাণে, –

পলাইতে নারে হংস বুলে স্থ্য ভরে।

প্রা° √বোল, পরিক্রমে। বিচরণ করিতে লাগিলেন। রাধিকা হারাঅা
বড়ারি ইত্যাদি—পথিমধ্যে রাধাকে হারাইয়া, বড়ায়ি তাঁহার অবেষণে ইতস্ততঃ
বিচরণ করিতে লাগিলেন। ভাল মনে— চৈত্যভাগবত, অস্তাথত,
৮ম অধ্যায়। ভালমতে, উত্তমরূপে। ভাল মনে পথক ইত্যাদি—একে বৃদ্ধা,
তাহাতে আবার রাধার জন্য অত্যাধিক উৎকঠা; দৃষ্টিবিভ্রমবশতঃ ভাল
করিয়া পথ দেখিতে পাইতেছিলেন না। নাতিনী—প্রাং 'নত্তী' (নপ্ত্রী)।
দৌহিত্রী। সোহে—মমন্তর্জিজনিত হঃখে। বিমরিযে—বিতর্ক করিতে
লাগিলেন। করেনী—চৈত্যভাগবতাদিতে; বিভাগতিতে 'করও'। করি।

জ ও — মাধবদেবকৃত আদিকাণ্ডে 'বাওঁ'; চৈতন্যভাগবতে 'যাঙ'। যাই, গমন করি। দিশে — দিকে।

হারাইল - হারাইলেন। মাঝ - প্রাও 'মজ্ঝ'। জাণ্ড - প্রাকৃতপৈরুল, সাংচচা জানেন। যার - প্রাকৃত জ (মদ্র শন্ধ ষষ্টার বহুবচনে 'জাণং',
'জাণ'; এই 'জাণ' হইতে 'যার' তথা 'যার' হইয়া থাকিবে। বেহেন চৈতনা গাগবতে, — 'শক্তিহত লক্ষ্মণ বেহেন রাম কোলে', মধা', ৪র্থ অং।
ঘটন — বিধিনির্বান্ধ। বেস — অপং প্রাও 'সো' (তং) পিঙ্গল সাম, সামণ্ড।
তাহা। বিদ্বে সে জাণ্ড ইত্যাদি — যাহার যেরূপ বিধিনির্বান্ধ, তাহা
দেবতারাই জানেন।

- ২। মনেত—'ত' দপ্তমীর চিছ়। শুণেত (গুণত)—গণনা করেন বা করিতে লাগিলেন। আধিক অধিক। কথাঁ। কোপা। পাওঁ— অসমীয়া রামায়ণাদিতে; বিভাপতিতে 'পাও'; চৈতনাভাগবতে 'পাও'। রক্ষপুত্রের উপত্যকাপ্রদেশে বর্ত্তমানেও 'করোঁ', 'জাওঁ', 'পাওঁ' প্রভৃতি ক্রিয়াপদ প্রচলিত। পাই, প্রাপ্ত হই। নোএঁ—ভূল° 'মোই' (পৃ°০); অসমীয়া 'মই'; হিন্দী 'মোঁ। আমি। উদ্দেশ—সন্ধান, দংবাদ। এক-সরী—একেশ্বরী, একাকিনী। হৈলোঁ—পরবর্ত্তী রূপ 'হইলাও'; অসমীয়া 'হলোঁ'; ওড়িয়া 'হোইলুঁ', 'হেলুঁ' (বহুবচনে)। হইলাম। এড়িআঁ—ভাড়িয়া, ত্যাগ করিয়া। জীবোঁ—বাচিব। কেনমনে— চৈতন্তভাগবত, আদিং, এম ও ৮ম অং। কি প্রকারে, কেমন করিয়া। মনেত শুণেত বড়ারি… আজি জীবোঁ কেনমনে— অত্যধিক ত্যাগ হেতু বড়াই মনে মনে ভাবিতে লাগিলেন, কোথা গিয়া রাধার সন্ধান পাই ও ঘার বনে আমি একাকিনী (হইলাম); রাধা-বিরহিত হইয়া আজ কেমন করিয়া বাচিব প
- ৩। কথো—প্রা° 'কন্তো' (কিয়ৎ)। কত। চরে— সাহার অন্নেষণার্থ ইতস্ততঃ বিচরণ করিতেছে। গাই—প্রাণ 'গাঈ' (গোঃ)। গাভী। তাক দেখি বড়ায়ির ইত্যাদি—তাহা দেখিয়া বড়াইর মনে হর্ষোদয় হইল। এহা—এই। রাখোআল—বাহ্নদেব আচার্য্যকৃত স্বর্গারোহণ পর্ব্বে,— অটবীর পক্ষী কান্দে বনে রাখোআল।

কর্মকারক। গ্রাদি-পশুরক্ষক। পুঁচ্ছোঁ — প্রাণ √পুছছ (প্রছছ ১, প্রশ্ন করা। জিজ্ঞাসা করি।

- ৪। তথা ঞি তথায়। লগুড় পাচনী, পশুতাড়ন-যষ্টি। নাতিআ প্রা° 'নতিঅ' (নপ্তৃক), 'ণত্তিঅ'। নাতি, পৌত্র বা দৌহিত্র। মেলিলী —স্ত্রীলিঙ্গে। মিলিতা হইলেন।
- ১। আচিমত-হঠাৎ, অকমাৎ। বুঢ়ী-কর্মকারক। বড়াইকে। পুছন্তি-অন্তি প্রতায়ের একবচনে প্রয়োগ। জিজ্ঞাসা করিলেন, প্রশ্ন করিলেন। দেবরাজে-কর্মকারক। শ্রীকৃষ্ণ।
- ২। কথা হৈতে—কোথা হইতে। একলী—প্রাকৃতপৈঙ্গলে 'ইকলি', 'একলি' ২০১৯ একাকিনী। বুলসি—প্রাকৃতের অম্বরূপ। বিচরণ করিতেছ, ভ্রমণ করিতেছ। কৈছে—সঞ্জয়কৃত বিরাটপর্বে। কেন, কি নিমিত্ত।

পৃষ্ঠাক্ষ---১১

৩। (গাঠ-প্রা॰ 'গোট্ঠ' (গোষ্ঠ)। গোচারণ ভূমি। আসি— আসিতেছি। আফিন-মৃ॰ক°এ; কু°চ°এ 'অম্হি' এ০৭। শৃন্তপুরাণে,— উল্লুক ভূকার থুড়া আক্মি ভূক্ষার পিতা।

আমি। গোঁআলিনী- ছগ্ধবিক্রয়কর্ত্তা। আগগুত—অগ্রে। মোর— সিদ্ধহেমচন্দ্রে 'মহার' (৮।৪।৪৩৪ হৃত্তের টীকা)। এই 'মহার' হুইতে 'মোহর', 'মোহোর', 'মোর' হওয়া বিচিত্ত নহে। সুন্দরি—স্করী।

৪। পাছে প!ছে—পশ্চাৎ পশ্চাৎ। জাইতে—যাইতে।
 হারাইল—খারাইলাম। পুতা—শোরদেনী 'পুত্ত'। অনিলপুরাণে,—
 আমার সত্তা পালিহ পুতা বিভা করিয় হেমস্কের স্থতা

আমি গিয়া হব তোমার পো।

মাধবদেবকৃত আদিকাণ্ডে,—

গোধ্লাতে গৈলি পুতা পানী আনিবাক।

'অবতু বো গিরিস্থতা মাএ বলে পঢ় পুতা' ইত্যাদি বাক্য বোধ হয়, অনেকেরই

স্থপরিচিত। সঙ্গেহ আছ্বানে; পুল্ল বা বৎস। কহিত্যাঁ—বলিয়া। তুর্মিন—উত্তরচরিতে। শূন্যপুরাণে,—

কুথা থাকি আইলেক কুন্দা কুথা তুদ্ধার ঘর।

তুমি ।

- ৫। বুল—ল্রমণ কর। নাতিনিখানী—'থানি' আদরে; মাধবদেব-কৃত আদিকাণ্ডে, 'রাজা বোলে যজ্ঞভূমে পালোঁ কন্যাথানি'। তাক—তাহাকে।
 কহ অপল্রংশ প্রাকৃত; পিঙ্গল ২।১৬৬। কও, বল'। তত্ব বাণী—সঠিক কথা, যথার্থ ব্যাপার।
- ৬। কৈহেন—বিদ্যাপতিতে। তুল° 'কৈসন', 'কৈছন'। কেমন। আ কারি—কুমারপালচরিতে 'অম্হার' (অস্মদীয়) ৮।৭৪। অপভংশ ভাষায় যুদ্মদাদি শব্দের উত্তর 'ঈয়' প্রত্যয় স্থানে 'ডার' আদেশ হয়; 'যুদ্মদাদেরীয়স্য ডারঃ', সিদ্ধাহেমচন্দ্র—৮।৪।৪৩৪। প্রাকৃতপৈঙ্গলে 'অঙ্গাণ' (বেঙ্গল এসিয়াটিক সোসাইটির সংস্করণ, পৃ' ৩৪৬)। আমার। থানত—স্থানে। কহিমার—কহ, বল'। তুল° 'বিদ্যাপতি কবি গাবিআরে' (বিদ্যাপতি কবি গাহিল)। সরূপ—স্বরূপ, সত্য, যথাগি।
- ৭। বিকে—বিক্রমে, বিক্রমার্থ। **হারাইলো**—হারাইলাম। বৈলোক্য সুন্দরী—ত্রিভ্রনস্থদরী (রাধাকে)।
- ৮। **চন্দ্রবিলী**—গ্রন্থের সর্বত্রই চক্রাবলী শব্দে রাধা লক্ষিত হইয়াছেন। **বোঁঅলী**—কোমলাঙ্গী। **পাঁতলী**—প্রাণ 'পত্তল', পত্রসদৃশ। স্ত্রীলিঙ্গে ঈপ্রত্যয়।

বিন্তাপতিতে,—

একে গোরি পাতরি তাহে ছথ কাতরি অরু ত্থ বিরহক জালা।

তন্ত্রী, কৃশাঙ্গী। সুন—বিদ্যাপতিতে। শুন।

৯। কহিবোঁ—চৈণভা°এ 'কহিমু'। কহিব, বলিব। তবেঁ—
তাহা হইলে। কাজ—প্রাণ 'কজ্জ'। বোলেঁ—'বোলোঁ' হইবে কি ণ বলি'।
তাত—তাহাতে, তদ্বিয়ে। কর—প্রাণ প্রৈণ ১৷১৮১, ২৷১৬০, ২৷২১০। সত—
সত্য। সরূপ কহিবোঁ তবেঁ … তাত কর সত—তোমায় যাহা

(বে কাজ) বলি', তদ্বিয়ে সত্য কর; তাহা হইলে মথুরার পথ যথার্থ বলিয়া দিব।

১°। বোলা—প্রাণ 'বোল'। বাক্য, কথা। বোলোঁ— চৈ°ভা°এ। বলি'। তোক—ভোমাকে; ভোমার। যবেঁ— যদি। বোলা এক বোলোঁ ইত্যাদি—ভোমার এক কথা বলি', যদি গ্রহণ্যোগ্য মনে কর; অথবা এক কথা বলি', যদি ভোমার মনে লয়। ক্রিবেঁ।—প্রাচীন বাঙ্গালাতে 'করিমু', 'করিবু' পদের ব্যবহার অধিক। ওড়িয়া 'করিবু'। করিব।

১১। **ত্র্অজ**—প্রাণ 'ছইজ্জ'। কবিকঙ্কণে 'দোয়জ্জ'। দ্বিতীয়। বেশিত—'ত' ষষ্ঠ্যপে প্রযুক্ত ; তুল°—

মোত পরে আউর মৃক্থ নাই।—

ডাক্চরিত্র (অন্নীয়া)
বাক্যের, কথার। আ'হেন্ধা—প্রা' 'অন্হে' (প্রথমার বহুবচনে)। আমি।
করিব—বাঙ্গালা ভবিষ্যতের চিহ্ন ব-কারের মূলে কেহ্ কেহ্ প্রাক্ত 'একা',
'ইন্ব' (সং তব্য) প্রভারের অস্তিত্ব অস্থীকার করেন। আনি—অন্যথা,
অন্যমত।

২২। সত্ত্যে সত্ত্যে করিবে । ইত্যাদি—আমি সত্য কহিতেছি, তোমার অন্ধ্রোধ রক্ষা করিব। তাক—প্রাকৃত-পৈঙ্গল—২।১৪৯। পদা-ৰলীতে,—

সো রস-গুণ-নিধি তাক জীবন বধি

कि मिथि माथिलि वाला ।—(जगनानन)

স্বপ্নাধ্যায়ে,—

স্থবর্ণ রতজ যদি পাএ দরশন। বহু ভালো হএ ভাক বাড়ে ধনে জন ॥—(পৃথি)

তাহার। ব্ধওঁ—বধ করি। বাসাণ—কর্প্রমঞ্জরীতে 'বম্হণ'; কুমার-পালচরিতে 'বম্হাণ'; দিলহেমচন্দ্রে 'বাম্হণ'; শূন্তপুরাণে 'বাস্তন'। আহ্মণ। যবেঁ আন করেঁ। ইত্যাদি—যদি তাহার অন্যথা করি, তাহা হইলে ব্রহ্ম-ঘাতী হই অর্থাৎ ব্রহ্মহত্যাজনিত পাপে লিপ্ত হই।

১৩। বুলিব—বলিব। **যবেঁ—**যথন। তবেঁ—তথন। ভাল-মতেঁ—উত্তমরূপে। >। কেশ পাশে — দিঁথাতে, দীমন্তে। সুরঙ্গ — হিন্দুলজাত উজ্জ্বল বর্ণবিশিষ্ট। দিন্দুর — দিন্দুর। সজল জলদে — জলপূর্ণ মেঘের বর্ণ গাঢ় নীল; কাল মেঘে। উইল — বিদ্যাপতিতে 'উয়ল', 'উয়ল', 'উগল'। উদিত হইল। সূর—প্রা°। নব সূর—নবোদিত হর্যা, বালার্ক। বিমল—হন্দর। চান্দ— প্রা°, 'চন্দ'। চন্দ্র। লাখ—অপভংশ প্রাক্তত; প্রা° 'লক্খ'। যোজন—চারি জ্রোশ পরিমাণ। তুঈ লাখ যোজনে—বহু দূরে। মণী—মনি। আমুপামা—অন্প্রপা। মুনি মন মোহিনীর মণী—মুনিমনোমোহনকারিণীগণের প্রেষ্ঠা। পত্তমিনী—প্রিমী, চতুর্বিধ স্ত্রীর মধ্যে স্বল্ফণা উত্তমা স্ত্রী; যথা,—

ভবতি কমলনেত্রা নাসিকা ক্ষুদ্রস্কু ।
ভবিরলকুচ্যুগ্রা দীর্ঘকেশী ক্ষশাঙ্গী।
মৃত্বচনস্থশীলা নৃত্যগীতাত্বক্তা
সকলতনুস্থবেশা পদ্মিনী পদ্মগন্ধা॥—(ঃতিমঞ্জা)

২। ললিত—স্থলর। আলক—সং 'অলক'। অলকা, ললাউভ্ষণ, কুঞ্চিত কেশগুছে। পাঁতি—প্রাং 'পংতি'। পঙ্ক্তি। কাঁতি—প্রাংগৈও কংতি' হা১৩১। কান্তি, শোভা। তমালকলিকাকুল—নবোল্গত তমাল-প্রব। আলস লোচন ঈ্ষান্ন্ন্নিতনেত্র। উজল – প্রাং 'উজ্জল'। প্রসি—প্রবেশ করিয়া। করে—প্রাং 'করএ'। উতপল—উৎপল, পন্ম।

৩। শৃ**ধৃত**—'ত' ষষ্ঠার অর্থে প্রযুক্ত ; তুল°—

কহে শুক মুনি নৃপতিত বিভয়ান।

শঙ্খের। পদিলা—প্রবেশ করিল। আভিমান—অভিমান, হৃঃখ, ক্ষোন্ড বা ক্রোধ। পাকা—প্রাণ 'পক্ক'। পক্ত। বিদরে— বিদীর্ণ হয়।

৪। মাঝা-কটিদেশ। থিনী-বিভাপতিতে,--

সিংহ জিনি মাঝা খীনি তমু অতি কোমলিনি।

ক্ষীণ। মত্ত—গৰ্ব্বিত। জিণী—জিনিয়া, পরাভব করিয়া। চলএ বিলম্বে—মন্থ্রগতিতে গমন করে। নতুলী—বিভাগতিতে,—

কোন পুরুথ সঞে ন্যুলি লেহা।—(কাব্যবিশারণকৃত সংস্করণ)

কবিকন্ধণে,—

कियां यूवा नहली योवन।

नवीन, नृতन।

>। সুনী—শৃত্তপুরাণে 'স্থনি' (পৃ॰ ১০)। শুনিয়া। **ধরিবাক—** নাধব দেবক্বত আদিকাণ্ডে,—

সরযুক সিন্ধু জল আনিবাক গৈলা।

বাছবলে জিনিবাক পারে ত্রিজগত।

মৈথিলী 'করিবাক', ওড়িয়া 'করিবাকু' প্রভৃতি পদ তুল°। ধরিতে, ধরিবারে। পারেনী—মাধব কন্দলিকত স্থন্দরাকাতে,—

আমিতো যাইবাক পারে। শতেক যোজন।

চৈত্যভাগবতে,—

সেবকের দ্রোহ মুঞি সহিতে না পারে। — (মধ্যথণ্ড, ৩য় অ॰)
পারি। প্রাণী – প্রাণ। বড়ায়িল — বড়াই লো, বড়াই গো। 'ল'
সম্বোধনস্থাক 'আল' (হলা) শব্দেরই রূপভেদ।

পৃষ্ঠাক—১৩

দারুন—দারুণ, ক্রুর। কুসুমশ্র—কাম, কন্দর্প। সুদৃঢ় সন্ধানে—অব্যর্থ শরবোজনা দারা। আতিশ্য়—অভিশয়। মন— হৃদয়। হানে—বিদ্ধ করিতেছে, আঘাত করিতেছে। রাঢ়ে ফাটা অর্থে 'হানা' শব্দের প্রয়োগ কচিৎ শুনা যায়।

পরাণ আধিক—প্রাণাধিক। মো—আমি। তোহ্মারে— তোমাকে, তোমায়। রাধিকা—রাধিকাকে। মানাআন—সন্মত করিয়া, বশীভূত করিয়া।

২। তাত—প্রা° 'তত্ত'। তাহাতে। পীএ—পান করিতেছে। সুসর—স্বর, স্বমধুর স্বর। প্রথম শ্র—পঞ্চম স্বরে। গাএ—গান করিতেছে। পিকগণে—'পিক' শব্দ বাবনিক; 'নেম-সত-পিক-কোকিল-ভামরসা এতে ভবস্তি বাবনিকাঃ শব্দাঃ' (শবরস্বামিক্কত নীমাংসাগ্লোক-

বার্ত্তিক টীকা)। **থীর**—প্রা[°] থির'। স্থির। কুসুমিত তরুগণ থীর নহে মনে—(একে) বদস্তকাল, বৃক্ষদমূহ পুষ্পিত, তাহাতে (আবার) ভ্রমরেরা মধুপানে রত এবং কোকিলকুল স্থমধুর স্বরে গান করিতেছে; তাই আমার মন (একাস্ত) অস্থির।

৩। **আতিশ্য়**—বাঙ্গালা ভাষায় পদের আদিস্থিত অকারের স্থানে এই আকার আদেশ লক্ষণীয়। মাধবদেবক্কত আদিকাণ্ডে,—

কেকয় নূপতি আতিশয় বুদ্দিমস্ত।

মদন বিকার—কামপীড়াজনিত দৈহিক ও মানসিক ভাবাস্তর। থানক—নিমিত্তার চতুথীর 'ক' প্রতায় দ্বিতীয়াতে প্রযুক্ত; 'গতার্থকর্মনি দ্বিতীয়া-চতুর্থ্যো চেষ্টায়ামনধ্বনি', পাণিনি—হাতাহা মাধবকন্দলিক্বত অরণ্য-কাণ্ডে,—'ঋষির থানক গেলোঁ'। স্থানে। ভাগে—ভাগ্যে। তোহ্মাতলাগৈ—ভোমায় যুক্ত হয়। এ থানক আইলা … ... তোহ্মাতলাগৈ—বড়াই, তুমি আমার সৌভাগ্যক্রমে এথানে আসিয়াছ; (এখন) কাজের ভার ভোমার উপর।

 ৪। আক্রে (দব ইত্যাদি—আমি সংসারের সার দেবতা অর্থাৎ শ্রেষ্ঠ দেবতা। পুর—পূর্ণ কর।

>। **চিন্তবেঁ।**—চিন্তা করিব। প্রাণ শকতী—প্রাণপণে। **আন্তব্রে**—মাধবকন্দলিকত লম্বাকাণ্ডে,—

> হাহা রাম মোহর বন্ধন্ত প্রাণেশ্বর। আমার অন্তরে প্রভূ গৈলা যমঘর॥

নিমিন্ত, জন্ম। **তাক**—ভাহাকে, তাহার প্রতি। **করিবেঁা**—মাধব কন্দলিক্কত অযোধ্যাকাণ্ডে,—

শোণিতে করিবোঁ আজি নদী ভয়স্কর॥

করিব। শক্তা—শক্তি, প্রভাব। আর্র—প্রাক্ত 'অবর', অসমীয়া ও ওড়িয়া 'আবর'। অপর, আর। মানারিবোঁ—সম্মত করিব। করী – করিয়া। আংশেষ—অশেষ, বিবিধ। যুগতী—বৃক্তি। তোজার আন্তিরে ... আশেষ যুগতী—তোমার জন্ম তাহাকে জাের করিব অর্থাৎ তাহার প্রতি ব্যক্তিগত প্রভাব প্রয়োগ করিব, আর বিবিধ উপায়ে তাহাকে বশে আনিব।

বোলহ--'হ' অন্বজ্ঞা মধ্যম পুরুষের বিভক্তি। বল'। তথা— প্রা° 'তথ'। তথায়। (গলেঁ—যাইলে। সাধিবোঁ—সাধন করিব। হরিষে—সহর্ষে।

২। জাণিএ—জানি, অবগত আছি। প্রবিক্ষ—উপায়, কৌশল। এতেকেঁ—নিমিন্তার্থে 'কে' প্রভায়। এততে, এই হেতু। নেহাবিক্ষ— স্নেহবন্ধন। তোক্ষার তার হৈব নেহাবন্ধ—ভোমার ও তার (রাধার) মধ্যে প্রীতি সংঘটন হইবে অর্থাৎ সে ভোমার অনুরাগিণী হইবে।

পৃষ্ঠাক্ষ—১৪

দিবাক—দিতে, দিবারে।

ত। **আব্যোড যোড়ন—স্ব**ঘটন ঘটনা। করিবাক—মাধবদেব-ক্বত আদিকাণ্ডে,—

রামায়ণ করিবাক ভৈলা তান মতি।

করিতে। তৈলী—স্ত্রীলিঙ্গে। আবৈড়ি বোড়ন ... সীতা সতী নারী—(১) আমি অসম্ভব সম্ভব করিতে পারি; সে রাধিকা কি সীতার সদৃশ সতী নারী হইল ? (২) আমি অঘটন ঘটনা করিতে পারি; সে রাধিকা কি, (যে) সীতার হুগায় সতী সাধ্বী হইল, তাহাকেও বশে আনিতে পারি। হাঁথত—হাতে। কিছ—প্রাচীন সাহিত্যে,—

ধন্মভয় লোকভয় কিছ না আচরে।—(গুরুদদ্দিণার পুথি)

হরিতে মজিয়া মন কিছু না স্থনএ।—(ভিজিঘোগের পুথি)
'কিছো' শব্দেরও প্রয়োগ দেখা যায়। ফুল—প্রা[°] ও স[°] 'ফ্ল'।
পান—প্রা[°] 'পয়'; স[°] 'প৸'; হি॰ ও ম॰ 'পান'। তামূল। তাক—'ক'
দিতীয়ার চিহ্ন। তাহা। জাই—প্রাণ √জা, গমনে। গমন করি।

৪। বোল—ক্রিয়াপদ। বল'। কাহ্নাই — রক্ষ। সন্দেশ—

আহিরী শব্দ (কণ্হমালা)। ত্থ্যবিকারজাত মিষ্টান্নভেদ; এথানে উপহার অর্থে প্রযুক্ত।

১। **চিন্তিঅঁ1**—চিন্তা করিয়া। ম**েণ**—পিঙ্গল ১০১৭৮। মনে, মনোমধ্যে। হাদেরে রাখিহ—মনে রাখিও। ভৈলেঁ1—মাধবদেবক্বত আদিকাণ্ডে,—
ন রহিল বংশ মোর ভৈলোঁ ধর্মহীন।

হইলাম। উদগমতী - প্রা 'উদগ্রমই'। উদগ্রমতি, উৎক্ষিতিচিত্ত। ভালমতেঁ—উত্তমরূপে। রাধার কারণে - তার থান গতী—বড়াই। আমি রাধাকে পাইতে উৎক্ঠ, তাহার অবস্থিতি ও গতিবিধির কথা আমায় স্বিস্তারে বল।

তামুল—তামূল। লইঅা—লইয়া। যাহা—মাধব কন্দলিক্কত অরণ্যকাণ্ডে,—

মোহোর বচন সার জানি তুমি উলটি লঙ্কাক যাহা।

যাও। **আ'ত্তি—প্রা° '**অথি', 'অচ্ছি' ; প্রা' পৈ°এ,— পরিকুল্লিঅ কেন্দ্র ণাজা বণ **আ**ত্তে।— ২া১**৪**৪।

সে—মাগধী 'শে'।

২। চাম্পা -প্রাণ 'চম্পঅ'। চাঁপা, চম্পক। নাগেশর—নাগেশর
ফ্ল, নাগকেশর। 'নেআালী (নেআরী)— নবমল্লিকা বা বসন্তমল্লিকা।
মাহলী—দ্বং 'মল্লী'। মল্লিকা। ভরি—পূর্ণ করিয়া। ডালী—বংশাদিনির্মিত ক্ষুদ্র পাত্রভেদ। পিন্ধিলৈ—পরিধান করিলে। তবেঁ সি—তাহার
পর-ই, তথন-ই। কহিহ—প্রাচান সাহিত্যের অহুজ্ঞাস্কচক এই 'হ' প্রত্যের
আধুনিক সাহিত্যে 'ও'। বলিও। আদিমূল—শ্রুরদেবক্বত অনাদি-পাতনে,—
জয় জগলাথ জগতর আদি মূল।

আগাগোড়া, আগুন্ত।

৩। যোড় হাথ করী—বদ্ধাঞ্চলি হইয়া। তাক—ভাহাকে।
বুলিহ—বলিও। আহ্মাকে—আমায়। পাঠায়িলে—পাঠাইল।

বাসিত—স্থান্ধীক্বত। খাহ—খাও। আতুকূল—অন্তর্কা। কাহ্নাঞির বচনে ইত্যাদি—কানাইর কথার অনুকূল উত্তর দাও।

9818-10

- 8। সিসতে— সিঁগাতে, শীর্ষে। বাত্তত— বাছতে। বলায়া— অপভংশ প্রা' বলআ'। বাছভূষণ। পাএত—পদে। চলিতেঁ চলিতেঁ—
 প্রতিপদবিক্ষেপে। রুপুবাণু—ধ্বন্তাত্মক শক। বাজে—ধ্বনিত হয়।
 সুণী—শুনিয়া। মোতে বেলা— মুগ্ধ হইলেন, হতচেতন হইলেন। হর্ষ,
 বিশ্লেষ, ভয় এবং বিষাদ হেতু হ্নন্ত্তাকে নোহ বলে। ভূমিতে পতন, শ্ন্তে ক্লিয়তা,
 ভ্রম এবং নিশ্চেষ্ঠতা প্রভৃতি তাহার অনুভাব। দেবরাক্ত— শ্রিক্ষঃ।
- ে মরমের হীত একান্ত হিতৈষিণী, প্রাণের বন্ধু। চীত— চিত্ত।
 আক্ষার বচনে ইত্যাদি—আমার কণায় অভিনিবেশ কর। আকুমতী—
 অন্নতি, সন্মতি প্রদান। হরিষ বদনে—হাসি মুথে, সহর্ষে।
- :। আল এবং ল বড়ায়ি পদমধ্যবন্তী 'আথর'। বন্দিঅাঁ— বন্দনা করিয়া। **দেবগণে**—দেবতা সকলকে।

মনে ধরি—মনোমধ্যে গ্রহণ করিয়া। চলি ভৈল—গমন করিল, যাত্রা করিল।

- ২। আআর—অপর, আর। গাঁহিঅাঁ1—গাঁথিয়া, গ্রথিত করিয়া। নৈল—লইল। সজাইল—দাজাইল, দজ্জিত করিল। আনেক—
 অনেক, বহু। মাথে—মস্তকোপরি। করপূর—তামিল 'করপ্পু';
 থ্রাণ 'কপ্পুর'। কর্পূর।
- ৩। **চারি-প্রা** 'চন্তারি'; পিঙ্গলে 'চারি', ১১৪৮। **চাহী**-চাহিয়া, অবেষণ করিয়া। **নেতেঁ**-স্নেহে, সাদরে। ঘন ঘন-পুনঃ পুনঃ। **বৈল**-করিল।
- ৪। আছহ আছ। পুছি মাঁ—জিজ্ঞানা করিয়া। কাহিণী—ও॰ 'কাহাণি'; হি॰ 'কহাণি'; আধুনিক বা॰ বর্ণবিস্থান 'কাহিনী'। বৃত্তান্ত, সংবাদ।

পৃষ্ঠান্ধ-১৬

বসিলান্ত—বিদল।

- >। আহ্না—প্রাণ 'অম্হ' (মাম্), কুণ্ড লেওচ। আমায়, আমাকে। এড়ি—ছাড়িয়া, ত্যাগ করিয়া। কেনমতেঁ—কি প্রকারে। আহ্না এড়ি ইত্যাদি—আমায় ছাড়িয়া কেমন করিয়া প্রাণ ধরিলে ?
 - ২। পু**নে** বিন্তাপতিতে,—

ফেরি আওলি তুহু পূরুবক পুণে।—(কাব্যবিশারদক্ত সংস্করণ)

পুণো, পুণাবশে। পুনুরায় ; এবং এথানে তাহাই সমীচীন মনে হয়। **আজি**— প্রাণ 'অজ্জ'। অন্ত। পাইলোঁ—মাধব কন্দলিক্কত অযোধ্যাকাণ্ডে,—

নিশাকালে পাইলেঁ। গৈয়া সর্যুর তীর॥

टेन्ड जा॰ व 'शाहरूना', 'शाहनाड'। शाहनाम।

৩। **এতেক**—প্রাণ 'এতিম'। শৃত্যপুরাণে,— এতক বচন ছহি পাত্রে জে বলিল।

এত ৷

৪। **কহও**ঁ—বিছাপতিতে,—

স্ব তুঃথ কুহোঁ তছু পাশে।—(কাবাবিশারদক্ত সংস্করণ)

মাধবদেবক্বত আদিকাণ্ডে,—

সীতার জন্মর কথা কহোঁ আত পরে।

সম্প্রতি প্রভু রাঘবর কথা কওঁ॥

কহি, বলি'। যবেঁ—যদি। হওসি—প্রা° 'হবিস', 'হোসি' (ভবিস)। হইস্, হও। সদয়—ক্লপাবিশিষ্ট, প্রসন্ন। মোকে—আমাকে। দিআর—দাও। 'কহিআর' শব্দ তুলনীয় (পূ° ১১)। আভিয়—অভয়।

উত্তর—চৈত্যভাগবতে,—

মুকুল কহেন তাঁর মনের উত্তর।—(মধাং, ৭ম অং)

কথা, অভিপ্রায়। নাহিঁ—প্রাণ 'নাহিং' (নহি); মণ ও হিণ 'নাহীঁ'; ওণ 'নাহিঁ'। নাই।

ง । तूलिएउँ—विवाद । लांशिली—खोनिएक ।

ভরাখাঁ-পূর্ব করিয়। পাঠাখাঁ--পাঠাইয়। খানে-অভ্যথা কপুরি-কপুর।

<u>কি—১৭</u>

8। যবেঁ—যদি। নেহে—স্নেহ, অমুরাগ। তবেঁ—তাহা হইলে। যবেঁ রাধা না করিবে ইতাদি—রাধা, যদি তুমি প্রেম না কর, তাহা হইলে তোমার জীবন সংশয় হইবে অর্থাং রুফপ্রেমান্তরাগিণী না হইলে তোমার প্রাণে বাচা ভার হইবে। বুলিঅ্না—বলিয়া।

১। **অ'ওর**—মাধব কন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে 'আউর'। আর। আহিনিশি—অহনিশ, দিবারাত্র। দহে—পোড়ে, দগ্ধ হয়। এড়িলেঁ।— মাধব কন্দলিক্বত লঙ্কাকাণ্ডে,—

আজিদে দীতাত আমি এরিলোঁ প্রত্যাশা।

তাগি করিলাম। **না জাণো**—মাধবদেবকৃত আদিকাণ্ডে,—

কিবা মোক বুজাস নজানো কিবা মই।

মাধব কন্দলিকত লঙ্কাকাণ্ডে.—

স্থপনে গিয়ানে মই আন কিছো নজানওঁ—

জানি না। ভইলে । ভইলে । ভইলে । তার সরণে—তোমার শরণাপন্ন হইলাম, তোমার শরণ লইলাম।

না বোল না বোল—কাতরোজি, বলিও না। নিরাস—নিরাশ-বাক্য। আপিণে—প্রাণ 'আপ্পাণো'(আত্মা, আত্মানঃ)। স্বয়ং। চিন্ত— চিন্তা কর। উপাএ—প্রতীকারের পথ। রাধার বচন—রাধিকার অনুকূল প্রত্যুত্তর। পাইলেঁ—পাইলে। কাঞ্চাইর প্রাণ জাএ— কৃষ্ণের প্রাণ বিয়োগ হয় অর্থাৎ আমি প্রাণে মরি। ২। **(হলা**—অবহেলা, অবজ্ঞা। তু্সহ—প্রা°। ছঃসহ। তোকোসি—শঙ্করদেবকৃত উত্তরাকাণ্ডে,—

তুমিসি ঈশ্বর স্থরাস্করে করে সেব।

অন্তত তুমিসে থাকা ন থাকয় কেব'॥

তুমি-দে, তুমি-ই। **ভেলা**—ভেলক, কাষ্ঠাদি-নির্মিত প্রব। বনমালী— বাঙ্গালায় বাঞ্জনান্ত সংস্কৃত শব্দ প্রথমার একবচনে সংস্কৃতেরই অনুক্রপ। শ্রীকৃষ্ণ। ভরিলা—হইলাম। **যানি**—জানিয়া। কর্ছ—প্রা° পৈ°এ 'করহ' (কুকুম্ব) ১১১৬।

グタイポーニント

৩। বিথর—প্রা° 'বিথর'। বিস্তর। দেখিলেঁ—দর্শন করিলে। শুণিলেঁ—শ্রবণ করিলে। বএসে—বয়ংক্রম। প্রকার—কৌশল। আশেষে বিশেষে—অনেষ-বিশেষে, বিলক্ষণরূপে। মিনতী—ও॰ 'মিনতি'; ম° 'মিনতা'; স° 'বিনতি'। সাম্বনয় প্রার্থনা। খণ্ডুক—খণ্ডিত হউক। বিমতী—বিভাগতিতে,—

বিমতি বুঝিঅ জঞোন জাএব পাস।

বিরূদ্ধণতি, অসম্মতি।

ষাও। তামুলে — এ' ভৃতীয়ার চিহ্ন। তামুল দ্বারা। হাথেত—'ত' (তৃদ্) ভৃতীয়ার অর্থে প্রযুক্ত। ধ্বিঅ'—প্রা পৈ এ 'ধ্বিঅ' (ধ্বা) ১০১৮। হাথেত ধ্বিঅ'— সনিক্ষি প্রার্থনা সহকারে। আন— আনমন কর। বচনে—'এ' দ্বিতীয়ার চিহ্ন। পুরুক—পূর্ণ হউক।

ক্লেন্ডেন রসতৃত্থেন ইত্যাদি শ্লোক—রসতৃষ্ণ শ্রীকৃষ্ণ কর্তৃক প্রদন্ত স্বস্ত্র সোপকরণ তামুল বৃদ্ধা রাধাকে পুনরায় অর্পণ করিল। ১। কথা খানি খানি ইত্যাদি—বড়াই রাধার পার্স্বে বিদয়া, ঐক্রঞ্চ যে রাধার দহিত মিলিত হইবার জন্ত অত্যন্ত উৎস্কুক হইয়াছেন, এই কথা একটু একটু করিয়া কহিল। তামুল—ভামূল। দিঅাঁ—দিয়া। রাধাক—রাধাকে। বিমুখ বদনে—মুখ ফিরাইয়া, বিপরীতমুখী হইয়া। হাসে—প্রা 'হসএ' (হসতি)। হাসিতে লাগিল। ল বড়ায়ি—পদন্মধ্যবর্তী 'আথর'।

পৃষ্ঠান্ক--১৯

হ। কহির—মাধবককলিক্কত অরণ্যকাণ্ডে,—
 কহির গন্ধক্ষ আসি ভৈলা বনদেশ।

কেথাকার। তুল° 'কোথার গোদাঞি আইলা মানুষ-ভিতরে', চৈ°ভা°। কপুর—প্রা৽ 'কপ্পুর'। কপুর। নেত—ভবানীদাদক্কত ময়নামতীর গানে,—পছনায় পিন্ধে কাপড় তলে বান্ধে নেত।

চৈতগ্ৰভাগৰতে,—

পট্ট-(নত শুক্ল নীল স্থপীত বসন। (মধাং, ১ম অং)

ভক্তিরত্নাকরে 'নেতবন্ত্রক্তোঞ্চাশো'। স্থ্য বস্ত্রভেদ। পাটোল—তেলেও ও তামিল 'পট্টু' (রেশম)। বিদ্যাপতিতে,—

আধ পটোর আধ মূজ ভোরা।

নারায়ণদেবকৃত প্রাপ্রাণে,—

বিচিত্র ব্যান্তের ছড়া দক্ষিণ কটিতে বেড়া

বামকটি স্থরঙ্গ পাটলা॥—(প্থি)

রেশনী কাপড়। কে—প্রা°। পাঠাইলে—পাঠাইলেক, পাঠাইল।
মোর—মোরে, আমাকে। ল বড়ায়ি—সম্বোধনে।

কহেঁ।—মাধব কললিক্কত স্থল্যবাকাণ্ডে,—
 প্রদিদ্ধ কাহিনী কঠো বীর কেশরীর ॥

লোচনদাসকত চৈতগ্ৰমকলে—

পাচালি-প্রবন্ধে কভোঁ গৌরাক্সচরিত॥

কহি, বলি'। **আবিথা** —প্রা° 'অবখা'। অবস্থা, হর্দ্দশা। **জরে** —প্রা॰ 'জর'। 'এঁ' তৃতীয়ার চিহ্ন। **তেতে** — অসমীয়া 'তেওঁ'। বিভাপতিতে,—

স্থতি রহল তঁহি কিছু ন অলাপি।

তিনি, সে। জরিলা—জীর্ণ ইইলেন। বেথাঁ—ব্যথা। বিরহ জরেঁ তেইেই ইত্যাদি—তিনি বিরহ-জরে জর্জারিত, তোমায় ব্যথা জানাইয়া পাঠাইলেন।

৪। এ—প্রা° পৈ°এ 'এ' (এতং) ২৮৮। এই। স্কৃণিঅাঁ—শ্রবণ করিয়া। নাগরী—রদিকা, বিদগ্ধা। হাণ্ড সকল গাও—দল্পঞ্চে করাথাত করিতে লাগিলেন। 'হালএ' পাঠও হইতে পারে। পেলাইল
—প্রা° √পেল্ল, ক্ষেপণে। মাধ্যক ক্লিক্কত লগ্ধাকাণ্ডে,—

আপনার শরে তাক কাটিয়া পেলাইল :

(পূরে: নিক্ষেপ করিলেন। প্রা'এ—প্রা' 'পাঅ'। একার ভূতায়ার চিহ্ন।

- ৫। রাধাক—রাধাকে। বুইল—বিলিল। কাম—প্রাণ কয়'।
 কয়। করিএ—করিও। দরশনে—দশনাগ। জীএ—জাবিত আছেন।
 নান্দের নন্দন ভুবন বন্দন ইত্যাদি—জগৎপূজ্য নন্দনন্দন তোমার দশন
 আশাতে জীবন ধারণ করিতেছেন।
- ৬। সামী—পালিও প্রাণ্ট। বামী। বেহা—অপণ প্রাণ্ট। দেহ।
 গরু-প্রাক্ষত 'গোণ' শক্ষা, ক্রমদাগরের 'অতা সমাক্ষণ' এই স্কার্ম্নারে
 উহা অপভ্রংশ ভাষার প্রথমার একবচনে 'গোণু' হয়। 'গোণু' হইতে 'গোন্ধ' তথা 'গরু' হইয় থাকিবে। তা সমে—তাহার সহিত। কি—প্রাণ্ট। নেহা— প্রাণ্ড 'গেহ'। ব্যহ্ন, প্রিতি। নান্দের ঘরের গরু রাখোআল ইত্যাদি—নন্দগ্রহে যে গো-বংসাদির রক্ষক, ভাহার সহিত আমার আবার প্রীতি কি?
- পাপ বিমোচনে—পাপ ২ইতে মুক্ত করে, গুক্কতির ক্ষয় হয়।
 দেখিল—দেখিলে। মুক্তী—যুক্তি: সনে—দক্ষে, সহিত।
 বাঢ়াইলেঁ—বাড়াইলে, বিদ্ধিত করিলে। বিষ্ণু পুরে—বৈকুঠে।
 স্থিতী—স্থিতি, বসতি।

अक्षेक--२.

৮। জাউ—যাউক। দতেঁ—প্রাণ 'দ্রহ' (ব্রুদ)। সাল্লনাসিক একার সপ্তমীর চিছা। নালাদির গর্ভস্থ গভীর থাতা। পাসু—প্রবেশ করুক। পত্তী—প্রাক্তে 'স্থ', 'ভিদ্' এবং 'স্থপ', প্রত্যয় পরে থাকিলে ইকারাস্ত ও উকারাস্ত শব্দের অস্তা স্বর (বিকল্পে) দীর্ঘ হয়; 'স্থভিদ্স্থপ্ স্থ দীর্ঘঃ', বররুচি—বাসচা পতি। বেহার্এ—'এ' ভৃতীয়ার চিছা। প্রীতিদ্বারা। যাহার—প্রাক্ত 'জ' (যদ্) শব্দ ষষ্ঠার বহুবচনে 'জাণং', 'জাণ'; এই 'জাণ' হইতে 'যার' এবং স্বরের বলবৃদ্ধি হেতু যাহাণ তথা যাহার হওয়া সন্তব। পশ্চাৎ অন্থনাসিকের চিছ্ বিলীন হইয়া গিয়াছে। ধিক জাউ নারীর … … বিষ্ণু পুরে স্থিতী—দে নারীর জীবনে ধিক্, তাহার পতি জলে প্রবেশ করুক, পরপুরুষের প্রীতিদ্বারা যে নারীর বৈকুণ্ঠ-বাদ হয়।

১। নাগর শেথর—রিদিকচ্ডার্মণি (ঐক্রিঞ্চ)। নান্দের সুন্দর—নন্দন। উপেথিল—উপেক্ষা করিল, অগ্রাহ্ম করিল। মতি-মোধে—মাধব কন্দলিকত অযোধ্যাকাণ্ডে,—

কিসক তোমার ভৈল হেন বুদ্ধি মোস। মতি, বুদ্ধি এবং মোষে (স° √ মুষ, ছেদনে), নাশে অথাৎ বুদ্ধি-ভ্রংশ-হেতু।

১। কোমল—'সংস্কৃতসম' শব্দ। জাবিশী—মাধব কন্দলিক্কত অবোধনাকান্তে 'জানো'। জানি। আমারি কোমল দেহে ইত্যাদি—দৃতি, আমার অঙ্গপ্রতাঙ্গ দকল প্রকুমার অর্থাং আমি বালিকা, গরপুক্ষের সহিত প্রণয় কিরূপ, তাহা অবগত নহি। আল—স্থী সম্বোধনে। হের—পশ্চিমরাঢ়ে 'হের' শব্দ কথার একটা মাত্রা। কামতা-বিহারী ভাষার কোন বিষয়ে কাহারও মনোযোগ আকর্ষণ করিতে হইলে 'হার' শব্দ ব্যবস্কৃত হয়। শ্রীযুক্ত দীনেশ বাবু ত্রিপুরা অঞ্চলে এথানে অর্থে 'এ্যার' শব্দের প্রয়োগ লক্ষ্য করিয়াছেন'। এই-এথানে, এ-দিকে। ক্রিলোঁ।—মাধবদেবক্ত আদিকাণ্ডে,—

পুত্রের নিমিত্ত যজ্ঞ করিলোঁ। বিস্তর। হর্কাসা ঋষিক পাই করিলোঁ। ভকতি।

১ বঙ্গভাষা ও সাহিত্য (৩র সংস্করণ), পৃ• ২৫৯।

পরবর্ত্তী রূপ 'করিলা্ঁ', 'করিলাঙ', 'করিল' প্রভৃতি। করিলাম। স্করেপেঁ তোরে কহিলোঁ। … … যৌবন মোএঁ বিঞ্চলোঁ।—তোমায় যথার্থ বলিলাম, ওগো, এই তোমার সন্মুথে শপণ করিলাম, যৌবনের প্রারম্ভ আমি অমনই অতিবাহিত করিলাম।

নাএ-প্রাচীন অসমীয়াতে,-

প্রাণবান্ধব মধবএ

দয়শীল দৈবকীনন্দন নাএ।

ভূমি দেব দীনবন্ধু কেবলে করণাসিন্ধু
করো তয়ু চরণে বন্দন নাএ॥—(কীর্ছন যোগা)
রাম রাঘব রয়ুপতিএ
ভূমি দেব অগতির গতি নাএ।

কণার মাত্রা, সম্বোধনস্চক শব্দ। আবিশ্লী—বালিকা। 'অকুমারী', 'অঘার', 'অমন্দ' প্রভৃতি শব্দ ভূলনীয়। নতেঁ।—নহি। আবিশ্লী রাধা নতেঁ। ইত্যাদি—আমি রাধা বালিকা, স্করত-কেলির যোগ্যা নহি।

- ২। করু—করুক। **কেনা করু কাফু মণে**—কানাই মনে সহিষ্ঠা অবলম্বন করুক। **ণিরকারণে**—নিম্বর্ধণে। যবে না মরিবে ইত্যাদি—যাবং রসনিম্বর্ধণ ব্যাপারে রাধার মৃত্যু-ঘটনা না হয়—অর্থাৎ যত দিন রাধা রতিক্রীড়ার যোগ্যা না হয়।
- ৩। বুঝোনবুঝি। রঙ্গ ধামালী—কেলি-কৌতুক। সুরতী কেলী—রতিক্রীড়া। বাহুড়িঅাঁ—ফিরিয়া। চল—যাও, গমন কর। নিষধ—নিষেধ কর, নিবারণ কর।

পৃষ্ঠাক্ষ- २১

জৈসাণে—অসমীয়া 'বৈদানি'। যথন। রতি—কাম-কেলি। জাণবোঁ—জানিব। তেসাণে—অদ° 'তৈদানি'। তথন। আণিবোঁ—আনয়ন করিব। সুরতী সম্ভোগে—রতি-স্থাস্বাদনে। রাতী—প্রাণিবোঁ—বাধন করিব।

৪। **আজলী**—নেকী, অন্নবৃদ্ধি স্ত্রীলোক। বিকলী—বিবশা। পর কাজে তোঁ বিকলী—তুমি পরকার্য্য-সাধনে তৎপরা। তেঁসি—তাই, সেই কারণে। বুঝসি—বিভাপতিতে,—

ন বুঝসি অবুঝ গোআরী ভজি রছ দেব মুরারী

নহি গারী লো।

ব্ঝিতেছ, ব্ঝিতেছিদ্। ছ্ব্ৰাড্ৰক, ত্যাগ কৰুক।

নিপীয় রাধাবচন্মিত্যাদি শ্লোক — শ্রীরাধিকার বচনামৃত পান করিয়া বচনচতুরা বৃদ্ধা জতপদে আসিয়া মধুজদনকে নিবেদন করিল।

>। লবলীদল কোঁমল—নোয়াড়ি তৃণের পত্রসন স্কুমার। সহে—প্রাণ 'সহএ'। সহা হয়। পতিযোগ—যোগা, উপযুক্ত। তার পতিযোগ নহে ইত্যাদি—আমার (নবীন) যৌবন তাঁর (শ্রীকুঞ্জের) যোগা নহে।

আছিদরী— অচ্ছিদ্রা, চতুরা। 'তোঁদড়' বা 'চোঁদড়' শব্দ তুলনীয়। ল—সম্বোধন-স্চক অবায়। মিথিলার উত্তরে স্ত্রী-পুরুষ-নির্বিশেষে 'লো' শব্দ প্রযুক্ত হয়। বুলিবোঁ—বলিব। চক্রপাণী—চক্রপাণি, বাস্থদেব।

২। আণিলৈ — আনয়ন করিলে। পরাক লাগিআ — পশ্চিমরাড়ে পরকে লেগে। পরের নিমিত্ত। হার্থইবে নাক কানে — নাসিকা কর্ণ ছেদন অপমানের চরম! দিলে — দিলেক, দিল। আফারে — আমায়।

পৃঠাক--২২

- ৩। জাণিলেঁ—জানিলে। পাঠাইবোঁ—পাঠাইব। আনা-ইবোঁ1—আনাইব। তোঘিব—তুষ্ট করিব। তাহাক—তাহাকে। সংপৃত্ধ—কর্পুরমঞ্জরীতে 'সংপুগ্ধ'। পূর্ণ।
- ৪। কাকুতী 'ভিন্নকণ্ঠধ্বনিধীরেঃ কাকুরিতাভিধীয়তে'। কাকুব্রিক, কাতরোক্তি। লঅ লও, গ্রহণ কর। গালী বিভাপতিতে, —
 কাঁদন মাথী হিদ দএ গারী।

গালি। বৌধাহ—বুঝাও, প্রবোধিত কর। তুল 'বাক্যে বোধিলে শাস্ত করি' (জগরাথদাদের ও ভা)। আবুধ— ডাকচরিত্রে,—

> সিয়া পাতে খায় হধ। বলে ডাক সে বড় অবুধ॥

চৈতমভাগৰতে,—

মিশ্র বোলে তুমি ত অবুধ বিপ্রস্থতা। অবোধ, অলপুদ্ধি। বুলি—শঙ্করদের্ক্কত উত্তরাকাণ্ডে,— এহি বুলি রামক করিলাপ্রদক্ষিণ।

বলিয়া।

>। **দেখিলোঁ।**—মাধব কন্দলিক্কত অযোধ্যাকাণ্ডে,— মরণ কালত রাম নেদেখিলোঁ। তোক।

চৈ ভা°এ 'দেখিলাঙ'। দেখিলাম। সপানে—স্বলে। সিঅাঁ—বনমালী দাসের জয়দেবচরিতে,—

সেই ভাগ্যবস্ত ধন্ত যে দেখিল সিঞা।

আসিয়া। বৈধিল-বিদ্ধ করিল, শরাঘাত করিল। বুইলোঁ-বিলাম।

না জীবোঁ-শঙ্করদেবক্বত উত্তরাকাণ্ডে,—

ইবার নিজীবো মই জানকীর হেতু।

বাঁচিব না।

২। ঝ্র্এ—ক্ষরিত হয়। বচন ঝ্র্এ তার ইত্যাদি—তাহার বচন অমৃতধারাকারে নি:স্ত হয় অর্থাৎ তাহার বাক্যে অমৃত ক্ষরে। **লোভ—** লোভনীয়। তাক বড় লোভ আকার—তাহা আমার অত্যস্ত স্পৃহণীয়।

৩। **দেখ**—প্রাণ 'দেক্খ' (পশ্ম)। জত—প্রাণ 'জেন্তিঅ' (যাবং);
পিঙ্গলে 'জত' ১।৪•। জর—প্রা'। জর। এত—প্রাণ 'এন্তিঅ' (ইয়ং, এতাবং)। তুখ—প্রাণ 'ছক্থ'। মরে ।—শঙ্করদেবক্কৃত উন্ধরাকাণ্ডে,— বাক্তি অবিহনে হেরা মরোঁ প্রাণ ফুটি।

মরি, মরিতেছি।

পৃঠাক---২৩

ह । तात्रक—वादिक, अकवात्र । क्तां ह — कत्रां ।

রাধানিহিতচিত্তস্ত ইত্যাদি শ্লোক—রাধাগতচিত্ত শ্রীক্ষণের বচনে বৃদ্ধা শ্রীরাধার নিকট সত্তর গমন করিয়া সাদরে এই কথা বলিল।

>। নিশিত—রাত্তে। জগন্নাথ—শ্রীকৃষ্ণ। বুক—দ 'বুক্ক'। বক্ষঃ। ত্নে—প্রা° 'থণ', 'খণ'। ময়নামতীর গানে,—

আবের কাঞ্জলি নহে হুই তন ঢাকিমু।

মাধবকন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,—

চক্রবাক যুগল তোমার ছই তন।।

একার বিভক্তিচিছ। স্তন। প্রসি—স্পর্শ করিয়া।

নারেবড়—প্রাচীন দাহিত্যে 'নয়বড়', 'নাবড়', 'নৈবড়'। উহারা নটবর শব্দেরই রূপান্তর মনে হয়। ধৃষ্ট, শঠ। কাহ্নাঅা—অনাদরে 'আ' প্রত্যয়। কৃষ্ণ। ভাল—প্রাণ 'ভল্ল' (ভদ্র); ও° 'ভল'। বিস্থাপতিতে,—

সজনি ভল কএ পেখল ন ভেলি।

উত্তম। জীএ—বাঁচে। জাণাইলোঁ।—জানাইলাম।

২। তোক্ষেত—'ত' অবধারণে। তুমি ত। আবুধী— মাধব-কল্লিক্কত অযোধ্যাকাণ্ডে.—

হেন সে আবুধি তই মিছা কর গ্রহ।

বৃদ্ধিহীনা। পুরুষবধী—পুরুষঘাতিনী। পাঅা—পাইয়া। আচেতনে—
আচেতন, বিগতচৈতভা। সরুপেঁ জীএ ইত্যাদি— তোমার আলিঙ্গন পাইলে
কানাই যথার্থই বাঁচে। অথবা যথার্থ বলিতেছি, কানাই তোমার আলিঙ্গন
পাইলে বাঁচে।

৩। কিসক—প্রা' 'কিস'। 'ক' নিমিন্তার্থে প্রযুক্ত প্রাক্ত 'কএ' প্রত্যম্বেরই রূপভেদ। রাঢ়ে 'কিস্কে'; ও' 'কিস্কু'। মাধবদেবক্কত আদিকাওে,—

মোহোর রাজ্যত বৃষ্টি কিসক নকরে। ছারালত রণ হারি কিসক পলাস। কেন, কি নিমিত্ত। **নিফল**—নিফল। **রঙ্গ**—আনন্দ-বিলাস, ক্রীড়া-কৌতুক।

পৃষ্ঠाइ----२8

৪। রাখহ—'হ' অন্থ্ঞায়। আপনার কর পাপ ইত্যাদি—পাপরূপ ত্তার সাগর হইতে আপনার উদ্ধার সাধন কর—অর্থাৎ কানাইর জীবননাশজনিত পাপ হইতে আপনাকে মুক্ত কর। বৃচনেক—বচনৈক।
বৃচনেক দেহ ইত্যাদি—একটিমাত্র অনুক্ল বাক্যে কানাইকে আশা দাও।

১। **এত কালে**—এই শেষ দশায়। বু**লিবে**—বলিবে। **আদি** আস্তি—আগস্ত। **এখো**—এক, একটিও। বোল—বাক্য। বোলসি— বিভাপতিতে,—

গুপুতহি বোলসি মোহি বড়ি লাজ।

বলিতেছিস্, বলিতেছ। মারিবেঁ।—মাধবকন্দলিকত অবোধ্যাকাণ্ডে,—
মারিবোঁ ভরত আজি জীয়স্তে ন্যায়।

মারিব। জাণাআঁ—জানাইয়া। গোআল—প্রাণ। গোপ, আয়ান।
দার্কণী—বিবেকহীনা, অন্নর্দ্ধি। লাজ—লজ্ঞা। তোর বাপেত
ইত্যাদি—বাঁকুড়ার প্রাদেশিক 'তোর বাপে লাজ নাই!'

২। **ত্নক**শ্বার্থে 'ক'। এই প্রকার। তুল° 'দাত তাল উচ্চ মঞ্চ ক্ষেনক আকাশ' (শ্রীকৃষ্ণ-বিলাদ)। উত্তর—ময়নামতীর গানে,—

ক্রোধ করি দ্বিজবর বুলিল উত্তর।

কথা। সামী তুরুবার ইত্যাদি—আমার স্বামী ছদ্ধ এবং আমিও স্বাধীনা নহি। জ্বাবেশী—জানিতাম। মতী—মতি, বৃদ্ধি। আসিবেশ—
মাধবকন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,—

সন্থরে আসিবোঁ মই বনবাস তরি॥

শাসিব। সংহতী—সঙ্গে, সাথে।

- ৩। এবেঁসি এখন-ই। **(হন বাণী—**এক্লপ কুৎদিত কথা। আবিসি—অবশ্ৰ, নিশ্চয়।
- ৪। গুর্সা—ও 'শুলা'; অস ও হি' 'শুবা'। শব্দটি অধুনা শিষ্টসমাজ হইতে বিদায় লইতে বিদিয়াছে। শুবাক। খাহা—মাধব কন্দলিক্কত অরণ্যকাণ্ডে,—

তিরী চোর পাপিষ্ঠ হারির আউঠা খাহা।

গলে শিলা বান্ধি ছষ্ট মরিবাক যাহা॥

থাও। **চিহ্নিঅা**—চিনিয়া। **থান**—প্রাণ 'থাণ'। বড়ায়িক— বড়াইকে। **চড়ে**—প্রাণ 'চবিড়'। একার বিভক্তিচিহ্ন। চপেটাঘাত।

প্ঠাক-২৫

>। কোপেঁ—কোধের উত্তেজনায়। কভোঁ—কথনও, কলাপি।
হাথে —হস্তধারা। ছইল—প্রাণ √ ছিব (স্পৃশ্)। স্পর্শ করিল।
গালিহো—গালিও, তিরস্কার-বাক্যও। সামুডী—শাশুড়ী, শ্বন্ধ। আহ্মী—
ম° 'আম্হী'। আমি। বএসে—বয়সে। থাইবোঁ—থাইব। বিস—
প্রাণ। বিষ। জাইব—যাইব। ল—সম্বোধনস্চক 'আল', 'আলো'
প্রভৃতি শব্দের রূপভেদ। মিথিলার উত্তরে পুং-স্ত্রী উভয় লিক্সেই প্রযুক্ত হয়।
বিভাপতিতে,—'

মাধব বুঝ সবে অবধারি লো। 🧸

আলো শিব শস্ত্ তুমী শিব শস্ত্ তুমি যে বধিলো পচ বানে॥

প্রাচীন পদে,—

ওলো বন্ধু তুমি রে স্থজন।
তোমার পিরীতে দিব জাতি কুল মান॥
(জন্মরাম দাদ)

ওহে, হে।

না থাকিব তোর থানে ইত্যাদি—(ফলিতার্থ) কানাই, আমি তোমার ত্রিদীমার থাকিব না, তোমার জন্ম আমি দেশত্যাগিনী হইব।

- ২। চিন্তিলোঁ চিন্তা করিলাম। তবেঁহো তবে-ও, তাই। বুইলোঁ বলিল। দেহত দেহে। পীত পিতনাড়ী থাকাতেই ম্বলা, লজ্জা, ধিকার প্রভৃতি বোধ হইয়া থাকে। তোকার দেহত ইত্যাদি— কানাই, তোমার শরীরে কি 'ঘেন্নাপিত্তির' লেশ মাত্র নাই ?
 - ত। কাজে—কার্যো। (গলে")—মাধ্বকললক্কত অর্ণ্যকাণ্ডে,—
 বলর গর্কত পূর্ক্কিশলে মই
 সৈলোঁ। দণ্ডকার বন॥

গেলাম, গমন করিলাম।

৪। **গরল বচন**—বিষতুল্য বাক্য, কটু কথা। শু**ণিঅ'।**— শুনিয়া। করিব—করিবে।

পৃষ্ঠাক্ষ---২৬

>। আপরাধ—অপরাধ, দোষ। মারিঅ"—স্বাঘাত করিয়া। সাধীল—দাধিল, দাধন করিল। আপণ—প্রা° 'অপ্পণো' (আত্মন:)। স্বকীয়।

(য না-প্রা° 'জে' (যে) এবং 'না' নিশ্চয়ে।

২। **হতুমন্তা**—প্রাণ 'হণুমন্ত'। হনুমান্। **তেহেন**—বিভাপতিতে,— বেহন বিরহ হো তেহন সিনেহ।

তেমন, সেইরূপ। দূতা—দৃতী। ভাগিল—ভগ্ন। তুল 'থেপিল বাণ যেন রাথিল নয়' (প°ক°ত°)। পুনী—পুন:। যোড়াইতেঁ—জোড়া দিতে, সংযোজিত করিতে। শকতা—সমর্থা। শুঁচী—ছুঁচ, স্চী। বাতিআ।— সং 'বট' (রজ্জু)। শণ অথবা পাট-নির্দ্মিত দড়ি। বহাএ—চালায়, প্রবেশ করায়। খাএ—থায়।

৩। পাঠাইলোঁ—পাঠাইলাম। পুথিতে 'পাঠাইবোঁ'। কীষে—প্রা

'কিস'। চর্যাচর্যাবিনিশ্চয়ে 'কীষ্', 'কীস্'। কেন, কি নিমিত্ত। তুলী—
তুলিয়া। খাইলোঁ — মাধবকন্দলিকত অরণ্যকাণ্ডে,—

রাক্ষদে সহিতে

যজ্ঞ চন্ন করি

অনেক ঋষিক খাইলোঁ॥

বীষে—বিষ। থাইলৈ—প্রথম পুরুষের ক্রিয়া। প্রসাদ—প্রসাদ, আদর। অসংঘট—অঘটনীয়। সংঘট—ঘটনা। করাএ—করায়।
৪। মেলাইবেঁ।—মিলিত করিব।

পৃষ্ঠাক---২৭

বড়ায়িক—বড়াইকে। খীর—প্রাণ। ক্ষীর। বোগাইবোঁ—সর-বরাহ করিব। ঘরত—ঘরে। রাখিআঁ।—রক্ষা করিয়া, আশ্রয় দিয়া। করিআঁ।—শৌরসেনী প্রাণ 'করিঅ'। চর্য্যাচর্য্য-বিনিশ্চয়ে 'করিঅ', 'করিআ'। করিয়া। তোঁতে—সস্তোষ বিধান। খণ্ডাইবোঁ—খণ্ডন করিব, ক্ষালন করিব।

>। করিলোঁ — নারায়ণদেবক্কত পদ্মাপরাণে, —
প্রণাম করিলোঁ আমি ধরিয়া চরণ।

শঙ্করদেবক্বত উত্তরাকাণ্ডে.—

করিলোঁ স্থদুত চিত্তে রামকেসে সেব।

ক্ব• রা°এ 'করিলাঙ'। করিলাম। **যতনে—প্র**যত্ন। বুলিলেশ—
মাধবদেবক্লত আদিকাণ্ডে,—

আপুনি চলিবোঁ রামক নেদিবোঁ বুলিলোঁ দৃঢ় বচন।

বিল্লাম। তাহাত—তাহাতে। মুগধী—বিভাপতিতে 'মুগধিনী'। মুগ্ধা, সরলস্বভাবা। না পাতিল কানে—কান দিল না, মনোযোগ করিল না। মাইল—মারিলেক, মারিল। অপেমান—অপমান। কাহার—প্রা

কিং (কিম্) শব্দ ষষ্ঠীর বহুবচনে 'কাণং', 'কাণ'; এই 'কাণ' হইতে কার তথা কাহার হওয়া সম্ভব।

- ২। বীর দাপ-প্রাও 'দপ্প'। বীরদর্প, আক্ষালন-বাক্য।
 সৌজরিতেঁ—বিভাপতিতে 'স্থ্যরইত'। স্মরণ করিতে। এথোছি—
 এক-ও, একজনকেও। মাজ—প্রাও 'মাআ' (মাতৃ)। বাপ—'বপ্পো
 পিতেত্যন্তে'—দেশীনাম্মালা। এথোছি না রাখিলেক ইত্যাদি—
 তোমার পিতা মাতা কাহাকেও বাকী রাখিল না অর্থাৎ তাহাদিগকেও যত
 পারিল, মন্দ্রবিল। গরজিলী —স্ত্রীলিক্ষেক্ট প্রত্যয়। গর্জিয়া উঠিল।
- ৩। হাণে কুলে—এ হেন বংশে (?)। পাটাবুকী—প্রাণ পৈণএ পিথর বিশ্বর হিজলা (প্রস্তরবিশ্বত-হৃদয়:) ১১১৬৬। পাটার ন্থায় বিশ্বত বৃক্ব যে স্ত্রীর, নির্ভীকা। 'ডাকা-বৃকা' শব্দ তুলনীয়। তিরী—ও 'স্তিরী' বা 'তিরী'। স্ত্রীলোক। পালটি—প্রাণ 'পল্লট্ট' (পুনরার্ত্য)। বিদ্যাপতিতে 'হৃদয়ে বৃঝাএল পলটি নিহারি', 'পলটি বৈসাওল কনক কটোরা'। ফিরিয়া। দেখোঁ—মাধব কন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,—

তোমার প্রদাদে দেথোঁ আমিও রামক॥

স্থন্দরাকাণ্ডে,—

মুথ তুলি মাত সরস বদনী দেথোঁ মই চক্রোদয়।

प्तिथि, प्तिथित।

৪। বিকে—বিক্রয়ার্থ। মথুরাক—কবি শঙ্করকৃত গুরুদক্ষিণাতে,—
 গুরু দক্ষিনা দিয়া আমি মথুরাকে জাব।—(পুণি)

কে' দ্বিভীয়ার চিহ্ন।> সংস্কৃত ভাষাতেও গতার্থ ধাতুর প্রাপ্তার্থে কর্ম্ম-সংজ্ঞার ব্যবস্থা আছে। কেন্স কেন্স এই 'ক' প্রত্যন্ত্র সপ্তমীর অর্থে প্রযুক্ত মনে করেন। দিতেঁ—দিবার নিমিত্ত। ততেবঁ সি—তবেই, তা হ'লেই। পালাএ—পলায়ন করে, অস্তৃতিত হয়। গাএ—গায়, গান করে।

১। বিভক্তি সক্ষে বিভ্ত আলোচনা সম্পাদকীয় উক্তি-মধ্যে দ্রষ্টব্য।

श्रुवंक--२४

›। বসী—বসিয়া, অবস্থিতি করিয়া। দান ছলে — শুল্ক (মাণ্ডল)
সংগ্রহের ভাণ করিয়া। রাথিবোঁ—মাধবদেবক্কত আদিকাণ্ডে 'রাথিবোঁ
যজ্ঞ তোমার'। আগ্লাইব, রক্ষা করিব। লুড়িঅাঁ—লুটিয়া, লুঠন করিয়া।
কাট্টী—প্রাণ 'কড্চিঅ' (কর্ষিয়া)। মাধব কন্দলিক্কত অ্যোধ্যা-কাণ্ডে,—

মহেশর হাতর ত্রিশূল কাটি লৈবোঁ॥

ছিনাইয়া, বলপূর্দ্ধক আকর্ষণ করিয়া। **লৈবেঁ।**—লইব। **সাতেসরী—**অসমীয়া রামায়ণে,—

গ্রীবাত তোহোর দিব সাতেসরি হার।

ঘোষা কীৰ্ত্তনে,—

কণ্ঠে লড়ে সাতসরি লম্বলাদে কাঢ়ে ভরি আগ বাঢ়ি পাছে গুচি যাস্ত।

সপ্তকন্তী। হার—তৎসম শব্দ।

বাটেত—পদটিতে ছইবার বিভক্তি-চিহ্ন বসিয়াছে। পথে। স্থাজিঅ'—
নিশ্বাণ করিয়া। সাধিব—প্রতিষ্ঠাপিত করিব। বাটেত স্থাজিঅ'।
দান ইত্যাদি—পথে মাণ্ডল গ্রহণের ব্যবস্থা করিয়া, তাহাকে অপমানিত
করিয়া, তোমার আমার সম্ভ্রম বজায় করিব।

২। **ধরিহ**—ধরিও, গ্রহণ করিও। **হঅা—**হইয়া। **সংহতী—**মাধবকন্দলিকত অযোধ্যাকাণ্ডে,—

তোমার সৃষ্ণতি হৈবোঁ মোর এহি সার।

নাথী। **চলি জাইহ**—চ'লে যেও, গমন করিও। **আক্ষাক**—আমাকে।
তোষিহ রাধার মনে— রাধার মনস্কৃষ্টি করিও।

- ৩। ছাড়াইবোঁ—ইতস্ততঃ বিক্ষিপ্ত করিব। কাঞ্লী—প্রাণ কঞ্ লিআ'। কাঁচুলী, বক্ষাবরণভেদ। চীর – বিদীর্ণ, ছিন্ন। দিবোঁ—দিব। যাইবোঁ—যাইব।
- ৪। পাছেত—এখানেও ছই বার বিভক্তি-চিহ্ন বিদয়াছে। পরে।
 হাবিঅ 1—প্রা° গৈ•এ 'হণিঅ' (হছা) ২।১৬৫। আঘাত করিয়া।

র্হিবোঁ—রহিব, অবস্থান করিব। **ধরি**—প্রাণ পৈ° ১৯৭, ১৯৯। ক্রিহেলি—করিও।

প্ৰাক্ষ-- ২৯

আথায় সাদরং চিত্তে ইত্যাদি শ্লোক—দামোদরের বাসনা সাদরে ফদয়ে গ্রহণ করিয়া কপট-কুশলা বৃদ্ধা মধুর বচনে রাধাকে বলিল।

১। বিমতী – কুমতি, কুবৃদ্ধি। **তেজিঅঁ ।**—ত্যাগ করিয়া।

জাই—যাই। তেঁউ—তাই, সেই জন্ম। গো—দেশী প্রাণ্
সংখাধনস্চক অব্যয়। সব গোপী লঅা রাধা ইত্যাদি—ওগো রাধা,
গোপীদিগের সহিত যুক্তি পরামশ করিয়া, তাই (প্রীক্তম্ম স্বর্গহে গমন করিয়াছেন
এবং পথ বিম্নশ্ন্ত বলিয়া) মনের উল্লাসে মথুরা যাইতেছি। অথবা ওগো
রাধা, কানাই গৃহে গমন করিয়াছেন, গোপীদের সহিত বিচার-বিতর্কে পথ
বিম্নশ্ন্ত সাবাস্ত হইয়াছে, সেইজন্ম ইত্যাদি।

- २। **স্থিগণ**-मशौগণ।
- ৩। বিকলিঅ'।—মৃচ্ছকটিকে 'বিক্লিণিঅ', 'বিক্রণিঅ'। বিক্রন্ন করিয়া। **ঘরক**—ঘরে, গৃহে। ঝ**াটি—**অসমীয়া রামায়ণে,—

ঝাণ্টে গুচি যাওঁ আমি আনো বনান্তর।

ঝটিতি, শীঘ।

৪। **(হন মড়ে**—এইরপে। কৌড়ী—প্রাণ 'কবড্ড' (কপর্দক); চর্য্যাপদে 'কবড়ী'। কড়ী, বিক্রম্বলক অর্থ। **আণিঅ্শ—আনি**য়া। **দেএ**—দেয়।

কালক্ষেপাসহঃ শুচি ইত্যাদি শ্লোক—রাধা-বিরহে মনোজশরকাতর মাধব কালক্ষেপে অসহমান হইয়া বৃদ্ধা-সমীপে গমন করত বলিলেন।

পৃষ্ঠাত্ব--৩.

>। **আংশাআংশ**—আখাদে। **(চৌং**খ—চক্ষে। **নিন্দ**—প্রাণ 'ণিদ্দা', 'ণেদ্দা'। চর্য্যাপদে 'নিংদ', 'নিদ'। নিদ্রা। ভাও্ত্ত—ভাঁড়াইতেছ, প্রতারণা করিতেছ। বচন আফারির ইত্যাদি—আমায় কথা দিয়া কেন ভাঁড়াইতেছ ? এতে —মাধবকন্দলিকত অযোধ্যাকাণ্ডে,—

এভোঁ তই লথাই দেশক চলি যাহা॥

এথনও। ক্রাইলে — করাইলে।

মাহাদাণী—'দানী' শব্দে যে শুল্প বা মাশুল আদায় করে। প্রধান মোহা) শুল্পগাহক। আ'ক্রো—চর্য্যাপদে 'অস্তে' (বছ্বচনের পদ); টীকায় 'আন্ধো'।

- >। ক†লি—প্রা° 'কল্ল' (কল্য); মৈ 'কাল্হি'; ও ও অস 'কালি'। বড়িয়ি—বিভাপতিতে 'এ বড়ি সাহস তোর' (কাব্যবিশারদক্ত সংস্করণ)। অভি। বিহাণী—দেশী প্রা° 'বিহাণ'। প্রভূষণ **দেশ রিহ**—স্মরণ করিও, মনে রাগিও। সূত—শয়ন কর। চলিহ—যাইও।
- গ অন্তরে—য়দয়ে। বাঢ়এ—বাড়িতেছে, বদ্ধিত গ্রুতিছে।
 রহিতেঁ—থাকিতে। যতেক—প্রা' 'জেভিম', 'জেভক'।
- ৪। খর শীতল—ভীর ও শ্লিয়। 'নরম-গরম', 'য়ঠে-কড়া' প্রভৃতি শক্দ
 ভূলনীয়। গাঁঞিহ—ভর্পনা করিও, তিরস্থার করিও।

কুষ্ণস্য বাচমাচম্য ইত্যাদি শোক—কপট-পটু বৃদ্ধা শ্রীক্ষের বাক্ত শ্রবণ করিয়া অভিমন্থা-জননীকে রাধার মধুরা গমনের কথা বলিল।

১। সাঝি—প্রা° 'সঞ্ঝা', 'সংঝা'। সন্ধা। সম্প্র—প্রা° 'সমন্ত্র' শব্দের উত্তর সপ্তমীর এ প্রত্যায়। মাপ্র—মাতাকে।

পৃষ্ঠাক্ষ--ত১

- নঠ—আৰ্ম প্ৰা° 'ণট্ঠ'। নষ্ট। হএ—হইতেছে। জুআ্ৰাএ –যোগ্য হয়।
 সহি—প্ৰা° 'সহী' শব্দ। স্থী।
- ২। ভাবিঅ'—ভাবিয়া। করী—চর্য্যাপদে 'করী', 'করি'। বিণী—বিনা। বিকীএঁ—বিক্রম দারা, বিক্রমে। বিণী বিকীএঁ হএ ইত্যাদি—দধি দ্বশ্বাদি বিক্রম বিনা কি গোমালার ধন হয় ? চাহী—প্রার্থনা

করি। **নিতে**—লইতে। **চার্টো**—চৈ° ভা° এ 'চাঙোঁ', 'চাঙ'। চাই, ইচ্ছা করি। **রাহী**—বিষ্ণাপতিতে 'রাহি', 'রাহী'। রাধা।

- ০। আপুণী—স্বয়ং। সংহতি—সঙ্গে। তাহারে—তাহার। তুল° 'তোরে বোলে দৃতী তেজল নিজ গেহ', 'জতনে আনল কাহ্ন তোরে দোষে গেল' (বিত্যাপতি)। কেহো—কেহ। বহু—প্রা॰ 'বহু'। মানভূম অঞ্চলে 'বহু' শব্দ প্রচলিত। বউ, বধু। ঝি—প্রা॰ 'ধীআ'; পা॰ 'ধিতা', 'ধী'। ছহিতা। লইঅাঁ—চর্যাপদে। লইয়া। রাধাহো—রাধাকেও।
- ৪। রাধিকাক প্রতী—'প্রতি' শব্দের যোগে ষষ্ঠা বিভক্তি হয় এবং 'ক' ষষ্ঠার চিহ্ন। রাধিকার প্রতি। **হেন মতেঁ আইহন মাএর** ইত্যাদি—এইরূপে বড়াই রাধার প্রতি আরানের না'র (মথুরার হাটে যাইবার) অনুমতি আনিয়া দিল। গতী—শূক্তপুরাণে 'সঙ্গে চারি সম্ম গতি'। ধর্মান্তর, সেবক।
- >। (ঘালে 'ঘোল' অর্থে মণিত দধি বা তক্ত । 'এ' ভৃতীয়ার চিহ্ণ। শাজিঅা— সজ্জিত করিয়া। লাস (বশ—প্রাণ 'লাস' (লাফ্র)। মাধব কদলিক্কত লক্ষাকাণ্ডে,—

লাস বেশ করি নর নারী সমুদাই। তার আসিবার শুনি আথে বেথে যাই॥

কুত্তিবাদে,—

নাশে বেশে রামের কাছে থাকি ভ তপোবন। বিলাস-বেশ। করে—চর্য্যাপদে 'করেই' (করোতি)।

বড়ায়ির—মাণিকচক্র রাজার গানে,—

এই লিখন দিস তোর বরাইর বরাবর।

২। আনত—অবনত। আধি—প্রা' 'অদ্ধ'। অদ্ধ। আনত কপাল তার ইত্যাদি—তাহার অবনত ললাট অষ্টমীর চক্রকে পরাজিত করে।

পৃষ্ঠাক---৩২

মহল—প্রা° 'মহ্অ'; হি° ও ও° 'মহআ'। আরণ্য তরুবিশেষ। উহার পূষ্প হেমবর্ণ ও বর্ত্ত্বলাকার। কিপৌল যুগল তার ইত্যাদি—তাহার গণ্ডদ্বর (নবপ্রাকৃটিত) মধ্কবৎ অর্থাৎ মহআ ফুলের ন্তায় স্থগোল ও গৌরবর্ণ। ব্যুলী—হুপহরিআ ফুল, রক্তবর্ণ পুষ্পভেদ। তুল—প্রাণ 'তুল্ল'। তুলা।

- ৩। **পরোভার—**মাধবকন্দলিক্বত অরণ্যকাণ্ডে 'তনভার'। পয়োধর।
- ৪। থল কমল—স্থলপদ। 'থল' প্রাণ রূপ।

তামূলথণ্ডের টীকা সম্পূর্

দানখণ্ড

পৃষ্ঠাক্ষ--ত

আত্রান্তরে তত্র ইত্যাদি—ইত্যবসরে যমূনা-তটের সমীপবর্ত্তী পথে উপবিষ্ট হইয়া শ্রীরাধিকার মধুর অধরোষ্ঠ-পানে সতৃষ্ণ শ্রীকৃষ্ণ অনেক ক্ষণ ধরিয়া বুদ্ধার সহিত কথোপকথন করিলেন।

১। বিরোধে—অবরোধ করে। না—প্রশ্নে। যাসি—সং 'বাসি';
প্রাং 'জাসি'। চর্য্যাপদে,—

আইসসি জাসি ডোমি কাহরি নাবে।

বিষ্ণাপতিতে,—

পুরু চলি আবসি পুরু চলি জাসি।

যাইতেছ। যমুনার ঘাটে নিকটে ইত্যাদি—যমুনার ঘাটের নিকটে থাকিয়া কৃষ্ণ পথ রোধ করেন এবং বড়াইকে সম্বোধন করিয়া বলেন,—গোপ-বধুদের লইয়া কোথায় যাও ?

ছাওরাল - প্রাচীন সাহিত্যে 'ছাওয়াল' শব্দের বহুল প্রয়োগ দৃষ্ট হয়। বঙ্গের প্রদেশবিশেষে উহা অম্বাপি প্রচলিত। অসং 'ছরাল'। শিশু। বিরোধসি—অবরোধ করিতেছ। কিকে—মাধবকন্দলিকৃত লঙ্কাকাণ্ডে,—

বিচনির বাবে মেক টলিবস্ত কিক॥

নিমিত্তার্থে 'কে' প্রত্যয়। কেন, কি নিমিত্ত।

ত। করসি—কু° চ° ৩/৫৬, ৮/৪৭; বিভাপতিতে,—

 জানদি তব কাহে করসি পুছারি।
 কাহে তুই হদয়ে করসি অহতাপ।

করিতেছ। **একে একে**—প্রত্যেকে। **অগপোঙ্য**—ক্লফপ্রেম-তরঙ্গিণীতে, —

তঙুল কারণে ধান্ত গোপতে আ**পসে**॥

ধান্ত আপসিতে শঙ্খ শবদ উঠিল।

(১১শ ফ°. ৯ম অ°)

কণ্ডিত, দণ্ডাহত। **হৈবোঁ**—মাধব কন্দলিক্কত অযোধ্যাকাণ্ডে,—

ছুখুৱ সহায় হৈবোঁ যোগাইবোহোঁ ফল।

হইব। জাইবেঁ — যাইবে। মার— মারা, বিনষ্ট। মোএঁ আপোঙ্য হৈবেঁ। ইত্যাদি — আমায় প্রহার দিবে এবং তোমায়ও মারিয়া ফেলিবে।

৪। পড়িঅ്1—পড়িয়া, পতিত হইরা। ছাড়–প্রা°√ছড্ড, মোচনে। ত্যাগ কর। পতি—প্রতি, পক্ষে। **যোগ**—যোগ্য।

পৃষ্ঠাক-৩৪

১। সিশের—দিঁথার, শীর্ষের। লাসে—শোভা পায়। চিহ্নসি—
চিনিতেছ, জানিতেছ। তৌ ঞি — অস° 'তই'। তুমি। সিশের
সিন্দুর তোর লাসে ইত্যাদি—তোমার ললাটে সিন্দুর শোভা পাইতেছে,
মস্তকে কেশ স্থবিশ্রস্ত রহিয়াছে (অর্থাৎ তুমি বালিকা নহ); আমি গোপীগণের
প্রিয়, আমায় তুমি চিন না!

পরমাণে—প্রমাণসিদ্ধ। আনি—সরহপাদক্কত চর্য্যাপদে 'অন উপায়ে পার ণ জাই'। ভানে (ভাণ)—জ্ঞান। দান আক্ষার পরমাণে ইত্যাদি—রাধা, আমার দান প্রমাণান্নমোদিত, মনে অন্ত ধারণা করিও না— অর্থাৎ আমার দানের সত্যতা সম্বন্ধে সন্দিহান হইও না।

২। তোএঁ — চর্যাপদে 'তোএ'। তুমি। যাসী — যাইতেছ। **ধাআ । ধাআঁ।**— ধাইয়া, ধাবিত হইয়া। পালাসী — মৃচ্ছকটিকে 'পলাঅনি', 'পলাশি'। পলামন করিতেছ। **মৃত তুধ লঅঁ।** ইত্যাদি — মৃত ত্র্ধাদি লইয়া

ন্বরিতপদে মথুরা পলাইতেছ। ছাড়ি –চর্য্যাপদে 'চ্ছাড়ী'। জাইবি—
নাইবে।

৩। সুচিত্রক—চণ্ডীদাসের প্রচলিত পদে,—
স্থাচিত্র বেণী ছলিছে জনি
কপিলা চামর পারা।

স্থানর, স্বদৃশ্য। বাএ—বাষ্তে। হালে—চৈ ভা এ। কাঁপে, কম্পিত হয়। তা—কাজ্পাদকত চর্গাপদে, 'তা দেখি কাহ্ন বিমন ভাইলা'। তাহা। টলে—বিচলিত হয়। তাক্র—'টিগ্ঘরো থেবে' টিগ্ঘরো স্থবিরঃ), দেশী নামদালা। নারায়ণদেবকুত প্লাপুরাণে,—

দিগল আঙ্গর থোপা কাটিতে না পাইল চোপা করিতে না পাইলু বিড়ম্বন।--(গুণি)

আধুনিক বা° 'ডাগব'। রহং। ডালিম—প্রা°। দাড়িম্ব। নাক-ফুত—নন্দস্কত, শ্রীকৃষ্ণ। কাফোঞিকৈ—'কে' চতুর্থীবিহিত প্রা° 'কএ' প্রত্যায়েরই রূপভেদ। কু75—ক্রচিকর হয়, স্পৃহণীয় হয়।

৪। স্থ্রী—বা°√ গুজ (স' গুধ্), পরিশোধে। নারায়ণ দেবক্কত পদাপ্রাণে,—

> কালি জত বিভূম্মিত্ব তোরে সেহি **স্থুঝাইল মোরে** ধিক জাউক আনার জীবনে।—(পুথি)

শঙ্কর দ্বেবক্বত উত্তরাকাণ্ডে,—

তোমার গুণক আমি স্কুজিতে নপারি॥

মাধব দেবকৃত আদিকাণ্ডে,—

ত্যু উপকার নপারিবোঁ **শুজিবাক।**

পরিশোধ করিয়া। (মার না কর—আমায় করিও না।

ক্নমণ্ডে বচনং শ্রহণ ইত্যাদি—শ্রীক্নম্ভের বচন শ্রবণ করিয়া আধিমতী কশান্ধী রাধা কাঁপিতে কাঁপিতে বৃদ্ধাকে এই কথা বলিলেন।

পৃঠাক-৩৫

১। বড়ারি-রাধাক্নঞ-মিলনের সহায় বৃন্দাবনস্থ বৃদ্ধা রমণা। কেহ কেহ ইহাঁকে যোগমায়া বলেন (৭ পৃষ্ঠার টীকা দ্রস্টব্য)। এগার-পা॰ ও প্রাণ 'এগারহ'। নিলিনী দল কোঁজলী—তুল' 'লবলীদল কোঁমল আহ্মার দেহে' (পূ° ২১)। দেখি—চর্ঘ্যাচর্ঘ্যবিনিশ্চয়, ৭ ও ৪২ সংখ্যক পদে। হারাএ—হারায়, খোয়ায়।

মোকে—'কে' দ্বিতীয়ার চিহ্ন। উহা প্রাক্কত নিমিন্তার্থ 'কএ' প্রতারের রূপান্তর। মাক্সে—মাগে, প্রার্থনা বা যাচ্ঞা করে। প্রসিলে —ম্পর্শ করিলে। তেজিবোঁ—ত্যাগ করিব।

- ২। বাটে—চর্ঘ্যাপদে 'বাটএ'। আমাতে—নিমিন্তার্থ চতুর্থীর 'কে' (প্রাণ কএ) প্রতায় দিতীয়াতে প্রযুক্ত হইয়াছে। পরিহাস করে দান ছলে—মাশুল গ্রহণের নামে রহস্ত করে। ভাগিতেঁ—ভগ্ন করিতে, ছিল্ল করিতে। কাপুলী ভাগিতেঁ ইত্যাদি—বলপূর্ব্বক বক্ষাবরণ উল্মোচন করিতে চায়।
- ৩। ছাড়ী—শান্তিপাদক্বত চর্য্যাপদে 'বাম দাহিণ দো বাটা চ্ছাড়ী শান্তি বুলে থেউ সংকেলিউ'। ত্যাগ করিয়া। **কেফে**—রাজেন্দ্র দানের আদিপর্ব্বে,—

অধর্ম কর্মেত কেহ্নে মোর অভিকৃচি।

ব্রাহ্মণীর প্রতি কেন্ডে মোর গৈল চিন্ত।।

কেন। বোলএ—প্রা° √বোল, কথনে। বলে'। ধামালী—প্রাচীন সাহিত্যে ক্রীড়ার্থে 'ধামালি' শব্দের প্রয়োগ অপেক্ষাকৃত অধিক। বিভাপতিতে 'ধমারি'; মাধব কন্দলিকৃত লঙ্কাকাণ্ডে 'ধেমালি'। কৃত্তিবাদী রামায়ণে,—

আমা সনে রাবণ তোর কিসের ঢামালি।

মাধবাচার্য্যের শ্রীকৃষ্ণমঙ্গলে,—

রাধা কাত্মর ধামালী দেথিয়া সব সধী।
নম্বনে বসন দিয়া ঘন হাস্তম্থী॥

ছংথী খ্রামদাসক্বত গোবিন্দমঙ্গলে,—

রাখাল হইয়া জান এতেক ঢামালি॥

রঙ্গরস, পরিহাদ-বাক্য। খৈনে—প্রা 'থণে'।

৪। সুণ—প্রা° 'স্বণু' (শূণু)। শুন। **নিষধহ**—নিবারণ কর। তেজুক—ত্যাগ করুক। প**তিআ'শে**—প্রত্যাশা।

রাধায়া বচনং শ্রুহতা ইত্যাদি—বৃদ্ধার মুখে রাধিকার উক্তি শ্রবণ করিয়া চতুর সভ্ষ্ণ শ্রীকৃষ্ণ রাধাকে এই কথা বলিলেন।

পৃষ্ঠাক-৩৬

্। সমুখে—সমুখে। পুছো—মাধবকন্দলিকত কিন্ধিন্ধ্যাকাণ্ডে,— স্বয়ম্প্রভা বোলন্ত তোমাত পুটো কাষ।

বসসি-থাক', অবস্থিতি কর। **ঘর**-পশ্চিমরাঢ়ে নিবাস অর্থে প্রচলিত।
কোমণ-'কমণ' এই শব্দেরই রূপভেদ (১ পৃষ্ঠার টীকা দ্রপ্টব্য)। কোন্।

২। **থাকোঁ**—মাধবকন্দলিক্কত অবোধ্যাকাণ্ডে,—

মাজ করি গলে বান্ধি **থাকোঁ** রাতি গোট।

এভো বনে গৈয়া থাকোঁ রামর লগতে॥

থাকি, অবস্থিতি করি। জাতী—জাতি। পুছত্ত-জিজ্ঞানা করিতেছ। কিকে-মাধবদেবক্কত আদিকাণ্ডে,—

চ্ল যাওঁ শ্যাক পুছ্স আব কিক।

কেন, কি নিমিত্ত। নিমিত্তার্থে প্রযুক্ত এই 'কে' এবং প্রাক্তের 'কএ' প্রত্যন্ত্র অভিন্ন। বেশল—প্রাণ 'সোলহ'।

৩। **ওলাহা**—ক্বতিবাদী যোগাছার বন্দনতে,—

ওলাও পদরা শঙ্খ দেখিব কেমন।—(পুৰি)

মাধবাচার্য্যের ঐক্তফমঙ্গলে,—

কি দেখি গোরস আগু ওলাহ সমুথে।

ত্ৰ:থী খ্ৰামদাসকৃত গোবিন্দমক্লে,—

প্রসরা উলাও রাধে বৈদ মোর আগে ॥

ও° 'ওফলা'। নামাও, অবতারিত কর। 'ওলাউঠা' শব্দ তুল°। মিল্মিলে হাম প্রভৃতি পীড়ার অন্তে উদরাময় হইলে তাহাকে 'ওলানি' দেওয়া বলে। চূপড়ী—বংশাদি-নির্দ্ধিত আধার-ভেদ। বথু—প্রাত্ত 'বখু'; সিন্ধী 'বথু'। বস্তু। জাহা—অসমীয়া রামায়ণে,—

কৈক যাহা মার আমাসাক পরিহরি। কোন দোষে প্রভু মোক পরিহরি মাঁঠা।

या**७, गा**देराज्छ। **विठाता**—हिमाव, विवत्रग।

- ৪। চাহ-প্রার্থনা কর।
- ৫। জাণসি-বিশ্বাপতিতে,-

জানসি তব কাহে করসি পুছারি।

জানিস্, জানিতেছ। **বোল পণ্-**-কুড়ি গণ্ডায় এক পণ এবং যোল পণে এক কাহন। মাহাদান --মাণ্ডল, গুলভেদ।

৬। বিপরীত—অনঙ্গত। বিথর কালে বিথর শুণী ইত্যাদি—
মথুরার পথে দধি হথের কর সংগ্রহ জন্ম অনেক সময়ে মহাদানী নিযুক্ত হইয়াছে.
এইরূপ অসঙ্গত কথা বহু বার শুনিয়াছি।

পৃষ্ঠাক--৩৭

१। বড়ী—বিছাপতি ও রূপরামের ধর্মমঙ্গলাদিতে 'বড়ি'। বড়, অতি। পাঞ্জী—শুল্ক-পঞ্জী। Tariff। আপণ—আপনাকে। মাণ—প্রাণ। মান, সন্ত্রম। আজালী রাধা তেঁা আবালী ইত্যাদি—রাধা, তুমি ভারি খুকী, কিছুই যেন জান না! আপনাকে চিনে এই পাঁজির প্রমাণ দান দিয়ে যাও এবং আপনার মান বাঁচাও।

পুরুবে —পূর্বে। শুণীএ —শুনিয়াছি। বা—উপমায়। বাসিল—
অধিবাদী। কড়ী—'কোড়ী' শব্দের টীকা দ্রস্টব্য (পৃ॰ ৪৫৬)। পুরুবে
শুণীএ বা রাম রাজ্য ইত্যাদি—পূর্বে শুনিয়াছি, কংদের দেশ রামরাজ্যে
পরিণত হইল (অর্থাৎ কংস্শাদিত দেশে রামরাজ্যের স্থশাসন প্রতিষ্ঠিত ইইন)।

১৬। **আচারিজ**—পা ও প্রা 'আচরিয'। আচার্য্য, ব্যবস্থাপক। মাএ—মাতাকে। শুণ্—শুন।

>। বুইলোঁ — বলিলাম। হাটক — 'মথ্রাক' শব্দের টীকা দ্রপ্টব্য (পৃ° ৪৫৪)। হাটে। তুর্জ্জন — হুঠজনপরিবৃত। আতিরের — অন্তরের, মর্ম্মের। বোল—ক° মণ্ডে। বোল দিঅ। তোএঁ ইত্যাদি—আমার মর্ম্মবৈরী তুমি, কথার ছলে (ভুলাইয়া) আমায় এথানে আনিলে।

>। **পাস্বাঅ**াঁ—শৃ° পু° ও চৈণ্ডা°এ অবতরণ করিয়া অর্থে 'নাম্বিয়া' শব্দের প্রয়োগ আছে। নামাইয়া, অবতারিত করিয়া। ভাগিআাঁ—ভগ্ন করিয়া, ছিন্ন করিয়া। বিশুতিল—মাধ্বকন্দলিকত অর্ণ্যকাণ্ডে,— রামের বৈরক আজি বিশুতিয়া মারোঁ॥

স্থন্যাকাণ্ডে,—

হেন মতে সীতা তোক বিগুতিয়া থাইবো॥

নিপীড়িত করিল, বিমন্দিত করিল।

বিধাতাএ—'এ' কর্ত্কারকের চিহ্ন। কত—প্রা° কেন্তিঅ', 'কন্তো' (কিয়ৎ)। ভুঞ্জিতেঁ—উপভোগ করিতে। কোন্তো—কোনও। পাইলোঁ—মাধবকদলিকত অধোধ্যাকাণ্ডে,—

কত জন্ম পুণো মই হেন পুত্ৰ পাইলোঁ॥

। দিলে। —শকরদেবকৃত অনাদিপাতনে,—

বামন পুরাণ কিছু মিশ্র দিলো তাত।

মাধবদেবক্বত আদিকাণ্ডে,—

তুলিতালি বর করি দিলোঁ। জানকীক।

দিলাম। সাঠীহারে—ষষ্ঠ রাত্রে ক্বতা জাতকর্মকালে। সাধারণ লোকের বিশ্বাস, বিধাতা পুরুষ আহত হইয়া ঐ সময় প্রস্তুত সন্তানের অদৃষ্ট-লিপি লিখিয়া দেন। করলোঁ—করিলাম। খণ্ডব্রত—অঙ্গহীন ব্রত। জর্মত— 'ড' সপ্তমীর চিহ্ন। তেঁ—তরিমিত্ত। পোঁএ—প্রাক্তলক্ষ্মীতে 'পোঅ' (পোড)। 'এ' কর্ত্তকারকের চিহ্ন। তামিল 'পৈয়ন'; তেলুগু 'পৈয়'; ও 'পুঅ'। পুত্র। পশ্চিমরাঢ়ে প্রচলিত 'পুআ' (গাছের চারা) শব্দ তুলা।

০। থঅ—প্রা°। কয়, নাশ। জরম পেল করমের ইত্যাদি—
কাল কানাইর হাতে ধর্ম কর্ম সমস্তই নাশ পাইল, জন্মটা বৃথায় গেল।
পেলাইবোঁ—ফেলিয়া দিব। মুছিবোঁ—বা° √মুছ (মৃজ্), মার্জনে।
মাথে—মন্তকের। মুকুট ভাঁগিঅাঁ সব ইত্যাদি—মুক্টাদি বত
অলঙ্কার ভাঙ্গিয়া দ্রে নিক্ষেপ করিব এবং সিঁথার সিন্দুর মুছিয়া ফেলিব।
রহাএ—আটকায়, (বলপ্র্রক) অবস্থিতি করায়। নারোঁ—পশ্চমরাঢ়ে
নারি' তথা 'লারি' শন্ধ প্রচলিত। পারি না। জিণি—বিভাপতিতে,—

—(কাৰ্যবিশারগ্-কুড সংকরণ)

(মিথিলার পঠি—'অহে স্থি অহে লই জমু জাহে'।)

গোবিন্দদাসে,—

একলি বোলি করহ জ্বনি বাধ।

এ স্থি এ স্থি লই জনি যাই।

ধেন না। এহাক-'ক' দ্বিতীয়ার চিহ্ন। ইহা।

৪। এড়ু—ত্যাগ কঙ্গক। **দিআরু**—দিউক। **মেলানী**— বিশ্বাপতিতে,—

> লাজ ডর নাহি তো পরানী দে মেরানী রে॥

মাধবদেবক্বত আদিকাণ্ডে,---

মেলানী মাগিয়া গৈলা আপোনার থান।
বিদায়। অশুভস্তক, এই ধারণায় 'বিদায়'এর পরিবর্ক্তে মিলনার্থ 'মেলানি'
শব্দের প্রয়োগ বিহিত হইয়া থাকিবে। আমরা 'যাই' না বলিয়া 'আসি' বলি।

পৃষ্ঠাক--৩৯

সুণিলেঁ—ভনিলে। উলটি—বা • √উলট'র উত্তর 'হ' প্রত্যন্তর।
শৌরসেনী ভাষাতে 'জ্বা' প্রত্যন্তর স্থানে 'ইঅ' আদেশ হয় (প্রা° প্র°, ১২।৯)।
বাঙ্গালা, মৈথিলী, প্রাচীন অসমীয়া এবং ওড়িরাতে অনন্তরাদি অর্থে ধাতুর
উত্তর 'হ' বা 'ইআ' প্রত্যন্ত প্রাক্তবেরই অনুরপ। হেমচন্দ্রকৃত দেশীশক্ষসংগ্রহে
'অল্লট্রপলট্রমঙ্গপরিবত্তে' (অল্লট্রপলট্রং পার্শপরিবর্ত্তনন্) ফিরিয়া। বিস্মা—
প্রা° 'উপবিসিঅ' (উপবিশ্র)। ছাড়িএ—প্রা° 'হসএ', 'করএ', 'পঢ়এ'
প্রভৃতির ভার (বরক্রচি—৭।৫ এবং সিদ্ধহেমচন্দ্র ৮।৩।১৪৫)। ছাড়িতে
লাগিলেন, ত্যাগ করিতে লাগিলেন। নিশাসৈ—নিশাস।

রাধায়া বচনং শ্রুত্বা ইত্যাদি—বুদ্ধার মুথে রাধিকার উক্তি শ্রবণ করিয়া সতৃষ্ণ শ্রীক্লঞ্চ শ্রীরাধার অঞ্চল মোচন পূর্বাক রাধিকাকে এই কথা কহিলেন।

>। উলটিঅঁ1—পূর্বে 'উলটি' শব্দের টাকা দ্রপ্টব্য। পিঠী—প্রাণ পিট্ঠি'। পৃষ্ঠ। উলটিঅঁ1 দিলেঁ পিঠী—বিমুথ হইরা বদিলে। সূচক—হল্লাগ্র, উন্নত। বৃহচক—রোচক। কুচের বাটুল—কুচ-মণ্ডল। তাতা—প্রাণ 'তত্ত'। তাহাতে। দিঠী—প্রাণ 'দিট্টি'। দৃষ্টি, চকু। জীও —মাধ্যকদলিক্কত অযোধ্যাকাণ্ডে,—

ইসব অৱস্থা দেখি কেনে জীওঁ প্রাণে।

বাচিয়া আছি, জীরিত রহিয়াছি। দিঠা দিঠা চিত্ত ইত্যাদি—চারি চক্র্র মিলনে আমার হৃদর তোমাওে মজিল, তোমার অনুমতির অপেক্ষায় বাচিয়া আছি। তোকোর—প্রা° পৈ°এ 'তোহর' (তব, যুয়াকম্) ২০১৪। আমিঅ'। প্রাণ 'অমিঅ'। অমৃত। পীওঁ—পান করি।

তেজ — তাজ, ত্যাগ কর। রাগে — ক্রোধ। গএ — স্বনামপ্রাসিদ্ধ তীথ। গদ্ধতে। প্রবাদ, মরণান্তর প্রেতথোনি-প্রাপ্ত ব্যক্তির উদ্দেশে গদ্ধান্ত গদাধরের পাদপদ্মে পিগুদানাদি করিলে উহার উদ্ধার হয়। গদাস্থরের অন্থিনির্দ্দিত গদাধারণ করায় বিষ্ণুর এক নাম 'গদাধর' হইয়াছে। প্রেরাসিশ ভার্থরাক্ক প্রেয়াগে। আধুনিক এলাহাবাদ।

২। কত না—চণ্ডীদাদের প্রচলিত পদে,— আহা মরি মরি

সঙ্কেত করিয়া

ৰুত না যাতনা দিমু।

আ'ছের—'কহিআর', 'দিআর', 'দিআরু' প্রভৃতি পদ তুল'। বিস্থাপতিতে 'গাবিআরে' আছে। না চাহ সমুথ দিঠী-সম্ব্থ-দৃষ্টিতে দেখিতেছ না।

거항t事-- 8 ·

নেহালসি—বা॰√নেহাল বা নেহার। দেখিতেছ। শিরি—ঐ. শোভা। এ রূপ (যৌবন কত ইত্যাদি—হস্তাঙ্গরীয়কে (তোমার) এই রূপ-যৌবনের শোভা কত দেখিতেছ! ভাব ও পরিতোষ—ক্রিয়াপদ।

৩। পতুমিনী—মৃ°ক°এ 'পছ্মিনী'। পদ্মিনী। গুন-গণনাকর। কুলেও। পরিহর—ত্যাগ করিতেছ। পাছেঁত—'পাছ' শব্দে ছইবার বিভক্তি-চিহ্ন বসিয়াছে। পরে, পশ্চাৎ। প্রাছানা-চেনা, চিহ্নত করা। **চাহা**—মাধ্যকন্দলিকত স্থন্দরাকাণ্ডে.—

শঙ্কা পরিহর মার ভাল মতে চাহা।

চাও. দেথ। **এ রূপ যৌবন পাছানা** ইত্যাদি—তোমার এই রূপ-যৌবন কেমন, তাহা জানা ঘাইবে, আমার প্রতি একবার মুখ তুলিয়া তাকাও।

8। পাঅ—প্রা° 'পঅ'। পদ। রাতা—প্রা° 'রন্ত'।, বিষ্যাপতিতে,— নীরে নিরঞ্জন লোচন রাভা।

রক্তবর্ণ। ঈশর-জ্বর।

পৃষ্ঠাক--- 83

১। নিলজ-নির্লজ্ঞ। ইছাএ-ইচ্ছায়। পরাণে বডায়ি ইত্যাদি-প্রাণের বড়াই আমার, ইহার প্রতিবিধান কর (অর্থাৎ প্রীক্ষয়ের হাত হইতে মুক্তির একটা উপায় উদ্ভাবন কর—আমায় রক্ষা কর)।

- ২। (গাত-প্রাণ 'গোত্ত'। গোত্ত। মুণ্ডিলেক-'থুণ্ডিলেক' হইবে বাধ হয়। খুঁড়িল, থরদৃষ্টি দিল। তার গোত থুণ্ডিলেক ইত্যাদি— তার ঝাড়ে-বংশে আমায় কুচক্ষে দেখিল। কিসকে—প্রাণ 'কিস' শব্দের উত্তর নিমিত্তার্থ 'কে' প্রত্যয়। ও' 'কিসকু'; অস' 'কিসক'। পশ্চিম-রাঢ়ে 'কিস্কে' শব্দ প্রচলিত। কেন, কি নিমিত্ত। বাখানে—ব্যাথাা করে, প্রশংসা করে। জীউ—জীবিত রহুক। আনুসুপাম—অমুপম। বল—বলবান্। বীর—বিক্রমশালী। মতীএঁ গহ্ন—বুদ্ধিতে গভীর অর্থাৎ গন্তীর-বৃদ্ধি।
- ০। উদগত—উলাত, উচ্চাটিত। বুঝিল—প্রাচীন সাহিত্যে উত্তম পুরুষের ক্রিয়াপদের স্থানে প্রথম পুরুষের ক্রিয়াপদের প্রয়োগ যথেষ্ট দেখা যায়। বৃঝিলাম। নাহি ক—প্রাণ 'নিখি' হইতে নাই—নাহি (কিন্তু প্রাণ 'নাহিং' হইতে 'নাহি' হওয়া সহজ) এবং ভাহার উত্তর স্বার্থে 'ক' প্রভায় মনে করাও বাইতে পারে। ক্রিয়াপদের উত্তর স্বার্থে 'ক' প্রভায় প্রাচীন অসমীয়া ও মৈথিলী প্রভৃতিতেও পাওয়া যায়।
- ৪। **খণ্ডউ**—খণ্ডিত হউক, নিবারিত হউক। **জ্ঞাল**—উপ**দর্গ,** উপদ্রব। ঠেঠা—কং ম°ও দেশীশব্দংগ্রহে 'টেণ্টা'। নিল^{জ্জ}।
 - ১। **লইলেঁ।—**মাধবকন্দলিক্বত অরণ্যকাণ্ডে,— মহাংদেৱে সহিতে কৈলাস তুলি লৈলোঁ॥

লইলাম। বাট দান হাট দান ইত্যাদি—রাজ্বরকার হইতে পথকর ও হাটকর আদায়ের বন্দোবস্ত লইলাম। আইলোঁ—মাধবকন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,—

দিকারণে পাচে এরি আইলোঁ যত ধন।

লঙ্কাকাণ্ডে,---

কি মতে বুলিব **আইলোঁ** রণত পেলাই॥

চৈ ভা°এ 'আইলাঙ'। আসিলাম।

পৃষ্ঠাক---৪২

যাহা—যাও, গিয়া থাক। সুবিধান—বিধানান্তরূপ, বিহিত। **দেহত**—'ত' বাক্যালঙ্কারে। **দিবেহেঁ**—দিবে, দান করিবে। সুনহ—শুন।
বিষএ—অধিকারে। হইএ—হই।

- ২। **লেথে**—লেখার, গণনার। **অভরস**—অবিশ্বাদ। বুইল— বলিলাম। তোকার কারণে ইত্যাদি—তোমার সহিত বিলাসের জন্ম আমি কর সংগ্রহকার্য্যে প্রবৃত্ত হইয়াছি।
 - ৩। **নেহত**—'ত' ষ্টার অর্থে প্রযুক্ত। মাণিকচক্র রাজার গানে,— সিনান করিয়া যাও মহলত লাগিয়া॥

মাধব কন্দলিকত লঙ্কাকাণ্ডে,---

আজিসে সীতাত আমি এরিলোঁ প্রত্যাশা।

স্নেহের, প্রেমের। শৃত পৃঞ্চাস—শত, লাভ এবং পঞ্চাশ, ক্ষতি। উপেখী—উপেক্ষা করি, অগ্রাহ্য করি। নেহত লাগিঅ । ইত্যাদি—প্রেমের জন্ম আমি লাভ লোকসান ভুচ্ছ করি (অর্থাৎ তোমার প্রেমের বিনিময়ে আমি ক্ষতি-বৃদ্ধি গণনায় আনি না)। আপিণে—চর্য্যাপদে 'অপণে'। স্বয়ং।

- 8। **লেখা**—গণনা। খড়ী—প্রাণ 'থড়িঅ' (থটিকা)। পাড়ী— পাতিয়া। 'থড়ী পাড়ী', অন্ধ-পাত করিয়া। বাকী—কেহ কেহ শন্ধটিকে আরবী মনে করেন, অপরে 'বক্রী'-শন্দজ বলেন। **তোতে**—ভোমাতে, ভোমার নিকট। **হএ নতে**—হয় নয়, সত্য মিথ্যা।
- ১। পুরুব—পূর্ক। কালত—কালে।ৠষিএঁ—'এঁ' কর্জ্কারকের
 চিহ্ন। বসুলে—প্রথমার একবচনে। নিআঁ1—লইয়া। থুইল—বা° √থু,
 হাপনে। পুরুব কালত ঋষিএঁ ইত্যাদি—পূর্কে ঋষিগণ বলিয়াছেন, বস্থদেব শ্রীকৃষ্ণকে লইয়া নন্দগৃহে স্থাপিত করিলেন। জাণাইবোঁ1—বিজ্ঞাপিত
 করিব। লইব—লইবেন। রাজ—প্রা° রজ্জ। রাজ্য।

म्याप-मःवाम ।

২। ভজিঅাঁ—অন্নয় করিয়া। আদিব—আদিবে। সাজিআাঁ — যুদ্ধনাজে দাজিয়া, দশস্ত হইয়া।

শুণীএ—শুনে, শ্রবণ করে। করেতেঁ—'কর' শব্দে ছইবার বিভক্তি-চিহ্ন বিদয়াছে। শুণীএ যবেঁসে ইত্যাদি—যদি সে মহাবীর আয়ান এ কথা শুনে, তাহা হইলে তোমায় হাতে করিয়া চিরিয়া ফেলিবে।

- >। বারহ—প্রা॰। বার, দ্বাদশ। ব্রিষেকের—বর্ষের। আল —চর্য্যাপদে 'অলো'। প্রমান—প্রমাণ।
 - ২। **আ'গোলসি**—অবরোধ করিতেছ।
- ৩। বিতপনী—প্রাচীন অসমীয়াতে শব্দটির প্রয়োগ অপেক্ষাকৃত অধিক। মাধবদেবকৃত আদিকাণ্ডে,—

সর্বাঙ্গস্থনরী ক্যা আতি বিতোপনী॥

মাধ্বকন্দলিক্বত কিন্ধিক্যাকাণ্ডে,—

রূপে গুণে বিতোপনী সংসারত সারা ॥

স্থন্দরাকাণ্ডে.—

তিনিয়ো ভ্বনে আমি নৈয়ো দেখোঁ

তোর ঠান বিতোপনী॥

বে বিশেষরূপে ভৃপ্তিদান করে, সে 'বিতপন' (বিতোপন্); স্ত্রীলিক্ষে 'বিতপনী'। উন্তমা, রমণীয়া। ফরিদপুরের গ্রাম্য ভাষায় চতুরা অর্থে 'বিতপন্তা' শব্দ প্রচলিত। পাটি—পট্রস্ত্র, রেশমী কাপড়। আলক তিলক— অলকাতিলকা, কুঙ্কুমাদি দ্বারা রচিত তিলপুপাকতি চিত্র-ভেদ। শোভএ— শোভা পাইতেছে। আগতি বিতপনী রাধা ইত্যাদি—রাধা, তুমি অত্যন্ত মনোহারিণী, তোমার পরিধানে পট্রস্ত্র, কপাল অলকা তিলকায় শোভা পাইতেছে।

8। বড়ার—বড়র, সম্লান্ত ব্যক্তির। বহুআরী—ক্বন্তিবাদী অবোধান কাণ্ডে,—

রাজার ঝিআরী তুমি রাজার বহুআরী।

প্রাচীন সাহিত্যে 'বোহারী', 'বহারী', 'বৌয়ারী' প্রভৃতি। বধু।
সভাব—স্বভাব। কার—প্রাণ 'কিং' (কিম্) শব্দের ষষ্ঠীর বহুবচনে 'কাণং', 'কাণ'; এই 'কাণ' হইতে 'কার' এবং স্বরের বল-বৃদ্ধি হেতু কাহাণ তথা কাহার। **দেও**—দিই। কার কাঁচ আলিতে ইত্যাদি—কা'র লেঠায় থাকি না।

- ৫। বরিষের—বর্ধের। নোহোর—নোর শব্দের টাকা দ্রন্থর।
 (পৃ° ৪৩২)। আণি—আনিয়া। বিধী—বিধাতা।
 - ৬। পাঁতর—প্রান্তর। একসরী—বিভাপতিতে,—
 সঙ্গক সথি আগু আইলি হে
 হম একসবি নারী।

পুনশ্চ —

একসরি ঠাড়ি কদম তর রে পথ হেরথি মুরারী।

একেশ্বরী, একাকিনী। নিমাথিতী—মাধব কন্দলিকত কিদিন্ধ্যাকাণ্ডে,—
হা বাপ কি করি করিলা নিমাথিতি।
মহা শাস্তী মার মোর ভৈলা অনাথিতি॥
শঙ্করদেবকৃত উত্তরাকাণ্ডে,—
মরি যাওঁ মই নিমাথিতী বন্মাজ॥

'থ'র থকারে পরিণতি লিপিকরপ্রমাদ হইতে পারে। অসমীয়া 'নিমাথিতী' শব্দের মৌলিক অর্থ মাংসহীনা; তুঃথিনী। অথবা 'নিমাথিতী' অর্থে নি (নাই), মাথ (রক্ষক) যার, এমন স্ত্রীলোকও হইতে পারে। সহায়হীনা। রাখো আল কাহলা ঞি তোর ইত্যাদি—কানাই, তুমি বংসপাল এবং তোমার বুদ্দি কুদ্র; আমায় প্রান্তরমধ্যে একাকিনী ও একান্ত অসহায়া পাইয়া এইরূপ কুব্যবহার ক্রিতেছ।

৭। (গাসাঞি – দ° 'গোস্বামী'। প্রভু।

৮। **কাহাক**—কাহাকে। **বীরপণ**—বিছাপতিতে 'চতুরপন'। বীরের অভিনয়, বীরত্ব। **টাকার**—ময়নামতীর গানে,—

ছই তিন টোকর দিল গালের উপর।

শঙ্করদেবক্বত ঘোষা-কীর্ত্তনে,—

টোকরে ছিণ্ডিলা কারে। শির।

কাশীদাসী সৌপ্তিকপর্কো.—

এখন টাকরে চুর হইল মস্তক।

জানিল কাটিলে পাওবের পুত দব॥—(পুথি)

ঘুনি, তীক্ষাগ্ৰ অস্ত্ৰভেদ। স্বাঞ্জ—আঘাতে।

对例-88

>•। ভালে—উত্তমরূপে। জাণো—মাধব কন্দলিক্বত অধোধ্যা-কাণ্ডে,—

ভালে জানোঁ লথাই মোত ভকতি করস।

চৈতন্ত্র-ভাগবতে,—

প্রভু বোলে জানোঁ জানো সেই হুই বেটা।

(ন্ধা , ১১শ অ)

জানি।

- >। কুত্যাটি—যে স্থানে আমদানী রপ্তানী দ্রব্যের শ্রেণীভেদ করিয়া পরিমাণামুরূপ মাশুল গ্রহণ করা হয়। এখনকার Custom-House এর অমুরূপ। সচরাচর নৌপণ্যের কর সংগ্রহ-স্থানকেই 'কুত্যাট' বলে। সব কুত্যাটে ইত্যাদি—যত কুত্যাটের মাশুল, আমার প্রাপ্য।
- ২। স্বগ্গ-প্রা° 'দগ্গ'। স্বর্গ। রাখোঁ—রক্ষা করি। মত্য —

 নন্ত্র্য। তল পাতাল। পাওঁ—শঙ্করদেবকৃত অনাদিপাতনে,—

 মনে ভঃথ পাইলে বোলে ময় পাওঁ।

চৈ° ভাগবতাদিতে 'পাঙ'। পাই। সুধী—বিছাপতিতে, — অবদর অবশ হমর স্থাধি লেব॥

মাধবকন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,—
স্থাধি আদি আমাত কহিয়ো ঝাণ্ট করি॥
শঙ্কাকাণ্ডে,—

ই সব কার্য্যক প্রভু বোলা কিবা স্থাধি॥

সন্ধি, সন্ধান। (টেটনী—বিজয় গুপ্তের পদ্মাপুরাণে,—
থাইতে নাহিক ভাত পরিতে বসন।
যেই দেখে সেই বলে দুরে যা টেটন।

পুরুষোত্তমকৃত দীপিকাচ্ছদে,— টেটন নৃপতি সব হৈবেক কুদাতা।

শঙ্করদেবকৃত উত্তরাকাণ্ডে,—

অকন্মিতে তেজে যেন ভার্য্যাক তেণ্টনে॥

ব্রহ্মপুত্রের উপত্যকা প্রদেশে চতুর অর্থে 'টেটোন' শব্দ প্রচলিত। 'টেটন' এর স্ত্রীলিক্ষে টেটনী। তুলং 'ঠেটা', 'ঠেটা', কুচেষ্টাবতী, প্রগল্ভা। বুখী—বুদ্ধি, উপায়। স্থপ গৈ রাখি, ঠেটা রাধা, তাহার কি উপায় করিবে? কাহার— কার শব্দের টীকা দ্রষ্টবা (পু° ৪৭৩)।

- ৩। পোত্র-পোত্র শব্দের টাকা দ্রপ্টবা (পৃ° ৪৬৮)। পুত্র। ধরী ধরি, ধারণ করি। তোক্ষাক—পা° 'তুম্হাকং' (২য়া ও ৪থার বহুবচনে)। দেখিল—দেখিলাম। কুপসী—রূপসী।
 - 8। বুবি-প্রা॰ পৈ° এ 'বুজ্ঝিআ', 'বুজ্ঝি' ১।১৯৩।

পৃষ্ঠাক---৪৫

>। এতে স্বাধনস্থাক অব্যয়। এতে স্কল বএসে মৌর ইত্যাদি—হাঁহে, দবে মাত্র আমার বয়স এগার বৎসর; তুমি আমার নিকট বার বৎসরের দান চাও কেমন করিয়া? ভাষ—শৃত্যপুরাণে,—

কান্দস্তি কামিন্তা ভাই কাজর ভাসস নাই।

শৃঙ্খলা, ধারা। **এতেকেঁ বুঝিল তোর** ইত্যাদি—ইহাতে তোমার কাজের ধারা বুঝিলাম, লোকে শুনিলে তোমায় উপহাস করিবে।

श পীড় এ

পীড় এ

পীড় ন

করে। ভূথিল

বিষ্যাপতিতে,

প্রথম সমাগম ভূথল অনঙ্গ।

ভুখল চকোর জনি পিবইতে আশ।

কুধার্ত্ত। তুল° 'কাটিল কদলী যেন পড়ে ডালে মূলে' (ক্নু রা°), 'জাগিল ঘরেতে চুরি নাহি কোন কালে' (বি° প॰ পু°)। ভষল—ভ্রমর। তভে ।—তবু, তথাপি।

- ৩। ঝী—প্রাণ 'ধীজা; পাণ 'ধী'। ছহিতা। রুপ—রূপ।
 বিশেষণা দেখিত, দৃষ্টা বেল—প্রাণ 'বিল্ল'; সণ 'বিল্ল'। গাছ—বেঙ্গল
 এদিয়াটিক্ সোদাইটির সংস্করণ প্রাকৃত পৈঙ্গলের ৪০০ এবং ৪৬৫ পৃষ্ঠার
 যথাক্রমে 'গচ্ছ' ও 'গাছ' শব্দ পাওয়া গিয়াছে। কামতা-বিহারী ভাষায় 'গছ'।
 আরতিল—আর্ত্তি, কুধায় কাতর। ভ্থিতেঁ—ভক্ষণ করিতে।
- ৪। শুণীলোঁ—শুনিলাম। কান—কু চ ত কর' ৪।২৮, ৮।৭৪। সমান—সন্মান, সম্ভ্রম। ধরে —মাধব কন্দলিকত অযোধ্যাকাণ্ডে,—

গ্রহ এর ক্ষমা কর হাতে তোর ধরোঁ।

সুন্দরাকাণ্ডে.—

হাহা বাপ লক্ষণ কি মতে ধরোঁ জীব।

>। **দেখিএ** - দেখিতেছি। রুপস— স্বতিশয় স্থন্দর। **তেঁএ** — সেই জন্ম।

-85

পিউক-পান করুক।

- ২। ভএ-প্রাণ 'ভঅ' ; 'এ' বিভক্তি-চিহ্ন।
- ৪। তোর দেতে ইত্যাদি—তুমি মাধুর্ঘ্যাদি গুণের আধার। দাণী—
 শুক্ত-সংগ্রাহক।

>। কুঁট়ী—দ॰ 'কুড্মল'। পুষ্প-মুকুল। প্রস—ক্ষর্শ, লেশমাত্ত।
বিকাসিলেঁ—বিক্ষিত হইলে। সোহে—মোহিত করে, মুগ্ধ করে।

영화#**--8**9

বোক—'ক' ষষ্ঠীর অর্থে প্রযুক্ত। অসমীয়া রামায়ণে,—

মোক সম বীর নাই ই তিন ভ্বনে।

লক্ষার রাক্ষস আসে যুদ্ধক আমাক।

ভৈগেল—হইয়া গেল। কি না মোক ইত্যাদি—এত কাল পরে আমার কি হইল, (কপালে এই ছিল), গোকুলে মহান্দানী নিযুক্ত হইয়া গেল!

- ২। **হাট**—সংস্কৃত-সম শব্দ। **(গাঁআারী**—হি° 'গোহারী; ও° 'গুহারি। ক্বং রাণ, চৈণ ভাণ প্রভৃতিতে 'গোহারি'। কাতর প্রার্থনা, অভিযোগ। যাবেঁ। নাইব।
- ৩। কাতর—বিজয় গুপ্তের পদ্মাপুরাণে, 'সাধু নহে ধনেতে কাতর'। কাঙ্গাল। নিতি নিতি দিধি বিকে ইত্যাদি—রোজ (মথুরার হাটে) দই-ছধ বেচিতে যাই, মাণ্ডলের প্রদক্ষ ত ঘুণাক্ষরেও শুনি নাই। এথন জানিলাম, রাজা ফতুর! তা দান, যথন চাহিবে, তথন দেওয়া যা'বে।
 - 8। পড়িহাসে-পরিহাস করে, রহস্ত করে।
- ১। **যবেঁহ**—যথনই। বদন কমল তোর ইত্যাদি—থেই তোমার চাঁদপানা মুথথানি দেখিলাম, সেই হইতে তোমাতে আক্কপ্ত হইয়া পড়িলাম। তুল°—

আজ জাইতে পথে দেখলি রে রূপে রহল মন লাগি।—(বিভাপতি)

शि**धिनी** - शृथिनी ।

कान-था॰ 'कग्र'। कृष्णरक। कला-हिट्सत्र (सांकृशाःन।

সংপুনী—সম্পূর্ণ। সব কলা ইত্যাদি—তুমি যোল কলায় পূর্ণা অর্থাৎ পূর্ণযৌবনা।

영화*****- 8৮

- ২। মধুক—মণ্ক, মহুআর কুল। আধর বাফুলী ইত্যাদি—
 তোমার স্থরক অধরের ছাতি বাকুলী কুলের স্থায় এবং পাণ্ড্রণ গণ্ডস্থলের কান্তি
 মধক পুল্পের সদৃশ। তুল 'বিন্দুকছাতিবান্ধবোহয়মধরঃ মিগ্রো মধ্কছেবির্গণ্ডে…'
 (গীতগোবিন্দ, ১০ম সর্গ)। জিণিআঁ—জয় করিয়া। পাঁতী—সিদ্ধ
 হেমচন্তে 'পংতী' ৮।১।২৫। পঙ্জি। কন্য়া নিক্য—ক্ষিত কাঞ্চন।
 কু চ এ কণয়'। নিক্ষ—ক্ষি পাথর। কাঁতী—পয়য় লচ্ছীতে 'কংতী'।
 গৌন্দর্যা।
- ৩। লোভে প্রবৃদ্ধ করে বা লোভনীয়। নাভী—নাভি। তীম রূপ বলী—ত্রিবলী, উদরাদির মাংস সম্বোচ-জনিত রেথাত্রয়।
- ৪। ভৌলৈ—কৃত্তিবাদী উত্তরাকাণ্ডে,—
 বরের রূপ দেখিঞা মেনকা পড়িঞা গেল ভোলে।
 ত্রেম, মোহে।
- >। ফুটি—ফাটিয়া। তুল 'শোকে যায় প্রাণ ফুট' (কীর্ত্তন-ঘোষা)।

 কোলে—বিভক্ত হয়। প্রাণ বৈহন ফুটি ইত্যাদি—প্রাণ যেন ফাটিয়া

 যাইতেছে, স্কুদয় তুলাঁক হুইতেছে।
- ২। ফুটে—ফাটে। পাথর—প্রা॰ 'পথর'। বান্ধী—বাঁধিয়া। পুসী—বা°√পশ। প্রবেশ করিয়া।
- ৩। গ্রাক্তি অসি বা বারানসী—বরণা ও নাণী (পুরাণাদিতে অসি বা অসী) এই নদীদ্বরের মধ্যবন্তী ভূভাগে অবস্থিত বলিয়া পুণ্যক্ষেত্র কাণীর অপর নাম বারাণসী। স্কুপেঁসি—স্বরূপতঃ। জাণ—প্রা° পৈ° ১০০। চর্যাপদে,—

লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ॥

তীথ—প্রা' 'তিখ'। তীর্থ। তেতাকে গাঁস বারানসী ইত্যাদি—
তুমি আমার গঙ্গা, তুমি আমার কাশী; সকল তীর্থ এবং তৎসেবনজনিত
পরম পদও তুমি (অর্থাৎ তুমিই আমার একমাত্র উপাক্ত ও প্রার্থনীয়।
বলিতে কি, তোমাকেই জীবনের সার-সর্বস্ব করিয়াছি)।

- ৪। বাসসি—শান্তিপাদক্বত চর্য্যাপদে। বাস', বোধ কর।
 মাউলানী—প্রা' 'মাউলাণী'। মাতুলানী।
 - ে। পাত-স্থাপন কর।
- ৬। পইসে-প্রবেশ করে। **চোর**—মৃ কণ্ড। পাটাবুক— নির্ভাক।

পৃষ্ঠাক্ত--৪৯

- १। तूलिल-विलित **आ**र्युगी-चग्रः।
- ৮। **হাকল বিকল**—মাধব কন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,— বেঢ়িয়া কান্দিল সৱে হাক**লে** বিকলে॥

দীর্ঘ রাবে কান্দিলস্ত হাকলে বিকলে ॥

আকুল ব্যাকুল, অধৈর্যা। জ্বকু আ | — জর-রোগী। কুচক — তীব্র। রোচক অর্থও হইতে পারে। বিরতে পুড়ি আ | কাফ ইত্যাদি — (কবির উক্তি) জর রোগগ্রস্ত ব্যক্তি তীব্র অম দেখিয়া যেরূপ লোলুপ হয়, বিরহ-কাতর শ্রীকৃষ্ণও সেইরূপ অশাস্ত হইয়া পড়িয়াছেন। 'বিরহ' শব্দে পূর্ব্বসম্বন্ধ স্চিত হইতেছে।

১। মেদনি—মেদিনী। বোড়িলো—জ্তিলান, যোজিত করিলাম। হাল—'হল' শব্দ তৎসম। কৌণোঁ—কোনও, কোন এক। ব্রহ্মার দণ্ড—ব্রহ্মা-করগ্বত দণ্ড কমণ্ডলুর দণ্ড। বোঁ আল—শকট, লাঙ্গল প্রভৃতির যে অংশ গো-মহিষাদির কাঁধের উপর থাকে, যুগ। গোআলী—গো, পশু এবং আলী (আলি), শ্রেণী। বাকিলোঁ—বাঁধিলাম। মোণ্ড়া—জোআলের শুঁজি কঠি, কীলক। 'মো' এবং 'থড়া'

হুইটি পৃথক্ শব্দও হইতে পারে। থড়া—'কমপিছবট্টে থোরো' (থোরো ক্রম-পৃথুপরিবর্ত্ত লং)—দেশীনামমালা। হক্ষ হইতে ক্রমশং স্থল বর্ত্ত লাকার শলাকা। বিশবিলী—গ্রাম্য বালিকা, অবোধ বালিকা; 'গোমুর্থ,' 'গোবেচারি' শব্দ তুল'। গোপী। ধনপালক্কত প্রাক্কত-লক্ষ্মীতে 'গোবালা' (গোপাল)। মেদনি যোড়িলো হালে ইত্যাদি—হে মুগ্ধে, আমি পৃথিবীতে হল যোজিত করিলাম। ব্রহ্মার দণ্ড যুগস্বরূপ হইল, সর্পরাজ বাম্বকি পশুবদ্ধনরজ্জু হইল এবং পর্বত (মন্দর?) যুগ-শলাকার স্থানীয় হইল। উক্তিটি বক্তার অভূত ক্বিতিষের পরিচায়ক।

কাহ্ন মাহাদাণী ইত্যাদি—হে বালে, কানাই মহাদানীরূপে তোমায় অপেক্ষা করিতেছেঁ।

- ২। বংশ—বাঁশী, বংশী শব্দের টীকা দ্রপ্টব্য (পূ° ৪২৩)। বাজাওঁ— বাজাই, বাদিত করি। অসুর দল—অস্ত্র-দলন। রুন্দাবন মোর থানে ইত্যাদি—রুন্দাবন আমার লীলাক্ষেত্র। বাঁশীতে আমি গান করি। আমায় অপর কেহ ভাবিও না, আমি অস্ত্রদলনকারী শ্রীকৃষ্ণ।
- ৩। আফাকি—পা 'অমহাকং' (বিষ্ঠার বহুবচনে)। আমার। গঢ়— 'গঢ়ো হুগ্গে' (গঢ়ো হুর্গম্)—দেশীনামমালা। গড়, হুর্গ। (মঢ়- দীতা-রামের ধর্মমঙ্গলে,—

কামাথ্যার মেড় গিয়া পাইল ঈশানে। দেখিল দেবীর মেড় যোজন প্রমাণ।

মণ্ডপ বা পীঠ। স্থানের আক্রাক গড়ে ইত্যাদি—স্থমের পর্বত আমার হুর্গ এবং উহার শৃঙ্গে আমার পীঠ অবস্থিত। 'মেদনি যোড়িলো হালে' এবং 'স্থমের আন্নাক গড়ে' ইত্যাদি পদাংশ সহজিয়া হিঁয়ালির মত কানে বাজে। হেলে—অনায়াদে। কালী—কালিয় নাগ।

8। বেগাকুলে বেগাজাতী—বিম্ঝা গোকুলবাদিনা।

अक्री**क**—€•

১। ঠাই—প্রা° পৈ°এ 'ঠাই' ১/১০০। স্থানে। বাঢ়িলাহোঁ— অসমীয়া 'তেজিলোহোঁ', 'এরিলোহোঁ', 'মারিলোহোঁ' প্রভৃতি পদ তুল°। বাড়িলাম, বর্দ্ধিত হইলাম। এক ঠাই বাড়িলাহেঁ। ইত্যাদি—নন্দের ঘরে একত্রে লালিত পালিত হইলাম। ছুর্বুত্ত কানাই এখন বলপ্রকাশ করিতেছে। তুল°—

একহি নগর বস মাধব হে

জমু কর বটবারী ॥—(বিছাপতি)

দিঠিত—প্রা° 'দিট্ঠি'; 'ত' বিভক্তি-চিহ্ন। চোথে, দৃষ্টিতে। বাঘত— প্রা° 'বগ্ঘ'; 'ত' ষষ্ঠীর অর্থে প্রযুক্ত। মাধব কন্দলিক্কত লম্কাকাণ্ডে,—

আজিসে সীতাত আমি এরিলোঁ প্রত্যাশা।

বাবের। দিঠিত পড়িলে ইত্যাদি—চোথো-চোথি হ'লে বাঘ হেন হিংপ্র জন্তুর (ও) লজ্জা হয়—সম্থস্থ শিকার আক্রমণে ইতস্তত কঁরে। সোদর— 'সোদরো সহজো (প্যথ)'—অভি° প্রদী°। আপন, সাক্ষাৎ। তুল° কি করে সোদর পরে'।

মাউলামীত—'ত' পঞ্চমীর অর্থে প্রযুক্ত। তুল 'বল বীর্থ্যে ধৈর্য়ে ধিক দেবতাত করি', 'ঘোর তপ আচরি ব্রহ্মাত লৈব বর' (মাণ দে°, আদি°)। সাধ—সংগ্রহ কর।

- ২। জীবাব—বাঁচিবার, জীবন ধারণের। বাঁছিআঁ1—বা° 1⁄ বাছ, নির্বাচনে। জীবার উপায় নাঁহিঁ ইত্যাদি—ওহে মহাদানী, শুল্ক সংগ্রহ ব্যতীত তোমার জীবন ধারণের অন্ত উপায় নাই বলিতেছ এবং (আর কাহাকেও না পাইয়া) সাক্ষাৎ মামীর নিকট কর গ্রহণে উন্থত হইয়াছ,—বিলিহারি ব্যবস্থা! পোঁএর—শিশুর। টলে—বিচলিতে হয়। বেঢ়িলের—বেষ্টিত করিল। আলপ কালে—অল্প বয়সে। পোঁএর মুখে পরবৃত ইত্যাদি—বালকের ফুৎকারে পাহাড় উড়িয়া যাইতেছে। দেখিতেছি, অল্প বয়সে তোমায় গুরুতর বা গুরু জনের অভিশাপ বেষ্টিত করিল—অর্থাৎ বালকের এতটা বাক্চাত্রী আর সহা বায় না, এর পর তোমায় মর্ম্মান্তিক শাপ দিব।
- ৩। দান ঘাটি—যে স্থানে আমদানী রপ্তানী দ্রব্যের পরিমাণ করিয়া মাণ্ডল গ্রহণ করা হয়। ভাঙ্গাপ্ত —ভাঙ্গি, ভগ্ন করি। বারে বারে কাফ্ত ইত্যাদি—পুন: পুন এই পথ দিয়া দধি বিক্রয় করিতে যাইতেছি।

তোমার দান-ঘাটের উচিত ব্যবস্থা ত কথন উল্লন্ডন করি নাই। দিবেঁ বি--- দিব।

১। **রোসসি**—বোষণা করিতেছ, পরিচয় দিতেছ। মামা—দেও প্রা²। **তোজার সম্বন্ধ** ইত্যাদি—তোমার সহিত আমার অতি দ্র সম্পর্ক, নাই বলিংশই হয়। অথবা তোমার সহিত আমার সম্বন্ধ একটা কথার মধ্যেই নয়।

পৃষ্ঠাক্ষ--৫১

নহসি—হইস্ না, নও। শালী—খালী। রঙ্গে—কোতুক করিয়া।
২। তুত্তে—মুথে। পড়ু—পড়ুক। মাউলানী মাউলানী
বোলসি ইত্যাদি—বারবার মামী সম্বন্ধের উল্লেখ করিতেছ, (অধংপাতে
যাও) আমার যত কিছু মহাপাতক, তোমার হউক। ভাঁগিব—ভগ্ন

- ৩। উপেথসি—উপেক্ষা করিতেছ, অগ্রান্থ করিতেছ। মুথ তুলী চাহা ইত্যাদি—মুথ তুলিয়া আমার দিকে তাকাও অথবা আমায় রূপা-কটাক্ষকর, আমার ছঃথ দূর হউক। চাপ—পীড়ন কর। পালাউ—পলায়ন করুক।
- ৪। জাণারিলৈ—জানাইল, অবগত করিল। **খাউ—**খাউক। কন্ধা—মন্তক। সম্বোধ—সন্তামণ কর।

ক্লম্বে**শ্র বচনং শ্রুত্বা** ইত্যাদি—শ্রীক্লফের বাক্য প্রবণ করিয়া ভয়ভরা-তুরা রাধা জরতীকে কিছু এবং উদ্দেশে শ্রীক্লফকে কিছু বলিলেন।

>। মাউলানীর যৌবনে ইত্যাদি—মামীর রূপ-যৌষনে কানাইর মন গেল অর্থাৎ আমাতে আসক্ত হইল। লজ্জা দৃষ্টি হরিল—চক্ষ্লজ্জা সক্তিত করিল; তুল' 'লাজের মাথা থাইল'।

কেনা—কেমন বা কোন্ ('না' প্রশ্নে)। বিধি—বিধ বা বিধাতা। আগ—দে প্রা'। ওগো। কেনা বিধি আগ ইত্যাদি—ওগো বড়াই, আমার কপালে কেমন বিধ (লেথাই) লিখিল। অথবা কোন্ বিধাতা আমার অদৃষ্ট-লিপি লিখিল?

পृक्षेक-- १२

২। শ্রাবেশ—শন্তনে, শ্যার। ভাগিনা সদৃশ ইত্যাদি— (তাৎপর্যা) শ্যার ভাগিনা অতিশর বাধে। কুপ্তমরাশ—নদন-কুঞ্জ, রতিবিলাদ। 'অলপে অলপে করহ নিধুবন' বাক্যে নি ধুব ন শব্দ তুল°। মরাণ—প্রাণ 'ম মন'। পড়িহাসে—পরিহাদ করে, কৌতুক করে।

অন্তরে—ক্ষ্ণাচার্য্যকৃত চর্য্যাপদে,—
তোহোর অন্তরে ছাড়িনড় এটা।
তোহোর অন্তরে মোএ ঘলিলি হাডেরি মালী॥

বুলুক—বলুক। মণ—প্রাণ। মন। দানের আন্তরে কাফাঞি ইত্যাদি—কানাই মাণ্ডলের জন্ত যাহা বলিবার (স্বচ্ছন্দে) বলুক। আর দান লওয়া যদি অভিপ্রেত না হয়, তবে এ প্রযন্ত্র কেন? ধামালী—গুণরাজ খান ক্বত শ্রীক্ষ্ণবিজয়ে,—

যতেক গোকুল নারী কোতুকে ঢামালি করি ক্রীড়া করে যশোদার পাশে।

রঙ্গভঙ্গ, পরিহাস-বাক্য। **তিথ বাণী**—থর বাক্য, মর্শ্বান্তিক কথা। তিথ—প্রাণ 'তিক্থ' (তীক্ষণ)। বিশু**তিলে**—শঙ্করদেবক্কত উত্তরাকাণ্ডে,— বিশ্বুতি বিশ্বুতি রামে মাতিবস্তু মোক।

উৎপীড়িত করিল।

৪। লাগি—নিমিত, জন্ম।

১। **আ'মোত—'**ত' প্রথমার অর্থে প্রযুক্ত।

রাজেন্দ্র দাসক্বত আদিপর্কো,—

মুঞি যত কৈলুম পাপ বিশ্বামিত্র হেন বাপ

মেনকাত ধরিছিল উদরে।—(শুকুত্তলার উপাধানি)

বিজয় গুপ্তের পদাপুরাণে,—

মূখে তে রচিল গীত না জানে মাহাত্মা।

রামেশ্বর-রচিত শিবায়নে,---

হাঁটু পাড়ি ঈশানেতে আরস্তে নিড়ান॥

'আক্ষেত' পদের এই 'ত' অবধারণেও ইইতে পারে। রাজ—প্রা° 'রাজ্ম' (রাজন্)। রাজা। বারে বারে বারে বাধা ইত্যাদি—রাধা, তুমি পুনঃ পুন বলিতেছ, "আমি তোমার মামী।" আমার (পরম) শক্র রাজা কংস, তুমি আমার সহিত সম্বন্ধযুক্ত শুনিয়া, তোমায় বিনষ্ট করিবে। বুলিএ—বলি' বা বলে'। সিআ্মানী—বিভাপতিতে,—

ছহ এক যোগ ইহকে কহ সয়ানি। চতুরা। পরিহর—ত্যাগ কর।

9318-00

ভিড়ি—জড়াইয়া, বেষ্টন করিয়া।

> যি কারণে ভৈলোঁ আমি স্থ্যর তনয়। নরহিল বংশ মোর ভৈলোঁ ধর্মহীন॥

ইইলাম। প্রতিক্রি—চর্য্যাপদে 'পড়িহাই' পদ পাওয়া গিয়াছে। প্রতিভাদিত হয়, উদিত হয়। নাগর—বিভাপতি নাগর শব্দের নিম্নলিথিতরূপ সংজ্ঞা করিয়াছেন;—

> গামক বসলে বোলিঅ গমার। নগরত্ব নাগর বোলিঅ সঁসার॥

বিদগ্ধ। জীউক—বাঁচ্ক। প্রস—প্রাণ। তাক দেখি উনমত ইত্যাদি—তা' দেখিয়া পাগল হইলাম, আর কিছুতেই মন নাই। (একবারটি) বল, বিদগ্ধ কানাই তাহা স্পর্শ করিয়া প্রাণে বাঁচ্ক।

- ০। পাতিসি—পাতাইতেছ, স্থাপিত করিতেছ। সে—প্রাণ ও দ
 'হি'র সমান। হারায়ি—হারায় বা হারাই। মন থার করি ইত্যাদি—
 মন স্থির করিয়া আমার কথা শুন, লজ্জাতেই দব কাজ মাটি হয়। শাঁচি—
 সঞ্চয় করিয়া রাথে। তুল 'জানলুঁ হিয়া মাহা দাঁচি' (গোবি°)। পরিহরি—
 প্রাণ পৈএ 'পরিহরি,' 'পরিহরিঅ' (পরিহ্বতা)। পরিত্যাগ করিয়া।
 আপিণা—চর্যাপদে 'অপনা', আপনাকে। বিশ্বে—বঞ্চনা করে, প্রতারিত
 করে। আনক সময় (যাবন ইত্যাদি—অনেক সময় দেখা যায়, যে
 স্রীলোক আপনার শরীরমধ্যে যোবন সঞ্চিত করিয়া রাথে (অর্থাৎ সময়োচিত
 সন্ধাবহার না করে), সেই অতি অলবুদ্ধি ভোগ-ম্বথ পরিত্যাগ করিয়া স্বয়ংই
 আপনাকে প্রতারিত করে।
- 8। সে—অবধারণে ; তুল° 'রিক্ষিণি করহ রক্ষা তবে সে উদ্ধার' (চণ্ডিকাবিজয়)। ভালী—স্ত্রীলিকে 'ঈ' প্রতায়। উত্তমা। যাহার যোবন নর ইত্যাদি—যে স্ত্রীর যৌবন পুরুষে উপভোগ করে, সেই রিদিকা রমণীই উত্তমা। ফুটস্ত মল্লিকা ফুল ভ্রমর-সমাগমে যেমন শোভা ধারণ করে, পুরুষ-সঙ্গতা নারী তেমনই এক প্রকার সৌন্ধর্যের স্কৃষ্টি করে। নিরাসে—নিরাশ।

পৃষ্ঠাক-৫৪

১। **মান**—মান্ত কর, গ্রাহ্ কর। **(মাত**—'ত' দিতীয়ার অর্গে প্রযুক্ত। সঞ্জয়ক্কত মহাভারতে,—

> যে আজি অর্জুনে দেখাইয়া দিব মোত ॥ তাহা দেহোঁ যেই অর্জুন দেখাএ মোত ॥

মাধবদেবক্বত আদিকাণ্ডে,—

শীন্ত বেগে গৈয়া স্থমিত্রাত জান দিলা।

শঙ্করদেবকৃত উত্তরাকাণ্ডে,—

শুনি রঘুপতি পাছে ব্রেক্ষাত বদতি।

আমায়। **তৌর বৌল মোত**—তোমার আমায় শালী বলা শোভা পায় না অর্থাৎ যুক্ত হয় না।

তভোঁতোঁ – কবীক্র পরমেশ্বরক্বত ভীম্মপর্ব্বে,—

তবেহো জিনিতে নারে পাণ্ডুর নন্দন॥

তথাপি। য**দি গাঙ্গ উজান** ইত্যাদি—গঙ্গা যদি উর্ন্নগামিনী হন, তথাপি তোমার কথা হইবে না—কিছুতেই তোমার প্রস্তাবে সম্মত হইতে পারি না।

২। তাহাকো—দ্বিয়ার্থে প্রযুক্ত এই 'কো' প্রত্যন্ন হিন্দীর অন্ত্রন্ধ। মাধদেবক্কত আদিকাণ্ডে,—

পূর্ণচন্দ্রমাকো জিনি বদনর কান্তি।

আছিদর - প্রগল্ভ, ধৃষ্ট। বাং 'তোঁদড়' বা 'চোঁদড়' শব্দ ভুলং। জাহ—যাও।

- ৩। যাক—যাহাকে। উপভোগে—ক্রিয়াপদ। পতী—'পতি'
 শব্দ হিন্দীতেও ঈকারান্ত দৃষ্ট হয়। রস—মনঃগ্রীতিবিশেষ। পরার—
 পরের। রস নাহি পরার ইত্যাদি—পর-পুরুষে হুথ নাই, যাহার
 উপভোগ দারা কুলকে নষ্ট করে (মাত্র)।
 - ৪। প্রাপত—'ত' পঞ্চনীর অর্থে প্রযুক্ত। নাধবদেবক্কত আদিকাণ্ডে,— বল বীর্য্যে ধৈর্য্য ধিক দেবতাত করি॥
 ঘোর তপ আচরি ব্রহ্মাত লৈব বর।

কৃত্তিবাসী আদিকাণ্ডে.—

রাজাতে বিদায় মাগে ভরত কুমার।—(পুথি)

পাপ হইতে।

সতীত্বং তব বিজ্ঞাতমিত্যাদি—রাধিকে, ভোমার সভীপনা জানা গিয়াছে, এখন আমার (প্রাপ্য) শুক গণনায় মনোনিবেশ কর

। আহঠ—ক্তিবাদী উত্তরাকাণ্ডে,—

স্বর্গে রাজ্য করে আউট কোটি বৎসর।

আট, অপ্ট। আহিঠ হাথ কলেবর —প্রচলিত প্রবাদ, দ্বাপর যুগে মানব-দেহের পরিমাণ ৭ হাত ছিল। 'হাথ' শব্দে পাণিতল (> মঙ্গুলি) ধরিলে, রাধার দেহের উচ্চতা ৩॥ হাতের কিছু কম হয়।

- ত। **এহাত**—ইহাতে। **লক্ষক**—এক লক্ষ, লক্ষৈক।
- ৪। **চিকুর**—চুল, কেশ। **চামর জিণিঅা** ইত্যাদি—তুল° 'চামরক জিনিয়া প্রকাশৈ কেশচয়' (মা° ক॰, অরণ্য')।
 - ৫। সিসের -প্রা° 'দীদ'; 'এর' ষ্ঠীর চিহ্ন। দিঁথার, শীর্ষের।
- ৬। নির্মাল শূর্শি ইত্যাদি—তুল 'সরদ সসধর সরিস স্থলর বদন' (বিছাপতি)। লেখেঁ।—লেখি, গণনা করি।
 - । নীল **উত্তপল তোর নয়নে—**জয়দেবে,—

নীলনলিনাভমপি তন্ত্রি তব লোচনং ধারয়তি কোকনদরূপম্।

পাঞ্চ-চর্য্যাপদে; দীপিকা-ছন্দে,-

পাঞ্চ তত্ত্ব পাঞ্চ রস পাঞ্চ গুণ সার।

পাঁচ।

- ৮। **তোহোর**—চর্য্যাপদ প্রভৃতিতে। 'তোর' শব্দের টীকা দ্রুইব্য (পু° ৪১১)।
 - a! সাত-প্রাণ 'সত্ত'।
- >•। শোহে—প্রাণ পৈ° এ 'নোহে' (শোভন্তে)। শোভে, শোভা পাইতেছে বা পায়। **আঠি**—প্রাণ 'মট্ঠ'। অন্ত। **এহার দান** ইত্যাদি— ইহার দান আট লাথেরও বেশী।
 - ১৩। **তাহারে**—তাহার।
 - ১৪। জি**ণে**—জয় করে। বার—প্রা° 'বারহ'। चानन।

পৃষ্ঠাক্ষ—৫৬

- ুও। **তের—প্রা° '**তেরহ'। ত্রমোদশ। **ধনে—**মূদ্রা বা তৎ-স্থানীয় বস্তু।
- ১৬। ত্রিবলি মাঝা—ত্রিবলীযুক্ত মধ্যদেশ। নাভির উপরিস্থ রেখাত্রয়কে ত্রিবলী বলে। **(চি)দ্দ**—প্রা' 'চউদ্দহ', 'চোদ্দহ'। চতুর্দশ।
- >>। পাট-পাঠ। **(চৌষাঠ**-প্রাণ 'চউসট্ঠি'। চৌষ**ট,**
- ২১। **আনিন্ত**—কবির প্রকৃত নাম 'অনস্ক' মনে হয়। কবি আপনাকে মঙ্গলভণ্ডীর দাস বা ভক্ত বলিয়া পরিচিত করিয়া পাকিবেন। অথবা ভাঁহার পিতামাতা নানুরের অধিষ্ঠাত্তী দেখী বাশুলীর ববে পুত্র-রত্ন লাভ করিয়া পুত্রকে চণ্ডীদাস নামে ডাকিতেন, এরূপও হইতে পারে। বাসলী (বাশুলী) ও মঙ্গলচণ্ডী অভিন্ন?।
- >। ষাটি—মাণ্ডল গ্রহণের স্থান। আংগোলসি—বা ৵আগল;
 স॰ 'অর্গল' (?)। আগলাইতেছ, অবরোধ করিতেছ। খড়ি পাড়—
 অঙ্কপাত করিতেছ, হিসাব করিতেছ। থড়ি—প্রা॰ 'থড়িঅ', 'থড়িআ'।
 কপট নাটি—দানকেলি-কোমুদীর টীকায় 'কোটিল্যনাট্যম্', চৈতন্তন্ত্রভাগবতাদিতে 'কুটিনাটা'। চাতুর্য্য। নাট—প্রা॰ 'নট্ট' (নাট্য)। চণ্ডীদাসের প্রচলিত পদে 'সব নাটের গুরু কালা'। রঙ্গ। শুণিলে—
 শুনিলে। টাটেটি—ছংথে, কপ্রে। 'টাটক' (ভেল্কী) শক্ষ তুল'।
 মিছা খড়ি পাড় ইত্যাদি—কানাই, রুথা চাতুর্য্য-জাল বিস্তার করিয়া
 দানের গণনা করিতেছ। কংস এ কথা শুনিলে সঙ্কটে পড়িবে।

ঝগড়—অপরাধ, ক্রটি। অসং 'জগর' শব্দ তুলং। পাঁজী পুথী— সহচর শব্দ। পুথী—প্রাং 'পোখী'। চিরিবোঁ - দ্বিখণ্ডিত করিব।

২। রাবেখাআল কাফাঞি ইত্যাদি—কানাই, তুমি রাখাল, এক্লপ বলা তোমাকেই শোভা পায়। (তাৎপর্য্য) এক্লপ অশিষ্ট ও অসঙ্গত

১ সম্পাদকীর উক্তি দ্রপ্টব্য।

কথা বলা তোমার ব্যবসায়ের উপযুক্ত বটে। রাখোয়াল—বিষ্ঠাপতিতে 'রথবার'। পাইএ—পাই। চরিতেঁ—আচরনে। তো—চর্যাপদে। তুমি। নাসিলি—নষ্ট করিলে। এ সব চরিতেঁ ইত্যাদি—এই সকল আচরনে তুমি ইহ-পরকাল নষ্ট করিলে। মুগ্রেওঁ—মূঢ়। কৈলে—করিলেক, করিল।

शृक्षेक- ६१

- ৩। মিছে—চর্যাপদে 'মিছে'। চক্র—কপট যুক্তি। বাখান— প্রা' 'বক্থাণ'। ব্যাথ্যান। মিছে কেফে চক্র ইত্যাদি—কানাই, বুথা কেন কপট যুক্তি প্রদর্শন করিতেছ? কথাতো—কোথাও। শুণী— শ্রবণ করি। বসে—ধার্য্য বা নিরূপিত হয়।
 - ৪। জাণী—চর্যাপদে। জানে, অবগত আছে। চিহ্ন-চেন, জান।

১। **রাগ**—(রক্ত) বর্ণ। **তোহ্মাতে**—তোমাতে।

- ১। তথিত— 'ত' ষষ্ঠার অগে প্রযুক্ত। তাহার। তুল° 'নাভি-সরোবর তথির উপর তত্মকহাঙ্কুর দাম' (কবিকঙ্কণ), 'ত্রিনয়ন হল শিব তথির কারণে' (মাণিকের ধ° ম°)। হার মঞ্জরী--- মুক্তার্চিত হার। 'হার' শক্ষ সংস্কৃত-সম।
- ৩। (গাবিন্দ কেহ কেহ বলেন, শ্রীক্লফের নামবাচক 'গোবিন্দ'
 শব্দটি গোপেক্র শব্দের অপদ্রংশ ব্যতীত আর কিছুই নহে। চ্থুতে—প্রাণ
 'চক্থু'; কামতা-বিহারী ভাষায় 'চথু'; 'তে' বিভক্তি-চিহ্ন। নাইসে—
 আসে না। ঘুচাঅঁ।—বাণ √ ঘুচ, দ্রীকরণে; অস° √ গুচ। সরাইয়া,
 অপসারিত করিয়া। কোল—আলিকন। লাগ্র—লাগুক। হিলোল—
 হিলোল, তরক।

৪। নেহ—প্রা' 'ণেহ'। স্নেহ, প্রীতি। পাইএ—পায়, প্রাপ্ত হয়। যোগ—বোগে, মিলনে। জাইএ— যায়।

পৃষ্ঠাস-

পুর-পূর্ণ কর

>। মুদিত—মুদ্রিত, বন্ধ। প্রথম যৌবন মোর ইত্যাদি—আমার
নব যৌবন এবং তাহা মোহরাঙ্কিত (অর্থাৎ বন্ধ ভাগুারসদৃশ; তাহা হইতে
ব্যয় হওয়া সোজা নয়)। তুল° 'মোহরে মুদল অছ মদন ভঁডার' (বিস্থাপতি)।
নৈ—লও। বেরি এক—একবার, বারেক। দে—দাও।

সুরতি—কামকেলি। ধারো—ধারি, ঋণী হই। লইভে —লইবে। ২। ফুরে—কুরিত হয়, উদয় হয়। মরী—মারব। গোহারী— কাতর প্রার্থনা, অভিযোগ।

৩। শারিস (সারস)—বিদ্যাপতিতে,— এত স্থান সারস পানি॥ হরিথ চলল হরি গেহ।

(ইহা শুনিমা কমলকর হরি হয়িত চিত্তে গৃহে চলিলেন।)

পথত-পথে।

বিকচ

- বিকলিত। যুতী

-পা

'জ্তি'; 'কম্বি সোভা জ্তি

' –অভিধানপ্রদীপিকা। শৃত্যপুরাণে,

-

আদ্দ সংখ জলার জুতি।

মাধবাচার্য্যের শ্রীক্লফমঙ্গলে,—

কর্ণে হীরাধর কড়ি অপরূপ জুতি।

বুন্দাবনদাসের আনন্দ-লহরীতে,—

অঞ্জন বদন জ্বৃতি কিছু খেত দাজে।—(পুথি)

কবিকঙ্কণে,---

হেম জিনি দেহ জুতি · · · · ·

জ্যোতি:, ছাতি। **লোটাইল**—ক্রিয়াবিশেষণ। নুষ্ঠিত, অন্থলিপ্ত। **গজ-মুত্তী**—গজকুন্তজাত মোতি। আট প্রকার মুক্তার মধ্যে গজমুক্তাই উৎক্কপ্ত। মুত্তী—প্রা° 'মোত্তা', 'মোত্তী' (প্রাক্তত-সর্কান্ধ)। মাণিক জিণিঅঁ। তোর ইত্যাদি—বিদ্যাপতিতে,—

ফুললি মধুরি ফুল সিন্দুর লোটাএল পাঁতি বইসলি গজমোতি রে॥

7818-0:

২। **তথি**—তাহাতে ; তত্ত্র। **সোত্তাথ**—বিদ্যাপতিতে,—
বহিতে সোহাথ নাহি নৌতুন লেহ।
—(কাববিশারদক্ত সংশ্বরণ)

কৃষ্ণপ্রেমতরঙ্গিণীতে,—

স্থ হেতু বেয়াকুল না পায় সোয়ান্ত ॥

স্বস্তি, শাস্তি। কেহ কেহ 'স্বাস্থ্য' অর্থ করেন। তা **দেখিঅ। সব** ইত্যাদি—তাহা দেখিয়া সর্বক্ষণ অস্বস্তিতে আছি।

- ৪। কনক নিকস সম ইত্যাদি—তোমার দেহের লাবণ্য-জ্যোতি ক্ষিত কাঞ্চনের ন্থায়। তুল 'কন্মা নিক্ষ তোর দেহের কাঁতী' (পূ° ৪৮)। ভোল গেল—মুগ্ধ হইল, মোহ প্রাপ্ত হহল। নালেশবালা—নন্দস্ত, প্রাক্ষণ। সাধিএ—প্রার্থনা কবি, যাচ্ফ্রা করি।
- ১। জাইএ যাইতেছি। বাটো আ ড বট্টপাল, পথরক্ষক। 'দিগ্বার' শব্দ তুল'। পথিকের উপর যাটে ও পথে উৎপীড়নের কথা চির-কালই শুনা যায়। দেশ-কাল-ভেদে রক্ষকই ভক্ষক হইয়া দাঁড়ায়। বট্টপাল হইতেও 'বাটপাড়' হওয়া অসম্ভব নছে। হি° 'বটবার' অর্থে শুল্ক-সংগ্রাহক এবং 'বটপড়' শব্দে পথদস্যা।

কথাতো-কথাও।

। নহ—হইও না। বিকল —বিহ্বল, বিবশ। থাক—বা° √থাক
 (প্রা• থক্ক)।

7年1年-- 5.

৪। তিল এক মোর ইত্যাদি—তিলেকের তরেও রতি-বিলাসের ভাব
 আমার মনে উদয় হয় না। অথবা রতি-কেলিতে আমার একটু মাত্র মন নাই।

়। সহজে—সভাবতঃ। আড়ু—অন্তরাল। পশুআ—মুর্গ।
আছি—বা• √ আছ (অস্)। আছুক, গাকুক। ভোলা—ভান্ত, বিহবল।
পথে বিরোধে—পণ অবরোধ করিতেছে। থক্স—মাধবদেবক্কত
আদিকাণ্ডে,—

ভৃগুপতি রামে পাচে শুনি ধ**মুভঙ্গ।** পন্থ নিষেধিবা আসি করি মহা খ্যক্স॥

সবংশে নশিবে পুরু মোর ভৈলে খক্ত ॥ অসং হেমকোষে 'থং'। ব্রহ্মপুত্রের উপত্যকাপ্রদেশে 'থং', 'থঙ্' শব্দ প্রচলিত। কোপ, ক্রোধ।

২। **উইল**—উদিত হইল। সুক্ত—স্থা।

- ্। আদভুত—অদ্ভ। সুর—প্রা 'হর'। হর্ষা। প্রর— ্
 প্রা 'পঅ'; 'এর' বিভক্তি-চিহ্ন। করে চুরে— চূর্ণ করে অর্থাৎ এখনই
 চূর্ণ করিবে।
- ৪। সি—(সে) অবধারণে। পিএ—বিছা° তে 'গীমে'। গলায়, গ্রীবাতে।

১। **লুনীর—প্রাণ 'নোণীঅ'**, ম[°] 'লোণী', 'র' বিভ**ক্তিচিহ্ন**। চৈতন্ত্র-ভাগবতে,—

লুনীর পুতলি যেন মিলায় শরীরে॥

—(মধ্য°, ৩য় অ°)

'ম্নীর' পাঠও দৃষ্ট হয়। ননীর, নবনীর। রৌদে—রৌদ্রে, স্থ্যকিরণে।
দাণ্ডারিলেঁ — দাঁড়াইলে। মিলাও — মিলাইয়া যাই, গলিয়া যাই।
পালিবোঁ — পালন করিব। মোরে— বিভাপতিতে 'মঞে', আমি।
ভরাওঁ — মাধবকদলিক্বত কিছিন্ধ্যাকাণ্ডে.—

তেবে কিয় আমি ইটো পক্ষীক ভরাওঁ 🛽

নরোত্তমক্বত সারসত্যকারিকাতে,—

অতি গুপ্ত কথা এই কহিতে ডরাঙ্ভ ।—(পুথি)

ভয় পাই, ভীত হই।

!-- 62

হরি হরি—হায় হায়। নিদয়া—প্রাণ 'নিদয়'। নিদয়। আইলো— মাধ্যকন্দলিকত অযোধ্যাকাণ্ডে,—

সিকারণে রামক নিবাক প্রাত আইলোঁ।

বিশারদক্ষত বিরাটপর্ব্বে.—

আইলো অস্ত্রগণ তোমার কিন্ধর।

আজ্ঞা কর বিপক্ষেক করিয়ে সংহার॥

আইলাম, আসিলাম।

- ২। পিক্সিবোঁ—পরিধান করিব। সিসত—প্রা° 'সীস'; 'ভ' সপ্রমীর চিহ্ন। সিঁথাতে, শীর্ষে। বাঁহের—প্রা° পৈণ্ড 'বাহ'; 'এর' বিভক্তি-চিহ্ন।
 - ৩। ঘরত-'ত' পঞ্মীর অর্থে প্রযুক্ত। ঘর হইতে। বৃ'হির-

প্রাক্তলক্ষী, কর্পুরমঞ্জরী, কুমারপালচরিত, মৃচ্ছকটিক প্রভৃতিতে। নিটো— মাধবকন্দলিকত কিম্বিয়াকাণ্ডে,—

खीरेवती পिতृरेवती मीमारेवती नर्हा।

লঙ্কাকাণ্ডে,—

তুমি যেন শক্ষি আমি নহেঁ। হেন ঠান।

নই, ছই না। **তুলালী**—মাগধী 'ছল্লহিআ' (ছল'ভিকা)। রামপ্রসাদের বিস্তাস্থন্দরে,—

বাপের তুলালী ছিলি তাহে তিলাঞ্জলি দিলি · · · · · ময়নামতীর গানে 'বেটা রাজহুলালিয়া', চৈতন্তমঙ্গলে 'তাহে বাপের হুলাল নহ', চৈতন্তচরিতামূতে 'যথা তথা যাই হুল্লীল করে মোরে', কেতকাকৃত মনসার ভাসানে 'তুমি হুলাল বহিনী'। আদরের পাত্রী, আদরিণী।

8। সাত পাঁচ সথি ইত্যাদি—(কবির উক্তি)। সথি (বড়াই গো), ভাল-মন্দ উভয়বিধ শুনিয়া বাশুলী-ভক্ত এবং চণ্ডীদাস নামে পরিচিত অনস্ত বড়ুরাধার ভাষায় এই গীত গান করিল। অথবা—সথি, রাধার কথিত ভাল-মন্দ বাক্য শুনিয়া বাশুলীভক্ত ইত্যাদি।

>। খণ্ড-ক্রিয়াপদ।

- ২। নীল কুটিল ইত্যাদি—তুল° 'নীল কুটিল ঘন মৃছ দীর্ঘ কেশ' (পৃ° ৫)। আদিত—আদিত্য, স্থ্য। শিথে—সিঁথায়, সীমন্তে। প্রভাত আদিত ইত্যাদি—চণ্ডীদাদের প্রচলিত পদে 'সিঁথায় সিন্দুর জিনিয়া অরুণ'।
- ০। ক্রেহি কাম ধানু ইত্যাদি—জন্মদেবে 'ক্রপল্লবং ধনুরপাঙ্গতরঙ্গিতানি বাণা'। তোমার ক্রপল্লবই কামের ধন্ধ এবং (কুটল) কটাক্ষই বাণস্বরূপ। পালিক যন্ত্র—আনুর্বেদোক্ত যন্ত্রবিশেষ। শুক্রনীতি, শাঙ্গধির প্রভৃতিতে যুদ্ধান্ত্রের মধ্যে নালিকান্ত্রের উল্লেখ আছে। উহা বন্দুকজাতীয় অন্তর্ভেদ। তুলং বাশীর মত নাক'।

প্ৰষাক্ষ--৬৩

- >•। **(হ্মরূপ** ইত্যাদি—তোমার যৌবন স্থবর্ণদদৃশ বহুমূল্য। অথবা তোমার রূপ ও যৌবন স্থবর্ণমূল্য বহন করে।
 - ১। সব পোপ ইত্যাদি—সমস্ত গোক্লবাদী যাহাকে দন্ত্রম করে।

पिट्रिंग—पिछ।

- ২। বুইলৈ—বলিল। সেবচন ইত্যাদি—সে কথা কালে শোনা যায় না অর্থাৎ শুনিবার একান্ত অযোগ্য। খাঅা—থাইয়া। তিন লোক ইত্যাদি—জগৎ সংসারের অহিত করিতে কানাই মহাদানী সাজিয়াছ। 'মহাদানী' পদবী 'মুন্সী', 'মজুমদার', 'মুহুরী' প্রভৃতির স্থায় বংশগত হইয়া গিয়াছে।
- তার ক কাই এ—বেচিতে ঘাইতেছি। পার—'পারং (পরম্হি তারম্হি)'—অভিধানপ্রদীপিকা। দূরবন্তা তার। বেভার—বিদ্যাপতিতে; ক্বিত্তিবাদে 'ব্যাভার', 'অবেভার'। ব্যবহার। বাণিজার—বিণক্। তুল' 'সর্ব্ব ধন হরি তবে মারে বাণিজারে' (ক্বফপ্রেমতর্ব্বিনী)। হেন হএ বড়ার ইত্যাদি—বড়র এমনই আচরণ বটে, মামাকে পণ্যবিক্রয়িত্রী পাকড়াও করিল।
 - 8। খাও —মাধবকন্দলিক্বত অরণ্যকাণ্ডে,—

মানুষী দীতাক এতিক্ষণে মাবি খাওঁ।

ধাই। পাস—প্রা॰। পার্ষ। জাও —বিদ্যাপতিতে,—

জামিনি চারিম পহর পাওল

আবে জাওঁ নিজ গেহ॥

মাধবকন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,—

আশীর্কাদ করিয়োক চলি যাওঁ বন।

যাই। কার পান চুন ইত্যাদি—(তাৎপর্য্য) কাহার কাছে ক্ষুদ্র বিষয়েও ঋণী নই বা কাহারও নিকট কোন কিছুর জন্ম প্রার্থিও হই নাই। ১। **রুপিণের**—বিষ্ঠাপতিতে,—

কুপিন পুরুষকে কেও নহি নিক কহ

জগ ভরি কর উপহাদে।

কুপণের। পোটলি—কুদ্রার্থে 'ই' প্রত্যর। গাঁঠরী। বিলাহ-বিতরণ কর।

প्रकार--- ७०

২। আম্বি—গ্রাণ 'অম্ব'। আম গাছ। জাম্বু—'ৰূলং এতেছি অবেছি জম্বৃহি প্ণসেছি চ'—স্বংস্থমারজাতক; 'জম্ব (থি) জামবং জম্ব'—অভিধান-রাদীপিকা। জাম গাছ। ভাল— মাগধা 'ডালঅং'; প্রাকৃতলন্ধীতে 'ডালা'; দেশীয়শব্দসংগ্রহে 'ডালা'; চর্য্যাপদে 'ডাল'। শাখা। বিশ্বকর্মা—দেবশিরী। তন—মাধবকন্দলিক্বত অযোধ্যাকাণ্ডে,—

তন মাঝে গোসনীর করিলেক ঘাব।

ত্তন। আছু-আছুক, থাকুক।

- ৩। স—(দি), দে। আলপাউ—অল্লারু, অন্থারী। গড়িলে—
 গত হইলে। লাউ—প্রাণ 'অলাউ', 'লাউ' (অলাব্)। যৌবন
 গড়িলে ইত্যাদি—বৌবন চলিয়া গেলে তোমার দেহ খোলাসার হইবে।
 পাণি—প্রাণ 'পাণিঅ' (পানীয়)। পাণির ফোটা—জলবিন্দুর ভার
 (কণস্বায়ী)। বোঁটা—ক্বত কর্ম্মজন্ত নিন্দাবাদ, অপ্যশ।
 - ৪। **কৈলোঁ |**—মাধবকন্দলিক্বত অরণ্যকাণ্ডে,— ব্ৰাহ্মণ ঋষিক মারি মহাপাপ কৈলোঁ।॥

'কৈলু', 'কলু' প্রভৃতি পদের প্রয়োগ প্রাচীন সাহিত্যে অবিরল। করিলাম।
প্রিভাবি—মাধব কন্দলিক্ত অরণ্যকাণ্ডে,—

ত্রিশিরার বোলে থর মনে পরিভাই।

পরিচিন্তন করিয়া, বিচার করিয়া।

- >। মারিতে--মারিবে, নষ্ট করিবে। রাখিব—রক্ষা করিবে। আবিচারে--বিনা অন্তুসন্ধানে।
- । **আইহহন**—আইহন, আয়ান। বল করে—বল প্রকাশ করে। আকৌ—প্রা• পৈ' এ 'অগ্গে'।
 - ৩। (পা—প্রা° 'পোঅ'। পুত্র।

9秒1本一66

মতিমোষ— হাতমতি, নষ্টবৃদ্ধি। ভূজিবি—ভূঞ্জিবে, ভোগ করিবে। লিখিত—দণ্ডনীতি-বিহিত, নিদ্ধারিত। মতিমোষ মোক কর ইত্যাদি— ছন্নমতি, আমার প্রতি বল প্রয়োগ করিতেছ, এ জন্ম বিহিত দণ্ড ভোগ করিবে।

- 8। পুরাণ-সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্তর ও বংশার্চরিত, এই পাঁচ লক্ষণযুক্ত মুনি-প্রণীত শান্তবিশেষ, যথা—''সর্গশ্চ প্রতিসর্গশ্চ বংশো মন্তরাণি চ। বংশার্চরিতকৈব পুরাণং পঞ্চলক্ষণম্॥" জাণিসি—প্রাণ পৈণ এ 'জাণাদি' (জানাদি)। জানিদ্, জান। বেবথা—ব্যবস্থা। সাহ—সাধ, প্রার্থনা কর।
- ১। প্রাশ্র—ব্যাদদেবের পিতা এবং কলি মুগের ধর্মশাস্ত্রপ্রবর্ত্তক ঋষি। বিশাল—বিখাত। জাণী—জানে, অবগত আছে। মীন কণ্যা—
 ইহাঁর গর্ভে বেদব্যাদের জন্ম হয়। ইনিই পরে সত্যবতী নামে পরিচিতা হইয়া
 কুরুকুলপতি শাস্তমুর মহিষী হন (বিস্তৃত বিবরণ মহাভারতে দ্রন্থবা)। 'মচ্ছো
 মীনো জলচরো'—অভিধানপ্রদীপিকা। কেহ কেহ অনুমান করেন, 'মীন'
 শব্দ থক্ষ বা কানাডী ভাষা হইতে গুহীত। কণ্যা—প্রাণ।

আ্বাতত—কল্লিত, উদ্ভাবিত। সম্ত—সম্বত, অনুমত।

- ২। **র্ভা**—স্বর্গের নর্ত্তকী। **রমন্তি**—রমণ করেন বা করিলেন। শান্তন—(শান্তমু) চন্দ্রবংশীয় নূপ, ভীল্মের পিতা।
 - ৩। বসে—সঞ্চিত হয়।
 - 8। সতাপ্র-সতীপণা, সতীর আচরণ।

পৃষ্ঠাক--৬৭

>। তারা—বৃহস্পতি-ভার্ষা। অত্যাপিছো—প্রাচীন বাঙ্গালাতে 'অভ্যাপিও', 'যভপিও' প্রভৃতি পদের প্রয়োগ দৃষ্ট হয়। আজন্ব। প্রচরে— প্রচার করে, ঘোষণা করে। আভ্ল্যাক—অহল্যাকে। ইনি গৌতম ঋষির পত্নী। সুরবর—ইক্র। সহক্রেক—এক সহস্র।

অদভত—অভূত। **বোলন্ত**—শূন্তপুরাণে,—

নিরঞ্জন বোলস্ত ঝিআরি তুন্ধি থাক খরে।

উল্লুক বোলেস্ত আরু স্থনহ নারায়ণ।

শ্রীকর নন্দীকৃত অশ্বমেধপর্ব্বে,—

মুনির বচনে রাজা পুনিহ বোলস্ত।

মাধবদেবকৃত আদিকাণ্ডে,—

হান্ত করি বোলন্ত যাইবোহো বনবাস।।

বলেন, বলিতেছেন।

- ২। ভাই—প্রা° 'ভাষা'। তিলোত্মা—স্বর্গ-বেশ্রা। বিধাতা স্থন্দ উপস্থন্দ নামক অস্করন্ধরের বিনাশ-হেতু সমুদায় রত্নের তিল তিল লইয়া ইহাঁকে নির্মাণ করেন বলিয়া ইহাঁর নাম তিলোত্মা। ম্রিলা—মরিল। স্ভ নিসুস্ত—চামুগুা-যুদ্ধে রক্তবীজ নিহত হইলে, শুস্ত ও নিশুস্ত দৈত্যভ্রাতৃদ্ধ দেবীর হস্তে বিনষ্ট হয়।
 - ৩। (চ) -প্রাণ 'চউ'। চারি। (তহেঁ।-তিনি-(ও)।
- ৪। প্রভি'উ—ভাবিয়া দেখুক, বিচার করক। **তেজু**—ত্যাগ করুক।

পৃষ্ঠাক---৬৮

>। বেকত—বাক্ত। বিজুলি—প্রাণ 'বিজ্জুলী'। নীল জলদ
সম ইত্যাদি—(তোমার) কেশকলাপ রফবর্ণ মেঘ সদৃশ, তাহাতে চম্পকমালা ব্যক্ত বিহাল্লতার ন্থায় শোভা পাইতেছে। রক্ষ বর্ণের পর্যায়;—'নীল
কণ্হা' সিতা কালো মেচকো সাম সামলা' (অভিধানপ্রদীপিকা)।

- ২। শিশ্ত-মাগধী 'শীশ'; 'ত' বিভক্তি-চিহ্ন। সিঁথাতে, শীর্ষে।
 কাম সিন্দুর—উদ্দীপক সিন্দুরবিন্। উয়ি (গল—উদিত হইল।
- ু । **ললাটে তিলক** ইত্যাদি—বিশ্বাপতিতে 'অলকে তিলকে সমধর তুল'।
- (যেত্ন খঞ্জন—বেন থঞ্জন (Motacilla alba) পক্ষী। আকার-গত সাদৃশুই লক্ষণীয়। প্রাচীন পদে অন্তর্রপ পাওয়া যায়;—

অঞ্জনযুত কঞ্জনয়ন থঞ্জনগতি হারি · · · · ·

খঞ্জনগতি-গরব-ভঞ্জ

অঞ্জনযুত নয়ন কঞ্জ · · · · · ·

- वना—काश्वि।
- । কোক—প্রাচীন পদে,—

ফুকরত হত-শোক কোক

অব জাগব সবহু লোক · · ·

—(জগদানন)

চক্রবাক।

- ৮। कुर्त गश्त्र, कम्त्र।
- ১। (প্রাগ কোন ছই নদীর সঙ্গম না হইলে প্রয়াগ হয় না। সঙ্গমস্থলে নদীর গভীরতা প্রায়শঃ অধিক হয়। প্রয়াগ-সংখ্যা পাঁচ; এলাহাবাদের
 বটপ্রয়াগ এবং হিমালয় প্রদেশস্থ দেবপ্রয়াগ, ক্রপ্রয়াগ, কর্ণপ্রয়াগ ও নন্দপ্রয়াগ। সর্বত্রই নদীখাত গভীর। উপামা—উপমা। হ
- > । মন্থর গমনে ইত্যাদি— দেহয় তি বা মাজা ভাঙ্গিয়া পড়িবার ভয়ে ধীরে ধীরে যাইতেছ।
- ১১। অমর পুরত নাহি ইত্যাদি—স্বর্গে এমন স্থন্দরী নাই। বিধাতা
 জীবজগতে সোনার পুতলী নির্মাণ করিলেন।
- ২২। **দেবাস্থারে মহোদাধি** ইত্যাদি—(কবির উক্তি) দেবতা ও অক্সরে সমুক্ত-মন্থন করিয়া তোমার উদ্ধার করিল।

প্রাক--৬৯

- ১। কাঁচ কনয়া—কাঁচা সোণা।
- ২। সংঘাত (সজ্ঞাত)—সমষ্টি। কুণ্ডলে আদিত্য ইত্যাদি—
 কুণ্ডলে প্রতিফলিত স্থ্য অসংখা স্থেয়ির নাায় প্রতিভাত হইতেছে।
 পরিমল—কুঙ্কুমাদি বিলেপনের বিমর্ক্দন-জনিত (গাত্র)-গন্ধ; 'বিমর্ক্দোশে
 পরিমলো গন্ধে জনমনোহরে'—অমর। রাখ-রক্ষা। বিষ্কৃরি (বিষহরী)—
 বিষের অধিষ্ঠাত্রী মনসা দেবী। জাণল—জানিলাম। সুরজনে মোহে
 পুরজনে ইত্যাদি—(তাৎপর্যা) তোমার রূপ, চেষ্টা ও বেশভ্ষাদি দেবতার
 মোহ উৎপাদন করে, মান্থবের রক্ষা কোথার ? বস্তুতই তোমার দৃষ্টি তীত্র বিষ
 উল্গীরণ করে।
- ০। সুররাজ গজকুস্ত ইত্যাদি—স্তনদ্বয় বৃহৎ ও শ্বেতাভ। তেলানী—২৪ পরগণার প্রাদেশিক। 'তোলো'-জাতীয় ছোট হাঁড়ী। লাবণ্য জল—কান্তি জলের নাায় তরল, গ্লিগ্ন ও দীপ্রিবিশিষ্ট। চল চল রূপ। অমূল—অমূল্য। বাজের—বাজে, ধ্বনিত হয়।
 - 8। আয়ী—হৈতনাভাগবতে,—

প্রাক্বত শব্দেও যেবা বলিবেক আই।

আই শব্দ প্রভাবে তাহার চঃখ নাই॥

প্রাচীন অসমীয়া 'আই' এবং মরাঠা 'আঈ' শব্দ মাতৃবাচক। 'বাদলী আয়ী' বছব্রীহি সমাদ ; তুল• 'কাণেলীমাতঃ', 'গাগীমাতঃ', 'নদী-মাতৃক' প্রভৃতি।

১। বাখানী—ব্যাখ্যান করে, প্রশংদা করে। **(হনক**—শ্রীক্ক্ষ-বিলাদে,—

হেনক গোবিন্দ বিনে না ভাবিহ আন॥ --(পুখি)

এহেন, এমন।

বিবুধি—ক্বভিবাদী উভরাকাণ্ডে,—
বিবৃদ্ধি লাগিল ইক্রে না চিনে আপনা।

বিকলতা, হুবুদ্ধি।

- ›। য**েশাদাএঁ**—'এঁ' কর্তৃকারকের চিহ্না মাক্স—প্রার্থনা কর।
 আশিশাসন—অসংলগ্ন। **তেন আশিশাসন** ইত্যাদি—এরপ অসম্বন্ধ কথা
 কোথায় (কোনু রাজ্যে) শুনা যায় ?
- ৩। রসত—'ত' পঞ্চনীর অর্থে প্রযুক্ত। এহা দেখি রসত ইত্যাদি—ইহা বৃঝিয়া কেলি-বিলাস হইতে মনকে তফাত কর অর্থাৎ তাহার আশা ছাড়। সাজ—সজ্জিত, পরিপুরিত। রুপস শরীর মোর ইত্যাদি—কেআ ফুল যেমন ধূলিপূর্ণ, আমার স্থলর দেহও তেমনই রসহীন, কোন কাজের নয়।
- ৮। **রহাঅসি—**আট্কাইতেছ, (বলপূর্বক) অবস্থান করাইতেছ। ক্**চাল**—বিজয় গুপ্তের পদাপুরাণে,—

ভাল মত জান তোরা কোচাল করিতে।

বুণা বাক্কলহ। **যুচাহ কচাল** ইত্যাদি—কথা কাটা-কাটিতে ক্ষান্ত দাও, আমার আশা ত্যাগ কর।

>। **(সনেহা**—প্রাণ 'দণেহ', 'দিণেহ', দিনেহ'। দ্লেহ, প্রীতি। **ইথে**—প্রাণ 'এখ', 'ইখ'। বিভাপতিতে,—

ইথে যদি কেও করএ পরচারী।

ইহাতে।

রাহী—রাধা শব্দের প্রাণ রূপ 'রাহা'; অপ° 'রাই'। বি**স্থাপ**তিতে 'রাহি', 'রাহী'।

পृष्ठीक---१३

- ২। পুনে—প্রা° 'পুর'; একার বিভক্তি-চিহ্ন। পুণ্যে, পুণ্যবশে; প্রিভাব—পরিচিন্তন কর, ভাবিয়া দেখ।
 - ৩। **থিতী**—প্রাণ 'থিতি'। স্থিতি।
- ৪। সেহো—দে-ও, দে আবার। ভুঞ্জ— ভোগ কর। আক্ষা সমে
 ইত্যাদি—আমার দহিত বিলাদ কর।

>। **খরতর**—উগ্র প্রকৃতিবিশিষ্ট। নটক—নটের বা নষ্টের আচরণ, ক্রুটি। মাথা—প্রা° 'মখা'। **রোচরিঅা**—গোচর করিয়া। ব্রেন— যেমন।

(চৌহালীনী—'চোভা' শব্দের উত্তর 'আল' প্রতায় করিলে 'চোভাল' পদ হয়; স্ত্রীলিঙ্গে 'চোভালী' বা 'চোভালিনী' এবং তাহা হইতে চোহালিনী, চৌহালিনী হওয়া সন্তব। শক্ষাপরা, সতর্ক। অস' হেমকোষে চোভা অর্থে 'কোনো মন্দ করার আশক্ষা'।

২। লৈল—লইলে। সুবধ—প্রাণ 'স্বর্ধ', 'স্বর্ধ'। স্বর্ধ। দিখিজাঁ—চেয়ে, অপেক্ষা। দেখিতেঁসি—দেখিতেই। পাইএ—পাইতেছ। ভক্ষিতেঁ—ভোগ কলিতে। পাই—পাইবে। খাই—থাইবে। বান্ধিল—বাধা, বন্ধন। জাই—ঘাইবে। দেখিতেঁসি পাইএ কাফাঁ এেঁ ইত্যাদি—কানাই, (আমার ব্লপ-বৌধন) দেখা মাত্র দার, ভোগ করিতে পাইবে না; লাভের মধ্যে কিল ও ঠেকা থাইবে এবং বাধা ঘাইবে।

৩। বেআজ-ছল।

বিভাপতিতে,—

কহ কহ স্থন্দরি না কর বেআজ। জত বোললহ তত সকল বেআজে॥

পৃষ্ঠাক্ষ-- ৭২

চিনহ – চেন, অবগত হও।

- ৪। খাআর—থাও। টুটুক —ভাঙ্গক, নির্বাপিত হউক। আনল
 —অনল
 - ে কাথো-কাহাকে। **ডরাঅ**-ভয় করে।
- ভ। ঝুনা—প্রাণ 'জুয়' (জার্ণ); দিণ 'ঝুনো'। পাকা, গুক।
 আ'ক্লাকে বল কৈলেঁ ইত্যাদি—বাদর যেমন পাকা ও গুক্ন

নারিকেল হাতে পাইয়া কিছুই করিতে পারে না, আমার উপর বল প্রকাশ করিলে তুমি তেমনই কোন ফল পাইবে না। চণ্ডীদাসের ভণিতাযুক্ত একটি অপ্রকাশিত পদে,—

হেমঘট দেখিয়ে অপরে।
চোরার মন সাতপাঁচ করে॥
মাকড়ের হাতে নারিকেল।
খাইতে সাধ ভাঙ্গিতে নাই বল॥

৭। ভাঁসিবোঁ—ভাঁগিব, ভগ্ন করিব। ধরিবোঁ—ধরিব। শুধী— শ্রীকর নন্দীকৃত অখনেধপর্বে,---

কথাতে যে ঘোটক আছে না জানোম শুদ্ধি॥

চৈতগ্ৰভাগবতে,—

কোটি বৃহস্পতি জিনি অবৈতের বৃদ্ধি। ভাল মতে জানে সেই চৈতন্তের শুদ্ধি॥

তত্ব, সহি।

৮। च्यूथ-(शाविन्मनारम,-

শুকুজন অবুধ মুগধিমতি পরিজন · · · ...

নির্কোধ।

ভুজযুগে বান্ধী রাধা ইত্যাদি—গীতগোবিন্দ, ১০ম সর্গে,—

সত্যমেবাসি যদি স্থদতি মধ্যি কোপিনী দেহি থর-নয়ন-শরঘাতম্।

ঘটয় ভূজবন্ধনং জনয় রদখণ্ডনং যেন বা ভবতি স্থধজাতম॥

১০। **নাগরালী**—রিসকতা। **নেবারহ**—নিবারণ কর।

পৃষ্ঠাক--- ৭৩

>। শাপ-সাপ। নিচল-প্রা 'নিচল'। নিশ্চল। **হো**ই-
হইরা। নহে-লভে, লাভ করে। আছি রাজ পদ ইত্যাদি-বড়াই,

রাজপদের কথা দূরে থাকুক, আমার জীবন-সংশয় উপস্থিত। হাজী, ঘোড়া বা সাপের মাথায় থঞ্জন দেখিলে, দ্রষ্টার শ্রীরৃদ্ধি হয় (বুহৎসংহিতা, ৪৫শ অং)।

জীউ—অপ° 'জীউ'। জীবন। মানু-মানুক, অঙ্গীকার করুক।

২। **উচিত তাহাত** ইত্যাদি—নিম্নলিথিত রূপ পদচ্ছেদ হইবে,—

উচিত তাহাত কল হংস সম

রএ কনক রসনে॥

তাহাতে স্থবৰ্ণ-মেখলা শব্দায়মান হইয়া মরাল-ধ্বনির অমুকরণ করিলে এখন মানায় ভাল। রএ---রব করে।

৩। আড়ন—ঢাল, ফলক। রোমাবলী—স্ত্রীলোকের নাভির উপরিস্থ স্থা রেথাকার রোমাবলী। কিরিপান—রুপাণ। হাণী— হানিয়া, প্রহার করিয়া।

9秒18-98

জলে—জলিতেছে।

ক্রম্বস্থ বচনং ইত্যাদি—বৃদ্ধার মুখে শ্রীক্লম্বের উক্তি শুনিয়া তাহাকে এই কথা বলিলেন।

>। **কাম্পএ**—সঞ্জয়কত মহাভারতে,—

তাহা দেখি কম্পত্র যে বীর বুকোদর।

কাঁপে, কম্পিত হয়। বাখন—প্রাণ 'বক্থাণ'। ব্যাখ্যান, প্রশংসা।
তোক্ষাবেখা—তোমায়।

পৃষ্ঠাক্ষ--- ৭৫

- ২। **(হনসি—**হৈন-ই, এই প্রকার-ই। **তাহাত উচিত ই**ত্যাদি— ভাহাতে এইরূপই ব্যবহার উপযুক্ত বটে।
 - ৩। **ত্রোক্ষাত**—ভোমার। প্রতি**আস**—প্রত্যাশা।
২। বান্ধিল—বাধা, আবন্ধ। খসাত্ত্বা—খুলিয়া। পেলা—ফেল। সংশয় বেলাতে:ইত্যাদি—আপংকাল, তবে অলহারের প্রতি এতটা আসক্তি কেন গ

পঠাক--১৬-

- ৩। **বেঢ়িল**—বেষ্টিত। **দীম্বল**—দীর্ঘ।
- ৪। পাঞ্চ পাটের ইতাদি—শাঁচ পাটের ছোট নৌকা তোমার দেহভারে আক্রান্ত। পাতর—গাত্র।

ক্রমণস্থ বাচমাচম্য ইত্যাদি— শ্রীক্লম্পের বাকা ভনিয়া, ভয়াতুরা রাধা অঙ্গের বসন-ভূষণ যমুনা-নীরে পরিত্যাগ করিলেন।

>। **(হতে লতে**—উৎসাহ-স্তুচক ধ্বনি। **হিন্ত হিন্ত**—মাধবা-চার্য্যের শ্রীকৃষ্ণমঙ্গলে,—

> কানু স্বথে সারি গায় স্বর জুড়ি হিঁঅই হিঁঅই বলো ॥

শ্রমলাঘরের জন্ম উচ্চারিত শব্দ-ভেদ। বাহিত করে।

- ২। ছুটি—বেগে বাহির হইয়া। অধ—প্রা° 'অদ্ধ'। অর্দ্ধ।
- গ্রাধাএ 'এ' কর্তৃকারকের চিহ্ন। বাহি বাহিত করিয়া।
 গা—গাত্র, শরীর।
 - ৪। তুতরত—'ত' বিভক্তিচিহ্ন।
 - ে। টলবলাএ—টলমল করিতেছে, কাঁপিতেছে।

श्रुवेक- ३७३

- টি लिटलक हेला हेश मिल. विह्नि किश्रन ।
- ৭। ছাডা য়িল-ছড়াইয়া গেল, বিক্ষিপ্ত হইয়া পড়িল। পারি-পাইয়া।
 - ৮। জুনী—বিশ্বাপভিত্ত,অহে স্থি অহে স্থি লৈ জ্বনি জাহে।

্ডা° গ্রীয়ারসনম্বত পাঠ')

পরিষৎ-সংস্করণে জমু'; কাব্যবিশারদের সঙ্গলিত পদে 'জনি'। নঞর্থবাচী জुनी (জुनि) = अश् = अनि। शांविनमारम,-

কুলবতি কোই নয়নে জনি হেরই

হেরত ধন জনি কান।

কান্ন হেরি জনি প্রেম বাঢায়ই

প্রেম কর্ই জনি মান।

মালিক মহম্মদের প্রমাবভিতে.—

রাজ ছাড়ি জনি হোল ভিথারী।

তুলদীকৃত কিম্বিদ্ধাাকাণ্ডে.—

জামিহি পংথ করসি জনি চিম্বা।

যেন না। জাবে—জানিবে। ভাবে—লিপিছ্ট পদ। ভাসিতে লাগিলেন।

৩। ভূঞি—ভূমি।

পঠান্ত-১৬২

রাধিকাবাচমাচমা ইত্যাদি—তদীয় বাকা শ্রবণ করিয়া হরি জলমধ্য-গতা রাধিকাকে রুসাবেশবশতঃ বহুক্ষণ এইরূপে ধরিয়া রাখিলেন।

১। কইল-করিল। নারী-পারি না। সকল বএসে-সমন্ত জীবনে

An Introduction to the Maithil Language of North Bihar, Part II, P 54.

২। পৃথি সৃতি—সাত পাঁচ, অগ্র-পশ্চাৎ। মনত—'ত' বিভক্তি-চি**হু। উনুস্থল**—বিসর্গ-লোপ প্রাক্ততের অতুরূপ (সিদ্ধহেম দাস>৫৬, व्या॰ म॰ ८।७)।

প্রাক্ত-১৬৩

অধুনা য্যুনামধ্যে ইত্যাদি—বমুনামধ্যে শ্রীকৃষ্ণ কর্তৃক কৃত্দুৰণা वाधिकारक मर्भन कविशा वृक्षा (वांशारक) এই कथा दलिल।

১। আউলাইল চিকুরে—কেশপাশ হইতে খদিয়া পড়িল। আউ-मार्चि-शाहीन परम.-

রাই তমু ধরিতে নারে আউলাইল আনন্দভরে

শিরিস কম্বম কমলিনী !

- (ST 35 TE)

ক্লফপ্রেমতরঙ্গিণীতে,—

কেই কেশ বান্ধে কেই কাছা আউলায়।

আকুলাইত হইল, বিস্ৰস্ত হইল; তুল' 'আকাইলেক কেশ' (পু॰ ৭৬). 'আকৃষ কইলে কুন্তল ভার' (পু⁶ ১৪২) ¹

ঊল্ল†ল—উৎ-√ नम-অन (अन्छे)। भाषव (मवक्रुक आहिकाटख,—

तक एक द्वारण প्रकांत व्यारनारण

সাগর যেন উাল।

মাধ্ব কন্দলিকত স্থলরাকাণ্ডে.—

হনুমস্ত বীর

শনীর বেগত

সাগর জল উল্লাল।

কবিশেথরক্বত গোপালবিজয়ে.—

হলাল উলাল করি না আনিল পোএ।

শাধেহো না দেখিল স্বইলে মোর কোলে ॥

(পুথি)

খনরামের ধর্মফলে,---

বুকে আরোপিয়া পদ করেন উল্লাল।

উচ্ছাস, সোহাগ, সৌভাগ্য, স্থথ।

১। থেআইলে—পাড়ি দিলে।

- ২। **গতির ভরা**—গা-ভরা। বা**হিলেক**—প্রবাহিত ইইল। **বাঅ** প্রা•। বাত, বায়ু।
- ৩। মরিতোঁ—মরিতাম। সান্তরিআ।—গাতরাইয়া, সন্তরণ দিয়া। সুবিতেঁ—পরিশোধ করিতে। নারেঁ।—ভবিষাৎ অর্থে। গুন— পৈশাচা প্রাণ
 - २। मात-विका
 - **া বিচিত্য।**—বিক্রম করিয়া।

7818-308

- ৪। কতহো খনে—কিয়ৎ-ক্ষণে। চাহিলান্ত—গোঁজ করিলেন বা খুজিতে লাগিলেন।
 - প্রপত্তে —গোপনভাবে, গুরুষায়ত।
- ভ। সন্ধারে—দকলকে। ২৩ী—খণ্ডন করিয়া, ক্ষমা করিয়া।

 হেলা না ছাড়িই ইত্যাদি—দমন্ত দোষ-গুণ খণ্ডন করিয়া আমার প্রতি
 (এই) অশ্রন্ধার তাবটুকু ত্যাগ করিও না। অথবা—যাবতীয় অত্যাচার ও
 অপরাধ ক্ষমা করিয়া আমার প্রতি নেহ পরিত্যাগ করিও না। হেলা—বর্ণব্যত্যয়ে লেহা—মেহা—মেহ। গুণ—অপরাধ। মানভূম প্রভৃতি অঞ্চলে
 ক্রিটি. অপরাধ ইত্যাদি অর্থে 'গুণা' শন্ধ প্রচলিত।
 - १। किछूरे--अब किছू। नी--अन्द्राद्धः

পৃষ্ঠাক-১৬৬

বৃদ্ধরা সহিতা রাধা ইত্যাদি—বৃদ্ধার সহিত গৃহে যাইয়া রাধা অভিমন্ত্যার নিকট ষম্না-পারে গমনের শত (বহু) অযোগ্যতা নিবেদন করিলেন।
অতঃপর অভিমন্ত্যকর্তৃক মোহবশতঃ মধুরাগমনে নিষিদ্ধা রাধা গৃহে বিদিয়া
বর্ষাকালে ত্রুদি বিক্রেয় করিতে লাগিলেন।

নোকাখণ্ডের টীকা সম্পূর্ণ।

ভারথণ্ড

~~~;~~~

### · (本)本― >64

অথ রাধারসাবেশ ইত্যাদি—অতঃপর রাধ্য-রসাবেশে বশীক্বত-চিত্ত হরি পুনবার রাধাকে লাভ করিবার লোভে বৃদ্ধার সহিত বহুক্ষণ কথোপকথন করিলেন।

- ২। তুগুণ-প্রা° দ', প্রাণ পৈ প্রভৃতিতে। আ'ণী-আনিয়া।
- ে। তড় প্ৰথে হাঁটা-পথে, হল-পথে। তড়—প্ৰাণ। তট।
- ৮। आद्वा- यानि, यानधन कडि।
- ৯। ভার-বাক, ভার-বটি। মজুরিআ)-মজুর, জন। পাশী 'মজপুর' শক তুল'।

### 981#-30h

জরতীবাচমাচম) ইত্যাদি— ভূজার বাক্য শ্রবণ করিয়া মাধব সত্তর ভার-দণ্ডাদি সামগ্রী নির্মাণ করিতে আরম্ভ করিলেন।

>। **চামত্**—চর্ম্মবং, ধাহা সহজে ভগ্ন হয় না। বাছি— √বাছ, পুণক্-করণে। মনোনীত করিয়া। ভূঁচ—ক্চার ভাগ হজা। বাত্ক —'ব্যাভাগী (ত্রিখাবং) কাজো'— অভি॰ প॰; 'ভার্ন্টাবিহাসকা'—হেমণ। বাগী, বাক। সজাএ—নিশাণ করিতে লাগিলেন।

সজ—নিশ্মাণ, প্রস্তত। করিলান্তি—শৃত্যপুরাণে,—
পিতাক খুড়াক আছ্ম করিলেন্ত নমস্কার।

নাধব দেবক্বত আদিকাণ্ডে,—

তাঙ্ক বিহা করিল ও প্রথম যৌবনে।।

করিলেন। রাধার কারণে ২০াদি—( মতঃপর) কামমোহিত

কানাই রাধার নিমিত্ত ভার-ঘট্টাদি নির্ম্মাণে মনোনিবেশ করিলেন; অথবা— রাধার জন্ত পাগল ক্লফ ভার-দণ্ডাদি নির্ম্মাণে মনোযোগী হইলেন।

- ২। সুচাঁছে—চিকণ করিয়া, মন্ত্ব করিয়া। স্থলর ছাঁচেও হইতে পারে। **চাঁছিল**—বা°√চাঁছ (প্রা°চচ্ছ), তক্ষণে। পরিফার করিল। মুঠি—প্রা• 'মুটঠা'। মুষ্টিতে ধরিবার স্থান। শুঠী—গাঁট্রা, গুটকা, গুলি। বা **বি এ**—কামা দিয়া।
- ু । নালিচা—এক জাতীয় পাটের গাছ। পাট—গাছ-পাট হইতে প্রাপ্ত অংশু। সুসর—গোছ।

### প্রাক-১৬৯

8। শিকিআ—শিকা। তলত—'ত' সপ্তমীর চিহ্ন। তুগুটি— ছইট। বেণ্ডুআ—মুশীদাবাদ অঞ্চলে 'বেড়ো', 'বেড়'। বিড়ে, হাঁড়ী-কল্মী স্থাপনের নিমিত্ত ত্থাদি নিশ্মিত গোলাকার আসনভেদ। যোড়িআঁ।— যত্রাইয়া, যোজিত করিয়া।

অথাতিমত্যুজননীং ইত্যাদি—অতঃপর নিশাবদানে বৃদ্ধা পদ্মনাভের হিতাশায় অভিমন্থান্তননীকে প্রচ্ছন্নভাবে এই কথা বলিল।

- ১। ধিক বাণী—ভিরম্বার-বাক্য। কোঁঅরী—কুমারী।
- ২। বিধিনা লিখিত ইত্যাদি—বিধাতা তা'র অদৃষ্টে অন্ন লিখেন নাই। **তৌক্ষাতৈ—'**তে' দ্বিভায়ার অর্থে প্রযুক্ত ; যথা,—'

কহিল তোক্সাতে আদ্ধি এত ফল বিধি।—( মুগলুক্ক )

ু । বহুক—প্রাং 'বহু', 'বহু'; 'ক' দ্বিতীয়ার চিহ্ন। মানভূম অঞ্লে 'বহু' শব্দ অভাপি প্রচলিত। বধুকে।

### 9818--->40

আভিমন্ত্যজননীদত্তং ইত্যাদি—অনস্তর অভিমন্থাজননী কর্ত্ব ভূমির উপর প্রদন্ত দ্বি-চুগ্ধ গ্রহণ করিয়া ভয়াভুরা রাধা বৃদ্ধাকে বলিলেন। সমনে—সেই মতে।
 জরায়িলী—ভীতা।
 বহু—বহন করুক।

### প্রাক্ত-১৭১

- >। মজরী—বেতন, পারিশ্রমিক।
- ততিখনে—প্রাচীন সাহিত্যে 'তহিখনে', 'তেতিক্ষণে' প্রভৃতি।
   তৎক্ষণে।
  - ১। রা**ধাএ**—হে রাধা, রাধে। ভরিল—ভরা, পূর্ণ

### পূর্ভাঞ্চ—১৭২

- ০। সোই—প্রাণ পৈ<sup>ত</sup>্র। সেই। পি**আসত**—প্রাণ 'পিআসা';
  'ত' বিভক্তিকি চিহ্ন। পিপাসায়।
  - ৪। জিপিলৌ জয় করিশাম।
  - ্য। **আউ**ন্প্রাণ 'আউ' ( আয়ুদ্)। আয়ু। **দেসী**—বিষ্ণাপতিতে,— অধরাও বচনে উতরোন দেসি।

দিতেছিদ্। চুন—প্রাণ 'চুগ্লও' (চূর্ণকঃ)। বিহনে—বিনা, ব্যতীত। ব্যক্ত—যেমন, যেরূপ। তিতা—তিক্ত। তেহুক—বিশ্বাপতিতে,— যেহুন বিরুহ হো তেহুন সিনেই ॥

তেমন, সেইরূপ।

২। **অলপ**—কুদ, ইতর। **চাহা**—ইচ্ছা কর। **ছান্ধ—প্র**কার; অভিপ্রায়।

### পৃষ্ঠাক-১৭৩

- >। সজন-সজন। কপিলা-কামধে**ম**।
- ু । লংঘিব—উন্নজ্যন করিবে, অতিক্রম করিবে। তুঠ—প্রাণ 'গুটঠ'। তুই।
  - ৩। শ্রণ জনের—শরণাগত ব্যক্তির।
  - ৪। ব্রুঠ-প্রা° 'রুট্ঠ'। রুষ্ট। বহাঅ-বহাইও, বহন করাইও।

### 付款18-398

১। মজুরি—বেতন। সহিত্যা—স্বীকার করিয়া। **আণিলোঁ**— মাধব দেবকৃত আদিকাণ্ডে,—

যি কালত বিহা করি তোমাক **আনিলোঁ**।

মাধব কন্লিক্ত অরণ্যকাণ্ডে,--

তাহার ঘরণা হরি আনিলে। ঘরক॥

### আনিলাম। ভারী-ভারবাহী।

- ্। বড়ায়ি—বড়াই, গৌরব। আপনার বড়ায়ি—ইত্যাদি— স্বয়ং স্বীয় গৌরবের উল্লেখ করিতে নাই বা করিও না। কহী—কহিতে, কহিও। বিকলী—বিক্রয় করি।
  - 0। **कथ (टिंग्ड**—'छ' वाकाग कारत।
  - >। **পালি**—পাইলি। মানভূমের প্রাদেশিক 'থালি', 'পালি' প্রভৃতি।
    প্রাদ্ধ—১৭৫
- >। প্রহরেক—প্রহরৈক, প্রহর খানেক। বেলি—বেলা। কত খনে—কখন। আম্বল—অয়।

বৃহিতে — বৃহিবে, বহন করিবে।

২। আগি—প্রাং 'অগ্গ'। সমার—বংশীদাদের পদ্মাপ্রাণে,—
কপ্র তাম্ব পান দিও সমার বিভ্যমান…

দকলের। জাকে—যাহাকে। বেগগাপ্ত —যোগাই, সরবরাহ করি।

### পৃষ্ঠাক---১৭৬

- ফুরাঅাঁ—চুকাইয়া, বেতনাদি নির্দারণ করিয়া।
- ১। বচনেক—বচনৈক, একটি কথা।
- e। বহেঁ।—বহি, বহন করি বা করিতেছি।
- १। পুরীল-পূর।

### 영화(\$---) **9**9

- >। বহিবেঁ বংন করিব। বিণি দানে ইত্যাদি—বিনা বেতনে কে তোমার ভার বহিবে প
  - ऽ•। (जिल इहेल।
  - ১৩। সজী-সজ্জত।
- ্। **তেরছ—প্রা**ণ স•এ 'বেরছে', প্রাণ লক্ষ্মীতে 'তিরিছে'। তেড্চা, ভিষক্। সীকা—প্রাণ 'সিক্কা'। শিক্ষা। বিকা—বিক্রয়ের নিমিত্ত।

ক'ল-শ°কুণতে 'কন্ধ'। সন্-প্রেশাচী প্রাণ। গণ। **খলখলি**— হাসির শব্দ।

### পৃষ্ঠান্ক - ১৭৮

- २। উलिंगिनी—উल्लामिनी।
- ু। **ঘাঅ**—প্রা°। আঘাত।
- 8। মিল-মিলিল, মিলিত হইল।

বচসো ভরণাদ্দে ইত্যাদি—রক্ষে, তোমার কথার ভাবে এক্ষপ (ভবিষ্যৎ) সন্তাবনা কিরূপে অফ্মিত হইতে পারে ? তিনি দ্যাদি নষ্ট করিলেন, এক্ষণে কি করি ? >। পেলাইব—ফেলিবে। বহুমূল—বছমূল্য। ছারথার— নষ্ক-ভ্রষ্ট।

এহৈ—বিষাদাদিস্চক অবায়।

২। বিথর করী—অনেক ক'রে, বছ আয়াদে। সজাইলোঁ— সাজাইলাম।

영화部--- 392

**সজ**—সজ্জাবাসজ্জিত। **হ**উ—হয়।

- ৩। তাহাত—'ভ' ষদ্মীর অর্থে প্রযুক্ত।
- মাজিতেঁ—সজ্জিত করিতে। তেএঁ—তাহা ছারা।

রা বিকাব চন। ইত্যাদি---রাধিকার কথায় ভার বহনের নিমিত্ত বৃদ্ধা কর্ত্ত পুন: পুন অফুরুদ্ধ হইয়া রাষ্ট্র মধুস্থন বলিলেন।

১। আহ্মির ব5লে ইত্যাদি—আমার কথায় চক্রাবলী রাধাকে বল'।
 বহিব—বংন কবিবে। পাতী—পাতিয়া, বিস্তার করিয়া।

এড়িল—ত্যাগ করিলাম।

### प्रदेशक : 200

- ২। **ততেকেঁ** তাবৎ পরিমাণে। সুবালি ধার-শোধা।
- ০। আবিলেইে—'হেঁ' বাকালিয়ারে। হাথ দিতেঁ ইত্যাদি—
  হাত দিতে কালি লংগে অর্থাৎ সংস্পর্শে আসিলে কলম্ব রটে। লিহে—লিপ্ত
  হয়। কলিঅাঁ—কালি, কলম্ব যাকি বোল ইত্যাদি—যা'কে কথায়
  আঁটিয়া উঠিতে পারি না।
  - । এবে হৈ এখনও।

নিশম্য রাধিকাবাক্যম্ ইত্যাদি—রদ্ধা কর্তৃক কথিত রাধিকার বাক্য শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ সত্যভাবে রসসাধিকা রাধিকাকে বলিলেন।

#### 영화 ~ > > >

- ৬। পুরাব কালের ইত্যাদি—আর সে দিন নাই, এইরূপ একটা অর্থ হইতে পারে। তিরীশূল—ভিশূল।
  - ৮। বেহারিব—নিযুক্ত করিব, বাহাল করিব।
  - ১। ভুঞ্জু—ভোগ করুক।
  - ২। এথাতে এথানেও। ফুটিল—অবৈত গোস্বামীর কড়চাতে,—
    ফুটিল প্রম্পের গন্ধ অন্ত স্থানে যায়।

প্রফুটিত। খাটি—প্রা• 'খট্টা' (খট্টা )। পাড়-পাত', বিস্তৃত কর।

981本-->+2

लंडर-मत्र', हिल्या गांछ।

২: মানিবোঁ-সীকা করিব!

৩। মরিষ্ঠ — √মৃষ, সহনে। শক্ষঃদেবক্কৃত থোষা-কীর্তনে,— বারেক আবি মর্যিয়ো দোষ।

ক্ষমা করিতেছ, ছাড়িরা দিতেছ। দাণ আধিকার ইত্যাদি—( ফলিতার্থ) আদৌ তোমার দান (কর) গ্রহণের অধিকার নাই, দান ছাড় করিবে কেমন করিয়া 📍 পুর্ববন্তী পদে 'তেজিব্রো দাণ তোজার'।

8। व्याखन-वामन।

### 对的#~300

রাধাবচনমাচ্য্য হতাদি –রাধার বাক্যশ্রবণে কপট বিরস্তা প্রদর্শন পুর্বক হরি হ্রহ ভার গ্রহণ করিয়া এই কথা বলিলেন।

- >। নিঠুর—প্রাণ 'নিট্ঠুর', 'নিট্ঠুর'। নির্ভুর। **চাতু—দেগুক।** লইউ—লই। জায়—ঘাও, চল।
- २। नादत-भाष्त्रना।
- ०। तूलू-वन्क।
- ৪। ইঙ্গিতেইে—ইঙ্গিত মাত্র ধারা।

### अव्यद- १८८

নিপীয় ক্রম্থবচনং ইত্যাদি—বৃদ্ধার মুখে প্রীক্কফের কথা শুনিয়া, পরিহাদ-রদে অল্স-মন হইয়া, রাধা হরিকে বলিলেন।

- ১। ওহ'র—প্রাং অমু (অদস্) শব্দের প্রথমার একবচনে তিন লিঙ্গেই 'অহ'; উহার উত্তর ষষ্ঠান্ত 'আর' (ডার) প্রতায় করিয়া 'অহার' পদ হয়। এই অহার হইতে 'উহার', 'ওহার' প্রভৃতি হওয়াসম্ভব।
  - ২। কাবেথ-প্রাণ 'কক্থা'; এ-কার বিভক্তি চিহ্ন।
  - ৪। আক্রার গহনে—আমায় নিগ্রহ নিমিত। গহন—ছ:খ, যাতনা।
  - ১। বড়ায়ি সাথিএঁ বড়াই প্রমাণে বা বড়াইর সমকে।

### श्रष्टीय-३४०

- ৪। আরতী না করী—আর্ত্তি করিতে নাই, অধীর ইইতে নাই।
   রোপত—গুপ্ত। ছয় আর্থি বারা—ঘট্চকু নিবারণ করিতে হয় অর্থাৎ
   ভৃতীয় ব্যক্তিকে জানিতে দিতে নাই। বারী —নিবারণ করি বা করিতে হয়।
- ে চকোর--পার্বভ্য পশ্চিবিশেষ । প্রবাদ--ইহারা চল্লের স্থাপানে
   পরিতৃপ্ত হয়।
  - ভ। **আছিলাহা**—ছিল।
  - ৮। মানো—চৈত্যভাগবতে,—

ভোমার উপাদে মুক্তি মানো উপবাস।

( মধ্য°, ১০ম অ°)

মানি, স্বীকার করি বা করিব।

১। বিধাতাএ — 'এ' কর্জারকের চিহ্ন। জাঅ—প্রা 'জাব'। যাবং। বহী—বহন করি।

যুদে যুদে শুনা বাগে আগে হইবে বোধ হয়।

২। লাজক দিঅ'। তিনাঞ্জলী -- লজ্জার মাধা থেয়ে। তিনাঞ্চলী -মুক্তার পর প্রেত-তর্পণে তিন অঞ্জি জব দিবার ব্যবস্থা। বিদার। 'তিলাঞ্চল'

ও 'জলাঞ্জলি' শব্দের প্রয়োগ অপেক্ষাকৃত অধিক। প্রা॰ পৈ°এ 'তিল জলংজলি'। সুদৃ থাকি এইত্যালি—ইহা (যেন) তোমার মনে দৃঢ়ভাবে নিবদ্ধ থাকে। থাকি এ—থাকে। এহোঁ—ইহা।

### 对创第一36日

- া পাবে-প্রতি।
- ৪। নামায়িঅ।—নামাইয়া, অবতারিত করিয়া।
- ্য। বুর্নিলোঁ—'বুগিলোঁ' হইবে। **এড়িলোঁহে—'হে' বাক্যা-**ল**ফারে।** ত্যাগ করিলে। **ভাড়াএ**—ছড়াইয়া পড়ে, বিক্ষিপ্ত হয়।
- ৪। দধি ভার লঅা তিকু হাসে—কানাই তথন দধি ভারের জন্ম রাধার অত্যধিক উৎকণ্ঠা দেখিয়া, অথবা পুনঃ পুন তাঁহার প্রতি দৃষ্টি অত্রাগের নিদর্শন ভাবিয়া, ঈষৎ হাস্তযুক্ত কটাঞ করিতে লাগিলেন।

### 9218-369

ক'লকেপ'সহঃ ইত্যাদি—বিলখ-কাতর সত্ফ শ্রীক্লফ সলজ্জনয়নে মনের অভিপ্রায় ব্যক্ত করিয়া রাধাকে এচ কথা বলিলেন।

- ২। নহিব্—হইবে না। বহ—বহন কর। লাজে সি—
  লজ্জাতেই। হারারিএ—হারাগ, নষ্ট হয় বা করে।
  - । वह्य-वश्न करत्र।
  - ৪। সমতী—সন্মতি, একমত।

### 沙村本-- 200

- ত। ঘাআ—প্রাণ। কত।
- उडिंगी-- आहीन अरह,-

শুন সাঞ্চাতিনী নাগর চৌয়ানপানা।

বিনহি সাধনে ভাঙ্গিলে কানাই

মানিনীর মানপ্রা ॥

(প°ক°ত°, ২য় শা°, ২৪শ প°)

[ ভারপত

শঙ্কাপরা, সতক। 'চৌহালিনী' শব্দের টীকা দ্রপ্টবা ( পু° ৫০৩ )

৬। রুখ-প্রা 'ক ক্থ'। রুক্ষ। আর্শিতে — নথুরা হইতে ফিরিয়া আদিতে। পুরিবে 1—পূর্ণ করিব।

१। शाद्त - धादावा

রাধিকাবাচমাচমা ইতাদি—রাধিকার বাক্য শ্রবণ করিয়া অধিকতর প্রমোদবশতঃ মহরগতি চতুর হরি ভার লইয়া রাধার অহুগমন করিলেন।

১। স্থাীএ-ভূনিয়া।
নয়ন নেবারী-চক্ষের অন্তরালে। নেবারী-নিবাংশ করিয়া,
এড়াইয়া।

9313-363

२। মনমথে -- कारम।

৪। সুন—হিং 'শ্ন'; ম' 'প্নন'; গু' 'গুন'। শৃত্য।

ভারখণ্ডের টীকা সম্পূর্ণ।

### ভারখণ্ডান্তর্গত ছত্রখণ্ড

- ু। ঠারিত—'ভ' সপ্তমীর চিহ্ন। স্থানে।
- ৩। রৌদ পাড়িঅাঁ ফর্য্যের উত্তাপ প্রশম্তি ইইলে। 'পাড়িআ' শব্দের প্রয়োগ লক্ষণীয়।

তাথ রাধারসালাভপ্রিদূনমনা ইতাদি—অতঃপর রাধিকার রসশাভে ব'ঞ্চ হইয়া বাপিত্যনা হার একটু বেশ তেজের সহিত থর থর হ'কথা ভ্রায়োদিলেন।

### প্রাক্ত-১৯১

- ১। ভাগুসি—ভাড়াইতেছ, প্রতারিত করিতেছ। **পেলাঅসি** কে**লি**য়া দিতেছ, ঠেলিতেছ।
- ২। সংহারী—সংহার করি। বিবুধি লাগিল—এশতি হইল, কুবুদ্দি জুটিন। বহিল—উত্তম পুক্ষের ক্রিয়া।
  - আ'ক্রে—বহুবচনের পদ।
  - 8। কৌল-কোল, আলিগন।

#### 4年二295

- २। कश्व-विलाद।
- ৩। স**ভেদ** -- বিছাপতিতে,--

ঐছন হোয়ল পহিল সম্ভেদ।

মাধ্ব কদ্দলিকত অর্ণাকাণ্ডে.— কহি ইন্দ্রদেৱ

হেনয় সম্ভেদ

স্বৰ্গক চলি গৈলন্ত।

শকরদেবকৃত উত্তরাকাণ্ডে.—

বিভীষণে কহিলেক সকল সম্ভেদ।

সংযোগ, মিলন; (এখানে) অবস্থা। (যহেন সম্ভেদ হএ ইত্যাদি— অবস্থার অফুরূপ ব্যবস্থা করিতে হয়।

৪। **এখনে আ**র্তী ইত্যাদি —আর্তিতে এখন কোন ফল হইবে না।

অধুনা ন বিধাতব্যং ইত্যাদি—রাদে, যদি তুমি একণে আমার মনোহিত না করিবে, তবে অবিলয়ে বছবিধ দান দাও।

- ১। **হাটে দান দেহ** ইত্যাদি—ঠেটা দানে কেন দই ছধ বেচিবে ? এই পথকর বাতীত হাট-দান দাও! বহী—বই, বাতীত। ঠেঠা— निर्वञ्ज ।
  - ৩। বাজ-ব্যাজ, শুষ।

#### 981年-- 220

- ে প্রচর—প্রচর । করোঁ—অপর ছইটি রূপ 'করওঁ', 'করঙ'। ভাবন-লীলা, নাগরীপনা।
- ৬। ভিন দান দিবোঁ ইত্যাদি—পথকর দিব, এ ছাড়া আবার এই দই চধের উপর পৃথক দান দিব,—িক আর কি! ভিন—ভিন্ন।
- লিখন পাটা ইত্যাদি—ভক্ষপঞ্জীর আদর্শে পাটা শিখিত। পাটা-মাগধী 'পট্টএ'। কাঠ বা ধাতৃফলকে লিখিত নিয়োগ-পত্ত।
  - ১০। ঘুস্সি—ঘোষণা করিতেছ। নারিক—স্ত্রীলোককে।
  - >>। **শতেক** শতৈক, এক শত।
- ১২। **লাভে মূলে** ইত্যাদি—তোমার দান দিতে লাভে মূলে **অর্থে** कुलाय ना। नाटि-याटि ना. भर्याश हम ना।

- ১০। তেকি নাহিঁ হরে ।—তোমার বল করিতেছি না অধাৎ তোমার উপর বল প্রয়োগ করিব না। 'হরোঁ' শব্দে বঞ্চনার ভাবও আসে। দৃশি লাওঁ ইত্যাদি—শপ্য করিতেছি, যদি দান গ্রহণ করি।
  - ১৪। পরিহার—পরিহার কর, পরিত্যাগ কর।

### अव्राक्त- ३३8

কাহিণী-প্রা° 'কহাণিঅা' ( কথানিকা )।

- ২। মাণিলোঁ—মানিলাম, স্বীকার করিলাম। ভাল মণে—'ভাল মতেঁ', উত্তমক্রপে।
  - ু। টালিঅা-টলাইয়া, বিচলিত করিয়া। বাসে-বোধ করে।
  - ৪। তাহাকৈহো—ভাহাও।

### প্ৰাক্ত-১৯৫

্। সিহাল—প্রাণ 'সেআল'। শৈবাল। **াল—** মূণাল। **অথও—** অথওিত, নিটোল।

मद्रां वर्गम्यो-महमीक्रमा।

২। অপুরুব কুচ ইত্যাদি—বিভাপতিতে,—

### কুচ জুগ চারু চকেবা।

- ৩। ফুটিত—প্রক্ষত। আর্পিল—অর্পিত। শোভের— শোভা পাইতেছে।
  - 8। नाल-मुगान।

কুন্যস্থ বচনং ইত্যাদি—জীক্ষাের কথা ভনিষা সরসমানসা রাধা বৃদ্ধাকেই আদরে নিজাভিমত জ্ঞাপন করিলেন।

### 어하1=->>+

- ১। পরিহার—অনাদর, উপেকা।
- ৩। প্রবল—প্রবল, প্রথর। তোলবলে—ভণরাজ খানক্বড

গ্রীক্বফবিজয়ে,—

ধাইতে যশোদা হইল ঘামে তোলবোলে॥

মাধব কন্দলিক্বত অৱণ্যকাণ্ডে,—

পক্ষীর সকলে গার তেজে তোলবোল।

স্থন্দরাকাণ্ডে,—

তেজে তোলবোল ভৈল দবে কলেবর।

(ভেজ শব্দের (বহ কেহ রক্ত, অপরে ঘাম অর্থ করেন।)

কাশীদাসী দ্রোণপর্ব্বে.--

রক্তে তমু তোলনল বিকল শরীর।

वः भीमारमञ्ज भन्नाश्रुद्धारमः ---

মুখেতে দিছান্ত নাহি ঘানে টলমল ॥

উবুরি-চুবুরি, আপ্লত, সাত।

৪। আইমু—আমুক।

9岁1年一229

- ১। ছাতী-প্রাণ ছত্ত'। ছত্র।
- ২। **চিন্তিহ**—চি**ন্তা** করিও। বাধা—বিদ্র

প্রাক্ত-১৯৮

- 21 **श्रीतर्त्र ।**—श्राविव ।
- ভাজিবারে—ভাঁড়াইতে, প্রতারিত করিতে।
- ৪। তৌকো কি না ইত্যাদি—অিভ্বনের সংবাদ তুমি না জান' কি ?
   অর্থাৎ সমস্ত সংবাদই অবগত আছ।
  - ৬। মাঙ্গী-প্রার্থনা কর।
  - ৭। মাপী-প্রার্থনা করি।

ছত্রথণ্ডের টীকা সম্পূর্ণ।

### রন্দাবনখণ্ড

### ツ対す―ころる

২। সিঞ্জিউ—সেচন করি। এথা আণ সক্রেইভ্যাদি—জয়দেবে,—
অহমিহ নিবসামি যাহি রাধামত্ত্রনম মহচনেন চানয়েথা:।

(গীতং, ৫ম সর্গ)

- ত। বিটপ—( এখানে ) স্থী।
- >। এবে মলার প্রন ইত্যাদি—পদটি জয়দেবকৃত বহুতি মলায়-সমীরে মদনমুপনিধায়' পদের আদর্শে রচিত। জাগাএ—জাগাইতেছে। বিকসএ
  —বিকসিত হইতেছে। ফুটি—বিদার্শ করিয়া।
  - ২। সু**তে—**শয়ন করে। সৌ**অরে**—শ্বরণ করে।

### पहांच--२..

। তুলিবাক—শৃন্যপুরাণে,—
 পুষ্প তুলিবাক পচ্চিন গেলা মালুকার বাড়ি॥

### তুলিবার।

- **७। ठिल्टिल्**—हिल्लम, याखा कविरलम ।
- এবোধিতেঁ—ভোক দিতে। নারিবোঁ—পারিব না।

### প্ঠাক--- ২০১

- ১১। তা স্মাক—তাহাদিগকে বা তাহাদের সকলকে। ভরভিজা—ভংগনা করিয়া।
- ১২। তাক—আয়ানের মাতাকে। ভর্ছিলে—ভংগনা করিলে। বিকণে—বিক্রয় করে।
  - 281 अश्चि-अरे। मार्स्या-भाषन कति।

অথাভিমন্ত্যুজননীং ইত্যাদি—অনস্তর বৃদ্ধার বাক্যান্থগারে গোপীগণ অভিমন্ত্যজননীকে বাক্যরূপ বাণ ধারা ব্যথিত করিতে লাগিলেন।

- ১। সতন্তরী-স্বাধীনা।
- ২। বিকাএ-বিক্রীত হয়।

### পৃষ্ঠাক---২০২

৩। **রোআলত—'**ত' পঞ্চনীর অর্থে প্রযুক্ত। **আফারো**—পর-বন্ধী পদে,—

বিকল দেখিতা তথা রাখোমালগণে।
পুছিল তোকার। কেন্সে তরাসিল মণে॥ (পু<sup>\*</sup> ১৩২)
আক্ষারা মরিব শুণিলে কাঁশে।
তোকার হয়িবে সকল নাশে॥ (পু<sup>\*</sup> ২৬০)

সমগ্র গ্রন্থমধ্যে বহুবচনে 'রা' প্রভায়ের মাত্র তিনটি দৃষ্টান্ত পাওয়া গিয়াছে। রাজেক্রদাসের আদিপর্ব্বে.—

> তবে কথ মুনি কথা তাহাতে কহিল। আক্যারা নিকটে থাকি সে কথা শুনিল॥

> > (শক্সলার উপাধ্যান)

ষষ্ঠান্ত 'আকার' পদের উত্তর গৌরবার্থে আকার যুক্ত করিয়া প্রথমার বহু-বচনে আ কারা হইয়া থাকিবে। অথবা প্রা॰ 'অম্হাণ' (অস্মাকম্) হইতেও আদিতে পারে। **(হলাহে)**—হইলাম।

৪। তা সন্ধার — তাহাদের বা তাহাদের সকলের।

অবস্রম্থিপম্য ইত্যাদি—এই অবসরে বৃদ্ধা ব্যগ্রভাবে সম্বর রাধার নিকট আসিয়া হরির চরিত্রবিশেষ উল্লেখ করিতে করিতে তাঁহাকে মর্ম্মবেদনায় বিদ্ধ করিল।

১। **তোর রতি আ'শোআ'শে** ইত্যাদি—পদটি জমদেবের 'রতি-স্থ্ব-দারে গতমভিদারে মদন-মনোহর-বেশম্ব এই স্থপরিচিত পদের উৎক্কষ্ট অফুকরণ। **আংশাআংশে**—আধাদে। তো**ন্ধার শক্ষেত** ইত্যাদি— তুল্'---

তুয়া নিজ নাম খ্রাম করি সঙ্কেত

বাজায় মুরলী মুহভাষে।

বাজাএ-বাদিত করিতেছেন।

कालिमी-कालिको, यमूना।

২। তোর তনুগত রেণু ইত্যাদি—তুল°—

তুয়া তত্ব পরশি ধুলিরেণু উড়ত তারে পুন পুনহি প্রশংদে ॥—( গিরিধর দাস )

তাহাকো-ভাহাকেও। পতি-প্রাণ পত্ত। পত্ত।

। মানী—অভিমানী। আযুগত—অযুক্ত।

অথাভিমন্যুজননী ইত্যাদ—কতঃপর অভিমন্যুজননী (রাধাকে) মধুরাগমনের অনুমতি দিলেন এবং রদালদমনা রাধা গমন করিলেন।

পृष्ठे†क---२° ष

👳। ফুটিলছে—প্রকৃটিভ ইইয়াছে। পিন্ধি—পরিধান করিয়া। কবিউ—কর।

अतुशा—युठ्यता।

২। কাহাকো—কাহাকেও। **এথো—**একট। হাট্ৰা-হাটে যাহারা বেচা-কেনা করিতে যায়।

৩। আ্পি বাঢ়া রিআ্।— 'আগ বাড়াইয়া' অভাপি পশ্চিম-রাঢ়ে প্রচলিত। অগ্রসর হইয়া, প্রভুাদ্গমন করিয়া।

### পৃগাক---২০৫

**অথ রুন্দাবনাদেত্য** ইত্যাদি—অতঃপর বুন্দাবন হইতে সত্বর আদিয়া মধুস্থান স্থীগণ-প্রিবৃতা রাধাকে এই মনোহর কথা বলিলেন।

া বিলাস কৈল আপণে—মূর্ত্তমান্ ইইয়া আবিভূতি ইইল।
শুলাল—Diospyros Ramiflora জাতীয় পুপার্ক। ত্রিপুরাঞ্জনে প্রচুব
পরিমাণে জন্মে। লবঙ্গ-লবঙ্গনতা, Luvunga Scandens। প্রাপ্তিত্তান—
ত্রিপুরা। দোলাঞ্জ-ভলাল চাপা, Hedychium Coronarium। প্রাপ্তিত্তান—চট্টগ্রাম, উত্তরবঙ্গ, ছোটনাগপুর। দোবতী (দোমতী, দিউতী)—
সং 'সেবস্তা'। গোলাপ শ্রেণীর শ্বেত পুপার্ক-ভেদ। সুথী—দেউতীভাতীয় পুপার্ক। পারলি—সং 'পাটলা'। পারুল। তুলালী—চট্টগ্রাম
কঞ্চলের তুলাটাপা, Magnolin Petrocarpa।

রঅ।নী-প্রা 'র মণি', 'রমণা', 'রমণা'। রজনী।

### 9318-200

২.। আর্শ্নই অশন। আসাঢ়িআ—আষাড়িয়া। গন্ধ টগর— ভগরাদিবর্গের পুষ্পর্ক্ষবিশেষ। বনমাহলী—বনমল্লিকা। নাগেশর— নাগেশ্বর বা নাগকেশর। কেশর—পুরাগ। তিণিশ—ভিনিশ। বহুল—প্রাণ 'বউল'। বকুল। সেআলী—বেঁচ ্বা বৈটাজাতীয় বৃক্ষবিশেষ, Falcourtia Romontchi। সিঅলি (সিউলী)—শেকালী। কুসুস্ত —কুস্ম। ওড়— জবা। বেবতী—কোল-ভাষায় 'রেবতা', উরাবত। রাঙ্গনাগর—রাগন, (রগণ) এবং বিহারী 'অগর', Dillenia l'entagyna। প্রাপ্তিধান—বিহার, ছোটনাগপুর, পশ্চিমবঙ্গ। **ধাতিকী**—ধাইফুল। **আমুলিঅ**—অমুকিয়া। প্রাপ্তিস্থান—ছোটনাগপুর, উত্তরবঙ্গ, চট্টগ্রাম। কিংশুক—পলাশ। চু**অা**— তিলকবৃক্ষ। থঞ্জী—লতাভেদ, থাঞ্চ নামে পরিচিত।

- ০। কুজা-কুজক। কুট,জ (কৃটজ)-কুঁড়চী। কেন্দূ-গাব (মাকড়)। মথ,র-'মথন' হইবে কি ? সিন্ধুবার-নিসিনা। রবি-রক্ত আকল। ছাতাঅন-প্রাণ 'ছত্তিবর'। ছাতিম। ভা টি-ভাট, ষেটু গাচ। ছুধিআকন-খেত আকল। কসাল-অনুজ্বল রক্তবর্ণ। ডগর-তগর। নধুকর-ভুম্বরাজ। বাড়িআল-বেলেড়া। সৈনা-ভুল-হি° 'শঙ্খাহুলী', Xanthium Strumarium। গ্রীগ্রপ্রধান ভারতে জন্মে। ফুল পীতবর্ণ। কেচ কেচ সোণাল বলেন। ঘাটাপারলী-ঘন্টাপারল। পিপলী-পিগ্লি, অর্থবৃক্ষ। কাপাসি আসন-আসন বৃক্ষের প্রকারভেদ।
- ৪। ছোলস—টাবা। নারস—নাগবসতি রঞ্জিত করে বলিয়া কমলা লেবুর না গ র স্ব বা সংক্ষেপে না র স্থ নাম হইয়া থাকিবে। নাগজাতির বাস মধ্যভারতের নাগপুর এবং আসামের নাগা পর্বতে। লেসু—সং 'নিম্ব'; ওং 'নেম্ব'। কাগ্জি, পাতি প্রভৃতি। আমৃড়া—অপং প্রাং 'অম্বাড়উ' (আনাতক:)। চেরু—ং বেরু—পাং 'বের'। বদর। অফেরু—বোধ হয় 'সফ্রি' (পেয়ারা), লিপিকারপ্রমাদে 'স' ভানে 'অ' ইইয়া গিয়াছে। থেকর—থৈকল। সাতকড়া—কমলা জাতীয়। আঁওলা—প্রাণ প্রামলঙ' (আমলঙং)। পাণিআল—পানিআল নামেই প্রসিদ্ধ, শিরতালার Cataphracta। লবলী—নোয়াড়ী গাছ বা শিল আমলা। বোহারী—বহুবার। কোথাও কোথাও লা সো রা বলে, Cordia Myxa। ডোইন্রু—ডেও। কুড়ুম—!'olyalthia Cirasoides। বিহার, ছোটনাগপুর ও পশ্চিমবঙ্গে জ্বো। চাল্নি—হিং 'চিলোনী'। প্রাগ। টাভা—টাবা, Citrus Medica।
  - ে। কুঠোআল-কামতা-বিহারী ভাষায় 'কাঠোয়াল'। কাঁঠাল।

মন্ত কুত—মধুর-রদ-পূর্ণ। মন্ত—প্রাণ। মধু। কুত—কুতৃ, চর্ম্মাদি-নির্ম্মিত আধার-ভেদ। অগথ—অগন্তা, বকলুল। কপিথ—কপিথ। সুন্দরী—মাদরী। বর—বট-বৃক্ষও হইতে পারে। আগিরু—প্রাণ 'অগক্ষ'। অশুক্ত। সুগক্ষেসরী—গদ্ধেশ্বী।

- •। কাসিমল—কাসমদ। ভালা—ভল্লাতক। ভিলোল—ভল্লী, লোধবৃক্ষ। চাভেলী—অর্কাচীন সং 'চংঘলি' (চম্পকেলি)। শৃং পু' এ 'চামলী', চং পংএ 'চামলি'। সুকল লোচন—স্থকোলী, ক্ষীর কাকোলী এবং লোচনী, মহাপ্রাবণিকা হইতে পারে। ভোজপাত— পাং 'ভূজপত্ত'। ভূজবৃক্ষ। চাম্পতী—বৃঝা গেল লা। চাক্লি—চাক্লে। আতভ্জবৃক্ষ। চাম্পতী—বৃঝা গেল লা। চাক্লি—চাক্লে। আতভড়ি—আভমোড়ি। জিআপ্ত—প্রঞ্জীব। পাকড়ী নাকড়ী—অশ্বথাদিবর্গের তরুভেদ। বীরভূম অঞ্চলে পাক্ড ও নাক্ড নামে প্রাসিদ্ধান্ত পাক্ড লাল, নাকুড় লালা। বন সোণাকড়ী—বনা অভসী। সাহড়—সেওড়া। আঁকোড়—অন্ধোট। কুহর—কোহ, অর্জ্জুনজাতীয়। কাঠলাড়িকা—কাঠ মালিকা (মল্লিকা) হইতে পারে। কড়রি—কড়ই। শেত শিরীষ, Albizzia l'rocera। আড়িরি—পীচজাতীয় তক। সাজে, রাজে—শোভা পার। গর্জ্জুন—গর্জন বৃক্ষ। হরিড়া—হরীতকী।
- 1 আকরোল—দ 'অক্ষোড়'। আখ্রোট। জিন্সালর জিন্নিনি, জিনের গাছ। দ্রাক্ষ—দাকা। সুদর্শন—Crimum Latifolium জাতীয় গুলাবশেষ। মহাসুদ্ধী—হেলা জাতীয় গুলাবশেষ। মহাসুদ্ধী—হেলা জাতীয় গুলাবশেষ। মহাসুদ্ধী—হেলা জাতীয় গুলাবশিল বিষ্ণ করেল করেল। ছাঞ্জির্ণ ছাতিম্। লতা আম্মু কুশি আর—লভাত্র এবং কোশাত্র। আছ—প্রাণ 'অহ'। কাহ্মড়ী—কাহুড়। বাঙ্গী—ফুট। পেঁভুটী—বর্দ্ধান অঞ্চলে জন্মে। সাড়র —সারাল, তিল। সোআ্স—শ্সা। পিআ্—পান করিয়া।
- ৮। গুর্ব্জ-শুল্প বেড়াও হইতে পারে। কৌকিল-'পিকাদি শব্দা ন কচিদার্য্যাণাং প্রসিদ্ধাঃ। মেচ্ছানান্ত কোকিলাদির প্রসিদ্ধাঃ।' সূর্বে-শুনিয়া।

### পृक्षेक--- २०४

সঘন-পুনঃ পুন । হাসী-শঙ্করংদবক্বত ঘোষাকীর্ত্তনে,—

 ভূলিলাহা হামি যশোদার পিয়া স্তন ।

হামি, হাই, জৃত্তণ। স্থান ছাড়িল—ইত্যাদি—স্থানর দস্তপাতি দেখাইবার নিমিত্ত রাধা হাই তোলার ছলে পুনঃ পুন 'মুখ মেলিলেন'।

### लुक्षेक---२०३

অশ্রীররসাবেশ ইত্যাদি—রসালস মাধ্ব রাধিকাকে অনন্ধ-রসাবেশে আবিষ্ট দেখিয়া, তাঁহাকে আদরে ডাকিনা, এই কথা বলিলেন।

>। বোলি—প্রাণ লক্ষ্মী, কু চ° প্রভৃতিতে। শব্দ, কোলাইল। আচুক মানুষ ইত্যাদি—মানুষের ত কগাই নাই, দেবতারাও (সেই ফ্ললিত অমরগুঞ্জন ভানিলে) মোহিত হইয়া পড়েন।

রাধা তোর মোর ইত্যাদি—(ফলিতার্থ) রাধে, তুমি ও আমি এই বৃন্দাবনে মিলিত। আজ বাস্তবিকই তোমার রূপ-যৌবন সার্থক।

- ২। পত্র-পর', পরিধান কর। খাঅ-খাত=খাঅ=খাও।
- ৩। দেখাও —দেখাই। তথাকি—'মধুরাক' শব্দের টাকা দ্রষ্টবা (পু॰ ৪৫৫)।

### शृष्ट्रीक--२३०

- ২। সন্ধাতেয়ি—সবেতেই, সকলেই। লোভে—লোলুপ হয়।
- थल—कथढे, त्नावाद्यवी ।

পডিহাসে—গাং শং তে 'পড়িহাসই' ্প্রতিভাসতে )।

8। তোর—'মোর' হইবে।

বিল্পিবে 1—বিলাস করিব, উপভোগ করিব

### পुश्रीक---२>>

- ২। উ—পশ্চিম-রাঢ়ে ওকারের স্থানে উকারের ব্যবহার অভ্যাপি প্রচলিত। কর্†িয়7েবঁ†—করাইব।
- ৩। তেই মতেঁ—দেই ভাবে বা রূপে। নিল—লইলাম। জনী—
  স° 'যন্ন' শব্দ তৃল' । নিষেধার্থক অব্যয়। 'জনি' ও 'জুনী' শব্দের টীকা দ্রষ্টব্য (পৃ° ৪৮৮, ৫৬১)। পূর্ববঙ্গের প্রদেশ-ভেদে নিষেধার্থে 'ফানি' শব্দ প্রচলিত।
  যেন না।
- >। যাহ—জাহ = জাঅ = জাও ( যাও ) (যন—'বেহু', 'বেহেন'
  শব্দ তুল'। বেমন।
- ২। জীঅ—জীবিত থাক। আক্ষারে—বহু বচনের পদ। আভিএ —প্রা° 'অভ্অ' ; 'এ' দ্বিতীয়ার চিহ্ন। (যক্ত—ধেমন।
  - ৩। খবেক-কবৈক। সিধী-সিদ্ধি, সাকল্য।

### প্রাক্ত--২১২

### () दित्रंत—शाविसमारम, ----

হোর দেখ এ স্থি রাই শ্রাম কোর।

বীরভূমের প্রাদেশিক। (সম্মুখে) ঐ-ওখানে, ওদিকে।

- ৮। ঝাঁটাল—পাঁ ঝাটল'; 'গোলীসো ঝাটলো (ভবে)'—অভি° প॰। ঘণ্টা পাৰুল। ঝাঁপিলেক—ঢাকিল, আৰুত কৰিল।
  - ১। পারিল-মাগধী 'পাবিদে' (প্রাপ্তঃ)।
  - ১০। ভ্রমনী এন্তমনা। 'ভয় মানিয়া' এইরূপ অর্থও ইইতে পারে।

### পৃষ্টাঙ্ক--২১৩

- ১>। পুরিঅ'। কোলে কৈল—গাঢ় আলিম্বন দিল। হেন মনে – এই প্রকারে; 'ভাল মনে' শব্দ তুলা।
  - ৩। নারিল-পারিলাম না। পাত পাতিআ। ইত্যাদি-আশা

দিয়া কেন বঞ্চিত করিতেছ ? আ'সত—প্রা° 'আদা'; 'ত' সপ্তমীর চিহ্ন। সহন—সহা করা। তৌক্ষািএ—তোমায় বা ভোমার।

### পৃঠাক--২১৪

- >! রমএ-প্রা°। রমণ করে।
- २। পুরী-পূর্ণ করিয়া।
- ৩। সক্রে জাণিল ইতাদি—সকলে কানাইর মনে আপনাকে রাধা হইতে অধিক বলিয়া জানিল অর্থাৎ সকল গোপী রাধাপেফা আপনাকে শ্রীক্লফের অধিকতর প্রিয়ত্না ভাবিল। রাধাতে—'তে' প্রুমার মর্থে প্রযুক্ত।

### 7318-220

৪। সংহ্রী -- সংস্কাচ কার্যা, সম্বরণ ক্রিয়া। **্গত্--** সংস্কৃত-সম। গুহ।

> নিন্দন্তঃ স্থপ্রশংসন্তঃ পরাং দামোদরপ্রিাম্। প্রাপ্রদোপাপ্রয়াঃ কোভং পরং কুষ্ণে পরস্পরম্॥

পরস্পরাং নিন্দস্কঃ দানোদরপ্রিয়াং (রাধাং) স্থপ্রশংসভঃ গোপ**প্রিয়াঃ** ক্কন্টে (কুফাবিষয়ে) পরং কোভং প্রাপ্তঃ।

গোপবধুগণ পরস্পার নিন্দা কারতে কারতে এবং দামোদর-প্রিয়ার প্রশংসা ক্ষরিতে করিতে ক্লফ বিষয়ে অতিশয় ক্ষোভ প্রাপ্ত হইয়াছিলেন।

১। আহা—প্রাণ্ড দ 'অহহ'। থেদে। সূতীখ—স্থার্থ। কতী— প্রাণ 'কখ'। শুণ পুণ এ 'কথি'; বিফাণ, চৈ ভা প্রভৃতিতে 'কতি'। কোথা। সাবা—গান করিয়া। বাআঁ— মাধ্ব দেবক্কত আদিকাণ্ডে,— তুলি ছত্ত্র দণ্ড বায়া বাঞ্চল্ড করিব লোকে উৎসব।

# বংশীদাসের পত্মাপ্রাণে,— কুচুনী পাগল কর সিন্ধা ডম্বুর বায়া।।

वानन कदिवा।

- ২। কুশকেত্র—গঙ্গাবভারতীর্থ (१)। পুক্রর—ব্রহ্মার প্রতিষ্ঠিত পুকর নামক প্রাতীর্থ, আজমীরের নিকট অধুনা পোকর নামে ধ্যাত। সিনান—প্রা° দ॰এ 'দিগান'; শৃ° পু° প্রভৃতিতে 'দিনান'। শকটি রাঢ়ের পশ্চিম প্রান্তে অন্তাপি প্রচলিত। সান। অপ্ত মহাসিধী—অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিষ, বশিষ, কামবশায়িষ এই অপ্তবিধ সিদ্ধি। নিধি—পদ্ম, মহাপদ্ম, মংশু, কৃশ্ম, উদক, নীল, মুকুন্দ ও শন্ধ এই আট প্রকার নিধি।
- ৩। কেদার—হিমালয়ের অন্তর্গত মন্দাকিনী-তটে প্রতিষ্ঠিত মহাদেব। বদরী—বদারকাশ্রম বা ব্যাসতীর্থ, কুমায়ুন প্রদেশের অন্তর্গত অলকানন্দা নদীতটে। বটেশ্বর—কাশীরস্থিত লিঙ্গতীর্থ।

पृष्ठाक- २३७

গঙ্গা সঙ্গত সাগরে—সাগর-সঙ্গমে। যা— যাহাকে ৪। রোমিলি—ক্টা।

>। রাস্ক-রন্ধ, দরিজ। (তন-'তেহুণ, 'তেহেন' শব্দ তুলা। তেমন।
"1-প্রাণ 'মিলিঅ'। 'মেলি' শব্দের টীকা জন্তব্য (পৃণ ৪০২)।
কৈ রঞ্জাসি ইত্যাদি—আমার কি মুখোজ্জল করিতেছ ? অথবা—আমার
কি মুখোজ্জল(ই) না করিতেছ! রঞ্জাস—রঞ্জিত করিতেছিদ্।

ভুঞ্জোঁ—ভোগ করি।

২। **আইলাহা**—'আছিলাহা' শক্ত তুল'। আসিলে। **নেহ**—সিদ্ধ ছে॰ ৮।২।৭৭, ৮।২।১০২ স্থান্তের টাকা। পৃश्रीक--२३१

ভজিলোঁ।—ভজিলাম, দেবা করিলাম।

- ৩। নাছি—না আছিল, ছিল না।
- ১। **যদি কিছু বৌল** ইত্যাদি--জন্মদেবকৃত 'বদসি যদি কিঞ্ছিদপি দস্তকচি-কৌমুদী' এই প্ৰসিদ্ধ পদের অন্তর্যন্তি।

512t8--- 23b

তোর-লিপিকরপ্রমাদ, 'মোর' ইইবে।

মাপে--অভিযানে।

- २। ट्रोन-कावांच कद्र, क्षकांद्र कता युज्त-निर्देश महा
- ত। মলিন নলিন— নীলোৎপল খ্রাম। রঞ্জিলে—রঞ্জিত করিলে, বিদ্ধ করিলে। তৌকার নায়ন ইত্যাদি জয়দেবে,—

নীলনলিনাভমপি ভরি ভব লোচনং ধারয়ভি কোকনদক্ষণম্। কুসুমশরবাণভাবেন যদি রঞ্জয়সি কৃষ্ণনিদমেতদসুরূপম্॥

— গাত°, ১০ম সগ )

কর্উ—প্রাক্ততে বিধি প্রভৃতি অর্থে প্রথম পুরুষ এক বচনে 'উ' প্রভায় হয়; 'উ স্কুমু বিধ্যাদিছেকবচনে'—প্রাণ প্রণ, পা২৮। করুক।

৪। মদন গরল ২ওন - কমি-বিষের খণ্ডনকারা। মাথার মণ্ডন - শিরোভূষণ। কিরীট, কুণ্ডল, হার, চতুকী (পদক), বলয়, অঙ্গুরীয়ক, কেয়ুর এবং নুপুর প্রভৃতিকে মণ্ডন বলে।

9818-232

### शाला ७- भगायन ककका

আবহার্য্য কাকুমিতি ইত্যাদি—রাধিকা রোষবশে এক্তিরে বাক। কাকুজি মাত্র মনে করিয়া, কোন উত্তর করিলেন না। অনন্তর কোতর প্রার্থনাহেতু । সলজ্জ এক্বিয় কোষপরবশ হইয়া বিহিত ব্যবস্থা করিপেন। >। লক্ষকের—ষষ্টার উত্তর এই 'কের' প্রত্যন্ত, প্রাক্কত সমন্ধবাচক 'কেরক' শব্দেরত রূপভেদ। বাড়ী— প্রা' 'বাড়িআ', 'বাটিআ' (বাটকাঃ)। মৃ° ক এ 'বিহংগ বাড়ী'। মানভূম অঞ্চলে বাস্তসংলগ্ন বেষ্টিত স্থানকে 'বাড়ী' বলে। বাগান, উন্থান। ফুল ধাড়ী—বিদ্যাপতিতে,—

> গুরুজন করি গুরজন সঞো বারি। কৌ গুকে কুন্দ করসি ফুল ধারি। সহচরি সঞো বহাঁ কয়ল ফুল ধারিং। কৈসে জীয়র তাহি নিহারি॥

ধাড়ী অথে অকস্মাৎ আক্রমণ (৫০৯ পু° ক্রটবা)। ডি॰ 'ফুলকড়ী' শব্দ তুলা। লাকাটকের রুন্দাবিন ইত্যাদি – লাক টাকোর বুন্দাবন আমার প্রালোধি। নিবারণ সাহে রাধা কেন ফুল চড়াও কারল ৪

- ২০ **রেণ্ডু প্রা॰** রেণ্ডু ম', 'রেন্দু ম'। পন্চিমরাচে 'র্যেড়'। প্রাচীন সাহিত্যে কন্দুক ক্রাড়ার উল্লেখ মাবরল। **তৌলে**— প্রাণ 'ভোড়ই'।
- দ। আফু ড়ী শৃণ পুণ এ 'আকুড়ি'। আফ্রী। পাথুড়ী—অপ° ভাষায় 'পক্থাড়আ'; প্রাচ্য হি° 'পংখড়ী'। 'পংখুড়ী পত্রম্'— দেং না° মাণ। চর্যাপদে 'পাথুড়ী'; অসং অরণকোগু 'পাক্রি'; তুলসা রামায়ণে 'পাথরী'।
  - ७। 5िर्क (हत्न, खात्न।
  - ৭। **আথান্তর**—ছরবলা, হর্দ্দশা।
- ৮। দেও—পিউক। রাখিবোঁ-রক্ষা করিব। দেখি দেখা প্ৰংকী (স্তুকনকং) শক ভূগং। দড়ি।

## পৃष्ठाक---२२•

# ১০। **আ'নুখর**—মাধব কলালিক্বত লকাকাণ্ডে,— বুলিলি যে আগে অনুখর।

অমুচিত বাক্য, হ্ৰবাক্য।

১ প্রবিং-সংকরণে 'ফুল থারি'; কালাবিশারদে ফুল ধারি'; ঐাযুক্ত জন্মর বাবুর প্রাচীম বাব্যসংগ্রহে 'ফুল থেরি'। 'ফুল ধারি' পাঠই জামাদের সঙ্গত মনে হয়। নিশ্ম্য ক্রয়েবচনং ইত্যাদি—অনস্তর জীক্লফের বাক্য শ্রবণে বৃদ্ধা অত্যস্ত ক্রুকা হইয়া মানমগা রাধাকে এই কথা বলিল।

# কুচরীত-কুকাজ।

- ২। ম্রুসিব—ছাড়িবে, ক্ষমা দিবে।
- ৩। উপকার-হিতবাকা।

#### शृक्षेक---२२३

- ৪। দড়ী—'দৌড়ী' শকেব চীকা দুইবা (পুণ ৫৯০)।
- ১। গালী—অপং মাগধী 'গল্ফিঅ' (গতিকা)।

বেশল - পাণ বউল'। বকল। বড়ারি-- এই পদে বডারি শব্দের প্রয়োগ লক্ষণীয়।

০। মাহলী—শু' পু'এ 'মালা' (পু' :• )। (সর্তী—সেউটা, শ্বত গোলাপ। পাতেঁ পাতেঁ—পাতি পাতি করিল, পুঝারপুঝরূপে।

#### 付付 第一マママ

অ্সিন্স্বস্ত্রে রাধাৎ ইত্যাদি—ইকাবসরে প্রস্পাবাণের বাণসভ্ত জ্ঞরে আত্র মাধ্ব সাহর রাধাকে মিঠে-কড়া একণা শুলাইয়া দিলেন।

>। করিবোঁ—'করিলোঁ' হইবে বোধ হয়। নির্দ্যায়িলোঁ—উত্তম পুরুষের ক্রিয়া। বত্ত—কু° চ°এ 'বছঅ' (বছ) ১০২২; গৌ ব•এ 'বছয়' (প্রভৃত) ৮৬৪; প্রাণ পৈঁএ 'বছড' (বছতরং ১২১৫। বিশ্বাসভিত্তে,—

মাধব বহুত মিনতি কর তোম।

**ह** छोमारमत्र शरम,—

কহিতে বৃত্ত হয়ে লাজ।

वह। (अलाशितन - किनितन।

যাহার যোজন বাসে—যে ফুলের গন্ধ এক যোজন পর্যান্ত যায়।

- ২। (সঅথী—দেঁউতী, দেমন্তী। আল সব ফুল ইত্যাদি—রাধে, আইদ, দমস্ত ফুলে শ্যা রচনা করিয়া ভোমায় আমায় কেলি-বিলাদ করি।
  - व त्र्वि—अभवादि ।

### পুলাক--- ২২৩

- ৪। প্রিঅ্রা--প্রবেশ করিয়া। শুন্-মৃ° ক° এ 'শুল্ল দেউলং'। শূন্ত। তুলং গুং 'শুন'।
  - >। **উপভোগে**—উপভোগ করে।
- ২। জাণিতোঁ—জানিতাম। তোল—তুল, তুমুল। আরবী 'তুল-তুফান', 'তুল-কালাম' প্রভৃতি শব্দ তুল'। নাসিতোঁ—না আদিতাম, আদিতাম না। যাইতোঁ—যাইতান। বিকণিতোঁ—বিক্রেয় করিতে।

#### পুঠাক-२२8

- ১। অথ বেথে—অন্ত ব্যস্তে। যাতি—জাতী পুষ্প। ফুরিল—কুরিত হইল, উদিত হইল।
- ২। দ্না—ও 'দহনা'; হি 'দোনা'; স 'দমনক'। সোমরাজ্যাদি বর্গের অন্তর্গত। Artimisia Indica। মরু সা—শৃ পুত্র 'মরুমা'। গরু-তুলদী। Ocimum Pilosum। তুলাল—তুলস্তাদি বর্গের ক্ষুদ্র বৃক্ষভেদ। পশ্চিম-রাঢ়ের কোধাও কোথাও 'হলাল-ভাপ্রী' বলে। Ocimum Basilicum। ভাঙ্গি—ভাঙ্গিতেছিদ্।
  - ৩। নেআলী—শৃ পু এ 'নিঅলি'।
  - পাঠাওঁ —মাধব কল্দলিক্বত স্থলরাকাণ্ডে,—
     পাঞ্চ মহারথীক পাঠাওঁ একেবারে।

পাঠাই। **যবে তি**রী বথে ইত্যাদি—যদি স্ত্রীবধের ভন্ন থাকিত, তাহা হইলে আজ তোমায় মারিয়া যমের বাড়ী পাঠাইতাম!

১। (দাষ - অপবাদ, গুর্নাম।

#### পृष्ठीय---२२६

# ২। সোজাথ - চৈত্যভাগবতে,-

মনে মনে গৰ্জে চিত্তে না পায় সোয়াথ॥

(মধ্য°, ১৯শ অ॰)

কবিশেধরক্বত গোপালবিজয়ে,—

জোথা জামে তোথাই সোক্ষাথ নাঞ পাএ। (পুৰি)

সোয়ান্তি, শান্তি।

৩। বিজোরী—দ 'ধীলটি' শব্দ তুল । না দেখিল ইত্যাদি—দেখিলে না, শুনিলে না, একটা (যা-তা) বলিতেছ। তোক্ষাতে—তোমা হইতে।

র্ন্দাবনীয় প্রস্ব ইত্যাদি—রাধে, সমূথে তোমায় বৃন্দাবনের কুস্থমে পরিশোভিত দেখিতেছি। অয়ি কুস্থম-বংশসভ্তে বামে! তোমার আমোদ বিধায়ী দেহ আমায় দান কর।

২। গণ্ডযুগ মহুলে—গাল ছটি মহুআ ফুলের মত নিটোল ও পীতাভ-

## পृक्षेक---२२७

- ৩। বিগ ভূল—বগ, বাক্সনা এবং ছল, আল বা অগ্রভাগ। বাক্-সনার মুকুল কানের সহিত ভূলিত হইতে পারে।
- ৪। খন্তরী—কন্ধুরী। জবাদি বর্ণের অন্তর্গত; ইহার ক্ল পীতবর্ণ।
   চণ্ডীদাদের পদে রাধার পীত বসনের কথা পাওয়া যায়; যথা,—

সোণার বরণ

তাহে আরোপিত

পীতের বসন ভালি।

- e। তবক—অভি° প° য় 'খবক' ; ক॰ ম' তে 'থবক'। স্তবক।
- ৬। আত্মীগণে—কি, বুঝা গেল না।
- ৭। **জংঘ**—প্রা°। ব্রুজ্যা।
- >>। **(मञ्जानो**—श्रा॰ 'मिश्रानिया'। (नक्षानिका।

# >। (তাহ্মারে কে ইত্যাদি—তোমায় কথাতে কে আঁটিয়া উঠিবে?

#### F-229

- ২। নিজ পতি না ইত্যাদি—আপন পতিকে উপেক্ষা করিলাম, তোমার মুথ তাকাইয়া রহিলাম, শাশুড়ী ননদের গালি সহু করিলাম। চাহিলোঁ—চাহিলাম। উপেথিলোঁ—উর্দ্ষি হইয়া রহিলাম। 'উপেথিলাঁ' শক্ষের টীকা দ্রষ্টবা (পূণ ৪০৭)।
- ০। তাক নাহি ইত্যাদি—তাহার প্রকার-ভেদ নাই। যরম—জন্ম।
  বড় মানে ইত্যাদি—তিল পরিমাণ অর্থাৎ অতি সামান্ত উপকার বড় করিয়া
  মানে। 'তিন উপকার' লিপিকর-প্রমাদ। উপরে 'তিনাঞ্জলী' শব্দেও ঐক্লপ
  ল-কার স্থানে ন-কার হইয়াছে ( পংক্তি ৭ )।

#### পुक्रीक---२२४

**ততেঁ। কি** ইত্যাদি—তথাপি কি মালতীকে ভূলে ? পাদরে— √িবসর, (স° বি-√স্থা), বিশ্বরণে। বিস্থৃত হয়।

- ২। এতোর নব · · · · অাফার পরাবে—রাধে, ভোমার এই নব যৌবনের স্থমা অহরহ আমার মনে জাগিতেছে। তাহাতে আবার তোমার সহিত রমণেচ্ছা প্রবল হইয়া আমার হৃদয়কে অতিমাত্রায় কর্ষণ করি-তেছে। জাগ—জাগে। থেতি করে—কর্ষণ করে, পীড়িক করে।
  - ৩। ঝুরে—প্রা° 'ঝুরই'। কাঁদে, অঞ বর্ষণ করে।
  - ৪। বৈশো বিদ, উপবেশন করি।

ক্রম্বস্তা (প্রমবচসা ইত্যাদি—অম্বর্গাগবতী শ্রীমতী রাধিকা কুস্থম-বাণে বিদ্ধ হইয়া অতি সত্তর শ্রীক্রম্বের প্রেমবাক্যে বশীভূত হইলেন।

১। সভাব-পা°। স্বভাব। এআ-স্থরের মাত্রা।

#### পৃষ্ঠান্ধ---২২৯

- >। আল (হের ··· · করিত আনে—ওতে প্রাণের কানাই, তোমার চরণে আমার এই নিবেদন, অপরকে আমার সহিত সমান করিও না (অথবা আমার সহিত অগুরূপ আচরণ করিও না )।
- ২। গাঁহিল—এথিত করিল। **তোর বোল** ইত্যাদি—ভোমার কথার অন্তথাচরণ করিব না।
- ৩। বিধি কৈল তোর ইত্যাদি—বিধাতা প্রেমের বাঁধনে ভোমার আমার এক-প্রাণ, এক-দেহ করিয়া নির্মাণ করিল। প্রাচীন কবির গানে,—

তোমাতে আমাতে একই কায়া আমি দেহ প্রাণ তুমি লো ছায়া আমি মহাপ্রাণী তুমি লো মায়া মনে মনে ভেবে দেখ আপনি॥

- ৪। বৈশ-প্রাণ 'উবইন' ( উপবিশ )।
- ১। সিনারিল—মান করিল

পৃঠাক-২৩৽

রন্দাবনগণ্ডের টীকা সম্পূর্ণ।

# কালিয়দমন খণ্ড

পৃষ্ঠাক্ষ—২৩১

১। দিলান্ত-শূক্তপুরাণে,-

মুথর অমৃত পরভু দিলেন্ত তথন।

ভবানীদাসক্বত ময়নামতীর গানে,—

পিঞ্জিরার স্থয়া পাথী দিলেন্দ্র ছাড়িয়া

মাধব দেবক্বত আদিকাণ্ডে,—

নকর তরাস বুলি দিলস্ত অভয়॥

বসিবাক ইন্দ্রক দিলস্ত সিংহাসন।

मिल्ना।

ে। মাছ-প্রা 'মচ্ছ'। মংস্থ।

১०। लोগ-नाग।

১১। **জডौ**—জড़ाहेया।

পৃষ্ঠাক---२७२

১২। জালে—জালায়।

১৪। **ভৌক্ষারা**—ভোমরা। 'আন্ধারা' শর্কের টীকা দ্রপ্তবা (পৃং ৫৮০)। **তরাসিল**—ত্রাসিত, ভীত।

সোপালকুলতঃ ইত্যাদি—রাধা রাধানদের মূথে এক্সঞ্চ কালিয় হ্রদে ভ্রিয়াছেন ভ্রনিয়া থেদে নিরস্তর বিলাপ করিতে লাগিলেন।

>। বাঢ়ায়িলোঁ । —বাড়াইলাম, অগ্রে সঞ্চালিত করিলাম। বাহুড়—ফিরিয়া আইস। ২। সামল—প্রা°। শ্রামল। কোমল—'কোমলং স্ক্মারং'—প্রা° লক্ষণ। ছুক—আছুক, থাকুক।

### পৃষ্ঠাক-২৩৩

- সহ্মাত—'ত' পঞ্চমীর অর্থে প্রযুক্ত। সম্মতী—সম্মতি।
- ৪। যাটো—য়াচি, প্রার্থনা করি। ভকতীদাসিক—অনুরক্ত
   পরিচারিকাকে।

# করুণা—বিষ্ঠাপতিতে,—

গোকুলে উছ্লল করুণাক রোল।

বিলাপ, কাতর ক্রন্দন। বিনায়িত্র 1—জয়া নন্দের চৈতগুমঙ্গলে,— বিনিঞা বিনিঞা কান্দে লোক শত শত॥

## দীর্ঘ হুর করিয়া।

৩। রাপারিল—স্ট্যায়ক ইইল। রাপ অর্থে স্ট্রা (অসমীয়া হেম-কোষ)। দেখিতে রাপারিল ইত্যাদি—ত্রিভ্বন-মুন্দর নাগর-শ্রেষ্ঠ কানাইকে দেখিবার নিমিত্ত গোপীদের প্রাণ অতিশয় উৎস্ক ইইল।

# (মার-वहवहन। आंदिन-अंदिन, इंदिन।

- २-१। आम्रिक्नी-वन्नवहत्मत्र शर्म।
- ৪। গুণিলান্ত—গণনা করিলেন। বিসরী—বিশ্বত হইয়া। করা-রিউ—করাই।
  - ১। थल-खा<sup>\*</sup>। उन।

#### পৃষ্ঠাক--২৩৫

- ১। **र्हायलाहा**—श्रुति।
- ২। জলে—'এ' পঞ্চমীর অর্থে প্রযুক্ত। উঠারিলে —পৃথিতে 'বিদারিলেঁ' পাঠ আছে।

৩—৪। **শ্রীরাম রূপে** ইত্যাদি— পরবর্ত্তী পংক্তিত্তর পুথিতে (পৃ°১৩•। ১।৬) এইরূপ,—

> বুদ্ধরূপ ধরিঅ'! চিস্তিলেঁ নিরঞ্জন ॥৩॥ কলকী রূপেঁ তোক্ষে দলিলেঁ হুই জন। এবেঁ উপজ্লিলা কংশ বধের কারণ॥

চণ্ডীদাসের মতে রাম সপ্তম, বৃদ্ধ অষ্টম, কব্দি নবম এবং ক্লফ দশম বা শেষ অবতার। কবি সংস্কৃত-সাহিত্যে স্থপণ্ডিত ছিলেন এবং জয়দেবের গীত-গোবিন্দ তাঁহার বর্ণনীয় বিষয়ের আদর্শ ছিল। অথচ দশ অবতারের কোন্টি আগে, কোন্টি পরে, সর্বাজন-স্থপরিচিত এমন একটা সোজা কথা বলিতে গিয়া তিনি ভূল করিবেন, কথনই তাহা সম্ভবপর নহে। উদ্ধৃত অংশটিকে লিপিকর-প্রমাদ বলিবার পক্ষেও বিশিষ্ট কারণের অভাব। হইতে পারে, বাঙ্গালা দেশে তথনও অবতার সম্বন্ধে পৌরাণিক মতবাদ অবিসংবাদিতরূপে গৃহীত বা স্প্রপ্রতিষ্ঠিত হয় নাই। মহাকবি ভাসের রচিত 'বালচরিত' নাটকে শ্রীরামচন্দ্র দ্বাপরের এবং শ্রীক্লঞ্চ কলির অবতার বলিয়া বর্ণিত; যথা,—

শঙ্কি কারবপুঃ পুরা রুত্যুগে নামা তু নারায়ণ-স্ত্রেতায়াং ত্রিপদার্পিতত্তিভূবনো বিষ্ণুঃ স্থবর্ণপ্রভঃ। দুর্ব্বাশ্রামনিভঃ স রাবণবধে রামে। যুগে ছাপরে নিতাং যোহঞ্জনসন্নিভঃ কলিযুগে বঃ পাতু ছামোদরঃ॥
(আত্ম শ্রোক)

ইহাও অবশ্র প্রাণ সম্মত নহে। মহানহোপাধ্যার শ্রীযুক্ত হর্প্রসাদ শাস্ত্রী মহাশয় বলেন, বিষ্ণুপুর অঞ্চলে প্রচলিত 'দশ-অবতার-থেলা'র তাদে অঙ্কিত অবতার-মুর্দ্তি একটু অভিনিবেশ সহকারে দেখিলে বুদ্ধকে নৃসিংহ ও বামনের মধ্যবর্ত্তা মনে হয়।> কলকী—কঞ্কি।

# ১। বাহু ফাল-বাহু প্রদারণ। **চণ্ডবাত**-বাভ্যা।

<sup>&</sup>gt; Notes on Visnupur Circular cards.

পৃষ্ঠান্ধ—২৩৬

- ৩। নাচন-প্রা 'ণচ্চণ'।
- **। তুতী**—স্বতি।
- ৩। **নির্মিল**—নির্মাণ করিলে।
- ৬। মৃত--মূচ।

প্রাক্ষ--২৩৭

১। স্কিল-ব্ৰহ্মপ্ৰের উপত্যকা প্ৰদেশে 'সোন্কাল'; বাঁকুড়া অঞ্চলে 'সন্কাল' (প্ৰাত: )। শুণরাজ খানকৃত শ্ৰীকৃষ্ণবিজয়ে,—

আমার বচনে তুমি চলহ সকাল।

সম্বর। 'সকাল' শব্দের টীকা দ্রষ্টব্য (পু° ৫৫২)।

১। যত-শাকল্যে।

## প্রাক্ষ--২৩৮

কালীর সাপের ইত্যাদি—কালীয় সাণের কবল হইতে দেবরাজ শ্রীক্রম্ব রক্ষা পাইলেন। জিল—বাঁচিল, রক্ষা পাইল।

- ২। শুন্য-শ্য।
- ে। নহেঁ তবেঁ ··· · লাজ ভএ—স্বনাকুলচিত্ত রাধিকা তথন লজ্জাও ভয় ত্যাগ করিয়া সর্বাসমক্ষে নিমিষহীন বক্ত-দৃষ্টিতে ও সজল-নয়নে সুদার্ঘ কাল কানাইয় মুখ দেখিলেন। বন্ধ—প্রাণ বিংক'। বক্ত।
  - 8 । **जांभग जांभरग**—भत्रस्मद्ररक ।
  - ১। **নেহ নয়নে**—সপ্রেম দৃষ্টিতে

-- 200

धतिद्वद्धं—त्रका कतिद्व।

কালিয়দমন খণ্ডের টীকা সম্পূর্ণ

# যমুনাখণ্ড

পৃষ্ঠাক - ২৪০

রাধিকালাভলোতেন ইত্যাদি—রাধিকা-লাভের লোভে তিনি যমুনাতট আশ্রয় করিলেন এবং রাধাও স্থীদিগকে স্মরণ করিয়া জল আনম্নার্থ গমন করিলেন।

১। পা**ণিকে—**ভাকচরিত্রে,—

কাথে কল্মী পানীকে যায়।

জাবের নিমিত্ত। কলসী—প্রাণ লক্ষীতে। গঁজগড়ি—গজগতি। ভেটিল—প্রাচীন বাঙ্গালাতে √ভেট'র প্রয়োগ অবিরল। দেখিল

২। কেথে না ভরিল নীরে ইত্যাদি—জ্ঞানদাদে,—

বসন খসয়ে ঘন

পুলকে পুরল তমু

পানি না পুরলুঁ কুন্তে।

পৃষ্ঠাক—২৪১

कार्श-काशवर ।

এথা পাত্র কেহে। ইত্যাদি—ঘনশ্রাম দাদের পদে,কহইতে বয়নে কহন নাহি ফুর।
চলইতে চরণ অচল সম ভেল ॥

১। **ভোলসি**—তুলিতেছিস্।

পृक्षेक--२८२

- ৩। **নাম্বাঅ**—নামাও, অবতারিত কর।
- ৪। **দে**ষির—হিং 'দৃসরা' শব্দ তুল'। দিতীয়।

- ৬। খুদ-প্রাণ 'খুদ্দ'। কুদ্র। বড়িসি-বড়িশ, মৎস্থবেধনী-ভেদ। কুছী-রোহিত মৎস্থা। তামুল দিঅ'। ইত্যাদি-পান দিয়ে আমায় বলিতে-ছিস্ কি ? ছোট বড়শিতে কুই মাছ ধরিতে চাহিতেছিস্ ? অর্থাৎ তোমার তুছ্ব প্রবোভনে আমি ভূলি না।
- ১। সুদ্ধ-কু চ এ। শুদ্ধ। সুবন্ধ-কু চ এ; ক ম তৈ স্বধ। স্বর্ণ। কিষ্কিনী-কিছিণী, কুদ্র ঘটিকাযুক্ত কটিভূষণ।
  - ১০। নাচনী-প্রা 'ণচ্চণী' (নর্ত্তনী । নর্ত্তকী।
- ১০। যসি—স°। ভক্ষা দ্ৰবা। যাটোঁ—√ৰাট (স° ঘট্ট), আলোড়নে। পঞ্চাশ বৎসর পূর্দ্ধে 'ঘসি ঘাঁটা' ভাষায় প্রচলিত ছিল। আলোড়িত করি। আডিটোঁ— আবর্ত্তিত করি। তোর বাঁশী ইত্যাদি— তোর বাঁশী দিয়ে ভাতে কাঠি দিই না, গতে ক'রে হুধও আওটাই না।
  - ১৪। নাথা- দ° নক্তক'। নেতা, ভাণ্ডাদি মাৰ্জনাৰ্থ ছিন্ন বন্ধথ ও।

#### প্রাক্ত-২৪৩

১৬। আহিকিতেঁ— √আছথ (স\অভি-√উক্ক, সেচনে); উচ্চারণ-বৈষম্যে 'আছক' এবং 'ইতেঁ' প্রতায় করিয়া আ হু কি তেঁ। ছিটাইতে, অভ্যক্ষণের নিমিন্ত। বাহিরে ভিতরে ইত্যাদি– কানাই, ভোমার বর্ণ কাল, অন্তর্গু সেইরূপ মলিন; উজ্জ্বল মুকুট-ধোয়া জল তোমার সর্বাক্ষে সেচন করিতে ভাল, উহাতে মলা কাটিবে। ধোপারা মছলা কাটাইবার জন্ম কাপড়ে নীল-গোলা কল ছিটায়।

১৮। মাতাকাল-মাকাল ফল লাগবৰ্ণ হেতু চিত্তাকৰ্ষক, কিন্তু বিষাক্ত।

- ১। वाक्रिक्क-वक्रवक्र।
- २। স্কৃত-रुम।

[ ষমুনাথগু

#### পৃষ্ঠান্ক-২৪৪

৪। বাতল—'ল' যুক্তার্থে। বায়্গ্রন্ত। হয়িলোঁ—হইলাম।
 থাকোঁ—মাধবকন্দলিকত অযোধ্যাকাণ্ডে,—

এভো বনে গৈয়া থাকোঁ রামর লগভে॥

১। **হান্ত্রী**—মাধৰ কন্দলিক্ত লক্ষাকাণ্ডে,— বর হামি তুলি বীর নাদয় আম্ফাল।

হাই, জ্নতন। 'হাষী' শব্দের টীকা দ্রষ্টব্য (পৃ° ৫৮৫)। নৌড়িএ— মোড়া দিই।

বিচলল-বিচলিত হইল।

- र। डोकिट्गॅं जिक्नाम।
- ৩। যমুনা নদীর ইত্যাদি—যমুনাতে জল তোলা অপরাধ নয় এবং জলোন্তোলনকালে আমার প্রতি তোমার 'কেন্ডে ধীরেঁ ধীরেঁ বুইলেঁ মধু রস বাণী' এই নিরর্থক বাক্যের যে তীব্র প্রতিবাদ করিলাম, ইহাতেও কোন দোষ হয় না।
- ৪। **আপদ পাএ** ইত্যাদি—যাহাকে বিপদ্ আশ্রয় করে, সে আপনাকে চিনিতে পারে না। নাগরপণা—রসিকতা।

#### পৃষ্ঠাক--২৪৫

নিপীয় পরুষাং বাচং ইত্যাদি— রাধিকার পরুষবাক্য শুনিয়া,
মধুস্দন ব্যাকুল হইয়া বৃদ্ধাকে এই মধুর বাক্য বলিলেন।

- ২। গুণিলোঁ—গণনা করিলাম। বিলস বুইল—সরদ বাক্য বলিল।
- ৩। আছু আন কাম ইত্যাদি—আর কিছুতেই আমার মন নাই; তার মুথের একটি মধুর বাক্য এথন আমার পক্ষে হর্লভ সামগ্রী। হুলভ—হুর্লভ।

# ৪। ঝুরএ—কাঁদে, অঞ বর্ষণ করে।

কুষ্ণ স্থা বচনং শ্রুতা ইত্যাদি—শ্রীক্বফের কথা শুনিয়া বচনপণ্ডিতা বৃদ্ধা পুর্বের ভয়-বৃত্তান্ত রাধাকে শ্বরণ করাইয়া বলিল।

#### প্রাক--- ২৪৬

>। **(হন না জাণিল** ইত্যাদি—যে বাধার কথা বলিতেছে, (তখন) তাহা জানিতাম না। অথবা—(পরে যে) এক্লপ বিরুদ্ধ বাক্য বলিবে, তাহা জানি নাই।

#### शृशेक-२89

- ং কেতে।—'কাহো' হইবে বোধ হয়। কাহাকেও। মাউসী—
  সিদ্ধ হে°, কু° চ' প্রভৃতিতে 'মাউসিআ'। মাসী, মাতৃষ্পা।
- ৩। নাহিঁ বারে ইত্যাদি—সে সমাজের ভয় রাথে না; তার
  চক্ষ্লজ্ঞা আদৌ নাই। বারে—বাধা মান্ত করে। বৈহৃ তেহৃ
  ্যেন-তেন প্রকারে। আজল—নেকা, যে আপনাকে সাধু বলিয়া
  পরিচিত করিতে রুখা প্রয়াস পার।

রাধাবচনমাচম্য ইত্যাদি—বৃদ্ধার মুখে রাধার বাক্য শ্রবণ করিয়া, সভৃষ্ণ ও কাত্তর শ্রীকৃষ্ণ রাধাকে এই কথা বলিলেন।

১। **ধান্ধা** - দেশী প্রা' 'ধংধা' বিভাপ্তিতে,—

নিকৃঞ্জ মন্দিরে আজু কি হোয়ল ধনদ।

(কাব্যবিশারদ)

চণ্ডীদাসে,—

এ বড় লাগল ধন্ধ।

ৰিচিজ ব্যাপার, রহস্ত।

#### পৃঠাক—২৪৮

বৃত্থ-প্রা° 'রুক্থ'। রুক্ম। বস-প্রা°। অধীন, বশবর্ত্তী।

- ৩। সুদ্ধ-প্রা°। ওদ।
- ৪। **আধিকার জাণারিলো** ইত্যাদি—আমার প্রভূষ (মাত্র) তোমার জানাইলাম, অন্তরে তোমার প্রতি (আদে)) আমার বিরুদ্ধভাব নাই। কান পাত ইত্যাদি—আমার বক্তব্য বলিলাম, (এখন) ভূমি তাহাতে অভিনিবেশ কর। করলোঁ—করিলাম।

পৃষ্ঠাক--२४२

- ৪। এনা—এই। ফুট-কোটা, বিন্দু।
- বহুত—বিছাপতিতে,--

বুঝল মোহে হুরি বক্তত অকার।

কাশীদাসী বিরাটপর্বের,—

পরকার্যো জ্ঞাতিবধ করিল বহুত।

৭। অবৈ'ল-কুৎসিত কথা।

## १के**।क**—२००

- ১। কাছের দ° ও প্রা° 'কছে'; 'এর' বিভক্তি হিছে। কাঁথের, কক্ষের।
  বিরহের কোল নিবারণ বা প্রশমনার্থক ষ্ঠা; পূর্বে দ্রেইব্য
  (পৃ॰ ৮৮)।
- ২। রোধে মন ইত্যাদি—রাগ করে' কেন আমার উদ্বিধ করিভেছিদ্। তরাসী—উদ্বিধ করিতেছিদ্। না কাঢ়সি রাএ—কথা কহিতেছিদ্না।

## श्वीय-२०३

১। ভাল মন্দ কত ইত্যাদি—পথে ভাল-মন্দ কত লোক চলে, তাহাদের চোক-কান এড়িয়ে কথা বলিতে হয়। বারিখাঁ— নিবারণ করিয়া, এড়াইয়া। **বারহ**—নিবারণ কর, সংযত কর।

৪। বেশাবুলি—উত্তর প্রত্যুত্তর করিতে করিতে।

রাধিক বিচিমাচিম্য ইত্যাদি—রাধিকার কথা গুনিয়া স্থচতুর শ্রীক্কঞ্চ সত্তর গিয়া জরতীকে এইরূপ সকরুণ বাক্য বলিলেন।

১। ততে না ইত্যাদি—তথাচ তাহার মনে স্থান পাইলাম না। থাকিলোঁ—পাকিলাম।

এত কালে—'এত কৈল' হইবে বোধ হয়।

৪। সেখিলোঁ-শোধিত করিলাম।

#### 

নিপীয়ে বচনং ইত্যাদি—মধুস্দনের সাধু বাক্য প্রবণ করিয়া বৃদ্ধা অধিকতর রুষ্টা রাধিকাকে এই কথা বশিল।

- ১। **ভর যুবতী** পরিপূর্ণ যৌবন। পশ্চিম-রাঢ়ে 'ভোর-জুআন' শক্ষ প্রচলিত।
- ২। এহা বুঝী ইত্যানি—ইহা বুঝিয়া বহু আয়াসে কানাইকে ভোমাতে রাজি ক্রিলান। নানাগ্নিলা—সম্মত করিলান। বিমন—অভ্যমন, অমত।
- ত। (য়৻হা—য়ে কোন। কাজক—'ক' ষষ্ঠার অর্থে প্রায়ুক।
   চাহেন্ত—চার, ইচ্ছা করে। রৌবু—য়য়ৢ ইউক।
  - ৪। যাহউ-যাও।

জরতীবচসা ইত্যাদি— বৃদ্ধার কথার যমুনাভিমুখে চলিত রাধাকে চতুর ক্বফ আখাস দিয়া বাললেন।

#### পृशेष -- २ ८ ४

- >। গিরীশ সমএ—গ্রীম্মকাল; এ-কার কর্তৃকারকের চিহ্ন। সুখাএ—স্থদায়ক হয়।
  - ভ। **পাস্থী**—নামি, অবতরণ করি।
- ৮। নহিহ—হইও না। জলত নামিল ইত্যাদি—কানাই, জলে নামিলাম, স্থীরা দেখিতেছে, বিরহ-ব্যথা জানাইতে উন্মন্ত হইও না।
- ৯-১২। **আমুমতি দিঅ'।** ইত্যাদি—কবির উক্তি। **কেরি** কেলি।

#### পৃষ্ঠাক---२००

১। **চমকিলী**—চমৎক্বতা। ঘন চালিঅাঁ বসনে—নিবিড্ভাবে বস্ত্র সম্বরণ করিয়া। চণ্ডীদামের পদে,—

> বসন নিবিড় করিয়া বাঁধল সেই যে চডব কাঁখে।

- ২। ভাবে (স ইত্যাদি—তথন ভাবাবেশে সেই গোপী নিশ্চল হইয়া বহিল।
  - ৩। রুসে—রতিভাবে।

## পৃষ্ঠাক--२०७

৪। উঠী বুইল ইঙ্যাদি—( শ্রীক্ষের অদর্শনে) চক্রাবলী রাধা গোপী-দের লইয়া যমুনা হইতে উঠিয়া বড়াইর চরণে ধরিয়া, আমরা বুথা জলকেলিতে রত রহিয়াছি, এই কথা বলিলেন।

- ১। जारमथ-जम्म।
- २। **गाँटेला**स-गाँविण। **छुगर्-धाः। इ**:मह।
- ৩। লক্ষিএ—গন্ধা করিভেছি, দেবিভেছি।

 «। জীয়ন্ত-প্রা° 'জীয়ন্ত'। বংশীদাসের পদ্মাপুরাণে,—

 মড়া সনে জিঞ্জ্রত যায় না ধরায় বুক ॥

 অাবসই -প্রা° 'য়বয়' ৻ য়য়ৼা); 'ই' নিশ্চয়ে।

#### **ह—-२**€१

- ১। শ্রীরত-'ত' গঞ্চীর অর্থে প্রযুক্ত। হরিলে। —হারাইলাম।
- र। क**हिंध**-क्रह।

৪। 51হিব—খুঁজিব, অবেষণ করিব।

#### পৃষ্ঠাक--- २००

স্থী স্থীর্তা ইত্যাদি—স্থীগণ-পরিবৃতা রাধিকা বৃদ্ধার বচনে সংষ্তা হইয়া, মান্দিক অফুশোচনা বহনপূর্বাক গ্রহে গমন করিলেন।

- ৩। তামাচূড়া রাএ ইত্যাদি—তামচূড়ের রব প্রভাত ঘোষণা করিল। তামাচূড়া—কুরুট।
- ৪। মনে মনমথ ইত্যাদি—মন্মণ শর-পীড়িত কানাই মনে মনে যুক্তিকরিল। সর—প্রাণ। শর।

#### পृष्ठीक-२००

অধিরজনিবিরামং ইত্যাদি — রজনী প্রভাতে রামরস্ভাবিনিন্দিত ক্ষনবিশিষ্টা প্রবল কন্দর্প-বালে জর্জ্জরীভূতা ও স্থীগণ কর্তৃক স্তুর্মানা রাধিকা মাধ্বের অবেষণে যমুনার তীরাভিমুথে ক্রত গমন করিলেন।

#### পৃষ্ঠাক--२७•

- ২। **হাসো হাসে** ইত্যাদি—আনন্দভরে কানাই উচ্চ হাস্ত করিতে লাগিলেন।
  - ৩। বড় গল করী—বড় গলা করিয়া।
- ৪। উঠিবেঁহে—উথিত হইবে। জলের ভিতর—জনমধ্য হইতে। তড়াত—প্রাণ 'তড়' ( তট ) ; 'ত' বিভক্তিহিছে। ডাঙ্গায়, স্থলে।

আধ রাধা হরিং ইত্যাদি—বলপুরক পরিধান বস্ত্র লইয়া রক্ষশিধরে অধিক্রচ হরিকে দেখিয়া রাধা সলজ্জভাবে বলিলেন।

## পৃষ্ঠাক---২৬১

গাস্থিলান্ত-নামিলেন, অবতরণ করিলেন।
 আায়ি মার লাজ-ও মা, কি লজ্জা! বিবসিনী-বিবস্তা।
 'মুগধিনী', 'অনাথিনী' প্রভৃতি শব্দ তুলং।

রাধারা বাচমাচম্য ইত্যাদি—রাধিকার বাক্য শুনিয়া অত্যন্ত সরস-চিন্ত শ্রীকৃষ্ণ তাহাকেই উপহাস করিয়া বৃদ্ধাকে বলিলেন।

#### পৃষ্ঠাক্ষ~ ২৬২

- ১। লাকট —নগ্ন। নাহি মণে ইত্যাদি—রাধা গুরুজনাদের ঠেকায় না, এমন স্ত্রীকে(ও) আয়ান জীবিত রাথে ? জিআএ—জীবিত রাথে।
  - ২। **করিতে**—করি**ও। নিবারিতে—**নিবারণ করিও।
- ৩। **তাহাকেত নাহিঁ পরকারে** ভালকেত জাঁটিয়া উঠিবার **জো**নাই।

# যমুনাখণ্ডের টীকা সম্পূর্ণ

# হারখণ্ড

-----

## পৃষ্ঠাক--২৬৩

>। তথিত—'ত' ষষ্ঠার অর্থে প্রায়ুক্ত । তাহার। তুলা —'নানা বন্ধর পাথী আছি তথির উপর' (শুଂ পুঁ)।

#### পৃষ্ঠাক--- ২৬৪

রাথাবচনমাচম্য ইত্যাদি — রাধার বাক্য শ্রবণ করিয়া সাতিশন্ধ ভন্ন-বিহবলা যশোদা রুষ্টভাবে নির্জনে কেশবকে বলিলেন।

>। বৃদ্যো—বাস করি।

**তোহ্নাতে লাগিঅা** ইত্যাদি—তোমার জন্ম সকলের কথা কত সহিব ? সহিবোঁ—সহু করিব।

- ২। নিষ্থিএ—নিষেধ করি।
- s। মাঅ বাপত—'ত' পঞ্মীর অর্থে প্রযুক্ত।

## পৃষ্ঠাক---২৬৫

নেবারত—'ভ' অহুরোধ-বাক্যের মৃহতা সম্পাদনার্থে। নিবারণ কর।

নিশ্ম্য জননীবাচম্ ইত্যাদি—জননীর (তিরস্বার)-বাক্য শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ কাঁদিতে কাঁদিতে বিগত-সম্পদ্ রাধাপ্রমুখ গোপীগণের দোৰ নিবেদন করিবেন। >। বুঝাও বুঝাই। জিলাতে 1—বাঁচিলাম। মরিতাতে 1— মরিতাম। দেঁতি—কু° চ° এ 'দেস্ত' (দদতি)। দেয়।

যু**বতীঞ** —'ঞ'' কর্তৃকারকের চিহ্ন।

৪। রাখিবাক—মৈথিলী ও প্রাচীন অসমীয়ার অমুরূপ। রক্ষণাবেক্ষণের নিমিত্ত। বুলোঁ—ভ্রমণ করি।

# পৃষ্ঠাক---২৬৬

- ১। তরাসিণী—উদ্বিগা।
- ২। নিবারিতেঁ—নিবারণ করিতে, সামলাইতে। হিফিলেক— ঘনরামের ধর্মাঞ্চলে,—

হাঁফালে হাঁফালে হানে দশ বিশ তিশ ॥

ছুড়িল, নিক্ষেপ করিল। কবল দেওঁ। বীরভূম, বাঁকুড়া প্রভৃতি অঞ্চলের প্রাদেশিক 'থাবল'। খামচা, মুঠা, মুষ্টি। দিস নাগধী। দশ। হাটিলৈ—বাঁকুড়ার প্রাদেশিক 'হেটাল'। ক্তিবাদী রামায়ণ, জয়ানন্দের চৈতক্তমক্ষল প্রভৃতিতে 'ইটাল' (ইপ্টকখণ্ড)। ঢেলা, লোট্র। ত্রানিস—দং 'তর্দ'শক।

বিষ্ণাপতিতে,---

পরশিতে তর্মি করিহ কর ঠেলি।

(कावाविभावम्)

বিজয়গুপ্তের পদাপুরাণে,—

মারের চরণ বন্দি হরি সাধু লড়ে। তরাসে বাহিরে গিয়া অখপুঠে চড়ে॥

বেগে। তর্বাসে পড়িলী ইত্যাদি—(ভাবার্থ) লোষ্ট্র নিক্ষেপ-জনিত বেগ সামলাইতে না পারিয়া রাধা কাঁটার বনে গিয়া পড়িল।

8। किली-वैक्ति।

হারথতের ঢীকা সম্পূর্ণ।

# বালখণ্ড

#### পৃষ্ঠাক--২৬৭

রাধাকুচরিতং ইত্যাদি—রাধার কুচরিত্র ( ধশোদা সমীপে অভিযোগ ) শ্বরণে কুপিত হইয়া তাহার উপযুক্ত ফল দিবার ইচ্ছায় বৃদ্ধাকে বলিলেন।

>। রাধিকাত—'ত' পঞ্মীর অর্থে প্রযুক্ত। আবিসে – কু চ' এ 'অবসে'। অবশু। ২। হাণিবৈশি—আঘাত করিব, প্রহার করিব।

#### পৃষ্ঠাক---২৬৮

- >। **পাতে আদেষ জ**ঞ্জাল—ভারি গণ্ডগোল বাধায়, **অংশ**ষ উপদ্ৰুব করে। মায়া—শঠতা।
  - २। (व)न्मीयल-वनारेन, त्यायमा कदिन।
  - ৩। প্রুন্-ধরুকের ছিলা। উছ্যাটিণ-উচাটন, উন্মাদন।
  - ৪। যাচু—ষাচুক, সাধুক, প্রার্থনা করুক।

ক্রুকেশ্হ তুমাতিমাসাত্ত ইত্যাদি--র্জার অনুমতি পাইয়া ভূষিতাক শ্রীক্ষণ পঞ্চবাদের শর ধারা রাধিকাকে মারিতে ইচ্ছা করিলেন।

২। হিরাপ্ত —'অ' তৃতীয়ার চিহ্ন লুলিত—অবনুষ্ঠিত বিতপন—মাধব দেবকৃত আদিকাণ্ডে,—

> পিতৃকার্য্য করিয়া ভরত বিতোপন। রামক আনিৰে প্রতি প্রবেশিব বন॥

चन्त्रत्र, मत्नाह्य । श्रद्धीम-भविशान कविन ।

ण **धर्मै**-आ'। की।

१कंक-२१०

- ৪। বিকাস-বিকাসশীল।
- ২। **সাজহ**—সজ্জা কর। জাইউ—যাও।

পृक्षेक--२१३

এসি-এह = এই।

- ৩। বিচিএ—বেচি, বিক্রম করিতে পারি।
- ৩। **উয়ে**—উদিত হইতেছে।

পृक्षेक--२१२

>। **অানুমানে**—অমুমত, নির্দারণাত্তরপ।

পৃষ্ঠান্ক---২৭৩

মমাপি মতমেকান্তং ইত্যাদি—বৃদ্ধে, তুমি যাহা বলিলে, আমারও ইচ্ছা তাহাই। এক্ষণে আমার এই কথা রাধার নিকট বলু।

- अ) मिट्नां—शानन कित्रनाम । विद्नां—वहन कित्रनाम ।
- ৪। ততে না ইত্যাদি—তথাচ তাহার মনে আমার স্থান হইল না।
   রহিলোঁ—রহিলাম, থাকিলাম।

**দামোদরশু বচসা** ইত্যাদি—তৎপরে দামোদরের বাক্যে বৃদ্ধা সম্বর রাধার ক্রিটে যাইয়া নিভূতে ওাঁছাকে বলিল।

#### शृष्ठीक--२98

১। তাক আন করি ইত্যাদি—তাহা অনীকার না করিয়া মাধায় বজ্র প্রহার করিল। পড়িলেঁ—'পাড়িলেঁ' হইবে বোধ হয়। পাতিত করিল। বাল্ল—প্রাণ 'বজ্জ'। বজ্জ।

क्रिल-मागशी 'कलिएन'।

- ১-২। তাত লাগি ··· · নারীজনে—ক্ষের কথা।
- ্। **লখিলোঁ** —মাধ্ব কল্লিক্কত কিন্ধিন্ধ্যাকাণ্ডে,— কাৰ্য্যত লখিলোঁ। তই পাপিষ্ঠ বানর।

লক্ষা করিলাম।

- 8। **७८वॅ (म-**७८व-इ)।
- ›। বেশাপা পারতেথ ইত্যাদি—আমার থোঁপা প্রত্যক্ষ দেবের দেব মহাদেব, অলকাগুচ্ছ নাল-গঙ্গা।

#### प्रकाष -- २ 9 e

- ২। নাসা বিনতানন্দন ইত্যাদি —বিনতানন্দন গৰুড় নাসিকার, রাজা পাণ্ডু গগুদেশের, বৰুণ-পাশ কবিষয়ের এবং গন্ধর্বরাজ পূপাদস্ত বিশোষ্টের ধনিষ্ঠ প্রভিবেশী। যুধি ষ্ঠির—(১) পঞ্চ পাণ্ডবের জ্যেষ্ঠ; (২) পীবর। সুগ্রীব—(১) বানররাজ; (২) শ্বন্দর গ্রাবা।
- ২। বলি—('১) দৈতাপতি বলি; (২) ত্রিবলী। পৃথু—(১) বেল-পুত্র পৃথু; (২) বিশাল। নৃপুরু—নূপ পুরু (?)।
  - ৪। আসু-আমুক, আগমন করুক।

জরতামুখতঃ পীতা ইত্যাদি—বৃদ্ধার মূথে রাধার গর্ঝ-বাক্য শুনিয়া সবাণ ধন্তক আকর্ষণপূর্বাক হরি যাইয়া তাঁগাকে বলিলেন।

১। রাধা নিতী ইত্যাদি—পদটি রুঞ্চ ও রাধিকার উক্তি-প্রত্যুক্তি। বিকণ্সি—বিক্রম করিস। ২। **হওঁ** — অপ° 'হবিঅউং'; প্রা° 'হবিঅম্হি' (ভূতোহন্দি)। শঙ্কর দেবক্বত উত্তরাকাণ্ডে,—

হওঁ যেবে আমি পতিত্রতা নিরস্কুশ।

চৈতন্তভাগৰতে,—

লীলা কর মুক্রি যেন ভৃত্য হন্ত তথা।—( আদি°, ৮ম অ°)

মাধব কন্দলিক্বত স্থলরাকাণ্ডে,—

রাক্ষস নোহোও আই হোওঁ রামদৃত।

হই। মোর বুধী ইত্যাদি—বোধ হয় 'মোর বুধী তো রাথ উ মতী' পাঠ হইবে। কাফা প্রিউ হও মো ইত্যাদি—কানাই, আমি জাতিতে গোআল, কত বুদ্ধি হইবে ? কিন্তু আমি বতথানি বুদ্ধি রাথি, তুমিও ততথানিই রাথ। উ—ও, দে।

### পৃষ্ঠাক—২৭৬

- ৩। **রাধা মাথাত** ইত্যাদি—অল্লবৃদ্ধি বলায় রাধা রুষ্টা হইলেন। সাস্থনা করিবার অভিপ্রায়ে শ্রীক্লফ বলিতেছেন,—তোমার মাধার ফুল অতি সুন্দর, লাধ টাকাতেও মিলে না। লাথেক—লক্ষৈক।
- ৪। তুতী—স্তাত। তাত না ইত্যাদি—তা'তে আমার মন মঙ্গে না,
   স্তোক-বাক্যে আমি ভূলি না।
  - ৮। **নিবারে** 1—নিবারণ করিতেছি।
- ৯। সাধিবোঁ—সাধন করিব; প্রতিষ্ঠিত করিব। মাণে—ক° ম° তে 'মাণ'; একার বিভক্তি-চিহ্ন। সম্ভ্রম, গৌরব।
- ১০। **আজি বোলসি** ইত্যাদি--আ'জ (আপনাকে) কৃদ্ৰ বীর বলিতেছিস্!
- ১১। হরিলোঁ—হরণ করিলাম। শ্রীরে—'এ' পঞ্চমীর অর্থে
  - ১২। **তিত্রীবধিত্যা—**ন্ত্রীহত্যাকারী।

১৩। **মারস্তাক—বধযো**গ্যা, বধার্হ, 'ক' বিভক্তিচি**হ্ছ। পীতরে—** প্রা' 'পিতরা', 'পিঅরা' (পিতর: ) শব্দ তুলা। পিতৃগণ।

১৪। পাপিআ-পাপিষ্ঠ।

## পৃষ্ঠাক--২৭৭

২্। দশ চারি বরিষের—চৌদ বৎসরের। অযোগ—অমোগ্য। কাটারত ভর করী— মাধ্য কদলিকত অযোগ্যাকাণ্ডে,—

মূহি আব্দি কাটারত করিবোহোঁ ভর॥
কাটারির উপর পড়িয়া বা শয়ন করিয়া। তুল 'শালে ভর করা'। কাটার—
কিটার' শব্দেরই রূপভেদ।

- ा नार्ष दिन ना, दिल ना।
- ৪। টান—বেগ। জাণিঅাঁ—প্রাং 'জাণিঅ' (জ্ঞাত্বা)। পুরিবোঁ—পূর্ণ করিব।
- ৫। গরপ্রালী—গর্জন শব্দের উত্তর 'আল' প্রত্যয় করিয়া 'গরঞ্জাল' এবং স্ত্রীলিকে গর শ্বা লী হইতে পারে। কলহপ্রিয়া। **লোক ধ্রম**— লোক-ব্যবহার ও ধর্ম।

#### \$---**૨**૧৮

১। **শুজা পান**—পূর্ব্বে আমন্ত্রণাদিতে 'গুজা পান' (পান হ্বপারি) প্রেরণের হ্বথা ছিল।

বাখউ--রাথক, রক্ষা করুক।

- ২। শ্রণ সাম্বাত—শরণ গও। সাধাহ—প্রবেশ কর; তুল 'তুরজ মহিষ যে সাস্ভাহ এক স্থানে' (ক' ক' চ')।
  - ত। **আশ্মান**—অসম্মান। **আবিসি**—অব**স্ত**(ব=ই)।

নিশ্ম্য ক্রম্থবচনং ইত্যাদি—শ্রীক্লফের কথা শুনিয়া রাধা র্দ্ধার নিকটে গেলেন এবং নিজের পরিত্রাণের নিমিত্ত এই কথা বলিলেন।

#### পুঠাক—২৭৯

- ১। জড়ি**হে**—যোজিত করে।
- ২। লাবৈথকের মুদড়ী ইত্যাদি—হত্তে ধারণের নিমিত্ত লক্ষ টাকা মূল্যের আঙ্গঠি তোমায় উপহার দিব। মুদড়ী—প্রা' পৈ এ 'মুদরি' 'মুদরি'; বিষ্যাা, গোবি° প্রভৃতিতে 'মুদরী' 'মুদরি' ; তুলদী রাা এ 'মুদরী'। অঙ্গুরীয়ক, মুদ্রিকা।
  - o। कुर्ठ-ला 'क़ हेर्र'। क्रहे।
  - ৪। লভিয়বৌ—উল্লন্ড্যন করিব, অতিক্রম করিব।

